শিবপুরাণম্।

শ্রীমন্মহর্ষিকৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-প্রণীতম্।

সংস্কৃত মূল ও বঙ্গানুবাদ সমেত।

পণ্ডিতবর শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন

সম্পাদিত।

কলিকাতা,

৩৮।২ ভবানীচরণ দত্তের ষ্ট্রীট 'বঙ্গবাসী-ইলেক্‌ট্রো-মেসিন'-যন্ত্রে

শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

ভূমিকা।

শিবপুরাণ অষ্টাদশ মহাপুরাণের মধ্যে চতুর্থ মহাপুরাণ। দেশে দুইখানি শিবপুরাণ প্রচলিত আছে; ঐ দুইখানিই মহাপুরাণ বলিয়া প্রসিদ্ধ। "চতুর্ব্বিংশতিসাহস্রং শৈবন্তত্র নিরূপিতম্" ব্রহ্মবৈবর্ত্তের এই বচনানুসারে উক্ত দুইখানি গ্রন্থের মধ্যে যে খানিতে ২৪ হাজার শ্লোক আছে, তাহাই মহাপুরাণ বলিয়া জানা যায়। পরন্তু কেহ কেহ বলেন,—দেবীভাগবত ও শ্রীমদ্ভাগবত উভয় গ্রন্থই যেমন মহাপুরাণ মধ্যে গণনীয় তেমনি দুইখানি শিবপুরাণই মহাপুরাণ বলিয়া মান্য। কল্পভেদ বশতই উভয় পুরাণের শ্লোকসংখ্যা ও বিষয়গত প্রভেদ ঘটিয়াছে।

এই শিবপুরাণ সুবিস্তৃত গ্রন্থ। ইহা অত্যন্ত দুরূহ এবং অতি সরল রচনায় "রসোন্নতৈষেষার্ণবঃ।" এই শিবপুরাণে শিবতত্ত্ব, শিবস্বরূপাদি অবশ্য জ্ঞাতব্য বিবিধ নিগূঢ় তত্ত্ব সকল, আড়ী রুরু প্রভৃতি দৈত্যগণের বিচিত্র উপাখ্যান ইত্যাদি নূতন নূতন বিষয়সমূহ বর্ণিত আছে। এই শিবপুরাণ কেবল শৈব-সম্প্রদায়ের নহে—শাক্ত বৈষ্ণবাদি সকলেরই অবশ্য পাঠ্য পরমাদরের সামগ্রী। সাধনতত্ত্ব এই শিবপুরাণে যেমন বিশদ বিস্তৃত ভাবে বর্ণিত আছে, অন্য কোনও পুরাণে বুঝি তেমন নাই। সুতরাং ধর্ম্মানুরাগী জনগণের পক্ষে এই শিবপুরাণ যেন চিন্তামণি। এই শিবপুরাণ জ্ঞানসংহিতা, বিদ্যেশ্বর-সংহিতা, কৈলাস-সংহিতা, সনৎকুমার-সংহিতা, বায়বীয়-সংহিতা, ধর্ম্মসংহিতা এই ছয় অংশে বিভক্ত।

এই শিবপুরাণের বায়বীয়-সংহিতায় উক্ত হইয়াছে যে,—"শিবপুরাণ লক্ষ শ্লোকযুক্ত ও দ্বাদশসংহিতায় বিভক্ত।" এই উক্তি অনুসারে এই শিবপুরাণই প্রকৃত মহাপুরাণ কি না, এ সন্দেহ অনেকেরই মনে উঠিতে পারে, কিন্তু সেই সংহিতাতেই স্থানান্তরে তাহার মীমাংসার্থ এইরূপ উক্ত হইয়াছে;—

"সংক্ষিপ্য স পুনর্বেদাংশ্চতুর্দ্ধা কৃতবান্ মুনিঃ।
ব্যস্তবেদতয়া লোকে বেদব্যাস ইতি শ্রুতঃ॥
পুরাণমপি সংক্ষিপ্তং চতুর্লক্ষপ্রমাণতঃ।
অদ্যাপি দেবলোকে তচ্ছতকোটিপ্রবিস্তরম্॥"

মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন প্রথমতঃ শতকোটি শ্লোকে পুরাণসমূহ রচনা করেন, পরে অল্পমতি মানবগণের হিত-কামনায় বেদকে সংক্ষিপ্ত করিয়া চারি অংশে বিভক্ত করেন। তিনি পুরাণ সমস্তও সংক্ষেপে চারি লক্ষ শ্লোকে রচনা করেন। অদ্যাপি দেবলোকে শতকোটি-শ্লোকাত্মক পুরাণসমূহ প্রচলিত আছে। সুতরাং দেবলোকের লক্ষশ্লোকাত্মক শিবপুরাণই সংক্ষেপে ২৪ হাজার শ্লোকে নিবদ্ধ হইয়াছে, ইহা নির্ণীত হয়।

যাহা হউক, বহু পরিশ্রম ও অর্থব্যয়ে বিভিন্ন দেশীয় আদর্শ অবলম্বনে পাঠ-সংশোধন ও আবশ্যক মত পাঠান্তর যোজনপূর্ব্বক উপরে মূল ও নিম্নে বিশদ বঙ্গানুবাদ দিয়া এই শিবপুরাণ প্রচারিত হইল। এই গ্রন্থ পাঠে পাঠকগণের চিত্তে শিবতত্ত্বের কিঞ্চিন্মাত্র স্ফুর্ত্তি হইলেই শ্রম সফল বোধ করিব। ইতি

সম্পাদক
শ্রীপঞ্চানন তর্করত্ন।
ভাটপাড়া।

সূচিপত্র।

জ্ঞানসংহিতার সূচিপত্র সমাপ্ত।

বিদ্যেশ্বর-সংহিতা।

বিদ্যেশ্বর-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

কৈলাস-সংহিতা।

কৈলাস-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

সনৎকুমার-সংহিতা।

উত্তরভাগ।

ধর্ম্ম-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

।বপুরাণের সূচিপত্র সমাপ্ত।

অগুণো গুণতাং যাতঃ কথং লোকে মহেশ্বরঃ।
শিবতত্ত্বং বয়ং সর্ব্বে ন জানীমো বিচারতঃ॥ ৮
সৃষ্টেঃ পূর্ব্বং কথং দেবস্তন্মধ্যে চ কথং পুনঃ।
তদন্তে চ কথং তিষ্ঠেচ্ছঙ্করো লোকশঙ্করঃ॥ ৯
কথং প্রসন্নতাং যাতি প্রসন্নঃ কিং ফলং পুনঃ।
যচ্ছতে সর্ব্বলোকেভ্যঃ সর্ব্বং কথয় সুব্রত॥ ১০
সদ্যঃ প্রসন্নো ভগবান ভবতীত্যনুশুশ্রুম।
এতং সর্ব্বং তথা চান্যং কথনীয়ং ত্বয়ানঘ॥ ১১
ইতি পৃষ্টস্তথা তৈর্হি শ্রুত্বা হর্ষসমন্বিতঃ।
উবাচ বচনং তত্র ঋষীণাং শৃন্বতাং তদা॥ ১২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পবিপাটিকা নাম প্রথমোঽধ্যায়ঃ॥ ১॥

তাঁহার নানাবিধ আচরণের কথা অনুগ্রহপূর্ব্বক কীর্ত্তন কর। নির্গুণ মহেশ্বর, জগতে আবার সগুণ হইলেন কিরূপে? আমরা কেহই সবিশেষ শিবতত্ত্ব অবগত নহি। ত্রৈলোক্য-মঙ্গল বিধাতা দেবদেব শঙ্কর জগৎ-সৃষ্টির পূর্ব্বে জগতের অস্তিতা কালে এবং প্রলয় হইলে কিরূপে থাকেন? তিনি প্রসন্ন হন কিরূপে? প্রসন্ন হইয়াই বা লোককে কিরূপ ফল প্রদান করেন?—হে সুব্রত! তৎসমস্ত কীর্ত্তন কর। শুনা আছে, ভগবান্ সদ্য প্রসন্ন হন, তাহা সত্য কি না? এবং এতদ্ভিন্ন শিবসম্বন্ধে যাহা যাহা বক্তব্য, হে অনঘ! তৎসমুদায় তোমার বলিতে হইবে। সূত, নৈমিষারণ্যে ঋষিমণ্ডলীকর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া তাঁহাদিগের সমক্ষে প্রশ্নানুসারে সমুদয় কথা বলিয়াছিলেন। ৬—১২।

প্রথম অধ্যায় সমাপ্ত॥ ১॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যথাবৎ কথয়াম্যহম্।
কপোলকল্পিতং নৈব কথয়িষ্যে মুনীশ্বরাঃ॥ ১
ভবদ্ভিঃ পৃচ্ছ্যতে যত্ত্বং তৎ তথা নারদেন বৈ।
পৃষ্টং পিত্রে স্বয়ং তত্র জ্ঞানায় পরমাত্মনে॥ ২
কস্মিংশ্চিৎ সময়ে বিপ্রা নারদো মুনিসত্তমঃ।
পৃথিব্যামটনং কৃত্বা শিবরূপাণ্যনেকশঃ॥ ৩
দৃষ্ট্বা নত্বা চ সম্পূজ্য তত্ত্বং জ্ঞাতুং মহাত্মনঃ।
পপ্রচ্ছ ব্রহ্মণে তস্য শিবরূপং বিচিন্তয়ন॥ ৪

নারদ উবাচ।

ব্রহ্মন ব্রহ্মবিদাং শ্রেষ্ঠ পিতামহ জগৎপ্রভো
ত্বৎপ্রসাদান্ময়া সর্ব্বং বিষ্ণোর্মাহাত্ম্যমুত্তমম্॥
ভক্তিমার্গং জ্ঞানমার্গং তপোমার্গং সুদুষ্করম্।
দানমার্গঞ্চ তীর্থানং মার্গঞ্চ শ্রুতবানহম্॥ ৬
ন জ্ঞাতং শিবতত্ত্বঞ্চ পূজা চ বিবিধং ক্রমাৎ
চরিত্রং বিবিধং তস্য নিবেদয় মম প্রভো॥ ৭

দ্বিতীয় অধ্যায়।

সূত বলিলেন,—হে মুনিবরগণ! আপনারা ভাল কথা জিজ্ঞাসা করিয়াছেন, আমি ইহার যথাযথ উত্তর প্রদান করিতেছি। স্বকপোল-কল্পিত কোন কথাই বলিব না। এখন আপনারা আমার নিকটে যেরূপ জিজ্ঞাসা করিতেছেন পূর্ব্বে স্বয়ং নারদ শিবতত্ত্ব-জিজ্ঞাসু হইয়া পিতা পরমাত্মা ব্রহ্মার নিকট এই কথা জিজ্ঞাসা করেন। হে বিপ্রগণ! কোন সময়ে মুনিশ্রেষ্ঠ নারদ ভূমণ্ডল পর্য্যটন করত বহুতর শিবলিঙ্গ দর্শন করিয়া তাঁহাদিগকে পূজা ও প্রণাম করিলে অনন্তর মহাত্মা শিবের তত্ত্ব জানিতে ই কহই তদীয় রূপ চিন্তা করিতে করিতে ব্রহ্মার নিকট জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মবি প্রধান ব্রহ্মন্‌ হে জগৎপ্রভো পিতামহ! আমি আপনার প্রসাদে উত্তম বিষ্ণুমাহাত্ম্য, ভক্তিমার্গ, জ্ঞানমার্গ সুদুষ্কর তপোমার্গ, দানমার্গ এবং তীর্থমার্গ সমুদয় বিবরণই শ্রবণ করিয়াছি। প্রভু হে! কিন্তু আমি শিবতত্ত্ব জানিতে পারি নাই—যথা

আবাভ্যাং কিং প্রকর্ত্তব্যং ধ্যায়তঃ স্ম পরস্পরম্ ।
এতস্মিন্নন্তরে বাণী সমুৎপন্না গুণা শুভা ॥ ২৩
তপশ্চৈব প্রকর্ত্তব্যং সংশয়স্যাপনুত্তয়ে ।
ততস্তাভ্যাঞ্চ তচ্ছ্রুত্বা তপস্তপ্তং সুদারুণম্ ॥ ২৪
কিয়ৎ কালং তদা ব্রহ্মন্ ধ্যানমার্গপরায়ণৌ ।
প্রকৃতিঃ পুরুষশ্চৈব প্রবুদ্ধৌ ধ্যানমার্গতঃ ॥ ২৫
প্রবুধ্য বিস্ময়ং প্রাপ্তৌ কিয়ৎ তপ্তমহো ইতি ।
তদঙ্গাজ্জলধারা হি সঞ্জাতা বিবিধা মুনে ॥ ২৬
তাভির্ব্যাপ্তঞ্চ সকলং ব্রহ্মরূপমভূজ্জলম্ ।
অনন্তং হ্যভবং তচ্চ স্পর্শনাং পাপনাশনম্ ॥ ২৭
তদা শ্রান্তশ্চ পুরুষস্তয়া সহ জলে স্বয়ম্ ।
সুষ্বাপ পরমপ্রীতো বহুকালং তয়া সহ ॥ ২৮
নারায়ণেতি বৈ নাম জাতং তস্য মহাত্মনঃ ।
নারায়ণীতি বৈ নাম প্রকৃতেঃ সম্মতং মুনে ॥ ২৯
নান্যৎ কিঞ্চিৎ তদা হ্যাসীৎ প্রকৃতিং পুরুষং বিনা
এতস্মিন্নন্তরে ব্রহ্মংস্তত্ত্বান্যাসন্ মহাত্মনঃ ॥ ৩০

প্রকৃতেশ্চ মহানাসীন্মহতশ্চ গুণাস্ত্রয়ঃ ।
অহঙ্কারস্ততো জাতস্তস্তন্মাত্রকাঃ পরাঃ ॥ ৩১
পঞ্চ ভূতান্যতোঽভ্যাসন জ্ঞান-বিজ্ঞানকান্যতঃ ।
তত্ত্বানামিতি সংখ্যানমুচ্যতে ঋষিসত্তম ॥ ৩২
জড়াত্মকঞ্চ তৎ সর্ব্বং প্রকৃতিং পুরুষং বিনা ।
তাভ্যামেকীকৃতং তচ্চ চতুর্ব্বিংশতিসংজ্ঞিতম্ ॥
তদ্গৃহীত্বা চ সুষ্বাপ জলে ব্রহ্মস্বরূপিণি ।
সুপ্তে নারায়ণে দেবে নাভৌ পঙ্কজমুত্তমম্ ॥ ৩৪
অনন্তপত্রিকাযুক্তং কর্ণিকারসমন্বিতম্ ।
অনন্তযোজনায়ামমনন্তোচ্ছ্রায়সংযুতম্ ॥ ৩৫
কোটিসূর্য্যপ্রতীকাশং সুন্দরং তত্ত্বসংযুতম্ ।
তস্মাৎ পদ্মাৎ ততো যজ্ঞে পুত্রোঽহং হেমগর্ভ

"আমরা উভয়ে কি করিব" পরস্পরে এইরূপ চিন্তা করিতেছেন, ইত্যবসরে গুণসম্পন্না কর্ত্তব্য-বোধিকা আকাশবাণী হইল যে, "এই সংশয় অপনোদনের জন্য তপস্যাই করিবে।" অনন্তর প্রকৃতি-পুরুষ তাহা শুনিয়া কঠোর তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন। হে বিপ্র! প্রকৃতি ও পুরুষ কিয়ৎকাল ধ্যানপরায়ণ হইয়া সেই সমাধি হইতে বিরত হইলেন। মুনে! তাঁহারা, ধ্যানবিরত হইয়া 'আমরা কত তপস্যা করিলাম' ভাবিয়া এবং অঙ্গ হইতে বিপুল জলধারা নির্গত হইল দেখিয়া বিস্মিত হইলেন। সকল বস্তুই সেই জলরাশি দ্বারা ব্যাপ্ত হইল; তখন জলরাশি ব্রহ্মস্বরূপ অনন্ত এবং স্পর্শমাত্রে কলুষনাশক হইল। তখন পুরুষ শ্রান্ত হইয়া প্রকৃতির সহিত পরম প্রীতিসহকারে জল মধ্যে বহুকাল শয়ন করিলেন। মুনে! এই জন্য সেই মহাত্মা পুরুষের নাম নারায়ণ ও প্রকৃতির নাম নারায়ণী সর্ব্বসম্মত হইল। তখন প্রকৃতি-পুরুষ ব্যতীত আর কিছুই ছিল না। ব্রহ্মন্! ইত্যবসরে সেই মহাত্মা পুরুষের সহকারিতায়

কতিপয় পদার্থ উৎপন্ন হইল। অব্যক্ত প্র
হইতে মহত্তত্ত্ব, মহত্তত্ত্ব ব্যক্ত ত্রিগুণাত্ম
মহত্তত্ত্ব হইতে অহঙ্কার; * অহঙ্কার হ
পঞ্চতন্মাত্র, পঞ্চতন্মাত্র হইতে পঞ্চভূত
পঞ্চভূত হইতে পঞ্চজ্ঞানেন্দ্রিয় ও
কর্ম্মেন্দ্রিয় উৎপন্ন হইল। † হে ঋষি
এই পদার্থের এইরূপ সংখ্যা কথিত হইয়া
২২—৩২। প্রকৃতি ও পুরুষ ব্যতীত
দ্বাবিংশতি তত্ত্বই অচেতন। প্রকৃতি ও পু
সহিত যোগ করিলে সর্ব্বশুদ্ধ চতুর্ব্বিংশতি
হইয়া থাকে। নারায়ণদেব সমুদায় তত্ত্ব
আয়ত্ত করিয়া ব্রহ্ম-স্বরূপ জলে শয়ন ক
তদীয় নাভিমণ্ডলে অনন্তপত্র-শোভিত ক
যুক্ত কোটি-মার্ত্তণ্ডসন্নিভ তত্ত্বসমূহ-সমন্বি
পরম সুন্দর পদ্ম প্রকাশ পাইল; তাহার
ও উচ্চতা অসীম। অনন্তর আমি—

* সাংখ্যমতে অন্তঃকরণ ত্রিবিধ;—
অহঙ্কার ও মন। এই মতে অন্তঃকরণ
মনের স্বতন্ত্র সত্তা কথিত হয় নাই।

† অব্যক্ত প্রকৃতি হইতে মহত্তত্ত্ব,
হইতে ব্যক্তগুণত্রয়, গুণত্রয় হইতে
* * * পঞ্চভূত হইতে মন ও দশ
উৎপন্ন হইল। এই অর্থ টীকাকারের
প্রেত। এই অর্থে অনেক দোষ আছে

বৎস জানীহি ভদ্রন্তে সত্যমেতদ্বদাম্যহম্ ॥ ৫২
তস্য তদ্বচনং শ্রুত্বা স্মিতপূর্ব্বং মহামুনে।
মায়য়া মোহিতস্তং বৈ পরিভর্ৎস্য পুনস্তদা ॥ ৫৩
ভাষসে বৎস বৎসেতি সর্গসংসারপালকম্
মমাহাত্মমিতং কৃত্বা গুরুঃ শিষ্যমিবানঘ ॥ ৫৪
কর্ত্তারং জগতাং সাক্ষাৎ প্রকৃতেঃ প্রবর্ত্তকম্।
সনাতনমজং বিষ্ণুং বিরিঞ্চে বিশ্বসম্ভবম্ ॥ ৫৫
বিশ্বাত্মানং বিধাতারং ধাতারং পঙ্কজেক্ষণম্।
কিমর্থং ভাষসে মোহাদ্বক্তুমর্হসি সত্বরম্ ॥ ৫৬
সোঽপি মামাহ জগতাং কর্ত্তা হমিতি লোকয
ভর্ত্তা হর্ত্তা ভবানঙ্গাদবতীর্ণো মমাব্যয়াৎ ॥ ৫৭
বিস্মৃতোঽসি জগন্নাথং নারায়ণমনাময়ম্
পুরুষং পরমাত্মানং কর্ত্তারং জগতাং প্রভুম্ ॥ ৫৮
বিষ্ণুমচ্যুতমীশানং বিশ্বস্য প্রভবোদ্ভবম্
তবাপরাধো নাস্ত্যত্র মম মায়াকৃতন্ত্বিদম্ ॥ ৫৯

শৃণু সত্যং পরং ব্রহ্মন্ সর্ব্বং তত্ত্বম সম্ভবম্।
ময়া সৃষ্টং পুরা ব্যক্তং চতুর্ব্বিংশতিতত্ত্বকম্ ॥ ৬০
ইতি শ্রুত্বা বচস্তস্য ব্রহ্মা ক্রোধান্বিতস্তদা।
কো বা ত্বমিতি সংভর্ৎস্য কশ্চিৎ কর্ত্তা ভবেত্তব
মায়য়া মোহিতস্তেন যুদ্ধং চক্রে সুদারুণম্।
বিবাদশমনার্থং প্রবোধার্থং দ্বয়োরপি ॥ ৬২
জ্যোতির্লিঙ্গং তদোৎপন্নমাবয়োর্মধ্য অদ্ভুতম্।
জ্বালামালাসহস্রাঢ্যং কালানলচয়োপমম্ ॥ ৬৩
ক্ষয়-বৃদ্ধিবিনির্মুক্তমাদিমধ্যান্তবর্জ্জিতম্।
অনৌপম্যমনির্দ্দিষ্টমব্যক্তং বিশ্বসম্ভবম্ ॥ ৬৪
তস্য জ্বালাসহস্রেণ মোহিতো ভগবান্ হরিঃ।
মোহিতং প্রাহ মামত্র কিমর্থং স্পর্দ্ধসেঽধুনা ॥ ৬৫
আগতস্তু তৃতীয়োঽপি তিষ্ঠতাং যুদ্ধমাবয়োঃ।
কুত এষ সমুৎপন্নঃ পরীক্ষাবো হ্যগ্নিসম্ভবম্ ॥ ৬৬
[illegible] পক্ষাক্ষং বিশ্বসম্ভব।

যাছি" এরূপ অভিমানসূচক উত্তর না দিয়া নম্র নির্দ্দেশপূর্ব্বক আমাকে বলিলেন—হে সুব্রত! পরম বিষ্ণু সত্ত্বগুণ দ্বারা তোমাকে নির্ম্মাণ করিয়াছেন, বৎস! তোমার মঙ্গল হউক, আমি সত্য বলিতেছি, তুমি ইহা স্থির বলিয়া জান। ৫২—৫৩। মুনিবর! আমার হৃদয় তদীয় মায়ায় মোহিত ছিল, সুতরাং তাঁহার সেই স্মিতপূর্ব্ব বাক্য শ্রবণে আমি পুনর্ব্বার ভর্ৎসনা করিয়া সেই সৃষ্টিসংরক্ষণপালককে বলিলাম,—"আমাকে যে বড় বৎস বৎস বলিয়া ডাকিতেছ!" হে অনঘ! তিনি তখন গুরুর ন্যায় ঈষৎ হাস্য করিয়া, শিষ্যের ন্যায় আমাকে বলিতে লাগিলেন—"বিরিঞ্চে! সনাতন অনাদি বিশ্ববীজ বিশ্বাত্মা বিশ্বের বিধাতা জগৎকর্ত্তা সাক্ষাৎ প্রকৃতিপ্রবর্ত্তক পুণ্ডরীকাক্ষ বিষ্ণুকে মোহবশে এরূপ বলিতেছ কেন? সত্বর উত্তর দাও।" অতঃ বলিলেন,—"দেখ—আমিই জগতের হর্ত্তা কর্ত্তা বিধাতা; আমারই অক্ষয় অবয়ব হইতে তুমি উৎপন্ন হইয়াছ। পরমাত্মা পুরুষ জগৎকর্ত্তা বিশ্ববীজ অব্যয় ঈশ্বর অনাময় জগন্নাথ সর্ব্বব্যাপী প্রভু নারায়ণকে কিনা তুমি বিস্মৃত হইয়াছ? ইহাতে তোমার অপরাধ নাই, আমার মায়া-প্রভাবেই এরূপ ঘটিয়াছে ব্রহ্মন্! প্রকৃত সত্য কথা শ্রবণ কর, যাহা দেখিতেছ, এবং সমস্তই আমা হইতে উৎপন্ন, অব্যক্ত চতুর্ব্বিংশতি তত্ত্বও পূর্ব্বে আমাকর্ত্তৃক সৃষ্ট হইয়াছে।" আমি ব্রহ্মা হইলেও তদীয় মায়ায় মোহিত হওয়াতে তাঁহার এই কথা শ্রবণ করিবামাত্র 'তুমি কে? তোমারও কেহ কর্ত্তা অবশ্য আছেন' সক্রোধে এইরূপ ভর্ৎসনা করিয়া ইঁহার সহিত দারুণ যুদ্ধ করিলাম। আমাদিগের উভয়ের বিবাদ-শান্তি ও জ্ঞানোদয়ের জন্য আমাদিগের মধ্যস্থলে সহস্র সহস্র জ্বালামালাসঙ্কুল কালানল-সন্নিভ একটী অদ্ভুত জ্যোতির্ম্ময় লিঙ্গ উদ্ভূত হইলেন। ইঁহার ক্ষয় বৃদ্ধি নাই; আদি মধ্য অন্ত নাই; তিনি অতুলনীয় অনির্দ্দেশ্য অব্যক্ত এবং জগতের মূলকারণ। ৫৩—৬৪। ভগবান্ বিষ্ণু সেই লিঙ্গের সহস্র সহস্র শিখা-জালে বিমোহিত হইয়া বিমূঢ়চিত্ত আমাকে বলিলেন,—এখন আর স্পর্দ্ধা করিতেছ কেন? তৃতীয় ব্যক্তি এখানে আসিয়া উপস্থিত, আমাদিগের যুদ্ধ এখন থাক; এই অনলসন্নিভ লিঙ্গ কোথা হইতে আবির্ভূত হইল, এখন আমরা

সমাগতো ময়া সার্দ্ধং প্রণিপত্য ভবং মুহুঃ ॥ ৪
মায়য়া মোহিতঃ শম্ভোস্তস্থৌ সংবিগ্নমানসঃ ।
প্রণিপত্য ময়া সার্দ্ধং সস্মার কিমিদন্ত্বিতি ॥ ৫
অনির্দ্দেশ্যঞ্চ তদ্রূপমনাম কর্ম্মবর্জ্জিতম্ ।
অলিঙ্গং লিঙ্গতাং যাতং ধ্যানমার্গেঽপ্যগোচরম্ ॥৬
স্বস্থং চিত্তং তদা কৃত্বা নমস্কারপরায়ণৌ ।
জানীয়াবো ন তে রূপং যোঽসি সোঽসি নমোঽস্তু তে
এবমব্দশতং জাতং নমস্কারং প্রকুর্ব্বতোঃ ।
তদা সমভবৎ তত্র সানন্দং শব্দলক্ষণম্ ॥ ৮
ওমিতীদং মুনিশ্রেষ্ঠ সুব্যক্তং প্লুতলক্ষণম্ ।
কিমিদন্ত্বিতি সঞ্চিন্ত্য ময়া তিষ্ঠন্মহাস্বনম্ ॥ ৯
যস্মাচ্ছব্দঃ সমুদ্ভূতস্তস্মৈ তুভ্যং নমোঽস্তু তে ।
লিঙ্গস্য দক্ষিণে ভাগে তদাপশ্যৎ সনাতনম্ ॥ ১০
আদ্যং বর্ণমকারন্তু উকারঞ্চোত্তরে ততঃ ।
মকারং মধ্যতশ্চৈব নাদান্তং তস্য চোমিতি ॥ ১১

তরণ করি। ভগবান বিষ্ণুও বারংবার শিবকে প্রণামপূর্ব্বক শ্রান্ত হইয়া তখনই বর্ণিতনয়নে আসিয়া আমার সহিত মিলিত হইলেন। আমি ও তিনি শিবমায়া-মোহিত আমরা উভয়েই শিবকে প্রণাম করিয়া উদ্বিগ্নচিত্তে রহিলাম এবং মনে করিতে লাগিলাম,—"এ কি! অনির্দ্দেশ্য, নামকর্ম্ম-বিবর্জ্জিত, এ—রূপ বস্তুতঃ লিঙ্গ না হইলেও লিঙ্গরূপে পরিণত হইয়াছে। ইহা ধ্যানমার্গেরও অগোচর।" "দেবদেব! আমরা তোমার রূপ জানিতে অক্ষম, যাহা হউক, তুমি যে হও সে হও, তোমাকে নমস্কার।" এই বলিয়া একাগ্রহৃদয়ে তখন আমরা তাঁহাকে প্রণাম করিতে লাগিলাম। এইরূপে নমস্কার করিতে করিতে এক শত বৎসর অতীত হইল। হে মুনিবর! তখন তথায় আনন্দময় ওঙ্কারাত্মক সুব্যক্ত ত্রিমাত্র শব্দ সম্ভূত হইল। তখন বিষ্ণু এবং আমি "এ মহাশব্দ কোথা হইতে আসিল" ভাবিতে লাগিলাম এবং বলিলাম,—"এই শব্দ যাহা হইতে উদ্ভূত হইল, সেই তোমাকে নমস্কার।" তখন লিঙ্গের দক্ষিণভাগে সনাতন আদ্যবর্ণ অকার আমাদিগের দৃষ্টিগোচর হইল। তাঁহার উত্তরে উকার এবং মধ্যে নাদধ্বনিসমন্বিত

সূর্য্যমণ্ডলবদ্দৃষ্ট্বা বর্ণমাদ্যন্তু দক্ষিণে ।
উত্তরে পাবকপ্রখ্যমুকারমৃষিসত্তম ॥ ১২
শীতাংশুমণ্ডলপ্রখ্যং মকারং তস্য মধ্যতঃ ।
তস্যোপরি তদাপশ্যং স্ফটিকপ্রভবং পরম্ ॥ ১৩
তুরীয়াতীতমমৃতং নিষ্কলং নিরুপপ্লবম্ ।
নির্দ্বন্দ্বং কেবলং তত্ত্বং বাহ্যাভ্যন্তরবর্জ্জিতম্ ॥১৪
আদিমধ্যান্তরহিতমানন্দস্যাপি কারণম্ ।
সত্যমানন্দমমৃতং পরং ব্রহ্ম পরায়ণম্ ॥ ১৫
একাক্ষরস্তু যৎ প্রোক্তং ভগবান্ নীললোহিতঃ ।
সর্গকর্ত্তা হ্যকারাখ্য উকারাখ্যস্তু পালকঃ ॥ ১৬
মকারাখ্যস্তু যো নিত্যমনুগ্রহকরো ভবঃ ।
অহমেব হরির্ব্রহ্মন বিস্ময়াবিষ্টমানসৌ ।
এতস্মিন্নন্তরেঽপশ্যচ্চ রূপমদ্ভুতসুন্দরম্ ॥ ১৭
পঞ্চবক্ত্রং দশভুজং কর্পূরগৌরকং মুনে ।
নানাকান্তিসমাযুক্তং নানাভরণসংযুতম্ ॥ ১৮
মহোদারং মহাবীর্য্যং মহাপুরুষলক্ষণম্ ।
তদ্দৃষ্ট্বা পরমং রূপং নির্ম্মাতা স্বয়মেব হি ॥ ১৯

মকার—আমরা এইরূপে ওঙ্কার অবলোকন করিলাম। ১—১১। হে ঋষিবর! আমরা লিঙ্গের দক্ষিণভাগে সূর্য্যমণ্ডলপ্রখ্য আদিবর্ণ, উত্তরভাগে অনল-সন্নিভ উকার এবং মধ্যে চন্দ্র-মণ্ডলসমুজ্জ্বল মকার অবলোকন করিয়া তদুপরি-ভাগে স্ফটিক-প্রকাশ তুরীয়াতীত অমৃত নিষ্কল নির্দ্বন্দ্ব একমেবাদ্বিতীয়ং পরমতত্ত্ব দর্শন করিলাম তাঁহার আদি, মধ্য, অন্ত নাই; বাহ্য অভ্যন্তর নাই; তিনি আনন্দময় আনন্দকারণ সত্য অজর পরব্রহ্ম এবং পরমগতি। ভগবান্ নীল-লোহিত একাক্ষর অর্থাৎ ওঁকারের স্বরূপ। ঐ ওঁকারের অবয়ব অকার বলিতে সৃষ্টিকর্ত্তা, উকারের অর্থ জগৎপাতা এবং মকারের অর্থ নিত্য অনুগ্রহকারী মহাদেব। হে ব্রহ্মন্! ইহাতে আমি এবং সেই বিষ্ণু উভয়েই বিস্মিত হইলাম। এই সময় আরও একটী বিস্ময়ের কারণ উপস্থিত হইল। অতি বিচিত্র সুন্দর পঞ্চমুখ, দশবাহু, কর্পূরের মত গৌর, নানাবিধ কান্তিসংযুক্ত, নানা আভরণে ভূষিত, অতিশয় উদার, মহাবীর্য্য, মহাপুরুষের লক্ষণ সকলে শোভিত, একটী আকৃতি আমাদের

ততো বিজ্ঞায় দেবেশং যথাবং স্মৃতিসম্মতৈঃ।
মন্ত্রৈর্মহেশ্বরং দেবং তুষ্টাব সুমহোদয়ম্ ॥ ২০
আবয়োঃ স্তুতিভিস্তুষ্টো লিঙ্গে তস্মিন নিরঞ্জনঃ।
দিব্যং শব্দময়ং রূপমাস্থায় প্রহসন স্থিতঃ ॥ ২১
অকারস্তস্য মূর্দ্ধা চ ললাটং দীর্ঘ উচ্যতে।
ইকারং দক্ষিণং নেত্রমীকারং বামলোচনম্ ॥ ২২
উকারং দক্ষিণং শ্রোত্রমূকারং বাম উচ্যতে।
ঋকারং দক্ষিণং তস্য কপোলং পরমেষ্টিনঃ ॥২৩
বামং কপোলম্ ৠকারং ঌৠ নাসাপুটে উভে।
একারমোষ্ঠমূর্দ্ধস্ত ঐকারমধরং বিভো ॥ ২৪
ওঃ ঔকারৌ তথৌকারং দন্তপংক্তিদ্বয়ং ক্রমাৎ।
অং অঃ তালুনী তস্য দেবদেবস্য ধীমতঃ ॥ ২৫
কাদিপঞ্চাক্ষরাণ্যস্য পঞ্চ হস্তাশ্চ দক্ষিণে।
আদিপঞ্চাক্ষরাণ্যেব পঞ্চ হস্তাস্ত বামতঃ ॥ ২৫
টাদিপঞ্চাক্ষরং পাদৌ তাদপঞ্চাক্ষরং তথা।
পকারমুদরং তস্য ফকারং পার্শ্বমুচ্যতে ॥ ২৮
বকারং বামপার্শ্বস্ত ভকারং স্কন্ধ উচ্যতে।

মকারং হৃদয়ং শম্ভোর্মহাদেবস্য যোগিনঃ ॥ ২৮
যকারাদি সকারান্তং বিভোর্বৈ সপ্ত ধাতবঃ।
হকারং নাভিরূপং হি ক্ষকারং নাদ উচ্যতে* ॥ ২৯
এবং শব্দময়ং রূপমগুণস্য গুণাত্মনঃ।
তং দৃষ্ট্বা তু ময়া সার্দ্ধং ভগবন্তং মহেশ্বরম্ ॥ ৩০
প্রার্থয়ন্তো পুনস্তং বৈ কৃপা কার্য্যা ত্বয়া বিভো।
ইত্যেবং বচনং শ্রুত্বা প্রসন্নঃ শঙ্করস্তদা ॥ ৩১
উবাচ বচনং তত্র প্রসন্নো ভগবানিহ।
তদাহং তবচক্রে শ্রুত্বা বিষ্ণুনা সহ ॥ ৩২
উবাচ যদি দেবেশ প্রসন্নো ভগবানিহ।
আবয়োঃ কিঞ্চিৎ কার্য্যং বৈ যদিচ্ছসি তথা কুরু ॥
ইত্যেবং বচনং শ্রুত্বা শঙ্করোক্যমথাব্রবীৎ।
সৃষ্টিকর্ত্তা ভবেদ্ব্রহ্মা সৃষ্টেশ্চ পালকো হরিঃ ॥৩৪
মদাংশশ্চ তথাপ্যংশো ভাবষ্যতি তদন্তকৃৎ †।

দৃষ্টিগোচর হইল। সেই জগতের নির্ম্মাতৃস্বরূপ পরম রূপ দেখিয়া এবং পরে তাঁহাকে সাক্ষাৎ দেবেশ মহেশ্বর বলিয়া জানিতে পারিয়া বেদসম্মত মন্ত্রনিচয় দ্বারা সেই মহোদয় মহেশ্বর দেবের স্তব করিতে লাগিলাম। ১২—২০। সেই নিরঞ্জন মহাদেব আমাদের স্তবে পরিতুষ্ট হইয়া হাস্য করত সেই শরীরে দিব্য শব্দময় রূপ ধারণ করিয়া অবস্থান করিলেন। অকার তাঁহার মস্তক আকার ললাট, ইকার দক্ষিণ নেত্র, ঈকার বাম নেত্র, উকার দক্ষিণ কর্ণ, ঊকার বাম কর্ণ, ঋকার সেই পরমেষ্ঠীর দক্ষিণ কপোল, ৠকার বাম কপোল, ঌকার এবং ৡকার এই দুইটা দুই নাসিকা। হে বিভো! একার তাঁহার উর্দ্ধ ওষ্ঠ, ঐকার অধরোষ্ঠ এবং ওকার ও ঔকার যথাক্রমে তাঁহার উপর নীচের দন্ত-পংক্তি। সেই পরম নির্ম্মল-বুদ্ধিশালী দেবদেবের অং (অনুস্বার) এবং অঃ (বিসর্গ) এই দুইটী তালুদ্বয় স্বরূপ। ককারাদি পাঁচটী অক্ষর অর্থাৎ কবর্গ তাঁহার দক্ষিণদিগের পাঁচটী হস্ত, চকারাদি পাঁচটী অক্ষর অর্থাৎ চবর্গ

তাঁহার বামদিকের পাঁচটী হস্ত। টবর্গ এবং তবর্গ তাঁহার পদদ্বয়। পকার উদর, ফকার দক্ষিণপার্শ্ব, বকার বামপার্শ্ব, ভকার স্কন্ধ, মকার হৃদয়। যকার হইতে আরম্ভ সকার পর্য্যন্ত যতগুলি অক্ষর আছে, উহারা সেই বিভুর সপ্ত-প্রকার ধাতু। হকার নাভি এবং ক্ষকার নাদ। ২১—২৯। সেই নির্গুণ অথচ গুণময় মহেশ্বরের এইরূপ শব্দময় রূপ দেখিয়া আমরা দুজনে পুনর্ব্বার সেই ভগবান মহাদেবের নিকট এই বলিয়া প্রার্থনা করিলাম যে, "বিভো! আপনি আমাদের উপর কৃপা করুন।" এই-রূপ বাক্য শুনিয়া ভগবান মহাদেব আমাদিগকে বলিলেন, "প্রসন্ন হইয়াছি।" তখন বিষ্ণু আমার সহিত মহাদেবের বাক্য শুনিয়া বলিলেন, "হে দেবেশ! যদি আপনি আমাদের উপর প্রসন্ন হইয়া থাকেন, তবে আমাদের সম্বন্ধে আপনি যেরূপ ইচ্ছা করেন, কিছু উপকার করুন।" তখন শম্ভু এই বাক্য শ্রবণ করিয়া বলিলেন, ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা ও বিষ্ণু সৃষ্টির পালক হইবেন এবং আমারও অংশাবশেষ এই

* মেঢ় উচ্যতে ইতি পাঠান্তরম্
† তদন্তক ইতি চ পাঠঃ

ইয়ঞ্চ প্রকৃতির্দেবী যা নারায়ণমাশ্রিতা॥ ৩৫
তস্যাং ভবিষ্যতি শক্তির্ব্রহ্মাণী সম্ভবিষ্যতি।
অন্যা শক্তিঃ পুনস্তত্র প্রকৃতেঃ সম্ভবিষ্যতি॥ ৩৬
সমাশ্রয়িষ্যতে বিষ্ণুং লক্ষ্মীরূপেণ সা তদা।
পুনশ্চ কালীনাম্নী চ মদংশং প্রাপয়িষ্যতি॥ ৩৭
জ্যোতীরূপেণ সা তত্র কার্য্যার্থং সম্ভবিষ্যতি।
ত্রয়ো দেবাস্তথা প্রোক্তাঃ শক্তয়ঃ পরমাঃ শুভাঃ॥
সৃষ্টিকার্য্যন্তু সম্ভূয় কুর্ব্বন্তু তে মদাজ্ঞয়া।
ইত্যেবন্তু বচঃ শ্রুত্বা বিষ্ণুর্বাক্যমথাব্রবীৎ॥ ৩৯

শ্রীভগবানুবাচ।

ভবদুক্তং করিষ্যামো নিয়তাঃ সর্ব্ব এব হি।
কিঞ্চিদ্বিজ্ঞাপ্যমস্ত্যেব তৎ ত্বং কর্ত্তুমিহার্হসি॥ ৪০
ততো বচনমারব্ধং শঙ্করেণ পরং শুভম্।
পদমিষ্টতমং * তুভ্যং দাস্যামি হিতকাম্যয়া॥
বিষ্ণুস্তয়া সহোবাচ শঙ্করং লোকশঙ্করম্॥ ৪২

শ্রীভগবানুবাচ।

দেবদেব নমস্তুভ্যং দেহি তত্ত্বং নমোঽস্তু তে।
ধ্যেয়ং সেব্যং তথা পূজ্যং বক্তুমর্হসি সুব্রত॥ ৪৩
যৎ কৃত্বা সর্ব্বসামর্থ্যং ভবিষ্যতি ন সংশয়ঃ।
ইত্যুক্তঃ শঙ্করস্তস্মৈ দদৌ নাদাত্মকং শিবম্॥ ৪৪
প্রণবাত্মকং পরং তত্ত্বং লব্ধবান পরমাত্মনঃ।
হরিস্তত্র পরং তত্ত্বং জ্ঞাত্বা রূপমপশ্যত॥ ৪৫
তদুপায়ং প্রবক্ষ্যামি মন্ত্রতত্ত্বং শুভান্ পথঃ।
প্রণম্য ভগবান বিষ্ণুঃ পুনশ্চাপশ্যদক্ষতঃ॥ ৪৬
ওঙ্কারপ্রভবং মন্ত্রং কলাপঞ্চকসংযুতম্।
ওঁ তত্ত্বমসীত্যুক্তং মহাবাক্যং হরস্য চ॥ ৪৭
শুদ্ধস্ফটিকসঙ্কাশং মন্ত্ররূপমনুত্তমম্।
মেধাকারমভূত্তস্য সর্ব্বকামার্থসাধকম্॥ ৪৮
পুনশ্চ তৎগ্রুহ্য গায়ত্রীলক্ষণং মহৎ।

...গতের অন্তকারী হইবে। এই প্রকৃতিদেবী
...ন নারায়ণকে আশ্রয় করিয়া রহিয়াছেন,
...হাতে ব্রহ্মাণী শক্তি সম্ভূত হইবেন এবং
...কৃতি হইতে তাহাতে অন্য আর একটী
...ক্তিও উৎপন্ন হইবে। তিনি তখন লক্ষ্মীরূপে
...ষ্ণুকে আশ্রয় করিবেন। কালী নামে শক্তি
...মার অংশকে ভজনা করিবেন। তিনি
...সংকার্য্যের নিমিত্ত জ্যোতীরূপে সম্ভূত হই-
...ন। তিন দেব ও তাঁহাদের তিন প্রকার
...ভদায়িনী শক্তি উক্ত হইল। তাঁহারা মিলিত
...হইয়া আমার আজ্ঞাক্রমে সৃষ্টিকার্য্য করুন।”
...ই কথা শুনিয়া ভগবান্ বিষ্ণু বলিতে আরম্ভ
...রিলেন, “আমরা সকলে মিলিত হইয়া নিশ্চয়ই
...আপনার উক্তি অনুসারে কার্য্য করিব। তবে
...আমাদের কিছু প্রার্থনীয় আছে, তাহাও আপনি
...সম্পাদন করুন।” তদনন্তর শঙ্কর অতি শুভ-
...বাক্য প্রয়োগ করিয়া বিষ্ণুকে বলিলেন, “হিত-
...কামনা করিয়া আমি তোমাকে অভীষ্টতম পদ
...প্রদান করিব।” ৩০—৪১ মহাদেব এই

কথা বলিলে শ্রীভগবান বিষ্ণু আমার সহিত
সেই লোকের মঙ্গলকারী শঙ্করকে বলিলেন
“হে দেবদেব! আপনাকে নমস্কার করি
আপনি আমাদিগকে শিবতত্ত্ব প্রদান করুন
আপনাকে নমস্কার। হে সুব্রত! (আমা-
দিগের নিকট) সেই ধ্যেয়, সেবা এবং পূজনীয়
শিবতত্ত্বের কীর্ত্তন করুন। কারণ ঐ তত্ত্ব
প্রদান করিলে আমাদিগের নিশ্চয়ই সর্ব্ববিষয়ে
সামর্থ্য উৎপন্ন হইবে।” শঙ্কর, বিষ্ণুকর্ত্তৃক
এইরূপে অভিহিত হইয়া তাঁহাকে সেই মঙ্গলময়
নাদাত্মক তত্ত্ব প্রদান করিলেন। হরি তখন
সেই পরমাত্মা মহাদেবের নিকট হইতে
প্রণবস্বরূপ পরতত্ত্ব লাভ করিলেন এবং সেই
পরতত্ত্ব বিদিত হইয়া তাহাতে পরমেশ্বরের স্বরূপ
দর্শন করিলেন। হিতকর পথ আশ্রয় করিয়া
আমি সেই শিবতত্ত্ব দর্শনের উপায়ীভূত মন্ত্র-
তত্ত্বের বিষয় পরে কীর্ত্তন করিব। অনন্তর
ভগবান বিষ্ণু মহেশ্বরকে প্রণাম করিয়া পুনর্ব্বার
উক্ত প্রণব হইতে উৎপন্ন বক্ষ্যমাণ পঞ্চমন্ত্রকল্প
পঞ্চকলা সংযুক্ত এবং মহাদেবের ও তত্ত্বমসি
ইত্যাদের মহাবাক্য স্বরূপ বিশুদ্ধ স্ফটিকের ন্যায়
সমুজ্জ্বল সর্ব্বোত্তম মন্ত্ররূপ দর্শন করিলেন।
সর্ব্বপ্রকার কাম এবং অর্থের সাধক ঐ মন্ত্র

ইদানীং দৃশ্যতে যদ্বৎ তথা কার্য্যং ত্বয়া সদা॥ ৯
পূজিতো লিঙ্গরূপেঽস্মিন্ প্রসন্নো বিবিধং ফলম্।
দাস্যামি সর্ব্বলোকেভ্যো মনোঽভীষ্টান্যনেকশঃ॥
যদা দুঃখং ভবেৎ তত্র পূজিতে দুঃখনাশনম্॥ ১১
ইতি দত্ত্বা হরস্তস্মৈ বরাননন্তাননেকশঃ।
উবাচ বচনং দেবো বিষ্ণবে প্রভবিষ্ণবে॥ ১২
অয়ং ব্রহ্মা তথা কর্ত্তা সৃষ্টেঃ কার্য্যং নিরন্তরম্।
পালয় ত্বং সদা দেব মদ্ভক্তিং পরমাং কুরু॥ ১৩
ইত্যুক্ত্বা তু পুনস্তস্মৈ পূজাবিধিমদাৎ শুভম্।
যেন বৈ পূজিতঃ শম্ভুঃ ফলং যচ্ছত্যনেকশঃ॥ ১৪
তদহং কথয়িষ্যামি সর্ব্বপাপহরং পরম্।
ততঃ সর্ব্বময়ং দেবং বিশ্বরূপং মহেশ্বরম্॥ ১৫
অনন্তং নিষ্কলং দেবমৃগ্‌যজুঃসামরূপিণম্।
সর্গ-স্থিতি-লয়ানাং হি কর্ত্তারং পরমেশ্বরম্।
তুষ্টাব পুনরিষ্টাভির্বাগ্‌ভির্বরদমীশ্বরম্॥ ১৬

হরিরুবাচ।

একাক্ষরায় দেবায় অকারায়াত্মরূপিণে।
উকারায়াদিদেবায় বিদ্যারূপায় তে নমঃ॥ ১৭
তৃতীয়ায় মকারায় শিবায় পরমাত্মনে।
জলায় জলজাপ্যায় নমস্তে জলশায়িনে॥ ১৮
চিত্তায় চিত্তিরূপায় স্মৃতিরূপায় তে নমঃ।
জ্ঞানায় জ্ঞানগম্যায় নমস্তে পরমাত্মনে॥ ১৯
হিরণ্যবাহবে তুভ্যং নমস্তে হেমরেতসে।
কপর্দ্দিনে নমস্তুভ্যং নাগাভরণায় চ॥ ২০
বৃষাকপয়ে শর্ব্বায় কর্ত্রে হর্ত্রে নমো নমঃ।
শিবায় শিবরূপায় ব্যাপিনে ব্যোমব্যাপিনে॥ ২১
নমো নিধীনাং পতয়ে লিঙ্গিনে লিঙ্গরূপিণে।
তেজসে তেজসাং ভর্ত্রে নমস্তে সর্ব্বরূপিণে॥ ২২
শাশ্বতায় বরিষ্ঠায় বারিগর্ভায় যোগিনে
স্থিতায় সামগেয়ায় আবয়োর্ব্রহ্মবর্চ্চসে॥ ২৩
আত্মনে ঋষয়ে তুভ্যং স্বামিনে বিষ্ণবে নমঃ।
ওঙ্কারায় নমস্তুভ্যং সর্ব্বজ্ঞায় নমো নমঃ॥ ২৪

আমার এই লিঙ্গই সর্ব্বদা পূজ্য এবং আমার ধ্যানও এইরূপ। এক্ষণে তুমি আমার যাদৃশ স্বরূপ দেখিতেছ, এই রূপেরই সর্ব্বদা ধ্যান করিবে। এই লিঙ্গরূপে আমার পূজা করিলে আমি প্রসন্ন হইয়া সকল লোককে বারংবার সকল প্রকার অভীষ্ট ফল দান করি। ১—১০। অধিক কি বলিব, যখন যখন মনুষ্য দুঃখ প্রাপ্ত হইবে, তখন তখন এই লিঙ্গের পূজা করিলে সকল প্রকার দুঃখ বিনষ্ট হইবে।" ভগবান্ হর সেই প্রভাবশালী বিষ্ণুকে ইহা এবং অন্যান্য অনেক প্রকার বর দান করিয়া পুনর্ব্বার এই কথা বলিলেন, "এই ব্রহ্মা নিরন্তর সৃষ্টির কার্য্য করিবেন এবং হে দেব! তুমি আমাতে পরম ভক্তি করত সর্ব্বদা ইহার পালন করিবে।" এই কথা বলিয়া মহাদেব বিষ্ণুকে সেই মঙ্গলকর পূজাবিধি প্রদান করিলেন। তদনুসারে পূজা করিলে, শম্ভু অনেক প্রকার ফল প্রদান করেন। আমি পরে সেই সমুদয় পাপনাশক পূজাবিধির কথা বলিব। অনন্তর বিষ্ণু সেই অনন্ত, নিষ্কল, ঋগ্‌যজুঃসামরূপী সৃষ্টি-স্থিতি-প্রলয়কর্ত্তা সর্ব্বময় বরদ পরমেশ্বর মহেশ্বরকে ইষ্টবাক্য দ্বারা স্তব করিতে লাগিলেন। হরি বলিলেন, "একাক্ষরস্বরূপ, অকার ও উকার স্বরূপ, আত্মরূপী এবং বিদ্যারূপী আদিদেব আপনাকে নমস্কার। তৃতীয় মকারাত্মক, পরমাত্মা, জলরূপী জল দ্বারা পূজ্য, জলশায়ী আপনাকে নমস্কার করি। আপনি চিত্তস্বরূপ অন্তঃকরণ স্বরূপ, স্মৃতিস্বরূপ, জ্ঞানস্বরূপ পরমাত্মা এবং জ্ঞানগম্য, আপনাকে নমস্কার করি। আপনি হিরণ্যবাহু এবং হিরণ্যরেতা আপনাকে নমস্কার। আপনি কপর্দ্দী এবং নাগাভরণ, আপনাকে নমস্কার করি। ১১—২০। আপনি বৃষাকপি, শর্ব্ব, কর্ত্তা, হর্ত্তা, শিব, শিবস্বরূপ, সর্ব্বব্যাপী এবং ব্যোমব্যাপী, আপনাকে বারংবার নমস্কার করি। আপনি নিধিসমূহের পতি, লিঙ্গী, লিঙ্গরূপী; আপনি তেজঃস্বরূপ, তেজের আধার এবং সর্ব্বরূপী, আপনাকে নমস্কার। আপনি শাশ্বত, বরিষ্ঠ, বারিগর্ভ এবং যোগী। আপনি ত্রিকালস্থায়ী, সামবেদে গেয় এবং আমাদের দুজনের ব্রহ্মবর্চ্চসের স্বরূপ। আপনি আত্মা, ঋষি, স্বামী ও বিষ্ণু; আপনি ওঙ্কাররূপী এবং সর্ব্বজ্ঞ, আপনাকে নম-

বিররামেতি তং স্তুত্বা ব্রহ্মণা সহিতো হরিঃ।
ইদং স্তোত্রং পরং পুণ্যং সর্ব্বপাপপ্রণাশনম্ ॥২৫
যঃ পঠেচ্ছৃণুয়াদ্বাপি শ্রাবয়েদ্বা দ্বিজোত্তমান্।
স যাতি ব্রহ্মণো লোকং পাপকর্ম্মরতোঽপি সন্॥
কল্যাণং বর্দ্ধতে তস্য শুক্লপক্ষে যথা শশী।
সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং বিষ্ণুনা পরিভাষিতম্ ॥ ২৭

সূত উবাচ।

অথোবাচ মহাদেবঃ প্রীতোঽহং সুরসত্তমৌ।
পশ্যতং মাং মহাদেবং ভয়ং সর্ব্বং প্রমুচ্যতাম্॥
যুবাং প্রসূতৌ প্রকৃতের্মদিচ্ছায়া মহাবলৌ।
মম রূপং ত্রিধা ভিন্নং নির্গুণং সগুণীকৃতম্ ॥ ২৯
অয়ং মে দক্ষিণে পার্শ্বে ব্রহ্মা লোকপিতামহঃ।
বামপার্শ্বে চ মে বিষ্ণুর্বিশ্বাত্মা হৃদয়ে পরঃ ॥ ৩০
প্রীতোঽহং যুবয়োঃ সম্যগ্বরং দদ্মি যদীপ্সিতম্।
এবমুক্ত্বা তু মাং বিষ্ণুং করাভ্যাং পরমেশ্বরঃ
পস্পর্শ সুশুভাভ্যাঞ্চ ঘৃণয়া স ঘৃণানিধিঃ ॥ ৩১
ততঃ প্রহৃষ্টমনসা প্রণিপত্য মহেশ্বরম্।
প্রাহ নারায়ণো নাথং লিঙ্গস্থং লিঙ্গবর্জ্জিতম্ ॥ ৩২
যদি প্রীতিঃ সমুৎপন্না যদি দেয়ো বরস্ত্বয়া।
ভক্তির্ভবতু নৌ নিত্যং ত্বয়ি চাব্যভিচারিণী ॥ ৩৩
দেবঃ প্রসন্নবদনো ভূত্বোবাচ মহামুনে।
কার্য্যার্থং নির্ম্মিতৌ দেবৌ নাদেয়ং বিদ্যতে মম ॥
জানুভ্যামবনীং গত্বা মুনে নারায়ণঃ স্বয়ম্।
প্রণিপত্য চ বিশ্বেশং প্রাহ মন্দতরং বশী ॥ ৩৫
আবয়োর্দেবদেবেশ বিবাদমপি শোভনম্।
ইহাগতো ভবান্ যস্মাদ্বিবাদশমনায় নৌ ॥ ৩৬
তস্য তদ্বচনং শ্রুত্বা পুনঃ প্রাহ হরো হরিম্।
প্রণিপত্য স্থিতং মূর্দ্ধ্না কৃতাঞ্জলিপুটং স্মরন্ ॥ ৩৭

মহেশ্বর উবাচ।

ময়ি ভক্তির্দৃঢ়া ভূয়াদ্যুবয়োরভ্যনুজ্ঞয়া।
পার্থিবাদ্যেব মূর্ত্তিং বিধায় কুরুতং যুবাম্।

স্মার।" বিষ্ণু ব্রহ্মার সহিত এইরূপে স্তব করিয়া বিরত হইলেন। এই পরম পবিত্র সর্ব্বপাপ-বিনাশন স্তোত্র যে পাঠ করে, শ্রবণ করে, অথবা ব্রাহ্মণদিগকে শুনায় সে স্বয়ং পাপকর্ম্মরত হইলেও ব্রহ্মলোকে গমন করে। শুক্লপক্ষে যেরূপ চন্দ্রের বৃদ্ধি হয়, সেইরূপ তাহার কল্যাণ প্রত্যহ বৃদ্ধিপ্রাপ্ত হয়। এই স্তোত্র সর্ব্ববিধ পাপের বিশুদ্ধির হেতু বিষ্ণু কর্ত্তৃক কথিত হইয়াছে। সূত বলিলেন, অনন্তর মহাদেব আবার বলিলেন, "হে সুরশ্রেষ্ঠদ্বয়! আমি তোমাদিগের উপর প্রীত হইয়াছি। মহাদেব স্বরূপ আমাকে দর্শন কর এবং সকল প্রকার ভয় পরিত্যাগ কর। হে মহাবল দেবদ্বয়! তোমরা দুই জনে আমার ইচ্ছারূপা প্রকৃতি হইতে উৎপন্ন হইয়াছ। আমি আমার নির্গুণ রূপকে তিন প্রকারে বিভক্ত করিয়া গুণের সহিত সংযুক্ত করিয়াছি। আমার দক্ষিণপার্শ্বে এই লোকপিতামহ ব্রহ্মা, বামপার্শ্বে বিষ্ণু এবং হৃদয়ে পরাৎপর পরমাত্মা অবস্থান করিতেছেন। আমি তোমাদের দুজনের উপর অতিশয় প্রীত হইয়াছি। তোমরা যাহা ইচ্ছা করিবে, সেই বর প্রদান করিব।" দয়ানিধি মহেশ্বর এই কথা বলিয়া আমাকে এবং বিষ্ণুকে আপনার শুভ করদ্বয় দ্বারা স্পর্শ করিলেন। ২১—৩১। অনন্তর নারায়ণ প্রহৃষ্টান্তঃকরণে সেই নিরাকার লিঙ্গস্থ জগৎস্বামী পরমেশ্বরকে প্রণাম করিয়া বলিলেন, "যদি আমাদের উপর আপনার প্রীতি উৎপন্ন হইয়া থাকে এবং সেইজন্য যদি বরদান করিতে অভিলাষ হইয়া থাকে, তবে এই বর প্রদান করুন যে, আপনাতে নিত্য অব্যভিচারিণী ভক্তি হউক।" হে মহামুনে! তখন মহাদেব প্রসন্নমুখে তাঁহাদিগকে বলিলেন, "হে দেবদ্বয়! তোমরা দুজনে আমার কার্য্যের জন্য নির্ম্মিত হইয়াছ। তোমাদিগকে অদেয় কিছুই নাই।" হে মুনে! স্বয়ং বশী নারায়ণ জানুদ্বয় ভূমির উপর স্থাপিত করিয়া প্রণামপূর্ব্বক মৃদুস্বরে শিবকে বলিতে লাগিলেন, "হে দেবদেব পরমেশ্বর! আমাদের বিবাদও মঙ্গলজনক; যেহেতু আমাদের বিবাদ উপশমের নিমিত্ত আপনি স্বয়ং এ স্থানে আগমন করিয়াছেন।" তাঁহার সেই বাক্য শ্রবণ করিয়া, মহাদেব পুনর্ব্বার সেই নত-মস্তকে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থিত বিষ্ণুকে দর্শন করিয়া বলিলেন, "আমাতে তোমা-দের দুজনের দৃঢ়ভক্তি হউক এবং হে প্রাজ্ঞবর!

সেবাঞ্চ বিধিবৎ প্রাজ্ঞৌ কৃত্বা সুখমবাপ্স্যথঃ ॥৩৮
উপদিশ্য বিধানেঽস্মিন ধর্ম্মান্ দুঃখহরো হরঃ।
দদৌ বরাননেকাংশ্চ তয়োর্হিতচিকীর্ষয়া ॥ ৩৯
• ব্রহ্মন্ সৃষ্টিং কুরু ত্বং হি মদাজ্ঞাপরিপালকঃ।
বৎস বৎস হরে ত্বঞ্চ পালয়স্ব চরাচরম্ ॥ ৪০
ত্রিধাভিন্নো হ্যহং বিষ্ণো ব্রহ্মবিষ্ণুহরাখ্যয়া।
সর্গরক্ষালয়গুণৈর্নিষ্কলোঽহয়ং সদা হরে ॥ ৪১
মদ্রূপং পরমং ব্রহ্মন্নীদৃশং ভবদঙ্গতঃ।
প্রকটীভবিতা লোকে নাম্না রুদ্রঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৪২
মদংশাং তস্য সামর্থ্যমূনং নৈব ভবিষ্যতি।
যোঽয়ং সোঽহং ন ভেদোঽস্তি পূজাবিধিবিধানতঃ
যথা চ জ্যোতিষঃ সঙ্গাজ্জলাদেঃ স্পর্শতা ন বৈ।
তথা মমাগুণস্যাপি সংযোগাদ্বন্ধনং ন হি ॥ ৪৪
শিবরূপং মমৈতচ্চ রুদ্রোঽপি শিববৎ সদা।
ন তত্র পরভেদো বৈ কর্ত্তব্যশ্চ মহামুনে ॥ ৪৫
বস্তুতো হ্যেকধা ভিন্নং রূপং মে ত্রিজগত্যুত।
সুবর্ণস্য যথৈকস্য বস্তুত্বং নৈব গচ্ছতি ॥ ৪৬
অলঙ্কারে কৃতে দেব নামভেদো ন বস্তুতঃ।
কারণস্যৈব কার্য্যে চ নিদর্শনং নিদর্শনম্ ॥ ৪৭
যথৈকস্যা মৃদো ভেদো নাস্তি পাত্রে ন বস্তুতঃ।
যথৈকস্য সমুদ্রস্য বিকারো নৈব বস্তুতঃ ॥ ৪৮
এবং জ্ঞাত্বা ভবদ্ভ্যাঞ্চ ন দৃশ্যং ভেদকারণম্।
বস্তুতঃ সর্ব্বদৃশ্যঞ্চ শিবরূপং মতং মম ॥ ৪৯
অহং ভবানয়ঞ্চৈব রুদ্রোঽয়ং যো ভবিষ্যতি।
একং রূপং ন ভেদোঽস্তি ভেদে চ বন্ধনং ভবে
তথাপীহ মদীয়ং বৈ শিবরূপং সনাতনম্।
মূলভূতং সদা প্রোক্তং সত্যং জ্ঞানমনন্তকম্ ॥
এবং ধ্যাত্বা সদা বোধ্যং তত্ত্বজিজ্ঞাসুনা ত্বয়া।
বিশেষোঽত্র কথ্যতে ময়া

আমার আজ্ঞাক্রমে তোমরা দুজনে আমার পার্থিব মূর্ত্তি নির্ম্মাণ করিয়া সেবা কর, তাহা হইলে সুখ প্রাপ্ত হইবে।" দুঃখহর মহাদেব এইরূপ পূজাবিধানে ধর্ম্ম সকল উপদেশ করিয়া, মহাদেব দুজনের হিতেচ্ছায় অনেক প্রকার বর প্রদান করিলেন। (বলিলেন) "হে ব্রহ্মন্! তুমি আমার আজ্ঞা প্রতিপালন করত সৃষ্টিকার্য্য নির্ব্বাহ কর এবং হে বৎস বিষ্ণো! তুমি এই চরাচর জগৎ প্রতিপালন কর। ৩৯—৪০। হে হরে! (আমি স্বভাবতঃ নির্গুণ হইয়াও সৃজন, পালন এবং সংহারকার্য্য বশতঃ ব্রহ্মা, বিষ্ণু এবং হর নামে তিন প্রকারে বিভক্ত হইয়াছি।) হে ব্রহ্মন্! আমার পরমরূপ এতাদৃশ হইলেও আমার অঙ্গ হইতে লোকে রুদ্র নামে প্রসিদ্ধ আর একটা দেব উৎপন্ন হইবেন এবং আমার অংশ হইতে উৎপত্তি হওয়ায় তাঁহার সামর্থ্য কোনরূপে ন্যূন হইবে না। সেই রুদ্র এবং আমি একই; যেমন জলাদির সংসর্গে জ্যোতির্ম্ময় পদার্থের কোন বৈলক্ষণ্য হয় না, সেইরূপ আমাদেরও কোন ভেদ নাই। পূজাদির একরূপই বিধান। আমি নির্গুণ হইলেও সংযোগ বশতঃ আমার বন্ধন নাই। আমার এই—রূপ শিব অর্থাৎ মঙ্গলময় রুদ্রও সর্ব্বদা শিবতুল্য নির্ম্মল। হে মহামুনে! শিব এবং রুদ্রে আত্যন্তিক ভেদবুদ্ধি কর্ত্তব্য নয়। শিব বলিয়াছেন, "এই ত্রিজগতে আমার এক রূপ, বাস্তবিক অভিন্ন। যেমন অলঙ্কার নির্ম্মাণ করিলে উহা হইতে সুবর্ণের ধর্ম্ম অপগত হয় না, সেইরূপ হে দেব! শিবরুদ্রাদি নামভেদ মাত্র; বস্তুতঃ কোন ভেদ নাই। এই জগতে কারণকেই কার্য্যরূপে অবস্থান করিতে দেখা যায়. মৃত্তিকানির্ম্মিত নানাবিধ পাত্রে কেবল নামভেদই লক্ষিত হয়, বস্তুতঃ সকল পাত্রে মৃত্তিকার একই রূপ; যেমন এক সমুদ্রের নানাবিধ ফেনতরঙ্গাদি বিকার লক্ষিত হয়, বাস্তবিক সমুদ্র একই। অতএব তোমরা দুজনে এই তত্ত্ব অবগত হইয়া কিঞ্চিন্মাত্র ভেদের কারণ কল্পনা করিও না। বস্তুতঃ দৃশ্যপদার্থ মাত্রই আমার এই শিবরূপ স্বরূপ। আমি, তুমি (বিষ্ণু), এই ব্রহ্মা এবং রুদ্র নামে যিনি উৎপন্ন হইবেন, এই সকলই একরূপ, ইহাদের মধ্যে কোন ভেদ নাই. ভেদ হইলে বন্ধন হইত। ৪১—৫ তথাপি এই জগতে আমার শিবরূপ সনাতন সকলের মূলস্বরূপ সর্ব্বদা কথিত হয়। উহা সত্য জ্ঞান ও অনন্তস্বরূপ। হে বিষ্ণো! এই চিন্তা করিয়া তুমি তত্ত্বজিজ্ঞাসু হইয়া সর্ব

ভবন্তৌ প্রকৃতের্জ্জাতৌ নায়ং বৈ প্রকৃতেঃ পুনঃ।
যদাজ্ঞা জায়তেঽপাত্র ব্রহ্মণো ভ্রুকুটেরহম্॥ ৫৩
গুণেষ্বপি চ যঃ প্রোক্তস্তামসঃ প্রাকৃতো হরে।
বৈকারিকশ্চ বিজ্ঞেয়ো যোঽহঙ্কার উদাহৃতঃ॥ ৫৪
নামতো বস্তুতো নৈব তামসঃ পরিচক্ষতে।
এতস্মাৎ কারণাদ্‌ব্রহ্মন্ করণীয়মিদং ত্বয়া॥ ৫৫
সোঽহং সর্ব্বভূতেষু পালয়েনং পিতামহ।
এতস্যাঃ প্রকৃতের্লক্ষ্মীর্হ্যেতদংশা ভবিষ্যতি॥ ৫৬
ব্রহ্মাণী চ তদংশা চ মহাকালী তদংশিকা।
ভবিষ্যতি পরা নূনং কার্য্যার্থেঽনেকতাং গতা॥৫৭
ত্বং লক্ষ্মীমুপাশ্রিতা কার্য্যং কর্ত্তুমিহার্হসি।
ব্রহ্মন্ ত্বং স্বরাং দেবীং কর্ত্তুং কার্য্যমনুত্তমম্॥৫৮
অহং কালীং সমাশ্রিত্য করিষ্যে কার্য্যমুত্তমম্।
চতুর্ব্বর্ণময়ং লোকং তৎসংখ্যেরাশ্রমৈরেবম্॥৫৯
তদন্যৈর্বিবিধৈঃ কার্য্যৈঃ কৃত্বা সুখমবাপ্স্যথ।
জ্ঞান-বিজ্ঞানসংযুক্তো লোকানাং হিতকারকাঃ॥৬০
মুক্তিদোঽত্র ভবানদ্য ভব লোকে সনাতন।
মদ্দর্শনে ফলং যদ্বৈ তদেব তব দর্শনে॥ ৬১
মমৈব হৃদয়ে বিষ্ণুর্বিষ্ণোশ্চ হৃদয়ে * হ্যহম্।
উভয়োরন্তরং যো বৈ ন জানাতি মতো মম॥৬২
ইদং লিঙ্গং সদা পূজ্যং ভবদ্ভ্যাং সুখহেতবে।
রাজতং রত্নজাতং বা হৈমং বা পার্থিবং মুনে॥৬৩
এতস্মাচ্চ বিধেরন্যো বল্লভো ন মতো মম।
এবমুক্ত্বা স ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত॥ ৬৪
তদাপ্রভৃতি লোকেঽস্মিন্ লিঙ্গে পূজাবিধিঃ স্মৃতঃ।
লিঙ্গং দেবী মহাদেবী লিঙ্গং সাক্ষান্মহেশ্বরঃ॥ ৬৫
যস্তু লিঙ্গসমীপে তু কার্য্যং কিঞ্চিৎ করোতি চ।

এই রূপের ধ্যান করিবে। এই বিষয়ে বিশেষ জ্ঞান কিরূপে হইবে, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর। তোমরা দুজনে প্রকৃতি হইতে উৎপন্ন হইয়াছ; রুদ্র প্রকৃতি হইতে উৎপন্ন নহেন, রুদ্রের উৎপত্তি বিষয়ে আমার আজ্ঞাই প্রধান। আমি ব্রহ্মার ভ্রুকুটিপ্রভাবে রুদ্রকে উৎপাদন করি। হে হরে! ঐ রুদ্র গুণবানের মধ্যেও তামস-প্রাকৃত অর্থাৎ তমোগুণ-প্রধান বলিয়া উক্ত হইয়াছেন এবং তাদৃশ তমোগুণময় প্রকৃতির সম্বন্ধ থাকায়, তিনি বৈকারিক অহঙ্কার নামে প্রসিদ্ধ হইয়াছেন। তিনি নামমাত্রে তামস, বস্তুতঃ পণ্ডিতেরা ইঁহাকে তামস বলেন না। এই নিমিত্ত হে ব্রহ্মন্! তুমি বক্ষ্যমাণ কার্য্য করিবে। আমি সকল ভূতেই একরূপ, অতএব হে পিতামহ! তুমি আমার অংশ স্বরূপ রুদ্রের যথোচিত সম্মান কর। এই প্রকৃতির অংশভূতা লক্ষ্মী উৎপন্না হইবেন এবং এই প্রকৃতির অপর দুইটী অংশ যথাক্রমে ব্রহ্মাণী ও মহাকালী নামে জন্মগ্রহণ করিবেন। এই মূল প্রকৃতি (এক হইয়াও) নিঃসন্দেহ জগৎ-কার্য্যের জন্য অনেকত্ব প্রাপ্ত হইবেন। হে বিষ্ণো! তুমি উঁহাদের মধ্যে লক্ষ্মীকে আশ্রয় করিয়া জগতের কার্য্য করিবে এবং হে ব্রহ্মন্! তুমিও সরস্বতী দেবীকে আশ্রয় করিয়া অনন্ত কার্য্য করিবে। আমিও কালীকে আশ্রয় করিয়া জগতের হিতকর কার্য্য সকল করিব। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চতুর্ব্বর্ণপূর্ণ লোকে, ব্রহ্মচর্য্যাদি চারি আশ্রম এবং আরও দুষ্টনিগ্রহ ও শিষ্টপালন প্রভৃতি কার্য্য সকল করিয়া তোমরা সুখ প্রাপ্ত হইবে। তোমরা জ্ঞান এবং বিজ্ঞানে পরিপূর্ণ হইয়া লোকদিগের হিত অনুষ্ঠান কর (৫১—৬০)। বিশেষ হে সনাতন বিষ্ণো! তুমি অদ্য ইহলোকে মুক্তিপ্রদ হও। আমার দর্শনে যে ফল, তোমার দর্শনেও সেই ফল হইবে। আমার হৃদয়ে এবং বিষ্ণুর হৃদয়ে আমি বাস করি। যে ব্যক্তি এই উভয়ের ভেদ না জানে, সেই আমার প্রিয় হয়। তোমরা দুজনে সুখের নিমিত্ত সর্ব্বদা এই লিঙ্গ—রজত, রত্ন, সুবর্ণ বা মৃত্তিকা দ্বারা নির্ম্মাণ করিয়া পূজা করিবে। ইহা ভিন্ন অন্যরূপ বিধান প্রিয় নয়।" সেই ভগবান্ মহাদেব এই কথা বলিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন। সেই অবধি ইহলোকে লিঙ্গ-পূজাবিধির প্রবৃত্তি হইয়াছে। লিঙ্গই দেবী ও মহাদেবী স্বরূপ এবং লিঙ্গই সাক্ষাৎ মহেশ্বর। হে মহামুনে! ঐ লিঙ্গে

* হৃদয়ে বৈষ্ণবে পুনঃ। চ হৃদয়াম্বিতি পাঠান্তরম্।

তৎফলস্য চ সংখ্যাতুং ন শক্নোমি মহামুনে ॥ ৬৬
যস্ত লিঙ্গসমাখ্যানং পঠতে শিবসন্নিধৌ ।
ষণ্মাসাচ্ছিবরূপো বৈ নাত্র কার্য্যা বিচারণা ॥ ৬৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
শিবোৎপত্তিবর্ণনং নাম চতুর্থো-
হধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোহধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

সূত সূত মহাভাগ লিঙ্গোৎপত্তিঃ শ্রুতা শুভা ।
শ্রুত্বা যস্যাঃ প্রভাবেণ দুঃখনাশো ভবেদিহ ॥ ১
তদন্তরে চ যজ্জাতং মাহাত্ম্যঞ্চ শিবস্য চ ।
সৃষ্টেশ্চৈব প্রকারস্তু কথয় ত্বং বিশেষতঃ ॥ ২

সূত উবাচ ।

সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যজ্জাতং তদনন্তরম্ ।
কথয়িষ্যামি সংক্ষেপাদ্‌যথাপূর্ব্বং শ্রুতং ময়া ॥ ৩
অন্তর্হিতে তদা দেবে শিবরূপে সনাতনে ।
ব্রহ্মণা বিষ্ণুনা রূপং হংস-বারাহয়োস্তদা ।
সংস্থতঞ্চ ততস্তাভ্যাং যৎ কৃতং শ্রূয়তামিতি ॥ ৪

ঋষয় উচুঃ ।

অস্মাকং সংশয়ং তাবৎ ত্বং নাশয়িতুমর্হসি ।
হংস-বারাহয়ো রূপং তাভ্যাঞ্চৈব ধৃতং কথম্ ॥ ৫
অন্যদ্রূপং বিহায়ৈব কিমত্র কারণং বদ ।
ইত্যেতদ্বচনং শ্রুত্বা সূতঃ পৌরাণিকোহব্রবীৎ ॥৬
গগনে হংসরূপস্য গতির্ভবতি নিশ্চলা ।
হংসস্য চ বিবেকোহস্তি জল-দুগ্ধবিভাগয়োঃ ॥ ৭
অজ্ঞান-জ্ঞানয়োস্তত্ত্বং তদ্বিবেকায় হংসকঃ ।
বিবেকো নৈব লব্ধশ্চ হতো হংসো বিলীয়তে ॥ ৮
সৃষ্টিপ্রবৃত্তিকামো বৈ কথং জ্ঞানং প্রজায়তে ।
বারাহং কারণং রূপং কল্পার্থে চ প্রকল্পিতম্ ॥ ৯

যৎকিঞ্চিৎ ধর্ম্মকার্য্য করিলে যে ফল লাভ হয়, তাহার সংখ্যা করিতে আমি অশক্ত। শিবমূর্ত্তির সমীপে এই লিঙ্গাখ্যান ছয় মাস মাত্র পাঠ করিলে শিবের সারূপ্য লাভ হয়,সে বিষয়ে কোন তর্ক-বিতর্ক নাই। ৬১—৬৭।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায় ।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! আমরা মঙ্গলময় লিঙ্গোৎপত্তি কথা শ্রবণ করিলাম। ইহা শ্রবণ করিলে ইহার প্রভাবে শ্রবণকারীর দুঃখের অবসান হয়, সে বিষয়ে কোন সংশয় নাই। সেই অবসরে যে কার্য্য হইয়াছিল ও ভগবান শিবের যেরূপ চরিত্র দৃষ্ট হইয়াছিল, তাহা এবং সৃষ্টির প্রকার আমাদের নিকট বিশেষরূপে কীর্ত্তন কর। সূত বলিলেন, আপনারা উত্তম জিজ্ঞাসা করিয়াছেন; সেই অবসরের ঘটনা আমি যেরূপ শুনিয়াছি তাহা সংক্ষেপে কীর্ত্তন করিব। শিবরূপ সনাতন দেব অন্তর্হিত হইলে ব্রহ্মা হংসের রূপ এবং বিষ্ণুও বরাহের রূপ পরিত্যাগপূর্ব্বক যে কার্য্য করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন। ঋষিগণ বলিলেন, প্রথমে তুমি আমাদের এই সংশয় অপনোদন কর,—কি নিমিত্ত ব্রহ্মা এবং বিষ্ণু অন্য প্রকার রূপ পরিত্যাগ করিয়া হংস ও বরাহের রূপ ধারণ করিয়াছিলেন, ইহার কারণ বল। এই কথা শুনিয়া সেই পুরাণজ্ঞ সূত বলিতে আরম্ভ করিলেন, হংস গগনে যে কেবল স্থিরভাবে গমন করে তাহা নহে, হংসের জল ও দুগ্ধের বিবেক আছে। (হংস যেমন একত্র মিশ্রিত জল ও দুগ্ধের বিবেকে সক্ষম) সেইরূপ এই জগতে বিমিশ্রভাবে স্থিত অজ্ঞান (অবিদ্যা) ও জ্ঞান (বিদ্যা) এই উভয়ের তত্ত্ববিবেকের নিমিত্তই হংসরূপ ধারণ করিয়াছিলেন এবং এতদিন পর্য্যন্ত সেই বিবেক লাভ করিতে না পারায় সেই হংসরূপেই পর্য্যটন করিতেছিলেন। সৃষ্টিপ্রবৃত্তির বিষয়ে অভিলাষ হওয়ায় যুগপৎ নানা কার্য্যে ব্যাপৃত হইতে হইবে, এ অবস্থায় তত্ত্বজ্ঞান কিরূপে উৎপন্ন হইতে পারে, এই ভাবিয়া এবং বরাহ সংজ্ঞক কল্পের প্রসিদ্ধি করিবার অভিপ্রায়ে বরাহরূপে

যদ্দিনং হি সমারভ্য রূপঞ্চ ধৃতবান্ হরিঃ।
তদ্দিনং প্রতিকল্পো বৈ কল্পো বারাহসংজ্ঞকঃ ॥ ১০
তদিচ্ছা বা যথা জাতা তাভ্যাং রূপং ধৃতং তথা।
নৈবাত্র বিস্ময়ঃ কার্য্যো হংস-বারাহরূপিণোঃ ॥ ১১
প্রস্তুতং শ্রূয়তাং তত্র ব্রহ্মৈব বিকৃতঞ্চ যৎ।
অনন্তে নিষ্কলে লিঙ্গে নির্গুণে গুণরূপিণি * ॥ ১২
বিষ্ণবে চ বরান্ দত্ত্বা গুণেন মুখ্যতাং ব্রজ।
গুণাঃ সত্ত্বাদয়ঃ সন্তি তেঽপি সর্ব্বে বিমোহিতাঃ।
তস্মাৎ ত্বং সর্ব্বলোকেষু মাঞ্চ পূজ্যো ভবিষ্যসি ॥
ব্রহ্মণা নির্ম্মিতে লোকে যদা দুঃখং প্রজায়তে।
তদা ত্বং সর্ব্বদুঃখানাং নাশনে তৎপরো ভব ॥ ১৪
বিবিধানবতারাংশ্চ গৃহীত্বা কীর্ত্তিমুত্তমাম্।
বিস্তারয় হরে লোকতারণায় পরেশ্বর ॥ ১৫
গুণরূপোঽহমপ্যহং রুদ্রো হ্যনেন বপুষা পুনঃ।
কার্য্যং করিষ্যে লোকানাং সর্ব্বথা নাত্র সংশয়ঃ ॥
মম ধ্যেয়ং ভবাংশ্চৈব তব ধ্যেয়মহং পুনঃ।
আবয়োরন্তরং নৈব হ্যণুমাত্রং বিচারতঃ ॥ ১৭
বস্তুত্বে চাপ্যনেকত্বং চরতোঽপি তথৈব চ।
মস্তক্তো যো নরো ভূত্বা তব নিন্দাং করিষ্যতি ॥ ১৮
তস্যাহং সকলং পুণ্যং ভস্মীকৃত্যাবিশেষতঃ।
নরকে পাতয়িষ্যামি তদ্দোষাৎ পুরুষোত্তম ॥ ১৯
লোকেঽস্মিন্ ভুক্তিদো নৃণাং মুক্তিদশ্চ বিশেষতঃ
ধ্যেয়ঃ পূজ্যশ্চ সর্ব্বেষাং নিগ্রহানুগ্রহং কুরু ॥ ২০
ইত্যুক্ত্বা চৈব ব্রহ্মাণং হস্তে ধৃত্বা স্বয়ং হরিম্।
কথয়ামাস দুঃখেষু সহায়ো ভব সর্ব্বদা ॥ ২১
সর্ব্বাধ্যক্ষশ্চ দেবেষু ভুক্তিমুক্তিপ্রদায়কঃ।
ভব ত্বং সর্ব্বদা শ্রেষ্ঠঃ সর্ব্বকার্য্যপ্রসাধকঃ ॥ ২২
সর্ব্বেষাং প্রাণরূপশ্চ ভব ত্বঞ্চ মমাজ্ঞয়া।
ত্বাঞ্চ সমাশ্রিতা যে বৈ মামেব সমুপাশ্রিতাঃ ॥ ২৩

কারণ বিবেচনা করিয়া তাহাই গ্রহণ করিয়াছিলেন। যেদিন হইতে ভগবান্ বিষ্ণু বরাহরূপ ধারণ করিয়াছিলেন, সেই দিনে যে কল্পের আরম্ভ হয়, তাহার নাম বরাহকল্প। ১—১০। অথবা পরমাত্মা শিবের ইচ্ছানুসারেই তাঁহারা উভয়ে তাদৃশ রূপ ধারণ করিয়াছিলেন; অতএব এই হংস এবং বরাহরূপ ধারণে কোন প্রকার বিস্ময়ের বিষয় কিছুই নাই। অনন্তর নিষ্কল নির্গুণ, লিঙ্গস্বরূপ গুণরূপী হইলে, তাহাতে ব্রহ্মা স্বয়ং বিকৃতভাব প্রাপ্ত হইলে যাহা হইয়াছিল, তাহা শ্রবণ করুন; তিনি বিষ্ণুকে বর দিলেন, "তুমি গুণের উপর প্রাধান্য প্রাপ্ত হও, গুণ সত্ত্ব প্রভৃতি ইহারা সকলই জড়, অতএব সকল লোকে তুমিই একমাত্র পুরুষ (চৈতন্য স্বরূপ) বলিয়া পূজ্য হইবে। এই ব্রহ্মার সৃষ্ট লোকপরম্পরায় যখন দুঃখ উৎপন্ন হইবে, তখন তুমি সেই সকল দুঃখের বিনাশে তৎপর হইও। হে হরে! তুমি লোকের উদ্ধারের নিমিত্ত নানাবিধরূপে অবতীর্ণ হইয়া সৎকীর্ত্তি বিস্তার কর। আমার গুণময়রূপ রুদ্র। আমি এই রুদ্রশরীরে জগতের হিতকর কার্য্য সকল করিব, সে বিষয়ে কোন সন্দেহ নাই। তুমিই আমার ধ্যেয় হইবে এবং আমিই তোমার ধ্যেয় হইব। বিচার করিলে আমাদের দুজনের অণুমাত্র প্রভেদ নাই। বস্তুতঃ এক হইয়াও তুমি বহু অনেকত্ব (ভেদ) প্রাপ্ত হইয়াছ মাত্র। অতএব যে মনুষ্য আমার ভক্তরূপে প্রসিদ্ধি লাভ করিয়া তোমার নিন্দা করিবে; সেই পাপে, আমি তাহার সমুদয় পুণ্য একেবারে ভস্মীভূত করিয়া তাহাকে নরকে নিক্ষেপ করিব। তুমি এই লোকে মনুষ্যদিগের ভুক্তি এবং বিশেষ করিয়া মুক্তিপ্রদ, ধ্যেয় ও পূজ্য। তুমিই সকলের নিগ্রহ ও অনুগ্রহের বিধান কর" ১১—২০। তিনি উক্ত প্রকারে বিষ্ণুকে বর দান করিয়া, পরে ব্রহ্মাকে হস্তে ধারণ করিয়া আবার বিষ্ণুকে বলিলেন, "সর্ব্বদা দুঃখেতে সহায় হও। তুমি দেবতাদিগের মধ্যে সর্ব্বাধ্যক্ষ, ভুক্তি ও মুক্তিপ্রদ, শ্রেষ্ঠ এবং সর্ব্বদা সকল কার্য্যের সাধক হও। তুমি আমার আজ্ঞাক্রমে সকলের প্রাণস্বরূপ হও এবং যাহারা তোমার আশ্রয় গ্রহণ করিবে, তাহারা আমার আশ্রিত বলিয়াও

* অনন্তং নিষ্কলং লিঙ্গং নির্গুণং গুণরূপিণম্ ইতি ক্বচিৎ পাঠঃ।

অন্তরং যশ্চ জানাতি নিরয়ে পততে ধ্রুবম্ ॥ ২৪
ইদং রূপং ত্বয়া তাবদীক্ষণীয়ং মদাজ্ঞয়া।
যাবচ্চ ব্রহ্মণোহপ্যায়ুঃ শতবর্ষমুদাহৃতম্ ॥ ২৫
চতুর্যুগসহস্রাণাং সমূহং দিনমুচ্যতে।
রাত্রিশ্চ তাবতী তস্য মানমেতং ক্রমেণ তু ॥ ২৬
তাবৎ সৃষ্টেশ্চ কার্য্যং বৈ কর্ত্তব্যং বিবিধৈর্গুণৈঃ।
গুণেষু চ ভবান্ শ্রেষ্ঠঃ সত্ত্বাত্মা পুরুষোত্তম ॥ ২৭
ইত্যেতদ্বচনং সর্ব্বং তথেত্যোমিতি বৈ হরিঃ।
উবাচ পরমপ্রীতঃ শঙ্করপ্রিয়কাম্যয়া ॥ ২৮

শ্রীহরিরুবাচ।

শঙ্কর শ্রূয়তাং মত্তঃ কৃপাসিন্ধো জগৎপতে।
সর্ব্বমেতৎ করিষ্যামি ভবদাজ্ঞাপরায়ণঃ ॥ ২৯
মম ধ্যেয়ঃ সদা ত্বঞ্চ ভবিষ্যসি ন চান্যথা।
ভবতঃ সর্ব্বসামর্থ্যং লব্ধঞ্চৈব পুরা ময়া ॥ ৩০
ক্ষণমাত্রমপি চ তে ধ্যানং বৈ পরমাত্মনঃ
চেতসো দূরতশ্চৈব মা গচ্ছতু কপর্দ্দিন ॥ ৩১
মম ভক্তশ্চ যো নিত্যং তব নিন্দাং করিষ্যতি।
তস্য বৈ নিরয়ে বাসং প্রযচ্ছ নিয়তং ধ্রুবম্ ॥৩২
ত্বদ্ভক্তো যো ভবেন্নিত্যং মদ্ভক্তঃ সমুদাহৃতঃ।
এবং যো বৈ বিজানাতি তস্য মুক্তির্ন দুর্লভা ॥৩৩
মহিমা চ মদীয়শ্চ বর্দ্ধিতো ভবতা ধ্রুবম্।
কদাচিদবগণনা জায়তে ক্ষম্যতামিতি ॥ ৩৪
ততঃ শম্ভুস্তদীয়ং হি শ্রুত্বা বচনমুত্তমম্।
উবাচ বিষ্ণবে বিপ্রাঃ ক্ষন্তব্যাগণনা তব ॥ ৩৫
ইত্যুক্ত্বান্তর্দধে শম্ভুঃ সর্ব্বকল্যাণকারকঃ।
অন্তর্হিতে তদা দেবে ব্রহ্মা লোকপিতামহঃ ॥৩৬
তদীয়ং বচনং কর্ত্তুং সমনন্তরায়ণঃ।
নমস্কৃত্য তদা বিষ্ণুং জ্ঞানং প্রাপ্য হরেস্তদা।
আনন্দং পরমং গত্বা সৃষ্টিং কর্ত্তুং মনো দধে ॥৩৭
বিষ্ণুশ্চাপি তদা তত্র হ্যন্তর্দ্ধানমুপাগতঃ।
পূর্ব্বং সৃষ্টং জলং যচ্চ তত্রাঞ্জলিমুপাক্ষিপৎ ॥৩৮

গণ্য হইবে। যে আমাদের মধ্যে ভেদ জ্ঞান করিবে, সে নিশ্চয়ই নরকে পতিত হইবে। যে পর্য্যন্ত ব্রহ্মার এক শত বৎসর আয়ুঃ পূর্ণ না হইবে, সেই পর্য্যন্ত তুমিও এই রূপের দর্শন করিবে। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ সহস্রবার পরিবর্ত্তিত হইলে ব্রহ্মার এক দিবস হয় এবং ঐরূপ সহস্র চারি যুগে ব্রহ্মার এক রাত্রি। পক্ষ, মাস ও বর্ষাদির পরিমাণও এই অনুসারে হইয়া থাকে। সেই কাল পর্য্যন্ত তুমি বিবিধ গুণের সহায়ে সৃষ্টির কার্য্য করিবে। হে পুরুষোত্তম! গুণবানের মধ্যে তোমারই প্রাধান্য; কারণ তুমি সত্ত্বস্বরূপ।” হরি এই সকল বাক্য শ্রবণ করিয়া অতিশয় প্রীত হইয়া শঙ্করের প্রিয়কামনায় বলিলেন, “আচ্ছা, তাহাই হইবে।” শ্রীহরি বলিলেন, “হে কৃপাসিন্ধো জগৎপতে শঙ্কর! আমার নিবেদন শ্রবণ করুন; আমি আপনার আজ্ঞানুসারে এই সকলই করিব। আমি সর্ব্বদা আপনার ধ্যানে রত থাকিব, তাহার অন্যথা হইবে না। কারণ আমি প্রথমে আপনার নিকট হইতেই সমুদয় শক্তি লাভ করিয়াছি। ২১—৩০। হে পরমাত্মন্! কখনও যেন ক্ষণমাত্রের নিমিত্ত আপনার ধ্যান আমার চিত্ত হইতে দূরগামী না হয়। যে নিত্য আমার ভক্ত হইয়া আপনার নিন্দা করিবে, তাহাকে নিশ্চয়ই আমি নিয়ত নরকে বাস সমর্পণ করি। যে আপনার ভক্ত, সে আমার ভক্ত বলিয়া গণ্য হইবে। যে এই তত্ত্ব জানে, তাহার পক্ষে মুক্তি দুর্লভ নয়। আপনি নিঃসন্দেহ আমার মহিমা বর্দ্ধন করিয়াছেন; যদি কখন আমা হইতে আপনার অবজ্ঞা হয়, তবে তাহা ক্ষমা করিবেন।” অনন্তর শম্ভু সেই বিনয়বাক্য শ্রবণ করিয়া বলিলেন, “আমি তোমার অবজ্ঞা ক্ষমা করিব।” সকল কল্যাণকারী শম্ভু এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন। মহাদেব অন্তর্হিত হইলে, তখন লোকপিতামহ ব্রহ্মা তাঁহার বচন প্রতিপালন করিবার নিমিত্ত বদ্ধপরিকর হইয়া বিষ্ণুকে নমস্কার করিয়া ও বিষ্ণুর নিকট হইতে জ্ঞান প্রাপ্ত হইয়া পরম আনন্দ অনুভব করত সৃষ্টি করিবার অভিলাষ করিলেন এবং সেই স্থানে সেই সময় বিষ্ণুও অন্তর্হিত হইলেন। তিনি প্রথমে জলের সৃষ্টি করিয়া সেই সৃষ্ট জলে অঞ্জলিপূর্ণ স্ববীর্য

অতোহণ্ডমভবং তত্র চতুর্ব্বিংশতিসংজ্ঞকম্।
বিরাড়্রূপমভূদ্বিপ্রা জড়রূপমপশ্যত ॥ ৩৯
ততঃ সংশয়মাপন্নস্তপস্তেপে সুদারুণম্।
দ্বাদশাব্দং পুনস্তেপে বিষ্ণুধ্যানপরায়ণঃ ॥ ৪০
তস্মিংশ্চ সময়ে বিষ্ণুঃ প্রাদুর্ভূতো হরিঃ স্বয়ম্।
প্রসন্নোহস্মি বরং ব্রূহি নাদেয়ং বিদ্যতে তব ॥৪১

ব্রহ্মোবাচ।

যুক্তমেতন্মহারাজ দত্তোহহং শম্ভুনা চ তে।
তদুক্তং যচ্চ তন্মেহদ্য জড়ীভূতং প্রদৃশ্যতে।
প্রাণভূতো ভবানদ্য ভূত্বা চৈতন্যমাবহ ॥ ৪২
ইত্যুক্তে চ তদা তেন শম্ভোরাজ্ঞাপরায়ণঃ।
অনন্তরূপমাস্থায় প্রবিবেশ হরিঃ স্বয়ম্ ॥ ৪৩
সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা তদণ্ডং ব্যাপ্তবানিতি ॥৪৪

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং সৃষ্টি-নিরূপণং নাম পঞ্চমোহধ্যায়ঃ ॥ ৫ ॥

নিক্ষেপ করিলেন, তাহাতে চতুর্ব্বিংশতি-তত্ত্বময় একটী অণ্ড উৎপন্ন হইল। ব্রহ্মা স্বয়ং বিরাট্‌রূপ ধারণ করিয়া সেই অণ্ডকে জড়ীভূত দেখিলেন। তখন তিনি সংশয়িতচিত্তে অতি কঠোর তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন। তিনি বিষ্ণুধ্যানে নিমগ্ন হইয়া দ্বাদশ বৎসর কঠোর তপস্যা করিলেন। তখন বিষ্ণু স্বয়ং সেই স্থানে আবির্ভূত হইলেন এবং বলিলেন, আমি তোমার উপর প্রসন্ন হইয়াছি, বর গ্রহণ কর; তোমাকে অদেয় আমার কিছুই নাই। ব্রহ্মা বলিলেন, "হে মহাশয়! আপনি সমুচিত বাক্যই বলিয়াছেন, কারণ শম্ভু আমাকে আপনার হস্তে সমর্পণ করিয়াছেন। শিব যে জগতের কথা বলিয়াছেন, আমি উহাকে জড়স্বরূপ দেখিতেছি; অতএব আপনি ইহার প্রাণস্বরূপ হইয়া অদ্য ইহাতে চৈতন্যের সঞ্চার করুন।" ব্রহ্মা এই কথা বলিলে পর বিষ্ণু মহাদেবের আজ্ঞা অনুসরণ করিয়া অনন্তরূপে সেই অণ্ডের মধ্যে প্রবেশ করিলেন। তখন তিনি সহস্রমস্তক, সহস্রনেত্র, সহস্রচরণবিশিষ্ট একটী পুরুষাকার ধারণ করিয়া সর্ব্বতোভাবে ভূমি স্পর্শপূর্ব্বক সেই অণ্ড ব্যাপিয়া রহিলেন। ৩৯—৪৪।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠোহধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্।
প্রবিষ্টে বিষ্ণুনা তস্মিন্ ব্রহ্মাণ্ডে সংস্থিতেন বৈ ॥ ১
সচেতনমভূৎ তচ্চ চতুর্ব্বিংশতিসংজ্ঞিতম্।
পাতালাদি সমারভ্য সত্যলোকাবধি স্বয়ম্ ॥ ২
রাজতে স্ম হরিস্তত্র বৈরাজঃ পুরুষঃ প্রভুঃ।
সত্যং পদমুপাশ্রিত্য স্থিতোহসৌ পুরুষোত্তমঃ ॥৩
তপোলোকং সমাস্থায় ব্রহ্মাতিষ্ঠৎ তপোধনঃ।
অন্যেষু সর্ব্বলোকেষু যথাযোগ্যমবস্থিতিঃ ॥ ৪
ততশ্চ মানসাঃ পুত্রা নির্ম্মিতা ব্রহ্মণা পুরা।
তে চোর্দ্ধরেতসঃ সর্ব্বে পশ্চাদন্যানসৃজৎ প্রভুঃ ॥ ৫
তে বিরক্তাশ্চ সঞ্জাতাঃ পশ্চাৎ ক্রোধমবাপ সঃ।

ষষ্ঠ অধ্যায়।

সূত বলিলেন,—হে শ্রেষ্ঠঋষিগণ! ব্রহ্মা-কর্ত্তৃক সম্যক্‌রূপে স্তুত হইয়া বিষ্ণু সেই অণ্ড মধ্যে প্রবিষ্ট হইলে যে ঘটনা হইয়াছিল, সেই পাপনাশিনী কথা শ্রবণ করুন। সেই চতুর্ব্বিংশতি-তত্ত্বসংজ্ঞক অণ্ড বিষ্ণুর প্রবেশে পাতাল হইতে আরম্ভ করিয়া সত্যলোক অবধি আপনি স্বয়ং সচেতন হইল। সেই বিরাট্‌পুরুষ পুরুষোত্তম হরি সত্যপদ আশ্রয় করিয়া অবস্থান করত শোভা পাইয়াছিলেন। তপোনিধি ব্রহ্মা তপোলোক আশ্রয় করিয়া স্থিতি করিতে লাগিলেন এবং অপর সকল লোকে যথাযোগ্য অপরাপর পুরুষের অবস্থান হইল। প্রথমে ব্রহ্মা কতকগুলি মানস পুত্রের সৃজন করিলেন; তাঁহারা সকলে ঊর্দ্ধরেতা হওয়ায় অপর ঋষিদিগের সৃজন করিলেন। তাহারা সকলে সংসারে বিরাগী

তেনৈব রোদনং চক্রে ততশ্চৈবাভবদ্ধরঃ ॥ ৬
রোদনাদ্রুদ্রনামেতি প্রসিদ্ধো ভগবান্ ভবঃ।
ব্রহ্মন্ দুঃখং কিমুৎপন্নং স্ফোটয়ামি ন সংশয়ঃ ॥৭
ইত্যত্বচনং শ্রুত্বা ব্রহ্মা বচনমব্রবীৎ।
সাধূক্তঞ্চ ত্বয়া দেব সৃষ্টৌ বিঘ্নোদয়ো ভবেৎ ॥ ৮
তথা কার্য্যং ত্বয়া নিত্যং সৃষ্টিঃ স্থাদনপায়িনী।
ইত্যেবং বচনং শ্রুত্বা লোকানাং দুঃখহা হরঃ ॥ ৯
বচনঞ্চোক্তবাংস্তত্র স্রষ্টুঃ প্রিয়চিকীর্ষয়া।
অহঞ্চৈব করিষ্যামি সৃষ্টিমেতাং সনাতনীম্ ॥ ১০
ইত্যুক্ত্বা ব্রহ্মণে রুদ্রো গুণরূপী হরঃ স্বয়ম্।
জগাম সগণো দেবঃ কৈলাসমচলং ততঃ ॥ ১১
ততো ব্রহ্মা ঋষীন্ সপ্ত ভৃগ্বাদীন নির্ম্মমে তদা।
উৎসঙ্গান্নারদং শ্রেষ্ঠং ছায়ায়াং কর্দ্দমং পুনঃ ॥১২
অঙ্গুষ্ঠাচ্চ তথা দক্ষমেবং দশ ক্রমেণ তু।
ভৃগোশ্চৈব তথা জাতো মরীচির্নাম বৈ ঋষিঃ ॥১৩
ততশ্চ কশ্যপো জজ্ঞে তেনেদং পূরিতং জগৎ।
ষষ্টিকন্যাস্তথা জাতা দক্ষাচ্চৈব মহাত্মনঃ ॥ ১৪
ত্রয়োদশ তথা কন্যাঃ কশ্যপায় মহাত্মনে।
দত্তা দক্ষেণ তাঃ কন্যা বিধিবদৃষিসত্তমাঃ ॥ ১৫
ততঃ প্রসূতিভির্ব্যাপ্তং তাসাঞ্চ কশ্যপস্য চ।
দেবাশ্চ দনুজাশ্চৈব দৈত্যাশ্চ বিবিধাস্তথা ॥ ১৬
বৃক্ষাশ্চ পক্ষিণশ্চৈব সর্পপর্ব্বতবীরুধঃ।
প্রসূতা দক্ষকন্যাভির্ব্যাপ্তমেতচ্চরাচরম্ ॥ ১৭
পাতালতলমারভ্য সত্যলোকাবধি ধ্রুবম্।
ব্রহ্মাণ্ডং সকলং ব্যাপ্তং শূন্যং নৈব কদাচন ॥ ১৮
সতী নাম তথা কন্যা রুদ্রায় চ মহাত্মনে।
দত্তা দক্ষেণ সা কন্যা ভবানীতি প্রকীর্ত্তিতা ॥১৯
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ গুণাত্মা উদাহৃতাঃ।
বিষ্ণুঃ সত্ত্বং রজো ব্রহ্মা তমো রুদ্র উদাহৃতঃ ॥২০
তথা গুণময়ী দেবী লক্ষ্মীঃ সত্ত্বরূপাশ্রিতা।
রাজসী চ তথা ব্রাহ্মী তমোরূপা তু সা সতী ॥২১

হইয়াছিলেন বলিয়া ব্রহ্মা পরে ক্রোধ প্রাপ্ত হইয়াছিলেন। সেই ক্রোধবশতঃ তিনি রোদন করিয়াছিলেন; তাহা হইতে মহাদেব উৎপন্ন হইলেন। রোদন হইতে উৎপন্ন হইয়াছিলেন বলিয়া সেই ভগবান মহাদেব রুদ্র নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। তিনি হইয়াই ব্রহ্মাকে বলিলেন, "হে ব্রহ্মন! কি দুঃখ উৎপন্ন হইয়াছে, বল; আমি তাহা নিশ্চয় নাশ করিব।" ব্রহ্মা এই কথা শুনিয়া বলিলেন, হে দেব! আমার বোধ হইতেছে, সৃষ্টিতে বিঘ্ন হইবে। অতএব আপনি সেইরূপ বিধান করুন, যাহাতে সৃষ্টি বিঘ্নশূন্য হয়। লোকের দুঃখহন্তা মহাদেব এইরূপ বাক্য শ্রবণ করিয়া সৃষ্টিকর্ত্তা ব্রহ্মার প্রিয়চিকীর্ষু হইয়া বলিলেন, আমিই এই সৃষ্টিকে চিরস্থায়িনী করিব। ১—১০। সেই রুদ্র নামে প্রসিদ্ধ গুণরূপী স্বয়ং ভগবান্ মহাদেব ব্রহ্মাকে এই কথা বলিয়া আপনার গণের সহিত কৈলাস পর্ব্বতে গমন করিলেন। অনন্তর ব্রহ্মা, ভৃগু প্রভৃতি সাত জন ঋষির সৃষ্টি করিলেন। অনন্তর ঋষিশ্রেষ্ঠ নারদকে উৎসঙ্গ হইতে, কর্দ্দমকে ছায়া হইতে এবং দক্ষকে অঙ্গুষ্ঠ হইতে নির্ম্মাণ করিলেন। এইরূপ ক্রমে দশ জন ঋষির সৃষ্টি হইল এবং ভৃগুর পর মরীচি নামে ঋষি জন্মগ্রহণ করিলেন। সেই মরীচি হইতে কশ্যপ জন্মগ্রহণ করিলেন; ঐ কশ্যপই স্বীয় সন্তান বিস্তার করিয়া জগৎকে পূর্ণ করিলেন। মহাত্মা দক্ষ হইতে ষাট জন কন্যার উৎপত্তি হইল। হে ঋষিগণ! দক্ষ তাহার মধ্য হইতে তেরটী কন্যা কশ্যপকে যথাবিধি অর্পণ করিলেন। অনন্তর তাহাদের এবং কশ্যপের সন্তানে জগৎ ব্যাপ্ত হইল। সেই সেই দক্ষ-কন্যা নানাবিধ দেব, দৈত্য, দনুজ, বৃক্ষ, পক্ষী, সর্প, পর্ব্বত ও লতা প্রসব করিলেন এবং তাহাদের দ্বারা এই চরাচর জগৎ ব্যাপ্ত হইল। পাতালতল হইতে সত্যলোক পর্য্যন্ত সমুদয় ব্রহ্মাণ্ড কোন না কোন প্রকার সৃষ্ট বস্তুতে পূর্ণ আছে, ইহার মধ্যে শূন্য স্থান একটীও নাই। দক্ষ সতীনাম্নী কন্যাকে রুদ্রের হস্তে সমর্পণ করিলেন; দক্ষ-কন্যা সতীই ভবানী নামে কীর্ত্তিত হন। ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্র এই তিন জন তিনটী গুণের স্বরূপ। তাহার মধ্যে বিষ্ণু সত্ত্বগুণের, ব্রহ্মা রজোগুণের এবং রুদ্র তমোগুণের স্বরূপ। ১১—২০। সেইরূপ গুণময়ী দেবী

গুণরূপা মহাকালী যা বৈ রুদ্রমুপাশ্রিতা।
পুনশ্চ পার্ব্বতী জাতা সা শিবং সমুপাগতা ॥ ২২
ততো নামান্যনেকানি প্রাপ সা পর্ব্বতাত্মজা।
কালিকা চণ্ডিকা ভদ্রা চামুণ্ডা বিজয়া জয়া ॥ ২৩
গুণময্যস্তথা দেব্যো দেবা গুণময়াস্তরাঃ।
মিলিত্বা ত্রিবিধাং সৃষ্টিং চক্রুস্তে কার্য্যমুত্তমম্ ॥ ২৪
ইত্যেবং বচনং শ্রুত্বা ঋষয়স্তেঽমলাশয়াঃ।
নারদাদ্যাশ্চ যোগীন্দ্রা হর্ষনির্ভরমানসাঃ ॥ ২৫
শৃণ্বানাঃ পরমাং দিব্যাং কথাঞ্চৈব পুরাতনীম্।
অপ্রাপ্য তৃপ্তিং তে সর্ব্বে পপ্রচ্ছুঃ পুনরেব তম্ ॥

ঋষয় উচুঃ।

সূত সর্ব্বং হি জানাসি প্রভাবাচ্চ গুরোরিহ।
ত্বন্মুখাম্ভোজসংভূতং পীত্বা হরকথামৃতম্ ॥ ২৭
ন তৃপ্যামঃ পুনস্তাঞ্চ পাতুমিচ্ছামহে বয়ম্।
প্রথমং দক্ষপুত্রী চ পশ্চাচ্চ পর্ব্বতাত্মজা ॥ ২৮
কথমেকশরীরেণ দ্বয়োঃ পুত্রী প্রকল্পতে।
কথং বৈ পার্ব্বতী পুণ্যা পুনঃ শিবমুপাগতা ॥ ২৯
এতৎ সর্ব্বং তথান্যচ্চ স ত্বং কথিতুমর্হসি।
তদুক্তস্তু তদা শ্রুত্বা সুতো বচনমব্রবীৎ ॥ ৩০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং সৃষ্টি-
নিরূপণং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

সপ্তমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শৃণুতামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি শুভাং কথাম্।
যচ্ছ্রুত্বা সফলং জন্ম ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ১
পূর্ব্বং দক্ষস্য রুদ্রস্য স্পর্দ্ধা জাতা মহাত্মনোঃ।
ততো দক্ষঃ স্বয়ং যজ্ঞং কৃতবান্ দেবসন্নিধৌ ॥ ২
অনাহূয় তদা রুদ্রং পূর্ব্বর্ষিসমন্বিতঃ।

লক্ষ্মী সত্ত্বগুণাশ্রিতা; ব্রাহ্মী রজোগুণময়ী এবং সেই সতী তমোগুণস্বরূপা। রুদ্রকে যে গুণরূপা দেবী আশ্রয় করিয়াছিলেন, তিনি মহাকালী নামে প্রসিদ্ধা এবং পরে তিনি পার্ব্বতীরূপে জন্মগ্রহণ করিয়া শিবকে আশ্রয় করেন। অনন্তর সেই পর্ব্বতাত্মজা অনেক নাম প্রাপ্ত হন; যথা কালিকা, চণ্ডিকা, ভদ্রা, চামুণ্ডা, বিজয়া এবং জয়া। সেই গুণময়ী দেবীগণ এবং গুণময় দেবতারা মিলিত হইয়া নানাবিধ সৃষ্টিরূপ উত্তম কার্য্য সম্পাদন করিয়াছিলেন। এই সকল বাক্য শ্রবণ করিয়া সেই নির্ম্মলাশয় যোগীন্দ্র নারদাদি ঋষিগণের মানস হর্ষে পরিপূর্ণ হইয়াছিল। এই পুরাতনী অতি বিচিত্র কথা শ্রবণ করত তৃপ্তি লাভ না হওয়ায় তাঁহারা পুনর্ব্বার সেই সূতকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে সূত! তুমি গুরুর প্রভাবে এই সংসারে সকলই অবগত হইয়াছ। তোমার মুখপদ্ম হইতে নির্গত হরকথামৃত পান করিয়া আমরা তৃপ্ত হইতেছি না; আমরা পুনর্ব্বার সেই কথারূপ অমৃত পান করিতে ইচ্ছা করি। দেবী প্রথমে দক্ষপুত্রী, পরে পর্ব্বতাত্মজা হন, এক শরীরে কিরূপে দুই জনের পুত্রী হইলেন এবং কিরূপেই বা সেই পুণ্যচরিত্রা পার্ব্বতী শিবকে আশ্রয় করেন? এই সকল এবং শিবসম্বন্ধী অপর তত্ত্ব * যাহা এ স্থলে জিজ্ঞাসিত হয় নাই, তাহাও তুমি আমাদিগের নিকট কীর্ত্তন কর। সূত সেই কথা শুনিয়া বলিতে আরম্ভ করিলেন। ২১—৩০।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

সূত কহিলেন,—"হে শ্রেষ্ঠ ঋষিগণ! আমি সেই শুভ কথা বলিতেছি, শ্রবণ করুন। ইহা শ্রবণ করিলে জন্ম সফল হইবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই। পূর্ব্বে দক্ষ এবং রুদ্র, এই দুই মহাত্মার মধ্যে পরস্পর স্পর্দ্ধা হয়; সেই স্পর্দ্ধা বশতঃ দক্ষ দেবগণের সম্মুখে একটী যজ্ঞের অনুষ্ঠান করেন। তিনি

---

* মূলে 'স ত্বং' এইরূপ পাঠ আছে; তাহার অর্থ 'সেই তুমি'। কিন্তু তাহা অপেক্ষা 'তত্ত্বং' পাঠ অধিক সঙ্গত হয়।

অতো দেবী সতীনাম্নী পিত্রানাকারিতা যদা ॥ ৩
তদা গতা পুনস্তত্র নাহূতাপি পিতুর্গৃহে ।
প্রাপ্যাবজ্ঞাস্তু সা তত্র দেহত্যাগমথাকরোৎ ॥ ৪
যজ্ঞধ্বংসে তথা জাতে দেবলোকেঽথ জীবিতে ।
রুদ্রস্যানুচরৈস্তত্র বীরভদ্রাদিকৈঃ কৃতে ॥ ৫
রুদ্রে ক্রুদ্ধে কথং লোকে সুখং ভবতি সত্তমাঃ ।
পশ্চাদ্রুদ্রঃ প্রসন্নোঽভূদ্দেবানাং স্তবনাদপি ॥ ৬
পূর্ব্ববচ্চ কৃতং তেন কৃপালুত্বান্মহাত্মনা ।
রুদ্রশ্চ পূজিতস্তত্র দেবৈর্দেববরস্তদা ॥ ৭
সতীদেহসমুৎপন্না জ্বালা লোকভয়াবহা ।
পতিতা পর্ব্বতে তত্র পূজিতা সুখদায়িনী ॥ ৮
জ্বালামুখীতি সা প্রোক্তা সর্ব্বকামফলপ্রদা ।
ইদানীং পূজ্যতে লোকৈঃ সর্ব্বকামফলাপ্তয়ে ॥ ৯
সা দেবী শৈলরাজস্য পত্নী মেনেতি বিশ্রুতা ।
পিতৃণাং মানসী কন্যা তস্যাং জন্ম সমাদধে ॥ ১০
ততশ্চ পার্ব্বতী নাম প্রসিদ্ধমভবৎ তদা ।
সা পুনঃ শিবমারাধ্য ভর্ত্তারং শিবমাশ্রিতা ।
ভজতাং সর্ব্বলোকানাং ফলং যচ্ছত্যনেকশঃ ॥
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং পুরাতন
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥
ইতি শ্রুত্বা বচস্তস্য নৈমিষারণ্যবাসিনঃ ।
পপ্রচ্ছুঃ ঋষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্ ॥ ১

ঋষয় উচুঃ ।

সূত সূত মহাভাগ কথাং পাপপ্রণাশিনীম্ ।
শ্রুত্বা তু ত্বন্মুখাদেব ন তৃপ্তাঃ স্মো বয়ং প্রভো ।
পুনঃ কথয় তৎ সর্ব্বং শিবস্যারাধনক্রমম্ ।
যশ্চ যশ্চ বিধিঃ প্রোক্তো যেনৈবারাধিতঃ শিবঃ ॥
প্রসন্নেন শিবেনৈব কস্মৈ দত্তং ফলন্তু যৎ ।
পার্ব্বত্যাশ্চ তপশ্চৈব বিবাহশ্চ তথানঘ ॥ ১৬
ত্রিপুরস্য বধশ্চৈব জ্যোতির্লিঙ্গসমুদ্ভবঃ ।
জ্যোতির্লিঙ্গানি কতিধা কিং তেষাং দর্শনে ফলম্

ঋষিগণের সহিত মিলিত হইয়া প্রথমে রুদ্রদেবকে নিমন্ত্রণ না করিয়াই ঐ যজ্ঞের অনুষ্ঠান করেন, সতীদেবীও পিতা কর্তৃক আহূতা হন নাই। কিন্তু সেই সতীদেবী অনাহূতা হইয়াই পিতৃগৃহে গমন করিয়াছিলেন এবং সেই স্থানে অবমাননা প্রাপ্ত হইয়া আপনার দেহ ত্যাগ করিয়াছিলেন। তখন বীরভদ্র প্রভৃতি রুদ্রের অনুচর সমুদয় যজ্ঞের ধ্বংস করিয়া, পরে দয়াপরবশ হইয়া দেবগণকে পুনর্ব্বার জীবিত করিয়াছিল। হে সাধুগণ! রুদ্র ক্রুদ্ধ হইলে কিরূপে সুখ হইবে? কিন্তু দেবগণের স্তবে সেই রুদ্র পরে প্রসন্ন হইয়াছিলেন। মহাত্মা রুদ্র কৃপালুস্বভাব বলিয়া পুনর্ব্বার যজ্ঞের পূর্ণতা করিয়াছিলেন এবং দেবশ্রেষ্ঠ রুদ্রও তৎকালে দেবগণ কর্তৃক পূজিত হইয়াছিলেন। তৎকালে সতীদেহ হইতে সর্ব্বলোকভয়প্রদ একটী জ্বালা উৎপন্ন হইয়া ঐ পর্ব্বতে পতিতা হইয়াছিল; উহার পূজা করিলে সুখ হয়। সেই অখিল কাম-ফল-প্রদায়িনী জ্বালা, জ্বালামুখী নামে প্রসিদ্ধি লাভ করেন। অদ্যাপি লোক সকল সর্ব্বপ্রকার কাম-ফল-প্রাপ্তির নিমিত্ত ঐ জ্বালার পূজা করেন। পিতৃদিগের মানসী কন্যা মেনা নামে যে শৈলরাজ হিমালয়ের পত্নী ছিলেন, তাঁহার গর্ভে সেই সতী পুনর্ব্বার জন্মগ্রহণ করেন। ১—১০। পর্ব্বতের কন্যা বলিয়া তাঁহার 'পার্ব্বতী' এই নাম প্রসিদ্ধ হয় এবং তিনি শিবের আরাধনা করিয়া পুনর্ব্বার শিবকেই ভর্তৃরূপে প্রাপ্ত হন। তিনি ভক্তদিগকে অনেক প্রকার ফল প্রদান করেন। আমাকে আপনারা যে প্রশ্ন করিয়াছিলেন, সেই পুরাতন কথা সকলই বলা হইল। ইহা শ্রবণ করিলে সকল প্রকার পাপ হইতে মুক্তি হয়, সে বিষয়ে কোন সন্দেহ নাই। নৈমিষারণ্য-নিবাসী ঋষিশ্রেষ্ঠগণ সূতের এই কথা শ্রবণ করিয়া, এই পাপনাশিনী কথা জিজ্ঞাসা করিলেন, হে মহাভাগ সূত! তোমার মুখ হইতে পাপনাশিনী কথা শ্রবণ করিয়া, আমরা তৃপ্ত হইতেছি না, অতএব শিবের আরাধনক্রম পুনর্ব্বার আমাদের নিকট কীর্ত্তন কর। শিবের আরাধনা বিষয়ে যে সকল বিধি উক্ত হইয়াছে, যে বিধি অনুসারে শিব আরাধিত হইয়াছেন এবং শিব প্রসন্ন হইয়া যাহাকে যেরূপ ফল দান করিয়াছেন, পার্ব্বতীর তপস্যা ও বিবাহ, ত্রিপুরাসুরের বধ, জ্যোতির্লিঙ্গের উৎপত্তি, জ্যোতির্লিঙ্গ কতপ্রকার, তাঁহাদের দর্শনে কি ফল,

ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈঃ শূদ্রৈর্বা শম্ভুপূজনম্।
কথং কার্য্যং তথা ব্রূহি যথা ব্যাসমুখাচ্ছ্রুতম্ ॥ ১৮
তচ্ছ্রুত্বা বচনং তেষাং বচনং শ্রুতিসম্মতম্।
উবাচ সকলং তত্র প্রশ্নস্যানুক্রমেণ তু ॥ ১৯
সূত উবাচ।
সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যদ্রহস্যং মুনীশ্বরাঃ।
তদহং কথয়াম্যদ্য যথাবুদ্ধি যথাশ্রুতম্ ॥ ২০
ভবদ্ভিঃ পৃচ্ছ্যতে যদ্বং তথা ব্যাসেন বৈ পুরা।
পৃষ্টং সনৎকুমারায় তচ্ছ্রুতং হ্যুপমন্যুনা ॥ ২১
ততো ব্যাসেন বৈ শ্রুত্বা শিবপূজাদিকঞ্চ যৎ।
মহ্যঞ্চ পাঠিতং তেন লোকানাং হিতকাম্যয়া ॥ ২২
তচ্ছ্রুতঞ্চৈব কৃষ্ণেন উপমন্যোর্মহাত্মনঃ।
তদহং কথয়িষ্যামি শৃণুতাদ্য ঋষিসত্তমাঃ ॥ ২৩
বক্ষ্যামি শৃণু সংক্ষেপাল্লিঙ্গার্চনবিধিক্রমম্।
বক্তুং বর্ষশতেনাপি ন শক্যং বিস্তরেণ তু ॥ ২৪
এবঞ্চ শাম্ভবং রূপং সুখসৌম্যং সনাতনম্।
পূজয়েৎ পরয়া ভক্ত্যা সর্ব্বকামবরাপ্তয়ে ॥ ২৫
দারিদ্র্যং রোগদুঃখঞ্চ সঙ্কটং শত্রুসম্ভবম্।
পাপং চতুর্ব্বিধং তাবদ্যাবন্নার্চ্চয়তে শিবম্ ॥ ২৬
সম্পূজিতে শিবে দেবে সর্ব্বং দুঃখং বিলীয়তে॥
যো বৈ মানুষমাশ্রিত্য সুখসন্তানকামুকঃ।
তেন পূজ্যো মহাদেবঃ সর্ব্বকামার্থসাধকঃ ॥ ২৮
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ বিধিবৎ ক্রমাৎ।
প্রাতঃকালে সমুত্থায় মুহূর্ত্তে ব্রাহ্মসংজ্ঞিতে ॥২৯
বিষ্ণোশ্চ স্মরণং কৃত্বা গুরোশ্চৈবাথবা পুনঃ।
তীর্থানাং স্মরণং কৃত্বা ধ্যানঞ্চৈব হরেরিতি ॥ ৩০
মেঘশ্যাম চতুর্ব্বাহো ভক্তানামভয়প্রদ।
তে রূপং সুন্দরং সর্ব্বং হৃদি বসতু নিত্যশঃ ॥৩১
ততঃ স্তোত্রং শুভং নাম গৃহ্নীয়াদ্বিধিপূর্ব্বকম্।
ততোৎপাস্য মলোৎসর্গং দক্ষিণস্যাং দিশি ক্রমাৎ ॥
একান্তে তু তদা কুর্য্যাৎ মলোৎসর্গবিধিং পুনঃ।
শুদ্ধাং মৃদং সমাদায় পঞ্চবারং বিশুদ্ধয়ে ॥ ৩৩
ক্ষত্রিয়শ্চ চতুর্ব্বারং বৈশ্যো বারত্রয়ং তথা।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইহাদের কর্তৃক শম্ভুর পূজা কিরূপে অনুষ্ঠেয়,—হে অনঘ! এ সকল বিষয় ব্যাসের মুখ হইতে তুমি যেরূপ শ্রবণ করিয়াছ, সেইরূপ বল। তাঁহাদের সেই বেদ-সম্মত বাক্য শ্রবণ করিয়া সূত, প্রশ্নানুসারে সকল কথার উত্তর বলিলেন। ১১—১৯। সূত বলিলেন, হে মুনীশ্বরগণ! আপনারা অতি উত্তম প্রশ্ন করিয়াছেন, ইহার রহস্য আমি যেমন জানি এবং যেমন শুনিয়াছি, তাহা অবিকল কীর্ত্তন করিতেছি। আপনারা আজ আমাকে যে কথা জিজ্ঞাসা করিতেছেন, পূর্ব্বে ব্যাসদেব সনৎ-কুমারকে তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন এবং উপমন্যু শ্রবণ করিয়াছিলেন। অনন্তর ব্যাস শিবপূজাদি শ্রবণ করিয়া, লোকের হিতকামনায় আমাকে শিখাইয়াছিলেন। মহাত্মা উপমন্যুর নিকট হইতে কৃষ্ণদ্বৈপায়ন যাহা শ্রবণ করিয়া-ছিলেন, হে ঋষিশ্রেষ্ঠগণ। তাহা আমি বলিতেছি, শ্রবণ করুন। আমি সংক্ষেপে লিঙ্গার্চনবিধির ক্রম বলিতেছি, শ্রবণ করুন, কারণ শতবর্ষেও ইহা বিস্তারপূর্ব্বক বলা যাইতে পারে না। সকল প্রকার কামনা এবং বরলাভের নিমিত্ত অতিশয় ভক্তিসহকারে লিঙ্গের পূজা করিবে। যে পর্য্যন্ত শিবের পূজা না করিবে, তাবৎকাল দারিদ্র্য, রোগ, দুঃখ এবং শত্রুজন্য পীড়া এই চারি প্রকার পাপের বৃদ্ধি হইবে; শিবের পূজা করিলে ঐ সকল দুঃখ একেবারে বিনষ্ট হয়। যে মনুষ্যজন্ম লাভ করিয়া সুখ-সন্তানের অভিলাষ করে, সে সকল প্রকার কাম এবং অর্থের সাধক মহাদেবের পূজা করিবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র ইহারা সকলে প্রাতঃকালে ব্রাহ্ম মুহূর্ত্তে যথাবিধি শয্যা হইতে উত্থান করিবে। তাহার পর বিষ্ণুস্মরণ, গুরুর স্মরণ, তীর্থস্মরণ এবং হরিধ্যান করিবে যথা;—হে ভক্তদিগের অভয়-প্রদ! মেঘশ্যাম! চতুর্ব্বাহো! নারায়ণ! আপনার সুন্দর রূপ সর্ব্বদা আমার হৃদয়ে বাস করুক। ২০—৩১। তাহার পরে বিধিপূর্ব্বক স্তোত্র পাঠ এবং শুভ নাম গ্রহণ করিবে। তাহার পর শয্যা ত্যাগ করত দক্ষিণদিকে গমন করিয়া মলোৎসর্গ করিবে। নির্জ্জন স্থানে মলত্যাগ করিয়া ব্রাহ্মণ পাঁচবার বিশুদ্ধ মৃত্তিকা লেপন-পূর্ব্বক শৌচ করিবে। ক্ষত্রিয় চারিবার, বৈশ্য

শূদ্রশ্চৈব দ্বিবারঞ্চ মৃদাস্তু গ্রহণং ক্রমাৎ ॥ ৩৪
হস্তৌ পাদৌ চ প্রক্ষাল্য পূর্ব্ববন্মৃদমাহরেৎ।
স্ত্রীণাস্তু শূদ্রবৎ কার্য্যং মৃদাদিগ্রহণং তথা ॥ ৩৫
দন্তকাষ্ঠং তথা কুর্য্যাদ্দ্বাদশাঙ্গুলমানতঃ।
একাদশাঙ্গুলং রাজা তথা বৈশ্যো দশাঙ্গুলম্‌ ॥ ৩৬
শূদ্রো নবাঙ্গুলং কুর্য্যাদিতি মানমিদং স্মৃতম্‌।
কালদোষং বিচার্য্যৈবমনুচ্ছিষ্টং বিবর্জ্জয়েৎ ॥ ৩৭
স্নানন্তু বিধিবৎ কার্য্যং তীর্থাদিষু ক্রমেণ চ।
দেশকালাবিরোধেন স্নানং কার্য্যং সমন্ত্রকম্‌ ॥ ৩৮
আচম্য প্রথমং তত্র ধৌতবস্ত্রন্তু ধারয়েৎ।
একান্তে তু স্থলে স্থিত্বা সন্ধ্যাবিধিমথাচরেৎ ॥ ৩৯
যথাযোগ্যং বিধিং কৃত্বা পূজাবিধিমথাচরেৎ ॥ ৪০
মনস্তু সুস্থিরং কৃত্বা পূজাগারং প্রবিশ্য চ।
পূজাদ্রব্যং সমাস্থায় ক্রমেণ পূজয়েদ্ধরম্‌ ॥ ৪১
প্রথমঞ্চ গণাধীশং দ্বারপালং ততঃ পরম্‌।
দিক্‌পালাস্তু ততঃ পূজ্যাঃ পশ্চাৎ পীঠং প্রকল্পয়েৎ
অথবাষ্টদলং কৃত্বা পূজাদ্রব্যসমীপতঃ।
উপবিশ্য ততস্তত্র উপলক্ষ্য শিবং প্রভুম্‌ ॥ ৪৩
আচামত্রিতয়ং কৃত্বা প্রক্ষাল্য চ পুনঃপুনঃ।
প্রাণায়ামত্রয়ং কৃত্বা ধ্যায়েদেবঞ্চ ত্র্যম্বকম্‌ ॥ ৪৪
পঞ্চবক্ত্রং দশভুজং শুদ্ধস্ফটিকসন্নিভম্‌।
সর্ব্বাভরণসংযুক্তং ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়কম্‌ ॥ ৪৫
তস্য সারূপ্যমাশ্রিত্য দহেৎ পাপং নরস্তদা।
শৈবীং তনুং সমাস্থায় পূজয়েৎ পরমেশ্বরম্‌ ॥ ৪৬
দেহশুদ্ধিং ততঃ কৃত্বা মূলমন্ত্রং ন্যসেৎ ক্রমাৎ।
সর্ব্বত্র প্রণবেনৈব ষড়ঙ্গন্যাসমাচরেৎ।
কৃত্বাদ্যাদিপ্রয়োগঞ্চ ততঃ পূজাং সমারভেৎ ॥ ৪৭
তথাচাচমনীয়ার্থং কল্পিতং পাত্রমেব চ।
স্থাপয়েদ্বিধিবদ্ধীমান নবকুম্ভান্‌ যথাবিধি ॥ ৪৮
দর্ভৈরাচ্ছাদ্য তানেব সংস্থাপ্যাভ্যুক্ষ্য বারিণা।

তিনবার এবং শূদ্র দুইবার ঐরূপ শৌচের বিধান করিবে। তাহার পর হস্তদ্বয় এবং পদদ্বয় প্রক্ষালন করিয়া পূর্ব্ববৎ মৃত্তিকা লেপন করিবে। স্ত্রীদিগের মৃত্তিকাহরণাদি শৌচকার্য্য শূদ্রের তুল্য। অনন্তর ব্রাহ্মণ দ্বাদশাঙ্গুল, ক্ষত্রিয় একাদশাঙ্গুল, বৈশ্য দশাঙ্গুল এবং শূদ্র নবাঙ্গুল পরিমিত দন্তকাষ্ঠ দ্বারা, যে সকল দিনে দন্তকাষ্ঠ গ্রহণ নিষিদ্ধ নয় এইরূপ দিনে, দন্ত ধাবন করিবে। নিজের বা অপরের উচ্ছিষ্ট দন্তকাষ্ঠ গ্রহণ করিবে না। তাহার পর তীর্থাদি পবিত্র স্থানে বিধিপূর্ব্বক স্নান করিবে; যে দেশে এবং যে কালে স্নান নিষিদ্ধ নয়, এইরূপ দেশ ও কালে বিধিপূর্ব্বক স্নান করিবে। তাহার পর আচমন করিয়া, ধৌত বস্ত্র ধারণ করিবে এবং নির্জ্জন স্থানে উপবেশন করিয়া সন্ধ্যার উপাসনা করিবে। অনন্তর পূজাগৃহে প্রবেশ করিয়া, যথাসাধ্য আয়োজন, মনঃস্থির এবং পূজার অনুষ্ঠান করিবে। তাহার পর পূজাদ্রব্য নিকটে রাখিয়া ক্রমে মহাদেবের পূজা করিবে। ৩২—৪১। সেই পূজার ক্রম এই যে, প্রথমে গণেশের পূজা করিবে, তদনন্তর দ্বারপালের পূজা করিবে, তাহার পর দিক্‌পালগণের পূজা করিয়া পূজাদ্রব্যের সমীপে আসন স্থাপন অথবা একটী অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে। অনন্তর সেই আসনে উপবেশন করিয়া শিবলিঙ্গের প্রতি দৃষ্টিক্ষেপ করিবে, তাহার পর তিনবার আচমন এবং পুনঃপুনঃ প্রক্ষালন করিবে। তাহার পর তিনবার প্রাণায়াম করিয়া মহাদেবের ধ্যান করিবে; যথা,—পঞ্চমুখ, দশবাহু, শুদ্ধস্ফটিকের মত সমুজ্জ্বল, সকল প্রকার আভরণে বিভূষিত এবং ব্যাঘ্রচর্ম্মের উত্তরীয়ধারী। এইরূপ ধ্যানের পর ঐ রূপের সহিত আপনার সারূপ্য করিয়া, পূজক শরীরস্থ পাপের দহন করিবে। তাহার পর হৃদয়ে শিবমূর্ত্তির স্থাপনা করিয়া মহাদেবের পূজা করিবে। অনন্তর যথাক্রমে দেহশুদ্ধি ও মূলমন্ত্রের ন্যাস করিবে। পরে প্রতিবার প্রণব উচ্চারণপূর্ব্বক মূলমন্ত্র দ্বারা ষড়ঙ্গন্যাস করিবে। তাহার পর আজ অমুক সময়, অমুক দিন ইত্যাদির উল্লেখ করিয়া পূজা আরম্ভ করিবে। অনন্তর বুদ্ধিমান্‌ পূজক আচমনীয়ার্থ কল্পিত পাত্র এবং নূতন কুম্ভ বিধিপূর্ব্বক স্থাপিত করিবে। তাহার পর ঐ সকল কুম্ভ স্থাপিত ও জল দ্বারা অভ্যুক্ষিত করিয়া দর্ভ দ্বারা

তেষু তেষু চ সর্ব্বেষু ক্ষিপেৎ তোয়ং সুশীতলম্॥৪৯
প্রণবেন ক্ষিপেৎ তেষু দ্রব্যাণ্যালোক্য বুদ্ধিমান।
উশীরং চন্দনঞ্চৈব পাদ্যে তু পরিকল্পয়েৎ॥ ৫০
জাতিকক্কোলকর্পূরং বহুমূলতমালকম্।
চূর্ণয়িত্বা যথান্যায়ং ক্ষিপেদাচমনীয়কে॥ ৫১
এলাং সর্ব্বেষু পাত্রেষু দাপয়েচ্চন্দনং তথা।
পার্শ্বতো দেবদেবস্য নন্দীশস্য সমর্চ্চয়েৎ॥ ৫২
গন্ধৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্বিবিধৈঃ পূজয়েচ্ছিবম্।
লিঙ্গশুদ্ধিং ততঃ কৃত্বা মুদা যুক্তো নরস্তদা॥ ৫৩
জপ্ত্বা সর্ব্বাণি মন্ত্রাণি প্রণবাদিনমোঽন্তকম্।
কল্পয়েদাসনং পশ্চাৎ পদ্মাখ্যং প্রণবেন তু॥ ৫৪
তস্য পূর্ব্বং দলং সাক্ষাদণিমাময়মক্ষরম্।
লঘিমা দক্ষিণঞ্চৈব মহিমা পশ্চিমং তথা॥ ৫৫
প্রাপ্তিশ্চৈবোত্তরং পত্রং প্রাকাম্যং পাবকস্য চ।
ঈশিত্বং নৈর্ঋতং পত্রং বশিত্বং বায়ুগোচরে॥ ৫৬
সর্ব্বজ্ঞত্বং তথৈশান্যাং কর্ণিকা সোম উচ্যতে।
সোমস্যাধস্তথা সূর্য্যস্তথাধঃ পাবকঃ স্বয়ম্॥ ৫৭
ধর্ম্মাদয়োঽপি দিক্কস্থে অনন্তং কল্পয়েৎ ক্রমাৎ।
অব্যক্তাদিচতুর্দিক্ষু সোমস্যান্তে গুণত্রয়ম্॥ ৫৮
সদ্যোজাতং প্রপদ্যামীত্যাবাহ্য পরমেশ্বরম্।
বামদেবেন মন্ত্রেণ তিষ্ঠেচ্চৈবাসনোপরি॥ ৫৯
সান্নিধ্যং রুদ্রগায়ত্র্যা অঘোরেণ নিরুধ্য চ।
ঈশানঃ সর্ব্ববিদ্যানামিতি মন্ত্রেণ পূজয়েৎ॥ ৬০
পাদ্যমাচমনীয়ঞ্চ বিভোশ্চার্ঘ্যং প্রদাপয়েৎ।
স্নাপয়েদ্বিধিনা রুদ্রং গন্ধচন্দনবারিণা॥ ৬১
পঞ্চগব্যবিধানেন গৃহ্যপাত্রেঽভিমন্ত্র্য চ।
প্রণবেনৈব গব্যেন স্নাপয়েৎ পয়সা চ তম্॥ ৬২
দধ্নাথ মধুনা চৈব তথা চেক্ষুরসেন চ।
ঘৃতেন চ তথা পূজ্যং সর্ব্বকামহিতাবহম্॥ ৬৩
পুষ্পৌদ্রব্যৈর্মহাদেবং প্রণবেনাভিষেচয়েৎ।
জলভাণ্ডৈঃ পবিত্রৈস্তু মন্ত্রৈস্তোয়ং ক্ষিপেত্ততঃ॥

আচ্ছাদন করিবে এবং উহাদের সকলের ভিতর সুশীতল জল নিক্ষেপ করিবে। তাহার পর সুধীর পূজক একবার দৃষ্টিপাত করিয়া ঐ সকল স্থলে উশীর, চন্দন প্রভৃতি দ্রব্য প্রণব উচ্চারণ-পূর্ব্বক নিক্ষেপ করিবে এবং ঐ জলকে পাদ্যের নিমিত্ত রক্ষা করিবে। ৪২—৫০। আচমনীয় জলে জাতি, কক্কোল, কর্পূর, বহুমূল এবং তমাল এই সকল একত্রে চূর্ণ করিয়া নিক্ষেপ করিবে। সকল পাত্রেই এলাচ এবং চন্দন দান করিবে। তাহার পর দেবদেবের পার্শ্বে নন্দীশ্বরের পূজা করিবে। তাহার পর পূজক আনন্দিতচিত্তে লিঙ্গশুদ্ধি করিয়া গন্ধ, পুষ্প এবং নানাবিধ ধূপ দ্বারা শিবের পূজা করিবে। সকল মন্ত্রের আদিতে প্রণব ও অন্তে 'নমঃ' উচ্চারণপূর্ব্বক জপ করিয়া প্রণব দ্বারা পদ্ম নামক আসনের কল্পনা করিবে। ইহার পূর্ব্বদল অণিমাত্মক এবং অক্ষয় অর্থাৎ অবিনাশী; দক্ষিণদল লঘিমাত্মক, পশ্চিমদল মহিমা স্বরূপ, উত্তরদল প্রাপ্তিস্বরূপ, অগ্নিকোণ প্রাকাম্য, নৈঋত ঈশিত্ব, বায়ুকোণ বশিত্ব, এবং ঈশানকোণ সর্ব্বজ্ঞত্ব আর কর্ণিকা সোমস্বরূপ। সোমের অধোভাগে সূর্য্য এবং ঐ সূর্য্যের অধোভাগে অগ্নি অবস্থিত। ক্রমশঃ সর্ব্বদিগন্তে ধর্ম্মাদি ও অনন্তের কল্পনা করিবে। সোমের চতুর্দ্দিকে অব্যক্ত প্রভৃতির এবং অন্তে গুণত্রয়ের কল্পনা করিবে। "সদ্যোজাতং প্রপদ্যামি" ইত্যাদি মন্ত্র দ্বারা আবাহন করিয়া, "বামদেব" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করিয়া আসনের উপর উপবেশন করিবে। রুদ্রগায়ত্রী দ্বারা সান্নিধ্য এবং অঘোর-মন্ত্র দ্বারা নিরোধন করিয়া "ঈশানঃ সর্ব্ববিদ্যানাং" এই মন্ত্রে পূজা করিবে। ৫১—৬০। তাহার পর মহাদেবকে পাদ্য, আচমনীয় এবং অর্ঘ্য প্রদান করিবে। তাহার পর গন্ধচন্দন-মিশ্রিত জল দ্বারা রুদ্রকে বিধিপূর্ব্বক স্নান করাইবে। অনন্তর পাত্রে যথাবিধি পঞ্চগব্য গ্রহণপূর্ব্বক প্রণব দ্বারা সংস্কৃত করিয়া সেই পঞ্চগব্য-মিশ্রিত জল দ্বারা মহাদেবকে স্নান করাইবে। তাহার পর দধি, মধু ইক্ষুরস ও ঘৃত দ্বারা সেই সকল প্রকার কাম এবং হিতপ্রদ মহাদেবের পূজা করিবে। পরে প্রণব উচ্চারণপূর্ব্বক পুষ্প ও দ্রব্য দ্বারা মহাদেবের অভিষেক করিবে। অনন্তর পবিত্র জলভাণ্ড হইতে মন্ত্রপূত জল তাঁহার উপর

শুদ্ধীকৃত্য যথান্যায়ং সিতবস্ত্রেণ সাধকঃ।
তাবদ্দূরং ন কর্ত্তব্যং যাবচ্চ চন্দনং ক্ষিপেৎ ॥ ৬৫
তণ্ডুলৈঃ সুন্দরৈস্তত্র পূজয়েচ্ছঙ্করং মুদা।
কুশাপামার্গ-কর্পূর-জাতি-চম্পক-পাটলৈঃ ॥ ৬৬
করবীরৈঃ সিতৈশ্চৈব মল্লিকাকমলোৎপলৈঃ।
অপূর্ব্বপুষ্পৈর্বিবিধৈশ্চন্দনাদ্যৈশ্চ তজ্জলম্ ॥ ৬৭
জলেন জলধারাঞ্চ কল্পয়েৎ পরমেশ্বরে।
পাত্রৈশ্চ বিবিধৈর্দেবং স্নাপয়েচ্চ মহেশ্বরম্ ॥ ৬৮
মন্ত্রপূর্ব্বক কর্ত্তব্যা পূজা সর্ব্বফলপ্রদা।
মন্ত্রাণি তে প্রবক্ষ্যামি শৃণু সর্ব্বার্থসিদ্ধয়ে।
যৈর্লিঙ্গং সকৃদপ্যেবং স্নাপয়ন্তি চ মানবাঃ ॥ ৬৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিবপূজাবিধানং নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

নিক্ষেপ করিবে। তাহার পর সাধক সিত-বস্ত্র দ্বারা তাঁহার শরীর মুছাইয়া সেই পরিমাণ দূর-দেশে উহা স্থাপিত করিবে,—যতদূর হস্তক্ষিপ্ত চন্দনের গতি হয়, তাহা অপেক্ষা দূরে রাখিবে না। তাদৃশ দূরদেশে শিবমূর্ত্তি রক্ষা করিয়া আনন্দিতচিত্তে সুন্দর তণ্ডুল, কুশ, অপামার্গ, কর্পূর, জাতি, চম্পক, পাটল, শ্বেত করবীর, মল্লিকা, কমল, উৎপল, নানাবিধ বিচিত্র পুষ্প ও চন্দনাদি দ্বারা শঙ্করের পূজা করিবে এবং তাঁহার উপর নানাবিধ পাত্র হইতে জলধারা ঢালিয়া সেই মহেশ্বরকে স্নান করাইবে। মন্ত্রপূর্ব্বক পূজাই সর্ব্বফল প্রদান করে বলিয়া মনুষ্য সর্ব্ব প্রকার অর্থসিদ্ধির নিমিত্ত যে সকল মন্ত্র দ্বারা অন্ততঃ একবারও মহাদেবের স্নান করাইবে, আমি সেই সকল মন্ত্রের কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। ৬১—৬৯।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

পাবমানেন মন্ত্রেণ তথা বাস্তীয়কেন চ।
রুদ্রেণ নীলরুদ্রেণ শ্রীসূক্তেন শুভেন চ ॥ ১
রজনীসূক্তকেনৈব চমকেন শুভেন চ।
শ্রীতারেণাথ শিরসা শুভেনাথর্ব্বণেন চ ॥ ২
শান্ত্যা বাথ পুনঃ শান্ত্যা ভারুণ্ডেনারুণেন চ।
অথ জ্যেষ্ঠেন সাম্না বা তথা দেবব্রতেন চ ॥ ৩
রথন্তরেণ পুষ্পেণ সূক্তেন পুরুষেণ তু।
মৃত্যুঞ্জয়েন মন্ত্রেণ পঞ্চাক্ষরেণ বা পুনঃ ॥ ৪
জলধারাসহস্রেণ শতমেকোত্তরেণ বা।
কর্ত্তব্যা বেদমার্গেণ নামভির্ব্বাথ বা পুনঃ ॥ ৫
ততশ্চন্দনপুষ্পাদি রোপণীয়ং শিবোপরি।
দাপয়েৎ প্রণবেনৈব মুখবাসাদিকানি বৈ ॥ ৬
ততঃ স্ফটিকসঙ্কাশং দেবং নিষ্কলমক্ষরম্।
কারণং সর্ব্বলোকানাং সর্ব্বলোকময়ং পরম্ ॥ ৭
ব্রহ্মেন্দ্রবিষ্ণুরুদ্রাদ্যৈরপি দেবৈরগোচরম্।
বেদবিদ্ভির্হি বেদান্তে হ্যগোচরমিতি স্মৃতম্ ॥ ৮
আদিমধ্যান্তরহিতং ভেষজং সর্ব্বরোগিণাম্।
শিবতত্ত্বমিতি খ্যাতং শিবলিঙ্গে ব্যবস্থিতম্ ॥ ৯

অষ্টম অধ্যায়।

সূত বলিলেন,—পাবমান, বাস্তীয়ক, রুদ্র নীলরুদ্র, শ্রীসূক্ত, রজনীসূক্ত, চমক, প্রণব অথর্ব্বশীর্ষ, শান্তি, ভারুণ্ড, অরুণ, জ্যেষ্ঠ অথব দেবব্রত নামক সাম, রথন্তরসূক্ত, পুষ্পসূক্ত পুরুষসূক্ত অথবা পঞ্চাক্ষর মৃত্যুঞ্জয়মন্ত্র, বেদোক্ত শিবলিঙ্গ-ঘটিত কিংবা নামমন্ত্র উচ্চারণপূর্ব্বক সহস্র জলধারা বা একশত এক জলধারা ঢালিয়া শিবপূজা করিবে। তাহার পর শিবের উপর চন্দন পুষ্পাদি স্থাপন করিবে। পরে প্রণব উচ্চারণপূর্ব্বক মুখবাসাদি প্রদান করিবে তাহার পর স্ফটিক-তুল্য নির্ম্মল, অক্ষর, সর্ব লোকের কারণ, সর্ব্বলোকময়, ব্রহ্মা ইন্দ্র রুদ্র প্রভৃতি দেবেরও অগোচর, বেদবিদ্গণের দ্বার বেদান্তে অজ্ঞেয় রূপে নির্দ্ধারিত, আদি-মধ্য-অন্তরহিত, সকল রোগীর ঔষধ, শিবতত্ত্ব নাম

প্রণবেনৈব মন্ত্রেণ পূজয়েল্লিঙ্গমূর্দ্ধনি।
ধূপৈর্দীপৈশ্চ তাম্বূলৈরারাত্রিকবিধানতঃ ॥ ১০
নমস্কারৈঃ স্তবৈশ্চাপ্যৈর্মন্ত্রৈর্নানাবিধৈরপি।
স্তোত্রং জপঞ্চ বিধিনা নমস্কারং প্রদক্ষিণম্ ॥ ১১
অর্ঘ্যং দত্ত্বা তু পুষ্পাণি পাদয়োস্তু বিকীর্য্য চ।
প্রণিপত্য চ দেবেশমাত্মনারাধয়েচ্ছিবম্ ॥ ১২
হস্তে পুষ্পং গৃহীত্বা চ সমুত্থায় কৃতাঞ্জলিঃ।
প্রার্থয়েৎ পুনরীশানং মন্ত্রেনানেন বৈ শিবম্ ॥ ১৩
অজ্ঞানাদ্যদি বা জ্ঞানাজ্জপপূজাদিকং ময়া।
কৃতং তদস্তু সফলং কৃপয়া তব শঙ্কর ॥ ১৪
পঠিত্বৈবন্তু তৎ পুষ্পং শিবোপরি ন্যসেৎ তদা।
স্বস্ত্যয়নং ততঃ কৃত্বা হ্যাশিষো বিবিধাস্তদা ॥ ১৫
মার্জ্জনন্তু ততঃ কার্য্যং শিবস্যোপরি বৈ পুনঃ।
নমস্কারং ততঃ ক্ষান্তিং পুনরাগমনায় চ ॥ ১৬
অঘোচ্চারণমুচ্চার্য্য নমস্কারং প্রকল্প্য চ।
প্রার্থয়েচ্চ পুনস্তত্র সর্ব্বভাবসমন্বিতঃ ॥ ১৭

শিবে ভক্তিঃ শিবে ভক্তিঃ শিবে ভক্তির্ভবে ভবে।
অন্যথা শরণং নাস্তি ত্বমেব শরণং মম ॥ ১৮
ইতি সম্প্রার্থ্য দেবেশং সর্ব্বসিদ্ধিপ্রদায়কম্।
পূজয়েৎ পরয়া ভক্ত্যা গলনাদৈর্বিশেষতঃ ॥ ১৯
নমস্কারং ততঃ কৃত্বা পরিবারগণৈঃ সহ।
প্রহর্ষমতুলং লব্ধ্বা কার্য্যং কুর্য্যাদ্যথাসুখম্ ॥ ২০
এবং যঃ পূজয়েন্নিত্যং শিবভক্তিপরায়ণঃ।
তস্যৈব সকলা সিদ্ধির্জ্জায়তে তু পদে পদে ॥ ২১
ষণ্মাসাজ্জায়তে সিদ্ধির্মনোঽভীষ্টফলং ধ্রুবম্।
রোগং দুঃখঞ্চ শোকঞ্চ উদ্বেগং কৃত্রিমং তথা ॥ ২২
কৌটিল্যঞ্চ গরঞ্চৈব যদ্যদ্দুঃখমুপস্থিতম্।
তদ্দুঃখং নাশয়ত্যেব শিবঃ শিবকরঃ পরঃ ॥ ২৩
কল্যাণং জায়তে তস্য শুক্লপক্ষে যথা শশী।
বর্দ্ধন্তে তদ্গুণাস্তত্র শিবস্য পূজনাদ্ধ্রুবম্ ॥ ২৪
এবন্তু তে ময়া প্রোক্তং শ্রুতং ব্যাসমুখাদিহ ॥ ২৫

বিখ্যাত শিবলিঙ্গেও অবস্থিত সেই পরম দেবকে —ধূপ, দীপ, তাম্বুল দ্বারা প্রণব উচ্চারণপূর্ব্বক লিঙ্গের মস্তকে পূজা এবং আরতি করিবে। —১০। নমস্কার, স্তব, অন্য নানাবিধ মন্ত্র দ্বারা স্তব, জপ, বিধিপূর্ব্বক নমস্কার ও প্রদক্ষিণ করিবে। তাহার পর অর্ঘ্য দান করিয়া পাদ-যুগলে পুষ্প প্রক্ষেপ করিবে। তাহার পর প্রণাম করিয়া মনে মনে সেই সর্ব্বদেবেশ শিবের অর্চ্চনা করিবে। পরে হস্তে পুষ্প গ্রহণ করিয়া কৃতাঞ্জলি হইয়া গাত্রোত্থানপূর্ব্বক ঈশান মহে-শ্বরের নিকট বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে; —হে শঙ্কর! আমি, অজ্ঞানপূর্ব্বকই হউক অথবা জ্ঞানপূর্ব্বকই হউক আপনার যে পূজা করিয়াছি, আপনি কৃপা করিয়া তাহা সফল করুন। এইরূপ পাঠ করিয়া সেই পুষ্প শিবের উপর নিক্ষেপ করিবে। অনন্তর স্বস্ত্যয়ন করিয়া, নানাবিধ আশীর্ব্বচন পাঠ করিবে। তদনন্তর শিবলিঙ্গের উপর মার্জ্জনা করিবে; তাহার পর নমস্কার এবং পুনরাগমনের নিমিত্ত, অপরাধ ক্ষমা করাইবে। অনন্তর অঘ ইত্যাদি মন্ত্রের উচ্চারণ করিয়া নমস্কার করিয়া সম্পূর্ণ ভক্তিসহকারে পুনর্ব্বার প্রার্থনা করিবে;— আমার যেন জন্মে জন্মে শিবে ভক্তি হয়। শিবভক্তি ভিন্ন আর কিছুই শরণ নাই; হে শিব! আপনি আমার আশ্রয় হউন। সর্ব্বসিদ্ধি-প্রদ সেই মহাদেবের নিকট এইরূপ প্রার্থনা করিয়া পরম ভক্তিসহকারে বিশেষতঃ গালবাদ্য করিয়া পূজা করিবে। তাহার পর সপরিবারে নমস্কার করিয়া অতুল আনন্দ প্রাপ্ত হইয়া, যাহাতে সুখ হয়, এইরূপ উৎসব-কার্য্য করিবে। যে মনুষ্য শিবভক্তিপরায়ণ হইয়া প্রত্যহ এইরূপ পূজা করে, তাহার পদে পদে সমুদয় সিদ্ধি লাভ হয়। ছয়মাসকাল এই নিয়মে শিবপূজা করিলে নিশ্চয়ই সিদ্ধি এবং মনোভীষ্ট ফল লাভ হয়। আর সেই মঙ্গলদাতা, পরমদেবতা শিব তাহার রোগ, দুঃখ, শোক, শত্রুজন্য উদ্বেগ, কৌটিল্য, বিষভয় ইত্যাদি যত প্রকার দুঃখ উপস্থিত থাকে, সে সকল সমূলে উন্মূলিত করেন। শিবের পূজা হইতে তাহার মঙ্গল উৎপন্ন হয় এবং শুক্লপক্ষের চন্দ্রের ন্যায় তাহার সদ্গুণ সকল প্রত্যহ বৃদ্ধি প্রাপ্ত হয়। ব্যাসের মুখে আমি যেরূপ শ্রবণ করিয়াছিলাম, এ স্থলে অবিকল

অতঃ পরং প্রবক্ষ্যামি কথাং পাপপ্রণাশিনীম্।
যা পৃচ্ছ্যতে ভবদ্ভিশ্চ তামহং বিধিপূর্ব্বকম্ ॥ ২৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
শিবপূজাবিধির্নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ব্যাসশিষ্য মহাভাগ সম্যগুক্তং ত্বয়ানঘ।
ত্রিপুরস্য জয়ং ব্রূহি কথং বৈ ত্রিপুরো হতঃ ॥ ১
কিং রূপং ত্রিপুরস্যেহ কুত্র বা বিকৃতিং গতঃ।
কিং সৈন্যং তস্য দুষ্টস্য শিবস্য চ মহদ্বলম্ ॥ ২
এতৎ সর্ব্বং প্রযত্নেন অন্যদ্বা বিবিধং পুনঃ।
কথনীয়ং ত্বয়া সম্যক্‌স্ত্বং বুদ্ধিমানসি ॥ ৩
এবং বচস্তদা শ্রুত্বা সূতশ্চৈবাব্রবীৎ পুনঃ ॥ ৪

সূত উবাচ।

সাধু পৃষ্টং মহাভাগা লোকানাং হিতকাময়া।
যচ্ছ্রুত্বা সর্ব্বলোকানাং দুঃখহানির্ভবিষ্যতি ॥ ৫
তারপুত্রো মহামায়ো মায়িনামপি মোহকঃ।
সর্ব্বদেবজয়ং কর্তুং তপস্তেপেঽতিদারুণম্ ॥ ৬
মধোর্বনমুপাশ্রিত্য গুর্ব্বাজ্ঞাপরিপালকঃ।
ঊর্দ্ধবাহুশ্চৈকপাদো রবিং পশ্যন্ স চক্ষুষা ॥ ৭
শতবর্ষং তথা তপ্ত্বা শতমঙ্গুষ্ঠকেন চ।
শতমেকং জলেনৈব শতমেকন্তু বায়ুভুক্ ॥ ৮
শতমেকং জলে তিষ্ঠন্ শতমেকঞ্চ স্থণ্ডিলে।
শতমেকং তথা চাগ্নৌ শতমেকমধোমুখঃ ॥ ৯
শতমেকন্তু হস্তস্য তলেন চ ভুবং স্পৃশন্।
শতমেকন্তু বৃক্ষাণাং শাখামালম্ব্য বৈ মুনে ॥ ১০
অধোমুখস্তু বর্ষাণাং শতমেকং গতং তদা।
এবং কষ্টতরং তপ্তং শ্রুতামপি দুঃসহম্ ॥ ১১
তস্যৈব শিরসস্তত্র তেজশ্চ নিঃসৃতং মহৎ।
তেনৈব দেবলোকাস্তে দগ্ধপ্রায়া বভূবিরে ॥ ১২

তাহাই কীর্ত্তন করিলাম। ইহার পর আপনারা যে কথার বিষয় প্রশ্ন করিয়াছেন, সেই পাপনাশিনী কথার যথাবিধি কীর্ত্তন করিব।১১—২৬।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ, বেদব্যাসশিষ্য, অনঘ সূত! তুমি উত্তম বলিয়াছ; এক্ষণে ত্রিপুরজয় এবং ত্রিপুরবিনাশের কথা কীর্ত্তন কর। ত্রিপুরের স্বরূপ কীদৃশ, কোথায় বা বিকৃত সেই দুষ্টের সৈন্য কিরূপ ছিল এবং মহাদেবের মহদ্বলের বিষয় কীর্ত্তন কর। তখন তাঁহাদের এই কথা শ্রবণ করিয়া সূত পুনর্ব্বার বলিলেন,—হে মহাত্মগণ আপনারা লোকের হিতকামনায় উত্তম জিজ্ঞাসা করিয়াছেন। ঐ কথা শুনিয়া সকল লোকের দুঃখের হানি হইবে। সেই মহামায় এবং মায়াবীদিগেরও বিমোহনকারী তার নামক অসুরে[র] পুত্র নিখিল দেবগণকে পরাজয় করিবা[র] নিমিত্ত গুরুর আজ্ঞা প্রতিপালন করত মধুর ব[ন] আশ্রয় করিয়া অতি কঠোর তপস্যা করিয়াছিল সে প্রদীপ্ত সূর্য্যমণ্ডলের উপর দৃষ্টি অর্পি[ত] করিয়া ঊর্দ্ধবাহু ও একপদে দণ্ডায়মান হইয়া তপস্যা করিয়াছিল এবং কেবল পাদাঙ্গুষ্ঠের উপর ভর করিয়া একশত বৎসর অতিবাহিত করিয়াছিল। সে একশত বৎসর কেবল জল পান করিয়া ও একশত বৎসর কেবল বায়ু[ভক্ষণ] করিয়া তপস্যা করিয়াছিল। সেই অসুর এ[ক]শত বৎসর জলে দণ্ডায়মান হইয়া, এক[শত] বৎসর স্থণ্ডিলে অবস্থান করিয়া, একশত বৎস[র] অগ্নিমধ্যে স্থিতিপূর্ব্বক, শতবৎসর অধোমু[খ] হইয়া এবং একশত বৎসর হাতের তলার দ্বার[া] মাটী স্পর্শ করিয়া তপস্যা করিয়াছিল। [হে] মুনে! তাহার পর সে একশত বৎসর বৃক্ষে[র] শাখা অবলম্বন করিয়া তপস্যা করে। ১—১০
পরে অধোমুখ হইয়া তপস্যা করত একশ[ত] বৎসর অতীত করে। যাহা শুনিলেও দুঃ[সহ] হয়, এইরূপ কষ্টকর তপস্যা অনুষ্ঠান করি[তে] করিতে তাহার মস্তক হইতে মহৎ তেজ নিঃসৃ[ত] হইয়াছিল। ঐ তেজঃ দ্বারা দেবগণ দগ্ধপ্রা[য়]

ইন্দ্রশ্চ ভয়মাপেদে স্বপদং কর্ষয়িষ্যতি।
অত্যন্তদুঃখমাপন্নাঃ সর্ব্বে দেবাস্তদা বিদুঃ॥ ১৩
অকাণ্ডে চৈব ব্রহ্মাণ্ডং সংহরিষ্যতি বৈ প্রভুঃ।
ইতি সংশয়মাপন্না নিশ্চয়ং নোপলেভিরে॥ ১৪
এতস্মিন্ সময়ে তে বৈ জ্ঞাতবন্তোঽত্র কারণম্।
ব্রহ্মাণঞ্চ সমুদ্দিশ্য তপস্তপ্যতি দারুণম্॥ ১৫
ইতি নিশ্চয়মাপন্না দেবাশ্চৈব পরস্পরম্।
যদি ব্রহ্মা বরং হ্যস্য ন দাস্যতি সুদুষ্করম্।
তথাপি সর্ব্বলোকানাং নাশশ্চৈব ভবিষ্যতি॥ ১৬
সর্ব্বং দুঃখমুৎপন্নং যদি নৈব প্রদাস্যতি।
দাস্যতি বা বরং তস্মৈ দুঃখং বৈ সর্ব্বথা ধ্রুবম্॥ ১৭
যদি ন দীয়তে হ্যস্মৈ বরং দুঃখহরং নৃণাম্।
অথেদানীঞ্চ লোকানাং নাশো ভবিতুমর্হতি॥ ১৮
যদি দত্তো বরস্তস্মৈ কালে নাশো ভবিষ্যতি।
এতস্মাচ্চ বরং তস্মৈ দীয়তে নাত্র সংশয়ঃ॥ ১৯
ইতি কৃত্বা মতিং দেবা ব্রহ্মাণং সমুপস্থিতাঃ।
নমস্কৃত্য স্থিতাস্তত্র তস্মৈ সর্ব্বং ন্যবেদয়ন্॥ ২০
ব্রহ্মা সর্ব্বং সুনিশ্চিত্য দেবাজ্ঞাপরিসাধকঃ।
বরং দাতুং তদা তত্র জগাম হংসবাহনঃ॥ ২১
যত্রৈব তারকো নাম তপস্তপ্যতি দারুণম্।
উবাচ বচনং তস্মৈ বরং ব্রূহি যথেপ্সিতম্।
তপস্তপ্তং ত্বয়া ঘোরং নাদেয়ং বিদ্যতে তব॥ ২২
ইত্যেবন্তু তদা শ্রুত্বা তারকাখ্যো মহাসুরঃ।
ব্রহ্মাণং প্রণিপত্যৈবং বরং বব্রে সুদারুণম্॥ ২৩

দৈত্য উবাচ।

যদি প্রসন্নে বরদে কিমসাধ্যং ভবেন্মম।
যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরো মম॥ ২৪
বরদ্বয়ং তদা দেয়ং শ্রূয়তাঞ্চ পিতামহ।
ত্বয়া চ নির্ম্মিতে লোকে মত্তুল্যো বলবান্ নহি॥২৫
শিববীর্য্যসমুৎপন্নঃ পুত্রঃ সেনাপতির্যদা।
ভূত্বা শস্ত্রং ক্ষিপেন্মহ্যং তদা মে মরণং ভবেৎ॥২৬

হইয়াছিলেন; আপনার ইন্দ্রত্ব পদের কর্ষণ আশঙ্কায় ইন্দ্র ভয় পাইয়াছিলেন। তখন দেবগণ অত্যন্ত দুঃখপ্রাপ্ত হইয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, ঈশ্বর বুঝি অকাণ্ডে ব্রহ্মাণ্ডের সংহার করিবেন। তাঁহারা এইরূপ সংশয়যুক্ত হইয়া কোনরূপ নিশ্চয় করিতে সক্ষম হন নাই। ইতিমধ্যে দেবগণ পরস্পর জানিতে পারিলেন যে, সেই অসুর, ব্রহ্মার উদ্দেশে অতি নিদারুণ তপস্যা করিতেছে। যদি ব্রহ্মা ইহার অভিমত দুষ্কর বর প্রদান না করেন, তাহা হইলে ইহার তপস্যা দ্বারা সর্ব্বলোকের নাশ হইবে, আর যদি একেবারেই ইহাকে বর প্রদান না করেন, তাহা হইলে ত সর্ব্ব প্রকারে দুঃখ উৎপন্ন হইবে এবং যদি বরদান করেন, তাহা হইলেও নিশ্চয়ই দুঃখ হইবে। অথচ যদি মনুষ্যের দুঃখ হরণের নিমিত্ত তাহাকে বরদান না করা যায়, তাহা হইলে এখনই সকল লোকের নাশ হইবে; কিন্তু তাহাকে বরদান করিলে, এত শীঘ্র নাশ না হইয়া কিছু বিলম্বে নাশ হইবে। এই নিমিত্ত তাহাকে বর দেওয়া উচিত, সে বিষয়ে সংশয় নাই। দেবগণ এইরূপ নিশ্চয় করিয়া ব্রহ্মার নিকটে উপস্থিত হইলেন এবং তাঁহাকে নমস্কার করিয়া সকল বিষয় নিবেদন করিলেন। ১১—২০। দেবকার্য্য-সাধক ব্রহ্মা সমুদয় নিশ্চয় করিয়া হংসের উপর আরোহণপূর্ব্বক তাহাকে বরদান করিবার নিমিত্ত সেই স্থানে গমন করিলেন, যে স্থানে তারকাসুর সুদারুণ তপস্যা করিতেছিল, ব্রহ্মা সেই স্থানে গমন করিয়া তাহাকে বলিলেন, তোমার অভীপ্সিত বর প্রার্থনা কর। তুমি যেরূপ কঠোর তপস্যা করিয়াছ, তোমাকে অদেয় কিছুই নাই। তখন সেই মহাসুর তারক, ব্রহ্মার এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে প্রণামপূর্ব্বক অতি কঠিন বর প্রার্থনা করিল। দৈত্য বলিল, আপনি যখন প্রসন্ন হইয়া বরদানার্থ আগমন করিয়াছেন, তখন আর আমার অপ্রাপ্য কি হইবে? হে দেবেশ পিতামহ! যদি আপনি প্রসন্ন হইয়া থাকেন এবং আমাকে বরদান করিতে কৃতসঙ্কল্প হইয়া থাকেন, তাহা হইলে আমাকে যে দুইটী বর দিতে হইবে, তাহা শ্রবণ করুন। আপনার নির্ম্মিত লোকে কেহ যেন আমার তুল্য বলবান্ না হয় এবং শিববীর্য্য হইতে সমুৎপন্ন পুত্র যখন সেনাপতি

ইত্যুক্তে চ তদা তেন ব্রহ্মা লোকপিতামহঃ।
বরঞ্চ তাদৃশং দত্ত্বা দেবানুজ্ঞাপরায়ণঃ।
জগাম ভবনং স্বীয়ং দাহঃ শান্তিমুপাগতঃ॥ ২৭
দৈত্যোঽপি তপসস্তস্মাদ্বিররাম মহামুনে।
বরং লব্ধ্বা শুভং তত্র শোণিতাখ্যং পুরং গতঃ॥ ২৮
ইতস্ততশ্চ তে দৈত্যা মিলিতাস্তমথাব্রুবন্।
রাজা ভব ত্বমস্মাকং ত্রিলোক্যাং তারকাসুর॥ ২৯
অভিষিক্তো হি তৈ রাজ্যে দৈত্যাধীশোঽভবৎ পুরা
আজ্ঞাং প্রবর্ত্তয়ামাস পৃথিব্যাং নান্যশাসনম্॥ ৩০
ব্রহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চান্যে বিজাতয়ঃ।
সর্ব্বে বৈ পীড়িতাস্তেন তারকেণ দুরাত্মনা॥ ৩১
দেবাশ্চ দানবাশ্চান্যে যক্ষাঃ কিম্পুরুষাস্তদা।
পীড়িতাঃ সর্ব্ব এবৈতে তেভ্যো রত্নান্যুপাদদে॥৩২
ইন্দ্রাদিভিশ্চ দিক্‌পালৈঃ স্বীয়ং রত্নং সমর্পিতম্।
ইন্দ্রেণোচ্চৈঃশ্রবাস্তস্মৈ ধর্ম্মেণ রত্নদণ্ডকম্॥ ৩৩
কুবেরেণ গদা তস্মৈ নিধয়ো নব এব চ।
বরুণেন হয়াঃ শুদ্ধা ঋষিভিঃ কামধুক্ তথা॥ ৩৪
যত্র যত্র শুভং দৃষ্টং তত্তদানীতবাংস্তদা।
সমুদ্রশ্চ তথা রত্নান্যদাৎ তস্মৈ পুরা মুনে॥ ৩৫
সূর্য্যশ্চ তপ্যতে তাবদ্যাবদ্দুঃখং ন জায়তে।
চন্দ্রস্তত্র সদা দৃশ্যো বায়ুঃ সর্ব্বানুকূলবান্॥ ৩৬
দেবানাঞ্চৈব যদ্ধব্যং পিতৄণাং কব্যমেব চ।
তৎ সর্ব্বং সমুপাদত্তমসুরেণ বলীয়সা॥ ৩৭
ত্রৈলোক্যঞ্চৈব তৎ সর্ব্বং তারকাজ্ঞাপরায়ণম্।
তে দেবাশ্চ সদা তত্র সেবামার্গপরায়ণাঃ॥ ৩৮
ঋষয়শ্চ তদা সর্ব্বে তদাজ্ঞাপরিপালকাঃ।
যক্ষাঃ কিম্পুরুষাশ্চান্যে কিং পুনর্মানুষা ইমে॥৩৯
দেবোদ্যানানি সর্ব্বাণি তীর্থান্যপি মহামুনে।
আনীতানি গৃহে তেন ন কিঞ্চিদবশেষিতম্॥ ৪০

||4762

হইয়া আমার উপর অস্ত্র নিক্ষেপ করিবেন; তখনই যেন আমার বিনাশ হয়। দেবগণ-প্রেরিত লোক-পিতামহ ব্রহ্মা, তারকাসুরের এই কথা শ্রবণান্তে তাহাকে তাদৃশ বর প্রদান করিয়া আপনার ভবনে প্রত্যাগমন করিলেন, তৎক্ষণাৎ দাহেরও শান্তি হইল। হে মহামুনে! সেই দৈত্যও শুভবর লাভ করিয়া তাদৃশ তপস্যা হইতে বিরত হইল এবং শোণিত নামক পুরে গমন করিল। তখন চতুর্দ্দিক্ হইতে দৈত্যগণ মিলিত হইয়া তাহাকে বলিল, হে তারকাসুর! তুমি এই ত্রিলোকের মধ্যে আমাদিগের রাজা হও। পূর্ব্বকালে সেই দৈত্যগণ কর্তৃক অভিষিক্ত হইয়া তারকাসুর দৈত্যাধীশ হইয়াছিল এবং পৃথিবীতে একাধিপত্য স্থাপন করিয়াছিল। ২১—৩০। সেই দুরাত্মা তারকাসুর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং অন্যান্য দ্বিজাতিদিগকে পীড়িত করিয়াছিল। দেবতা এবং যাহারা তাহার সম্প্রদায়ভুক্ত নয়, এইরূপ অন্য দানব, যক্ষ ও কিম্পুরুষগণ, ইহারা সকলে তাহা কর্তৃক উৎপীড়িত হইয়াছিল; ঐ তারকাসুর তাহাদিগের নিকট হইতে রত্ন সকল গ্রহণ করিয়াছিল। ইন্দ্রাদি দিক্‌পালগণ নিজে নিজেই স্ব স্ব শ্রেষ্ঠ বস্তু তাহাকে অর্পণ করিয়াছিলেন। যথা,—ইন্দ্র উচ্চৈঃশ্রব অশ্ব এবং ধর্ম্ম রত্নময় দণ্ড তাহাকে উপহার প্রদান করিয়াছিলেন। কুবের তাহাকে গদা এবং নবটী নিধি দান করিয়াছিলেন। বরুণ বিশুদ্ধ অশ্ব এবং ঋষিগণ কামধেনু দান করিয়াছিলেন। যেখানে যেখানে যে কোন শুভবস্তু দেখিতে পাইয়াছিল, তারকাসুর তাহাই গ্রহণ করিয়াছিল। হে মুনে! সমুদ্রও তাহাকে রত্ন সকল দান করিয়াছিলেন। তাহার রাজ্যে সূর্য্য তত্টুকুমাত্র তেজ প্রকাশ করিতেন, যাহাতে লোকের দুঃখ হইত না। তাহার রাজ্যে সকল দিনই চন্দ্রের উদয় হইত এবং অনুকূল বায়ু সর্ব্বদা বহন করিত। সেই বলবান অসুর, দেবগণের হব্য এবং পিতৃগণের কব্য গ্রহণ করিয়াছিল। সমুদয় ত্রৈলোক্য তারকাসুরের আজ্ঞানুবর্ত্তী হইয়াছিল; সেই সকল দেবগণ সর্ব্বদা তাহার সেবায় নিযুক্ত ছিলেন। ঋষিগণ, যক্ষগণ কিম্পুরুষগণ ইহারা সকলে যখন তাহার আজ্ঞাপ্রতিপালনে নিযুক্ত হইয়াছিলেন, তখন মনুষ্যদিগের ত কথাই নাই। হে মহামুনে! সেই তারকাসুর নিজের গৃহে যাবতীয় দেবোদ্যান ও তীর্থই আনয়ন করিয়া-

এবং বর্ষাণানেকানি গতানি পীড়িতাস্তদা।
সর্ব্বে দেবা মিলিত্বা চ ব্রহ্মাণং শরণং গতাঃ ॥৪১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
তারকোপাখ্যানে দেবগমনং নাম
নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

তে সর্ব্বে চ তদা গত্বা ব্রহ্মাণং জগতঃ প্রভুম্।
নমস্কৃত্য স্থিতাস্তত্র নম্রীভূতা ঋষীশ্বরাঃ ॥ ১
তান বিষণ্ণান্ তদা তত্র দৃষ্ট্বোবাচ পিতামহঃ।
অত্র কথং প্রাপ্তাঃ কিং দুঃখং ভবতাং পুনঃ।
তদহং মোচয়িষ্যামি সাধ্যং যদি ভবেদিহ ॥ ২
ইত্যেতদ্বচনং শ্রুত্বা ব্রহ্মণঃ পরমর্ষয়ঃ।
দেবাঃ সমুচরাঃ সর্ব্বে বচনঞ্চেদমব্রুবন ॥ ৩

দেবা ঊচুঃ।

ভবতঃ কিমবিজ্ঞাতং দুঃখঞ্চ যদুপস্থিতম্।
তারকাচ্চৈব যদ্দুঃখং সম্ভূতং পরমেশ্বর ॥ ৪
তদ্দুঃখং নাশয় ত্বঞ্চ বয়ং সর্ব্বে সমাগতাঃ।
ইত্যেবং বচনং শ্রুত্বা ব্রহ্মা বচনমব্রবীৎ ॥ ৫

ব্রহ্মোবাচ।

মত্তো নৈব বধো যোগ্যো মত্তো বৃদ্ধিমুপাগতঃ।
উপায়ং বো দিশাম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ ॥ ৬
শিববীর্য্যসমুৎপন্নঃ পুত্রস্তেনং হনিষ্যতি।
তচ্চৈব দুর্লভং দেবা বিচার্য্যৈবং নিরন্তরম্ ॥ ৭
বুদ্ধিরেকা সমুৎপন্না তথা চ ক্রিয়তে যদি।
হিমবচ্ছিখরে রম্যে শত্রুস্তপ্যতি নিত্যশঃ ॥ ৮
সখীভ্যাং সহিতা তত্র পরিচর্য্যাং শিবস্য চ।
বচনান্নারদস্যৈবমুমা পিত্রানুশাসিতা ॥ ৯

ছন; কিছুই বাকি রাখে নাই। এইরূপে অনেক বৎসর গত হইলে সেই পীড়িত দেবগণ মিলিত হইয়া ব্রহ্মার শরণাগত হই-লেন ৩১—৪১।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

সূত বলিলেন,—হে ঋষীশ্বরগণ! তখন সেই দেবগণ জগতের প্রভু ব্রহ্মাকে প্রাপ্ত হইয়া নমস্কার করিয়া তাঁহার অগ্রে নম্রভাবে অবস্থান করিতে লাগিলেন। পিতামহ ব্রহ্মা তাঁহা-দিগকে বিষণ্ণ দেখিয়া বলিলেন, তোমরা কি নিমিত্ত এখানে আসিয়াছ এবং তোমাদের দুঃখই বা কি? যদি আমার সাধ্য হয়, তাহা হইলে আমি তোমাদিগের দুঃখমোচন করিব। হে মহর্ষিগণ! ব্রহ্মার এই কথা শুনিয়া সেই অনুচর-সহিত দেবগণ ব্রহ্মাকে এই কথা সকল বলিয়াছিলেন। দেবগণ বলিলেন, আমাদের যে দুঃখ, তাহা আপনার অবিদিত কিছুই নাই হে পরমেশ্বর! ঐ দুঃখ, তারকাসুর হইতে সম্ভূত হইয়াছে, আপনি উহার নাশ করুন; এইজন্য আমরা সকলে আগত হইয়াছি। এই কথা শুনিয়া ব্রহ্মা বলিলেন,—সেই তারকা-সুর যখন আমার নিকট হইতে বৃদ্ধি প্রাপ্ত হই-য়াছে, তখন আমি আর উহার নাশ করিতে পারি না। ব্রহ্মা বলিলেন, হে ঋষিগণ!* তোমাদিগকে উপায় বলিতেছি, শ্রবণ কর শিববীর্য্য হইতে উৎপন্ন পুত্র উহাকে বিনাশ করিবে। হে দেবগণ! সেই কার্য্য অতি দুর্লভ, এইরূপ নিরন্তর বিচার করত আমার একরূপ বুদ্ধি হইয়াছে, দেখ, যদি করিতে পার। মহাদেব একাকী সর্ব্বদা হিমালয়ের সুরম্য শিখরদেশে তপস্যা করিতেছেন এবং নারদের বচনে পিতার অনুমতিক্রমে উমাদেবী

* যদিও পূর্ব্বে কেবল দেবগণের ব্রহ্মার নিকট গমনের কথা আছে, কিন্তু ১৭ শ্লোকে ঋষিগণও সেই সঙ্গে ছিলেন, এইরূপ আভাস পাওয়া যায়, এখানে সম্বোধন অসঙ্গত নয়।

করোতীহ গুহিশ্রেষ্ঠাভক্ত্যা সংযোগতাং ব্রজেৎ।
যদা শিবস্তদা তত্র তস্যাং বীর্য্যং সমাবপেৎ॥১০
ততঃ সেৎস্যতি বঃ কার্য্যং ভবিষ্যতি ন চান্যথা।
শিববীর্য্যং সমাধাতুং কথা নান্যাপরা শিবা॥১১
যথা বীর্য্যং মদীয়ং বৈ জলরূপধরঃ শিবঃ।
সমাধাতুং সমর্থোঽস্তি তস্মাদন্যো ন বৈ সুতঃ॥১২
অথোপায়ং করিষ্যধ্বং তদা সিদ্ধির্ভবিষ্যতি।
ইত্যেবং বচনং তস্য শ্রুত্বা তে সর্ব্ব এব হি॥১৩
নমস্কৃত্য সুরাস্তত্র বিচার্য্য তু পরস্পরম্‌।
তে সর্ব্বে তু নমস্কৃত্য সর্ব্বং কার্য্যং ন্যবেদয়ন॥১৪
যথা যথা শিবারৈব * রুচিরুৎপদ্যতে তথা।
মঘবংস্ত্বয়া চ কর্ত্তব্যং ব্রহ্মোক্তং সর্ব্বমেব তৎ॥১৫
ইত্যেবং সকলং দেবং নিবেদ্য বিধিবৎ পুনঃ।
জগ্মুস্তে মুনয়ো দেবাঃ স্বং স্বং স্থানং মুদান্বিতাঃ॥
গতেষু তেষু দেবেন্দ্রঃ সস্মার মকরধ্বজম্‌।
আগতস্তৎক্ষণাদেব রত্যা যুক্তঃ স্মরঃ প্রভুঃ॥১৭
প্রণামঞ্চ ততঃ কৃত্বা স্থিত্বা প্রাঞ্জলিরব্রবীৎ।
কিং কার্য্যং তে সমুৎপন্নং স্মৃতোঽহং কেন হেতুনা
তৎ ত্বং কথয় দেবেশ তৎ কর্ত্তুং সমুপাগতঃ।
ইত্যুক্তা তু মহেন্দ্রায় স্থিতস্তূষ্ণীং তথা স হ॥১৯
ইন্দ্রোঽপি বচনং শ্রুত্বা কন্দর্পস্য মহাত্মনঃ।
উবাচ বচনং তং বৈ যুক্তং যুক্তমিতি স্তুবন্॥২০

ইন্দ্র উবাচ।

ত্বয়া সাধু সমারব্ধং যৎ তে কার্য্যমুপস্থিতম্‌।
তৎ কর্ত্তুমুদ্যতোঽসি ত্বং ধন্যস্ত্বং মকরধ্বজ॥২১
প্রস্তুতং শৃণু মদ্বাক্যং কথয়ামি তবানঘ॥২২
মদীয়ঞ্চৈব যৎ কার্য্যং তৎ ত্বদীয়ং ন চান্যথা।
মিত্রাণি মম সন্তোষ তত্তুল্যানি কদাচ ন॥২৩
জয়ার্থং মম দেবেন নির্ম্মিতং বজ্রমুত্তমম্‌।

সখীগণের সহিত সেই স্থানে তাঁহার পরিচর্য্যা করিতেছেন; অতএব এই স্থানেই শিবের সহিত উঁহার সংযোগ হইতে পারে। যখন শিব সেই স্থানে উঁহাতে স্বীয় বীর্য্য বপন করিবেন, তখনই তোমাদের কার্য্যসিদ্ধি হইবে, সে বিষয়ে কোন সংশয় নাই। যেমন জলরূপী মহাদেব ভিন্ন আমার বীর্য্য ধারণ করিতে অন্য কেহই সমর্থ হয় না; তদ্রূপ শিব-বীর্য্য ধারণ করিতে সেই দেবীশ্রেষ্ঠা শিবা ভিন্ন অন্য কোন নারী সমর্থ নহে। ১—১১। অতএব তোমরা সেই উপায় সঙ্ঘটন কর, তাহা হইলে সিদ্ধিলাভ হইবে। সেই সকল দেবগণ ব্রহ্মার এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে নমস্কার করণানন্তর পরস্পর বিবেচনা করিয়া ইন্দ্রকে নিবেদন করিলেন;—হে মঘবন! ব্রহ্মা যে উপায় বলিয়া দিয়াছেন, আপনি অবশ্য তাহার অনুষ্ঠান করিবেন এবং যে উপায়ে শিবের কাম-প্রবৃত্তি হইতে পারে, তাহা আপনার কর্ত্তব্য। সেই সকল মুনিগণ এবং দেবগণ ইন্দ্রদেবকে যথারীতি ব্রহ্মার বাক্য সকল নিবেদন করিয়া হৃষ্টান্তঃকরণে স্ব স্ব স্থানে গমন করিলেন।

তাঁহারা গমন করিলে ইন্দ্র কন্দর্পকে স্মরণ করিলেন। স্মরণমাত্রেই সেই প্রভাবশালী কন্দর্প রতির সহিত সেই স্থানে সমাগত হইয়া প্রণামপূর্ব্বক তাঁহার সম্মুখে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া বলিতে লাগিলেন,—আপনার কি আবশ্যক হইয়াছে? আমাকে কি কারণে স্মরণ করিয়াছেন? হে দেবেশ! আমাকে যথার্থ আজ্ঞা করুন, আমি উহা সম্পাদন করিতেই আগত হইয়াছি। কন্দর্প ইন্দ্রকে এই কথা বলিয়া রতির সহিত নীরবে অবস্থান করিতে লাগিলেন। ১২—১৯। ইন্দ্রও মহাত্মা কন্দর্পের সেই বাক্য শ্রবণ করিয়া, তুমি ঠিক ঠিক অনুমান করিয়াছ' এইরূপে প্রশংসা করত তাঁহাকে বলিলেন,—হে মকরধ্বজ! তুমি উত্তম বিবেচনা করিয়াছ; তোমার যেরূপ কার্য্য উপস্থিত হউক না, তুমি যে তাহা করিতে উদ্যুক্ত হইয়াছ, তজ্জন্য তোমাকে ধন্যবাদ। হে অনঘ! সম্প্রতি তোমার যে কার্য্য উপস্থিত তাহা আমি বলিতেছি, শ্রবণ কর। আমার যে কার্য্য, তাহা তোমারই কার্য্য; আমার অনেক মিত্র আছেন বটে, কিন্তু তোমার তুল্য কেহ নাই। আমার জয়ের নিমিত্ত পরমেশ্বর পূর্ব্বে

* শিবায়াস্তু বৈ ইতি পাঠান্তরম্‌।

…দস্থং তথাবেব দেবেন নির্ম্মিতঃ পুরা ॥ ২৪
…ং হিংসাত্মকং বিদ্ধি ভবান্ সুখকরং মতম্।
…ারপি ভবানদ্য শ্রেষ্ঠঃ সর্ব্বেষু সত্তম ॥ ২৫
…স্তু নিষ্ফলং স্যাদ্বৈ ত্বন্তু নৈব কদাপি হি।
…স্য হিতং প্রকুর্য্যেত ততঃ কো নু প্রিয়ঃ পরঃ ॥
…মিত্রবরত্বঞ্চ কার্য্যং কর্ত্তুমিহার্হসি ॥ ২৭
…দুঃখং সমুৎপন্নমসাধ্যং বহুকালিকম্।
…নপি নৈব তচ্ছক্যং দূরীকর্ত্তুং ত্বয়া বিনা ॥ ২৮
…তুর্ভেব পরীক্ষা বৈ দুর্ভিক্ষে জায়তে নৃভিঃ।
…স্যৈব তু সংগ্রামে মিত্রস্য চ তথাপদি ॥ ২৯
…ক্তৌ চ তথ শীলং বিপত্তৌ সুহৃদস্য চ।
…স্য চ পরে স্নেহা সতাস্ত সঙ্কটে পতে।
…ক্ষ তু তুলীয়াদ্য মিত্রবর্য্য ভবিষ্যতি ॥ ৩০
…কেবলং মনীষয়া কার্য্যং দেবসুখমতম্
…প্রার্থিতস্য সুঃ কর্ত্তুং কর্য্যং ত্বয়া তাতম্ ॥ ৩১

ইত্যেবং মঘবদ্বাক্যং শ্রুত্বা তু মকরধ্বজঃ।
উবাচ প্রেমগর্ভীয়ং গদগদস্মিতপূর্ব্বকম্ ॥ ৩২

কাম উবাচ।

কিমর্থং ভাষসে দেব নাত্তরং হ্যাবয়োরিহ।
উপকুং কৃত্রিমো লোকে দৃশ্যতে কথনেন চ ॥ ৩৩
কর্ম্মণৈব চ যো ত্রুধং স কিং কার্য্যং করিষ্যতি।
তথাপিচ মহারাজ কথয়ামি শৃণুষ তৎ ॥ ৩৪
মুক্তিমার্গং সমাপন্নং তে শত্রুং পাতয়াম্যহম্।
তে পদং কাঙ্ক্ষিতুং যো বৈ তপস্তপ্যতি দারুণম্ ॥ ৩৫
ক্ষণেন পাতয়াম্যেনং কটাক্ষেণ স্ত্রিয়াস্তথা।
দেবং বা দানবং বাপি ঋষিং বা দেবসত্তম ॥ ৩৬
মানুষাণাং ন বৈ মেহত্র পতনা পাতনে মতা।
বজ্রং তিষ্ঠতু দূরে বৈ শস্ত্রাণ্যস্ত্রাণ্যনেকশঃ ॥ ৩৭
কিং তে কার্য্যং করিষ্যন্তি ময়ি মিত্রে স্থিতে প্রভো।
অস্ত্রেষাং পতনঃ নাস্তি পাতয়ামি দ্রুতং যদি ॥ ৩৮

…ল বজ্র নামে একটী অস্ত্র নির্ম্মাণ করিয়াছেন, …র একটী অস্ত্র তোমাকে নির্ম্মাণ করিয়াছেন। … হিংসাত্মক, তুমি অতি সুখকর। হে …ম! ঐ দুয়ের মধ্যে সকল বিষয়ে তুমিই …ষ্ঠ। বজ্র কখন কখন নিষ্ফল হয়, কিন্তু …া কখন নিষ্ফল হও না। যেহেতু তুমি …রর হিতকর, অতএব তোমা অপেক্ষা আর … প্রিয় আছে? এই নিমিত্ত তুমি মিত্রপ্রবর …ং তুমিই এই কার্য্য করিতে উপযুক্ত পাত্র। …মার অনেক দিন অবধি একটী অসাধ্য দুঃখ …পন্ন হইয়াছে; তোমা ভিন্ন আর কেহই ঐ …া দূর করিতে সমর্থ নয়। দেখ দুর্ভিক্ষ …েই মনুষ্যগণ দাতার পরীক্ষা করিতে পারে। …রূপ যুদ্ধে বীরের পরীক্ষা, আপৎকালে …ত্রের পরীক্ষা, অশক্তি কালে স্ত্রীদিগের এবং …ত্তি কালে সুহৃদের পরীক্ষা হয়। যেমন …াক্ষে স্নেহের পরীক্ষা এবং সঙ্কট সময়ে …্যর পরীক্ষা হয়, হে মিত্রবর্য্য! সেইরূপ …া তোমারও পরীক্ষা হইবে। ২০—৩০। …ল ইহা আমার একলার কার্য্য নয়, ইহা …ল দেবগণের সুখাবহ কার্য্য। আমরা …গ, দেবগণ প্রার্থনা করিতেছি, তুমি এই …

তত্তকার্য্য অবশ্য করিবে। মকরধ্বজ ইন্দ্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া স্মিতমুখে গদগদস্বরে প্রেমপূর্ণ বাক্য বলিলেন। কাম বলিলেন, হে দেব! আপনি কি নিমিত্ত এত বলিতেছেন? এই সংসারে আমাদের দুজনের মধ্যে কিছুই ভেদ নাই। লোকে, উপকারের নিমিত্ত প্রার্থিত ব্যক্তি যদি কেবল কতকগুলি বাক্য বলে, তাহা হইলে কৃত্রিম বলিয়া জ্ঞাত হয়। যে, মুখে বাগাড়ম্বর করে, তাহা দ্বারা কি কার্য্য হইতে পারে? তথাপি হে মহারাজ! আমি কিঞ্চিৎ বলিতেছি, শ্রবণ করুন। যদি আপনার কোন শত্রু মুক্তিমার্গ প্রাপ্ত হইতে ইচ্ছা করিয়া থাকে, তাহা হইলে আমি তাহাকে সেই পথ হইতে পাতিত করিব। হে দেবসত্তম! যদি দেব, দানব অথবা কোন ঋষি আপনার পদ লাভ করিবার জন্য দারুণ তপশ্চরণে নিযুক্ত হইয়া থাকে, তাহা হইলে আমি ক্ষণকালের মধ্যেই স্ত্রীর কটাক্ষ দ্বারা তাহার সেই তপস্যার ভঙ্গ করিব। মনুষ্যের নিপাতনে ত আমার কিঞ্চিন্মাত্র চিন্তা হয় না। আপনার বজ্র বা অন্যান্য নানাবিধ অস্ত্র দূরে থাকুক; হে প্রভো! আমি মিত্র থাকিতে ঐ সকল অস্ত্রের প্রয়োজন কি?

এবন্তু বচনং তস্য শ্রুত্বা হর্ষমুপাগতঃ।
উবাচ প্রণমন্ বাচং কামং কান্তাসুখাবহম্ ॥ ৩৯
ইন্দ্র উবাচ।
যং কার্য্যং মনসোদ্দিষ্টং তৎ কার্য্যং কথিতং ত্বয়া।
শৃণু কাম প্রবক্ষ্যামি যদর্থং স্মরণং তব ॥ ৪০
তারকাখ্যো মহাদৈত্যো ব্রহ্মণো বরমুত্তমম্।
সম্প্রাপ্য পীড়য়তে লোকান্ নষ্টধর্ম্মা হ্যনেকশঃ ॥ ৪১
দুঃখিতা দেবতাঃ সর্ব্বা ঋষয়শ্চ তথামলাঃ।
দেবাস্ত্রাণ্যাহবে তত্র বিফলান্যভবন প্রভো ॥ ৪২
মরণং নৈব তস্যেশং ভবিষ্যতি কদাচন।
এতস্য মরণং প্রোক্তং শম্ভুবীর্য্যাদ্দুরাত্মনঃ ॥ ৪৩
এতৎ কার্য্যং ত্বয়া সাধ্যং দেবানাং পরমং সুখম্।
মমাপি চ হিতং লোকে কর্ত্তুমর্হসি সাম্প্রতম্ ॥ ৪৪
শম্ভুশ্চ গিরিরাজে বৈ তপঃ পরমমাস্থিতঃ।
তৎসমীপে চ সেবার্থং পার্ব্বতী সখীসংযুতা।
তিষ্ঠতি চ মহারাজ পিত্রাজ্ঞয়া ময়া শ্রুতম্ ॥ ৪৫
যথা তস্যাং রুচিস্তস্য শিবস্য পরমাত্মনঃ।
জায়তে নিতরাং কাম তথা কার্য্যং ত্বয়া ধ্রুবম্ ॥ ৪৬
ইতি কৃত্বা কৃতী স্যাত্ত্বং দুঃখঞ্চৈব গমিষ্যতি।
লোকস্বাস্থ্যং প্রতাপাৎ তে ভবিষ্যতি ন চান্যথা ॥
ইত্যুক্তঃ স তু কামো বৈ প্রফুল্লমুখপঙ্কজঃ।
অব্রবীৎ তং তদা তত্র হিতমুৎপাদয়ন্ প্রভুম্ ॥ ৪৮
প্রেম্ণা স্নিগ্ধঞ্চ দেবেশং করিষ্যামি ন সংশয়ঃ ॥ ৪৯
ইত্যুক্ত্বা বচনং তস্মৈ তথেত্যোমিতি তদ্বচঃ।
গৃহীত্বা শিরসা কামঃ সদারঃ সবসন্তকঃ ॥ ৫০
যত্র চৈব হরঃ সাক্ষাৎ তপতে পরমং তপঃ।
তত্র গত্বা মধুশ্চাদৌ ধর্ম্মং বিস্তারয়ন্ স্থিতঃ ॥ ৫১
বসন্তস্য চ যে ধর্ম্মাস্তে ধর্ম্মাস্তদ্বনে গতাঃ।
বনানি চ প্রফুল্লানি পলাশানাঞ্চ তদ্বনে ॥ ৫৩
পুষ্পাণি সহকারেষু অশোকবনিকাসু চ।

আমি আর কাহাকেও গণনা করি না, স্বয়ং মহাদেবেরও ধৈর্য্যচ্যুতি করিতে পারি ৩১—৩৮। ইন্দ্র, মদনের এই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত হর্ষ প্রাপ্ত হইলেন এবং রতির কর্ণসুখকর বাক্যের রচনা করিয়া কন্দর্পকে বলিলেন,—আমাদের মনের উদ্দিষ্ট কার্য্য তুমি ব্যক্ত করিলে, অতএব হে কাম! তোমাকে যে জন্য স্মরণ করিয়াছি, তাহা শ্রবণ কর। তারক নামে মহাদৈত্য ব্রহ্মার নিকট হইতে উত্তম বর প্রাপ্ত হইয়া লোককে ব্যথিত করিতেছে এবং তাহার দ্বারা অনেক প্রকারে ধর্ম্ম সকল নষ্ট হইতেছে। হে প্রভাবশালিন কন্দর্প! সমুদয় দেবগণ ও অমলস্বভাব ঋষিগণ তাহা হইতে অতিশয় দুঃখ পাইতেছেন এবং তাহার নিকট দেবগণের অস্ত্র সকল নিষ্ফল হইয়াছে। তাহার কখনই সাধারণ উপায়ে মৃত্যু হইবে না; কারণ মহাদেবের বীর্য্য হইতেই সেই দুরাত্মার মরণ নির্দ্ধারিত হইয়াছে। এই দেবগণের পরম সুখকর কার্য্য তোমা কর্ত্তৃকই সাধিত হইবে এবং এই সংসারে উহা আমারও হিতকর; অতএব তুমি উহা সম্পাদন কর। মহাদেব এক্ষণে হিমালয়ে পরম তপস্যার অনুষ্ঠান করিতেছেন এবং তাঁহার নিকটে পিতার আজ্ঞায় পার্ব্বতী সখী-সমভিব্যাহারে সেবার নিমিত্ত অবস্থান করিতেছেন; হে মহারাজ কন্দর্প! আমি এই কথা শুনিয়াছি। অতএব সেই পার্ব্বতীর উপর পরমাত্মা মহাদেবের কামপ্রবৃত্তি যাহাতে উৎপন্ন হয়, হে কাম! তুমি নিশ্চয় সেইরূপ কার্য্য করিবে। এই কার্য্য নিষ্পাদন করিতে পারিলে তুমিও যশস্বী হইবে এবং আমাদেরও দুঃখ দূর হইবে। তোমার প্রতাপে যে লোকের স্বাস্থ্য হইবে, তাহাতে কোন সংশয় নাই। ইন্দ্র কর্ত্তৃক এইরূপে উক্ত হইয়া মদনের মুখপঙ্কজ প্রফুল্ল হই[ল] এবং সেই প্রভু ইন্দ্রকে হিতযুক্ত বাক্য বলিলেন,—আমি নিশ্চয়ই সেই দেবদেব মহাদেবে[র] হৃদয় প্রেমে আদ্র করিব। ৩৯—৪৯। মদ[ন] ইন্দ্রকে এই কথা বলিয়া ওঁ বলিয়া অবনত মস্তকে ইন্দ্রের বাক্য গ্রহণ করিয়া, যে স্থা[নে] মহাদেব স্বয়ং সেই পরম তপস্যার অনুষ্ঠা[ন] করিতেছিলেন, সেই স্থানে রতি এবং বসন্তে[র] সহিত উপস্থিত হইলেন। বসন্ত সেই স্থানে প্রথমে আপনার ধর্ম্ম প্রকাশ করিল। বসন্তে[র] ধর্ম্ম সকল সেই বনে প্রকাশিত হইলে, ব[ন] সকল প্রফুল্ল হইল এবং সেই বনে পলাশ

বকুলেষু চ পুষ্পাণি ভ্রমরাকুলিতানি চ ॥ ৫৩
তিলকেষু তথৈকেষু কোকিলাকলকূজিতম্।
ভ্রমরাণাং তথা শব্দো হ্যন্যেকেষু মহামুনে ॥ ৫৪
চন্দ্রস্য বিশদা হ্যাসন্ কিরণা দূতিকা ইব।
মানিনঃ প্রেরয়ামাসুঃ কালে কামপদার্পিতাম্ * ॥ ৫৫
মারুতশ্চ সুখস্পর্শো ববৌ বিরহিণাং প্রিয়ঃ।
বনৌকসাং তদা তত্র মুনীনাং দুঃসহো হ্যভূৎ ॥ ৫৬
অচেতনানাং তত্রাসীৎ কামাসক্তিঃ সচেতসাম্।
অকালিনীং প্রবৃত্তিঞ্চ মধোর্বীক্ষ্য হরস্তদা ॥ ৫৭
আস্থায় পরমং গত্বা তপঃ পরমদুষ্করম্।
তপ্যমাস তত্রৈব হরো দুঃখহরঃ পরঃ ॥ ৫৮
বসন্তে প্রসৃতে তত্র কামো রতিসমন্বিতঃ।
চূতং বাণং সমাকৃষ্য স্থিতঃ পার্শ্বে তু বামতঃ ॥ ৫৯

দৃষ্ট্বা যুক্তং তদা কামং দৃষ্ট্বা কো বা ন মোহিতঃ
এতস্মিন্নন্তরে দেবী পুষ্পাভরণভূষিতা ॥ ৬০
সখীভ্যাং সংযুতা তত্র যত্র তিষ্ঠত্যরঃ স্বয়ম্।
জগাম শিবপূজার্থং নীত্বা পুষ্পাণ্যনেকশঃ ॥ ৬১
পৃথিব্যাং যাদৃশং লোকে সৌন্দর্য্যং বিবিধং মহৎ।
তৎ সর্ব্বমেকতস্থস্থং পার্ব্বত্যান্তু বিনির্ম্মিতম্ ॥ ৬২
আর্ত্তবানি চ পুষ্পাণি ধৃতানি চ তয়া তদা।
তৎ সৌন্দর্য্যং কথং বর্ণ্যমপি বর্ষশতৈরপি ॥ ৬৩
যদা শিবসমীপে তু গতা সা পর্ব্বতাত্মজা।
তদৈব কন্দর্পশ্চাপং প্রচার্য্যং শূলপাণিনঃ ॥ ৬৪
তচ্চাপং পতিতং হস্তাৎ পার্শ্বে তস্য চ বৈ তদা।
তত্র গত্বোপলক্ষ্যা বৈ দৃষ্টঃ শম্ভুঃ স্বয়ং তদা ॥ ৬৫
নমস্কৃত্য তদা পূজাং কৃত্বাসীৎ পুরতঃ স্থিতা।
সা দৃষ্টা প্রভুণা তত্র সুন্দরাঙ্গং বিভ্রতী ॥ ৬৬
শিবোঽপি বর্ণয়ামাস তদঙ্গং সুন্দরং তদা।
কিং মুখং কিং শশাঙ্কশ্চ কিং নেত্রে চোৎপলে
মতে।

সময়ে অশোক ও বকুল বৃক্ষসমূহে পুষ্পোদ্গম হইল এবং তাহাতে ভ্রমরগণ ঝঙ্কার করিতে লাগিল। হে মহামুনে! সেই বনে তিলকুল সকল প্রফুল্ল হইল। কোন কোন বৃক্ষে কোকিলগণ কুহুরব করিতে লাগিল এবং কোন কোন বৃক্ষে ভ্রমরগণ নানাবিধ শব্দ করিতে লাগিল। সেই সময় চন্দ্রের কিরণ অতিশয় নির্মল হইল এবং দূতীর ন্যায় মানী জনকে কন্দর্পের আজ্ঞাধীন করিয়া প্রিয়ার নিকট পাঠাইতে লাগিল। বিরহিগণের সুখসেব্য বায়ু মৃদু বহিতে লাগিল এবং উহা সেই বনবাসী মুনিদিগের পক্ষে অতিশয় দুঃসহ হইয়া উঠিল। অধিক কি সেইকালে অচেতন সচেতন সকলেরই কামপ্রবৃত্তি উদ্দীপিত হইল। সেই শ্রেষ্ঠ দুঃখহর মহাদেব বসন্তের আকালিকী প্রবৃত্তি দেখিয়া বিস্ময়াবিষ্টচিত্তে দৃঢ়তার সহিত সেই পরম দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিতে লাগিলেন। বসন্ত সেই বন অধিকার করিলে কন্দর্প রতির সহিত মিলিত হইয়া এবং চূতবাণ আকর্ষণ করিয়া সেই দেবদেবের বামপার্শ্বে অবস্থান করিতে লাগিল। এ সংসারে এমন কে আছে, যে, রতির সহিত কন্দর্পকে অবলোকন করিয়া বিমোহিত না হয়? এই সময় দেবী পার্ব্বতী পুষ্পাভরণে ভূষিতা হইয়া যেখানে স্বয়ং মহেশ্বর বিরাজ করিতেছিলেন, সেই স্থানে সখীদ্বয়ের সহিত নানাবিধ পুষ্প লইয়া শিবপূজার্থে গমন করিলেন ৫১—৬০। পৃথিবীতে যত প্রকার উত্তম উত্তম সৌন্দর্য্য আছে, তৎসমুদয় মিলিত হইয়া নিশ্চয় পার্ব্বতীতে অবস্থান করিতেছিল, আবার সেই সৌন্দর্য্যের উপর ঋতুকালীন পুষ্প সমুদয়ে বিভূষিত হওয়ায় তাঁহার যে সৌন্দর্য্য বৃদ্ধি পাইয়াছিল, তাহা শত বৎসরেও বর্ণনীয় নহে। যখন সেই পর্ব্বতাত্মজা দেবী শিবের সমীপে উপস্থিত হইলেন, তখনই কন্দর্প শূলপাণির কামপ্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত ধনুক আকর্ষণ করিয়াছিলেন। তখন তাঁহার ধনুক প্রথমে হস্ত হইতে পার্শ্বে খসিয়া পড়িল। এই অবসরে সেই উৎপলাক্ষী পার্ব্বতী সেই স্থানে গমন করিয়া স্বয়ং মহাদেবকে দর্শন করিলেন। পার্ব্বতী প্রণামপূর্ব্বক পূজা করিয়া তাঁহার অগ্রে দাঁড়াইলে প্রভু মহাদেব সেই সুন্দর অবয়বোদ্ভাসিনীকে দর্শন করিলেন

* অকালে কামদর্পিতামিতি পাঠান্তরম্।

ভ্রূকুটৌ ধনুষী চৈব কন্দর্পস্য মহাত্মনঃ॥ ৬৭
অধরঃ কিঞ্চ বিম্বঞ্চ কিং নাসা শুকচঞ্চুকা।
কিং স্বরঃ কোকিলালাপঃ কিং মধ্যঞ্চৈব বেদিকা
কিং গতির্বর্ণ্যতে হ্যস্যাঃ কিং রূপং বর্ণ্যতে মুহুঃ।
পুষ্পাণি বর্ণ্যতে কিঞ্চ বস্ত্রাণি চ পুনঃ পুনঃ॥ ৬৯
লালিত্যঞ্চৈব যৎ সৃষ্টৌ তদেকত্র বিনির্ম্মিতম্।
ইত্যেবং বর্ণয়িত্বা তু তপসো বিররাম হ॥ ৭০
হস্তং বস্ত্রাঞ্চলে যাবৎ তাবচ্চ দূরতো গতা।
স্ত্রীস্বভাবাৎ তদা সা চ লজ্জিতা সুন্দরী স্বয়ম্॥
বিবৃণ্বতী তথাঙ্গানি পশ্যন্তী চ মুহুর্ম্মুহুঃ।
এবং চেষ্টাং তদা দৃষ্ট্বা শম্ভুর্মোহমুপাগমৎ॥ ৭২
যদ্যালিঙ্গনমেতস্যাঃ করোমি কিং পুনঃ সুখম্।
ক্ষণমাত্রং বিচার্য্যৈবং কিমহং মোহমাগতঃ॥ ৭৩

ঈশ্বরোঽহং যদীচ্ছেয়ং পরাঙ্গস্পর্শনং মুদা।
তর্হি কোঽন্যতমঃ ক্ষুদ্রঃ কিং কিং নৈব করিষ্যতি
এবং বিবেকমাসাদ্য পর্য্যঙ্কবন্ধনং দৃঢ়ম্।
রচয়ামাস সর্ব্বাত্মা ঈশ্বরঃ কিং পতেদিহ॥ ৭৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিব-তপোবর্ণনং নাম দশমোঽধ্যায়ঃ॥ ১০॥

তখন শিব তাঁহার অবয়বের বর্ণনা আরম্ভ করিলেন; যথা,—একি মুখ, না শশাঙ্ক? একি নেত্র, না উৎপল? ইহার ভ্রূকুটী নিশ্চয় কন্দর্পের ধনুর্দ্বয়। ইহার অধর পক্কবিম্বতুল্য এবং নাসিকা শুকপক্ষীর চঞ্চুর মত। ইহার আলাপ কি কোকিলের স্বর এবং মধ্য কি সাক্ষাৎ বেদী! ইহার গতি বা রূপের বিষয় কিরূপে কেমন করিয়া বর্ণন করিব? ইহার পুষ্প এবং বস্ত্রের বিষয়ই বা বারংবার কি বর্ণনা করিব? এই সংসারে যত প্রকার লালিত্য, তৎসমুদয় যেন একত্র করিয়া ইহার শরীর নির্ম্মিত হইয়াছে। এইরূপ বর্ণনা করিয়া, তিনি তপস্যা হইতে বিরত হইলেন। ৬২—৭০। তাহার পর তিনি যেমন পার্ব্বতীর বস্ত্রাঞ্চল ধরিবার নিমিত্ত হস্ত বাড়াইলেন, অমনি পার্ব্বতী একটু দূরে সরিয়া গেলেন। সেই সুন্দরী পার্ব্বতী স্ত্রীস্বভাব প্রযুক্ত স্বয়ং লজ্জিতা হইলেন এবং অঙ্গ দ্বারা হাব-ভাব প্রকাশ করত মহাদেবের দিকে বারংবার দেখিতে লাগিলেন। তখন শম্ভু পার্ব্বতীকে আপনার অভিলাষানুরূপিণী দেখিয়া মোহপ্রাপ্ত হইলেন এবং ইহার আলিঙ্গনসুখ অনুভব করিব কি, এইরূপ চিন্তা করিতে লাগিলেন। ক্ষণকাল এইরূপ চিন্তা করিয়া, তিনি পুনরায় ভাবিলেন, আমি কি মোহ প্রাপ্ত হইয়াছি? আমি ঈশ্বর হইয়াও যদি যদৃচ্ছাক্রমে আনন্দসহকারে পরাঙ্গ স্পর্শ করিতে প্রবৃত্ত হইলাম, তবে ক্ষুদ্র ব্যক্তির কি অন্যায় কার্য্য না করিবে? এইরূপ বিবেক লাভ করিয়া, তিনি দৃঢ়রূপে পর্য্যঙ্ক-বন্ধন (আসন বিশেষ) রচনা করিলেন। এ সংসারে ঈশ্বরের কি পতন আছে? ৭১—৭৫।

দশম অধ্যায় সমাপ্ত॥

একাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত সূত মহাভাগ কিং জাতঞ্চ ততঃ পরম্।
কথয় ত্বং প্রসাদেন কথাং পাপপ্রণাশিনীম্॥ ১

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠা যজ্জাতং তদনন্তরম্।
ধৈর্য্যস্য চ্যবনং দৃষ্ট্বা বিচারে তৎপরঃ শিবঃ॥ ২
কারণং কিঞ্চিদুৎপন্নং নন্বন্যথেদং ভবেদিতি।
দিশো বিলোকয়ামাস পরিতঃ শঙ্করস্তদা॥ ৩

একাদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! তাহার পর কি হইয়াছিল, অনুগ্রহপূর্ব্বক সে পাপনাশিনী কথার কীর্ত্তন কর। সূত বলিলেন—হে শ্রেষ্ঠ ঋষিগণ! তদনন্তর যাহা হইয়াছিল তাহা আপনারা শ্রবণ করুন। মহাদেব ধৈর্য্য স্খলন দেখিয়া চিন্তা-তৎপর হইলেন। অবশ্য এ বিষয়ে কোন কারণ উৎপন্ন হইয়াছে; কেননা কারণ ব্যতীত ইহা সঙ্ঘটন হইতে পারে না

বামভাগে স্থিতং কামং দদর্শ বাণকর্ষিণম্।
তং দৃষ্ট্বা ক্রোধসংযুক্তঃ সঞ্জাতস্তৎক্ষণাদপি ॥ ৪
অহো দুষ্টেন কামেন ন মুক্তোঽহং দুরাসদঃ।
ইত্যেবং মনসা ক্রুদ্ধঃ শিবঃ পরমকোপনঃ ॥ ৫
তৃতীয়াৎ তস্য নেত্রাদ্বৈ নিঃসসারাগ্নিরুচ্ছিখঃ।
ভস্মসাৎ কৃতবাংস্তেন মদনং তাবদেব হি ॥ ৬
যাবচ্চ মরুতাং বাচঃ ক্ষম্যতাং বৈ প্রভো ত্বয়া।
ভবন্তি চ ততঃ পূর্ব্বং হতোঽসৌ মকরধ্বজঃ ॥ ৭
হতে তস্মিন্ মহাবীর্য্যে দেবা দুঃখমুপাগতাঃ।
শিবোঽপি তৎক্ষণাদেব বিহায়াশ্রমমন্তগঃ ॥ ৮
বেগদীর্ঘীকৃতাত্মা চ গিরিরাজসুতা তদা।
সমাদায় সখীযুক্তা জগাম মন্দিরং স্বয়ম্ ॥ ৯
ক্ষণমাত্রং রতিস্তত্র বিসংজ্ঞা হ্যভবৎ তদা।
ভর্তৃজন্যক যদ্দুঃখং ন জ্ঞাতম্যর্ষিসত্তমাঃ ॥ ১০
জাতায়াঞ্চৈব সংজ্ঞায়াং রতির্দুঃখসমন্বিতা।
বিললাপ তদা তত্র বনমাসীৎ সুদুঃখিতম্ ॥ ১১
ময়ূরাশ্চৈব নৃত্যাং হি বৃক্ষাশ্চ চলনং জহুঃ।
মৃগাশ্চ ভ্রমণং ব্রহ্মন্ ভৃঙ্গা গুঞ্জারবং পুনঃ ॥ ১২
পক্ষিণশ্চ তদা বিপ্রা মূকাশ্চ মুনয়ো যথা।
বায়বশ্চলনং হিত্বা বান্তি নৈব দিশো দশ ॥ ১৩

রতিরুবাচ।

কিং করোমি ক্ব গচ্ছামি কিং কৃতং দৈবতৈরিহ।
স্বামিনস্ত সমাহূয় হা হা প্রিয় প্রিয়েতি চ ॥ ১৪
হস্তৌ পাদৌ তথাস্ফাল্য কেশানত্রোটয়ৎ তদা।
ব্রহ্মণা সদৃশো যোগো ন সোঢ়ো মম কর্ম্মণা * ॥
সুখদাতা ন কোঽপ্যস্তি দুঃখদাতা ন কশ্চন।
সর্ব্বোঽপি স্বকৃতং ভুঙ্‌ক্তে দেবাঃ শোচ্যা ময়া বৃথা
তদ্বিলাপং তদা শ্রুত্বা দেবাঃ শিবমুপাযযুঃ।
স্তুত্বা দেবং প্রপদ্যৈবং বচনঞ্চেদমব্রুবন্ ॥ ১৭

এইরূপ চিন্তা করিয়া, মহাদেব চতুর্দ্দিকে দৃষ্টি-ক্ষেপ করিলেন। তিনি দেখিলেন, বামভাগে [মদ]ন বাণ আকর্ষণ করিতেছে। তাহাকে [দে]খিয়া তৎক্ষণাৎ ক্রোধসংযুক্ত হইলেন। কি [আ]শ্চর্য্য! আমি এইরূপ দুর্দ্ধর্ষ হইয়াও দুরাশয় [ম]দন কর্তৃক পরিত্যক্ত হইলাম না! সদাশিব [এই]রূপ মনে মনে চিন্তা করিয়া অত্যন্ত কোপা-[ন্বিত] হইলেন। তখন তাঁহার ললাটস্থিত তৃতীয় [নেত্র] হইতে জ্বলন্ত অগ্নি নির্গত হইল এবং ঐ [অ]গ্নি তৎক্ষণাৎ মদনকে ভস্মসাৎ করিল। [হে] প্রভো! আপনি ক্ষমা করুন" দেবগণ [এই]রূপ বলিতে না বলিতে মকরধ্বজ কন্দর্প [ভস্মী]ভূত প্রাপ্ত হইলেন। সেই মহাবীর্য্য কন্দর্প [হ]ত হইলে দেবগণ অত্যন্ত দুঃখিত হইলেন। [শিব]ও তৎক্ষণাৎ সেই আশ্রম ত্যাগ করিয়া [অন্য]ত্র চলিয়া গেলেন। এদিকে গিরিরাজপুত্রী [পা]র্বতীও সখীদ্বয়ের সহিত দ্রুতবেগে স্বীয় গৃহে [প্র]ত্যাগমন করিলেন। হে শ্রেষ্ঠ ঋষিগণ! রতি [এ]ই সময় ক্ষণকালের জন্য মূর্চ্ছিত হইয়াছিলেন, [য]েহেতু প্রথমে ভর্তৃনাশ জন্য দুঃখ অনুভব [ক]রিতে পারেন নাই। ১—১০। তাহার পর [চৈত]ন্য লাভ করিয়া দুঃখাকুলা রতি এরূপ করুণ-স্বরে বিলাপ করিয়াছিলেন যে, তাহাতে নিখিল বন শোকাকুল হইয়াছিল। ময়ূরগণ নৃত্য ত্যাগ করিল, বৃক্ষগণ পবন-হিল্লোলের কম্পন ত্যাগ করিল, আর মৃগেরা ভ্রমণ এবং ভ্রমরেরা ঝঙ্কার ত্যাগ করিল, হে বিপ্রগণ! পক্ষী সকল তৎ-কালে বাচংযম ঋষির ন্যায় মূকতা অবলম্বন করিল এবং বায়ুগণ মৃদু চলন পরিত্যাগ করিয়া দশদিকে আর প্রবাহিত হইল না। রতি রোদন করিতে লাগিলেন—আমি কি করিব, কোথায় যাইব! আমার স্বামীকে ডাকিয়া দেবগণ আজ কি করিলে! হায় প্রিয়! তুমি কোথায়? রতি হস্তপদ আছাড়িয়া কেশ উপড়াইতে লাগিলেন এবং বলি-লেন, আমার কর্ম্মবশে ব্রহ্মা আমাদের সদৃশ স্ত্রী-পুরুষের যোগ সহ্য করিতে পারিলেন না। এই সংসারে সুখদাতাও কেহ নাই, দুঃখদাতাও কেহ নাই, সকলেই আপন আপন কর্ম্মফল ভোগ করে; অতএব আমি কেন বৃথা দেবগণের উপর অনুযোগ করিতেছি? তাঁহার সেই অতি বিলাপ শ্রবণ করিয়া দেবগণ শিবের নিকটে গমন করিয়া-ছিলেন এবং তাঁহার শরণাগত হইয়া স্তব করিতে

---

* ন জ্ঞায়েন ন কর্ম্মণেতি পাঠান্তরম্।

দেবা ঊচুঃ।

ভগবন্ শ্রূয়তামেতদ্বচনঞ্চ শুভং প্রভো।
কামেনৈব কৃতং যচ্চ ন স্বার্থং লোকশঙ্কর।
দুষ্টেন পীড়িতৈর্দেবৈঃ কারিতং তদ্ধি নান্যথা ॥১৮
রতিস্ত্বেকাকিনী দেবী বিলাপং দুঃখিতা সতী।
করোতি শঙ্কর ত্বঞ্চ প্রসন্নো ভব সর্ব্বথা ॥ ১৯
সংহারং কর্ত্তুকামোঽসি দৈবতৈঃ সহ শঙ্কর।
দুঃখং তস্যাস্তথা দৃষ্ট্বা নষ্টপ্রায়াশ্চ দেবতাঃ।
তস্মাৎ ত্বয়া চ কর্ত্তব্যং রত্যাঃ শোকাপনোদনম্ ॥
নমস্কৃত্য তদা দেবাঃ স্তুতিং কৃত্বা বিধানতঃ।
প্রসন্নং কৃতবন্তস্তে শিবং লোকসুখাবহম্ ॥ ২১
প্রসন্নো ভগবাংস্তত্র বচনঞ্চেদমব্রবীৎ ॥ ২২

শিব উবাচ।

দেবাশ্চ ঋষয়ঃ সর্ব্বে যজ্জাতং নান্যথা ভবেৎ ॥২৩
অনঙ্গস্তাবদেব স্যাদ্‌যাবচ্চ রুক্মিণীপতিঃ।
দ্বারকায়াং স্বয়ং স্থিত্বা পুত্রানুৎপাদয়িষ্যতি ॥ ২
ততঃ কৃষ্ণস্তু রুক্মিণ্যাং কামমুৎপাদয়িষ্যতি।
প্রদ্যুম্নো নাম তস্যৈব ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ২
জাতমাত্রন্তু তং দেবাঃ শম্বরঃ স হরিষ্যতি।
হৃত্বা প্রাপ্য সমুদ্রে বৈ নগরং স গমিষ্যতি ॥ ২
তাবচ্চ নগরে তস্য রত্যা স্থেয়ং যথাসুখম্।
তত্র কামং মিলিত্বা তু হত্বা শম্বরমাহবে ॥ ২৭
তদীয়ঞ্চৈব যদ্দ্রব্যং নীত্বা স্বনগরং পুনঃ।
গমিষ্যতি স্বয়ং সা বৈ দেবা সত্যং বচো মম।
ইত্যুক্ত্বান্তর্দধে রুদ্রো দেবানাং স্তুবতাং তদা ॥২
দেবাস্তাঞ্চ সমাসাদ্য রুদ্রস্য বচনাদ্রতিম্।
উক্ত্বা বচস্তদীয়ঞ্চ স্বং স্বং ভুবনমাযযুঃ ॥ ২৯
কামপত্নী যথাদিষ্টং নগরং সা গতা তদা।
প্রতীক্ষন্তী চ তং কালং রুদ্রাদিষ্টং মুনীশ্বরাঃ ॥৩
দেবাশ্চ দুঃখিতাঃ সর্ব্বে হা হা কিঞ্চ ভবিষ্যতি।
তারকস্য কথং নাশো ভবিষ্যতি পরস্পরম্ ॥ ৩১

লাগিলেন। দেবগণ বলিলেন, হে প্রভো! হে ভগবন্! আপনি আমাদের এই শুভবাক্য শ্রবণ করুন। হে লোকমঙ্গলকারিন্! কামদেব কোনরূপ স্বীয় স্বার্থ সাধনের জন্য এরূপ কার্য্য করে নাই। দুষ্ট তারকাসুর কর্তৃক পীড়িত দেবগণই তাহা দ্বারা এইরূপ কার্য্য করাইয়াছেন, অন্যথা কন্দর্পের এরূপ কার্য্যে প্রবৃত্তি হইত.না। এখন রতি সতী একাকিনী অতিশয় দুঃখিতা হইয়া বিলাপ করিতেছে। হে শঙ্কর! আপনি তাহার উপর সর্ব্বপ্রকারে প্রসন্ন হউন। হে শঙ্কর! আর কেন আপনি দেবগণের সহিত এই সংসারের সংহার করিতে প্রবৃত্ত হইয়াছেন? সেই রতির তথাবিধ দুঃখ দেখিয়া দেবগণ অতিশয় কাতর হইয়াছেন, অতএব আপনি রতির শোক অপনোদন করুন। ১১—২০। তখন দেবগণ বিধিপূর্ব্বক স্তব এবং প্রণাম করিয়া, লোকের মঙ্গলদাতা মহাদেবকে প্রসন্ন করিলেন। মহাদেব প্রসন্ন হইয়া বলিলেন,—হে নিখিল দেবগণ এবং ঋষিগণ! যাহা হইয়াছে, তাহার অন্যথা হইবে না। তবে যে পর্য্যন্ত রুক্মিণীপতি কৃষ্ণ স্বয়ং দ্বারকা নগরে অবস্থান করিয়া পুত্র উৎপাদন না করিবেন, তাবৎকাল পর্য্যন্ত কন্দর্প অনঙ্গরূপে অবস্থান করিবে। তাহার পর কৃষ্ণ রুক্মিণীদেবীর গর্ভে কন্দর্পকে উৎপাদন করিবেন এবং তখন তাহার নাম প্রদ্যু[illegible] হইবে, এ বিষয়ে কোন সংশয় নাই। হে দেবগণ! কন্দর্প জন্মগ্রহণ করিবামাত্র শম্বরাসু[illegible] তাহাকে হরণ করিবে এবং উহাকে হরণ করি[illegible] সমুদ্রের মধ্যস্থিত একটী নগরে গমন করিবে। সেই পর্য্যন্ত সেই নগরে রতি সুখে অবস্থা[illegible] করুন। সেই স্থানে কামের সহিত মিলিত হই[illegible] শম্বরাসুরকে যুদ্ধে নিহত এবং তাহার সমুদয় [illegible] আত্মসাৎ করিয়া পুনর্ব্বার স্বনগরে গমন করি[illegible]বেন। হে দেবগণ! আমি যাহা বলিল[illegible] সমুদয় সত্য জানিবা। মহাদেব এই কথা বলি[illegible] সেই স্তবকারী দেবগণের সম্মুখেই অন্তর্হি[illegible] হইলেন। দেবগণ মহাদেবের বাক্যানুসা[illegible] সেই রোরুদ্যমানা রতির নিকটে গমন করি[illegible] সেই সমুদয় বাক্য তাহাকে বলিয়া স্ব স্ব গৃ[illegible] গমন করিলেন আর কামপত্নী রতিও যথাদি[illegible] নগরে গমন করিলেন এবং হে মুনীশ্বরগণ! রু[illegible] সেই স্থানে মহাদেব কর্তৃক নির্দ্দিষ্টকালের প্রতীক্ষা করিতে লাগিলেন। ২১—৩০। দেব[illegible]

পিতুর্গৃহং তদা গত্বা মিলিত্বা মাতরং মুদা।
পুনর্জ্জাতং তদাত্মানং মেনে সা পর্ব্বতাত্মজা ॥৩২
নিনিন্দ চ স্বকং রূপং হা হতাস্মি তদাব্রবীৎ ॥৩৩
স্বপন্তী চ পিবন্তী চ হ্যশ্নন্তী গচ্ছতী তদা।
তিষ্ঠন্তী চ সখীমধ্যে ধিগ্‌রূপঞ্চ মদীয়কম্‌ ॥ ৩৪
ইতি সা দুঃখিতা তত্র স্মরন্তী হরচেষ্টিতম্‌।
সুখং ন লেভে কিঞ্চিদ্বৈ শিব শিবেতি সাব্রবীৎ ॥
এতস্মিন্‌ সময়ে তত্র নারদো হ্যগমৎ তদা।
পূজিতঃ সুখমাসীনঃ পৃষ্টঃ প্রাপ্তৌ শিবস্য চ ॥ ৩৬
উক্তবান্‌ বচনং হ্যেতৎ তপঃসাধ্যো হরঃ স্বয়ম্‌।
নান্যথা লভ্যতে দেবি দেবৈর্ব্রহ্মাদিকৈরপি ॥৩৮
ত্যেবং বচনং তস্যৈ নারদো ভগবৎপ্রিয়ঃ।
গাম স হরের্নাম গৃণন্‌ নারায়ণেতি চ ॥ ৩৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং-পার্ব্বতী পরাবর্ত্তনং নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
পার্ব্বতী চ তদা শ্রুত্বা বচনং নারদস্য চ।
তপঃসাধ্যং হরং মেনে তপোঽর্থং মন আদধে ॥১
মাতরং পিতরঞ্চৈব সখীভ্যাং পর্য্যপৃচ্ছত।
লজ্জমানা স্বয়ং বক্তুং পার্ব্বতী বিনয়ান্বিতা ॥ ২
সখ্যাবূচতুঃ।
হিমবন্‌ শ্রূয়তাং পুত্র্যা বচনং কথ্যতেঽধুনা।
সাফল্যঞ্চৈব দেহস্য রূপস্য চ তথা পুনঃ ॥ ৩
ভবতশ্চ কুলস্যাস্য সাফল্যং কর্ত্তুমিচ্ছতি।
তপসারাধনীয়োঽসৌ নান্যথা বশ্যতাং ব্রজেৎ ॥ ৪
তস্মাচ্চ পর্ব্বতশ্রেষ্ঠ দেয়াজ্ঞা ভবতাধুনা।
ইত্যেবঞ্চ তদা পৃষ্টো গিরিরাজোঽব্রবীদিদম্‌ ॥ ৫
হিমাচল উবাচ।
মহ্যঞ্চ রোচতে সখ্যো মেনায়ৈ রোচ্যতাং পুনঃ।

দুঃখিত হইয়া, 'কিরূপে তারকাসুরের নাশ ?' এই বলিয়া পরস্পর হাহাকার করিতে লেন। এদিকে পর্ব্বতদুহিতা উমা পিতৃ- গমন করিয়া মাতার সহিত মিলিত হইয়া াকে পুনর্জ্জাত বলিয়া বিবেচনা করিতে লেন। পার্ব্বতী 'হা হতাস্মি' বলিয়া আপ- রূপের নিন্দা করিতে লাগিলেন এবং তিনি েপ্নে, কি পানে, কি ভোজনে, কি গমনে, আর খীমধ্যে অবস্থানে, সকল কার্য্যই আপনার ক ধিক্কার দিতে লাগিলেন। পার্ব্বতী মহা- র সেই চেষ্টা স্মরণ করত অত্যন্ত দুঃখিত ন। তিনি কোন কাজে কিঞ্চিন্মাত্র সুখ লাভ না পারিয়া সর্ব্বদা মুখে 'শিব শিব' বলিতে লন। এই সময়ে নারদ ঋষি সেই স্থানে করিলেন। তিনি পূজিত ও সুখাসীন হইয়া বের প্রাপ্তি বিষয়ে পৃষ্ট হইয়া বলিলেন,— বি! মহাদেব স্বয়ং কেবল তপস্যা দ্বারা তপস্যা ভিন্ন ব্রহ্মাদি দেবগণও তাঁহাকে করিতে পারেন না। ভগবদ্ভক্ত নারদ সেই পার্ব্বতীকে এইরূপ বলিয়া হরিনাম কীর্ত্তন করিতে করিতে গমন করিলেন। ৩১—৩৮।

একাদশ অধ্যায় সমাপ্ত ॥

দ্বাদশ অধ্যায়।

সূত বলিলেন,—পার্ব্বতী নারদের বচন শুনিয়া, মহাদেবকে তপস্যা দ্বারা লভ্য বিবেচনা করিয়া তপস্যার নিমিত্ত মন স্থির করিলেন। তখন সেই বিনয়বতী পার্ব্বতী নিজমুখে বলিতে লজ্জিত হইয়া সখীদ্বারা মাতাপিতাকে জিজ্ঞাসা করিলেন। সখীদ্বয় বলিল, হে হিমালয়! আমরা এক্ষণে আপনার পুত্রীর কথা বলিতেছি, শ্রবণ করুন। তিনি এক্ষণে নিজের দেহ ও রূপের এবং আপনার কুলের সাফল্য করিতে ইচ্ছা করিতেছেন। যেহেতু মহাদেব তপস্যারই আরাধ্য, অন্য উপায়ে তিনি বশীভূত হইবার নহেন; অতএব হে পর্ব্বতশ্রেষ্ঠ! এক্ষণে তপস্যার নিমিত্ত অনুমতি প্রদান করুন। গিরিরাজ হিমালয় এইরূপে পৃষ্ট হইয়া বলিলেন,—হে সখীদ্বয়! এ কথায় আমার রুচি হইতেছে, এক্ষণে যাহাতে মেনকার রুচি হয়, তাহা কর। যদি

যদ্যেবং ভবিতব্যঞ্চ কিমতঃ পরমুত্তমম্ ॥ ৬
সাফল্যঞ্চ মদীয়স্য কুলস্য চ ন সংশয়ঃ।
মাত্রে চ রোচ্যতাং চেদ্বৈ ততঃ শুভতরং নু কিম্
ইত্যেবং বচনং পিত্রা হ্যুক্তং শ্রুত্বা তু তে তদা।
জগ্মতুর্মাতরং সখ্যৌ তদাজ্ঞপ্তে মুনীশ্বরাঃ ॥ ৮
গত্বা তু মাতরং তস্যা বচনং হ্যুচতুস্তদা।
মাতস্ত্বং বচনং পুত্র্যাঃ শ্রুত্বা কর্ত্তুমিহার্হসি ॥ ৯
তপ্তুকামাস্তি তে পুত্রী শিবার্থে পরমং তপঃ।
প্রাপ্তানুজ্ঞা পিতুশ্চৈব ভুভ্যঞ্চ পরিপৃচ্ছতি ॥ ১০
ইয়ঞ্চ রূপসাফল্যং কর্ত্তুকামা পতিব্রতা।
ত্বদাজ্ঞা যদি জায়েত তপ্যতে চ তয়াধুনা ॥ ১১
সমাকর্ণ্য বচস্তেতন্মেনা দুঃখমুপাগতা।
সমাহূয় তদা পুত্রীমুবাচ বিহ্বলা সতী ॥ ১২
দুঃখিতাসি কথং পুত্রি তপস্তপ্তং পুরা যদি।
প্রাপ্তং জন্ম গৃহে হ্যত্র কিং ন্যূনং তু ভবেদিহ ॥
কুত্র যাসি তপঃ কর্ত্তুং দেবাঃ সন্তি গৃহে মম।
তীর্থানি চ বিচিত্রাণি ন সন্তি তে পিতুর্গৃহে ॥১৪
ত্বয়াত্রৈব তপঃ কার্য্যং সিদ্ধিঃ স্যাদনপায়িনী।
সাধিতং কিং ত্বয়া গত্বা পুনঃ কিং সাধয়িষ্যসি ॥১
শরীরং কোমলং বৎসে তপস্তু কঠিনং মহৎ।
এতস্মাচ্চ ত্বয়া কার্য্যং স্থিত্বৈতৎ সুলভং ভবেৎ ॥
ইত্যেবং বহুধা পুত্রী মাত্রাপি বারিতা সতী।
সুখং নৈবাত্র সম্পেদে হ্যনারাধ্য শিবং তদা ॥ ১৭
দুঃখং জ্ঞাত্বা তদীয়ং সা মাত্রাজ্ঞপ্তা জগাম সা।
মাতরং পিতরঞ্চৈব প্রণিপত্য পুনস্তদা ॥ ১৮
সখীভ্যাং সংযুতা তত্র তপস্তপ্তুমুপায়যৌ।
হিত্বাভরণান্যনেকানি বস্ত্রাণি বিবিধানি চ ॥ ১৯
বল্কলঞ্চ তদা ধৃত্বা মৌঞ্জীং * বদ্ধা সুশোভনাম্

যদি, এই ঘটে, তাহা হইলে ইহা অপেক্ষা উত্তম কার্য্য আর কি আছে? ইহাতে আমার কুলের সাফল্য হইবে, সে বিষয়ে সংশয় নাই। এ কথা যদি তাঁহার মনোনীত হয়, তাহা হইলে ইহা অপেক্ষা শুভতর আর কি হইবে? হে মুনীশ্বরগণ! তখন সখীদ্বয় পার্ব্বতীর পিতা কর্ত্তৃক উক্ত এই বাক্য শ্রবণ করিয়া তাঁহার মাতার নিকট গমন করিল। তাহারা তাঁহার মাতার নিকট গমন করিয়া বলিল, হে মাতঃ! আপনি স্বীয় কন্যার বাক্য শ্রবণ করিয়া কর্ত্তব্য অবধারণ করুন। ১—৯। আপনার পুত্রী মহাদেবের নিমিত্ত পরম তপস্যার অনুষ্ঠান করিতে ইচ্ছা করিয়াছেন, পিতার আজ্ঞাও প্রাপ্ত হইয়াছেন; এক্ষণে আপনার অনুজ্ঞা প্রার্থনা করিতেছেন। সেই সতী এইরূপে স্বীয় রূপের সাফল্য করিতে অভিলাষিণী হইয়াছেন। এক্ষণে যদি তাহাতে আপনার আজ্ঞা হয়, তবে তিনি তপস্যায় প্রবৃত্তা হন। মেনকা সেই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত দুঃখিত হইলেন এবং বিহ্বল হইয়া আপনার পুত্রীকে ডাকিয়া বলিলেন, হে পুত্রি! তুমি কেন দুঃখিত হইয়াছ? পূর্ব্বে তপস্যা করিয়াছিলে বলিয়াই আমার গৃহে জন্মলাভ করিয়াছ; এখানে তোমার কিসের অভাব? তুমি তপস্যা করিতে কোথায় যাইবে? সকল দেবতাই আমার গৃহে আছেন এবং তোমার পিতার ভবনে সকল প্রকার তীর্থই অবস্থিত। অতএব তুমি এই স্থানে থাকিয়া তপস্যাচরণ কর, তাহাতে তোমার নিশ্চয় সিদ্ধিলাভ হইবে। তুমি সেই শিবে[র] নিকটে গমন করিয়া কি ফল লাভ করিলে তাহা অপেক্ষা অধিক আর কিই বা লা[ভ] করিবে? হে বৎসে! তোমার শরীর কোম[ল] তপস্যা অতি কঠিন; অতএব গৃহে থাকি[য়া] যাহা সুলভ হয়, তাহাই কর। কন্যা এইরূ[পে] নানা প্রকারে মাতা কর্ত্তৃক নিবারিত হইয়া[ও] মহাদেবের আরাধনা ব্যতীত আর কিছুতেই সুখ লাভ করিলেন না। মাতা তাঁহার দুঃ[খ] বুঝিতে পারিয়া তপস্যার জন্য আজ্ঞা করিলে তিনি মাতা এবং পিতাকে প্রণাম করিয়া পুনর্ব্বার শিবের আরাধনার্থ গমন করিলেন। তিনি নানাবিধ আভরণ এবং বস্ত্র পরিত্যাগ করিয়া সখীদ্বয়ের সহিত তপস্যা করিবার নিমিত্ত গ[মন] করিলেন। ১০—১৯। তিনি বল্কল ধা[রণ] ও সুশোভন মৌঞ্জী মেখলা বন্ধন করিলেন এ[বং]

* জীমিতি কচিৎ পাঠঃ।

হিত্বা হারং তদা চর্ম্ম মৃগস্য পরমং শুভম্ ॥ ২০
জগাম তপসে তত্র শৃঙ্গে স্যাং তীর্থমুত্তমম্।
গৌরীশিখরনামাসীৎ তপসঃ কারণাদিহ ॥ ২১
সুন্দরাশ্চ দ্রুমাস্তত্র পবিত্রাঃ ফলভাজিনঃ।
ভূমিশুদ্ধিং ততঃ কৃত্বা বিধায় বেদিকাং শুভাম্।
তয়া তপঃ সমারব্ধং মুনীনামপি দুষ্করম্ ॥ ২২
চাঞ্চল্যঞ্চ তদা হ্যাপ্য শরীরস্য বিশেষতঃ।
সূর্য্যে দৃষ্টিং সমাক্ষিপ্য চকার পরমং তপঃ ॥ ২৩
দীপ্তানাঞ্চ তথাগ্নীনাং মধ্যে স্থিত্বা তু বর্ষকে।
বর্ষাসু স্থণ্ডিলে স্থিত্বা শীতে জলসমীপগা ॥ ২৪
এবং তপঃ প্রকুর্ব্বাণা বৃক্ষানারোপয়ং তদা।
সিঞ্চতী প্রত্যহং তত্র হ্যাতিথ্যঞ্চাপ্যকল্পয়ং ॥ ২৫
বাতশ্চৈব তথা শীতো বৃষ্টিশ্চ বিবিধা তদা।
দুঃখঞ্চ বিবিধং তত্র গণিতং ন তয়া তথা ॥ ২৬
তথা তপস্তয়া তপ্তং মুনিভিশ্চ সুদুষ্করম্।
শ্রুত্বা তু ঋষয়স্তত্র বিস্ময়ং পরমং গতাঃ ॥ ২৭
দর্শনার্থং সমাজগ্মুঃ কীদৃক্ তপ্তং তপোঽনয়া।
মহতাং ধর্ম্মবৃদ্ধেষু গমনং শ্রেয় উচ্যতে ॥ ২৮
প্রমাণং বয়সো নাস্তি মান্যো ধর্ম্মঃ সদা বুধৈঃ।
শ্রুত্বা দৃষ্ট্বা তপস্তস্যাঃ কিমন্যৈঃ ক্রিয়তে তপঃ ॥২৯
জল্পন্তস্তে তদা তত্র কঠিনাঙ্গাশ্চ যে পুনঃ।
তদাশ্রমগতা যে চ বিরোধরহিতাস্তদা ॥ ৩০
সিংহা গাবস্তথান্যে চ রাগাদিদোষসংযুতাঃ।
তন্মহিম্নৈব তে তত্র নাবাধন্ত পরস্পরম্ ॥ ৩১
বৃক্ষাশ্চ সফলাস্তত্র তৃণানি বিবিধানি চ।
পুষ্পাণি চ বিচিত্রাণি তত্রাসন্নবিসত্তমাঃ ॥ ৩২
তদ্বনঞ্চ তদা সর্ব্বং কৈলাসেন সমন্বিতম্।
জাতঞ্চ তপসস্তস্যাঃ সিদ্ধরূপমভূৎ তদা ॥ ৩৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পার্ব্বতী-তপশ্চর্য্যাবর্ণনং নাম
দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

হার ত্যাগ করিয়া উৎকৃষ্ট মৃগচর্ম্ম গ্রহণ করি-লেন। যেখানে ভবিষ্যতে গৌরীশিখর নামক উত্তম তীর্থ হইবে, হিমালয়ের সেই শৃঙ্গে তপস্যার নিমিত্ত গমন করিলেন। সেই স্থানে অতি পবিত্র এবং ফলভরে অবনত সুন্দর বৃক্ষ সকল বিদ্যমান ছিল। তিনি সেই স্থানে গমন করিয়া ভূমির শুদ্ধি ও বেদিকা নির্ম্মাণপূর্ব্বক শরীরের চাঞ্চল্য বিশেষরূপে অবষ্টম্ভন করিয়া মুনিদিগেরও দুষ্কর তপস্যা করিতে আরম্ভ করি-লেন। তিনি উষ্ণকালে প্রদীপ্ত অগ্নি দ্বারা পরিবেষ্টিত হইয়া সূর্য্যে দৃষ্টিনিক্ষেপ করত, বর্ষা-কালে মৃত্তিকার উপর বাস করত ও শীতকালে জলমধ্যে প্রবিষ্ট হইয়া দুষ্কর তপস্যা করিতে লাগিলেন। এইরূপ তপশ্চরণের সময় কতক-গুলি বৃক্ষও রোপণ করিয়াছিলেন। তিনি প্রত্যহ ঐ সকল বৃক্ষে জলসেক করিতেন এবং অতিথিদিগেরও সমুচিত সৎকার করিতেন। বাত, আতপ, শীত, বৃষ্টি ও অন্য নানাবিধ দুঃখকে কিছুই গণনা করিতেন না। ফলতঃ তিনি, যাহা মুনিগণের দুষ্কর সেইরূপ তপস্যা করিয়া-ছিলেন। ঋষিগণ ইহা শ্রবণ করিয়া বিস্ময়া-বিষ্টচিত্তে তিনি কিরূপ তপস্যা করিতেছেন, তাহা দেখিবার নিমিত্ত আগমন করিয়াছিলেন। সাধুগণ ধর্ম্মবৃদ্ধের নিকট গমন শ্রেয়স্কর বিবে-চনা করেন, তাঁহারা বয়সের পরিমাণের উপর লক্ষ্য করেন না; কারণ পণ্ডিতগণ সর্ব্বদা ধর্ম্মেরই সম্মান করিয়া থাকেন। সেই কঠোর-শরীর ঋষিগণও তাঁহার তপস্যার বিষয় শ্রবণ এবং দর্শন করিয়া বলিতে লাগিলেন, অন্যে যে তপস্যা করে, তাহা কিছুই নয়। সিংহ, গো এবং অপর রাগাদি-দোষযুক্ত পরস্পর-বিরোধী জীব তাঁহার আশ্রমে গমন করিয়া নির্ব্বিরোধ হইয়াছিল। তাঁহার প্রভাবেই তাহারা কেহ কাহাকে পীড়া দিত না। হে শ্রেষ্ঠ ঋষিগণ! সেখানে বৃক্ষ সকল ফলাঢ্য, নানাবিধ তৃণ এবং বিচিত্র পুষ্প সকল বিকসিত হইয়াছিল। অধিক কি, সেই বন তখন কৈলাস পুরীর তুল্য রমণীয় হওয়ায় তাঁহার তপস্যার সিদ্ধিস্বরূপ লক্ষিত হইত। ২০—৩৩

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

এতস্মিন্ সময়ে দেবা ঋষয়ো নারদাদয়ঃ।
পার্ব্বত্যাস্তং তপো দৃষ্ট্বা তেজসা ব্যাপিতাস্তথা ॥১
জগ্মুস্তে চ তদা তত্র যত্রাস্তে বৃষভধ্বজঃ।
তত্র গত্বা চ তে দেবা নারদং প্রৈষয়ংস্তদা ॥ ২
নারদোঽপি তদা গত্বা দেবানাহূয় তাংস্ততঃ।
প্রণম্য শঙ্করং দেবং স্তুতিং চক্রুঃ পরস্পরম্ ॥ ৩

ঋষয় উচুঃ।

শম্ভুস্ত্বং শঙ্করোঽসি ত্বং দয়ালুস্ত্বং বিশেষতঃ।
পার্ব্বত্যা বৈ তপস্তপ্তং দারুণং লোকশোষণম্ ॥৪
অপূর্ব্বদৃষ্টং নো ভাবি দেব-দানবদুর্লভম্।
প্রীতো ভব ত্বমস্মাকং কুরু কার্য্যং সদাশিব ॥ ৫
ইত্যুক্তে নারদপ্রখ্যৈঃ শম্ভুর্বচনমব্রবীৎ।
দেবানামপ্যদর্শোঽহং তপসা দুষ্করেণ চ ॥ ৬
তয়া পর্ব্বতরাজস্য সুতয়া তপসা হৃহম্।
ক্রীতোঽস্মি বচনং তস্যাঃ করিষ্যামি ভবৎপ্রিয়ম্॥
অবশ্যমেতদ্ভবিতা নাত্র কার্য্যা বিচারণা।
গচ্ছত স্বপুরং তাবদ্যূয়মত্রাস্মি সংযতঃ ॥ ৮ ॥
স্বয়মেব করিষ্যামি কর্ত্তব্যং ভবতাং প্রিয়ম্।
আশ্বাস্য চ তদা শীঘ্রং শিবস্তং পরিপালকঃ ॥ ৯
ইত্যুক্ত্বা চ তদা দেবান্ বিসৃজ্য শঙ্করস্তদা।
জটিলং রূপমাস্থায় জগাম পার্ব্বতীবনম্ ॥ ১০
আগতঞ্চ তদা দৃষ্ট্বা শিবাপ্যপূজয়ৎ তদা।
বৃদ্ধঞ্চৈব স্থিতং দেবী পূজাং তস্য তদাকরোৎ ॥ ১১
ফল-পুষ্পাদিভিস্তত্র পূজিতং পরয়া মুদা।
স্থিতং তং নিদ্রয়া ব্যাপ্তং জরাজর্জ্জরিতং তদা।
পার্ব্বতী কুশলং তং বৈ পপ্রচ্ছ ত্বং কুতোগতঃ॥
ইতি পৃষ্টে তয়া তত্র হ্যুক্ত্বা স্বীয়ঞ্চ তাং পুনঃ।
পৃষ্টবান্ কপটেনৈব গোপয়ন্ রূপমুত্তমম্ ॥ ১৩

ত্রয়োদশ অধ্যায়।

সূত বলিলেন, এই সময়ে দেবগণ এবং নারদাদি ঋষিগণ পার্ব্বতীর সেই তপশ্চর্য্যা দেখিয়া সেই তপস্তেজে দেহ পরিপূর্ণ করিয়া, যে স্থানে বৃষভধ্বজ অবস্থান করিতেছিলেন, সেই স্থানে গমন করিলেন এবং তথায় গমন করিয়া সেই দেবগণ নারদকে মহাদেবের নিকট প্রেরণ করিলেন। নারদ সেইস্থানে গমন করিয়া দেবগণকে আহ্বান করিলেন এবং সকলে মিলিত হইয়া মহাদেবকে প্রণাম করিয়া স্তব করিতে লাগিলেন। ঋষিগণ বলিলেন, আপনি শম্ভু, শঙ্কর এবং বিশেষতঃ দয়ালু বলিয়া বিখ্যাত। এদিকে পার্ব্বতী লোকশোষণ নিদারুণ তপস্যার অনুষ্ঠান করিতেছেন। এইরূপ তপস্যা পূর্ব্বে কেহ দেখে নাই, পরেও কেহ অনুষ্ঠান করিতে পারিবে না, উহা দেব-দানবের দুর্লভ। হে সদাশিব! আপনি আমাদিগের উপর প্রীত হইয়া ঐ তপস্যার ফল প্রদান করুন। নারদাদি ঋষিগণ এইরূপ বলিলে পর শম্ভু বলিলেন,—দেবগণও দুষ্কর তপস্যা করিয়া আমাকে দেখিতে পান না; তথাপি আমি সেই পর্ব্বতরাজ-দুহিতার তপস্যা দ্বারা ক্রীত হইয়াছি। তোমাদিগের হিতকর তাঁহার বচন আমি অবশ্য প্রতিপালন করিব। ইহা অবশ্যই সংঘটিত হইবে, এ বিষয়ে কোন সন্দেহ করিও না। অতএব তোমরা স্ব স্ব ভবনে গমন কর; আমি এ বিষয়ে আবদ্ধ হইয়াছি। আমি নিজেই তোমাদিগের প্রিয়-কর্ত্তব্যের অনুষ্ঠান করিব। দেবগণকে সেইরূপে আশ্বাস দিয়া শিব শীঘ্রই স্ববাক্যপ্রতিপালনে তৎপর হইলেন। তখন শঙ্কর দেবগণকে এই কথা বলিয়া বিদায় দিয়া জটিল বৃদ্ধ ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া পার্ব্বতীর তপোবনে গমন করিলেন।—১—১০ শিবা পার্ব্বতীও তাঁহাকে আগত দেখিয়া অভ্যর্থনা করিলেন এবং সেই বৃদ্ধকে অবস্থিত দেখিয়া তাঁহার যথাযোগ্য পূজা করিলেন। তখন পার্ব্বতী—ফল-পুষ্পাদি দ্বারা পূজিত, অত্যন্ত হর্ষসহকারে অবস্থিত, জরা-জর্জ্জরিত এবং সর্ব্বদা নিদ্রা দ্বারা আক্রান্ত সেই অতিথিকে কুশলপ্রশ্নপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন,—আপনি কোথা হইতে আসিয়াছেন? পার্ব্বতী কর্ত্তৃক এইরূপে পৃষ্ট হইয়া মহাদেব আপনার পরিচ

অয়ি দেবি জলং হেতং ফলাদি চ নিরন্তরম্।
অবচ্ছিন্নং ভবেদত্র যথাশক্তি তপস্যসি ॥ ১৪
নবে বয়সি যদ্দেবি কৃতং বৈ তপ উত্তমম্।
অতঃকিঞ্চিদ্ধি পৃচ্ছেয়ং কথনীয়ং ত্বয়াধুনা ॥ ১৫
পূজাবিধিস্ত্বয়া দেবি কৃতো বৈ সর্ব্বথাত্মনা।
তস্মান্মৈত্রী চ সঞ্জাতা রহস্যং বদ মে শুভে ॥ ১৬
কিমিচ্ছসি বরং দেবি প্রষ্টুমিচ্ছাম্যতঃ পরম্।
ত্বয্যেব তপসো দেবি ফলং সর্ব্বং প্রদৃশ্যতে ॥ ১৭
বরার্থে চ তপশ্চেদ্বৈ তিষ্ঠতু তপ এব তং।
রত্নন্ত গ্রহীতারং বৈ ন পৃচ্ছতি গ্রহীষ্যতি * ১৮
ঈদৃশঞ্চৈব সৌন্দর্য্যং সর্ব্বং ব্যর্থীকৃতং ত্বয়া।
হিত্বাভরণান্যনেকানি চর্ম্মাদি চ ধৃতং ত্বয়া ॥ ১৯
তং সর্ব্বং কারণং ব্রূহি দৃষ্ট্বা হর্ষমুপাগমে ॥ ২০

দান করিয়া ছলে আপনার স্বরূপ গোপন করত তাহাকে জিজ্ঞাসা করিলেন,—অয়ি দেবি! তোমার এ স্থানে জল ও ফলাদি সর্ব্বদা পরিপূর্ণ ত? তুমি স্বীয় শক্তি অনুসারে তপস্যাচরণ করিতেছ ত? তুমি এই নবীন বয়সে যখন এতাদৃশ দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিতেছ, আমি তোমাকে কিংঃং জিজ্ঞাসা করিব, তুমি এক্ষণে যথাযথ উত্তর দান করিবে। হে দেবি! তুমি যখন সর্ব্বান্তঃকরণের সহিত আমার পূজা করিয়াছ, তখন তোমার সহিত আমার মৈত্রী উৎপন্ন হইয়াছে; অতএব হে শুভে! তুমি আমার নিকট রহস্য ব্যক্ত কর। হে দেবি! অতঃপর আমি এইমাত্র জিজ্ঞাসা করিতেছি যে, তুমি কিরূপ বর কামনা করিয়াছ? কারণ সকল প্রকার তপস্যার ফল তোমার আয়ত্ত বলিয়া বোধ হইতেছে। যদি মনোমত পতির কামনায় এইরূপ তপঃপ্রবৃত্তি হইয়া থাকে, তবে এক্ষণে তপস্যা হইতে নিবৃত্ত হও; কেননা রত্ন কখন গ্রহীতার কামনা করে না, গ্রহীতা নিজেই রত্নকে খুঁজিয়া লয়। তুমি যখন নানাবিধ আভরণ পরিত্যাগ করিয়া চর্ম্মাদি ধারণ করিয়াছ, তখন

* রত্নন্ত তদ্গ্রহীতারং স্বয়ং জ্ঞাত্বা গ্রহীষ্যতীতি ক্বচিৎ পাঠঃ।

ইতি পৃষ্টা তদা তেন সখীং প্রেরয়তী তদা।
তন্মুখেনৈব তং সর্ব্বং কথয়ামাস সুব্রতা ॥ ২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পার্ব্বতীতপোবর্ণনং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশনীম্।
যজ্জাতঞ্চ ততঃ পশ্চাৎ পার্ব্বতীশিবয়োস্তদা ॥ ১
তয়া চ প্রেরিতা তত্র সখী জটিলমাহ তং ॥ ২

সখ্যুবাচ।

শ্রূয়তাং বিপ্র বক্ষ্যামি যদি ত্বং শ্রোতুমিচ্ছসি।
যদর্থমেতয়া সখ্যা হ্যারব্ধং তপ উত্তমম্ ॥ ৩
হিত্বেন্দ্রপ্রমুখান্ দেবানৈশ্বর্য্যসংযুতানপি।

তোমার এই অলৌকিক সৌন্দর্য্য সকল একেবারে ব্যর্থ হইয়াছে। অতএব তুমি কারণ সকল বল, আমি শুনিয়া হর্ষ প্রাপ্ত হই। সেই বৃদ্ধ ব্রাহ্মণ কর্ত্তৃক এইরূপে পৃষ্ট হইয়া তিনি সখীকে বলিবার নিমিত্ত ইঙ্গিত করিলেন এবং সেই সুব্রতা পার্ব্বতী সখীমুখ হইতে আপনার সমুদয় বৃত্তান্ত বিজ্ঞাপন করিলেন। ১১—২২।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥

চতুর্দ্দশ অধ্যায়।

সূত বলিলেন—হে শ্রেষ্ঠ ঋষিগণ! পরে পার্ব্বতী ও মহাদেবের যেরূপ বৃত্তান্ত হইয়াছিল আপনারা সেই পাপপ্রণাশিনী কথা শ্রবণ করুন। পার্ব্বতী কর্ত্তৃক প্রেরিত হইয়া সখী সেই জটিলকে বলিল, হে বিপ্র! যদি আপনার শুনিতে ইচ্ছা হয় তবে আমি বলিতেছি শ্রবণ করুন। আমার সখী ঐশ্বর্য্য-সম্পন্ন ইন্দ্রাদি দেবগণকেও পরিত্যাগ করিয়া যাহার জন্য এই কঠোর তপস্যার অনুষ্ঠান করিতেছেন

পতিং পিনাকপাণিং বৈ প্রাপ্তুমিচ্ছতি সাম্প্রতম্ ॥
ইয়ং সখী মদীয়া বৈ বৃক্ষানারোপয়ৎ পুরা।
তেষু বৃক্ষেষু সঞ্জাতং ফলং পশ্য পুরঃ প্রভো ॥ ৫
মনোরথাঙ্কুরস্তস্যাঃ পশ্যামি ন কথঞ্চন।
রূপহার্য্যং শিবং দেবং মদনস্যাসুহারিণম্ ॥ ৬
তস্মাচ্চ নারদাদেশাং তপস্তপ্যতি দারুণম্।
যং তে পৃষ্টং ময়াখ্যাতং সখ্যাশ্চ সমভীপ্সিতম্ ॥৭
ইত্যেবং বচনং শ্রুত্বা জটিলো বাক্যমব্রবীৎ ॥৮

জটিল উবাচ।

সখ্যেদং কথিতং সত্যং পরিহাস উতাপি বা।
যথার্থং ন কথং দেবি মুখেন পরিভাষসে ॥ ৯
ইত্যুক্তে চ তদা তেন স্বয়ং নৈব সখী তদা।
উবাচ পার্ব্বতী দেবী তং তথৈব ন চান্যথা ॥ ১০
মনসা বচসা সাক্ষাদ্বৃতো বৈ শঙ্করো ময়া।
জানামি দুর্লভং বস্তু কথং প্রাপ্যং ময়া ভবেৎ ॥
তথাপি মনসৌৎসুক্যাৎ তপ্যতে চ ময়াধুনা।
ইত্যুক্ত্বা বচনং তস্মৈ স্থিতা সা গিরিজা তদা ॥১২
উবাচ ব্রাহ্মণস্তত্র ময়া চ গম্যতেঽধুনা।
এতাবৎ কালপর্য্যন্তং মমেচ্ছা মহতী হ্যভূৎ ॥ ১৩
কিং বস্তু কাম্যতী দেবী দৃষ্ট্বা যামি স্তবন্ ক্রমম্।
অবগতং ময়া সম্যক্ ত্বন্মুখাৎ সুন্দরি শ্রুতম্ ॥১৪
ইতো গচ্ছাম্যহং দেবি যথেচ্ছসি তথা কুরু।
ন কথ্যতে ময়া তুভ্যং মিত্রত্বং নিষ্ফলং ভবেৎ ॥
যথা কার্য্যং যথা ভাবি কথনীয়ং শুভেন চ। *
ইত্যুক্ত্বা বচনং তস্মৈ যাবদগন্তুমিয়েষ সঃ ॥ ১৬
তাবচ্চ পার্ব্বতী দেবী হ্যবাচ কিং গমিষ্যসি।
ইত্যুক্তে চ তয়া তত্র স্থিত্বোবাচ স দণ্ডধৃক্ ॥ ১৭

দণ্ডধৃগুবাচ।

শৃণু দেবী প্রবক্ষ্যামি মিত্রত্বাদুচ্যতে ময়া।
ইতশ্চ প্রথমং ত্বং মে মান্যা পূজ্যা সদা শুভা ॥১৮

তাহা শ্রবণ করুন। আমার এই সখী সম্প্রতি পিনাকপাণি মহাদেবকে পতিরূপে লাভ করিতে ইচ্ছা করিয়াছেন। ইনি প্রথমে কতকগুলি বৃক্ষ রোপণ করিয়াছিলেন, হে প্রভো! দেখুন সেই সকল বৃক্ষে ফল উৎপন্ন হইয়াছে কিন্তু অদ্যাপি ইহাঁর মনোরথের কোনরূপ অঙ্কুরও দেখিতেছি না। মদনসংহারী মহাদেব রূপহার্য্য অর্থাৎ সৌন্দর্য্যের বশ্য নহেন, এই নিমিত্ত দেবর্ষি নারদের উপদেশানুসারে কঠোর তপস্যায় ব্রতী হইয়াছেন। আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি সখীর ঈপ্সিত সেই সমুদয়ই বলিলাম। তখন সেই জটিল সেই বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন—সখী এই যাহা বলিল ইহা কি সত্য না পরিহাস? হে দেবি! নিজ মুখে সত্য কথা কেন বলিতেছ না? ব্রাহ্মণ এই কথা বলিলে সখী আর কিছুই বলিল না। পার্ব্বতী দেবী নিজেই বলিলেন—ইহা সম্পূর্ণ সত্য, কিছুই মিথ্যা নহে। আমি মন ও বাক্য দ্বারা সেই শঙ্করকেই পতিত্বে বরণ করিয়াছি। আমি তাঁহাকে দুর্লভ বস্তু বলিয়া জানি, তিনি কিরূপে সহজে প্রাপ্য হইবেন? ১—১১। তথাপি আমি মনের ঔৎসুক্য বশতঃ এক্ষণে এই নিদারুণ তপস্যার অনুষ্ঠান করিতেছি। সেই ব্রাহ্মণকে এই কথা বলিয়া পার্ব্বতী নীরবে অবস্থান করিলেন। তখন সেই ব্রাহ্মণ বলিলেন,—আমি এক্ষণে গমন করি। এতক্ষণ অবধি আমার মনে বড় আশার উদয় হইয়াছিল যে, দেবী কিরূপ দুর্লভ বস্তুর কামনা করিয়াছেন, তাহা জানিয়া ইহাঁর তপস্যায় সাধুবাদ দিয়া গমন করিব; হে সুন্দরি! এক্ষণে তোমার নিজ মুখে শুনিয়া সকলই সম্যক্‌রূপে অবগত হইলাম, (আর কেন?) আমি এ স্থান হইতে চলিলাম, তোমার যাহা ইচ্ছা, তাহাই কর আমি তোমাকে কিছুই বলিতে ইচ্ছা করি না। তাহাতে মিত্রতা নিষ্ফল হয়, হউক; কারণ হে শুভে! ভবিতব্যতা অনুসারেই লোকে কার্য্য করিয়া থাকে; সে বিষয়ে কিছুই বলা উচিত নয়। এই কথা বলিয়া সেই ব্রাহ্মণ তৎক্ষণাৎ গমন করিতে ইচ্ছা করিলেন। তখন পার্ব্বতী দেবী তাঁহাকে বলিলেন,—কেন আপনি গমন করিতেছেন? পার্ব্বতী এই কথা বলিলে, সেই দণ্ডধারী সেই স্থানে থাকিয়া বলিতে লাগিলেন,—হে দেবি! আমি মিত্রতাপ্রযুক্ত যাহা

* শুভং ন চেতি পাঠান্তরম্।

ইদানীং তদ্বিপরীতং জাতং মে নাত্র সংশয়ঃ।
ইতি কৃতং ত্বয়ৈবেব তচ্চৈব শ্রূয়তামিতি ॥ ১৯
দত্ত্বা সুবর্ণমুদ্রাঞ্চ কাচং গ্রহীতুমিচ্ছসি।
হিত্বা চ চন্দনং শুভ্রং কর্দ্দমং লেপ্তুমীহসে ॥ ২০
নাগঞ্চ বাহনং হিত্বা বলীবর্দ্দং ত্বমিচ্ছসি।
গাঙ্গং জলম্পরিত্যজ্য কূপোদকং সমীহসে ॥ ২১
সূর্য্যতেজঃ পরিত্যজ্য খদ্যোতদ্যুতিমিচ্ছসি।
চীনাংশুকং * বিহায়ৈব চর্ম্মাম্বরমুপাসসে ॥ ২২
গৃহে বাসঞ্চ বৈ দেবি ত্যক্ত্বা বনং সমীহসে।
করোষি ত্বঞ্চ দেবেশ ন যুক্তং কর্ত্তুমুদ্যতা ॥ ২৩
তথা ত্বং সর্ব্বদেবানাং হিত্বা চ সন্নিধিং পুনঃ।
ইচ্ছসি অসুরাণাঞ্চ ন যুক্তং ক্রিয়তে ত্বয়া ॥ ২৪
ইন্দ্রাদিলোকপালাংশ্চ হিত্বা শিবমনুব্রতে।
নৈতদ্যুক্তং হি লোকেষু বিরুদ্ধং দৃশ্যতেঽধুনা ॥ ২৫

ক্ব ত্বং কমলপত্রাক্ষি ক্ব চাসৌ চ ত্রিলোচনঃ।
শশাঙ্কবদনা ত্বঞ্চ পঞ্চবক্ত্রঃ শিবঃ স্মৃতঃ ॥ ২৬
কবর্য্যাশ্চৈব তে রূপং বর্ণিতুং নৈব শক্যতে।
জটাজূটং শিবস্যৈব প্রসিদ্ধং পরিচক্ষতে ॥ ২৭
চন্দনঞ্চ ত্বদীয়েঽঙ্গে চিতাভস্ম শিবস্য চ।
ক্ব দুকূলং ত্বদীয়ং বৈ গজাজিনমথাশুভম্ ॥ ২৮
ক্বাঙ্গদাদীনি দিব্যানি ক্ব সর্পাঃ শঙ্করস্য চ।
ক্ব চ বা দেবতাঃ সর্ব্বাঃ ক্ব চ ভূতাবলিঃ প্রিয়ে ॥ ২৯
ক্বাসৌ মৃদঙ্গনাদো বৈ ক্ব চাপি ডমরুস্তদা।
ক্ব চ ভেরীকলাপশ্চ ক্ব চ শৃঙ্গীরবোঽশুভঃ ॥ ৩০
ক্ব চ ঢক্কাময়ঃ শব্দো গল্লনাদঃ ক্ব চাপি হি।
ভবত্যাশ্চ শিবস্যৈব ন যুক্তং রূপমুত্তমম্ ॥ ৩১
বপুশ্চৈব বিরূপাক্ষং জন্ম ন জ্ঞায়তে কদা।

বলিতেছি, শ্রবণ কর। ইহার পূর্ব্বে তুমি আমার সম্মান এবং ভক্তির পাত্র হইয়াছিলে; কিন্তু এক্ষণে আমার যে, সে ভাবের বৈপরীত্য ঘটিয়াছে, সে বিষয়ে কোন সন্দেহ নাই; এরূপ বৈপরীত্য তুমিই করিয়াছ; কেন,—তাহা শ্রবণ কর। তুমি সুবর্ণ ত্যাগ করিয়া কাচ গ্রহণ করিতে ইচ্ছা করিয়াছ এবং চন্দন ত্যাগ করিয়া কর্দ্দম লেপন করিতে ইচ্ছা করিয়াছ। তুমি হস্তী ত্যাগ করিয়া বলীবর্দ্দকে বাহন করিতে এবং গঙ্গাজল পরিত্যাগ করিয়া, কূপোদক পান করিতে অভিলাষ করিয়াছ। তুমি সূর্য্যজ্যোতিঃ পরিহার করিয়া খদ্যোতের দ্যুতি গ্রহণ এবং চীনাংশুক পরিত্যাগপূর্ব্বক চর্ম্মাম্বর পরিধান করিতে রুচি করিয়াছ। ১২—২২। যেমন গৃহবাস পরিত্যাগ করিয়া বনবাসে রুচি করা, হে দেবেশি! তুমিও সেইরূপ অযুক্ত কার্য্য করিতে উদ্যত হইয়াছ। সমুদয় দেবগণের সন্নিধি পরিত্যাগপূর্ব্বক অসুরগণের সহবাস ইচ্ছা করা যেমন, তুমিও সেইরূপ অযুক্ত কার্য্যের আচরণ করিতেছ। কারণ তুমি ইন্দ্রাদি দেবগণকে পরিত্যাগ করিয়া মহাদেবের উপর যে অনুরক্ত হইয়াছ, ইহা লোকে যুক্তিযুক্ত কার্য্য নহে; বরং সম্প্রতি লোকবিরুদ্ধই হইয়াছে। হে পদ্মপলাশলোচনে! তুমি কোথায়, আর সেই তিনচোখ শিবই বা কোথায়? আরও দেখ, তুমি শশাঙ্কবদনা, আর সেই শিব পাঁচমুখো। তোমার কবরীর সৌন্দর্য্য বর্ণনাতীত; আর সেই শিবের মাথা কতকগুলা জটাজুটে পরিপূর্ণ। তোমার অঙ্গ চন্দনে চর্চ্চিত, আর শিবের অঙ্গ ভস্ম-ধূসরিত; তোমার দিব্য দুকূলই বা কোথায় আর মহাদেবের সেই অশুভ গজাজিনই বা কোথায়? হে প্রীতিদায়িনি! তোমার সেই অঙ্গদাদি দিব্য আভরণই বা কোথায়, আর মহাদেবের সেই ভয়ঙ্কর সর্পগণই বা কোথায়? কোথায় তোমার আত্মীয় সেই সমুদয় দেবগণ, আর কোথায় বা সেই মহাদেবের পারিষদ ভূতগণ? কোথায় তোমার পিতার গৃহে মৃদঙ্গের শব্দ, আর কোথায়ই বা মহাদেবের সেই ডমরু? কোথায় তোমাদিগের গৃহে দুন্দুভিসমূহ, আর কোথায়ই বা মহাদেবের সেই অশুভ শিঙ্গার রব? কোথায় তোমাদের গৃহে পটহাদি প্রচুর বাদ্যের নিনাদ, আর কোথায়ই বা মহাদেবের গালবাদ্য? অতএব তোমার এবং শিবের সংযোগে কখনই যুক্তিযুক্ত নহে। ২৩—৩১। মহাদেবের শরীর বিরূপাক্ষ

* চিত্রাংশুকমিতি কচিৎ পাঠঃ।

যদি ধনং ভবেৎ তস্য কথং দিগম্বরোভবেৎ ॥ ৩২
বরেষু যে গুণাঃ প্রোক্তা একোঽপি ন শিবে স্মৃতঃ।
বাহনঞ্চ বলীবর্দ্দো বসনং চর্ম্ম এব চ ॥ ৩৩
যদি গ্রাহী ভবেৎ সো হি কথঞ্চ মদনং দহেৎ।
সহায়াস্ত পিশাচাশ্চ বিষং কণ্ঠে বিরাজতে ॥ ৩৪
অনাদরস্তথা দৃষ্টো হিত্বা বনমুপাগতঃ।
জাতির্ন লভ্যতে তস্য বিদ্যাজ্ঞানং ন দৃশ্যতে ॥ ৩৫
একাকী চ সদা নিত্যং বিরাগী চ বিশেষতঃ।
তস্মাৎ ত্বন্তু শিবে নৈব মনো যোক্তুমিহার্হসি ॥৩৬
ক্ব চ হারস্তদীয়ো বৈ ক্ব চ বৈ রুণ্ডমালিকা।
সর্ব্বং বিরোধি রূপঞ্চ তব চৈব শিবস্য চ ॥ ৩৭
মহ্যং ন রোচতে দেবি যদিচ্ছসি তথা কুরু।
ময়া বিদিতো দেবঃ শ্মশানে বাসমীহতে ॥ ৩৮
অসদ্বস্তু চ যৎ কিঞ্চিৎ তৎ সর্ব্বং সেবতে স্বয়ম্।
নিবর্ত্তয় মনস্তস্মান্নো চেদ্গচ্ছ সমীপতঃ ॥ ৩৯

ইত্যেতদ্বচনং শ্রুত্বা পার্ব্বতী ক্রোধসংযুতা।
উবাচ ক্রুধ্যমানা সা শিবনিন্দাপরঞ্চ তম্ ॥ ৪০

পার্ব্বত্যুবাচ।

এতাবদ্ধি ময়া জ্ঞাতং কশ্চিদন্যো ভবিষ্যতি।
পরন্তু সকলং জ্ঞাতমবধ্যো দৃশ্যসেঽধুনা ॥ ৪১
শ্রূয়তাং বচনং হেতুং কথয়ামি ক্রমেণ চ।
ত্বয়োক্তং বিদিতো দেবস্তদলীকং ন চান্যথা ॥ ৪২
যদি চ বিদিতঃ স্যাদ্ধি বিরুদ্ধং নোচ্যতে ত্বয়া।
কশ্চিদ্বঞ্চকঃ প্রদৃশ্যেত বেশধারী ন সংশয়ঃ ॥ ৪৩
ব্রহ্মচারিস্বরূপেণ কশ্চিদ্ধূর্ত্তঃ সমাগতঃ।
শঙ্করস্য স্বরূপন্ত প্রবক্ষ্যামি শৃণুষ্ব তৎ ॥ ৪৪
বস্তুতো নির্গুণঃ সাক্ষাৎ সগুণঃ কারণেন চ।
কুতো জাতির্ভবেৎ তস্য নির্গুণস্য গুণাত্মনঃ ॥ ৪৫
সর্ব্বাসামপি বিদ্যানামধিষ্ঠানং সদাশিবঃ।
উচ্ছ্বাসরূপিণো বেদা দত্তাস্তু বিষ্ণবে পুরা ॥ ৪৬
কিং তস্য বিদ্যয়া কার্য্যং পূর্ণস্য পরমাত্মনঃ।

এবং তাহার জন্মের বিষয় কোন কালে কিছু জানা যায় না, আর যদি তাহার কিছু ধন থাকিত, তবে সে দিগম্বর হইয়া বেড়াইবে কেন? বরের যে সকল গুণ উক্ত হইয়াছে, তাহার মধ্যে একটীও শিবে নাই। তাহার বাহন বলীবর্দ্দ এবং বসন চর্ম্ম। যদি সেই সর্ব্বসম্মত হইত, তাহা হইলে মদন দাহ করিবে কেন? পিশাচাদি তাহার সহায় এবং কণ্ঠ বিষে পরিপূর্ণ। লোকে তাহার এরূপ অনাদর যে, সে গৃহ ত্যাগ করিয়া বনে বনে ভ্রমণ করে। তাহার জাতির স্থিরতা নাই এবং কোনরূপ বিদ্যা জ্ঞান বা দেশাচারও নাই। সে সর্ব্বদা একাকী থাকে, আর তাহার বৈরাগ্যও উৎকট; অতএব তুমি শিবের সহিত মনের যোগ করিও না। কোথায় তোমার হার, আর মহাদেবের সেই শবমালাই বা কোথায়? তোমার এবং শিবের রূপ সর্ব্বপ্রকারে বিরোধী। হে দেবি! তোমার কার্য্য আমার ভাল লাগিতেছে না; তোমার যাহা ইচ্ছা কর। আমি সেই দেবকে বিশেষ জানি; তাহার কেবল শ্মশানে বাস করিতে ইচ্ছা। যে বস্তু অসৎ মহাদেব তাহারই সেবা করে। অতএব তাহা হইতে মন নিবৃত্ত কর, নতুবা আমার সমীপ হইতে গমন কর। এই কথা শুনিয়া পার্ব্বতী ক্রোধযুক্ত হইলেন এবং ক্রোধের সহিত সেই শিবনিন্দাকারী ব্রাহ্মণকে বলিলেন,—আমি পূর্ব্বে ভাবিয়াছিলাম, তুমি বুঝি আর কোন পুরুষের কথা বলিতেছ; কিন্তু এক্ষণে সকল জ্ঞাত হইয়া বুঝিলাম, তুমি শিবের বিষয় কিছুই জান না। ৩২—৪১। আমি ক্রমে তোমার সকল কথার উত্তর দিতেছি, শ্রবণ কর। তুমি যে বলিয়াছ, আমি সেই দেবকে জানি, এ কথা মিথ্যা ভিন্ন আর কিছুই নহে অথবা শিবকে তুমি যেরূপ জান, সেইরূপ বলিতেছ। যেমন বহুরূপী যুবা পুরুষও বৃদ্ধরূপে দৃষ্ট হইয়া থাকে, বোধ হয় তুমিও কোন ধূর্ত্ত ব্রহ্মচারী স্বরূপে আগমন করিয়াছ। যাহা হউক, মহাদেবের স্বরূপ বলিতেছি, শ্রবণ কর। বস্তুতঃ তিনি নির্গুণ, কারণ বশতঃ তিনি সগুণ হইয়া থাকেন। অতএব সেই সগুণ ও নির্গুণ এই উভয়াত্মক মহাদেবের জাতি কিরূপে হইতে হইতে পারে? সেই সদাশিব সকল বিদ্যার অধিষ্ঠান; তিনি পূর্ব্বে নিজের উচ্ছ্বাসস্বরূপ বেদ সকল বিষ্ণুকে দান করিয়াছিলেন। সেই পরি-

সর্ব্বেষামাদিভূতস্য বয়োমানং কুতঃ স্মৃতম্ ॥ ৪৭
প্রকৃতিস্ত ততো জাতা কিং শক্তেস্তস্য কারণম্।
যো বৈ ভজতি নিত্যং তং তস্য শক্তিত্রয়ং সদা ॥
যস্যৈব ভজনাল্লোকো মৃত্যুং জয়তি নিশ্চিতম্।
তস্মান্মৃত্যুঞ্জয়ং নাম প্রসিদ্ধং জগতীতলে ॥ ৪৯
যস্য পূজাপ্রভাবেণ আরোগ্যং জায়তে নৃণাম্।
তস্যারোগ্যং কুতোঽপীহ ভবিষ্যতি সুদুর্ম্মতে ॥ ৫০
তস্যৈব পক্ষপাতেন দেবা দেবত্বমাগতাঃ।
দর্শনার্থং শিবস্যৈব যদা গচ্ছতি দেবরাট্ ॥ ৫১
তদা ভূতা পিশাচাশ্চ দ্বারপালাঃ শিবস্য চ।
দণ্ডৈশ্চ মুকুটং বিদ্ধং খণ্ডং খণ্ডং ব্রজেদ্ভুবি ॥৫২
কিং তস্য বহুপক্ষেণ স্বয়মেব প্রভুঃ সদা।
কল্যাণরূপিণস্তস্য সেবয়া কিং ভবেদিহ।
কিং ন্যূনং দেবদেবস্য মামিচ্ছতি সদাশিবঃ ॥ ৫৩
সপ্তজন্ম দরিদ্রঃ স্যাৎ সেবতে যদি শঙ্করম্।
তস্যৈব দুর্লভা লোকে লক্ষ্মীঃ স্যাদনপায়িনী ॥ ৫৪
যদগ্রে সিদ্ধয়োঽষ্টৌ চ নৃত্যন্তি প্রতিবাসরম্।
অবাঙ্মুখাঃ সদা তত্র কুতো বিত্তং সুদুর্লভম্ ॥ ৫৫
যদ্যপ্যমঙ্গলানীহ সেবতে শঙ্করঃ সদা।
তথাপি মঙ্গলং তস্য স্মরণাদেব জায়তে ॥ ৫৬
শিবেতি মঙ্গলং নাম মুখে যস্য নিরন্তরম্।
তস্যৈব দর্শনাদন্যে পবিত্রাঃ সন্তি নিত্যশঃ ॥ ৫৭
যদ্যপূতং ভবেদ্ভস্ম চিতায়াশ্চ সুরোদিতম্।
নৃত্যস্যাপগমে দেবৈঃ শিরোভির্ধার্য্যতে কথম্ ॥ ৫৮
যশ্চৈব জগতশ্চাদির্জগতশ্চেশ্বরো মতঃ।
জগৎসংহারকর্ত্তা চ স জ্ঞেয়ো বৈ কথং ভবেৎ ॥
অগম্যং ব্রহ্মণো রূপং শিবস্য পরমাত্মনঃ।
কথং তত্ত্বং বিজানন্তি ত্বাদৃশা হি বহির্ম্মুখাঃ ॥ ৬০
দুরাচারাশ্চ পাপাশ্চ বেদেভ্যস্তে বহির্গতাঃ।
তত্ত্বং নৈতে বিজানন্তি শিবস্যাগুণরূপিণঃ ॥ ৬১
শিবনিন্দাং করোতীহ তত্ত্বমজ্ঞায় যঃ পুমান্।

পূর্ণ পরমাত্মার বিদ্যার আবার প্রয়োজন কি? তিনি সকলের আদি; তাঁহার বয়সের পরিমাণ কিরূপে সম্ভব হইতে পারে? প্রকৃতি তাঁহা হইতে উৎপন্ন হইয়াছেন; অতএব তাঁহার শক্তির কারণ অন্বেষণে প্রয়োজন কি? যে সেই নিত্য মহাদেবের ভজনা করে, তাহার সর্ব্বদা শক্তি-ত্রয়ের বিকাশ হয়। যাঁহার সেবা করিয়া মনুষ্য নিশ্চয় মৃত্যুকে জয় করে, এই নিমিত্ত এই জগতীতলে তিনি মৃত্যুঞ্জয় নামে প্রসিদ্ধ। যাঁহার পূজাপ্রভাবে মনুষ্যের আরোগ্যলাভ হয়, হে সুদুর্ম্মতে! তাঁহার আবার আরোগ্যের কথা কি? তাঁহার অনুগ্রহেই দেবগণের দেবত্ব হইয়াছে। সেই শিবের দর্শনার্থ ইন্দ্র সর্ব্বদা গমন করিয়া থাকেন; সেই সময়ে ভূতই হউক আর পিশাচই হউক, শিবের যে দ্বারপাল থাকে, তাহাদের দণ্ডদ্বারা ইন্দ্রের মুকুট খণ্ড খণ্ড হইয়া পৃথিবীতে পতিত হয়। ৪২—৫২। তাঁহার বিষয় অধিক আর কি বলিব? তিনি স্বয়ংই সর্ব্বদা প্রভু। তিনি কল্যাণরূপী; তাঁহার সেবার কত ফল, তাহা শ্রবণ কর। তাঁহার সেবায় কিছুরই ন্যূনতা থাকে না; সেই সদাশিব আমাকে তাঁহার সেবিকা করিতে ইচ্ছা করিয়াছেন। যদি সাত জন্মের দরিদ্রও সেই শঙ্করের সেবা করে, তবে এই সংসারে তাহার এইরূপ স্থির এবং দুর্লভ লক্ষ্মী লাভ হয় যে, যাহার সম্মুখে প্রত্যহ আট প্রকার সিদ্ধি লজ্জায় অধোমুখ হইয়া নৃত্য করিতে থাকে। মহাদেবের নিকট বিত্ত আবার দুর্লভ কোথায়? যদি বল, শঙ্কর সর্ব্বদা অমঙ্গল বস্তুর সেবা করেন, তাহা হইলেও তাঁহার নাম স্মরণে মঙ্গল সকল উৎপন্ন হয়। 'শিব' এই মঙ্গলময় নাম নিরন্তর যাহার মুখে বিরাজ করে, তাহার দর্শনেই অপর বস্তু সকল নিত্য পবিত্র হয়। তুমি যে চিতার ভস্ম অপবিত্র বলিয়া নির্দেশ করিতেছ উহা যদি অপবিত্র হইত, তবে দেবগণ তাঁহার নৃত্যাবসানে পতিত ভস্ম মস্তকে ধারণ করেন কেন? যিনি জগতের আদি এবং জগতের ঈশ্বর ও সংহারকর্ত্তা, তিনি কিরূপে জ্ঞেয় হইবেন? পরমাত্মা পরব্রহ্ম শিবের স্বরূপ অজ্ঞেয়; তোমাদিগের ন্যায় স্থূলদর্শী অতত্ত্বজ্ঞ ব্যক্তিরা কিরূপে তাঁহার তত্ত্ব জানিবে? দুরাচারী, পাপী এবং বেদবহিষ্কৃত ব্যক্তিরা সেই নির্গুণ শিবের তত্ত্ব জানিতে সক্ষম হয় না। ৫৩—৬১। (

আজন্মসঞ্চিতং পুণ্যং তস্মাত্তস্মীভবিষ্যতি॥ ৬২
ত্বয়া নিন্দা কৃতা হ্যত্র হরস্যামিততেজসঃ।
ত্বৎপূজা চ কৃতা যস্মাৎ তস্মাৎ পাপং ভজাম্যহম্
শিববিদ্বেষিণং দৃষ্ট্বা সচৈলং স্নানমাচরেৎ।
রে রে দুষ্ট ত্বয়া প্রোক্তং জানামি চ মহেশ্বরম্॥৬৪
নিশ্চয়েনৈব ন জ্ঞাতঃ শিব এব সনাতনঃ।
যথা তথা ভবেৎ সো বৈ মমাভীষ্টতমো মতঃ॥ ৬৫
পুনর্বচনমাদাতুং প্রক্রমে তাবদেব হি।
উবাচ গিরিজা দেবী সখীং দুষ্টমনা হ্যসৌ।
বারণীয়ঃ প্রযত্নেন শিবনিন্দাং করিষ্যতি॥ ৬৬
ন কেবলং ভজেৎ পাপং নিন্দাকর্তা শিবস্য চ।
যো বৈ শৃণোতি তাং নিন্দাং পাপভাক্ স ভবেদিহ
অয়ং দুষ্টঃ পুনর্নিন্দাং করিষ্যতি শিবস্য চ।
স্থলমেতৎ তথা হিত্বা যাস্যামোঽন্যত্র মা চিরম্॥৬৮
ইত্যুক্ত্বা চলনায়াসৌ পদমুৎক্ষিপতে যদা।
তদাসৌ চ শিবঃ সাক্ষাদাললম্বে প্রিয়াং স্বয়ম্॥৬৯

মনুষ্য তত্ত্ব না জানিয়া শিবের নিন্দা করে, তাহার আজন্মসঞ্চিত পুণ্য ভস্মীভূত হয়। তুমি সেই অমিত-তেজা মহাদেবের নিন্দা করিতেছ, অতএব তোমার পূজা করিয়া আমি পাপভাগিনী হইলাম। শিবনিন্দককে দেখিয়া পরিধান-বস্ত্রের সহিত স্নানের আচরণ করিতে হয়। অরে দুষ্ট! তুমি বলিতেছ, আমি মহাদেবকে জানি; কিন্তু আমার বিবেচনায় তুমি নিশ্চয় সেই সনাতন শিবকে জান না। শিব যেরূপই হউন না কেন, তিনি আমার সর্ব্বাপেক্ষা অভীষ্টতম। এই কথা বলিয়া পার্ব্বতী আবার বলিতে আরম্ভ করিলেন। দেবী পার্ব্বতী সখীকে বলিলেন, এই দুষ্টাত্মাকে নিবারণ কর; নতুবা এ যত্ন-পূর্ব্বক শিবের আরও নিন্দা করিবে। শিবের নিন্দাকারী যে কেবল পাপভাগী হয়, এরূপ নহে; যে সেই নিন্দা শ্রবণ করে, সেও পাপ-ভাগী হয়। এই দুষ্ট পুনর্ব্বার শিবের নিন্দা করিবে বোধ হইতেছে; অতএব এস, আমরাই এ স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র গমন করি। এই বলিয়া পার্ব্বতী যেমন গমনের নিমিত্ত পা উঠাইবেন, তখনই সেই ব্রাহ্মণ সাক্ষাৎ শিব-

কৃত্বা স্বীয়ং স্বরূপঞ্চ যথা ধ্যাতং তয়া তথা।
দর্শয়িত্বা পুনস্তাঞ্চ হ্যবাচাবাঙ্মুখীং শিবাম্॥ ৭০
কুত্র যাস্যসি মাং হিত্বা ন ত্বং ত্যাজ্যা ময়া পুন
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি নাদেয়ং বিদ্যতে তব॥
অদ্যপ্রভৃতি তে দাসস্তপোভিঃ প্রেমনির্ভরৈঃ।
ক্রীতোঽস্মি তব সৌন্দর্য্যাৎ ক্ষণমেকং যুগায়তে
ত্যজ্যতাঞ্চ ত্বয়া লজ্জা এহি যামো গৃহং মম।
ইত্যুক্তে দেবদেবেন অহো দুঃখং পুরাতনম্॥
তপসশ্চৈব যজ্জাতং মহদ্দুঃখং গতং তদা।
ফলে জাতে শ্রমঃ পূর্ব্বং জাতে নাশমবাপ্নুয়াৎ

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পার্ব্বতীবরপ্রদানং নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥১৪

মূর্ত্তি ধারণ করিয়া স্বয়ং স্বীয় প্রিয়াকে অবলম্বন করিলেন। ৬২—৬৯। পার্ব্বতী এতদিন অবধি যে মূর্ত্তির ধ্যান করিয়াছিলেন, সাক্ষাৎ সেই মূর্ত্তি ধারণপূর্ব্বক শঙ্কর তাঁহাকে দর্শন দিয়া লজ্জাভরে অবনতমুখী পার্ব্বতীকে বলিলেন —তুমি আমাকে পরিত্যাগ করিয়া কোথায় গমন করিতেছ? আমি কিন্তু তোমাকে পরিত্যাগ করিব না। আমি তোমার উপর প্রসন্ন হইয়াছি, বর প্রার্থনা কর; তোমাকে অদেয় আমার কিছুই নাই। অদ্য প্রভৃতি তপস্যা, প্রেমাতিশয্য এবং সৌন্দর্য্য দ্বারা আমি তোমার ক্রীত-দাস হইলাম; তোমা ব্যতীত এক ক্ষণও যুগের ন্যায় বোধ হয়। তুমি লজ্জা পরিত্যাগ কর; এস, আমরা গৃহে গমন করি। মহাদেব এই কথা বলিলে পার্ব্বতী পুরাতন দুঃখ ত্যাগ করিলেন। তপস্যাহেতুক তাঁহার পূর্ব্বে যে মহৎ দুঃখ হইয়াছিল, ফল প্রাপ্ত হওয়ায়, তাহা আর শ্রম বলিয়া বোধ হইল না; সকলই একেবারে শান্তি প্রাপ্ত হইল। ৭০—৭৪।

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত॥

পঞ্চদশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ব্যাসশিষ্য মহাভাগ ততো জাতঞ্চ যৎ পুনঃ।
তৎ সর্ব্বং কথয় ত্বং হি কথাং লোকমলাপহাম্॥১

সূত উবাচ।

মুনয়ঃ শ্রূয়তাং সম্যক্ কথয়ামি কথাং মুদা।
পার্ব্বতীবচনং শ্রুত্বা হরস্য পরমাত্মনঃ॥ ২
উবাচ ব্রীড়িতা দেবী বচঃ স্মৃত্বা পুরাতনম্।
সখীমুখেন সা তত্র শিবং সম্যগ্ব্যবস্থিতম্॥ ৩
এহি যামো গৃহে দেবি কথঞ্চৈবং বিলম্বসে।
এবং ব্রুবন্তং তং দেবং পার্ব্বতীবচনাৎ সখী॥ ৪

সখ্যুবাচ।

যদি প্রসন্নো দেবেশ করোষি চ কৃপাং যদি।
তদেবঞ্চ ত্বয়া কার্য্যং কৃপাং কৃত্বা মমোপরি॥ ৫
পিতৃগৃহে ময়া সম্যাগ্‌গম্যতে ত্বদনুজ্ঞয়া।
প্রসিদ্ধৈঃ * ক্রিয়তে যদ্বদ্বিবাহঃ পরমঃ শুভঃ॥ ৬
তথা চৈব ত্বয়া কার্য্যং লোকেষু খ্যাপয়ন্ যশঃ।
পিতুর্গেহে সফলং সর্ব্বং কুরুষ্বেহ গৃহাশ্রমম্॥ ৭
বিবাহস্য যথা রীতিঃ কর্ত্তব্যং তৎ তথা ধ্রুবম্।
জানাতি হিমবান্ সম্যক্ কৃতং পুত্র্যা শুভং মম॥৮
ইত্যেবং বচনং শ্রুত্বা শিবোঽপি চ শিবাং তদা।
উবাচ বচনং ত্বঞ্চ যদিচ্ছসি তথেতি তৎ॥ ৯
ইত্যুক্ত্বান্তর্দ্দধে শম্ভুর্গত্বা কাশীং বিচারয়ন্।
সস্মার চ ঋষীন্ সপ্ত বিরহাবিষ্টমানসঃ॥ ১০
পার্ব্বত্যপি সখীযুক্তা রূপং কৃত্বা তু সার্থকম্।
জগাম চ স্বকং ধাম পিতুর্ব্বিরহকাতরা॥ ১১
পিতা চৈব তথা মাতা সখ্যশ্চৈবাপ্যনেকশঃ।
সম্বন্ধিনস্তথা চান্যে সম্মুখাঃ সংযযুস্তদা॥ ১২
জয়েতি চ ব্রুবন্তস্তে দৃঢ়ালিঙ্গনমাদধুঃ।
সাধিতস্ত্ব ত্বয়া সম্যক্ পাবিতাঃ স্মো বয়ং ত্বয়া॥১৩

পঞ্চদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে ব্যাসশিষ্য মহাভাগ
! তদনন্তর যাহা সংঘটিত হইয়াছিল,
ই পাপনাশিনী সমুদয় কথার কীর্ত্তন কর।
বলিলেন,—হে মুনিগণ! ! আপনারা
ধান হইয়া শ্রবণ করুন, আমি হৃষ্টচিত্তে
ই কথার কীর্ত্তন করিতেছি। পার্ব্বতী
া পরমাত্মা হরের বাক্য শুনিয়া ব্রীড়িতা
য়া পুরাতন বাক্য স্মরণ করত সেই স্থানে
ভাবে অবস্থিত শিবকে, সখীর মুখ দিয়া
লেন। "হে দেবি! এস, গৃহে গমন
; আর বিলম্ব করিতেছ কেন" শিব এই
কথা বলিতেছেন, এমন সময় পার্ব্বতীর
নুসারে সখী তাঁহাকে বলিল;—হে
শ! যদি প্রসন্ন হইয়া থাকেন, যদি কৃপা
বার মানস করিয়া থাকেন, তাহা হইলে
ার উপর কৃপা করিয়া আপনিই এইরূপ
ন,—আমি এক্ষণে আপনার অনুজ্ঞাক্রমে
পিতৃগৃহে গমন করিতেছি। প্রসিদ্ধ পুরুষেরা
যে রীতিতে শুভ বিবাহ করিয়া থাকেন, আপনিও লোকে সুকীর্ত্তি ঘোষিত করিয়া সেইরূপ
রীতিতে বিবাহ করিবেন; তাহাতে আমার
পিতার গৃহ ও আশ্রমাদি সফল হইবে। বিবাহের যেরূপ রীতি আছে, তদনুসারে আপনার
কার্য্য করা কর্ত্তব্য। তাহা হইলে হিমবান্
নিজপুত্রী আমার শুভকরী হইয়াছে বলিয়া
জানিবেন। শিব এই কথা শ্রবণ করিয়া শিবাকে
বলিলেন,—তুমি যাহা ইচ্ছা করিতেছ, তাহাই
হউক। ১—৯। শম্ভু এই কথা বলিয়া
অন্তর্হিত হইলেন এবং কাশীক্ষেত্রে গমন করিয়া
বিরহাকুলচিত্তে অনেক বিবেচনার পর সপ্তর্ষিকে
স্মরণ করিলেন। সখীযুক্তা পার্ব্বতীও এইরূপ স্বীয় রূপের সার্থকতা সম্পাদন করিয়া,
পিতৃবিরহ জন্য কাতরতা প্রযুক্ত স্বগৃহে গমন
করিলেন। তখন তাঁহার পিতামাতা, নানাপ্রকার সখীজন এবং অপরাপর সম্বন্ধিগণ তাঁহার
সম্মুখে উপস্থিত হইলেন। তাঁহারা সকলে
তাঁহার জয় উচ্চারণ করিয়া দৃঢ়রূপে আলিঙ্গন
করিলেন এবং বলিতে লাগিলেন,—তুমি দুষ্করকর্ম্মের সাধন করিয়াছ এবং আমাদের সকলকে

* প্রসিদ্ধ ইতি বা পাঠঃ।

চন্দনৈঃ পুষ্পবর্য্যৈশ্চ পূজয়িত্বা শিবাং মুদা।
গৃহং প্রবেশয়ামাসুর্ব্বহুমানপুরঃসরম্॥ ১৪
আশ্রমং সফলং মেনে কুপুত্রাৎ পুত্রিকা বরা।
হিমবান্ নারদং তত্র প্রশস্তবন্ সাধু সাধ্বিতি॥ ১৫
ঋষয়শ্চৈব তে সর্ব্বে শম্ভুনা চ স্মৃতা যদা।
তদা জগ্মুঃ স্বয়ং সর্ব্বে কল্পবৃক্ষা ইবাপরে॥ ১৬
পরং ব্রহ্ম গৃণন্তশ্চ হেমবল্কলধারিণঃ।
মুক্তাফলৈর্ব্বিচিত্রৈশ্চ ভূষিতা ভূষণৈঃ পরৈঃ॥ ১৭
অরুন্ধত্যা তয়া যুক্তাঃ সাক্ষাৎ সিদ্ধিরিবাপরা।
যান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ জহৌ লজ্জাং হরঃ স্বয়ম্॥
স্থিত্বাগ্রে ঋষয়ঃ শ্রেষ্ঠা নমস্কৃত্য শিবং মুদা।
মনিরে চ তদাত্মানং কৃতার্থং যে তপস্বিনঃ॥ ১৯
সত্যং বা স্বপ্নমায়া বা নেত্রাভ্যাং দৃশ্যতে যথা।
বয়ং ক দর্শনিকাদ্য শিবস্য দুর্লভং কুতঃ॥ ২০

পবিত্র করিয়াছ। তখন তাঁহারা সেই শিবাকে চন্দন এবং উত্তম পুষ্প দ্বারা অর্চনা করিয়া বহুমান-পুরঃসর গৃহে প্রবেশ করাইলেন। হিমবান্ তখন নারদকে সাধু সাধু বলিয়া স্তব করত স্বীয় আশ্রমকে সফল এবং 'কুপুত্র হইতে এতাদৃশ কন্যাও শ্রেষ্ঠ' এইরূপ সিদ্ধান্ত করিলেন। এদিকে সপ্তর্ষিগণও শম্ভু কর্ত্তৃক স্মৃত হইবামাত্র দ্বিতীয় কল্পবৃক্ষের ন্যায় সেই স্থানে স্বয়ং উপস্থিত হইলেন। তাঁহারা সকলে সুবর্ণ-বল্কলধারী, বিচিত্র মুক্তাফল ও শ্রেষ্ঠ ভূষণে ভূষিত; তাঁহারা পরম ব্রহ্মের নাম উচ্চারণ করিতেছিলেন। সাক্ষাৎ সিদ্ধিস্বরূপা অরুন্ধতীও তাঁহাদের সঙ্গে ছিলেন। শম্ভু সেই সূর্য্যসঙ্কাশ ঋষিগণকে দেখিয়া লজ্জা ত্যাগ করিলেন। ১০—১৮। সেই তপস্বী ঋষিশ্রেষ্ঠ সপ্তর্ষিগণ মহাদেবের সম্মুখে উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কারপূর্ব্বক আপনাদিগকে কৃতার্থ বলিয়া বিবেচনা করিলেন এবং মনে মনে চিন্তা করিতে লাগিলেন,—নির্গুণত্ব প্রযুক্ত অগম্যরূপ মহাদেব সত্য সত্যই কি আমাদের নয়নগোচর হইয়াছেন? অথবা স্বীয় সত্তার প্রমাণ হেতুকই তিনি এইরূপ নয়নগোচর হইয়াছেন; নতুবা আমরা কোথায়? আর সেই

ইতি বিস্ময়মাপন্না নমস্কৃত্য স্থিতাঃ পুরঃ।
প্রোচুঃ প্রাঞ্জলয়স্তে বৈ শিবং লোকমলাপহম্॥ ২১
ঋষয় উচুঃ।
নমস্তুভ্যং ভগবতে শিবায়ামিততেজসে।
কপর্দ্দিনে নমস্তুভ্যং পঞ্চবক্ত্রায় তে নমঃ॥ ২২
হিরণ্যবাহবে তুভ্যং শিতিকণ্ঠায় তে নমঃ।
ব্যাপকায় নমস্তুভ্যং ব্যাপ্যরূপায় তে নমঃ॥ ২৩
পরায় পররূপায় সর্ব্বোৎকৃষ্টায় তে নমঃ।
শিবায় শিবরূপায় প্রণবায় নমো নমঃ॥ ২৪
ইত্যেবঞ্চ স্তবন্তস্তে পুনরূচুঃ পরাত্মনে।
সর্ব্বোৎকৃষ্ট মহারাজ সর্ব্বানুগ্রহকারক।
ভাগ্যং কিং বর্ণ্যতেঽস্মাভিঃ স্বীয়ং কিন্তু পুনঃপুনঃ
তপস্তপ্তং ত্রিধাপূর্ব্বং বেদাধ্যয়নমুত্তমম্।
অগ্নয়শ্চ হুতাঃ পূর্ব্বং যজ্ঞাশ্চ বিবিধাঃ কৃতাঃ॥ ২৬
তপাংসি চ বিচিত্রাণি পর্ব্বণ্যপি বিশেষতঃ।
দানানি চ তথা পূর্ব্বং তীর্থানি বিবিধানি চ॥ ২৭
বাঙ্মনঃকায়জং কিঞ্চিৎ পুণ্যং স্মরণসম্ভবম্।

শিবের দুর্লভ দর্শনই বা কোথায়? এইরূপ বিস্ময়াবিষ্টচিত্তে তাঁহারা নমস্কার করিয়া তাঁহার অগ্রে অবস্থানপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে, সেই লোকের চিত্তমলাপহারী মহাদেবকে বলিতে লাগিলেন,—হে অমিততেজঃ কপর্দ্দিন্ পঞ্চবক্ত্র শিব! আপাকে নমস্কার। আপনি হিরণ্যবাহু, শিতিকণ্ঠ এবং ব্যাপক ও ব্যাপ্য এই উভয়াত্মক; আপনাকে নমস্কার। আপনি পর, সুন্দরস্বরূপ, সর্ব্বোৎকৃষ্ট, সাক্ষাৎ শিব এবং শিবস্বরূপ; আপনাকে নমস্কার। এইরূপ স্তব করত সেই ঋষিগণ পরমাত্মা শিবকে পুনর্ব্বার বলিলেন:—হে সর্ব্বোৎকৃষ্ট সর্ব্বানুগ্রহকারিন মহারাজ! আমাদের ভাগ্যের কথা আর কি বলিব! আমরা পূর্ব্বে পুনঃপুনঃ তিন প্রকার তপস্যা করিয়াছিলাম, উত্তমরূপে বেদাধ্যয়ন করিয়াছিলাম, অগ্নিতে আহুতি দান করিয়াছিলাম, নানাবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলাম এবং বিচিত্র তপস্যা, পর্ব্বদিবসে দান, নানাবিধ তীর্থভ্রমণ ও কায়মনোবাক্যজনিত কিঞ্চিৎ পুণ্য সঞ্চয় করিয়াছিলাম; সেই সকল

তৎ সর্ব্বং সঙ্গতঞ্চাদ্য স্মরণানুগ্রহস্তব ॥ ২৮
যো বৈ ভজতি নিত্যং ত্বাং কৃতকৃত্যো ভবেন্নরঃ।
কিং ভাগ্যং বর্ণ্যতে তেষাং যেষাং নঃ স্মরণং ত্বয়া
সর্ব্বোৎকৃষ্টাস্তথা জাতাঃ স্মরণাৎ তে সদাশিব।
মনোরথপথং নৈব গচ্ছসি ত্বং বয়ং কুতঃ ॥ ৩০
বামনস্য ফলং যদ্বজ্জন্মান্ধস্য চ চক্ষুষী।
বাচালত্বঞ্চ মূকস্য দরিদ্রে নিধিদর্শনম্ ॥ ৩১
পঙ্গোর্গিরিপরাবৃত্তির্বন্ধ্যায়া পুত্রকাস্তথা।
দর্শনং ভবতো হ্যেবং জাতঞ্চ দুর্লভং প্রভো ॥ ৩২
অদ্যপ্রভৃতি লোকেষু মান্যাঃ পূজ্যা মুনীশ্বরাঃ।
জাতাস্তেঽনুগ্রহাদেব উচ্চৈঃপদমুপাশ্রিতাঃ ॥ ৩৩
অত্র কিং বহুনোক্তেন মান্যপাত্রং বয়ং গতাঃ।
পূর্ণনাং কিঞ্চ কর্ত্তব্যমস্তি চেৎ পরমা কৃপা ॥ ৩৪
সদৃশং সেবকানাস্তু দেয়ং কার্য্যং শুভং ত্বয়া।
ইত্যেবং বচনং তেষাং শ্রুত্বা বাক্যমুপাদদে ॥ ৩৫

অদ্য একত্র হওয়াতেই আপনার স্মরণরূপ অনুগ্রহ হইয়াছে। যে মনুষ্য আপনাকে নিত্য ভজনা করে, সে নিশ্চয়ই কৃতকৃত্য হয়। হে সদাশিব! আপনি স্মরণ করাতে আমাদের যে ভাগ্য প্রকাশ পাইয়াছে, তাহা আর কি বলিব? আপনার এই স্মরণ হেতু আমরা সর্ব্বোৎকৃষ্ট হইয়াছি। আপনি মনোরথপথেরও দুর্লভ, আমরা ত কোথায় আছি! ১৯—৩০। যেরূপ বামনের উচ্চফল-প্রাপ্তি, জন্মান্ধের যুগপৎ চক্ষুর্দ্বয়ের উন্মীলন, মূকের বাক্‌পটুতা, দরিদ্রের নিধিদর্শন, পঙ্গুর গিরিলঙ্ঘন, এবং বন্ধ্যের বহুপুত্রলাভ, হে প্রভো! আমাদের পক্ষে আপনার দর্শনও সেইরূপ। হে দেব! আপনার অনুগ্রহেই আজ হইতে আমরা ত্রিভুবনে মান্য, পূজ্য এবং মুনীশ্বর হইলাম, উচ্চপদে আরোহণ করিলাম; অধিক আর কি বলিব, আপনিই আজ আমাদের সম্মান বাড়াইলেন। আপনি সর্ব্ববিষয়ে পরিপূর্ণ, আপনার আর কি অভাব আছে? তবে যদি কৃপা হইয়া থাকে, তবে যোগ্য কার্য্য করিতে এই ভৃত্যগণকে আদেশ করুন। তাঁহাদের

শিব উবাচ।

ঋষয়শ্চ সদা পূজ্যাঃ কারণাৎ স্মরণং কৃতম্।
মমাবস্থা ভবন্তিশ্চ জ্ঞায়ন্তে হ্যুপকারিকাঃ ॥ ৩৬
দেবানাং দুঃখমুৎপন্নং তারকাৎ দুষ্টরাত্মনঃ।
ব্রহ্মণা চ বরো দত্তঃ কিং করোমি দুরাসদঃ ॥ ৩৭
মূর্ত্তয়োঽষ্টৌ চ যাঃ প্রোক্তা মদীয়াঃ পরমর্ষয়ঃ।
তাঃ সর্ব্বা উপকারার্থং ন তু স্বার্থমিতি স্ফুটম্ ॥ ৩৮
তথা চ কর্ত্তুকামোঽহং বিবাহং শিবয়া সহ।
তথাপি চ তপস্তপ্তং দুষ্করং পরমর্ষিভিঃ ॥ ৩৯
তস্যাঃ ফলং বরং দেয়মভীষ্টং তদ্ধিতাবহম্।
তস্মাদ্ভবন্তো গচ্ছন্তু হিমাচলগৃহং ধ্রুবম্ ॥ ৪০
তত্র গত্বা হিতঞ্চৈতৎ তৎপত্নীস্তু পুনস্তথা।
কথনীয়ং প্রযত্নেন যথা স্যাৎ কার্য্যমুত্তমম্।
উদ্বাহং কর্ত্তুমিচ্ছামি তৎপুত্র্যা সহ সত্তমাঃ ॥ ৪১
হিমাচলগৃহে পুত্রী পার্ব্বতী চ গুণান্বিতা।

এই কথা শুনিয়া মহাদেব বলিলেন,—ঋষিগণ সর্ব্বদাই পূজ্য, এই নিমিত্ত আমি তোমাদের স্মরণ করিয়াছি। আমার যে কেবল পরোপকার স্বভাব, তাহা তোমরা বেশ জান। সম্প্রতি দুষ্টাত্মা তারকাসুর দেবতাদিগকে অত্যন্ত দুঃখ দিতেছে; হে মহর্ষিগণ! আমি কি করিব? ব্রহ্মা তাহাকে দুষ্প্রাপ্য বর প্রদান করিয়াছেন। হে পরমর্ষিগণ! আমার মূর্ত্তি অষ্ট এবং তিন বলিয়া প্রসিদ্ধ। এই সকল প্রকার মূর্ত্তিই পরের উপকারের জন্য; নিজের কোন প্রয়োজন সিদ্ধির নিমিত্ত নহে। অতএব আমি পার্ব্বতীকে বিবাহ করিতে অভিলাষী হইয়াছি। কেবল ইচ্ছা করিয়াছি, এমন নহে; সেই পার্ব্বতীও ঋষিগণের দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন, সেই জন্য তাঁহার হিতের নিমিত্ত তাঁহার অভীষ্ট এই বিবাহরূপ বর প্রদান করিয়াছি। অতএব তোমারা নিশ্চয় হিমাচল-গৃহে গমন কর। ৩১—৪০। হে সত্তমগণ! সেই স্থানে গমন করিয়া, 'সেই হিমালয়ের পুত্রীকে আমি বিবাহ করিতে ইচ্ছা করিয়াছি' ইহা সেই হিমালয় এবং তাঁহার পত্নীর নিকট এইরূপ ভাবে

অস্মদর্থে চ তাং তত্র প্রার্থনীয়ো হিমালয়ঃ ॥৪২
তৎ তথা চ প্রবক্তব্যং দেবানাঞ্চ হিতং যথা।
ভবদ্ভিঃ কল্পিতো যো বৈ বিধিঃ স্বাদবিকল্পকঃ ॥৪৩
ভবতাং নৈব কথ্যেত ভবন্তঃ কার্য্যভাজিনঃ ॥ ৪৪
ইত্যেবং বচনং শ্রুত্বা মুনয়স্তেঽমলাশয়াঃ।
আনন্দং লেভিরে সর্ব্বে প্রভুণানুগ্রহীকৃতাঃ ॥ ৪৫
বয়ং ধন্যা মহান্তশ্চ কৃতকৃত্যাস্তথা পুনঃ।
ব্রহ্মণা বিষ্ণুনা যো বৈ বন্দ্যঃ সর্ব্বার্থসাধকঃ।
সোঽস্মান্ সম্প্রেরয়ত্যেষ কার্য্যে লোকসুখাবহে ॥
অয়ং বৈ জগতঃ স্বামী সোমাপি জননী মতা।
অয়ং যুক্তশ্চ সম্বন্ধো বর্দ্ধতাং চন্দ্রবং সদা ॥ ৪৭
ইত্যুক্ত্বা ঋষয়ো দিব্যা নমস্কৃত্য শিবং মুদা।
গতাশ্চাকাশমার্গেণ যত্র সাদ্রিমবংপুরম্ ॥ ৪৮
চিন্তয়ন্তশ্চ তে চাত্র কিং পুণ্যং বৈ ভবিষ্যতি।
যস্মাদেবংবিধে কার্য্যে শিবেন বিনিযোজিতাঃ ॥৪৯

দৃষ্ট্বা তৎ পরমং দিব্যমৃষয়স্তেঽতিবিস্মিতাঃ।
উচুঃ পরস্পরং সর্ব্বে কিমেতদিতি সস্ফুটম্ ॥৫০
অলকায়াশ্চ স্বর্গায়া ভোগবত্যাস্তথা পুনঃ।
বিশেষোঽত্রামরাবত্যা দৃশ্যতে ঋষিসত্তমাঃ ॥ ৫১
কিং গৃহাণি সুরম্যাণি স্ফাটিকৈর্বিবিধৈরিহ।
মণিভির্বা বিচিত্রাণি রচিতান্যঙ্গনানি চ ॥ ৫২
সূর্য্যকান্তাশ্চ মণয়শ্চন্দ্রকান্তাস্তথৈব চ।
গৃহে গৃহে বিচিত্রাশ্চ বৃক্ষাঃ স্বর্গসমুদ্ভবাঃ ॥ ৫৩
তোরণানাং তথা লক্ষ্মীর্দৃশ্যতে চ গৃহে গৃহে।
চিত্রাণি চ বিচিত্রাণি শুভ্রহংসৈর্বিমানকৈঃ ॥ ৫৪
বিতানানি বিচিত্রাণি চৈলপল্লবতোরণৈঃ।
জলাশয়ান্যনেকানি দীর্ঘিকা বিবিধাস্তথা ॥ ৫৫
উদ্যানানি বিচিত্রাণি পুষ্পৈশ্চ ভরিতান্যথ।
পক্ষিণশ্চাপ্যনেকেঽত্র কলকণ্ঠরবাস্তথা ॥ ৫৬
নরাশ্চ দেবতাঃ সর্ব্বে স্ত্রিয়শ্চাপ্সরস্তথা।
পরস্পরবিরুদ্ধাস্তে তেষাং রূপস্য কিং পুনঃ ॥ ৫[illegible]
কিং বর্ণ্যতে নগর্য্যাশ্চ মহিমা চ ঋষীশ্বরাঃ

বলিবে, যাহাতে উত্তমরূপে কার্য্য সিদ্ধি হয়। হিমালয়গৃহে পার্ব্বতী নাম্নী কন্যা অতি গুণবতী। তাঁহার নিমিত্ত তোমরা সেই স্থানে গমন করিয়া হিমালয়ের নিকট প্রার্থনা করিবে। ইহা যে দেবগণের হিতকর কার্য্য, ইহা তাঁহাকে বিশেষ করিয়া বলিবে। তোমরা যে কার্য্যের অনুষ্ঠান করিবে তাহাতে কোন সন্দেহ থাকিবে না। তোমাদিগকে অধিক আর কি বলিব, তোমরা সকলেই কার্য্যজ্ঞ। সেই অমলাশয় মুনিগণ এইরূপ বাক্য শ্রবণ করিয়া প্রভুকর্ত্তৃক অনুগৃহীত হইয়া আনন্দলাভ করিলেন এবং মনে মনে বিবেচনা করিতে লাগিলেন—আমরা ধন্য এবং কৃতকৃত্য হইলাম। যিনি ব্রহ্মা এবং বিষ্ণুর আরাধ্য, সকল অর্থের সাধক, সেই মহাদেব আমাদিগকে লোকের সুখাবহ কার্য্যে প্রেরণ করিতেছেন। এই মহাদেব জগতের স্বামী, আর সেই উমা জগতের জননী; এই যুক্ত সম্বন্ধ চন্দ্রের মত বৃদ্ধি পাউক। সেই দিব্য ঋষিগণ সানন্দচিত্তে মহাদেবকে নমস্কার করিয়া আকাশমার্গে হিমালয়ের রাজধানীতে গমন করিলেন। ৪১—৪৮। তাঁহারা মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে, শিব কর্ত্তৃক এইরূপ কার্য্যে

নিয়োজিত হইয়া এই স্থানে আগমন কর[illegible] আমাদের কত পুণ্য প্রকাশ হইল। তখন ঋষি[illegible] গণ সেই দিব্য হিমালয়-নগর দেখিয়া অতিশয় বিস্ময়বিষ্টচিত্তে পরস্পর বলিতে লাগিলেন,— হে ঋষিশ্রেষ্ঠগণ! ইহা কি? স্বর্গস্থিত অলক[illegible] ভোগবতী এবং অমরাবতীর যেরূপ শোভা, ইহার[illegible] সেইরূপ শোভা। এখানে গৃহ সকল নানাবি[illegible] স্ফটিক দ্বারা রচিত ও সুরম্য এবং অঙ্গন সক[illegible] মণিনির্ম্মিত ও বিচিত্র। এখানে স্থানে স্থা[illegible] কত সূর্য্যকান্ত ও চন্দ্রকান্ত মণি রহিয়াছে [illegible] প্রতিগৃহে স্বর্গজাত বৃক্ষ সকল শোভা পা[illegible] তেছে। প্রতিগৃহই অপূর্ব্ব শোভাবিশিষ্ট তো[illegible] পরিশোভিত এবং চিত্র সকল শুভ্রহংস-সং[illegible] বিমান দ্বারা বিচিত্র হইয়াছে। বিতান সকল [illegible] পল্লব ও তোরণ দ্বারা বিচিত্র। নানাবিধ জলা[illegible] এবং নানা প্রকার দীর্ঘিকাও বিরাজমান। উদ্যা[illegible] গুলি অতি বিচিত্র ও পুষ্পে পরিপূর্ণ এ[illegible] এখানে অসংখ্য কলকণ্ঠ পক্ষী অবস্থিত। এখা[illegible] কার মনুষ্য সকল দেবতাসদৃশ এবং স্ত্রীগণ অপ্স[illegible] তুল্য; তাহারা পরস্পরে বিভিন্ন স্বরূপ, তাহাদে[illegible]

যজ্ঞে চ যাজ্ঞিকাশ্চৈব পুণ্যানি স্বর্গকাম্যয়া ॥ ৫৮
কুর্ব্বতে তে বৃথা সর্ব্বে বিহায় হিমবৎপুরম্।
যাবন্ন দৃষ্টমেতচ্চ তাবৎ স্বর্গপরা নরাঃ ॥ ৫৯
ইত্যেবমৃষিবর্য্যাস্তে বর্ণয়ন্তস্তথা পুরম্।
গতা হিমালয়স্যাথ গৃহং সর্ব্বসমৃদ্ধিমৎ ॥ ৬০
তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ হিমবান্ বিস্মিতস্তথা।
সূর্য্যাঃ সপ্ত কথঞ্চাত্র আয়ান্তি মে প্রিয়াং প্রতি ॥৬১
কার্য্যা পূজা প্রযত্নেন গৃহস্থত্বাৎ সদা প্রিয়ে।
বয়ং ধন্যা গৃহস্থাশ্চ সর্ব্বেষাং সুখদায়িনঃ ॥ ৬২
এতস্মিন্নন্তরে তে বৈ হ্যাকাশাদপতংস্তদা।
সম্মুখো হিমবান্ দৃষ্ট্বা যযৌ মানপুরঃসরম্ ॥ ৬৩
পূজাং বিধায় তেষাঞ্চ দণ্ডবৎ প্রপপাত হ।
হস্তেশ্চ হিমবন্তং তে গৃহীত্বোচুঃ শুভং শুভম্ ॥৬৪
অথাগতশ্চ তান কৃত্বা ধন্যো মম গৃহাশ্রমঃ।
ইত্যুক্ত্বাসনমানীয় দদৌ ভক্তিপুরঃসরম্ ॥ ৬৫
আসনেষূপবিষ্টেষু তদাজ্ঞপ্তঃ স্বয়ং স্থিতঃ।
উবাচ হিমবাংস্তত্র ঋষীন্ জ্যোতির্ম্ময়াংস্তদা ॥৬৬

হিমাচল উবাচ।

ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবিতং মম।
লোকেষু দর্শনীয়োঽহং বহুতীর্থসমো মতঃ ॥ ৬৭
যস্মাদ্ভবন্তো মদ্‌গেহং হ্যাগতা বিষ্ণুরূপিণঃ।
পূর্ণানাঞ্চৈব কিং কার্য্যং কৃপণানাং গৃহে গৃহে ॥৬৮
তেষাঞ্চ দুঃখনাশার্থং গৃহেষাগমনং সতাম্।
মদ্গেহপাবনার্থঞ্চ ভবন্তঃ সুসমাগতাঃ ॥ ৬৯
তথাপি কিঞ্চিৎ কার্য্যং হি সদৃশং সেবকস্য চ।
কথনীয়ং ভবদ্ভিশ্চ সফলস্য মমাশ্রমঃ ॥ ৭০
মহতামাজ্ঞয়া লোকো মান্যতাং গচ্ছতি ধ্রুবম্।
তস্মাচ্চ কুত্রচিৎ কার্য্যে যোগ্যোঽহমৃষিসত্তমাঃ ॥৭১
এবং বচনমাকর্ণ্য ঋষয়শ্চ প্রহর্ষিতাঃ।

রূপের কথা আর কি বলিব! হে ঋষীশ্বরগণ! এই নগরের মহিমার কথা আর কি বলিব! যে সকল যাজ্ঞিকেরা হিমালয়ের নগর পরিত্যাগ করিয়া, স্বর্গকামনায় পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করে, তাহাদের পরিশ্রম বৃথা; কারণ যে পর্য্যন্ত হিমালয়ের নগর দৃষ্ট না হইবে, সেই পর্য্যন্তই মনুষ্যগণ স্বর্গের কামনা করিবে। ৪৯—৫৯। সেই ঋষিশ্রেষ্ঠগণ হিমালয়-নগরের বর্ণনা করত সেই হিমালয়ের সর্ব্বসমৃদ্ধি-সম্পন্ন গৃহে গমন করিলেন। সেই সূর্য্যসঙ্কাশ মুনিগণকে দেখিয়া, হিমালয় বিস্মিত হইয়া নিজ প্রিয়াকে বলিলেন,—'এ কি! সাতটী সূর্য্য আমার গৃহের দিকে কি নিমিত্ত আগমন করিতেছেন? তিনি বলিলেন,—'হে প্রিয়ে! আমরা যখন গৃহস্থ, তখন যত্নপূর্ব্বক অভ্যাগতের পূজা করা আমাদের অবশ্য কর্ত্তব্য। আমাদের মত গৃহস্থাশ্রমীরা ধন্য, কারণ আমাদের নিকট হইতে অপর আশ্রমীরা সুখ প্রাপ্ত হয়।" এই সময়েই সেই ঋষিগণ আকাশ হইতে অবতরণ করিলেন। তাহা দেখিয়া, হিমালয় অতিশয় সম্মানপূর্ব্বক তাঁহাদের সম্মুখে গমন করিলেন ও তাঁহাদিগকে পূজা করিয়া, দণ্ডবৎ প্রণাম করিলেন। তাঁহারাও সেই সুশোভন হিমালয়কে হস্তে গ্রহণ করিয়া, শুভবাক্য বলিতে লাগিলেন। অনন্তর হিমালয় তাঁহাদিগকে অগ্রে করিয়া, "আমার গৃহ ধন্য" এই কথা বলিতে বলিতে, আসন আনিয়া, ভক্তিপূর্ব্বক তাঁহাদিগকে অর্পণ করিলেন। তাঁহারা আসনে উপবিষ্ট হইলে, তাঁহাদের আজ্ঞাক্রমে স্বয়ং উপবিষ্ট হইয়া, সেই জ্যোতির্ম্ময় ঋষিদিগকে সম্বোধনপূর্ব্বক বলিতে লাগিলেন,—আমি ধন্য, আমি কৃতকৃত্য; আমার জীবন সফল হইল। লোকমধ্যে আমি বহু তীর্থসদৃশ দর্শনীয় হইলাম; কারণ বিষ্ণুস্বরূপ আপনারা আমার গৃহে আগমন করিয়াছেন। আপনারা সকল বিষয়ে পরিপূর্ণ, মাদৃশ দরিদ্র ব্যক্তির গৃহে আপনাদিগের কিসের অপেক্ষা? ৬০—৬৮। তবে সেই দরিদ্রদিগের দুঃখনাশার্থ সাধুগণ তাহাদের গৃহে আগমন করেন; আপনারাও কেবল আমার গৃহ পবিত্র করিবার নিমিত্তই সমাগত হইয়াছেন। তথাপি আপনারা মাদৃশ সেবক জনের যোগ্য কার্য্যের আদেশ করুন, তাহাতে আমার আশ্রম সফল হউক। মহতের আজ্ঞায়, লোকে নিশ্চয় মান্যতা প্রাপ্ত হয়, অতএব হে ঋষিসত্তমগণ! কোন্ কার্য্যে আমার যোগ্যতা, তাহা বলুন। এই বচন-শ্রবণে, ঋষিগণ প্রহৃষ্ট হইয়া, মহাদেবকে বারং

উচুস্তে গিরিরাজং বৈ স্মৃত্বা স্মৃত্বা শিবস্য চ ॥ ৭২
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি ভাগ্যবানসি সাম্প্রতম্ ।
শিবঃ পরোপকারায় কর্ত্তুকামঃ প্রজাসুখম্ ॥ ৭৩
অস্মন্মুখেন তে পুত্রীং যাচতে শঙ্করঃ স্বয়ম্ ।
জগদ্গুরোর্গুরুস্ত্বঞ্চ ভবিষ্যসি ন সংশয়ঃ ॥ ৭৪
জগন্মাতা চ তে পুত্রী তস্যৈবানুগ্রহাত্তবেং ।
জগৎপিতা শিবঃ প্রোক্তো জগন্মাতা শিবা স্মৃতা ॥
তস্মৈ দেয়া ত্বয়া কন্যা সার্থকং তে ভবিষ্যতি ।
এবং বচনমাকর্ণ্য গিরিরাজোঽব্রবীদিদম্ ॥ ৭৬
মদীয়ঞ্চ শরীরং বৈ পত্নী মেনা চ যা মতা ।
ঋদ্ধিঃ সিদ্ধিশ্চ কীর্ত্তিশ্চ শ্রীর্মদীয়া ন চান্যথা ॥৭৭
এবং জ্ঞাত্বা তদা পুত্রীং বিলোক্য মাতরঞ্চ তাম্ ।
ভূষয়িত্বা তদঙ্কঞ্চ ঋষ্যুৎসঙ্গে ন্যবেশয়ং ।
ইদং ভৈক্ষ্যং ময়া নাম দাতব্যমৃষিসত্তমাঃ ॥ ৭৮

ঋষয় উচুঃ ।

ঈদৃশা ভিক্ষুকাস্তেঽন্যো দাতা চৈব ভবান্ স্বয়ম্ ।
ভৈক্ষ্যঞ্চ পার্ব্বতী প্রোক্তং কিমতঃ পরমুত্তমম্ ॥৭৯
হিমবন্ শিখরাণাং তে মনসঃ সদৃশী গতিঃ ॥ ৮০
এবমুক্ত্বা তু তাং কন্যামৃষয়ো বিমলাশয়াঃ ।
আশিষং দত্তবন্তস্তে শিবায় সুখদা ভব ॥ ৮১
স্পৃষ্ট্বা করেণ তাং তত্র কল্যাণং তে ভবিষ্যতি ।
শুক্লপক্ষে যথা চন্দ্রো বর্দ্ধতে তদ্গুণাস্তথা ॥ ৮২
মিলিত্বা চ গৃহং তেঽদ্য বর্দ্ধয়িষ্যন্তি নিত্যশঃ ।
ইত্যুক্ত্বা ঋষয়ঃ সর্ব্বে গিরিরাজং পরস্পরম্ ॥ ৮৩
পুষ্পাণি ফলযুক্তানি ব্যত্যয়ং চক্রিরে তদা ।
অরুন্ধতী তদা তত্র মেনাং সাশ্রুমুখীং তদা ॥ ৮[illegible]
গুণৈশ্চ লোভয়ামাস শিবস্য পরমা সতী ।
হরিদ্রাকুঙ্কুমৈস্তত্র হৃঙ্গাণি পরিমার্জ্জয়ং ॥ ৮৫
ততশ্চ তে চতুর্থেঽহ্নি নির্দ্ধার্য্য লগ্নমুত্তমম্ ।
পরস্পরঞ্চ সংহৃষ্য জগ্মুস্তে শিবসন্নিধিম্ ॥ ৮৬
মহাকাশীং প্রয়াতাস্তে যত্রাস্তে শঙ্করঃ স্বয়ম্ ।

বার স্মরণপূর্ব্বক গিরিরাজকে বলিলেন,—তুমি ধন্য, কৃতকৃত্য এবং সম্প্রতি ভাগ্যবান্ হইয়াছ। শিব সম্প্রতি পরোপকারার্থ সন্তান উৎপাদন করিতে ইচ্ছা করিয়াছেন। শঙ্কর স্বয়ং আমাদের মুখ দিয়া, তোমার কন্যাকে যাচ্‌ঞা করিতেছেন। তুমি নিশ্চয় সেই জগদ্গুরুর গুরু হইবে। সেই শিবের অনুগ্রহে তোমার কন্যা জগতের মাতা হইবেন; কারণ শিব জগতের পিতা এবং শিবা জগতের মাতা বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছেন। সেই শিবকে তুমি কন্যা দান কর, তাহা হইলে তোমার জন্ম সার্থক হইবে। এই কথা শুনিয়া, গিরিরাজ বক্ষ্যমাণ বাক্য বলিলেন;—আমার দেহের স্বরূপ মেনানাম্নী পত্নী আছেন, তিনিই আমার ঋদ্ধি, সিদ্ধি, কীর্ত্তি এবং শ্রী; সে বিষয়ে কোন সন্দেহ নাই। ৬৯—৭৭। এইরূপে সেই কন্যাকে জগতের মাতা বলিয়া জ্ঞাত হইয়া, তাঁহার অঙ্গ ভূষিত করিয়া, ঋষিগণের ক্রোড়ে বসাইলেন। আর বলিলেন,—হে শ্রেষ্ঠ ঋষিগণ! আমি ইহাকে [illegible] অনন্তর ঋষিগণ বলিলেন,—যখন আমাদের মত ভিক্ষুক উপস্থি[illegible] এবং তুমি স্বয়ং দাতা ও পার্ব্বতীকে ভিক্ষা[illegible] বস্তু বলিয়া কল্পনা করিয়াছ, তখন ইহা অপেক্ষা আর উত্তম কি হইতে পারে? হে হিমবন্ তোমার শিখর সকল যেমন উচ্চ, তোমা[illegible] মনও সেইরূপ উচ্চ। এই কথা বলিয়া সে[illegible] বিমলাশয় ঋষিগণ, সেই কন্যাকে এই বলি[illegible] আশীর্ব্বাদ করিলেন যে, তুমি মহাদেবকে সু[illegible] কর। অনন্তর তাঁহারা সেই কন্যার গা[illegible] হাত বুলাইয়া বলিলেন—তোমার কল্যাণ হউ[illegible] তাহার পর হিমালয়কে—শুক্লপক্ষে চন্দ্র যে[illegible] প্রত্যহ বৃদ্ধি প্রাপ্ত হয়, সেইরূপ তোমার গ[illegible] মিলিত তোমার স্বপক্ষীয় সকল নিত্য [illegible] প্রাপ্ত হউক,—এই কথা বলিয়া পরস্পর ফল[illegible] পুষ্পের বিনিময় দ্বারা সদাচার প্রতিপ[illegible] করিলেন এবং তখন অরুন্ধতীও অশ্রু[illegible] মেনকাকে বলিলেন,—পরমসাধ্বি! তো[illegible] পুত্রী স্বীয়গুণে মহাদেবের মন হরণ ক[illegible] ছেন। এই কথা বলিয়া, তিনি হরিদ্র[illegible] কুঙ্কুম দ্বারা তাঁহার অঙ্গ মার্জ্জনা করিলেন। অনন্তর তাঁহারা চতুর্থ দিনে বিবাহের উপযুক্ত লগ্ন স্থির করিয়া, পরস্পর হাস্যপরিহাস করত শিবের সমীপে গমন করিলেন। যেখানে

বিবাহস্য বিধিং সম্যক্ চক্রুস্তে ঋষিসত্তমাঃ ॥৮৭
তদাজ্ঞপ্তাশ্চ তে তত্র গতাশ্চাগমনায় বৈ।
যুয়মধ্বর্য্যবঃ প্রোক্তা বিবাহে চ ময়া পুনঃ ॥ ৮৮
অতঃশীঘ্রং ভবন্তিস্তু ঋষয়ো ব্রহ্মবিত্তমাঃ।
আগন্তব্যং সশিষ্যৈস্তু ভবন্তঃ কার্য্যকারকাঃ ॥ ৮৯
ইত্যুক্তাস্তে গতাস্তত্র তথেতি পরমং বচঃ।
শিবোঽপি সগণস্তত্র প্রসন্নমুখপঙ্কজঃ ॥ ৯০
কৈলাসমগমদ্দেবো বিবাহরচনায় বৈ।
সস্মার নারদং দেবঃ স্মরণাদাগতঃ ক্ষণাৎ ॥ ৯১
নিবেদিতঞ্চ তং সর্ব্বং শ্রুত্বা হৃষ্টোঽথ নারদঃ।
শিবোঽপি কথয়ামাস পার্ব্বত্যা বচনং তদা ॥ ৯২
তয়া তপস্তথা তপ্তং বশীভূতো হ্যহং তদা।
এবং শ্রুত্বা বচস্তস্য নারদো বাক্যমব্রবীৎ ॥ ৯৩
ভবতাস্তু ব্রতমিদং ভক্তবশ্যো ভবাম্যহম্।
সম্যক্ কৃতং ত্বয়া দেব পার্ব্বতীমনসেপ্সিতম্ ॥৯৪
কার্য্যং মৎসদৃশং কিঞ্চিৎ কথনীয়ং ত্বয়া প্রভো।
ইত্যুক্তস্তু শিবস্তস্মৈ কথয়ামাস বৈ তদা ॥ ৯৫
ভবতো বচনং হ্যত্র কৃতং মে নাত্র সংশয়ঃ।
ইদং ত্বয়া তু কর্ত্তব্যং দেবানাঞ্চ নিমন্ত্রণম্ ॥ ৯৬
ব্রহ্মাণঞ্চ তথা বিষ্ণুমন্যান্ দেববরাংস্তথা।
কথনীয়ং প্রযত্নেন ঋষিবর্য্যাংস্তথৈব চ ॥ ৯৭
সর্ব্বান্ মাতৃগণাংশ্চৈব যক্ষগন্ধর্ব্বকানথ।
নাগমিষ্যন্তি যেঽপ্যত্র মদীয়া ন কদাচন ॥ ৯৮
ইত্যুক্তো নারদো ব্রহ্মন্ প্রণিপত্য সদাশিবম্।
জগাম সর্ব্বতো দেবান্ যদুক্তং শম্ভুনা পুরা।
কথয়িত্বা পুনস্তত্র মনোবেগসমাগতঃ ॥ ৯৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিবনিমন্ত্রণং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

সাক্ষাৎ শঙ্কর বাস করিতেছিলেন, তাঁহারা সেই মহাকাশীতে গমন করিলেন। তাহার পর মহাদেবের আজ্ঞা প্রাপ্ত হইয়া, গৃহে গমন করিলেন। মহাদেব তাঁহাদিগকে বলিয়াছিলেন যে, বিবাহকালে তোমরা আমার পৌরোহিত্য করিবে। হে ব্রহ্মবিত্তম ঋষিগণ! তোমরা আমার কার্য্যকারক। অতএব শিষ্যগণের সহিত শীঘ্র আসিবে। ৭৮—৮৯। তাঁহারা শিবকর্তৃক এইরূপে উক্ত হইয়া, তথাস্তু বলিয়া অঙ্গীকার করত স্বস্থানে গমন করিলেন। শিব প্রসন্নমুখে স্বীয় গণের সহিত বিবাহানুষ্ঠানের উদ্যোগ করিবার নিমিত্ত কৈলাস পর্ব্বতে গমন করিলেন এবং নারদকে স্মরণ করিলেন স্মরণমাত্র নারদ সেই স্থানে আগমন করিলেন এবং সেই সকল বৃত্তান্ত শ্রবণ করিয়া নারদ হৃষ্ট হইলেন। শিবও নারদের নিকট পার্ব্বতীর বাক্য সকল বলিতে লাগিলেন। শিব বলিলেন,—সেই পার্ব্বতীর কঠোর তপস্যায় আমি বশীভূত হইয়াছি। মহাদেবের সেই বাক্য শ্রবণ করিয়া নারদ বলিলেন,—"আমি ভক্তের বশীভূত হইব" ইহাই ত আপনার ব্রত। হে দেব! পার্ব্বতীর মনোভিলষিত বর প্রদান করিয়া আপনি তাহা সম্যক্ সাধন করিয়াছেন। এক্ষণে হে প্রভো! আমার অনুরূপ কিঞ্চিৎ আজ্ঞা করুন। শিব নারদ কর্তৃক এইরূপে উক্ত হইয়া বলিলেন, তুমি প্রসঙ্গানুগত বাক্যের উপন্যাস করিয়াছ, সন্দেহ নাই। তুমি এই কার্য্যটী কর,—সমুদয় দেবগণকে নিমন্ত্রণ কর। ব্রহ্মা, বিষ্ণু, অন্যান্য দেবগণ ও ঋষিগণকে নিমন্ত্রণ করিবে; সমুদয় মাতৃগণ, যক্ষ ও গন্ধর্ব্বদিগকে নিমন্ত্রণ করিবে। যাহারা না আসিবে, তাহারা আমার আত্মীয় মধ্যে গণ্য হইবে না। হে ব্রহ্মন্! নারদ এইরূপে উক্ত হইয়া শিবকে প্রণাম করিয়া মহাদেবের বাক্যানুক্রমে সমুদয় দেবগণের নিকট গমন করিলেন এবং তাঁহাদিগকে নিমন্ত্রণ করিয়া পুনর্ব্বার মনোবেগে শিবের নিকট আগমন করিলেন। ৯০—৯৯।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥

ষোড়শোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সর্ব্বে দেবাস্তদা তত্র শিবসেবাসমীহয়া।
স্বীয়ান্যেবোপকরণানি সেবার্থন্তু শিবস্য চ ॥ ১
সর্ব্বে তে প্রেরয়ামাসুর্দেবা ইন্দ্রাদয়স্তদা।
গন্ধর্ব্বাপ্সরসস্তত্র বাদ্যং নৃত্যঞ্চ চক্রিরে ॥ ২
মাতরঃ সপ্ত তাস্তত্র শিবভূষাবিধিং পরম্।
চক্রিরে চ মুদা যুক্তা যথাযোগ্যং তথা পুনঃ ॥ ৩
কর্ত্তব্যং কিঞ্চপূর্ণস্য সর্ব্বে প্রিয়চিকীর্ষয়া।
তস্য স্বাভাবিকো বেশো ভূষাবিধিরভূৎ তদা ॥ ৪
তদেব কথয়াম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ।
চন্দ্রস্তু মুকুটস্থানে সান্নিধ্যমকরোৎ তদা ॥ ৫
তিলকং সুন্দরং হ্যাসীন্নয়নস্তু তৃতীয়কম্।
কর্ণাভরণানি যান্যাসংস্তান্যেবাভরণানি চ ॥ ৬
ভূতিশ্চ চন্দনং হ্যাসীদ্দুকূলং চর্ম্ম উচ্যতে।
সর্পা হ্যাভরণান্যাসন্ মণয়ো বিবিধাশ্চ যে ॥ ৭
তৎপ্রভাবাৎ তদা সর্ব্বে প্রাকৃতা বিকৃতিং গতাঃ।
ঈদৃশং সুন্দরং রূপং জাতং বর্ণনদুষ্করম্ ॥ ৮
ঈশ্বরোঽপি স্বয়ং সাক্ষাদৈশ্বর্য্যং লব্ধবানিহ।
গণাস্তত্র চ বাদ্যানি চক্রিরে বিবিধান্যপি ॥ ৯
এতস্মিন্ সময়ে দেবা আজগ্মুঃ প্রভুসেবয়া।
ব্রহ্মা তু হংসমারুহ্য ঋষিভিঃ প্রভুসেবয়া ॥ ১০
স্বীয়াটোপেন বৈ তত্র ভূতানাং পতিমীশ্বরম্।
নমস্কৃত্য স্থিতাস্তত্র তাবদ্বিষ্ণুঃ সমাগতঃ ॥ ১১
বাহনং পক্ষিরাজশ্চ নিজসেবকসংযুতঃ।
স্বচিহ্নৈর্ভূষিতশ্চাসৌ নমস্কৃত্য স্থিতঃ পুরঃ ॥ ১২
তাবদিন্দ্রাদয়ো দেবাঃ স্বীয়াটোপসমন্বিতাঃ।
ইন্দ্রশ্চৈব যমশ্চৈব কুবেরো বরুণস্তথা।
অন্যে তে লোকপালাশ্চ স্বীয়চিহ্নসমন্বিতাঃ ॥ ১৩
বসবশ্চ তথা সূর্য্যা ঋষয়শ্চ তথা শুভাঃ।
নদ্যো গঙ্গাদয়ঃ সর্ব্বাঃ সমুদ্রাঃ সর্ব্ব এব হি ॥ ১৪
গন্ধর্ব্বাপ্সরসস্তত্র নাগাঃ সর্ব্বে তথাবিধাঃ।

ষোড়শ অধ্যায়।

সূত বলিলেন,—তখন ইন্দ্রাদি দেবগণ শিবের সেবায় অভিলাষী হইয়া শিবের সেবার্থ স্ব স্ব উপকরণ সকল পাঠাইয়া দিলেন। সেই স্থানে গন্ধর্ব্ব ও অপ্সরোগণ আসিয়া নৃত্য ও বাদ্য করিতে লাগিল। সপ্ত মাতৃদেবতা সানন্দচিত্তে মহাদেবের যথাযোগ্য বেশভূষা করিয়া দিলেন। যদ্যপি শিব পরিপূর্ণ এবং তাঁহার বেশভূষা স্বতঃসিদ্ধ, সুতরাং তাঁহার বেশভূষা নিষ্প্রয়োজন, তথাপি কেবল তাঁহার প্রীত্যর্থ তাঁহারা সকলে তাদৃশ ভূষণবিধির অনুষ্ঠান করিলেন। হে ঋষিশ্রেষ্ঠগণ! তৎকালে শিব কিরূপ সজ্জিত হইয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। তখন চন্দ্র স্বয়ং তাঁহার মুকুট স্থানে সান্নিধ্য করিলেন। তাঁহার তৃতীয় নেত্র সুন্দর তিলকস্বরূপ ধারণ করিল। কর্ণে যে আভরণ ছিল, তাহাই আভরণত্ব প্রাপ্ত হইল। ভূতি অর্থাৎ ভস্ম চন্দনরূপ ধারণ করিল, চর্ম্ম দুকূল হইল এবং সর্প সকল বিবিধ মণিময় আভরণ তুল্য হইল। সেই শিবের প্রভাবে প্রাকৃত বস্তু সকল বিকৃত অর্থাৎ কৃত্রিমরূপ ধারণ করিল; তাহাতে তাঁহার রূপ এরূপ সুন্দর হইল যে, বর্ণনা দুঃসাধ্য। তিনি স্বয়ং ঈশ্বর হইলেও ঐশ্বর্য্য লাভ করিলেন এবং গণেরা নানাবিধ বাদ্য আরম্ভ করিল। এই সময়ে সেই দেবগণ সেই প্রভুর সেবার্থ আগমন করিলেন। ব্রহ্মা ঋষিগণে পরিবৃত এবং হংসারূঢ় হইয়া আপনার পদোচিত ভঙ্গী প্রকাশ করত সেই ভূতপতি ঈশ্বরকে প্রণামপূর্ব্বক অবস্থান করিলে, সেই স্থানে তৎক্ষণাৎ বিষ্ণু আগমন করিলেন। ১—১১। বিষ্ণুর বাহন পক্ষিরাজ গরুড় এবং সমভিব্যাহারে নিজ সেবকগণ; তিনি আপনার চিহ্নসমুদায়ে ভূষিত হইয়া আগমনপূর্ব্বক শিবকে প্রণাম করিয়া সম্মুখে অবস্থান করিলেন। ঐ সময়ে ইন্দ্র, যম, কুবের এবং বরুণ আপনার আপনার পদোচিত আসবাবের সহিত সেই স্থানে আগমন করিলেন। অন্যান্য লোকপাল সকল, বসু, সূর্য্য ও পবিত্র ঋষিগণ স্ব স্ব চিহ্নের সহিত সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন। এইরূপ গঙ্গাপ্রভৃতি নদী সকল, সমুদ্র সকল, গন্ধর্ব্ব অপ্সরা [illegible]

সেবাবসরমাজ্ঞায় সমাজগ্মুর্মুদান্বিতাঃ ॥ ১৫
তস্মিন্ দিনে তদা তত্র শোভাভাবসমন্বিতাঃ।
দেবা ব্যূহং তদা চক্রুঃ স্বীয়ং স্বীয়ন্তু ভাগশঃ ॥ ১৬
নিঃসসার ততস্তস্মাৎ কৈলাসাৎ পর্ব্বতোত্তমাৎ।
শিবঃ পরমসন্তুষ্টো দেবান্ কৃত্বা পুরস্তদা ॥ ১৭
তে দেবাশ্চ তদাজ্ঞপ্তা যথাযোগ্যং পুরঃসরাঃ।
অভবংস্তে তু বাদিত্রৈর্যুক্তা নাদং পরস্পরম্।
তদেব কথয়ামাসুর্যেন তুষ্যেচ্চ শঙ্করঃ ॥ ১৮
হিমবানপি তত্রৈব স্থানাহূয় সুহৃদ্বৃতঃ।
বিধিবৎ কারয়ামাস মণ্ডপাদিবিধিং ক্রমাৎ ॥ ১৯
বিবিধানি বিচিত্রাণি তোরণানি তথা পুনঃ।
ধ্বজাংশ্চৈব বিচিত্রাংশ্চ চকার পরয়া মুদা ॥ ২০
পর্ব্বতাশ্চ তথা রম্যা জঙ্গমং রূপমাস্থিতাঃ।
তৎপত্নাশ্চৈব পুত্রাশ্চ পুত্র্যশ্চৈব তথাবিধাঃ ॥ ২১
বস্ত্রালঙ্কারসংযুক্তাঃ সর্ব্বে হর্ষসমাকুলাঃ।
কার্য্যং চক্রুশ্চ তত্রত্যং হিমবদ্গৃহসম্ভবম্ ॥ ২২

তচ্ছোভাং বর্ণিতুং নৈব শক্নোমি ঋষিসত্তমাঃ।
কন্যাঞ্চৈব তু দানার্থং সুস্নাপ্যালং চকার সঃ ॥ ২৩
বিবাহবিধিযোগ্যঞ্চ বেশং সম্পাদ্য সংস্থিতঃ।
দেবতাপূজনং কৃত্বা নানোপকরণানি চ ॥ ২৪
সংবিধায় তদা সর্ব্বং প্রেষয়ন্ গন্ধমাদনম্।
সেবকন্তু তথান্যঞ্চ শীঘ্রমায়াতু বৈ শিবঃ।
প্রতীক্ষাং বরবর্গস্য কৃত্বা চ হিমবান্ স্থিতঃ ॥ ২৫
এতস্মিন্ সময়ে রুদ্রঃ সমীপে স্ববলৈর্বৃতঃ।
আজগাম মহাবীর্য্যঃ সর্ব্বসিদ্ধিসমন্বিতঃ ॥ ২৬
তমাগতং তদা শ্রুত্বা হিমবান্ বলসংবৃতঃ।
জগাম সম্মুখস্তত্র ধন্যোঽহমিতি চিন্তয়ন্ ॥ ২৭
দেবসেনাং তথা দৃষ্ট্বা হিমবান্ বিস্ময়ং গতঃ।
দেবাহি তদ্বলং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং গতাঃ ॥ ২৮
পর্ব্বতানাং তথা সেনা দেবানাঞ্চ তথা পুনঃ।
মিলিত্বা তু তথা রেজে মঙ্গতে সাগরাবুভৌ ॥ ২৯
পরস্পরং মিলিত্বা তু দেবাশ্চ পর্ব্বতাস্তথা।

সেবার উপযুক্ত সময় বুঝিয়া সানন্দচিত্তে সুশোভিত হইয়া সেই দিনে, সেই স্থানে আগমন করিলেন। দেবগণ নিজ নিজ দলবলের সহিত মিলিত হইয়া এক একটী ব্যূহরচনা করিলেন এবং ক্রমশঃ এক একটী করিয়া কৈলাস পর্ব্বত হইতে নির্গত হইতে লাগিলেন। শিব সাতিশয় সন্তোষ প্রাপ্ত হইয়া দেবগণকে অগ্রগামী করিলেন এবং সেই দেবগণও শিবের আজ্ঞাক্রমে বাদ্যকরগণের সহিত পুরঃসর হইলেন ও পরস্পর সেইরূপ কথোপকথন করিতে লাগিলেন, যাহাতে মহাদেবের সন্তোষ হয়। হিমালয়ও সুহৃদ্গণে পরিবৃত হইয়া তাঁহাদিগকে আহ্বান করিয়া যথাশাস্ত্র মণ্ডপাদি রচনা বিধির অনুষ্ঠান করাইলেন। তিনি অতিশয় আনন্দসহকারে স্থানে স্থানে বিচিত্র তোরণ নির্ম্মাণ এবং নানা প্রকারের ধ্বজা আরোপিত করাইলেন। ১২—২০। পর্ব্বত সকল তৎকালে স্বীয় পত্নী, পুত্র ও পুত্রীর সহিত জঙ্গমরূপ ধারণপূর্ব্বক নানাবিধ বস্ত্রালঙ্কারে সুশোভিত হইয়া, হর্ষাকুলচিত্তে হিমালয়ের [illegible]

কার্য্য সকল করিতে লাগিল। হে শ্রেষ্ঠ ঋষিগণ! সেই সময় হিমালয়-গৃহের যে অপূর্ব্ব শোভা হইয়াছিল, তাহা আমি বর্ণন করিতে অক্ষম। অনন্তর হিমালয়, সম্প্রদানের নিমিত্ত কন্যাকে স্নান করাইয়া অলঙ্কৃত করিলেন। তিনি কন্যার বিবাহযোগ্য বেশ সম্পাদনানন্তর দৈবতার্চ্চন এবং বহুবিধ উপকরণ সঙ্কলন করিয়া অবস্থান করিতে লাগিলেন। তিনি সমুদায় আয়োজন করিয়া গন্ধমাদন এবং অপর একজন ভৃত্যকে শিবকে শীঘ্র আনিবার জন্য প্রেরণ করিলেন। হিমালয় বরাগমনের প্রতীক্ষা করিয়া রহিয়াছেন, এমন সময় সর্ব্বসিদ্ধিসমন্বিত মহাবীর্য্য-সম্পন্ন রুদ্র স্বদলে পরিবৃত হইয়া তাঁহার সমীপে আগমন করিলেন। তাঁহার আগমন শ্রবণ মাত্রই হিমালয় দলবলের সহিত "আমি ধন্য হইলাম" মনে মনে এইরূপ চিন্তা করতঃ তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন এবং তাঁহার সঙ্গিনী সেই দেবসেনাকে দেখিয়া বিস্ময়াবিষ্ট হইলেন। দেবগণও হিমালয়ের দলবল দেখিয়া আশ্চর্য্যান্বিত হইলেন। তখন পর্ব্বতসেনা ও দেবসেনা মিলি

কৃতকৃত্যং তথাত্মানং মেনিরে পরয়া মুদা ॥ ৩০
রচিত্বা শিবিরং সম্যক্ সংস্থাপ্য দেবতাবলম্।
জগাম পর্ব্বতস্তত্র যত্র স্যাদ্বিধিবেদিকা ॥ ৩১
কারয়িত্বা বিশেষেণ চতুষ্কং তোরণৈর্যুতম্।
স্নানদানাদিকং কৃত্বা প্রতীক্ষামকরোৎ তদা ॥ ৩৩
মেনাপি চ তথা তত্র চন্দ্রশালামুপাগতা।
হর্ষভারসমাযুক্তা শিবং ভক্তসুখাবহম্।
দ্রষ্টুকামাভবৎ তত্র নারদেন সমন্বিতা ॥ ৩৩
প্রথমঞ্চ নিরীক্ষামি হর্ষনির্ভরমাশ্রিতা।
যাদৃশং শিবরূপঞ্চ যদর্থে তপ উত্তমম্ ॥ ৩৪
তত্ত্বজ্ঞানপরা সা চ দর্শনার্থং শিবস্য চ।
স্থিতা শিরোগৃহং দেবী মেনা মুনিবরস্তথা ॥ ৩৫
শিবোঽপি চ তদা তস্যা জ্ঞাত্বাহঙ্কারমাত্মনঃ।
তথৈব দর্শয়ামাস বুদ্ধিভ্রংশো ভবেদ্‌যথা ॥ ৩৬
এতস্মিন্ সময়ে সেনাং দেবানাং পরমাং শুভাম্।
নিরীক্ষন্তী তদা মেনা দৃষ্ট্বা হর্ষসমাকুলা।
এতৎপতিঃ শিবঃ সাক্ষাৎ কীদৃশো বৈ ভবিষ্যতি ॥

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাঞ্চ কৌতুকাবহাম্।
প্রথমঞ্চৈব গন্ধর্ব্বাঃ সুন্দরাঃ সুভগাস্তথা ॥ ৩৮
বস্ত্রৈশ্চ বিবিধৈর্যুক্তা নানালঙ্কারভূষিতাঃ।
নানাবাহনযুক্তাশ্চ নানাবাদ্যপরায়ণাঃ।
পতাকাভির্বিচিত্রাভিরপ্সরোগণসংযুতা ॥ ৩৯
দৃষ্ট্বা বিশ্বাবসুং তত্র তৎপতিং পরমং শুভম্।
দৃষ্ট্বা চ হর্ষিতা চাসীচ্ছিবোঽয়মিতি চাব্রবীৎ ॥ ৪০
দেবানাং গায়কশ্চায়ং কুতো দেবঃ সনাতনঃ।
ইত্যেবং নারদস্তস্যৈ হ্যুবাচ ঋষিসত্তমঃ ॥ ৪১
এবং শ্রুত্বা তদা মেনা বিচারে তৎপরাভবৎ।
ইতশ্চাপ্যধিকো যো বৈ শিবঃ কীদৃগ্‌ভবিষ্যতি ॥ ৪২
এতস্মিন্নন্তরে যক্ষা মণিগ্রীবাদয়শ্চ যে।
তেষাং সেনা তয়া দৃষ্টা শোভাদিদ্বিগুণীকৃতা ॥ ৪৩
তৎপতিঞ্চ কুবেরঞ্চ দৃষ্ট্বা শোভাসমন্বিতম্।
অয়ং রুদ্রস্তথাস্যেতি বরুণঞ্চ সমাগতঃ ॥ ৪৪
ততোঽপি দ্বিগুণাং শোভাং দৃষ্ট্বা রুদ্রস্তথা ন হি ॥

গণ ও পর্ব্বতগণ পরস্পরে মিলিত হইয়া একত্র দুইটী সাগরের ন্যায় বিরাজমান হইয়াছিল পর্ব্বতগণ শিবিররচনা এবং তন্মধ্যে দেবতাদিগের বল সংস্থাপিত করিয়া আপনাকে কৃতকৃত্য বলিয়া বিবেচনা করিয়াছিল। ২১—৩১। অনন্তর হিমালয় বিবাহবেদীর সমীপে গমন করিয়া সেই স্থানে তোরণ-সমন্বিত একটী চতুষ্কোণ মণ্ডপ নির্ম্মাণ করাইলেন। তৎপরে স্বয়ং স্নানদানাদি করিয়া বরাগমনের প্রতীক্ষা করিতে লাগিলেন। সেই তত্ত্বজ্ঞানপরা মেনকা দেবী হর্ষাতিশয়যুক্ত হইয়া, "যাহার নিমিত্ত কন্যা তাদৃশ উগ্রতপস্যার অনুষ্ঠান করিয়াছেন, প্রথমে সেই শিবকে দর্শন করিব" মনে মনে এইরূপ চিন্তা করিয়া শিবের দর্শনার্থ মহর্ষি নারদের সহিত সর্ব্বোপরিগৃহে অবস্থান করিতে লাগিলেন। শিবও তাঁহার সেই মানসিক অহঙ্কার জানিতে পারিয়া, যাহাতে তাঁহার বুদ্ধিভ্রংশ হয়, আপনার তাদৃশ রূপ দেখাইলেন। এমন সময় মেনকা, দেবতাদিগের সুশোভন সৈন্য নিরীক্ষণ করিয়া হর্ষে আকুল হইলেন। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন,—ইহাদের অধিনায়ক শিব, না জানি কিরূপ সুন্দর হইবেন! ৩২—৩৭। সূত বলিলেন,—হে ঋষিশ্রেষ্ঠগণ! সেই কৌতুকাবহ কথা শ্রবণ করুন। প্রথমে সুন্দর সুভগ গন্ধর্ব্বগণ নানাবিধ বস্ত্র এবং অলঙ্কারে বিভূষিত হইয়া গমন করিতে লাগিলেন। তাঁহারা নানাবিধ বাহনে আরূঢ়, নানাবিধ বাদ্যবাদন-তৎপর, বিচিত্ররূপ তাকা-শোভিত এবং অপ্সরোগণ-সংযুক্ত। সেই গন্ধর্ব্বদিগের পতি পরম সুন্দর বিশ্বাবসুকে দেখিয়া মেনকা অত্যন্ত হৃষ্ট হইলেন এবং বিবেচনা করিলেন,—এই বুঝি শিব হইবেন। তখন ঋষিসত্তম নারদ বলিলেন,—এ ব্যক্তি সেই সনাতন মহাদেব ও দেবগণের একজন গায়ক মাত্র। এই কথা শুনিয়া মেনা মনে মনে তর্ক করিতে লাগিলেন,—সেই শিব ইহা হইতেও অধিক; না জানি কিরূপ সুন্দর! ইহার মধ্যে মণিগ্রীবাদি যক্ষ এবং তাহাদের সেনা পূর্ব্বোক্ত গন্ধর্ব্বগণ হইতে দ্বিগুণ-শোভাবিশিষ্ট দৃষ্ট হইল। তাহাদের পতি সৌন্দর্য্যযুক্ত কুবেরকে দেখিয়া মেনকা মনে মনে বিবেচনা করিলেন,—ইনিই

দগাম ধর্ম্মরাজশ্চ সর্ব্বশোভাসমন্বিতঃ।
শাভাঞ্চ দ্বিগুণাং তস্য দৃষ্ট্বা সোঽয়ং তথা ন হি॥
তাবদিন্দ্রঃ সমায়াতঃ সর্ব্বদেববরঃ শুভঃ।
কিং বর্ণ্যতে তদীয়া চ শোভা বৈ দ্বিগুণীকৃতা॥৪৭
য়া যোঽপ্যগ্রে সমায়াতি শোভয়া দ্বিগুণীকৃতঃ।
তং দৃষ্ট্বা শঙ্করঃ সোঽয়ং নায়ং রুদ্রস্য কিঙ্করঃ॥৪৮
তাবৎ সূর্য্যঃ সমায়াতঃ সর্ব্বদেবময়ঃ শুভঃ।
তেজসা দীপ্তিমান্ লোকে দৃষ্ট্বা রুদ্রস্তথা ন হি॥৪৯
তাবচ্চন্দ্রঃ সমায়াতো গ্রহৈঃ সর্ব্বৈঃ সমন্বিতঃ।
ততশ্চ দ্বিগুণাং শোভাং রুদ্রোঽয়ং নো ভবেদিতি
মেনা মেনে চ তাং পুত্রীং ধন্যাং কুলসুখাবহাম্।
এতেষাং যঃ পতিঃ সো বৈ তস্যাঃ পতির্ভবিষ্যতি॥
তস্যাঃ কিং বর্ণ্যতে ভাগ্যমপি বর্ষশতৈরপি॥ ৫২
তাবদ্‌ব্রহ্মা সমায়াতস্তেজসাং রাশিরুত্তমঃ।
ঋষিবর্য্যযুতঃ সাক্ষাদ্ধর্ম্মপুঞ্জ ইব স্থিতঃ॥ ৫৩
অয়ং বা ভবিতা নেতি তাবদ্বিষ্ণুঃ সমাগতঃ।
মেঘশ্যামশ্চতুর্ব্বাহুঃ পীতাম্বরধরঃ শুভঃ॥ ৫৪
শ্রীবৎসবক্ষা লক্ষ্মীশঃ শঙ্খাদিলক্ষণৈর্বৃতঃ।
মুকুটাদিভূষণৈর্যুক্তঃ সিদ্ধ্যষ্টকসমন্বিতঃ॥ ৫৫
কোটিকন্দর্পলাবণ্যঃ প্রসন্নমুখপঙ্কজঃ।
রাজীবলোচনঃ শান্তো নিজভক্তসমন্বিতঃ॥ ৫৬
পক্ষীন্দ্রবাহনঃ শ্রীমানপ্রমেয়পরাক্রমঃ।
তং দৃষ্ট্বা চকিতা চাসীদ্ধন্যাহং সংপথং গতা॥ ৫৭
সোঽয়ং শিবো ভবেৎ সাক্ষান্নেতি তং নারদোঽব্রবীৎ।
অতোঽধিকো ভবেৎ সো বৈ বর্ণিতুং নৈব শক্যতে॥৫৮
তাবচ্চ ঋষয়ো যাতা ভৃগ্বাদ্যাশ্চ মুনীশ্বরাঃ।
গঙ্গাদিসর্ব্বতীর্থৈশ্চ শিষ্যশাখাসমন্বিতাঃ॥ ৫৯
তত্রাগ্রে কল্পবৃক্ষাশ্চ গচ্ছন্তঃ কামপূরকাঃ।

কি রুদ্র? তাহার পর বরুণ আগত হইলেন। বরুণের শোভা তাহা হইতে দ্বিগুণ দেখিলেন, অথচ রুদ্র নয় জানিলেন। তাহার পর সকল প্রকার শোভা-সমন্বিত ধর্ম্মরাজ আগমন করিলেন। মেনকা দেখিলেন,—ধর্ম্মরাজের শোভা বরুণ হইতেও দ্বিগুণ, অথচ তিনি রুদ্র নন। তাহার পর নিখিল দেবগণের প্রধান শুভরূপ ইন্দ্র সেই স্থানে আগমন করিলেন। কি বলিব! সেই ইন্দ্রের শোভা যম অপেক্ষা দ্বিগুণ। এইরূপে যিনি যত পশ্চাৎ আসিতে লাগিলেন, তাঁহার শোভাই পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ। সেই ইন্দ্রকে দেখিয়া নারদমুখে জানিলেন,—ইনি শঙ্কর নহেন; শঙ্কর-কিঙ্কর। ৩৮—৪৮। তখন অত্যন্ত তেজস্বী সর্ব্বদেবময় মঙ্গলাস্পদ সূর্য্য তথায় সমাগত হইলেন দেখিয়া, নারদ প্রমুখাৎ অবগত হইলেন,—ইনিও রুদ্র নহেন। অনন্তর সূর্য্য অপেক্ষাও দ্বিগুণ-শোভাসম্পন্ন সর্ব্বগ্রহ-সমন্বিত চন্দ্র উপস্থিত হইলেন; কিন্তু মেনকা জানিলেন, ইনিও রুদ্র নহেন। তখন মেনকা নিজ তনয়াকে কুলানন্দদায়িনী ও ধন্যা বোধ করিলেন। ভাবিলেন, যিনি এই সকল দেবগণের স্বামী, সেই রুদ্র আমার কন্যার স্বামী হইবেন; অতএব তাহার ভাগ্যবর্ণনা শতবর্ষেও করা যায় না। অনন্তর উত্তম তেজোরাশিময় সাক্ষাৎ ধর্ম্মপুঞ্জবৎ অবস্থিত ব্রহ্মা, প্রধান প্রধান ঋষিগণ সমভিব্যাহারে তথায় উপস্থিত হইলেন। মেনকা ভাবিলেন, ইনিই বুঝি রুদ্র; তৎপরে নারদের নিকট উত্তর পাইলেন, তাহা নহে। ইত্যবসরে ঘনশ্যাম, পীতাম্বর-পরিধান, চতুর্ব্বাহু শ্রীবৎস-চিহ্নিতবক্ষঃস্থল, শঙ্খাদিধারী, মুকুটা[illegible] ভূষণে ভূষিত, অষ্টসিদ্ধি-সমন্বিত, লক্ষ্মীপতি, শা[illegible] কমললোচন শ্রীমান্ বিষ্ণু তথায় সমাগত হই[লে]লেন। তাঁহার লাবণ্য কোটি কন্দর্পের ন্যায়, মুখ কমল প্রসন্ন, সমভিব্যাহারে নিজভক্তগণ। তিনি অপ্রমেয়-পরাক্রম এবং গরুড়বাহন। মেনক[া] তাঁহাকে দেখিয়া "আমি ধন্যা, আমি সংপ[থ] গতা" এইরূপ চিন্তা করিতে লাগিলেন এ[বং] বিস্মিতা হইলেন। ইনি বোধ হয় শিব, এ[ই] রূপ প্রশ্ন করায় নারদ বলিলেন,—না, তা[হা] নহে। শিব, ইহা অপেক্ষাও প্রধান; তাঁহ[ার] বর্ণনা করা যায় না। অনন্তর শিষ্য-শাখা-স[মন্বিত] পরম তেজস্বী ভৃগু প্রভৃতি মুনিশ্রেষ্ঠ ঋ[ষি]গণ, গঙ্গাদি তীর্থগণের সহিত তথায় আগ[মন] করিতে লাগিলেন। বোধ হইল, যেন কা[মপূরক]

সুরভ্যাদিপরৈর্যুক্তাস্তেজসাং রাশয়ঃ পরে ॥ ৬০
গৃণন্তস্তে পরং ব্রহ্ম হুনচানাঃ সুখাবহাঃ।
তন্মধ্যে চৈব বাগীশং দৃষ্ট্বা সোঽয়ং ভবিষ্যতি ॥ ৬১
নায়মন্তঃ সমায়াতি নির্গুণো গুণবান্ হরঃ।
ইত্যেবং নারদাচ্ছ্রুত্বা মেনা মানবতী মুদা ॥ ৬২
ত্রৈলোক্যসারং যচ্চাসীৎ তদ্দৃষ্টং হি ময়া পুনঃ।
অতো রুদ্রশ্চ যো বৈ স্যাৎ কীদৃক্ সোঽয়ং ভবিষ্যতি ॥ ৬৩
তাবদ্রুদ্রঃ সমায়াতো নারদস্তামুবাচ হ।
অয়ং বৈ শঙ্করঃ সাক্ষাৎ পশ্যতাং সুন্দরি ত্বয়া ॥ ৬৪
হর্ষিতা সা তদা তত্র দদর্শ শঙ্করং মুদা।
বাত্যারূপধরাঃ কেচিদায়াতা মর্ম্মরস্বরাঃ ॥ ৬৫
অঙ্গুল্যা দর্শয়ামাস নারদস্তাং শুভাননাম্।
হরস্য সেবকান্ পশ্য পুনরন্যান্ বিলোকয় ॥ ৬৬
তাবদন্যে সমায়াতা ভূত-প্রেত-পিশাচকাঃ।
বক্রতুণ্ডাস্তথা কেচিদ্বিরূপাশ্চ তথাপরে ॥ ৬৭
করালাঃ শ্যামলাঃ কেচিৎ খঞ্জাশ্চ লোমশাঃ পরে।
দণ্ডপাশধরাঃ কেচিৎ কেচিন্মুদ্গরধারকাঃ ॥ ৬৮
বিরুদ্ধবাহনাঃ কেচিদ্দুরালাপকরাস্তথা।
ডমরুং বাদয়ন্তো বৈ গল্লনাদং তথাপরে ॥ ৬৯
তালনাদকৃতঃ কেচিচ্ছৃঙ্গনাদং তথাপরে।
অসংখ্যাতাস্তথায়াতাস্তান্ দৃষ্ট্বা ত্রাসসংযুতা ॥ ৭০
ভবন্তী তৎক্ষণাদেব তথা দৃষ্টাস্তয়া তদা।
তান্ দৃষ্ট্বা হৃদয়ং তস্যাঃ শীর্ণমাসীৎ সমাকুলম্ ॥ ৭১
তন্মধ্যে শঙ্করং দেবং নির্গুণং গুণবত্তরম্।
বৃষভস্থং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং ভূতিভূষিতম্ ॥ ৭২
কপর্দ্দিনং চন্দ্রমৌলিং দশহস্তং কপালিনম্।
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ পিনাকপাণিনং শিবম্ ॥ ৭৩
খর্পরেণ তথাযুক্তং শঙ্খাদিভূষণৈর্যুতম্।
গজচর্ম্ম বৃষে যস্য তীব্রমক্ষিসমন্বিতম্ ॥ ৭৪
নিদ্রিতং কম্পযুক্তঞ্চ শিবোঽয়ং মুনিরব্রবীৎ।
তদায়ং বচনং শ্রুত্বা বাতাহতলতা যথা ॥ ৭৫

পূরক কল্পবৃক্ষ সকল, সুরভি উৎকৃষ্ট বস্তুর সহিত গমন করিতেছে। আনন্দবর্দ্ধক তাঁহারা সকলেই স্বশাখাধ্যয়ন করত বেদধ্বনি করিতেছিলেন। তন্মধ্যে বৃহস্পতিকে দেখিয়া মেনকা ভাবিলেন,—ইনিই রুদ্র হইবেন। নারদ বলিলেন, ইনি রুদ্র নহেন। এতদন্য সেই সগুণ ও নির্গুণ রুদ্র আসিতেছেন। মানিনী মেনকা, নারদের মুখে ইহা শ্রবণ করিয়া ভাবিলেন, যাহা জগতের সার, তাহা ত আমি দেখিলাম। কিন্তু এই বৃহস্পতি অপেক্ষা শ্রেষ্ঠ যে রুদ্র, তিনি কিরূপ হইবেন? ইত্যবসরে রুদ্র তথায় উপস্থিত হইলেন। তখন নারদ তাঁহাকে বলিলেন, ইনিই সাক্ষাৎ শিব; সুন্দরি! অবলোকন কর। তখন মেনকা, হর্ষান্বিতা হইয়া তথায় শিব দর্শন করিলেন। সঙ্গে প্রমথগণ সমাগত হইল; কোন কোন প্রমথ বাত্যারূপধারী ও মর্ম্মর-স্বরসম্পন্ন। নারদ, শুভাননা মেনকাকে অঙ্গুলিনির্দ্দেশ সাহায্যে কতিপয় শিবসেবকগণ প্রদর্শনপূর্ব্বক বলিলেন, অন্য প্রমথবৃন্দ অবলোকন কর। ৪১—৬৬। অন্যান্য ভূত, প্রেত, পিশাচগণও আগত হইল এবং অন্যান্য বক্রানন কদাকার, কৃষ্ণবর্ণ, ভয়ঙ্কর, খঞ্জ, বহুরোমযুক্ত, দণ্ডপাশপাণি, মুদ্গরধারী, বিরুদ্ধবাহন, কুকথাভাষী প্রভৃতি ও কেহ কেহ ডমরু বাজাইতে বাজাইতে, কেহ কেহ "বিল বিল" শব্দ করিতে করিতে, কেহ করতালি প্রদান করিতে করিতে, কেহ কেহ শিঙ্গা বাজাইতে বাজাইতে, এইরূপ অসংখ্য ভীষণাকার প্রমথগণ,—যাহাতে মেনা ভীতা হন, সেইরূপ ভাবে আগমন করিল। মেনাও সেইরূপ ভয়সমাকুলচিত্তে তাহাদিগকে, অবলোকন করিলেন। তখন তাহাদিগকে দেখিয়া তাঁহার হৃদয় শীর্ণ ও চঞ্চল হইল। তাহার মধ্যে নির্গুণ হইয়াও গুণবত্তর, বৃষারূঢ়, পঞ্চবক্ত্র, ত্রিনেত্র, দশভুজ, ভূতিভূষণ, কপর্দ্দী, চন্দ্রশেখর, ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়, পিনাকপাণি, কপালী, শঙ্খাদিভূষণ-বিভূষিত শিবকে দেখিতে পাইলেন। তাঁহার বৃষে—নেত্রতুল্য রোমময়চিহ্নযুক্ত, মুকুলিত, বায়ুতে কম্পমান গজচর্ম্ম আস্তরণ। পরে নারদ, মেনাকে অঙ্গুলিনির্দ্দেশে দেখাইলেন, ইনিই ভগবান্ শিব। তাহা শুনিয়া মেনা অতিশয় দুঃখভরে বাতাহত লতার ন্যায় ভূমিতে

দা পপাত তদা ভূমৌ মেনা দুঃখভরা সতী।
কিমিদঞ্চ কৃতং দুষ্টে ধিক্ ত্বাং মাঞ্চ দুরাগ্রহে ॥৭৬
ইত্যুক্ত্বা মূর্চ্ছিতা তত্র বিসংজ্ঞা হ্যভবৎ ক্ষণাৎ।
প্রযত্নৈর্বিবিধৈঃ সা বৈ সংজ্ঞাং লেভেঽথ মেনকা॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং বিবাহবর্ণনং নাম ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সংজ্ঞাং লব্ধ্বা পুনঃ সা চ তিরস্কারমথাকরোৎ।
নারদস্যাথ পুত্র্যাশ্চ নিনিন্দ চরিতং তথা।
প্রথমং নারদস্যৈব কথয়ামাস দুর্ব্বচঃ॥ ১

মেনোবাচ।

প্রথমস্তু ত্বয়া হ্যুক্তং শিবশ্চেমাং বরিষ্যতি।
পশ্চাদ্ধিমবতঃ কৃত্যং পূজার্থং বিনিবেশিতা॥ ২
ততো দৃষ্টং ফলং সদ্যস্তথাপি বঞ্চিতা ত্বয়া।
পুনস্তপস্তয়া তপ্তং দুষ্করং মুনিভিশ্চ যৎ।
পুনর্লব্ধং ফলং হ্যেতৎ পশ্যতাং দুঃখদায়কম্॥ ৩
কিং করোমি ক্ব গচ্ছামি হতন্তু মম জীবিতম্।
কস্যাপি কিং গতং নৈব মমাপি চ হতং গৃহম্॥ ৪
হস্তে দীপং তথা গৃহ্য পতিতং কূপকে স্বয়ম্।
কিং বশিষ্ঠস্ত্বিদানীন্তু সর্ব্বং ব্যর্থীকৃতং মম॥ ৫
ক্ব গতা ঋষয়ো দিব্যাঃ শ্মশ্রূণ্যুৎপ্রোটয়াম্যহম্।
তৎপার্শ্বে চৈব যা পত্নী সা ধূর্ত্তা স্বয়মাগতা॥ ৬
তেষামেবাপরাধো ন সর্ব্বং পুত্র্যা কৃতং স্বয়ম্।
হেম হিত্বানয়া নীতং কাচঞ্চ দুষ্টয়া স্বয়ম্॥ ৭
হিত্বা তু চন্দনং সদ্যো লেপিতঃ কর্দমস্তয়া।
হংসমুড্ডীয় কাকো বৈ গৃহীতো হস্তপল্লবে॥ ৮
হিত্বা ব্রহ্মজলং দূরে পীতং কূপোদকং তয়া।

পতিতা হইলেন এবং "হে দুষ্টে! দুরাগ্রহে পার্ব্বতি! কি করিলি! তোকেও ধিক্, আর আমাকেও ধিক্" এই কথা বলিতে বলিতে ক্ষণকাল মধ্যেই সংজ্ঞাশূন্যা হইয়া মূর্চ্ছিতা হইলেন। তাহার পর পরমাত্মা পিনাকীর বহুবিধ প্রযত্নে পুনরায় সংজ্ঞা লাভ করিলেন। ৬৭—৭৭

ষোড়শ অধ্যায় সমাপ্ত॥

সপ্তদশ অধ্যায়।

সূত বলিলেন,—এইরূপে দেবী মেনকা চৈতন্য লাভ করিয়া শিব ও নারদকে তিরস্কার করিতে আরম্ভ করিলেন এবং তনয়ারও চরিত্র-নিন্দা করিতে লাগিলেন। প্রথমতঃ নারদকে দুর্ব্বাক্য বলিতে লাগিলেন, মেনকা বলিলেন, হে নারদ! প্রথমতঃ তুমিই ত বলিয়াছিলে যে, শিব এই আমার কন্যা পার্ব্বতীকে বিবাহ করিবেন, তারপর হিমালয়ের কার্য্য হইল—তিনি সেই শিবের পূজার নিমিত্ত সেই কন্যাকে নিয়োজিতা করেন। তাহার পর তাহার ফলও দেখা গেল, কিন্তু তথাপি তুমি কন্যাকে বঞ্চনা করিলে! পরে আবার সেই কন্যা মুনিগণের পর্য্যন্ত দুঃসাধ্য তপস্যা করে, পুনরায় তাহার ত এই দুঃখদায়ক ফল দেখা গেল। অতএব কি করি, কোথায় যাই, আমার এই নিন্দিত জীবনের বিনাশই শ্রেয়ঃ। এইরূপ হওয়াতে ত কাহারও কোনও ক্ষতি হয় নাই, কেবল আমারই গৃহ বিনষ্ট হইল। স্বয়ং হস্তে দীপ গ্রহণ করিয়া শেষে আপনাকেই কূপে পতিত হইতে হইল! এইরূপ হওয়াতে তোমাদের আর কি ক্ষতি হইল? কেবল আমারই সকল বিফল হইল। সেই দিব্য ঋষিগণই বা কোথায় গেলেন? আজ তাঁহাদিগের শ্মশ্রু উৎপাটন করা যাক্। আর তাঁহাদের পার্শ্বে যিনি স্বয়ং আগমন করিয়াছিলেন, সেই বসিষ্ঠ-পত্নীই বা কোথায় গেলেন? অথবা তাঁহাদিগের দোষ কি? কন্যাই ত এই সকলের মূল। সেই দুষ্টাই ত স্বয়ং অন্য দেবগণকে পরিত্যাগ করিয়া শিবকে বিবাহ করিতে যাইয়া, সুবর্ণ পরিত্যাগপূর্ব্বক কাচগ্রহণে লোলুপা হইয়াছে; চন্দন ফেলিয়া গাত্রে কর্দ্দম লেপন করিয়াছে; হংসকে উড়াইয়া দিয়া হাতে কাক গ্রহণ করিয়াছে;

সূর্য্যং ত্যক্ত্বা তু খদ্যোতং গৃহীত্বা সুখমীহতে॥৯
তণ্ডুলাংশ্চ তথা হিত্বা কৃতন্তু তুষভক্ষণম্।
ঘৃতং ত্যজ্য তথা তৈলমৈরণ্ডং ভোজিতং স্বয়ম্॥
সিংহসেবাং তথা মুক্ত্বা শৃগালঃ সেবিতস্ত্বয়া।
যজ্ঞগৃহবিভূতিং হি দূরীকৃত্য ত্বয়া স্বয়ম্॥ ১১
সেবিতঞ্চ তথা ভস্ম চিতাসম্ভবমিত্যুত।
সর্ব্বান্ দেববরাংস্ত্যক্ত্বা শিবার্থং তপ ঈদৃশম্॥১২
ধিক্ ত্বাঞ্চ তব বুদ্ধিং ধিক্ চর্য্যাঞ্চ ঋষিসত্তম।
ধিক্ কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং সর্ব্বং তুচ্ছীকৃতং ত্বয়া
গৃহস্তু ধুক্ষতু হেত্বমরণন্তু মমৈব হ।
পর্ব্বতানাং তথা রাজা নেত্রান্দূরং কথং ন হি॥১৪
ঋষয়শ্চ কিমর্থং মে দর্শয়ন্তি মুখং স্বয়ম্।
সাধিতং কিঞ্চ সর্ব্বৈস্ত মিলিত্বা পাতিতং কুলম্॥১৫
বন্ধ্যাহং ন কথং জাতা গর্ভো ন গলিতঃ কথম্।
অথবা ন মৃতা চাহং মৃতা ন পুত্রিকা কথম্॥ ১৬

রাক্ষসৈর্ব্বা কথং নৈব ভক্ষিতা গহনে বনে।
হতা বা ন কথং কৈশ্চিম্মৃতা ব্যাঘ্রবরায় কিম্॥১৭
ছেদয়ামি শিরস্তেহদ্য কিং করোমি কলেবরম্।
ত্যক্ষ্যামি বা কুতো যামি হা হা চ জীবিতং হৃতম্
ইত্যুক্ত্বা পতিতা সা চ নায়াতি ভর্ত্তৃসন্নিধৌ।
এতস্মিন্ সময়ে ব্রহ্মা হ্যাজগাম স্বয়ং তদা॥ ১৯
নারদোঽপি বচস্তস্যা উবাচ ঋষিসত্তমঃ।
যথার্থং সুন্দরং রূপং ন জ্ঞাতং শঙ্করস্ত চ।
তিষ্ঠ দূরে তথা ত্বঞ্চ মেনা বচনমব্রবীৎ॥ ২০
ব্রহ্মা পুনস্তথাগত্য কথয়ামাস তাং প্রতি।
শ্রোতব্যঞ্চ ত্বয়া মেনে মদীয়ং বচনং শুভম্॥ ২১
শঙ্করো লোককর্ত্তা চ হর্ত্তা পালয়িতা স্বয়ম্।
ন ত্বং জানাসি তদ্রূপং কথং দুঃখং সমীহসে॥ ২২
ইত্যুক্তা চ তথা সা তু ব্রহ্মাণং বাক্যমব্রবীৎ।
কিমর্থন্তু ভবন্তশ্চ ব্যর্থীকর্ত্তুং সমুদ্যতাঃ॥ ২৩

ব্রহ্মজল (গঙ্গাজল) দূরে ফেলিয়া কূপজল পান করিয়াছে! সূর্য্যকে পরিত্যাগ করিয়া খদ্যোত-গ্রহণেচ্ছা, তণ্ডুল ত্যাগ করিয়া তুষ-ভক্ষণেচ্ছা, ঘৃত ত্যাগ করিয়া এরণ্ড তৈল (রেড়ীতৈল) পানেচ্ছা, সিংহসেবা ছাড়িয়া শৃগালের সেবা করা, যজ্ঞভূমি-ভস্ম পরিত্যাগ করিয়া চিতাভস্ম লেপন, আর দেবগণকে ত্যাগ করিয়া পার্ব্বতীর শিববিবাহে ইচ্ছা সমান হইয়াছে। ১—১২। অতএব হে পার্ব্বতি! তোকেও ধিক্! তোর বুদ্ধিকেও ধিক্! আর তোর চরিত্রেও ধিক্; ধিক্ তোর কুলে, আর ধিক্ তোর দক্ষতায়! আজ সকলই তুচ্ছ করিয়া ফেলিলি! গৃহ দগ্ধ হইয়া যাক্, আমার মৃত্যু হউক। আর পর্ব্বতরাজ হিমালয়ই বা কেন আমার নেত্রপথ অতিক্রম করিতেছেন না? ঋষিগণই বা কেন এ হত-ভাগিনীর মুখ অবলোকন করিতেছেন? সকলে মিলিয়া কি কার্য্য সাধন করিলেন? লাভ মাত্র, কেবল কুলকেই পাতিত করিলেন। আমার এরূপ সন্তান হওয়া অপেক্ষা কেন আমি বন্ধ্যা না হইয়াছিলাম, কেন আমার গর্ভ গলিত না হইয়াছিল, অথবা কেন আমার মৃত্যু না হইয়া-ছিল, এ কন্যার মৃত্যুই বা না হইয়াছিল কেন? রাক্ষসগণই বা কেন আমাকে ও কন্যাকে বনে ভক্ষণ করে নাই? কেন বা কেহ তোকে ও আমাকে হনন করে নাই? বৃহৎ বৃহৎ ব্যাঘ্রগণই বা কেন সংহার করে নাই? অথবা আজ আমিই তোর শিরশ্ছেদন করিব। কি করি? —কিংবা স্বীয় কলেবর পরিত্যাগ করিব। আমি এখন কোথায় যাই? ওঃ! আমার জীবন বিনষ্ট হইল! এই কথা বলিয়া সেই মেনকা ভূমিতে পতিত হইলেন, হিমাচল-সমীপে আর আগমন করিলেন না। এই সময়ে স্বয়ং ব্রহ্মা তথায় উপস্থিত হইলেন। ১৩—১৯। মুনিসত্তম নারদ সেই মেনাকে বলিলেন,—শঙ্করের যে যথার্থ সুন্দর রূপ, তাহা অবগত হইতে পার নাই। মেনা, নারদকে বলিলেন,—তুমি থাক, তোমার আর বলিতে হইবে না। পরে ব্রহ্মাও মেনকাকে বলিলেন, হে মেনকে! আমি যাহা বলিতেছি, তাহা তোমার শুনা উচিত। শঙ্কর স্বয়ং লোককর্ত্তা এবং তিনিই হর্ত্তা ও তিনিই পালয়িতা। তুমি শিবের যথার্থ রূপ অবগত নহ, অতএব কেন বৃথা দুঃখ করিতেছ? ব্রহ্মা এই কথা বলিলে, মেনকা ব্রহ্মাকে বলি-লেন,—আপনারা কেন তাহার রূপ বিফল

রূপং তস্যাঃ পরং নীম হন্তুতাং বা স্বয়ং পুনঃ।
ন বক্তব্যং ভবদ্ভিস্তু শিবায় দীয়তামিতি ॥ ২৪
ইত্যুক্তে চ তদা দেবা ইন্দ্রাদ্যা লোকপালকাঃ।
সমাগত্য তদা সর্ব্বে বচনঞ্চেদমব্রুবন্ ॥ ২৫
অয়ং বৈ পরমঃ সাক্ষাচ্ছিবঃ পরমদুঃখহা।
কৃপয়া চ ভবৎপুত্র্যা দর্শনং শঙ্করস্য চ।
জাতঞ্চাদ্য কৃপাহেতুর্নান্যথা দর্শনং কুতঃ ॥ ২৬
অথোবাচ পুনর্ম্মেনা হন্তুতাং পুত্রিকা শুভা।
ন দেয়া চ ময়া সম্যক্ শঙ্করায় কুরূপিণে ॥ ২৭
ইত্যুক্তে চ তয়া তত্র ঋষয়ঃ সপ্ত এব তে।
উচুস্তু বচনং সুভ্রু মধ্যে বয়মুপাগতাঃ ॥ ২৮
বিরুদ্ধঞ্চৈব যৎ কার্য্যং বয়ং মন্তামহে কথম্।
অয়ং বৈ পরমো লাভো দর্শনং শঙ্করস্য চ ॥ ২৯
দানপাত্রং তথা ভূত্বাগতশ্চ মন্দিরে তব।
অতঃ শুভতরং কিং নু শিবো দ্বারমুপাগতঃ ॥ ৩০
ইত্যুক্তে চ পুনর্ম্মেনা ঋষিবাক্যং নিরাকরোৎ।
শপ্সৈর্ব্বা ঘাতয়াম্যদ্য ন দাস্যে শঙ্করায় বৈ ॥ ৩১
হিমালয়ঃ সমাগত্য বিকলাসি কথং প্রিয়ে।
কে কে সমাগতা গেহং কথঞ্চৈতান্ বিকথসে ॥৩২
শঙ্করস্তু ময়া জ্ঞাতঃ সর্ব্বেষাং প্রতিপালকঃ।
নিগ্রহানুগ্রহৌ কর্ত্তা সম্পূজ্যো জগতামিহ ॥ ৩৩
মুঞ্চ দুঃখং তথা কার্য্যং কর্ত্তুমিচ্ছসি সাম্প্রতম্।
তেনোক্তে চ তথা তস্মৈ মেনা বাক্যমুপাদদে ॥৩৪
হিমবন্ শ্রূয়তামেতচ্ছ্রুত্বা কর্ত্তুমিহার্হসি।
গৃহীত্বা তনুজাস্ত্বেতাং বদ্ধা কণ্ঠে তু পর্ব্বতাৎ ॥৩৫
গত্বা চ সাগরে স্বামিন্ ক্ষিপ্ত্বা ত্বঞ্চ সুখী ভব।
ন দেয়া চ শিবে পুত্রী নিশ্চিতং মে বচঃ পুনঃ ॥৩৬
যদি দাস্যসি ত্বং পুত্রীং ত্যক্ষ্যাম্যেতং কলেবরম্।
ইত্যুক্তে চ তয়া তত্র পার্ব্বতী স্বয়মাগতা ॥ ৩৭

পার্ব্বত্যুবাচ।

মাতস্তে বিপরীতা বৈ বুদ্ধিস্ত্বাং সমুপাগতা।
ধর্ম্মাবলম্বনা ত্বন্তু কথং ধর্ম্মং প্রহাস্যসি ॥ ৩৮

করিতে উদ্যুক্ত হইয়াছেন? আপনারা পার্ব্বতীকে হনন করুন; 'শিবকে কন্যাদান কর' এ কথা আর বলিবেন না। মেনকা এই কথা বলিলে পর, ইন্দ্রাদি লোকপাল দেবগণ তথায় আগমন করিয়া বলিলেন,—ঐ শিব সাক্ষাৎ পরম দুঃখনাশক পরম ভগবান্, আজ কৃপাবলে ঐ শঙ্করের আর তোমার কন্যা পার্ব্বতীর দর্শন লাভ করিব। কৃপাই আজ ঐ দর্শনের নিদান, কৃপা ব্যতিরেকে কদাচ ইহা ঘটিত না ও কোথায়ই বা ঘটিয়া থাকে? তাহাতে মেনকা আবার বলিলেন,—এই আমার কন্যাকে হনন কর; তথাপি কুরূপী শিবকে দান করা হইবে না। মেনকা এই কথা বলিলে পর, সপ্তর্ষিগণ সেই স্থলে আসিয়া বলিলেন,—হে সুভ্রু! আমরা মধ্যস্থ হইয়া আগমন করিয়াছি। যে কার্য্য বিরুদ্ধ, তাহাতে কেন আমরা অনুমোদন করিব? শঙ্করের সাক্ষাৎকারই আমাদিগের পরম লাভ। সেই শিব সম্প্রদানযোগ্য বরবেশে তোমার গৃহে আসিয়া উপস্থিত হইয়াছেন। শিব দ্বারে আগমন করিয়াছেন, ইহা অপেক্ষা আর অধিক মঙ্গলের বিষয় কি আছে? ঋষিগণ এই কথা বলিলে, মেনকা ঋষিগণের বাক্যে ঘৃণা প্রকাশ করিতে লাগিলেন; বলিলেন,—আজ আমি কন্যাকে অস্ত্রে কাটিয়া ফেলিব, তবুও শিবের হাতে দিব না। তখন হিমালয় আসিয়া বলিলেন,—হে প্রিয়ে! এত বিকলা হইতেছ কেন? ইহাঁরা কাহারা বাটীতে আসিয়াছেন যে, ইহাঁদিগকে এত নিন্দা করিতেছ? আমি জানিয়াছি যে, শঙ্করই এই জগতের পালক, তিনিই নিগ্রহানুগ্রহকর্ত্তা, তিনিই জগতের পূজনীয়। দুঃখ পরিত্যাগ কর, এখন কর্ত্তব্য কার্য্য করিতে প্রবৃত্ত হও। গিরিরাজ হিমালয় এ কথা বলিলে মেনা বলিলেন,—হে হিমবন্! যাহা বলিতেছি, শ্রবণ করুন; শুনিয়া পরে কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন। এই কন্যাকে কণ্ঠে বন্ধন করত গ্রহণ করিয়া এই পর্ব্বত হইতে সাগরে নিক্ষেপ করত সুখী হউন; তবুও শিবকে দান করা হইবে না, এই আমার বিজ্ঞাপন। যদি শিবের হাতে পুত্রীকে প্রদান করেন, তাহা হইলে কলেবর পরিত্যাগ করিব, জানিবেন। মেনকা এই কথা বলিলে পর পার্ব্বতী তথায় স্বয়ং আগমন করিয়া বলিলেন,—মাতঃ! বিপরীত বুদ্ধি আসিয়া

অয়ং বৈ পরমঃ সাক্ষাৎ সর্ব্বেষাং যোনিরুচ্যতে।
শম্ভুশ্চ শঙ্করশ্চৈব দেবানাং প্রভুরীশ্বরঃ ॥ ৩৯
অধিষ্ঠানং তথা কর্ত্তা পালকশ্চ সনাতনঃ।
যদগ্রে দেবতাঃ সর্ব্বা আগতাঃ কিঙ্করীকৃতাঃ ॥৪০
ততঃ শুভতরঃ কো নু বদ ত্বং হিতকারিণি।
উত্তিষ্ঠ ত্বং প্রযত্নেন জীবিতং সফলং কুরু ॥ ৪১
দেহি দানং শিবায়ৈব হ্যাশ্রমং সার্থকং কুরু।
ত্যজ দুঃখং পরং তাপং হিত্বা সুখমবাপ্নুহি ॥ ৪২
যদি ন দাস্যসি ত্বঞ্চ ন বৃণেঽন্যং তথোত্তমম্।
সিংহভাগং কথং লভ্যেচ্ছৃগালঃ পরমং শুভে ॥৪৩
মনসা বচসা দেবি কর্ম্মণা বা হরঃ স্বয়ম্।
বৃতো বৃতো বৃতশ্চৈব যদিচ্ছসি তথা কুরু ॥ ৪৪
উমাবচনমাকর্ণ্য গৃহীত্বা তং কলেবরে।
মুষ্টিভিঃ কূর্পরৈশ্চৈব দন্তান্ ঘর্ষয়তী তথা।
তাড়য়ামাস তাং পুত্রীং বিকলা হীব সা তদা ॥৪৫
যে চান্যে ঋষয়শ্চৈব নারদাদ্যাশ্চ যে পুনঃ।
তদ্বস্ত্রাং তাং পরিচ্ছিদ্য নীত্বা দূরতরং স্থিতাঃ।
তাঞ্চ তথাবিধাং দৃষ্ট্বা ভর্ৎসয়ামাস বৈ তদা ॥ ৪৬
কিমেনাঞ্চ করিষ্যামি দুষ্টাং গ্রহবতীং ধ্রুবম্।
গরং দদামি তাং পুত্রীং ক্ষিপামি বাথ কূপকে ॥৪৭
শস্ত্রৈর্ব্বা ছেদয়াম্যেতাং সাগরে বা ক্ষিপাম্যহম্।
স্বীয়ং বাথ শরীরং বৈ ত্যক্ষ্যামি বাথ কূপকে ॥
বরশ্চ কীদৃশো লোকে লব্ধশ্চ দুষ্টয়া পুনঃ।
ন মাতা ন পিতা বন্ধুর্ন ভ্রাতা ন চ গোত্রজঃ ॥ ৪৯
ন রূপং ন চ চাতুর্য্যং ন গৃহঞ্চ শুভং পুনঃ।
ন বস্ত্রং নাপ্যলঙ্কারঃ সহায়া ন শুভাস্তথা ॥ ৫০
বাহনং ন শুভঞ্চাস্য ন বয়ো ন ধনং তথা।
ন পাবিত্র্যং ন বিদ্যা চ কিং দৃশ্যমেকমেব যৎ ॥৫১
কিং বিলোক্য ময়া পুত্রী দীয়তে কিং করোম্যহম্।
এতস্মিন্ সময়ে বিষ্ণুঃ সমাগত্যাব্রবীদিদম্ ॥ ৫২
পিতৄণাং ত্বং শুভা পুত্রী মানসী গুণসংযুতা।

আপনাকে আশ্রয় করিয়াছে। জননি! আপনি ধর্ম্মমাত্রাবলম্বনা হইয়াও কেন ধর্ম্ম পরিত্যাগ করিতেছেন? ঐ পরম শিবই এই স্থাবর জঙ্গম জগতের কারণ; উনিই শঙ্কর, উনিই শম্ভু, উনিই দেবগণের প্রভু, উনিই ঈশ্বর, উনিই আশ্রয়, উনিই কর্ত্তা, উনিই পালক এবং ঐ দেবই সনাতন, আর এই যে সকল দেবগণ আসিয়াছেন, ইঁহারা সকলে উঁহারই কিঙ্কর। ২০—৪০। হে হিতকারিণি! তাঁহা অপেক্ষা উত্তমতর কে আছেন, বলুন? হে জননি উঠুন। প্রযত্নপূর্ব্বক জীবন সার্থক করুন। শিবকেই এই কন্যা সমর্পণ করিয়া আশ্রম সফল করুন। দুঃখ পরিত্যাগ করুন। আর পরিতাপ করিবেন না, সুখ আশ্রয় করুন। যদি আমাকে অন্য পাত্রে সমর্পণ করেন, ঐ শিবকে প্রদান না করেন, তাহা হইলে আমি সেই পাত্রকে কদাচ বরণ করিব না; সিংহভোজ্য কি করিয়া শৃগালে ভোগ করিতে সমর্থ হইবে? আমি কায়মনোবাক্যে সেই হরকেই বরণ করিয়াছি, ইহা আমি ত্রিসত্য করিয়া বলিতেছি। এখন যাহা ইচ্ছা হয়, তাহাই করুন। মেনকা উমার তাদৃশ বাক্য শুনিয়া মত্ত স্ত্রীর ন্যায় দন্ত ঘর্ষণ করত তাঁহাকে গ্রহণ করিয়া মুষ্টি ও কূর্পরাঘাতে তাঁহাকে তাড়না করিতে লাগিলেন। পরে নারদাদি ঋষিগণ মেনকার হস্ত হইতে পার্ব্বতীকে আকর্ষণ করত কাড়িয়া লইয়া দূরতর স্থানে গেলেন। পার্ব্বতীকে কাড়িয়া লইয়াছেন দেখিয়া মেনকা পার্ব্বতীকে তিরস্কার করিতে লাগিলেন,—গ্রহবতী এই দুষ্টা কন্যাকে কি করিব, ইহাকে কি বিষ-পান করাইব? কি কূপে নিক্ষেপ করিব? কি অস্ত্রে কাটিয়া ফেলিব? কি সাগরে ফেলিয়া দিব? অথবা কি আপন শরীর কূপে পরিত্যাগ করিব? ৪১—৪৮। ঐ দুষ্টা কি প্রকারই বা বর লাভ করিয়াছে, দেখুন,—তাহার মাতা নাই, পিতা নাই, ভ্রাতা নাই, বন্ধু নাই, আপন গোত্রজাত কেহ নাই, কিংবা রূপ, কি চাতুর্য্য, কি উত্তম গৃহ, কি বস্ত্র কি অলঙ্কার, কি উত্তম সহায়—কিছুই নাই। ভাল বাহনও তাহার নাই, বয়স নাই, ধন নাই, পবিত্রতা নাই, বিদ্যা নাই, এমন একটী কিছুই নাই, যাহা দেখিয়া বিবাহ দেওয়া যাইবে; অতএব কি দেখিয়াই বা তাহাকে কন্যা দান করি? এই সময়

...ত্নী হিমবতঃ সাক্ষাদ্‌ব্রহ্মকুলসমুদ্ভবা ॥ ৫৩
...হায়াশ্চেদৃশা লোকে ধন্যাসি কিং বদাম্যহম্‌ ।
...র্ম্মাধারভূতাসি কথং ধর্ম্মং প্রহাস্যসি ॥ ৫৪
...দবৈশ্চ ঋষিভিশ্চৈব ব্রহ্মণা বা ময়া তথা ।
...রুদ্ধং কথ্যতে কিঞ্চ ত্বয়া শুভতরং নু কিম্‌ ॥ ৫৫
...বং ত্বঞ্চ ন জানাসি নির্গুণঃ সগুণো হ্যভূৎ ।
...তনৈব নির্ম্মিতা দেবী প্রকৃতির্মূলকারণম্‌ ॥ ৫৬
...ৎপার্শ্বে চ তথা তেন নির্ম্মিতঃ পুরুষোত্তমঃ ।
...ভ্যাকাহং তথা ব্রহ্মা ততশ্চ গুণরূপতঃ ॥ ৫৭
...বতীর্ণঃ স্বয়ং শম্ভুর্লোকানাং হিতকারকঃ ।
...তো বেদাস্ততো দেবা যৎ কিঞ্চিদ্দৃশ্যতে জগৎ ॥
...াবরং জঙ্গমং যচ্চ তৎ সর্ব্বং শঙ্করাদভূৎ ।
...দ্রূপং বর্ণ্যতে লোকে জ্ঞায়তে কেন বা পুনঃ ॥৫৯
...রা ন ব্রহ্মণা যো বৈ বর্ষাণাঞ্চ সহস্রকম্‌ ।
তস্য পারো ন বৈ লব্ধো ছন্নেন বর্ণ্যতে কথম্‌ ॥৬০
সত্যজ্ঞানময়শ্চৈব ব্যাপ্যব্যাপক এব চ ।
অজরশ্চামরশ্চৈব সর্ব্বাধ্যক্ষঃ সমীপগঃ ॥ ৬১
অহং ব্রহ্মা হরশ্চৈব দেবাঃ সর্ব্বে পুরাতনাঃ ।
সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চৈব গ্রহাঃ সর্ব্বে শুভাবহাঃ ।
পর্ব্বতাশ্চৈব নদ্যশ্চ বৃক্ষাশ্চ ধনদস্তথা ॥ ৬২
ব্রহ্মাদি-তৃণপর্য্যন্তং যৎ কিঞ্চিদ্দৃশ্যতে জগৎ ।
তৎ সর্ব্বং শিবতো জাতং নাত্র কার্য্যা বিচারণা ॥
অরূপশ্চ সরূপশ্চ জায়তে শঙ্করঃ স্বয়ম্‌ ।
বীজাদ্‌বৃক্ষপ্ররোহশ্চ নানাত্বমুপজায়তে ।
অন্তে চ সকলমেব স্যাৎ তস্মাৎ সকলমুদাহৃতম্‌ ॥ ৬৪
আদৌ মধ্যে শিবশ্চৈব অন্তে শিব উদাহৃতঃ ।
সর্ব্বং শিবময়ঞ্চেতচ্ছিবঃ সর্ব্বময়স্তথা ॥ ৬৫
সূত্রে চৈব তু পুষ্পাণি পুষ্পেষু সূত্রমুচ্যতে ।

...ষ্ণু আসিয়া বলিলেন,—হে মেনকে! তুমি ...স্বগণের গুণবতী মানসী পুত্রী; তাহাতে ...বার ব্রহ্মকুল-সম্ভূত হিমালয়ের পত্নী, আর ...াকে তোমার ঈদৃশ সহায়, অতএব তুমিই ...া।—আর কি বলিব! এ হেন ধর্ম্মাধারভূতা ...মিও কেমন করিয়া ধর্ম্ম পরিত্যাগ করিতে উদ্‌-...ত হইয়াছ? ব্রহ্মা, আমি, ঋষিগণ এবং ...ই দেবগণ, আমরা সকলেই কি বিরুদ্ধ কথা ...িতেছি, আর তুমিই কি শুভ কথা বলিতেছ? ...া কখনই নহে। তুমি বস্তুতঃ শিবকে জান ...। তিনি নির্গুণ হইয়াও সগুণ, তৎকর্ত্তৃকই ...ই মূল কারণ প্রকৃতি নির্ম্মিতা হইয়াছেন। ...ই প্রকৃতিপার্শ্বে আবার পুরুষোত্তমকে নির্ম্মাণ ...রন। সেই প্রকৃতি পুরুষ কর্ত্তৃকই আমি ও ...া যথাক্রমে সত্ত্ব-রজোময় হইয়া নির্ম্মিত ...য়াছি; পরে স্বয়ং লোকহিতকারক শম্ভু ...মোগুণময় হইয়া অবতীর্ণ হন। তাঁহা হই-...ই বেদচতুষ্টয় উৎপন্ন এবং দেবগণ ও এই ...া কিছু স্থাবর-জঙ্গমাত্মক জগৎ দেখা যাই-...ছ, সকলই সেই শঙ্কর হইতে উৎপন্ন। এই ...লাকে কে তাঁহার রূপবর্ণনা করিতে পারে, ...া কেই বা জ্ঞাত আছে? আমি কিংবা ব্রহ্মা ...স্র বৎসরেও তাঁহার পার লাভ করিতে সক্ষম হইলাম না; অতএব কিরূপে অপরে তাহাতে সক্ষম হইবে? তিনি সত্যজ্ঞানময়, তিনিই ব্যাপ্য এবং তিনিই এই ব্যাপ্য জগতের ব্যাপক (অর্থাৎ সর্ব্বান্তর্যামী)। তিনি অজর, অমর; তিনিই সর্ব্বসাক্ষী এবং তিনি সকলের সমীপে নিরন্তর বিরাজমান। কি আমি, কি ব্রহ্মা, কি হর, কি সকল পুরাতন দেবগণ, কি সূর্য্য, কি চন্দ্র, কি সকল শুভাবহ গ্রহগণ, কি পর্ব্বত, কি নদী, কি বৃক্ষ, কি কুবের,—ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত যাহা কিছু দেখা যায়, সকলই সেই শিব হইতে উৎপন্ন হইয়াছে, ইহা আর বিচার্য্য নহে। ৫২—৬৩।

তিনি সরূপ অর্থাৎ হস্ত-নেত্রাদি অবয়বযুক্ত হইয়াও অরূপ অর্থাৎ তাঁহার প্রকৃত স্বরূপ নাই। যেমন এক বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হইয়া, তাহা হইতে নানা বৃক্ষাদি জন্মে এবং অন্তে ফল জন্মে, সেই প্রকার এক শিব হইতেই এই প্রপঞ্চজগৎ উৎপন্ন হইয়াছে, পরে তাহা হইতেই ফল উৎপন্ন হইতেছে। আদিতেও শিব, মধ্যেও শিব এবং অন্তেও শিবই থাকিবেন, অর্থাৎ ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান এই ত্রিকালেই তিনি নিত্য বর্ত্তমান। এ জগৎ মাঝারে সকলই শিবময় এবং স্বয়ং শিবও সর্ব্বময় জানিবে। যেমন সূত্রে পুষ্প থাকে, আর পুষ্পেও সূত্র থাকে, সেই প্রকার

এবং শিবশ্চ সর্ব্বেষু শিবে সর্ব্বং তথা স্মৃতম্ ॥৬৬
অহং শিবঃ শিবশ্চাহং ত্বঞ্চাপি শিব এব চ।
সর্ব্বং শিবময়ং ব্রহ্ম শিবাৎ পরং ন কিঞ্চন ॥ ৬৭
অজ্ঞানাদন্যভাবশ্চ জ্ঞানেভ্যঃ সমুদাহৃতঃ।
কারণং কার্য্যবস্তুস্তে এক এব ন চাপরঃ ॥ ৬৮
কারণঞ্চ শিবঃ সাক্ষাৎ কার্য্যং দৃশ্যং মতং বুধৈঃ।
অজ্ঞানাচ্চৈব কার্য্যে তু কারণে ভেদ ইষ্যতে।
জ্ঞানিনাং নৈব ভেদোঽস্তি সর্ব্বং শিবময়ং জগৎ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহি-
তায়াং মেনাজ্ঞানযোগো নাম
সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

শিবে অখিল জগৎ বিদ্যমান; আবার অখিল জগতেও শিব বিদ্যমান আছেন। আমিই শিব, আবার শিবও আমি এবং তুমিও শিব; অধিক কি বলিব, সকলই "শিবময় ব্রহ্ম।" এ জগতে শিব ব্যতীত আর কিছুই নাই। এ জগতে যে শিব ভিন্ন অন্য জ্ঞান জন্মে, তাহা অজ্ঞান বশতই জানিবে। আর যখন জ্ঞান উদয় হয়, তখন কার্য্যকারণ বস্তু সকল এক বলিয়া বোধ হইয়া থাকে, তখন 'অন্য আর কিছুই নাই, এই জ্ঞানই উদিত হইয়া থাকে। এ জগতে শিবই কারণ, আর এই জগতে যাহা কিছু দেখা যায়, সকলই কার্য্য বলিয়া পণ্ডিতগণ কর্ত্তৃক কথিত আছে। ঐ কার্য্যে এবং কারণে যে ভেদজ্ঞান হয়, তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে; জ্ঞান জন্মিলে, কি কার্য্য কি কারণ, কিছুই ভেদজ্ঞান থাকে না; কেবল "সর্ব্ব জগৎ—শিবময়" ইহাই জ্ঞান হইয়া থাকে। ৬৪—৭৩।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

বিষ্ণুরুবাচ।

এতস্মাচ্চ শিবাদন্যদ্ দৃশ্যং নৈব ভবেদিহ।
বস্তুতস্তু শিব ইতি প্রসিদ্ধং বেদসম্মতম্ ॥ ১
অজ্ঞানাদন্যথাভাবো জ্ঞানে বস্তু প্রদৃশ্যতে।
স্থাণৌ তু পুরুষভ্রান্তিরজ্ঞানাদথ জায়তে।
জ্ঞানে জাতে তথা স্তম্ভে বস্তুজ্ঞানপ্রদর্শনম্ ॥ ২
রজ্জৌ তু সর্পবিজ্ঞানমজ্ঞানসম্ভবং নৃণাম্।
সঞ্জাতে চৈব বিজ্ঞানে রজ্জুরেব ন চান্যথা ॥ ৩
শুক্তৌ তু রজতজ্ঞানং ধ্যায়ন পশ্যতি কশ্চন।
বিবেকে চ সমুৎপন্নে শুক্তিরেব ন সংশয়ঃ ॥ ৪
তথৈবাজ্ঞানজা বুদ্ধিঃ শিবাদন্যত্র যা ভবেৎ।

অষ্টাদশ অধ্যায়।

বিষ্ণু কহিলেন,—এ জগতে শিব ব্যতী[illegible] আর কিছুই দেখা যায় না। এই যে কার্য্যা[illegible] জগৎ, ইহাও শিব ব্যতীত আর কিছুই ন[illegible] হে মেনকে। বস্তুতঃ বিশ্বভুবন ও ভূত ভবি[illegible] বর্ত্তমান প্রভৃতি যে শিবরূপ, ইহা বেদস[illegible] প্রসিদ্ধ জানিবে। অজ্ঞান বশতই লোকে[illegible] যথার্থ জ্ঞান জন্মে না, আর জ্ঞান উদয় হইলে[illegible] যথার্থ বস্তুজ্ঞান জন্মিয়া থাকে। দেখ, স্তম্ভ[illegible] রূপ স্থাণুতে যে পুরুষভ্রান্তি জন্মে, তাহা অজ্ঞা[illegible] বশতই জানিবে, আর যখন জ্ঞান-উদয় হ[illegible] তখন সেই ভ্রম বশতঃ পুরুষ বলিয়া জ্ঞা[illegible] স্তম্ভের যাথার্থ্য—"ইহা স্তম্ভরূপ স্থাণু" এ[illegible] যথার্থ বস্তুজ্ঞান জন্মিয়া থাকে। আরও দেখ, এ[illegible] জগতে যে, মনুষ্যের রজ্জুতে সর্পজ্ঞান হ[illegible] তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে, আর জ্ঞান উদয় হইলেই তখন সেই ভ্রম বশতঃ সর্প বলি[illegible] জ্ঞাত রজ্জু, যথার্থ রজ্জু বলিয়াই জ্ঞান হই[illegible] থাকে; তখন আর তাহাতে সর্পাদি জ্ঞান জ[illegible] না। আরও দেখ, কোন জন ভ্রমজনিত বিবে[illegible] চনায় শুক্তিকে রজত বলিয়া অবগত হয়, প[illegible]

ক্ক জ্ঞানদৃষ্টীনাং শিবঃ শিবশিবস্তথা॥ ৫
ন্নিদর্শনং দেবি শ্রূয়তাঞ্চ বদাম্যহম্॥ ৬
চ নটকঃ কশ্চিদ্বেশান্তরসমীহয়া।
য়াতি বিবিধং বেশং বস্তুতো নট এব চ॥ ৭
জ্ঞাতৃণাং মনো হৃত্বা প্রতার্য্য ধনমাহরেৎ।
তা বিহসন্তে অত্র নটেনৈবাহৃতং ধনম্॥ ৮
থৈব জ্ঞানবান্ দেবি শিবাদন্যং ন পশ্যতি।
জ্ঞানাদ্বিবিধং রূপং পশ্যতীতি সুনিশ্চিতম্॥ ৯
দহী বস্ত্রাণ্যনেকানি দধাতি বিবিধেহয়া।
াণি বিবিধানীহ ধারকস্ত্বেক এব সঃ॥ ১০
থৈব শিবরূপস্তু সংযোগাদ্বিবিধং ভবেৎ।
ততো বন্ধনং নাস্তি হ্যাকাররহিতে শিবে॥ ১১

ক্তি ব্যতীত অন্য জ্ঞান থাকে না। এই কার এই জগৎ যে 'শিব ভিন্ন' ইত্যাকার দ্ধি, তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে, আর জ্ঞানদৃষ্টিসম্পন্নগণের "সকলই সর্ব্বমঙ্গলময় শিব' ত্যাকার বুদ্ধি জন্মিয়া থাকে। তখন তাঁহার ার অন্য বলিয়া কিছু জ্ঞান থাকে না। হে দেবি! আর এক দৃষ্টান্ত বলিতেছি, শ্রবণ কর যেমন কোন নট অন্য বেশ ধারণ করিতে ইচ্ছুক হইয়া বিবিধ বেশ ধারণ করে, কিন্তু অন্যরূপ বেশ ধারণ করিলেও সেই নট বস্তুতঃ সেই নটই থাকে, পরে যাহারা তাহার ঐরূপ বেশধারণ অবগত নহে, তাহাদিগকে ভুলাইয়া সে, ধন হরণ করে, আর যাহারা তাহা অবগত আছে, তাহারা নটই ধন হরণ করিল, ইহা জানিতে পারিয়া হাসিতে থাকে; সেই প্রকার, হে দেবি! যাহারা জ্ঞানবান্, তাহারা শিব ভিন্ন আর কাহাকেও দেখিতে পায় না; আর যাহারা নানাবিধ দেখিতে থাকে, তাহারা অজ্ঞান বশতই সেইরূপ নানাপ্রকার দেখে, ইহা নিশ্চয় জানিও। প্রাণিগণ নানাপ্রকার ইচ্ছা বশতঃ বিবিধ বেশ ধারণ করে, তাহাতে তাহাকে নানাপ্রকার দেখায়; কিন্তু সেই ধারক একই, বেশই মাত্র নানাবিধ; সেইরূপ শিবরূপ একই, কেবল প্রকৃতি-সংযোগে নানারূপ হইয়াছে; বস্তুতঃ পরম কারণ আকার রহিত, অতএব শিবের কোন দেহাদি বন্ধন

যাবদ্দেহং প্রজায়েত তাবদ্বৈ বন্ধনং দৃঢ়ম্।
নিবৃত্তে চাপ্যহঙ্কারে কর্ত্তা শিব উদাহৃতঃ॥ ১২
যথা চ স্ফটিকশ্চৈব সংযোগাদ্বিবিধো ভবেৎ।
তথা প্রকৃতিসংযোগাচ্ছিবস্যানেকতা মতা॥ ১৩
তথা বিবেকতা তস্য গ্রহণে মোচনে শিবে।
প্রকৃতেশ্চ পরং ব্রহ্ম যৎ তচ্ছিব উদাহৃতম্॥ ১৪
স এব গুণরূপেণ হ্যবতীর্ণো হরঃ স্বয়ম্।
তস্য তত্ত্বং ন জানীমো ন জানীমো বয়ং প্রভোঃ॥
তস্মাৎ ত্বং হিমবৎপত্নি দুঃখং মুঞ্চ শিবং ভজ।
তচ্ছ্রুত্বা কোমলা কিঞ্চিন্মেনা বিষ্ণুপ্রবোধিতম্॥১৬
এতস্মিন্নন্তরে রুদ্রো নারদেন প্রবোধিতঃ॥ ১৭
ভক্তবাৎসল্যং কৃপাসূত্রং প্রদর্শিতম্॥ ১৮
সুন্দরং সুভগং দৃষ্ট্বা মোহং প্রাপ্তা যথা পুরা।
শিবং পশ্য পুনস্তত্র নারদো বাক্যমব্রবীৎ॥ ১৯
সা দদর্শ শিবং তত্র শ্রূয়তাং কীদৃশং প্রভুম্।

নষ্ট ১—১১। যে পর্য্যন্ত দেহ জন্মে, সেই পর্য্যন্তই দৃঢ়বন্ধন থাকে, অহঙ্কার নিবৃত্ত হইলে একমাত্র শিবই কর্ত্তা বলিয়া উদাহৃত হন। যেমন স্ফটিকমণি জবাকুসুমাদির সংযোগে নানাবিধ হয়, সেইরূপ সেই শিবও প্রকৃতি সংযোগে অনেক বলিয়া কথিত হন। সেই নির্গুণ ব্রহ্মস্বরূপ হরই আবার সগুণরূপে অবতীর্ণ হন, সুতরাং আমরা সেই প্রভুর তত্ত্ব অবগত হইতে সমর্থ নহি। অতএব হে হিমবৎপত্নি! তুমি দুঃখ পরিত্যাগ কর, শিবকে সমাদর কর। মেনকার মন এইরূপে বিষ্ণু কর্তৃক প্রবোধিত হইয়া কিঞ্চিৎ কোমল হইল। এই সময় রুদ্র নারদ কর্তৃক প্রবোধিত হইয়া ভক্তবাৎসল্য প্রযুক্ত সুন্দর রূপ ধারণ করিয়া স্বীয় কৃপালুতা প্রকাশ করত সেই স্থলে উপস্থিত হইলেন। তাঁহার তাদৃশ ভক্তবাৎসল্যসূচক মনোহর রূপ অবলোকনে মেনকা মোহিত হইলেন। তখন নারদও পুনর্ব্বার মেনকাকে বলিলেন,—হে মেনকে! শিবকে অবলোকন কর। মেনকা নারদের এতাদৃশ বাক্য শ্রবণে মনোহরমূর্ত্তি সুপ্রসন্ন শিবকে অবলোকন করিলেন,—তাঁহার

সূর্য্যকোটিপ্রতীকাশং সুনেত্রৈর্ভূষণৈর্যুতম্ ॥ ২০
মুকুটেন বিরাজন্তং বিচিত্রবসনং শুভম্।
বাহনস্য তথা শোভা বর্ণিতুং নৈব শক্যতে ॥ ২১
সুপ্রসন্নং সুহাসঞ্চ সর্ব্বৈর্দেবগণৈর্যুতম্।
সূর্য্যেণ ছত্রিতো যোঽসৌ চন্দ্রেণ বীজিতস্তথা ॥
সিদ্ধয়োঽষ্টৌ প্রনৃত্যঞ্চ কুর্ব্বন্তি স্ম তদগ্রতঃ।
গঙ্গা চ যমুনা চৈব চামরে দধতুঃ শুভে ॥ ২৩
ব্রহ্মা চৈব তথা বিষ্ণুরিন্দ্রাদ্যা দেবতাস্তথা।
স্বীয়ং স্বীয়ং তথা বেশং সম্ভূষ্য পুরতোঽচরন্ ॥২৪
জয় জয়েতি ভাষন্তো নানাঋষিগণাস্তথা।
পরংব্রহ্ম গৃণন্তস্তে পতাকাভিরলঙ্কৃতাঃ ॥ ২৫
বিশ্বাবসুমুখাস্তত্র হ্যপ্সরোগণসংযুতাঃ।
গায়ন্তোঽপ্যগ্রতস্তস্য শোভাযুক্তাঃ পরস্পরম্।
গণাস্তত্র চ বাদ্যানি মৃদঙ্গাদিক্রমেণ তু ॥ ২৬
হ্যকুর্ব্বংস্ত পরং তত্র তত্ত্বানি পুরতো যযুঃ।
সমুদ্রাশ্চ তথা নদ্যো নানাভূষাবিভূষিতাঃ ॥ ২৭

তস্মিংশ্চ সময়ে তত্র শোভা চাস্য মহাত্মনঃ।
জাতা তাং বর্ণিতুং কো বা শক্নোতি ঋষিসত্তমাঃ ॥
তং দৃষ্ট্বা চ তথা মেনা ক্ষণং চিত্রগতা ইব।
যথা চ বর্ণিতুং দেবৈর্যদ্রূপং তং তথৈব হি ॥ ২৯
ধন্যা পুত্রী মদীয়া চ যথাসৌ পরবান্ কৃতঃ।
বর্ণনঞ্চ তথা তস্য কৃত্বা লজ্জাপরাভবং ॥ ৩০
শিবোঽপি চ তথা দ্বারি গতা দেবগণৈঃ সহ।
মেনা তং পূজয়ামাস ব্রহ্ম-বিষ্ণুসমন্বিতম্ ॥ ৩১
তাবৎ স্ত্রিয়ঃ সমাজগ্মু হিত্বা কামাননেকশঃ।
মজ্জনং কুর্ব্বতো কাচিচ্চূর্ণেন সংযুতা যযৌ ॥ ৩
কাচিৎ তু স্বামিনঃ সেবাং বিহায় সখিসংযুতা।
চামরেণ তথা যুক্তা দর্শনার্থং শিবস্য চ ॥ ৩৩

কোটিসূর্য্যের ন্যায় দেদীপ্যমান বর্ণ, তাহার শোভন নেত্রত্রয় দেহের সৌন্দর্য্যাধিকা প্রকাশ করিতেছে। তাঁহার মস্তকে মুকুট বিরাজমান, অন্যান্য ভূষণ সকলও দেহের সমধিক সৌন্দর্য্য প্রকাশ করিতেছে, আর তাঁহার বিচিত্র বসন পরিধান, মুখে নিয়ত মৃদুমন্দ হাসি শোভা পাই-তেছে ও তাঁহার বাহনের যে কত শোভা, তাহা বর্ণনা করা যায় না। স্বয়ং সূর্য্য তাঁহার মস্তকে ছত্রধারণ করিয়া রহিয়াছেন, চন্দ্র ব্যজন করিতে-ছেন, সম্মুখে অষ্টসিদ্ধি নৃত্য করিতেছে, গঙ্গা ও যমুনা চামর ধারণ করিয়া রহিয়াছেন এবং ব্রহ্মা বিষ্ণু ও ইন্দ্রাদি দেবগণ স্ব স্ব বেশভূষায় অলঙ্কৃত হইয়া 'জয় জয়' এই কথা উচ্চারণ করত সম্মুখে বিচরণ করিতেছেন। ঋষিগণ "পরমব্রহ্ম" এই-রূপ উচ্চারণ করিতেছেন। পতাকাপরিশোভিত বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্বগণ, অপ্সরোগণের সহিত পরস্পরে শোভান্বিত হইয়া গান করিতেছে, প্রমথগণ মৃদঙ্গাদি বাদ্য বাজাইতেছে; তত্ত্ব সকল মূর্ত্তিমান্ হইয়া সম্মুখে বিচরণ করিতেছে, সমুদ্র নদ নদী প্রভৃতির অধিষ্ঠাতৃগণ নানা ভূষণে বিভূ-

ষিত হইয়া সম্মুখে বিরাজ করিতেছেন। অধি আর কি বলিব, সেই সময় মহাত্মা দেবের কীদৃশী শোভা হইয়াছিল, তাহা বর্ণনা করা ন, আর কেহ বা বর্ণনা করিতে সক্ষম হ ১২—২৮। এহেন দেবকে অবলোকন করি মেনকা ক্ষণকাল চিত্রলিখিতার ন্যায় নিশ্চ ভাবে অবস্থিতা রহিলেন। পরে আ কন্যাকে প্রশংসা করিতে লাগিলেন,—দেব তাঁহার যাদৃশ রূপ ও তাঁহার যাহা য বর্ণনা করিলেন,—তাহা যথার্থ। ব অবিকল তাহাই এই দেবে বিদ্যমান, ত এব এহেন পুরুষকেও যে আমার বশীভূত করিতে সক্ষমা হইয়াছে,—ধন্যা আ সেই পুত্রী পার্ব্বতী। তখন মেনকা তাঁহ বর্ণনা করিয়া লজ্জিতা হইলেন এবং শি লজ্জিত হইয়া দেবগণের সহিত দ্বারে অব করিতে লাগিলেন। মেনকা সেই ব্রহ্ম- সমন্বিত দেবকে পূজা করিলেন। সেই স্ত্রীগণ স্ব স্ব অভিলষিত কর্ম্ম পরিত্যাগ ক তথায় উপস্থিত হইল। কোন কোন স্ত্রী ম করিতেছিল, তাহা পরিত্যাগ করিয়া মজ্জনোপকরণ কেশাদিলেপন চূর্ণ সম হইয়াই তথায় শিবকে দেখিতে আগমন ক কোন কোন স্ত্রী স্বামিসেবা পরিত্যাগ ক হাতে চামর লইয়াই সখীর সহিত

কাচিং তু বালকং হিত্বা স্তন্যপং দ্রষ্টুমাযযৌ।
রশনাং বধ্নতী কাচিং তথৈব সংবৃতা যযৌ ॥ ৩৪
বস্ত্রঞ্চ বিপরীতঞ্চ ধৃত্বা কাচিদুপাযযৌ।
কাচিদ্ধস্তে শলাকাঞ্চ ধৃতাঞ্জনসমন্বিতাম্ ॥ ৩৫
আদর্শঞ্চ তথান্যস্মিন্ নীত্বা নেত্রমুপাযযৌ।
কাচিং তু ভোজনার্থঞ্চ স্থিতঞ্চ স্বামিনং তদা ॥ ৩৬
স্থিতান্নেন সমাযুক্তা দর্শনার্থং প্রতোরিতি।
দোহনার্থং স্থিতা কাচিং তদ্বিহায় দ্রুপরা যযৌ ॥ ৩৭
কাচিং তু কামিনী পাদং রঞ্জয়ন্তী যদা তদা।
শ্রুত্বোদ্ঘোষঞ্চ তদ্ধিত্বা দর্শনার্থমুপাগতা ॥ ৩৮
ইত্যাদি বিবিধং কার্য্যং হিত্বান্যাঃ সমুপাগতাঃ।
দৃষ্ট্বা চ শঙ্করং রূপং মোহং প্রাপ্তাশ্চ পুত্তিকাঃ *

দখিতে তথায় উপস্থিত হইল। কোন কোন স্ত্রীর বালক স্তন পান করিতেছিল; সেই স্ত্রী—বালক, স্তন্য পানে তৃপ্ত না হইলেও, তাহাকে পরিত্যাগ করিয়া তথায় উপস্থিত হইল। কোন কোন স্ত্রী মেখলা পরিধান করিতে করিতেই তথায় আগমন করিল। কোন স্ত্রী বিপরীতভাবে বস্ত্র পরিধান করিয়া তথায় আগমন করিল। কোন স্ত্রী বা নয়ন ভূষিত করিবার নিমিত্ত এক হস্তে অঞ্জন-শলাকা ও অপর হস্তে নেত্রসমীপে দর্পণ লইয়াই তথায় উপস্থিত হইল। কোন স্ত্রী স্বামীর ভোজনের নিমিত্ত অন্ন আনিতেছিল, সেই স্ত্রী স্বামীকে ভোজন করিতে না দিয়া সেই অন্ন লইয়াই তথায় শিবকে দেখিতে আগমন করিল। কোন স্ত্রী গো-দোহন করিতেছিল; সেইরূপ কোলাহল শুনিয়া তাহা পরিত্যাগ করত সেই স্থলে উপস্থিত হইল। কোন স্ত্রী অলক্তকাদি রাগে চরণ রঞ্জিত করিতেছিল; সেই স্ত্রীও শিব-আগমনজাত কোলাহল শ্রবণে সেই কর্ম শেষ না হইলেও তাহা পরিত্যাগ করত তথায় আগমন করিল। ১৯—৩৮। এইরূপ অন্যান্য স্ত্রীগণ বিবিধ কার্য্য পরিত্যাগ করিয়া শিবের অবলোকন বাসনায় তথায় আগমন

* অত্র তাঃ পুনরিতি পুত্রিকা ইতি চ পাঠঃ।

যথাহচেতনাস্তিষ্ঠন্তি তথা তাশ্চ স্থিতাস্তদা।
ক্ষণমাত্রং তদা স্থিত্বা বচনঞ্চৈবমব্রুবন্ ॥ ৪০
সম্যক্ কৃতন্তু পার্ব্বত্যা নান্যথা যত্নবেদিহ।
অহো পশ্যত কিং রূপং বর্ণনীয়ং কথং ভবেৎ ॥ ৪১
যথার্থং নাম সত্যন্তু দৃশ্যতে নান্যথা ক্বচিং।
শিব ইতি চ বিখ্যাতং দর্শনাচ্চ লভেচ্ছিবম্ ॥ ৪২
নেত্রাণি সফলান্যাসন্ হিমবংপুরবাসিনাম্।
যো বা পশ্যত্যদো রূপং তস্যৈব সার্থকং ভবেৎ ॥
তস্যৈব সফলং জন্ম তস্যৈব সফলাঃ ক্রিয়াঃ।
যেন দৃষ্টঃ শিবঃ সাক্ষাৎ সর্ব্বপাপপ্রণাশকঃ ॥ ৪৪
পার্ব্বত্যা সাধিতং সর্ব্বং শিবার্থন্তু তপঃ কৃতম্।
ধন্যেয়ং কৃতকৃত্যেয়ং শিবং প্রাপ্য পতিং সদা ॥ ৪৫
প্রীণয়িষ্যতি সা নিত্যমচিন্ত্যসুখহেতুকম্।
যদীদং যুগলং ব্রহ্মা সঙ্গমায়াক্ষমো ভবেৎ ॥ ৪৬

করিল। পুত্তিকাসমূহ (উই) অচেতন অবস্থায় যেরূপ ভাবে থাকে, সেই সময়গত স্ত্রীগণও শঙ্করের রূপ দেখিবামাত্র মোহিত হইয়া, সেইরূপ অচেতন অবস্থায় অবস্থিতি করিতে লাগিল। তাহারা এইরূপ ক্ষণকাল থাকিয়া পরে বলিতে লাগিল,—পার্ব্বতী যথার্থ ন্যায়সঙ্গত কার্য্যই করিয়াছে, ইহাঁকে পতিত্বে বরণ না করিলে পার্ব্বতীর এহেন অসাধারণ রূপই বিফল হইত। সখীগণ! আহা কি মনোহর রূপ দেখ! ইহা বর্ণনাতীত। ইহাঁর "শিব" নাম যথার্থ ই বটে; যেহেতু, ইনি যেমন শিব নামে বিখ্যাত, সেইরূপ উঁহার দর্শনেও মঙ্গল লাভ হইয়া থাকে। আজ এই হিমালয়-পুরবাসিগণের নয়ন সফল হইল। আজ জানা গেল, যাহারা ঐ রূপ দেখিয়াছে, তাহাদেরই নয়ন সার্থক হইয়াছে। যে জন এই সর্ব্বপাপনাশক শিবকে সাক্ষাৎ করিয়াছে, তাহারই সফল জন্ম, তাহারই সার্থক ক্রিয়া। পার্ব্বতী এই শিবলাভের জন্য যে সকল কার্য্য সম্পাদন করিয়াছে ও যে তপস্যা করিয়াছে, তাহা সকলই সফল হইয়াছে। এই পার্ব্বতীই ধন্যা, এই পার্ব্বতীই ইহজগতে কৃতকৃত্যা হইয়াছে এবং নিশ্চয় এই পার্ব্বতীই এই অচিন্তনীয় সুখহেতু শিবকে পতিত্বে লাভ করিয়া নিয়ত উহাঁর প্রীতি-

তদা চ সকলোহপ্যস্ত শ্রমো নিষ্ফলতামিয়াৎ।
সম্যক্ কৃতং তথা তেন মেলিতং যুগ্মমুত্তমম্ ॥ ৪৭
অনয়া যং তপস্তপ্তং সার্থকং সকলং কৃতম্।
বিনা তু তপসা হেতং প্রাপ্তুকৈব সুদুর্লভম্ ॥ ৪৮
লক্ষ্মীর্নারায়ণং লেভে স্বামিনঞ্চ তথা শিবম্।
সুবর্ণং মণিযুক্তঞ্চ রাজতে নিতরাং যথা ॥ ৪৯
তথাসৌ পার্ব্বতী দেবী হরং প্রাপ্য সুভূষিতম্।
ইত্যেবং বচনং হ্যক্তা চন্দনৈঃ অক্ষতৈরপি ॥ ৫০
শিবঞ্চৈবাঞ্চযামাসুধ ন্যোহয়মিতি চাব্রুবন
কথাস্তথাবিধাঃ শৃণ্বন শিবো দ্বারি সমাগতঃ ॥ ৫১
সর্ব্বে দেববরাস্তত্র হ্যচ্যুতাদ্যাঃ শিবং প্রতি।
স্থিতাস্তত্র শিবস্যার্থে কশ্চিচ্চ কৌতুকং পুনঃ ॥৫২
করিষ্যতীতি তন্মত্বা সাবধানতয়া তথা।
এতস্মিন্নন্তরে দেবী মেনা হর্ষসমন্বিতা ॥ ৫৩
পরিধায় শুভং বেশং লজ্জিতা দেবসন্নিধৌ।
আগত্য শিবপূজাঞ্চ কৃত্বা নীরাজনমপাকৃত ॥ ৫৪
বস্ত্রং শিবস্য কণ্ঠে তু কৃত্বা দেবস্ত্রিয়া শুভা।
কর্ষয়ন্তী ক্ষণং তত্র হাস্যং কৃত্বা গৃহং যযৌ ॥ ৫৫
চতুষ্কে চ তথা ব্রহ্মা ঋষিভির্বেষ্টিতঃ স্বয়ম্।
তাবদেব শিবস্তত্র হ্যাজগাম প্রহর্ষিতঃ ॥ ৫৬
তাবচ্চ হিমবান্ স্নাত্বা সপত্নীকঃ স্বয়ং গতঃ।
ব্রহ্মা সর্ব্বঞ্চ তত্রত্যং কারয়ামাস বৈ তদা ॥ ৫৭
প্রয়োগাদি বিধায়ৈব বেদোচ্চারণতৎপরাঃ।
ঋষয়ঃ পাঠয়ামাসুর্গোত্রাণি পরয়োর্হিতাঃ * ॥ ৫৮
আবাহনং তথা পাদ্যং সর্ব্বঞ্চ বিধিপূর্ব্বকম্।
দুকূলং সুন্দরং তেন দত্তং তস্মৈ মহাত্মনে ॥ ৫৯
তিলকং পুষ্পহারঞ্চ কাঞ্চনস্য যথাবিধি।
পুনশ্চতুষ্কমাসাদ্য দম্পতী তৌ মুদান্বিতৌ ॥ ৬০
সংস্থাপ্যাগ্নিং পুনস্তত্র বৈবাহমকরোদ্বিধিম্।

সম্পাদন করিবে। ব্রহ্মা যদি এই অনুরূপ যুগলের মিলনসাধনে অক্ষম হইতেন, তাহা হইলে তাঁহার সকল শ্রমই বিফল হইত; অতএব তিনি এই যুগলের মিলন সাধন করিয়া সম্যক্ অনুষ্ঠান করিয়াছেন। আর এই পার্ব্বতী যে তপস্যা করিয়াছে, সে সকলও সার্থক হইয়াছে; কারণ তপস্যা বিনা কিরূপে এহেন পতিসুখ লভ্য হইতে পারে? দেখ, লক্ষ্মী নারায়ণকে যেরূপ পতিত্বে লাভ করিয়াছেন, ঐ পার্ব্বতীও সেইরূপ সুভূষিত হরকে পতিত্বে লাভ করিয়া মণিকাঞ্চন-যোগের ন্যায় শোভা পাইতেছেন। এই কথা বলিয়া স্ত্রীগণ চন্দন ও অক্ষত দ্বারা শিবকে অর্চ্চনা করিতে লাগিল এবং "ইনিই ধন্য" এই কথা বলিতে লাগিল। শিব স্ত্রীগণের তথাবিধ কথা শুনিতে শুনিতে দ্বারে আগত হইলেন। ৪৭—৫১ অচ্যুতাদি দেবগণ, পাছে কেহ শিবকে কৌতুক করে, ইহা ভাবিয়া সেই স্থলে শিবকে লক্ষ্য করিয়া সাবধানে অবস্থান করিতে লাগিলেন। এই অবকাশে মেনা হর্ষান্বিত হইয়া সুন্দর বেশ পরিধান করত শিবসমীপে আগমন করিয়া শিবকে পূজা করিলেন। পরে সুন্দর পত্নীগণ গমন করিয়া শিবের কণ্ঠে বস্ত্র লগ্ন করিয়া আকর্ষণ করিতে লাগিলেন; কিন্তু দেবস্ত্রী ক্ষণকাল আকর্ষণ করিয়া হাসিতে হাসিতে গৃহে গমন করিলেন। তাহার পর ব্রহ্মা ঋষিগণ পরিবৃত হইয়া বিবাহবেদীতে গমন করিলেন। সেই সময় শিবও হর্ষান্বিত হইয়া তথায় আগমন করিলেন এবং হিমালয়ও পত্নীর সহিত স্বয়ং তথায় উপস্থিত হইলেন। অনন্তর ব্রহ্মা তত্রত্য সকল প্রয়োগাদি করাইলেন, হিতকারী ঋষিগণও স্ব স্ব কর্তব্য প্রয়োগাদি সমাপন করিয়া বেদ উচ্চারণ ও পার্ব্বতী-পরমেশ্বরের নাম কীর্ত্তন করিতে লাগিলেন। পরে হিমালয় শিবকে আহ্বান করিয়া পাদ্য, সুন্দর দুকূল প্রভৃতি সকলই বিধিপূর্ব্বক সেই মহাত্মা শিবকে প্রদান করিলেন এবং তিলক ও সুবর্ণের পুষ্পহারও যথাবিধি প্রদান করিলেন। তাহার পর সেই দম্পতী শিব-পার্ব্বতী হর্ষান্বিত হইয়া বিবাহ-বেদীতে আগমন করিয়া অগ্নি স্থাপন করত তাহাতে বিবাহ-কর্ত্তব্য কার্য্য সকল অনুষ্ঠান করিলেন। পুরস্ত্রীগণ ব্রহ্মার আজ্ঞা

---

* হোত্রাণি বিবিধানীতি পাঠান্তরম্

অক্ষতারোপণং তত্র প্রিয়ংচক্রুস্তদাজ্ঞয়া ॥ ৬১
প্রদক্ষিণং তথা চাগ্নেশ্চতুর্দ্ধা চ কৃতং তদা।
ব্রহ্মণঃ স্খলনং জাতং শিবাঙ্গুষ্ঠপ্রদর্শনাৎ ॥ ৬২
অগোপিতং তদা তেন হ্যংসঙ্গে পতিতঞ্চ যৎ।
ততো জাতাস্ত্বসংখ্যাতা বটুকা ব্রহ্মসূত্রকাঃ ॥ ৬৩
জটাদণ্ডধরাস্তে চ বদ্ধকচ্ছাঃ সহস্রশঃ।
নমস্কৃত্য চ ব্রহ্মাণং স্থিতাস্তে তু তদগ্রতঃ ॥ ৬৪
শিবোঽপি বটুকান্ দৃষ্ট্বা ব্রহ্মণে কুপিতস্তদা।
সম্প্রার্থিতস্তদা দেবীং গঙ্গাং দত্ত্বা তু পাবিতঃ ॥৬৫
অনুগৃহ্য পুনস্তত্র স্থাপিতশ্চ পিতামহঃ।
বটুকান্ সূর্য্যশিষ্যাংশ্চ কৃত্বা কার্য্যামথাকরোৎ ॥ ৬৬
বটুকা বর্দ্ধিতাস্তত্র সূর্য্যসেবাপরায়ণাঃ।
রথপৃষ্ঠে রথাগ্রে চ ধাবন্তি তে তপস্বিনঃ ॥ ৬৭
ব্রহ্মচারিস্বরূপেণ স্থিতাস্তে বেদপারগাঃ।
অবশিষ্টঞ্চ যৎ কৃত্যং কারয়ামাস বৈ তদা ॥৬৮
অনুজ্ঞাঞ্চৈব দত্ত্বা তু কন্যায়ৈ স পিতামহঃ।
ধ্রুবস্য দর্শনং তত্র কারয়ামাস বৈ তদা ॥ ৬৯
পুনঃ স্থাপ্যাসনে দেবং চক্রুঃ স্বস্ত্যয়নং শুভম্।
বেদোক্তা হ্যাশিষো দত্ত্বা বর্দ্ধাপ্য চ পুনঃপুনঃ ॥৭০
তে দেবাশ্চ তদা দেবীং জগতো মাতরং শিবাম্।
নমস্কৃত্য পুনস্তে বৈ স্থিতাস্তে শঙ্করং পুনঃ ॥ ৭১
নমস্কৃত্যাব্রুবংস্তত্র শিব ত্বং জগতঃ পিতা।
ইয়ঞ্চ জগতো মাতা হ্যারভ্য দিনমদ্যতঃ ॥ ৭২
তত্রৈব চ পুনর্দ্দেবা গন্ধর্বাপ্সরসস্তদা।
নৃত্যং গানঞ্চ বাদ্যঞ্চ চক্রুস্তে পরয়া মুদা ॥ ৭৩
গিরিরাজোঽপি তত্রৈব সম্পাদ্য বিধিমুত্তমম্।
মেনে কৃতার্থমাত্মানং সকলঞ্চ গৃহাশ্রমম্ ॥ ৭৪
তৌ দম্পতী তদা তত্র সম্পূজ্য কুলদেবতাম্।
বর্দ্ধাপ্য মণ্ডপং তত্র হ্যাদধ্যুঃ কৌতুকোৎসবম্ ॥৭৫

পতীর ললাটে অক্ষত প্রদান করিতে [illegible]গিল। ৫২—৬১। যখন দম্পতী প্রদক্ষিণ [illegible]রিতে লাগিলেন, সেই সময় পার্ব্বতীর অঙ্গুষ্ঠ [illegible]র্শনে ব্রহ্মার রেতঃস্খলন হইল। সেই সময় [illegible]ক্ষা ভীত হইয়া সেই উৎসঙ্গে পতিত রেতঃ [illegible]াপন করিলেন ; তাহা হইতে অসংখ্য ব্রহ্মো-[illegible]বীতযুক্ত জটাদণ্ডধর কৌপীনধারী বটুকগণ [illegible]ৎপন্ন হইল এইরূপে উৎপন্ন সেই বালক-[illegible] ঋষিগণ ব্রহ্মাকে নমস্কার করিয়া তাঁহার [illegible]। অবস্থান করিতে লাগিল। শিব সেই [illegible] উৎপন্ন বটুকগণকে অবলোকন করিয়া [illegible]র উপর কুপিত হইলেন। শিব এইরূপ [illegible]ত হইলে দেবগণ ও ব্রহ্মা করযোড়ে [illegible]না করিতে লাগিলেন। তাঁহাদের প্রার্থ-[illegible] ভগবান্ শিব, দেবী গঙ্গাকে দান [illegible]য়া ব্রহ্মাকে পবিত্র করিলেন এবং রোষ [illegible]ত্যাগপূর্ব্বক অনুগ্রহ প্রকাশে ব্রহ্মাকে [illegible]র্বার স্বকার্য্যে নিয়োজিত করিলেন ও বটুক-[illegible]কে সূর্য্য শিষ্য করিয়া কার্য্য করিতে লাগি-[illegible]। সেই সূর্য্যসকাশেই বটুকগণ সূর্য্যের [illegible]াপরায়ণ হইয়া বর্দ্ধিত হইতে লাগিলেন ; [illegible]ই তপস্বিগণ কখন রথপৃষ্ঠে, কখন বা রথাগ্রে [illegible]প বিচরণ করিতে লাগিলেন। তাঁহারা বেদপারগ হইয়া ব্রহ্মচারিরূপে অবস্থান করিতে লাগিলেন। পিতামহ এইরূপ শিব কর্তৃক পুনর্ব্বার নিয়োজিত হইয়া অবশিষ্ট বিবাহ-কর্ত্তব্য কার্য্য সম্পাদন করাইলেন ও পার্ব্বতীকে অনুজ্ঞা প্রদান করিয়া তাঁহাদিগকে ধ্রুব দর্শন করাইলেন। পরে পুনর্ব্বার দেবকে আসনে উপবেশন করাইয়া শুভ স্বস্ত্যয়ন করিতে লাগি-লেন ও "আপনারা সকলে 'ইহাদিগের বৃদ্ধি হউক' এইরূপ আশীর্ব্বাদ করুন" ইত্যাদি বেদোক্ত আশীর্ব্বাদ প্রদান করিতে লাগি-লেন। ৬২—৭০। তাহার পর সেই সকল দেবগণ জগন্মাতা শিবাকে নমস্কার করিয়া দেব শঙ্করকে পুনঃপুনঃ নমস্কার করত বলিলেন,—হে ভগবন্ শিব! আপনিই জগতের পিতা, অতএব আজ হইতে এই দেবীও জগতের মাতা হইলেন। সেই সময় দেব, গন্ধর্ব ও অপ্সরো-গণ পরম প্রমোদে নৃত্য গান বাদ্য করিতে লাগিল। আর গিরিরাজ হিমালয়ও সেইস্থলে উত্তম কর্ত্তব্য-বিধি অনুষ্ঠান করিয়া আপনাকে ও গৃহ-আশ্রম সকলকে কৃতার্থ বলিয়া বোধ করিতে লাগিলেন। পরে সেই দম্পতী পার্ব্বতী-পরমেশ্বর কুলদেবতা পূজা করিয়া

ঋষীন্ প্রণম্য সর্ব্বাংস্তাংশ্চকারানুগ্রহং শিবঃ।
হিমবানপি তত্রৈব যথাযোগ্যমপূজয়ং ॥ ৭৬
সর্ব্বান্ দেবগণাংস্তত্র সেবার্থং যে সমাগতাঃ।
যথা চ মেনিরে দেবা বয়ং কে পর্ব্বতাগ্রতঃ ॥ ৭৭
তথা পূজা চ সেবা চ কৃতা তেন মহাত্মনা।
যথা তে মনসি গ্লানিং গতাস্তে দেবসত্তমাঃ ॥ ৭৮
সমাগতেষু সর্ব্বেষু ন কশ্চিদ্দুঃখমাগতঃ।
অহং ধন্যঃ শিবেনৈব গিরিণা চানুমানিতঃ ॥ ৭৯
তথা ন কোঽপি তত্রৈব মানিতশ্চ পরস্পরম্।
তে দেবাশ্চ তথা সর্ব্বে বদন্তশ্চ তপোধনাঃ ॥ ৮০
গিরিরাজস্তদা তত্র প্রার্থয়ামাস তাংস্তথা।
মমাদ্য সফলং জাতং জীবিতং ধন্যমেব চ * ॥৮১
মেনা চাপি পুনস্তত্র স্তুতিং চক্রে শুভাননা।
নিন্দাং নিবর্ত্তয়ামাস সর্ব্বেষাং প্রাঞ্জলিস্তদা ॥ ৮২
ধন্যাহং কৃতকৃত্যাহং যস্মাশ্চ পুত্রিকা শুভা।
জাতা মম কুলং ধন্যং পাবিতন্তনয়া ধ্রুবম্ ॥ ৮৩
যদি ন পুত্রিকা চেয়ং যূয়ং বা শিব এব বা।
কুতস্তে ঋষয়ো দেবা বিষ্ণুশ্চৈব সনাতনঃ ॥ ৮৪
ইয়ং বৈ পুত্রিকা ধন্যা সর্ব্বপাপাপনুত্তয়ে।
মদীয়ং দুষ্ট কৃত্যঞ্চ ক্ষন্তব্যং জগদীশ্বরাঃ ॥ ৮৫
এবং সম্প্রার্থ্য তান্ সর্ব্বান্ নমস্কৃত্যাক্ষমাপয়ং।
গিরিরাজোঽপি তান্ সর্ব্বান্ নমস্কৃত্য তথাবদং ॥
তে দেবাঃ পূজিতাস্তেন প্রসন্নাশ্চেদমব্রুবন্।
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি জীবিতং সফলীকৃতম্ ॥
যেনৈব কন্যকাদানং শিবায়ৈব সমর্পিতম্।
ইত্যুক্ত্বা চ পুনর্মেনামূচুস্তে বিনয়ান্বিতাঃ ॥ ৮৮
ধন্যা ত্বং গিরিরাজস্য পত্নী মেনেতি বিশ্রুতা।

মণ্ডপদেবতাগণকে "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" ইত্যাদি মন্ত্রে বিসর্জ্জন করত কৌতুকসূত্র মোচন করিলেন। তাহার পর ঋষিগণকে প্রণাম করিয়া তাঁহাদিগের সকলকে অনুগ্রহ বিতরণ করিলেন। পরে হিমালয়ও, যাঁহারা শিবসেবার নিমিত্ত আগমন করিয়াছিলেন, সেই সকল দেবগণকে সেইরূপ ভাবে যথাযোগ্যরূপে পূজা করিলেন—যাহাতে সেই দেবগণ মনে করিতে লাগিলেন যে, আমরা কেমন করিয়া গিরিরাজ হিমালয় অপেক্ষা শ্রেষ্ঠ হইলাম? মহাত্মা হিমালয় তাঁহাদিগকে সেইরূপ পূজা করিয়াছিলেন,—যাহাতে সেই দেবগণ লজ্জা বশতঃ অধোমুখ হইয়া অবস্থান করিতে লাগিলেন। ৭১—৭৮। সেই সমাগত দেব ঋষি প্রভৃতির মধ্যে কেহই দুঃখিত হন নাই, প্রত্যুত সকলেই পরস্পর বলিতে লাগিল যে, শিব ও গিরিরাজ আমার নিকটে যেমন 'আমি ধন্য হইলাম' বলিয়া প্রার্থনা করিলেন, এরূপ আর কাহারও নিকট করেন নাই। পরে গিরিরাজ সেই সকল দেব-ঋষিগণের নিকটে আগত হইয়া বলিতে লাগিলেন,—আজ আমার জীবন সার্থক হইল, আজ হইতে ধন্য আমার জীবন-ধারণ। শুভাননা মেনকাও সেই স্থলে আগমন করিয়া স্তব করিতে লাগিলেন এবং কৃতাঞ্জলিপুটে পূর্ব্বকৃত শিবনিন্দার ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন,—আজ আমি ধন্যা, আজ আমি কৃতকৃত্যা হইলাম, যেহেতু আমার এহেন কন্যা বিদ্যমানা রহিয়াছে। আর ঐ কন্যা কর্ত্তৃক আমার কুল ধন্য ও পবিত্র হইল; কেননা, যদি আমার এই কন্যা না জন্মিত, তাহা হইলে কেমন করিয়া আপনাদিগের, শিবের, সনাতন বিষ্ণুর এবং ঋষিগণের এই আমার বাটীতে আগমন হইত? ধন্যা এই আমার সর্ব্বপাপ-বিনাশ-নিদান কন্যা। হে জগদীশ্বরগণ! আমি যাহা যাহা দুষ্কর্ম্ম অনুষ্ঠান করিয়াছি, তাহা ক্ষমা করুন। এইরূপ প্রার্থনা করত নমস্কার করিয়া মেনকা তাঁহাদিগের সকাশে ক্ষমা প্রার্থনা করিলেন। গিরিরাজ হিমালয়ও তাঁহাদিগকে নমস্কার করত সেইরূপ প্রার্থনা করিলেন। এইরূপে সেই দেবগণ পূজিত হইয়া প্রসন্ন হইলেন ও গিরিপতিকে বলিলেন,—হে গিরিচূড়ামণে! তুমিই ধন্য, তুমিই কৃতকৃত্য ও তোমারই জীবন সফল হইয়াছে; যেহেতু তুমি ভগবান্ শিবকে কন্যা সম্প্রদান করিতে সক্ষম হইয়াছ। এই কথা বলিয়া দেবগণ বিনয়ান্বিত হইয়া পুনর্ব্বার মেনকাকে বলিলেন,—হে গিরিরাজপত্নি মেনকে!

---

* ধনমেব চেতি পাঠান্তরম্।

বহুদরাং সমুৎপন্নং শিবাৱত্নং শুভাননে ॥ ৮৯
ত্বদীয়শ্চ তিরস্কারঃ সুখরূপোঽনুমানিতঃ।
সৌভাগ্যং বর্দ্ধতাং তেঽদ্য গচ্ছামঃ সুখমস্ত তে ॥
গিরিরাজং তথৈবাত্র সম্প্রার্থ্য দেবতাগণাঃ।
দত্ত্বা চ হ্যাশিষস্তস্মৈ বন্দিতাস্তে ষযুর্মুদা ॥ ৯১
হিমবৎপুত্রিকাং সর্ব্বে বাদ্য-গানপরায়ণাঃ।
অন্বগচ্ছন্ত তে তত্র গিরিরাজাদয়শ্চ যে ॥ ৯২
মেনাদ্যাশ্চৈব তৎপত্ন্যো গচ্ছন্তি স্ম শিবাং প্রতি।
গন্ধমাদনপর্য্যন্তং গত্বানুজ্ঞামবাপ্য চ ॥ ৯৩
সোৎসুকাশ্চ পরাজগ্মুঃ স্বস্থানং তে গিরীশ্বরাঃ।
তদ্দিনং হি সমারভ্য কৃতার্থাঃ পর্ব্বতা ইমে ॥ ৯৪
সুখঞ্চ পরিবৃদ্ধঞ্চ বর্ণিতুং নৈব শক্যতে।
অচ্যুতাদ্যাশ্চ যে দেবা ঋষয়ো নির্ম্মলাশয়াঃ ॥ ৯৫
সমাগতাস্তে তত্র বাদ্য-নৃত্যপরায়ণাঃ।
সমাগত্য তু কৈলাসং সংস্থাপ্য মন্দিরে শিবম্ ॥৯৬
শিবপত্ন্যা যুতঞ্চ সম্প্রার্থ্য দত্তানুজ্ঞা যযুশ্চ তে।
প্রশংসন্তো বিবাহঞ্চ কৃপাঞ্চৈব শিবস্য চ ॥ ৯৭
স্বপদঞ্চ তথা সর্ব্বে য এতেঽত্র সমাগতাঃ।
দৃষ্ট্বা চ শিবয়োর্যোগং দেবানাং প্রীতিরুত্তমা ॥ ৯৮
বর্ণিতুং নৈব শক্যেত বর্ষাণাঞ্চ শতৈর্ন চ।
এতচ্চৈব সমাখ্যাতং যৎপৃষ্টোঽহং মুনীশ্বরাঃ ॥৯৯
বিবাহস্য বিধিং সম্যগ্দেবস্য পরমাত্মনঃ।
য এবং শৃণুয়ান্নিত্যং শ্লোকং শ্লোকার্দ্ধমেব বা ॥১০০
তস্য বৈ বিপুলা লক্ষ্মীর্জায়তে নাত্র সংশয়ঃ।
অজ্ঞানং নাশমায়াতি বর্দ্ধন্তে সুখসম্পদঃ ॥১০১
আরোগ্যং জায়তে তস্য কল্যাণভো ভবেদিহ ॥১০২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পার্ব্বতীবিবাহবর্ণনং নাম অষ্টা-
দশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

শুভাননে! তুমিই ধন্যা, যেহেতু তোমার গর্ভে পার্ব্বতীরূপ রত্ন উৎপন্ন হইয়াছে। হে সৌভাগ্য-বতি! তোমার তিরস্কার আমরা সুখ বলিয়া অনুমান করিয়াছি। হে গিরীন্দ্রপত্নি! তোমার দিন দিন সৌভাগ্যলক্ষ্মী বৃদ্ধি পাইতে থাকুক। আমরা চলিলাম, তোমার মঙ্গল হইক। ৭৯—৯০। সেই দেবগণ গিরিরাজের নিকট এইরূপ প্রার্থনা করিয়া আশীর্ব্বাদ প্রদান করত তাঁহাকে বন্দনাপূর্ব্বক হর্ষোৎফুল্ললোচনে গমন করিলেন। সকলে বাদ্যগান-পরায়ণ হইয়া পার্ব্বতীর অনুগমন করিতে লাগিলেন এবং গিরিবর হিমালয় প্রভৃতি ও মেনাদি তৎপত্নীগণও পার্ব্বতীর অনুগমনে প্রবৃত্ত হইলেন। পরে গিরিরাজ হিমালয় প্রভৃতি পর্ব্বতগণ, গন্ধমাদন পর্ব্বত পর্য্যন্ত অনুগমন করিয়া তাঁহাদিগের অনুজ্ঞায় উৎকণ্ঠিতচিত্তে স্বস্থানে প্রত্যাগমন করিলেন। সেই দিন অবধিই এই হিমালয় প্রভৃতি পর্ব্বতগণ কৃতার্থ হইলেন এবং বর্ণনাতীত সুখ ও বৃদ্ধি পাইতে লাগিলেন। পরে অচ্যুতাদি দেবগণ ও নির্ম্মলাশয় ঋষিগণ ঐরূপ বাদ্যনৃত্য-পরায়ণ হইয়া অনুগমন করিতে করিতে কৈলাসে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা কৈলাসে উপস্থিত হইয়া শিব-পার্ব্বতী উভয়কে মিলিত করিয়া মন্দিরে অধিষ্ঠিত করাইলেন ও প্রার্থনা-পূর্ব্বক গমনে অনুমতি পাইয়া শিববিবাহ ও তাঁহার অনুগ্রহ বিষয়ে প্রশংসা করিতে করিতে সকলে স্ব স্ব স্থানে গমন করিলেন। ঐ সকল দেবগণ এই শিব-পার্ব্বতীর মিলন দর্শনে যে কিরূপ প্রীতি লাভ করিয়াছিলেন, তাহা শত বৎ-সরেও বর্ণনা করা যায় না। হে মুনীশ্বরগণ! আপ-নারা আমাকে যে বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন, এই সেই পরমাত্মা শিবের বিবাহবিধি কীর্ত্তন করিলাম। যে এই কথার একটীও শ্লোক শ্রবণ করে, কিংবা যে শ্লোকার্দ্ধও শ্রবণ করে, তাহার বিপুলা লক্ষ্মী লাভ হইয়া থাকে; তাহার অজ্ঞানান্ধকার দূরীভূত হইয়া নিয়ত সুখ-সম্পদ্ বৃদ্ধি পাইতে থাকে এবং সেজন্য আরোগ্য লাভ করিয়া অসীম আনন্দ ভোগ করিতে সমর্থ হয়। ৯১—১০২।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত ॥

একোনবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

সূত সূত মহাভাগ কিং জাতন্তু ততঃ পরম্।
তারকস্য বধশ্চৈব কথ্যতাম্তু ত্বয়ানঘ॥ ১

সূত উবাচ।

শ্রূয়তাং কথয়াম্যদ্য কথাং পাপপ্রণাশিনীম্।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যন্তে মানবাঃ কলৌ॥২

কৈলাসমাসাদ্য শিবাং সমেত্য
শোভাং প্রপেদেঽতিতরাং শিবোঽপি।
বিচারয়ামাস চ দেবকৃত্যং
পীড়াং জনস্যাপি স দেবদেবঃ॥ ৩

বিচার্য্য চ কৃতং তেন শ্রূয়তামৃষিসত্তমাঃ।
শিবোঽপি ভগবান্ সাক্ষাৎ কৈলাসমগমদ্যদা॥৪
গণাশ্চ সর্ব্বে তত্রাসন্ প্রমথাদ্যা মহাবলাঃ।
বাদ্যঞ্চ বিবিধং চক্রুর্হর্ষনির্ভরমানসাঃ॥ ৫
দেবা অপি চ যে তত্রাগতাস্তে হর্ষমাগতাঃ।
অতঃ পরং শিবোঽস্মাকং কৃপাঞ্চৈব করিষ্যতি॥৬

শিবস্তত্র শিবাসার্দ্ধং নানারঙ্গমথাকরোৎ।
দেবাশ্চ পীড়িতাস্তেন * শিবঃ কিং নু করিষ্যতি॥
বিলম্বঃ ক্রিয়তে তেন কথঞ্চাগ্নিং সমীরয়ন্।
অগ্নির্ভূত্বা কপোতস্য রূপং অত্র জগাম হ॥ ৮
গত্বা শিবসমীপঞ্চ যদা চাগ্নির্নিরীক্ষয়েৎ।
তাবদগ্নিং শিবো দৃষ্ট্বা ভোগাদুপরতঃ স্বয়ম্॥ ৯
কস্ত্বং কপটরূপোঽসি গৃহ্যতাং শুক্রমেব মে।
ইত্যুক্ত্বাগ্নয়ে বীর্য্যং দত্তং তেন মহাত্মনা॥ ১০
কপোতো বীর্য্যমাদায় চঞ্চুপুটগতং যদা।
বহির্গতো মহাবীর্য্যং ধর্তুমক্ষম এব সঃ॥ ১১
তদ্বীর্য্যঞ্চৈব গঙ্গায়াং প্রাক্ষিপদ্দুঃখপীড়িতঃ।
গঙ্গয়াপি চ তদ্বীর্য্যং দুঃসহং পরমাত্মনঃ॥ ১২

একোনবিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! তাহার পর কি হইয়াছিল এবং কি করিয়াই বা তারকাসুর-বধ হয়, তাহা বর্ণনা কর। সূত কহিলেন,—হে ঋষিগণ! যে কথা শ্রবণে কলিযুগে মনুষ্যগণ সর্ব্বপাপ হইতে মুক্ত হয়, সেই প্রধান ঘটনাসূচিকা সর্ব্বপাপ-প্রণাশিনী কথা বলিতেছি, শ্রবণ করুন। দেবদেব শিব এইরূপে পার্ব্বতীকে বিবাহ করিয়া কৈলাসে আগমন করত গিরিসুতার সহিত মিলনে অতিশয় শোভা পাইতে লাগিলেন। পরে দেবকার্য্য ও লোকের তারকাসুরকৃত পীড়ার বিষয় বিচার করিতে লাগিলেন। বিচার করিয়া পরে যে কি করিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। ভগবান্ শিব যখন পার্ব্বতীর সহিত কৈলাসে আগমন করিলেন, তখন মহাবল প্রমথগণ হর্ষ-নির্ভরচিত্তে সেই স্থানে বিবিধ বাদ্য করিতে লাগিলেন। যে সকল দেবগণ তথায় উপস্থিত ছিলেন, তাঁহারা "ইহার পর শিব আমাদিগের প্রতি কৃপা প্রকাশ করিবেন" ইহা বিবেচনা করিয়া হর্ষান্বিত হইলেন। সেই সময় শিব সেই স্থলে পার্ব্বতীর সহিত নানাবিধ ক্রীড়া করিতে লাগিলেন। তারকাসুর-পীড়িত সেই দেবগণ বিবেচনা করিতে লাগিলেন,—কৈ দেবদেব শিব আমাদিগের ত কিছুই করিলেন না? এখন তিনি কি করিতেছেন? কেনই বা তিনি বিলম্ব করিতেছেন? এইরূপ চিন্তা করিয়া তাহার তত্ত্ব জানিবার নিমিত্ত অগ্নিকে প্রেরণ করিলেন। পরে অগ্নি কপোতরূপ ধারণ করিয়া সেই স্থলে আগমন করিলেন। কপোতরূপধারী অগ্নি, শিবসমীপে আগমন করিয়া দেবদেবকে যেমন নিরীক্ষণ করিলেন, অমনি শিব অগ্নিকে আগত দেখিয়া, ভোগ হইতে নিবৃত্ত হইলেন। পরে "কপটরূপধারী তুমি কে? আমার এই শুক্র গ্রহণ কর" মহাত্মা দেবদেব এই কথা বলিয়া সেই কপোতরূপী অগ্নিকে বীর্য্য প্রদান করিলেন। ১—১০। কপোতরূপী অগ্নি সেই চঞ্চুপুটগত মহাবীর্য্যকে ধারণ করিতে অসমর্থ হইয়া, বাহিরে আগমন করিলেন এবং দুঃখে পীড়িত হইয়া সেই মহাবীর্য্য গঙ্গাতে নিক্ষেপ করিলেন। গঙ্গাও সেই পরমাত্মার দুঃসহ বীর্য্য ধারণে অসমর্থ হইয়া শরবণে

---

* পীড়িতাশ্চাস্তু ইতি বা পাঠঃ।

নিক্ষিপ্তশ্চ শরস্তম্বে তত্র বালো ব্যজায়ত।
সুন্দরঃ সুভগঃ শ্রীমান্ দর্শনাৎ সুখদায়কঃ॥ ১৩
এতস্মিন্নন্তরে তত্র রাজকন্যাঃ সমাগতাঃ।
ষট্‌সংখ্যাশ্চৈব স্নানার্থং তাভির্দৃষ্টস্তু বালকঃ॥ ১৪
মদীয়োঽয়ং মদীয়শ্চ বদন্ত্যশ্চ পরস্পরম্।
সম্পাদ্য ষন্মুখানীহ পীতং স্তন্যং স্বয়ং তদা॥ ১৫
ষাণ্মাতুরস্তদা নাম প্রসিদ্ধস্ত মহাত্মনঃ।
পার্ব্বতীনন্দনো নাম প্রথমঞ্চাভবৎ তদা॥ ১৬
অগ্নিভূশ্চ ততঃ পশ্চাৎ ততঃ স্কন্দোঽভবৎ পুনঃ।
গঙ্গাপুত্রস্তদা নাম শরজন্মা ততঃ পরম্॥ ১৭
ষাণ্মাতুরস্ততশ্চৈব নামানি বহুধাভবন্।
তাঃ কন্যাস্তু ততো গৃহ্য পুত্রং কৃত্বা সুহর্ষিতাঃ॥১৮
সর্ব্বঞ্চ নারদাজ্‌জ্ঞাত্বা শিবানুজ্ঞামবাপ্য চ।
তে দেবাশ্চ ততো নীত্বা সেনাং দেবময়ীং তদা॥১৯
স্কন্দঞ্চ তৎপতিং কৃত্বা যযুর্দেবাস্ততশ্চ তে।
শোণিতাখ্যং পুরং গত্বা যুদ্ধং চক্রুঃ সুদারুণম্॥২০
দশাহস্তু তদা জাতং সম্মর্দ্দঃ কষ্টমুৎকটম্।
ততো দৈত্যাধিপশ্চৈব হতস্তেন মহাত্মনা॥ ২১
কিয়ন্তোঽপি পলায়ন্ত কিয়ন্তশ্চূর্ণমাগতাঃ *।
পাতালঞ্চ গতাঃ কেচিৎ সর্ব্বে তে চ ক্ষয়ং গতাঃ॥
শোণিতাখ্যে পুরে তৈশ্চ যুদ্ধমেবাভবৎ তদা।
সর্ব্বং নিষ্কণ্টকং হ্যাসীন্মৃতে তস্মিন্ দুরাত্মনি॥২৩
তে দেবাঃ সুখমাপন্নাঃ স্বং স্বং রাজ্যমকুর্ব্বত।
আনন্দং পরমং গত্বা নীত্বা স্কন্দং শিবাগ্রতঃ॥ ২৪
আরোপ্য প্রণিপাতঞ্চ স্তুতিং কৃত্বা পুরঃ স্থিতাঃ।
অদূর্ব্বন্ পুনরেবাত্র প্রফুল্লমুখপঙ্কজাঃ॥ ২৫

দেবা ঊচুঃ।

দেবদেব মহাদেব ভক্তানামভয়প্রদ।
তব রূপং ন জানীমো গতিং নৈব চ নৈব চ॥২৬
বিশ্বেশ্বর পরো দেব যোঽসি সোঽসি নমোঽস্তু তে

নিক্ষেপ করিলেন। পরে সেইস্থলে সুন্দর শ্রীমান্ দর্শন-সুখকর এক বালক উৎপন্ন হইল। এই সময় ছয়জন রাজকন্যা সেই স্থলে স্নান করিতে আগমন করিলেন। তাঁহারা সেই বালককে দেখিতে পাইয়া "এই শিশু আমার, এই শিশু আমার" বলিয়া সকলে স্নেহভরে ক্রোড়ে লইতে যাইলেন। ঐ সুকুমার ছয় মুখ সম্পাদনে সেই ছয় রাজকন্যার স্তন্যদুগ্ধ পান করিলেন; সেই জন্যই মহাত্মা শরজন্মা "ষাণ্মাতুর" নামে কীর্ত্তিত হন। তাঁহার প্রথম নাম পার্ব্বতীনন্দন, দ্বিতীয় নাম অগ্নিভূ হইল। পরে তাঁহার নাম স্কন্দ হইল, তাহার পর গঙ্গা-পুত্র, তাহার পর শরজন্মা ও তাহার পর ষাণ্মাতুর নাম; এইরূপ তাঁহার বহু নাম হইল। তাহার পর সেই রাজকন্যাগণ তাঁহাকে গ্রহণ করত পুত্র করিয়া অতিশয় আনন্দিত হইলেন। দেবগণ নারদমুখে এই সকল বৃত্তান্ত অবগত হইয়া, দেবদেবের আজ্ঞা লাভ করত সকল দেবগণকে সেনা ও তাঁহাকে সেনা-পতি করিয়া, তাঁহাকে সমভিব্যাহারে লইয়া গমন করিলেন। পরে তাঁহারা শোণিতপুরে গমন করিয়া সুদারুণ যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। সেই সময় দশদিন নিরত ঘোর তুমুল সংগ্রাম হইল। পরে সেই মহাত্মা সকল অসুরগণের সহিত দৈত্যাধিপতিকে নিহত করিলেন। সেই অসুর-গণের মধ্যে কতক কতক পলায়ন করিল ও কতক কতক চূর্ণ হইয়া যাইল; কেহ কেহ বা পাতালে পলায়ন করিল, অবশিষ্ট সকলেই বিনষ্ট হইল। ঐ যুদ্ধ শোণিতপুরেই হয়। সেই দুরাত্মা তারকাসুর বিনষ্ট হইলে, সকল নিষ্কণ্টক হইল। তখন দেবগণ স্ব স্ব রাজ্যে গমন করিয়া সুখে রাজ্য করিতে লাগিলেন। দেবগণ এই-রূপে পরম আনন্দ লাভ করিয়া, সেই সেনাপতি স্কন্দকে শিব-সমীপে লইয়া যাইলেন ও তাঁহার সম্মুখে অধিষ্ঠিত করাইয়া ভূয়োভূয়ঃ নমস্কার ও স্তুতি করত কৃতাঞ্জলিপুটে সম্মুখে অবস্থান করিতে লাগিলেন। পরে পুনর্ব্বার সেই দেবগণ আনন্দে প্রফুল্ল-মুখকমল হইয়া স্তব করিতে লাগিলেন। ১১—২৫। দেবগণ কহিলেন,—হে ভক্তগণের অভয়প্রদ দেবদেব মহাদেব! আপনার রূপ কি গতি, কি স্বরূপ, আমরা কিছুই অবগত নহি।

* কিয়ন্তশ্চ হতাস্তত্র কিয়ন্তো বৈ পলায়িতাঃ ইতি কচিৎ পাঠঃ।

বরদ ত্বাং মহাদেব দেবদেবং মহেশ্বরম্ ॥ ২৭
নমো ভবায় ভব্যায় ভুবনায়োদ্ভবায় চ।
অনন্তবলবীর্য্যায় ভূতানাং পতয়ে নমঃ ॥ ২৮
সংহর্ত্রে কপিশাঙ্গায় অব্যয়ায় ব্যয়ায় চ।
গঙ্গাসলিলধারায় আধারায় গুণাত্মনে * ॥ ২৯
ত্র্যম্বকায় ত্রিনেত্রায় ত্রিশূলবরধারিণে।
কন্দর্পায় হুতাশায় নমো বৈ পরমাত্মনে ॥ ৩০
শঙ্করায় বৃষাঙ্কায় গণানাং পতয়ে নমঃ।
দণ্ডহস্তায় কাল্যায় পাশহস্তায় বৈ নমঃ ॥ ৩১
বেদমন্ত্রপ্রধানায় শতজিহ্বায় তে নমঃ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ স্থাবরং জঙ্গমঞ্চ যৎ ॥ ৩২
তব দেহাৎ সমুৎপন্নং দেব সর্ব্বমিদং জগৎ।

হে বিশ্বেশ্বর! আপনি যিনিই হউন না কেন, আপনিই সর্ব্বশ্রেষ্ঠ দেব; আপনাকে আমাদিগের অসংখ্য নমস্কার। হে বরদ মহাদেব দেবদেব মহেশ্বর! আপনাকে নমস্কার করি। যিনি ভব, যিনি ভব্য; যিনিই চতুর্দ্দশ ভুবন ও যিনি এই চতুর্দ্দশ ভুবনের নিমিত্ত উদ্ভূত হইয়া "উদ্ভব" নাম ধারণ করেন, এবং যিনি অনন্ত বলবীর্য্য ও ভূতপতি, সেই দেব-উদ্দেশে আমাদিগের নমস্কার। যিনি সংহর্ত্তা, যিনি কপিশাঙ্গ, যিনি গঙ্গাসলিলধারক, যিনি আধার ও যিনি ব্যয় হইয়াও অব্যয় সেই গুণাত্মাকে আমরা নমস্কার করি। যিনি ত্র্যম্বক, যিনি ত্রিনেত্র, যিনি ত্রিশূলবরধারী, *যিনি কন্দর্পের হুতাশন* (অর্থাৎ যিনি মদন-ভস্মকারী), সেই পরমাত্মা উদ্দেশে আমাদিগের নমস্কার। যিনি শঙ্কর, যিনি বৃষাঙ্ক, যিনি গণপতি, যিনি দণ্ডহস্ত, যিনি কাল ও যিনি পাশপাণি, তাঁহাকে আমরা নমস্কার করি। যিনি বেদমন্ত্রপ্রধান ও শতজিহ্ব, সেই দেব উদ্দেশে আমাদিগের কোটি কোটি নমস্কার। হে ভগবন! যাহা ভূত ভবিষ্য বর্ত্তমান ও যাহা স্থাবর জঙ্গম বলিয়া প্রসিদ্ধ, এই সেই সকল জগৎ আপনার দেহ হইতে উৎপন্ন হইয়াছে। হে দেব!

পাসি হংসি চ জগৎ তে প্রসীদ ভগবংস্তত: * ॥
ঋষয় উচুঃ।
নমো দিগ্বাসসে তুভ্যং কৃতান্তায় ত্রিশূলিনে।
বিকটায় করালায় করালবদনায় চ ॥ ৩৪
অরূপায় স্বরূপায় বিশ্বরূপায় তে নমঃ।
বষট্কারায় রুদ্রায় স্বাহাকারায় তে নমঃ ॥ ৩৫
সর্ব্বপ্রণতদেহায় স্বয়মপ্রণতায় চ।
নিত্যং নীলশিখণ্ডায় শ্রীকণ্ঠায় নমো নমঃ ॥
নীলকণ্ঠায় দেবায় চিতাভস্মাঙ্গধারিণে।
ত্বং ব্রহ্মা সর্ব্বদেবানাং রুদ্রাণাং নীললোহিতঃ ॥৩৭
আত্মা চ সর্ব্বভূতানাং সাংখ্যঃ পুরুষঃ উচ্যতে
পর্ব্বতানাং মহামেরুর্নক্ষত্রাণাঞ্চ চন্দ্রমাঃ ॥ ৩৮
ঋষীণাঞ্চ বশিষ্ঠস্ত্বং দেবানাং বাসবস্তথা।

আপনিই পালন করিতেছেন, আপনিই নিধন করিতেছেন, আপনারই মঙ্গল, অতএব হে ভগবন! প্রসন্ন হইয়া এই দেবগণকে অভয় দান করুন। ২৬—৩৩। ঋষিগণ বলিলেন,—হে ত্রিশূলিন! আপনিই দিগম্বর, আপনিই কৃতান্ত, আপনিই বিকট, আপনিই করাল, আপনিই করাল-বদন, আপনিই অরূপ, আপনিই স্বরূপ এবং আপনি বিশ্বরূপ, আপনাকে আমরা নমস্কার করি। হে শ্রীকণ্ঠ! আপনি সর্ব্বপ্রণতদেহ (অর্থাৎ আপনাকে সকলে নমস্কার করে), কিন্তু আপনি স্বয়ং অপ্রণত (অর্থাৎ আপনার নমস্য কেহ নাই) এবং আপনিই নীলশিখণ্ড, আপনার উদ্দেশে আমাদিগের অসংখ্য নমস্কার। হে নীলকণ্ঠ! আপনি অঙ্গে চিতাভস্ম ধারণ করেন বলিয়া চিতাভস্মাঙ্গধারী হইয়াছেন, আপনাকে আমরা মুহুর্ম্মুহুঃ নমস্কার করি। হে দেব! আপনিই সকল দেবগণের মধ্যে ব্রহ্মার স্বরূপ, রুদ্রের মধ্যে নীললোহিত, সর্ব্বভূতের মধ্যে সাংখ্যপুরুষ আত্মা, পর্ব্বতের মধ্যে সুমেরু, নক্ষত্রের মধ্যে চন্দ্র, ঋষিগণের মধ্যে বশিষ্ঠ, দেবগণের মধ্যে

* গুণাত্মনে ইতি বা পাঠঃ।

* ভগবন্ ভবেরিতি পাঠান্তরম্।

বিংশোঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

ত্রিপুরস্থ চ তদ্দুঃখং শ্রুত্বোবাচ পিতামহঃ ।
মত্তো হি বর্দ্ধিতো দৈত্যো বধং মত্তো ন চার্হতি ॥
তথাপি পুণ্যং বর্ত্তেত নগরে ত্রিপুরে পুনঃ ।
শিবঞ্চ প্রার্থয়ধ্বং বৈ স বঃ কার্য্যং করিষ্যতি ॥ ২
তদুক্তাস্তে যযুস্তত্র যত্রাস্তে বৃষভধ্বজঃ ।
অত্র গত্বা চ তদ্দুঃখং নিবেদ্য সংস্থিতাঃ পুরঃ ॥ ৩
শিবোঽপি তদ্বচঃ শ্রুত্বা বচনঞ্চেদমব্রবীৎ ।
অয়ং বৈ ত্রিপুরাধ্যক্ষঃ পুণ্যবান্ বর্ত্ততেঽধুনা ॥ ৪
যত্র পুণ্যং প্রবর্ত্তেত ন হন্তব্যং বুধৈঃ পুনঃ ।
তাবৎ স বৈ ন হন্তব্যো যাবৎ পুণ্যং বিবর্দ্ধতে ॥৫
তথা চ বিষ্ণবে দেবা নিবেদ্য কারণন্ত্বিদম্ ।
তদীয়ং তদ্বচঃ শ্রুত্বা দেবা বিষ্ণুং ন্যবেদয়ন্ ॥ ৬
জ্ঞাত্বা বৃত্তঞ্চ তেষাং বৈ বিষ্ণুর্বচনমব্রবীৎ
ইদং সত্যং বচশ্চৈব যত্র ধর্ম্মঃ সনাতনঃ ॥ ৭
অত্র দুঃখং ন জায়েত সূর্য্যে দৃষ্টে যথা তমঃ ।
ইত্যেতদ্বচনং শ্রুত্বা দেবা দুঃখমুপাগতাঃ ॥ ৮
পুনরূচুস্তদা বিষ্ণুং পরিম্লানমুখাম্বুজাঃ ।
কথঞ্চৈব প্রকর্ত্তব্যং কথং স্থাস্যামহে বয়ম্ ॥ ৯
কথং ধর্ম্মা ভবিষ্যন্তি ত্রিপুরে জীবিতে সতি ।
নো চেদকালিকী দেব সংহৃতিঃ ক্রিয়তাং ধ্রুব
অথবা ত্রিপুরস্যেহ বধশ্চৈব বিধীয়তাম্ ॥ ১১
ইত্যুক্ত্বা তে তদা দেবা দুঃখং কৃত্বা পুনঃ পুনঃ
স্থিতা নৈব গতিং তেঽদ্য চক্রুর্দৈববরাদিহ ॥ ১
তাংস্তাংস্তথাবিধান দৃষ্ট্বা বিষ্ণুর্বিনয়সংযুতান ।
সোঽপি নারায়ণঃ শ্রীমাংশ্চিন্তয়ামাস চেতসা ॥
কিং কার্য্যং দেবকার্য্যেষু ভগবানিতি সুব্রতঃ ।
ততো যজ্ঞাঃ স্মৃতাস্তেন দেবকার্য্যার্থমক্ষয়াঃ ॥ ১
যজ্ঞাস্তং পুরুষং দিব্যং প্রণম্য তুষ্টুবুস্তদা ।

বিংশ অধ্যায় ।

সূত কহিলেন,—ভগবান্ পিতামহ, দেবগণের ত্রিপুরজাত দুঃখ শ্রবণ করিয়া বলিলেন,—দৈত্যগণ যখন আমা কর্ত্তৃকই বর্দ্ধিত হইয়াছে, তখন আমা দ্বারা তাহাদের বিনাশ সম্ভবপর নহে। আর তাহা কর্ত্তব্য হইলেও আমি কিছুতেই এবিষয়ে সক্ষম হইতে পারিতেছি না, যেহেতু ঐ ত্রিপুরে পুণ্য প্রবর্ত্তিত হইতেছে; অতএব তোমরা শিবসকাশে গমন করিয়া এ বিষয় প্রার্থনা কর ; তিনি সকল কার্য্য করিবেন। ব্রহ্মার তাদৃশ বাক্য শ্রবণে দেবগণ যেখানে বৃষধ্বজ আসীন রহিয়াছেন, তথায় গমন করিয়া সকলে আপন আপন দুঃখ নিবেদন করত কৃতাঞ্জলিপুটে সম্মুখে অবস্থান করিতে লাগিলেন। তাঁহাদিগের তাদৃশ দুঃখ কথা শ্রবণে শিবও বলিলেন,—এখন ঐ ত্রিপুরাধ্যক্ষগণ পুণ্য অর্জ্জন করিতেছে, যেখানে যেখানে পুণ্য প্রবর্ত্তিত হয় তাহাদিগকে পণ্ডিতগণের সংহার করা অনুচিত ; অতএব যে পর্য্যন্ত তাহাতে পুণ্য বৃদ্ধি পাইতেছে, সে পর্য্যন্ত সেই ত্রিপুরকে হনন করা কর্ত্তব্য নহে। তবে হে দেবগণ! তোমরা এই ঘটনা বিষ্ণুকে নিবেদন করিয়া সুস্থ হও। দেবগণ শিবের তাদৃশ বাক্য শ্রবণে বিষ্ণুসমী আগমন করিয়া সকল বৃত্তান্ত নিবেদন করিলে তাঁহাদিগের এইরূপ বৃত্তান্ত অবগত হইয়া বি কহিলেন,—ইহা যথার্থ কথা যে, যেখানে সনা ধর্ম্ম বিদ্যমান, সূর্য্য বিদ্যমানে যেমন তমোন হয়, সেইরূপ সেখানেও দুঃখ নাশ হইয়া থাবে বিষ্ণুরও এতাদৃশ বাক্য শ্রবণে দেবগণ অতি বিষণ্ণ হইলেন। পরে সেই মলিন-বদনাম্বু দেবগণ পুনরায় বলিলেন,—হে দেব! অ আমরা কি করিয়া কার্য্য করিব, কি করিয়াই আমরা অবস্থান করিব, আর ঐ ত্রিপুর বিদ্যমা কেমন করিয়াই বা ধর্ম্মানুষ্ঠান করিব ? হে দেব হয় অকালে সমস্ত সংহার করিতে প্রবৃত্ত হউন, হয় সেই ত্রিপুরকে বিনাশ করুন! ১—১১। এ কথা বলিয়া দেবগণ পুনঃপুনঃ দুঃখ প্রকাশ কর বলিতে লাগিলেন,—হে ত্রিপুর! ব্রহ্মার ব বশতঃ তোমার আর বিনাশোপায় পাইলাম না শ্রীমান্ ভগবান বিষ্ণু সেই বিনয়ান্বিত দেবগণে অতিশয় বিষণ্ণ দেখিয়া "এক্ষণে কি কর্ত্তব্য" চি করিতে লাগিলেন। পরে "যজ্ঞগণই এই ত্রিপুর বধের উপায়" ইহা বিবেচনা করিয়া তাঁহাদিগকে

দগ্ধ্বা ভিত্ত্বা চ ভঙ্‌ক্ত্বা চ গত্বা দৈত্যপুরত্রয়ম্।
পুনর্যথাগতং ভূত্বা গন্তুমর্হথ ভূতয়ে ॥ ৩০
ততঃ প্রণম্য দেবেশং পরমাত্মানমীশ্বরম্।
তান্ দৃষ্ট্বা চিন্তয়ামাস ভগবান্ পুরুষোত্তমঃ ॥ ৩২
কিং কৃত্বামিতি সন্তপ্তঃ সন্তপ্তান্ সেন্দ্রকান্ ক্ষণাৎ।
কথঞ্চ তেষাং দৈত্যানাং বলং হত্বা প্রযত্নতঃ ॥ ৩২
দেবকার্য্যং করিষ্যামি প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ।
নাশোঽভিচারতো নাস্তি ধর্ম্মিষ্ঠানাং ন সংশয়ঃ ॥৩৩
দৈত্যাশ্চ তে হি ধর্ম্মিষ্ঠাঃ সর্ব্বে ত্রিপুরবাসিনঃ।
তস্মাদবধ্যতাং প্রাপ্তা নান্যথা সুরপুঙ্গবাঃ ॥ ৩৪
কৃত্বাপি সুমহৎ পাপং রুদ্রমভ্যর্চ্চয়ন্তি যে।
মুচ্যন্তে পাতকৈঃ সর্ব্বৈঃ পদ্মপত্রমিবাম্ভসা ॥ ৩৫
পূজয়া ভোগসম্পত্তিরবশ্যং জায়তে ভুবি।
তস্মাৎ তে ভোগিনো দৈত্যা লিঙ্গার্চ্চনপরায়ণাঃ ॥

অত্র কৃত্বা ধর্ম্মবিঘ্নং ক্ষণাদেবাত্মমায়য়া।
দৈত্যানাং দেহনাশার্থং হনিষ্যে ত্রিপুরং ক্ষণাৎ ॥
বিচার্য্যেত্থং ততস্তেষাং ভগবান্ পুরুষোত্তমঃ।
কর্ত্তুং ব্যবসিতঃ পশ্চাদ্ধর্ম্মবিঘ্নং সুরারিণাম্ ॥ ৩৮
যাবচ্চ বেদধর্ম্মাস্তি যাবচ্চ শঙ্করার্চ্চনম্।
যাবচ্চ শুচিকৃত্যাদি * তাবন্নাশো ভবেন্ন হি ॥ ৩
তস্মাদেবং প্রকর্ত্তব্যং বেদধর্ম্মস্ততো ব্রজেৎ।
ইতি নিশ্চিত্য তে বিঘ্নাবিঘ্নার্থমকরোৎ তদা ॥ ৪
দত্ত্বা দেবান্ স্বয়ং তত্র আজ্ঞাং মত্বা গতা হরেঃ
ততশ্চ ব্যকরোদ্বিষ্ণুর্দেবার্থং বিধিমুত্তমম্।
তদেব শ্রূয়তাং সম্যক্ সর্ব্বপাপপ্রণাশনম্ ॥ ৪১

ইতি শ্রী শৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রি
বর্ণনং নাম বিংশোঽধ্যায়ঃ ॥ ২০ ॥

সেই ভূতগণ আসিয়া বিষ্ণু প্রভৃতি দেবগণকে প্রণাম করিল. তাহার পর বিষ্ণু সেই সকল প্রণত ভূতগণকে বলিলেন,—হে ভূতগণ! তোমরা লোককল্যাণের নিমিত্ত দৈত্যগণের পুরত্রয়কে দগ্ধ, ভগ্ন ও বিদীর্ণ করিয়া ছারখার করত স্ব স্ব স্থানে গমন কর। তৎপরে ভগবান পুরুষোত্তম, পরমাত্মা দেবদেব ঈশ্বরকে প্রণাম করত ভূতগণকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন। এইরূপ ক্ষণকাল চিন্তার পর বিষ্ণু সন্তপ্তচিত্ত হইয়া দুঃখিত দেবগণকে বলিলেন,—দেবদেবের প্রসাদে কিরূপে সেই দৈত্যগণের বলনাশ করিয়া দেবকার্য্য সাধন করিব? যেহেতু অভিচার উপায়ে ধর্ম্মিষ্ঠগণের নাশ-সম্ভাবনা নাই; সেই ত্রিপুরবাসী দৈত্যগণও ধর্ম্মপরায়ণ বলিয়াই অবধ্যত্ব লাভ করিয়াছে, তদ্ব্যতীত তাহাদিগের অবধ্যতায় আর কোন কারণ নাই। ৩১—৩৪। যদি কোন ব্যক্তি মহৎ পাপ করিয়াও রুদ্রকে অর্চ্চনা করে, পদ্মপত্রের উপর জল পড়িলে, তাহা যেমন মুক্ত অর্থাৎ নির্লিপ্ত থাকে, সেইরূপ সে ব্যক্তি সকল পাপ হইতে মুক্তি পাইয়া থাকে; শিব-পূজাবলে এ ভূমণ্ডলে ভোগসম্পত্তিও জন্মিয়া থাকে। সেইজন্যই সেই দৈত্যগণ লিঙ্গার্চ্চন-পরায়ণ হইয়া এত ভোগী হইয়াছে। দেব কার্য্যের নিমিত্ত আমি ক্ষণকাল মধ্যেই স্বা মায়াবলে দৈত্যগণের ধর্ম্মবিঘ্ন করিয়া অবিলম্বে ত্রিপুরকে বিনাশ করিতেছি এইরূপ বিচা করিয়া ভগবান্ পুরুষোত্তম সুররিপুগণের ধর্ম্ম বিঘ্ন নিমিত্ত উদ্যুক্ত হইলেন। যে পর্য্যা বেদধর্ম্ম বিদ্যমান থাকে, যে পর্য্যন্ত শিবপূ থাকে ও যে পর্য্যন্ত স্নান দান জপাদি পবি কার্য্য অনুষ্ঠিত হইতে থাকে, সে পর্য্যন্ত কা রও বিনাশ করিবার ক্ষমতা থাকে না, অতএ যাহাতে সেই দৈত্যগণ হইতে ধর্ম্ম বিচলি হন, এইরূপ অনুষ্ঠান করিতে হইবে। ইহ নিশ্চয় করিয়া বিষ্ণু দেবগণের প্রতি আজ্ঞ দান করত দৈত্যগণের বিঘ্ন করিতে যত্নবা হইলেন এবং দেবগণও সেই বিষ্ণুর আজ্ঞ লাভ করিয়া স্ব স্ব স্থানে গমন করিলেন। তাহা পর বিষ্ণু দেবগণের কার্য্যসিদ্ধি নিমিত্ত উত্তম অনুষ্ঠান করিলেন, সেই সর্ব্ব-পাপ নাশন বিধি সম্যক্‌রূপে বলিতেছি, শ্রবণ করুন। ৩৫—৪১।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥

* শ্রুতিকৃত্যাদিরিতি পাঠান্তরম্।

তমুবাচ পুনস্তত্র মোহনীয়া ইমে ত্বয়া।
এতে দৈত্যাস্ত্বয়া সর্ব্বে পাঠনীয়া মদাজ্ঞয়া॥ ১৩
ধর্ম্মস্তত্র প্রকাশস্তে শ্রৌত-স্মার্ত্তো ন সংশয়ঃ।
অনয়া বিদ্যয়া সর্ব্বং স্ফোটনীয়ং ন সংশয়ঃ॥ ১৫
পুরত্রয়বিনাশার্থং প্রাহ তং পুরুষং হরিঃ।
গন্তুমর্হসি নাশার্থং ভো তূর্ণং পুরবাসিনাম্॥১৬
ততো ধর্ম্মং প্রকাশ্যৈব নাশয়িত্বা পুরত্রয়ম্।
ততশ্চৈব পুনর্গত্বা মরুস্থল্যাং ত্বয়া পুনঃ॥ ১৭
স্থাতব্যঞ্চ স্বধর্ম্মেণ কলির্যাবৎ সমাব্রজেৎ।
প্রবৃত্তে চ যুগে তস্মিন্ স্বীয়ো ধর্ম্মঃ প্রকাশ্যতাম্॥
শিষ্যৈঃ প্রশিষ্যৈস্তচ্ছিষ্যৈর্বর্দ্ধনীয়স্ত্বয়া পুনঃ।
মদাজ্ঞয়াভবদ্ধর্ম্মো বিস্তারং যাস্যতি ধ্রুবম্॥ ১৯
মদনুজ্ঞাপরা নিত্যং গতিং প্রাপ্স্যথ মামকীম্।
এবমাজ্ঞা তদা দত্তা বিষ্ণুনা প্রভবিষ্ণুনা॥ ২০
ততঃ স মুণ্ডী পরিপালয়ন্ হরে-
রাজ্ঞাং তদা নির্ম্মিতবাংশ্চ শিষ্যান্।
যথাস্বরূপং চতুরশ্চ তাংস্তদা
মায়াময়ং শাস্ত্রমপাঠয়ৎ স্বয়ম্॥ ২১
যথা স্বয়ং তথা তে চ চত্বারো মুণ্ডিনঃ শুভাঃ
নমস্কৃত্য স্থিতাস্তত্র হরয়ে পরমাত্মনে॥ ২২
হরিশ্চাপি পুনস্তত্র চতুরস্তাংস্তদা স্বয়ম্।
উবাচ পরমপ্রীতো ধন্যাঃ স্থ ইতি সংস্তুবন্॥ ২
যথা শুরুস্তথা যূয়ং ভবিষ্যথ মদাজ্ঞয়া।
চত্বারো মুণ্ডিনস্তে চ ধর্ম্মং পাষণ্ডমাশ্রিতাঃ॥
হস্তে পাত্রং দধানাশ্চ তুণ্ডে বস্ত্রস্য ধারকাঃ।
মলিনান্যেব বাসাংসি ধারয়ন্তোঽল্পভাষিণঃ॥ ২
ধর্ম্মো লাভঃ পরং তত্ত্বং বদন্তস্তে তথা স্বয়ম্।
মার্জ্জনীং ধার্য্যমাণাস্তে বস্ত্রখণ্ডবিনির্ম্মিতাম্॥
তে সর্ব্বে চ তদা দেবং ভগবন্তং মুদান্বিতাঃ
নমস্কৃত্য পুনস্তত্র হর্ষনির্ভরমানসাঃ॥ ২৭
হরিণা চ তদা হস্তে ধৃত্বা চ গুরবেঽর্পিতাঃ
যথা ইক্ষ তথৈতে বৈ মদীয়া নৈব সংশয়ঃ।
আদিরূপঞ্চ তন্নাম পূজ্যাঃ পূজ্যা উচ্যতে।
ঋষির্যতিস্তথাচার্য্য উপাধ্যায় ইতি স্বয়ম্॥ ২৮

বান্ বিষ্ণু তাঁহাকে বলিলেন,—আমার আজ্ঞায় তুমি ত্রিপুরে গমনপূর্ব্বক দৈত্যগণকে মোহিত করিয়া তাহাদিগকে এই শাস্ত্র পাঠ করাও; সেস্থলে শ্রৌত স্মার্ত্ত ধর্ম্ম প্রচলিত হইতেছে, তুমি ঐ বিদ্যাবলে সেই সকল শ্রৌত স্মার্ত্ত ধর্ম্মাদিকে বিচলিত কর। শীঘ্র পুরত্রয়কে বিনাশ করিবার নিমিত্ত হরি সেই পুরুষকে আরও বলিলেন,—হে মায়িন্! তুমি শীঘ্র সেই স্থলে গমন কর। পরে সেইখানে ত্বদীয় ঐ ধর্ম্ম প্রকাশ করিয়া পুরত্রয়কে বিনাশিত করত তাহার পর মরুভূমিতে অবস্থান করিবে। পরে যে পর্য্যন্ত না কলিযুগ আগত হইবে, সে পর্য্যন্ত আপন জৈনধর্ম্মে থাকিবে। সেই কলিযুগ প্রবৃত্ত হইলে পর আপন ধর্ম্ম প্রকাশ করিবে; শিষ্য প্রশিষ্য এবং সেই প্রশিষ্যেরও শিষ্য দ্বারা ঐ আপন ধর্ম্মকে বর্দ্ধিত করিবে। আমার আজ্ঞাক্রমে তোমার ঐ ধর্ম্ম নিশ্চয় বৃদ্ধি পাইয়া বিস্তীর্ণ হইবে, তাহাতে কোন সন্দেহ করিও না। প্রভু বিষ্ণুর এইরূপ আজ্ঞা পাইয়া সেই মুণ্ডিতমস্তক যতি হরির আজ্ঞা পালন করত চারিজন শিষ্যকে সংগ্রহ করিলেন। পরে তাহাদিগকে সম্প্রদায় অনুসারে মায়াময় শাস্ত্র পাঠ করাইলেন। ঐ পুরুষ, তাহারাও সেইরূপ মুণ্ডিত হইল। অনন্তর তাহারা আসিয়া পর হরিকে নমস্কার করিল। ভগবান্ হরি শিষ্যচতুষ্টয় অবলোকনে পরম প্রীত "তোমরাই ধন্য" এইরূপ প্রশংসা করত দিগকে বলিলেন,—আমার আজ্ঞায় তো তোমাদের গুরুর ন্যায় হইবে। সেই মু মস্তক শিষ্যগণ ঐ জৈন ধর্ম্ম আশ্রয় করিয়া ভাষী হইল, হাতে কমণ্ডলু ও বস্ত্রখণ্ড কূর্চ্চিকা ধারণ করিল, মস্তকে বস্ত্র বন্ধন মলিন বসন পরিধান করিল এবং "লাভ পরম তত্ত্ব" এইরূপ বলিতে লাগিল। পর তাহারা দেব ভগবান্‌কে হর্ষনির্ভ প্রণাম করিল। তৎপরে হরি তাহাদিগকে গ্রহণ করিয়া তাহাদিগের গুরুর হস্তে করিয়া বলিলেন,—তুমি যেমন মদীয়, ইহারাও আমার জানিবে, ইহাতে কোন নাই। ১২—২৮। তোমরা লোক-সুখাব

আগচ্ছ রাজশার্দ্দূল মন্ত্রমেনং গৃহাণ চ।
ইত্যুক্ত্বা তং মহারাজং বিদ্যুন্মালিনমন্তত: ॥ ৪৫
কথয়ামাস স্বং তত্ত্বং যেন ধর্ম্মো বিনশ্যতি।
দীক্ষতাং বচনং শ্রুত্বা দীক্ষিতস্তৎক্ষণাদপি ॥ ৪৬
সর্ব্বে চ দীক্ষিতাস্তত্র যে বৈ ত্রিপুরবাসিনঃ।
মুনেঃ শিষ্যৈঃ প্রশিষ্যৈশ্চ ব্যাপিতং ত্রিপুরং মহৎ

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রিপুর-দীক্ষাবিধানং নামৈকবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
স্ত্রীধর্ম্মং খণ্ডয়ামাস শ্রাদ্ধধর্ম্মাংস্তথৈব চ।
শিবপূজাং তথা বিষ্ণোর্যজ্ঞভাগানেকশঃ ॥ ১
স্নান-দানাদিকং তীর্থং সর্ব্বকালে * সুশোভনম্।
বেদধর্ম্মাশ্চ যে কেচিৎ তে সর্ব্বে দূরতঃ কৃতাঃ ॥২
মায়া চ দেবদেবস্য বিষ্ণোরাজ্ঞয়া প্রভোঃ।
অলক্ষ্মীশ্চ স্বয়ং তস্য নিয়োগাৎ ত্রিপুরং গতা
যা লক্ষ্মীস্তপসা তেষাং লব্ধা দেবেশ্বরাজ্ঞয়া।
বহির্গতা পরিত্যজ্য নিয়োগাদ্‌ব্রহ্মণঃ প্রভোঃ।
বুদ্ধিমোহং তথাভূতং বিষ্ণোর্মায়াবিনির্ম্মিতম্।
তেষাং দত্ত্বা ক্ষণাদেব তেষাং মায়ী চ নারদঃ।
নারদোঽপি তথা রূপো যথামায়ী তথৈব সঃ।
এবং নষ্টে তদা ধর্ম্মে শ্রৌত-স্মার্ত্তে সুশোভনে।
পাষণ্ডঃ স্থাপিতস্তেন বিষ্ণুনা বিশ্বযোনিনা।
ত্যক্তে মহেশ্বরে দৈত্যৈস্ত্যক্তে লিঙ্গার্চ্চনে তথা
স্ত্রীধর্ম্মে নিখিলে নষ্টে দুরাচারে ব্যবস্থিতে।
কৃতার্থ ইব দেবেশো দেবৈঃ সার্দ্ধমুমাপতিম্ ॥ ৮
তরসা প্রাপ্য সর্ব্বজ্ঞং তুষ্টাব পুরুষোত্তমঃ ॥ ৯
মহেশ্বরায় দেবায় নমস্তে পরমাত্মনে।
নারায়ণায় রুদ্রায় ব্রহ্মণে ব্রহ্মরূপিণে
এবং স্তুত্বা মহাদেবং দণ্ডবং প্রণিপত্য হ ॥ ১১

শার্দ্দূল! আসুন! এই মন্ত্র দিতেছি, তাহাতে দীক্ষিত হউন। এই বলিয়া সেই পুরুষ দৈত্যকে একান্তে লইয়া যাইয়া, যাহাতে ধর্ম্ম বিনষ্ট হয়, সেই তত্ত্ব-উপদেশ প্রদান করিলেন এবং "দীক্ষিত হউন" এই বাক্য শ্রবণমাত্র তৎক্ষণাৎ রাজা বিদ্যুন্মালী দীক্ষিত হইলেন; পরে ত্রিপুরবাসী সকলেই দীক্ষিত হইল। এইরূপে ক্রমশঃ সেই ত্রিপুর, মায়ীর শিষ্যপ্রশিষ্যে পরিপূর্ণ হইল। ২৯—৪৭।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥

দ্বাবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—পরে মায়াবী পুরুষের প্রভাবে স্ত্রীধর্ম্ম, শ্রাদ্ধধর্ম্ম, শিবপূজা, যজ্ঞ ও পর্ব্বকালে স্নানদানাদি কার্য্য সকল দূর হইল, আর বেদধর্ম্মের প্রসঙ্গও রহিল না। তখন দেবদেব প্রভু বিষ্ণুর আজ্ঞায় মায়া আসিয়া, সেই পুরে অধিষ্ঠান করিলেন। অলক্ষ্মীও প্রভু বিষ্ণুর নিয়োগে ঐ ত্রিপুরে আসিয়া স্বপ্রভাব বিস্তার করিলেন। প্রভু ব্রহ্মার আজ্ঞায় সেই দৈত্যগণ যে লক্ষ্মী লাভ করিয়াছিল, দেবেশ্বর বিষ্ণুর আজ্ঞায় সেই লক্ষ্মীও তথা হইতে প্রস্থান করিলেন। তখন মায়াবী নারদ, মুণ্ডিরাজের ধর্ম্মসম্পন্ন হইয়া, তাহাদিগের সেইরূপ ধর্ম্মনাশক বিষ্ণুমায়া-বিনির্ম্মিত বুদ্ধিমোহ উৎপাদনপূর্ব্বক সেই স্থল হইতে গমন করিলেন। এইরূপে সুশোভন শ্রৌত স্মার্ত্ত ধর্ম্ম বিনষ্ট হইলে, সেই সময়ে বিশ্বনিদান বিষ্ণু কর্তৃক পাষণ্ডধর্ম্ম (বেদ-বিরুদ্ধ ধর্ম্ম) সংস্থাপিত হইল। তখন দৈত্যগণ মহেশ্বরকে পরিত্যাগ করিল, অর্থাৎ তাঁহাকে আর মানিত না; লিঙ্গার্চ্চনা পরিত্যাগ করিয়া কেবল দুরাচার অবলম্বন করিল। এইরূপে বিনষ্ট হইয়া দুরাচার ধর্ম্ম ব্যবস্থিত হইলে, পুরুষোত্তম দেবেশ বিষ্ণু আপনাকে কৃতার্থ স্বরূপ জ্ঞান করিয়া, সত্বর-গতিতে সর্ব্বজ্ঞ উমাপতি সকাশে আগমন করত স্তব করিতে লাগিলেন। ১—৯।

যিনি মহেশ্বর দেব, নারায়ণ ও রুদ্র; যিনি ব্রহ্মা ও ব্রহ্মরূপী, সেই পরমপুরুষ আপনাকে নমস্কার

---

* পর্ব্বকালে ইতি পাঠঃ ক্বাচিৎকঃ।

পাহি নান্যা গতিঃ শম্ভো বিনিহত্যাসুরান্ ক্ষণাৎ।
মায়য়া মোহিতাঃ সর্ব্বে ভবতঃ পরমাত্মনঃ ॥ ২৪
স্তুতশ্চৈবং সুরেন্দ্রাদ্যৈর্বিষ্ণোর্জাপ্যেন চেশ্বরঃ।
বিষ্ণুমালিঙ্গ্য তত্রৈব প্রগৃহীতকরঃ স্বয়ম্ ॥ ২৫
প্রাহ গম্ভীরয়া বাচা দেবানালোক্য শঙ্করঃ।
জ্ঞাতং ময়েদমধুনা দেবকার্য্যং সুরেশ্বর ॥ ২৬
বিষ্ণো মায়াবলঞ্চৈব নারদস্য চ ধীমতঃ।
তেষামধর্ম্মনিষ্ঠানাং দৈত্যানাং দেবসত্তম ॥ ২৭
পুরত্রয়বিনাশঞ্চ করিষ্যেঽহং সুরোত্তম।
অথ সব্রহ্মকা দেবাঃ সেন্দ্রোপেন্দ্রাঃ সমাগতাঃ ॥২৮
শ্রুত্বা প্রভোস্তদা বাক্যং প্রণেমুস্তুষ্টুবুশ্চ তে।
য ইদং কীর্ত্তয়েৎ স্তোত্রং শুচির্ভূত্বা সদা নরঃ ॥২৯
শৃণুয়াদ্বা মহাপুণ্যং সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ৩০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহি-
তায়াং ত্রিপুরোপাখ্যানে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অথৈতদন্তরে দেবাঃ পুত্রৈঃ সহ সমন্বিতাঃ।
ব্যাজহার প্রিয়ং বাক্যং জয়েতি শুভলক্ষণম্ ॥১
ততঃ স নন্দী সহ ষণ্মুখেন
তয়া চ সার্দ্ধং গিরিরাজপুত্র্যা।
বিবেশ ভব্যং ভবনং নতোঽপি
সুরৈঃ সমস্তৈরভিবন্দ্যমানঃ ॥ ২
দ্বারস্য পার্শ্বতস্তস্থুর্দেবদেবস্য ধীমতঃ।
কিং কর্ত্তব্যং ক্ব গন্তব্যং হা হতাঃ স্মেতিবাদিনঃ
কিন্তু কিন্ত্বিতি চান্যোন্যং প্রেক্ষ্য চাত্যন্তমাকুলাঃ
পাপাঃ বয়মিতীহান্যে অভাগ্যাশ্চেতি চাপরে ॥ ৪
তে ভাগ্যবন্তো দৈত্যেন্দ্রা ইতি চান্যে সুরেশ্বরা
ইত্যুক্ত্বা তু পুনর্যাবদ্গন্তুমীষুঃ শিবালয়ম্ ॥ ৫
এতস্মিন্নন্তরে তেষাং শ্রুত্বা শব্দমনেকশঃ।
কুম্ভোদরো মহাতেজা দণ্ডেনাতাড়য়ৎ সুরান্ ॥

আপনার স্তব করিয়া থাকে। হে শম্ভো! ক্ষণকাল মধ্যে অসুরগণকে নিহত করিয়া আমাদিগকে পরিত্রাণ করুন। আমাদিগের আপনি ব্যতীত আর গতি নাই। মহেশ্বর শঙ্কর এইরূপে বিষ্ণু ও দেবগণ কর্তৃক স্তুত হইয়া বিষ্ণুকে আলিঙ্গন করত তাঁহার হস্তগ্রহণ করিয়া, দেবগণকে নিরীক্ষণপূর্ব্বক গম্ভীর বাক্যে বিষ্ণুকে বলিলেন,—হে সুরেশ্বর বিষ্ণো! আমি দেবকার্য্য অবগত হইয়াছি ও ধীমান্ নারদের মায়াবলও জ্ঞাত হইয়াছি। হে দেবসত্তম! আমি অবিলম্বেই সেই অধর্ম্মনিষ্ঠ দৈত্যগণের পুরত্রয় বিনাশ করিব। প্রভু দেবদেবের তাদৃশ বাক্য শ্রবণে সেই সকল সমাগত ব্রহ্মা, বিষ্ণু, শচীপতি প্রভৃতি দেবগণ প্রণাম করিলেন ও হর্ষগদ্গদবচনে স্তব করিলেন। যে ব্যক্তি শুচি হইয়া এই মহাপুণ্য স্তব পাঠ করে বা শ্রবণ করে, সে সকল অভীষ্ট লাভ করিতে সমর্থ হয়। ১৬—৩০।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥

ত্রয়োবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—অনন্তর দেবগণ, পুত্রগণের সহিত "জয় হউক, জয় হউক" এই শুভ শব্দ সমন্বিত বাক্য বলিলেন। তাহার পর নন্দী স্বয়ং প্রণত হইয়া এবং দেবগণ কর্তৃক নমস্কৃত হইয়া, পার্ব্বতী ও কার্ত্তিকেয়ের সহিত সর্ব্বমনোরম শিবভবনে প্রবেশ করিলেন। সেই সময় দেবগণ "কি করি, কোথায় যাই, হায়! আমরা হত হইলাম" এই বলিতে বলিতে ধীমান্ দেবদেবের দ্বারপার্শ্বে উপস্থিত হইলেন। সেই স্থলে উপস্থিত হইয়া অত্যন্ত সমাকুলচিত্তে পরস্পর পরস্পরের মুখাবলোকন করিয়া, কেহ কেহ বা "আমরা অতিশয় পাপী," কেহ কেহ বা "আমরা অতিশয় অভাগ্যবান্" ও কেহ কেহ বা "দৈত্যগণ অতিশয় সৌভাগ্যবান্" এইরূপ বলিতে লাগিলেন। এইরূপ দুঃখ প্রকাশ করিয়া দেবগণ শিবালয়ে গমন করিতে প্রবৃত্ত হইলেন। সেই সময় কুম্ভোদর নামে এক মহাতেজা শিবসেবক, দেবগণের শব্দ শ্রবণে তথায় আসিয়া তাঁহাদিগকে দণ্ডাঘাতে তাড়ন

ক্রন্দুস্তে ভয়াবিষ্টা দেবা হা হেতিবাদিনঃ
পপাতুর্মুনয়শ্চান্যে ইন্দ্রশ্চ ধরণীতলে ॥ ৭
অহো বিধিবলৈক্যেতমুনয়ঃ কশ্যপাদয়ঃ।
দাস্ত্বন্ত তদা সর্ব্বে হরিং লোকসুখাবহম্ ॥ ৮
অভাগ্যান্ন সমাপ্তন্তু কার্য্যমিত্যপরে দ্বিজাঃ।
তেষামেবং বচনং শ্রুত্বা হরির্বাক্যমুপাদদে ॥ ৯
কিমর্থং দুঃখমাপন্না দুঃখন্তু ত্যজ্যতাং পুনঃ
মহদারাধনং দেবাঃ অসাধ্যং ভবতি নৃণাম্ ॥ ১০
শিবঃ সর্ব্বগণাধ্যক্ষঃ কথং বশ্যো ভবেদিতি।
প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য নমঃ পশ্চাদুদাহরেৎ ॥ ১১
শিবায়েতি ততশ্চৈব শুভঞ্চাপ্যতঃ পরম্।
কুরুদ্বয়ং পুনঃ প্রোক্তং শিবায় চ ততঃ পুনঃ ॥ ১২
নমশ্চ প্রণবশ্চৈব মন্ত্রমেতং সদা বুধাঃ
আবর্ত্তধ্বং পুনর্যূয়ং যদা শিবকৃপা ভবেৎ ॥ ১৩

কোটিমেকাং তথা জপ্ত্বা শিবঃ কার্য্যং করিষ্যতি।
ইত্যুক্তে চ তথা তেন হরিণা প্রভবিষ্ণুনা ॥ ১৪
তথা দেবাঃ পুনশ্চক্রুর্মন্ত্রস্যারাধনং মুদঃ।
শিব শিবেতি জায়ন্তো দেবা ধৈর্য্যসমন্বিতাঃ ॥ ১৫
কোটিসংখ্যাজপং কৃত্বা সর্ব্বে তে দেবসত্তমাঃ।
এতস্মিন্নন্তরে সাক্ষাচ্ছিবঃ প্রাদুরভূৎ স্বয়ম্ ॥ ১৬
প্রসন্নেন স্বরূপেণ বচনঞ্চেদমব্রবীৎ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূত মনসা যদভীপ্সিতং পরম্ ॥
প্রসন্নে বরদে দেবে শিবে মহেশ্বরে হরে।
সর্ব্বে দেবাস্তদা সর্ব্বে স্তুতিং চক্রুঃ শুভাবহাম্ ॥

দেবা ঊচুঃ।

শঙ্করায় নমস্তুভ্যং নমস্তে শরণাত্মনে
পরাবরস্বরূপায় নমস্তে শূলপাণয়ে ॥ ১৯
নমো গণাধিপতয়ে কপর্দ্দিনে নমোঽস্তু তে
নমস্তস্মৈ তে ত্রিনেত্রায় বেদানাং পতয়ে নমঃ ॥ ২০

করিতে লাগিল দেবগণ এইরূপে ভীত হইয়া আকুলিত-চিত্তে খেদ করিতে করিতে পলায়ন করিলেন; ইন্দ্র ও মুনিগণ ধরণীতলে পতিত হইলেন তখন কশ্যপাদি মুনিগণ, লোক-সুখবহ হরিসমীপে আগত হইয়া "অহো কি দৈবল" এইরূপ খেদ করিতে লাগিলেন এবং অপর দ্বিজগণ "অভাগ্যবশতঃ আমাদিগের কার্য্য সমাপ্ত হইল না"—সেই হরিসমীপে এইরূপ খেদসূচক বাক্য বলিতে লাগিলেন। তাঁহাদিগের এবংবিধ বাক্য শ্রবণে হরি বলিলেন,—কিজন্য আপনারা দুঃখিত হইয়াছেন। দুঃখ পরিত্যাগ করুন। হে দেবগণ! মহৎ-স্বরূপী শিবের আরাধনা মনুষ্যগণের অসাধ্য; অতএব সর্ব্বগণাধ্যক্ষ শিব কিরূপে বশীভূত হইবেন? তবে প্রথমে প্রণব উচ্চারণ করিয়া, পরে 'নমঃ', তাহার পর 'শিবায়', তাহার পর 'শুভং কুরু' ইহা দুইবার উচ্চারণ করিবে, অর্থাৎ 'ওঁ নমঃ শিবায় শুভং কুরু শুভং কুরু' এইরূপ উচ্চারণ করিবে। পরে আবার 'শিবায়', তাহার পর প্রণব, "নমঃ" তার পর এইরূপ উচ্চারণ করিতে হইবে। হে দেবগণ! যে পর্য্যন্ত ভূতভাবন শিব কৃপাদানে মনোবাঞ্ছা পূরণ না করেন, সে পর্য্যন্ত তোমরা এই মন্ত্র সর্ব্বদা জপ করিতে থাক। এইরূপ এককোটি জপ সমাপ্ত হইলে ভগবান শিব প্রসন্ন হইয়া কৃপা করিবেন। প্রভু হরি এইরূপ উপদেশ দান করিলে দেবগণ ধৈর্য্যসমন্বিত হইয়া সেই সময় হইতে নির্জ্জনে "শিব শিব" এইরূপ উচ্চারণ করত মন্ত্রের আবর্ত্তন করিতে লাগিলেন। তাঁহাদের কোটিসংখ্যক জপ সমাপ্ত হইলে, সাক্ষাৎ ভগবান শিব সেই স্থলে স্বয়ং সকলকে লিঙ্গরূপে আবির্ভূত হইয়া বলিলেন,—হে দেবগণ! আমি প্রসন্ন হইয়া তোমাদিগকে বরদান করিতেছি, অতএব অভিলষিত বর প্রার্থনা কর। দেব মহেশ্বর এইরূপ প্রসন্ন হইয়া বরদানোন্মুখ হইলে সকল দেবগণ তাঁহাকে শুভাবহ স্তব করিতে লাগিলেন। ১—১৮

দেবগণ বলিলেন,—হে শঙ্কর! আপনাকে নমস্কার করি। হে শরণাগতবন্ধু! আপনাকে আমাদিগের নমস্কার। হে শূলপাণে! আপনি পরাবর (উচ্চনীচ-) স্বরূপ, আপনার উদ্দেশে এই দেবগণের অসংখ্য নমস্কার। হে গণাধিপ! হে কপর্দ্দিন্! আপনাকে আমরা নমস্কার করি। হে ত্রিনেত্র! আপনি বেদপতি,

কার্য্যকারণরূপায় মূলপ্রকৃতিহেতবে।
ব্যাপ্যায় চ নমস্তুভ্যং ব্যাপকায় নমো নমঃ॥ ২১
এবং স্তুতস্তদা দেবৈঃ প্রসন্নো জগদীশ্বরঃ।
যদি প্রসন্নো দেবেশ হন্যতং ত্রিপুরাণি চ॥ ২২
ইত্যুক্তং বচনং তেষাং শ্রুত্বা চ পুনরব্রবীৎ।
রথঞ্চ সারথিং শম্ভোঃ কার্ম্মুকং শরমুত্তমম্॥ ২৩
কর্ত্তুমর্হসি যত্নেন নষ্টং মত্বা পুরত্রয়ম্।
ইতি শ্রুত্বা বচস্তস্য কল্পনন্তু রথস্য চ॥ ২৪
সর্ব্বদেবময়ং দিব্যং রথং পরমশোভনম্।
রচয়ামাস বিশ্বার্থে বিশ্বকর্ম্মা স্বয়ং তথা॥ ২৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রিপুরোপাখ্যানে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥২৩॥

আপনাকে আমাদের কোটি কোটি নমস্কার। হে প্রভো! আপনিই এ জগতের কারণ, আবার আপনিই কার্য্যরূপী; হে মূলপ্রকৃতিহেতো! আপনিই এ জগতে ব্যাপক, আবার আপনিই ব্যাপ্য, এহেন আপনাকে আমরা সদা অসংখ্য নমস্কার করি। দেবগণের এইরূপ স্তব শ্রবণে জগদীশ্বর শিব আরও প্রসন্ন হইলেন। তখন দেবকে প্রসন্ন দেখিয়া সকল সুরপতিগণ কহিলেন,—হে দেবেশ! যদি প্রসন্ন হইয়াছেন, তাহা হইলে এই দেবগণের প্রতি কৃপাকটাক্ষদানে ত্রিপুরকে বিনাশ করুন। দেবগণের এইরূপ প্রার্থনা শ্রবণ করিয়া ভগবান্ পিনাকী পুনর্ব্বার বলিলেন,—হে বিশ্বকর্ম্মন্! তুমি "ত্রিপুর বিনষ্ট হইয়াছে" এইরূপ ভাবিয়া আমার নিমিত্ত উত্তম উত্তম রথ, সারথি, কার্ম্মুক, শর এই সকল যত্নপূর্ব্বক নির্ম্মাণ কর। বিশ্বকর্ম্মা শম্ভুর এতাদৃশ আজ্ঞা পাইয়া বিশ্বহিতের নিমিত্ত সর্ব্বদেবময় সুশোভন দিব্যরথ স্বয়ং নির্ম্মাণ করিলেন। ১৯—২৪।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত॥

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
অথ রুদ্রস্য দেবস্য নির্ম্মিতো বিশ্বকর্ম্মণা।
সর্ব্বলোকময়ো দিব্যো রথো যত্নেন সাদরম্॥
সর্ব্বভূতময়শ্চৈব সৌবর্ণঃ সর্ব্বতঃ স্মৃতঃ।
রথাঙ্গং দক্ষিণং সূর্য্যো বামাঙ্গং সোম উচ্যতে
দক্ষিণং দ্বাদশারং হি ষোড়শারং তথোত্তরম্
অরেষু তেষু বিপ্রেন্দ্রা আদিত্যা দ্বাদশৈব তু॥
শশিনঃ ষোড়শারাস্তু কলা বামস্য সুব্রতাঃ।
ঋক্ষাণি চ তথা তস্য বামস্যৈব বিভূষণম্॥ ৪
তেভ্যঃ ষড়ৃতবশ্চৈব তয়োর্বৈ বিপ্রপুঙ্গবাঃ।
পুষ্করং চান্তরীক্ষঞ্চ রথনীড়শ্চ মন্দরঃ॥ ৫
অস্তাদ্রিরুদয়াদ্রিস্তু উভৌ তৌ কূবরৌ স্মৃতৌ
বেগঃ সংবৎসরস্তস্য অয়নে লোকধারকে॥ ৬
সমুদ্রাস্তস্য চত্বারো রথগুলিকাঃ স্মৃতাঃ।
গঙ্গাদ্যাঃ সরিতঃ শ্রেষ্ঠাঃ সর্ব্বাভরণভূষিতাঃ॥

চতুর্ব্বিংশ অধ্যায়।

সূত কহিলেন,—বিশ্বকর্ম্মা, দেব রু[illegible] নিমিত্ত যত্নপূর্ব্বক সাদরে যে দিব্য সর্ব্বোত্তম [illegible] নির্ম্মাণ করিলেন, সেই রথ চতুর্দ্দশভুবন[illegible] সর্ব্বপ্রাণিময় ও সকল সুবর্ণ-নির্ম্মিত। [illegible] রথের দক্ষিণদিকের অবয়ব (চক্র) সূর্য্য ও [illegible] অবয়ব (চক্র) চন্দ্র। ঐ দক্ষিণ চক্র দ্বাদশ[illegible] ও বাম চক্র ষোড়শদল। দক্ষিণ চক্রের দ্বা[illegible] দল দ্বাদশাদিত্যময় এবং বাম চক্রের ষোড়শ [illegible] ষোড়শকলাময়। ঐ বাম চক্রে নক্ষত্র স[illegible] তাহার ভূষণ স্বরূপ হইয়া বিরাজমান রহিয়াছে [illegible] ঐ বাম ও দক্ষিণ ভাগে সেই সকল ন[illegible] হইতে কল্পিত ছয় ঋতু অধিষ্ঠান করিয়া আ[illegible] সেই রথের অন্তরীক্ষ রথাগ্র, মন্দরপর্ব্বত [illegible] নীড়, উদয় ও অস্ত পর্ব্বত যুগধারক কূবর[illegible] সংবৎসর বেগ এবং অয়নদ্বয় দুই লৌহধার[illegible] চারি সমুদ্র রথের পরিবেষরূপী হইয়া ঐ [illegible]

* যে স্থানে যুগকাষ্ঠ থাকে, তাহা কূ[illegible] বলিয়া প্রসিদ্ধ।

হলৈশ্চ শালৈর্মুষলৈর্ভুশুণ্ডৈ-
গিরীন্দ্রকূটৈর্গিরিসন্নিভৈশ্চ।
যযুঃ পুরস্তাদ্ধি মহেশ্বরস্য
তদেন্দ্র-পাদোদ্ভব-বিষ্ণুমুখ্যাঃ ॥ ২৩
ননৃতুর্মুনয়ঃ সর্ব্বে দণ্ডহস্তা জটাধরাঃ।
ববৃষুঃ পুষ্পবর্ষাণি খেচরাঃ সিদ্ধচারণাঃ ॥ ২৪
পুরত্রয়ে চ বিপ্রেন্দ্রা ব্রজন্ সর্ব্বে গণেশ্বরাঃ।
প্রক্রন্দুঃ কুন্দদন্তশ্চ কম্পনশ্চ প্রকম্পনঃ ॥ ২৫
ইন্দ্রশ্চেন্দ্রযবশ্চৈব যন্তা হিমকরস্তথা।
শতাক্ষশ্চৈব পঞ্চাক্ষঃ সহস্রাক্ষো মহোদরঃ ॥ ২৬
শতজিহ্বঃ শতাস্যশ্চ কঙ্কটঃ কটপূতনঃ।
দ্বিশিরাস্ত্রিশিরাশ্চৈব তথা হেকাননস্তথা ॥ ২৭
অজবক্ত্রো হয়বক্ত্রো গজবক্ত্রোহৰ্দ্ধবক্ত্রকঃ।
ইত্যাদ্যাঃ পরিবার্য্যেশং লক্ষা লক্ষণবর্জ্জিতাঃ ॥২৮
সমাবৃত্য মহাদেবং তদোচুস্তে মহেশ্বরাঃ।
দগ্ধুং সমর্থো মনসা ক্ষণেন সচরাচরম্ ॥ ২৯
সর্ব্বং কিমর্থং ত্রিপুরং পিনাকী
স্বয়ং গতশ্চাত্র গণৈশ্চ সার্দ্ধম্।
রথেন কিঞ্চাত্র শরেণ তস্য
গণৈশ্চ কিং দেবগণৈশ্চ শম্ভোঃ ॥ ৩০
কিন্তত্র কারণং হেতদ্দুষ্টানাং প্রত্যয়ায় বৈ।
লোকেষু স্থাপনার্থং বৈ যশঃ পরমলাপহম্ ॥ ৩
অন্যচ্চ কারণং তুভ্যং বদামি ঋষিসত্তম।
সর্ব্বেষপি চ দেবেষু মত্তা * নান্যো বিশিষ্যতে
তস্মিন্ স্থিতে মহাদেবে রুদ্রে বিততকার্ম্মুকে।
পুরাণি তেন কালেন জগ্মুরেকত্বমাশু বৈ ॥ ৩৩
একীভাবং গতেঽত্রৈব ত্রিপুরত্বমুপাগতে।
বভূব তুমুলো হর্ষো দেবানাং সুমহাত্মনাম্ ॥ ৩
ততো দেবগণাঃ সর্ব্বে সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
জয়েতি বাচো মুমুচুস্তবন্তশ্চাষ্টমূর্ত্তিনম্ ॥ ৩৫
অথাহ ভগবান্ ব্রহ্মা বিষ্ণুশ্চ জগতাং পতিঃ।
সময়োঽপি তদা জাত একত্বমপি চাগতম্ ॥ ৩
অথাধিজ্যং ধনুঃ কৃত্বা শর্ব্বঃ সন্ধায় তং শরম্

ইত্যাদি আয়ুধ গ্রহণ করিয়া হস্তী, অশ্ব, রথ, সিংহ, বৃষ প্রভৃতিতে আরোহণ করত গমন করিতে লাগিলেন। তখন দণ্ডপাণি জটাধারী মুনিগণ নৃত্য করিতে লাগিলেন, খেচর সিদ্ধ-চারণগণ পুষ্পবৃষ্টি করিতে লাগিল এবং প্রক্রন্দু, কুন্দদন্ত, কম্পন, প্রকম্পন, ইন্দ্র, ইন্দ্রযব, যন্তা, হিমকর, শতাক্ষ, পঞ্চাক্ষ, সহস্রাক্ষ, মহোদর, শতজিহ্ব, শতাস্য, কঙ্কট, কটপূতন, দ্বিশিরা, ত্রিশিরা, একানন, অজবক্ত্র, হয়বক্ত্র, গজবক্ত্র, অৰ্দ্ধবক্ত্র ইত্যাদি লক্ষণবর্জ্জিত অসংখ্য গণেশ্বর-গণ, ঈশ্বর দেবদেবের অনুগামী হইয়া সেই পুরত্রয়ে গমন করিতে লাগিল। পরে সেই সকল শিব-গণ মহাদেবসমীপে আগমন করিয়া পরস্পর বলিতে লাগিল,—স্বয়ং যিনি মনে করিলেই ক্ষণকাল মধ্যে এই সচরাচর জগৎ বিনাশ করিতে পারেন, আশ্চর্য্যের বিষয় যে, সেই এই পিনাকী, ত্রিপুর বিনাশের নিমিত্ত গণপরিবৃত হইয়া গমন করিতেছেন! ইহাতে উঁহার রথেই বা কি প্রয়োজন, শরেই বা প্রয়োজন এবং এই গণ ও দেবগণেই বা প্রয়োজন? তবে যে, দেব এই রথাদি সং করিয়াছেন, ইহা কেবল দুষ্টগণের নিকট স্বমাহ দেখাইবার নিমিত্ত ও লোকে নির্ম্মল যশ বিস্ত করিবার নিমিত্তই জানা যাইতেছে। ১৫—৩ হে ঋষিসত্তম শৌনক! আপনাকে আমি আ এক কারণ বলিতেছি, শ্রবণ করুন। সং দেবগণের মধ্যে দেব শিবই সর্ব্বজ্ঞ, তঁ অপেক্ষা আর কেহ শ্রেষ্ঠ বা সর্ব্বজ্ঞ না এহেন মহাদেব রুদ্র যখন সজ্জিতকার্ম্মুক হ রহিলেন, তখন সেই পুরত্রয় এক হইয়া যাই সেই পুরত্রয় এক হইয়া ত্রিপুর নাম ধা করিলে, সুমহাত্মা দেবগণের তুমুল হর্ষ হই পরে দেবতা, সিদ্ধ ও পরম ঋষিগণ "দেবদে জয় হউক" এইরূপ জয়ধ্বনি করত তাঁহার অষ্ট মূর্ত্তিকে স্তব করিতে লাগিলেন। তদন ব্রহ্মা ও জগৎপতি বিষ্ণু বলিলেন,—হে দে সময়ও হইয়াছে এবং পুরত্রয় মিলিতও হ য়াছে। পরে মহাদেব চাপে গুণ আরো

* যত ইতি বা পাঠঃ।

কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রাহ দেবঞ্চ শঙ্করম্ ॥ ৫২
নির্গুণায় নমস্তভ্যং পুনশ্চ সগুণায় চ।
পুনঃ প্রকৃতিরূপায় পুনশ্চ পুরুষায় চ ॥ ৫৩
পশ্চাদ্‌গুণস্বরূপায় ততো বিশ্বাত্মনে নমঃ।
ভক্তিপ্রিয়ায় শান্তায় শিবায় পরমাত্মনে ॥ ৫৪
সদাশিবায় রুদ্রায় জগতাং পতয়ে নমঃ।
ত্বয়ি ভক্তির্দৃঢ়া মেঽদ্য বর্দ্ধমানা ভবত্বিতি ॥ ৫৫
সর্ব্বে দেবা প্রণম্যোচুস্ততশ্চ পরমেশ্বরম্।
প্রসীদ জগতাং নাথ প্রসীদ পরমেশ্বর ॥ ৫৬
প্রসীদ সর্ব্বকর্ত্তা ত্বং নমামঃ শঙ্করং মুদা।
ত্বয়ি ভক্তির্দৃঢ়াস্মাকং নিত্যং স্থাদনপায়িনী ॥ ৫৭
ইতি স্তুতঃ স দেবেশঃ শঙ্করো লোকশঙ্করঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূত বচনং ত্যুক্তবাংস্তদা ॥৫৮
সর্ব্বদেবা উচুঃ।
যদি প্রসন্নো ভগবন্ যদি দেয়ো বরস্ত্বয়া।
যদা দুঃখন্তু দেবানাং জায়তে দেবসত্তম ॥ ৫৯
তদা ত্বং প্রকটীভূত্বা দুঃখং নাশয় সর্ব্বদা।
ইত্যুক্তো ভগবান্ রুদ্রস্তথা চাস্ত নিরন্তরম্ ॥ ৬০
স্তবেনানেন তুষ্টোঽস্মি দাস্যামি সর্ব্বদা ধ্রুবম্।
যদভীষ্টতমং লোকে তৎ সর্ব্বঞ্চ প্রদত্তবান ॥ ৬১
এতস্মিন্নন্তরে তে বৈ মুণ্ডিনশ্চ সমাগতাঃ।
প্রণম্যোচুশ্চ তান সর্ব্বান্ বয়ং কিং করবামহে ॥৬
তেষাং তদ্বচনং শ্রুত্বা বিষ্ণুব্রহ্মাদয়োঽব্রুবন্।
তাবন্মরুস্থলী সেব্যা যাবৎ কলিঃ সমাব্রজেৎ ॥ ৬
নমস্কৃত্য গতাস্তত্র যথোদ্দিষ্টং সমাশ্রয়ম্।
তে সর্ব্বে চ তদাজ্ঞপ্তা দেবা ধাম স্বকং যযুঃ ॥৬৪
শৃণোতীহ সদা যো বৈ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
ত্রিপুরবধো নাম চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৪

প্রদান করুন। ৪৩—৫১। পরে ভগবান্ জনার্দ্দন বিষ্ণুও মহেশ্বরকে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিলেন,—হে প্রকৃতি-পুরুষরূপিন্! যিনি নির্গুণ হইয়াও সগুণস্বরূপী, সেই আপনাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। হে গুণস্বরূপিন্! হে বিশ্বাত্মন্! আপনাকে আমার পুনঃপুনঃ নমস্কার। হে ভক্তিপ্রিয় শান্ত পরমাত্মন্ শিব! হে জগৎপতে সদাশিব রুদ্র! আপনাকে নমস্কার করি। প্রসন্ন হইয়া এই বর দান করুন, যেন আপনাতে আমার ভক্তি বৃদ্ধি পাইতে থাকে। তাহার পর সকল দেবগণ পরমেশ্বরকে নমস্কার করত প্রার্থনা করিলেন,—হে জগন্নাথ পরমেশ্বর! আপনি এই দেবগণের প্রতি প্রসন্ন হউন। হে শঙ্কর! আপনি সর্ব্বকর্ত্তা, হে দেবেশ! আমরা নমস্কার করিতেছি, যেন আপনাতে আমাদিগের দৃঢ়ভক্তি অবিনশ্বরী হইয়া নিয়ত অবস্থান করে। লোকশুভঙ্কর সর্ব্বদেবেশ শঙ্কর এইরূপে দেবগণ কর্ত্তৃক স্তুত হইয়া বলিলেন,—হে দেবগণ! আমি সন্তুষ্ট হইয়াছি, তোমরা অভিলষিত বর প্রার্থনা কর। ৫২—৫৮। তখন দেবগণ বলিলেন,—হে ভগবন্! যদি প্রসন্ন হইয়া আমাদিগের প্রতি বরদানোন্মুখ হইয়াছেন, তাহা হইলে এই প্রার্থনা,—হে দেবসত্তম! যখন দেবগণের দুঃখ হইবে তখন আপনি আবির্ভূত হইয়া এই শরণাগত দেবগণের দুঃখ নাশ করিবেন। দেবগণের এই প্রার্থনা শুনিয়া ভগবান্ রুদ্র "তথাস্তু" বলিয়া অঙ্গীকার করিলেন, আর "হে দেবগণ! তোমাদিগের স্তবে আমি সন্তুষ্ট হইয়াছি, অতএব এই ত্রিলোকের মধ্যে তোমাদিগের যাহা যাহা অভিলষিত আছে, তাহা তোমাদিগকে ইহলোকেই দান করিতেছি" এই বলিয়া তিনি সকল অভিলষিত প্রদান করিলেন এই অবকাশে সেই মুণ্ডিগণ সমাগত হইয়া প্রণাম করত সেই দেবগণকে বলিল,—আমাদের এখন কি করিতে হইবে? তাহাদিগের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া, ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণ বলিলেন,—যে পর্য্যন্ত কলিযুগ আগমন না করে, সে পর্য্যন্ত তোমরা মরুভূমিতে যাইয়া বাস কর। সেই মুণ্ডিগণ এইরূপ আদেশ পাইয়া, যথোদ্দিষ্ট স্থানে আশ্রয় গ্রহণ করিল, আর দেবগণও স্ব স্ব ধামে গমন করিলেন। যে এই ত্রিপুর-বিজয়োপাখ্যান কীর্ত্তন করে, সে

প্রসীদ দেবদেবেশ প্রসীদ পুরুষোত্তম।
প্রসীদ জগতাং নাথ প্রসীদ করুণাকর ॥ ১৩
ইতি স্তুতস্তদা দেবৈঃ প্রসন্নো জগদীশ্বরঃ।
দর্শয়ামাস রূপং স্বং দর্শয়ন্ ভক্তবশ্যতাম্ ॥ ১৪
উচুস্তে চ তদা দেবা জয়েতি চ শুভং বচঃ।
তান্ দৃষ্ট্বা চ তদা বিষ্ণুরব্রবীৎ পরমং বচঃ ॥ ১৫
কথং সমাগতা যূয়ং কিং কার্য্যং বিদ্যতেঽধুনা।
ইতি পৃষ্টাস্তদা তেন অব্রুবন বচনং শুভম্ ॥ ১৬

ব্রহ্মাদ্যা উচুঃ।

কৃপয়া তব দেবেশ সর্ব্বং দুঃখং ব্যলীয়ত।
তথাপি পৃচ্ছ্যতে ত্বাঞ্চ সর্ব্বদেবহিতায় বৈ ॥ ১৭
নিত্যং সেব্য তু কশ্চৈব কার্য্যা দুঃখাপহা ধ্রুবম্।
ময়া চ দৈবতৈঃ সর্ব্বৈর্যং সেব্যোকোপদিশ্যতাম্ ॥
ইত্যেতদ্বচনং শ্রুত্বা ভগবান্ বাক্যমব্রবীৎ ॥ ১৯

শ্রীভগবানুবাচ।

ভো ব্রহ্মন শ্রূয়তাং সম্যক্ শ্রুতঞ্চ ভবতা পুরা।
তথাপি কথ্যতে তুভ্যং দেবেভ্যশ্চ তথা পুনঃ
দৃষ্টঞ্চ * দৃশ্যতেঽদ্যৈব কি পুনঃ পৃচ্ছ্যতেঽধুনা
যদি সেব্যঃ সদা দেবাঃ শঙ্করঃ সর্ব্বদুঃখহা।
মমাপি কথিতং তেন ব্রহ্মণোঽপি বিশেষতঃ ॥২
প্রস্তুতঞ্চৈব দৃষ্টঞ্চ সর্ব্বং দৃষ্টান্তমদ্ভুতম্।
সন্ত্যজ্য দেবদেবেশং লিঙ্গমূর্ত্তিং মহেশ্বরম্ ॥ ২২
তারপুত্রাস্তথৈতে বৈ নষ্টাস্তে চৈব বান্ধবাঃ।
ময়া চ মোহিতাস্তে বৈ মায়য়া দূরতঃ কৃতাঃ ॥ ২৩
সর্ব্বে বিনষ্টাঃ প্রধ্বস্তাঃ শিবেন রহিতা যদা।
তস্মাৎ সদা পূজনীয়ো লিঙ্গমূর্ত্তিধরো হরঃ ॥ ২১
যদি সুখং সুরেশাশ্চ নৈরন্তর্য্যং ভবেদিহ।
পূজনীয়ঃ শিবো নিত্যং শ্রদ্ধয়া দেবপুঙ্গবৈঃ ॥ ২৫
সর্ব্বলিঙ্গময়ো দেবঃ সর্ব্বলিঙ্গে প্রতিষ্ঠিতঃ।
তস্মাৎ সম্পূজয়েন্নিত্যং যদীচ্ছেৎ সিদ্ধিমাত্মনঃ ॥২৬

বিতরণ করুন। এইরূপ স্তব করিয়া সেই দেবগণ "পুরুষোত্তমের জয় হউক" এইরূপ জয়ধ্বনি করত পুনর্ব্বার স্তব করিতে লাগিলেন,—হে দেবেশ পুরুষোত্তম! প্রসন্ন হউন। হে করুণাকর জগন্নাথ! এই সেবকগণের প্রতি প্রসন্ন হউন। দেবগণের এইরূপ স্তবে প্রসন্ন হইয়া জগদীশ্বর বিষ্ণু দেবগণকে স্বকীয় স্বরূপ দেখাইয়া, আপনার ভক্তাধীনতা প্রকাশ করিলেন। ১—১৪। সেই সময় দেবগণ ভূয়োভূয়ঃ জয়ধ্বনি করিতে লাগিলেন। বিষ্ণু সেই দেবগণকে অবলোকন করিয়া পরম শ্রুতিসুখকর বাক্যে বলিলেন,—হে দেবগণ! তোমরা কি নিমিত্ত আগমন করিয়াছ, এখন তোমাদের কি কার্য্য আছে? বিষ্ণু কর্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া ব্রহ্মাদি দেবগণ বলিলেন,—হে দেবেশ! আপনার কৃপায় আমাদিগের সকল দুঃখ বিনষ্ট হইয়াছে, তথাপি সকল দেবগণের হিতের নিমিত্ত এই জিজ্ঞাসা করিতেছি যে, নিয়ত কাহার সেবা করিলে সকল দুঃখ বিনষ্ট হয়? আর সেই দুঃখনাশের নিমিত্ত আমরা কাহাকে সেবা করিব, সেই উপদেশ প্রদান করুন। ব্রহ্মাদি দেবগণের তাদৃশ বাক্য শ্রবণে ভগবান বিষ্ণু বলিলেন, হে ব্রহ্মন্! আপনার প্রষ্টব্য বিষয় বলিতেছি শ্রবণ করুন। ইহা আপনিও পূর্ব্বে শুনিয়াছিলেন; তাহা হইলেও আমি পুনর্ব্বার আপনার ও দেবগণের সকাশে বলিতেছি শ্রবণ করুন সর্ব্বদুঃখ নাশের নিমিত্ত শঙ্কর যে সদা সেবনীয়, হে দেবগণ! ইহা তোমরা পূর্ব্বে দেখিয়াছ ও এখনও দেখিতেছ, তবে কেন পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছ? এ বিষয় সেই দেবেশ্বর মহাদেব, আমার ও ব্রহ্মার সমক্ষে বিশেষরূপে বলিয়াছেন। আর তোমরা ইহার অদ্ভুত প্রকৃত দৃষ্টান্তও দেখিতে পাইয়াছ, তাহার শেষে যে কি হইল, তাহাও দেখিয়াছ,—এই তারকপুত্রগণ লিঙ্গমূর্ত্তি দেবেশ মহেশ্বরকে অনাদর করিয়া সবান্ধবে বিনষ্ট হইল। আমি প্রথমতঃ তাহাদিগকে মায়ায় মোহিত করিয়া দূর করিয়া দিলাম; পরে যখন ইহারা শিবকে অবজ্ঞা করিতে লাগিল তখন সকলে বিনষ্ট হইল। অতএব হে সুরেশ্বরগণ! যদি নিরন্তর সুখলাভ বাসনা থাকে, তাহা হইলে সর্ব্বদা লিঙ্গমূর্ত্তিধর হরকে পূজা করা উচিত। এক্ষণে এই দেবপুঙ্গবগণেরও

* দৃষ্টমিতি চ পাঠঃ কচিদ্দৃশ্যতে।

আরকূটময়ং বায়ুরশ্বিনৌ পার্থিবং তদা ॥ ৪১
লক্ষ্মীশ্চ স্ফাটিকং দেবী আদিত্যাস্তাম্রনির্ম্মিতম্ ।
মৌক্তিকং সোমরাজো বৈ বজ্রলিঙ্গং বিভাবসুঃ॥৪২
মৃন্ময়ঞ্চৈব বিপ্রেন্দ্রা বিপ্রপত্ন্যস্তথৈব চ ।
চন্দনেন কৃতং যত্নৈ ময়ঃ পূজয়তে শিবম্ ॥৪৩
অনন্তাদ্যাস্তথা নাগাঃ প্রবালকময়ং শিবম্ ।
দৈত্যাশ্চ গোময়ং লিঙ্গং রাক্ষসাশ্চ মহাবলাঃ ॥৪৪
লোহময়ং তথা লিঙ্গং পিশাচাঃ পূজযন্তি হি ।
শিবা দেবী সদা পূজ্যা নবনীতবিনির্ম্মিতম্ ॥ ৪৫
দারুজং নিঋতির্ভক্ত্যা যোগী ভস্মময়ং তথা ।
সূর্য্যপত্নী পিষ্টময়ং ব্রহ্মাণী রত্নসম্ভবম্ ॥ ৪৬
দধিময়ং তথা যক্ষাঃ পূজয়ন্তি নিরন্তরম্ ।
এবংবিধানি লিঙ্গানি দত্তানি বিশ্বকর্ম্মণা ॥ ৪৭
তে পূজয়ন্তি সর্ব্বে বৈ দেবা ঋষিগণাস্তথা ।
ব্রহ্মা চৈব তথা বিষ্ণুরন্যে দেবাশ্চ যে পুনঃ ॥ ৪৮
পূজয়ন্তি তদা দেবং নিত্যং সিদ্ধিসমীহয়া ।

ইন্দ্রনীল মণিময়, ব্রহ্মা সুবর্ণময়, বিশ্বদেব ও বসুগণ রৌপ্যময়, বায়ু আরকূটময় (পিত্তলময়), অশ্বিনীকুমার মৃত্তিকাময়, লক্ষ্মী স্ফটিকময়, আদিত্যগণ তাম্রময়, চন্দ্র মুক্তাময়, অগ্নি হীরকময়, বিপ্র ও বিপ্রপত্নীগণ মৃত্তিকাময়, ময়দানব চন্দনময়, অনন্তাদি নাগগণ প্রবালময়, পিশাচগণ লৌহময় এবং দৈত্য ও রাক্ষসগণ গোময় নির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকে। আর শচী প্রভৃতি দেবীগণ-পূজিতা পার্ব্বতী, নবনীতনির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকেন, নিঋতি দারুনির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকেন, যোগী ভস্মনির্ম্মিত লিঙ্গের পূজা করেন এবং সূর্য্যপত্নী ছায়া পিষ্টকময়, ব্রহ্মাণী রত্নময় ও যক্ষগণ দধিময় লিঙ্গের পূজা করেন। বিশ্বকর্ম্মা এইরূপ অধিকারানুসারে সকলকে লিঙ্গমূর্ত্তি প্রদান করেন। ২৯—৪৭। সেই অবধি সকল দেব ও ঋষিগণ বিশ্বকর্ম্ম-সকাশে সেই লিঙ্গমূর্ত্তি প্রাপ্ত হইয়া তাঁহার পূজা করিয়া থাকেন এবং ব্রহ্মা, বিষ্ণু ও অন্যান্য দেবগণ সিদ্ধিলাভের বাসনায় সেই অবধি বিশ্বকর্ম্ম-সকাশে প্রাপ্ত লিঙ্গমূর্ত্তির নিয়ত পূজা করেন।

তথা কৃত্বা চ লিঙ্গানি দেবানাং হিতকাম্যয়া ॥ ৪৯
পূজাবিধিং সমাচখ্যৌ ব্রহ্মণেঽনন্তশক্তয়ে ।
তচ্ছ্রুত্বা বচনং বিষ্ণোর্ব্রহ্মা দেবগণৈঃ সহ ॥ ৫০
জগাম চ স্বকং ধাম হর্ষনির্ভরমানসঃ ।
বিষ্ণুশ্চান্তর্হিতস্তত্র হ্যুপদিশ্য তথাবিধম্ ॥ ৫১
তত্রাগত্য ঋষীন্ সর্ব্বান্ দেবাংশ্চৈব তথা পুনঃ
শিবপূজাবিধিং সম্যক্ কথয়ামাস নিশ্চলঃ ॥ ৫২
যং বিধিঞ্চ তথা কৃত্বা লোকানাং ফলমুত্তমম্ ।
ভবতীতি সুনিতিত্যা তস্মাৎ পূজ্যো হরঃ সদা ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূ[জা]বিধানং নাম পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ ২৫ ॥

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ।

ঋষয় ঊচুঃ ।

সূত সূত মহাভাগ কিং জাতং তদনন্তরম্ ।
ব্রহ্মণা চ কথং প্রোক্তঃ পূজাবিধিঃ শিবস্য চ ।

বিষ্ণু এইরূপে দেবগণের হিতের নিমিত্ত লি[ঙ্গ]মূর্ত্তি নির্ম্মাণ করিয়া অনন্তশক্তি ব্রহ্মাকে শি[ব]পূজা বিধি বলিলেন। ব্রহ্মা, বিষ্ণু সক[াশে] সেই শিবপূজা বিধি শ্রবণ করিয়া হর্ষনি[র্ভর] মানসে দেবগণের সহিত স্ব স্ব ধামে গম[ন] করিলেন। বিষ্ণুও এইরূপ শিবপূজাবি[ধি] উপদেশ দান করিয়া অন্তর্হিত হইলেন। ব্রহ্মাও, "যে পূজাবিধি অনুষ্ঠান করিলে উত্ত[ম] ফল লাভ হয়, সেই পূজাবিধি সকলকে উপদে[শ] দান করিব" এইরূপ কৃতনিশ্চয় হইয়া স্ব[র্গে] আগমন করত সমাহিতচিত্তে সকল দেব ও ঋ[ষি]গণকে শিবপূজা বিধি উপদেশ করিলেন। অতএব হে ঋষিসত্তমগণ! সকলের সর্ব্বা[দা] শিবপূজা করা অবশ্য কর্ত্তব্য। ৪৮—৫৩।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়্‌বিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! ইহার পর কি কি ঘটনা হইয়াছিল এ[বং]

নিষ্কলং সর্ব্বগং জ্ঞেয়ং যোগিনাং হৃদি সংস্থিতম্ ॥
লিঙ্গন্তু দ্বিবিধং প্রোক্তং বাহ্যমাভ্যন্তরং দ্বিজাঃ।
বাহ্যং স্থূলং মুনিশ্রেষ্ঠাঃ সূক্ষ্মমভ্যন্তরং শুভম্ ॥১৫
কর্ম্মযজ্ঞরতা যে চ স্থূললিঙ্গার্চ্চনে রতাঃ।
অসতাং ভাবনার্থায় সূক্ষ্মে তু স্থূলবিগ্রহম্ ॥ ১৬
আধ্যাত্মিকন্তু যল্লিঙ্গং প্রত্যক্ষং যস্য নো ভবেৎ।
তস্য লিঙ্গে তথা স্থূলে কল্পয়েচ্চ ন চান্যথা ॥ ১৭
জ্ঞানিনাং সূক্ষ্মমমলং ভবেৎ প্রত্যক্ষমব্যয়ম্।
যস্মাৎ স্থূলমযুক্তানাং মৃৎকাষ্ঠাদৌ প্রকল্পিতম্ ॥১৮
অহো বিচারতো নাস্তীত্যন্যে তত্ত্বার্থবাদিনঃ।
নিষ্কলং সকলং চিত্তে সর্ব্বং শিবময়ং জগৎ ॥১৯
এবং জ্ঞানবিমুক্তানাং নাস্তি দোষবিকল্পনা।
বিধিশ্চৈব তথা নাস্তি বিহিতাবিহিতে তথা ॥ ২০
যথা জলে চ কমলং জলেন চ ন লিপ্যতে।
তথা জ্ঞানী গৃহে তিষ্ঠন্ কর্ম্মণা ন স বধ্যতে ॥২১
ইতি জ্ঞানং সমুৎপন্নং যাবচ্চৈব নরস্য চ।
তাবচ্চ কর্ম্মণা দেবং শিবমারাধয়েন্নরঃ ॥ ২২
প্রত্যয়ার্থঞ্চ জগতামেকস্থোঽপি দিবাকরঃ।
একোঽপি বহুধা দৃষ্টো জলাধারেষু সুব্রতাঃ ॥ ২[illegible]
দৃশ্যতে শ্রূয়তে যদ্যৎ তত্তদ্বিদ্ধি শিবাত্মকম্।
ভেদো জনানাং লোকেঽস্মিন্ প্রতিভাসো বিচার[illegible]
এবমাহুস্তদা চান্যে সর্ব্বে বেদার্থতত্ত্বগাঃ।
হৃদি সংসারিণাং সাক্ষাৎ সকলঃ পরমেশ্বরঃ ॥ ২[illegible]
ইতি বিজ্ঞানযুক্তস্য কিং তস্য প্রতিমাদিভিঃ।
ইতি বিজ্ঞানহীনস্য প্রতিমাকল্পনা শুভা ॥২৬
পদমুচ্চৈঃ সমারোঢ়ুং পুংসো নালম্বনং স্মৃতম্।
নালম্বনং বিনা তস্য পদমুচ্চৈঃ সুদুষ্করম্ ॥ ২৭
নির্গুণপ্রাপ্তয়ে নৃণাং প্রতিমালম্বনং স্মৃতম্।
সগুণান্নির্গুণপ্রাপ্তির্ভবতীতি সুনিশ্চিতম্ ॥ ২৮

বিচার থাকে না। অতএব ধ্যানযোগকেই জ্ঞান-নিধি বলিয়া জানিবে ঐ যোগিগণের হৃদয়ে পরম আনন্দকর বিশুদ্ধ কূটস্থ নিরবয়ব সর্ব্বব্যাপী শিবলিঙ্গ অধিষ্ঠিত থাকেন। লিঙ্গ দুই প্রকার বলিয়া কথিত,—বাহ্যলিঙ্গ ও আভ্যন্তর লিঙ্গ। বাহ্যলিঙ্গ স্থূল; আভ্যন্তর লিঙ্গ সূক্ষ্ম ও স্থূল অপেক্ষা শ্রেষ্ঠতর। যাহারা কর্ম্মযজ্ঞ-রত, তাহারা স্থূললিঙ্গের অর্চ্চনা করিয়া থাকে; অজ্ঞানী লোকের সূক্ষ্ম-লিঙ্গে ভক্তি-উদয়ের নিমিত্ত লিঙ্গের স্থূল বিগ্রহ জানিবে। যে অজ্ঞানী ব্যক্তির আধ্যাত্মিক লিঙ্গ প্রত্যক্ষ হন না, সেই পুরুষের আভ্যন্তর লিঙ্গে ভক্তির নিমিত্ত স্থূল-লিঙ্গ দ্বারা আভ্যন্তরিক লিঙ্গের কল্পনা করিবে; তদ্ব্যতিরিক্ত স্থূল-লিঙ্গের আবশ্যকতা নাই। জ্ঞানীদিগেরই সূক্ষ্ম অমল অব্যয় লিঙ্গ প্রত্যক্ষ হইয়া থাকে; কারণ অজ্ঞানীদিগের স্থূল-লিঙ্গ মৃৎকাষ্ঠাদিতেই কল্পিত হইয়াছে। তত্ত্বার্থবাদীরা বলেন যে, বিচার করিয়া দেখিলে এ জগতে আর কিছুই নাই, কেবল সেই জ্ঞানীদিগের হৃদয়ে "জগৎ সকল নিষ্কল শিবময়" ইহাই ভাসমান থাকে। জ্ঞান-বিমুক্তগণের এই প্রকার বিধি, নিষেধ, দোষবিকল্পনা প্রভৃতি কিছুই নাই, যেরূপ জলস্থিত পদ্ম জলের সহিত লি[illegible] থাকে না, সেইরূপ জ্ঞানী ব্যক্তি গৃহে থাকিয়া কর্ম্মে লিপ্ত হন না। অতএব যে পর্য্যন্ত এ[illegible] জ্ঞান উৎপন্ন না হয়, সে পর্য্যন্ত কর্ম্ম দ্বা[illegible] শিবকে আরাধনা করিবে ১১—২২। [illegible] সুব্রতগণ! দেখুন, জগতের এই প্রত্যয় জন্মা[illegible]বার নিমিত্ত এক দিবাকর এক স্থানে থাকিয়া জলাধার-নিকরে বিম্ব-প্রতিবিম্ব ভাবে নানাবি[illegible] দৃষ্ট হইয়া থাকেন। এ জগতে যাহা যা[illegible] দেখা যায় ও যাহা যাহা শুনিতে পাও[illegible] যায়, সে সকলই শিবময় জানিবে। [illegible] জগতে লোকের ভেদজ্ঞান বিচার কর[illegible] দেখিলে কেবল বিম্ব-প্রতিবিম্বের জ্ঞান[illegible] জানিবে। বেদার্থ-তত্ত্ববেত্তা পণ্ডিতগণ ইহা বলিয়া থাকেন যে, সংসারিগণের হৃদয়ে সগু[illegible] পরমেশ্বর বিরাজমান থাকেন। যাঁহারা এইর[illegible] বিজ্ঞানী, তাঁহাদিগের আর প্রতিমাদিতে [illegible] প্রয়োজন? আর যাহারা বিজ্ঞানহীন, তাহ[illegible]দিগের প্রতিমাকল্পনাই শুভকরী। যাহা[illegible] উচ্চ স্বর্গাদি পদে আরোহণাভিলাষী, তাহ[illegible]দিগের লিঙ্গ ব্যতীত আর কিছুই অবলম্বন নাই। সেই উচ্চ পদে আরুরুক্ষুগণের আলম্বন ব্যতীত উচ্চ পদে আরোহণ করা দুষ্কর

যদি ভবতি লোকেঽস্মিন্ দর্শনাং পাপহারকঃ।
তীর্থানি শ্লাঘয়ন্তীহ তাদৃশমৃষিসত্তমাঃ॥ ৪৪
তাদৃশান্যেব তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনস্ত্যুরুকালেন বিজ্ঞানী দর্শনাদপি॥ ৪৫
যাবদ্গৃহাশ্রমে তিষ্ঠেৎ তাবদাকারপূজনম্।
শিবস্য প্রতিমা বাপি শিবায়াঃ প্রতিমা তথা॥ ৪৬
বিষ্ণোশ্চৈব প্রযত্নেন সূর্য্যস্যৈবাথ বা পুনঃ।
গণপতের্বা পুনস্তত্র পঞ্চায়তনমুত্তমম্॥ ৪৭
অথবা চ শিবঃ পূজ্যো মূলমেব বিশিষ্যতে।
মূলে সিক্তে যথা শাখাস্তৃপ্তাঃ সন্তি মুনীশ্বরাঃ॥৪৮
শাখায়াঞ্চৈব তৃপ্তায়াং মূলং তৃপ্তং ন কর্হিচিৎ।
শিবে চ পূজিতে দেবাঃ পূজিতাঃ সর্ব্ব এব হি॥৪৯
তস্মাচ্চ পূজয়েদ্দেবং ত্র্যম্বকং লোকশঙ্করম্।
সর্ব্বকামফলাবাপ্ত্যৈ সর্ব্বভূতহিতে রতম্॥ ৫০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজা-প্রকরণং নাম ষড়্বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

গৃহাশ্রমস্থিত ব্যক্তির মধ্যে দুর্লভ। যদিচ কখনও দেখা যায়, তাহা হইলে তাঁহার দর্শনে অখিল পাপ নাশ হয়। হে ঋষিসত্তমগণ! তীর্থ অপেক্ষা তাদৃশ পুরুষ শ্লাঘনীয় জানিবে। কি জলময় তীর্থ, কি শিলামৃন্ময় দেবতা, কেহই তাদৃশ পুরুষের সদৃশ হইতে সক্ষম হন না। কেননা, সেই তীর্থ ও দেবতা দীর্ঘকালে পবিত্রতাসাধন করেন, আর ঐ বিজ্ঞানী পুরুষ দর্শনমাত্রেই পবিত্রতাসাধক। যে পর্য্যন্ত গৃহস্থাশ্রমে থাকিবে, সে পর্য্যন্ত প্রতিমাপূজায় রত থাকিবে। ঐ প্রতিমা শিবের বা দেবী শর্ব্বাণীরই হইবে বা দেব বিষ্ণুর কিংবা সূর্য্যেরই হইবে, অথবা দেব গণপতিরই হইবে, কারণ এই পাঁচ আয়তনই শ্রেষ্ঠ। কিংবা মাত্র মূল শিবকে পূজা করিবে, যেহেতু মূলই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠতম। দেখ, যেমন মূলে, জল-সেচন করিলে সকল শাখার পর্য্যন্ত তৃপ্তি হইয়া থাকে, কিন্তু শাখায় সেচন করিলে মূলের তৃপ্তি হয় না, সেই প্রকার শিবকে পূজা করিলে সকল দেবতাই পূজিত হ[illegible] কিন্তু অন্য দেবতাকে পূজা করিলে শিব পূজিত হন না। অতএব

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অতঃ পরং প্রবক্ষ্যামি পূজাবিধিসুখাবহাম্।
শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্॥ ১
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থায় স্মৃত্বা দেবং গদাধরম্।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ দেবেশ উত্তিষ্ঠ হৃদয়েশয়॥ ২
উত্তিষ্ঠ কমলাস্বামিন্ ব্রহ্মাণ্ডে মঙ্গলং কুরু।
ইত্যেবং বচনং হ্যুক্ত্বা স্মৃত্বা চ গুরুপাদকৌ॥ ৩
দেহশুদ্ধিং তথা কৃত্বা প্রক্ষাল্য চরণৌ মুদা।
হস্তৌ চ বিধিবৎ ক্ষাল্য দন্তধাবনমাচরেৎ॥ ৪
অনুদিতে দিবানাথে কৃত্বা তু দন্তধাবনম্।
মুখং ষোড়শবারন্তু প্রক্ষাল্যাঞ্জলিভিস্তথা॥ ৫
যথাবকাশং সুস্নায়ান্নদ্যাদিষথবা গৃহে।
দেশকালাবিরুদ্ধঞ্চ স্নানং কার্য্যং নরেণ চ॥ ৬

সর্ব্বকামপ্রাপ্তির নিমিত্ত সর্ব্বভূতহিতসাধন লোকসুখকর ত্র্যম্বক দেব শঙ্করের পূজা করিবে, কদাচ অন্যথা করিবে না। ৪৩—৫০।

ষড়্বিংশ অধ্যায় সমাপ্ত॥ ২৬॥

সপ্তবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—এখন পূজাবিধি বলিতেছি, হে ঋষিশ্রেষ্ঠগণ! আপনারা সেই পাপনাশিনী সুখাবহা কথা শ্রবণ করুন। ব্রাহ্ম মুহূর্ত্তে উঠিয়া দেব গদাধরকে স্মরণ করিয়া "উত্তিষ্ঠোত্তিষ্ঠ দেবেশ" এই মন্ত্র দ্বারা "হে দেবেশ হৃদয়েশয়! আপনি উঠুন। হে কমলাস্বামিন্! আপনি উঠিয়া জগতের মঙ্গল করুন" এইরূপ প্রার্থনা করিবে এবং গুরুপাদকমল স্মরণ করিবে। পরে মল-মূত্রোৎসর্গাদি দ্বারা দেহ-শুদ্ধি করিয়া পাদ প্রক্ষালন করিবে, পরে হস্ত প্রক্ষালন করিয়া দন্ত ধাবন করিবে। ঐ দন্ত-ধাবন সূর্য্য উদয় না হইতেই সমাপন করিয়া অঞ্জলি-পরিমিত জলে ষোড়শবার মুখ প্রক্ষালন করিবে। তাহার পর অবকাশ অনুসারে নদ্যাদিতেই হউক আর গৃহেই হউক, স্নান

শুষ্ককাষ্ঠসমুৎপন্নমূর্ণান্তরিতমেব চ ॥ ২২
চিত্রাসনং তথা কুর্য্যাৎ সর্ব্বকামফলপ্রদম্।
যথাযোগ্যং পুনগ্রাহ্যং মৃগচর্ম্মাদিকঞ্চ যৎ ॥ ২৩
যত্রোপবিশ্য কুর্ব্বীত তিলকং মতিমান্ নরঃ।
তিলকং পঞ্চধা প্রোক্তং তেষ্বেকং পরিকল্পয়েৎ॥২৪
ত্রিপুণ্ড্রঞ্চোর্দ্ধপুণ্ড্রঞ্চ হ্যর্দ্ধচন্দ্রমথাপি বা।
সদৃশং বংশপত্রেণ পঞ্চমঞ্চ নিবোধ মে ॥ ২৫
পুষ্পঞ্চ পারিজাতস্য তেনৈব সদৃশং পুনঃ।
ত্রিপুণ্ড্রঞ্চোর্দ্ধপুণ্ড্রঞ্চ শিবভক্তে বিশিষ্যতে ॥ ২৬
ব্রহ্ম-ক্ষত্র-বিশাং তত্র চত্বারি তিলকানি বৈ।
অর্দ্ধচন্দ্রং তথা শূদ্রৈরূর্দ্ধপুণ্ড্রমথাপি বা ॥ ২৭
বিষ্ণুভক্তৈর্ব্বিশেষেণ তিলকং সুপ্রতিষ্ঠিতম্।
ঊর্দ্ধপুণ্ড্রং তথা চাত্র বংশপত্রাকৃতির্যথা ॥ ২৮
তস্মাচ্চ তিলকং কার্য্যং কৃত্বা সিদ্ধিমবাপ্নুযাৎ।
জপস্তপস্তথা দানং তিলকাৎ সফলং ভবেৎ ॥ ২৯
অভাবে তিলকস্যাপি জলস্যাপি প্রকীর্ত্তিতম্।

কৃত্বা তিলকং বর্ণোক্তং বিধিং সম্পাদয়েন্নরঃ ॥
সম্পাদ্য চ স্বকং কর্ম্ম পুনরারাধয়েচ্ছিবম্।
পুনরাচমনং কৃত্বা ত্রিবারং মন্ত্রপূর্ব্বকম্ ॥ ৩০
একং বাথ প্রকুর্ব্বীত গঙ্গাং বিষ্ণুং ক্রমন্নিতি
আত্মতত্ত্বং শিবতত্ত্বং বিদ্যাতত্ত্বং তথৈব চ ॥
চতুর্থান্তপদং গ্রাহ্যমাচমনে বিধৌ নরৈঃ।
অর্ঘ্যোদকং তথা তত্র পূজার্থঞ্চ সমাহরেৎ ॥
অন্যদ্বস্তু চ যৎ কিঞ্চিদ্‌যথাশক্তি সমীপগম্
কৃত্বা স্থেয়ঞ্চ তত্রৈব ধৈর্য্যমাস্থায় বৈ নরঃ ॥ ৩
অর্ঘ্যপাত্রং তথা চৈকং জলাক্ষতৈর্যুতম্।
দক্ষিণাংশে তথা স্থাপ্যে পচারকল্পনায় বৈ ॥ ৩
গুরোশ্চ স্মরণং কৃত্বা তস্মৈ নত্বা বিশেষতঃ।
ধ্যানং পূজাং তথা কৃত্বা তদনুজ্ঞামবাপ্য চ ॥
অদ্যাদি পুনরুচ্চার্য্য কামনাং নিপ্রযুজ্য চ
পূজয়েৎ পরয়া ভক্ত্যা শিবং সপরিবারকম্ ॥
মুদ্রামেকাং প্রদর্শ্যৈব পূজয়েদ্বিঘ্নহারকম্।
সিন্দূরৈঃ কুসুমৈর্দ্দৈবং সিদ্ধি-বুদ্ধিসমন্বিতম্ ॥

সংস্কৃত শুদ্ধ স্থানে গমন করত সুন্দর আসন রচনা করিবে। হে দ্বিজবর্য্যসমূহ! কম্বল দ্বারা আচ্ছাদিত, শুষ্ককাষ্ঠনির্ম্মিত, সকল-সিদ্ধি-সাধক চিত্রাসন নির্ম্মাণ করিবে, কিংবা যথোচিত মৃগচর্ম্মাদিতে উপবেশনপূর্ব্বক বুদ্ধিমান্ ব্যক্তি তিলক করিবে। শাস্ত্রকারেরা তিলকবিধি পাঁচ প্রকারে নির্ণয় করিয়াছেন,—ত্রিপুণ্ড্র, ঊর্দ্ধপুণ্ড্র, অর্দ্ধচন্দ্র, বংশপত্রসদৃশ এবং পারিজাত-পুষ্প-সদৃশ। ইহার মধ্যে যে কোন প্রকারই হউক, তিলক করিবে। শিব-ভক্তগণের ত্রিপুণ্ড্র ও ঊর্দ্ধপুণ্ড্র তিলক করা উচিত। ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য ইহারা অতিরিক্ত চারি প্রকার তিলক করিবে। শূদ্র অর্দ্ধচন্দ্র কিংবা ঊর্দ্ধপুণ্ড্র, এই দুই প্রকার তিলকই করিতে পারে। বিষ্ণু-ভক্তের প্রতি বিশেষ নিয়ম,—ঊর্দ্ধপুণ্ড্র কিংবা বংশপত্রাকৃতি তিলক করা তাঁহাদের অবশ্য কর্ত্তব্য। অতএব যে কোন উপাসকই হউন, নিজ নিজ নির্দ্দিষ্ট তিলক করিয়া সকলেই সিদ্ধি লাভ করিবেন। জপ তপস্যা প্রভৃতি সকল পুণ্যকর্ম্ম তিলক দ্বারা সফল হয়। ২১—২৯। তিলকের অন্য উপায় উপস্থিত না থাকিলে অন্ততঃ

জল দ্বারাও তিলক করিবে। স্বকীয় বর্ণানুস
তিলকবিধি সম্পাদন করত অন্যান্য কর্ম্ম স
শেষ করিবে. অনন্তর পুনর্ব্বার শিবপূজা করি
গঙ্গা বিষ্ণু এই নাম তিনবার, অন্ততঃ এ
বার উচ্চারণ করত আচমন করিবে। ম
আচমনকালে "আত্মতত্ত্বায় স্বাহা, শিব
স্বাহা, বিদ্যাতত্ত্বায় স্বাহা" এই মন্ত্র উ
করিবে। পূজার নিমিত্ত সেই স্থানে অ
আনয়ন করিবে এবং পূজোপযোগী অন্যা
সকল যথাশক্তি তথায় উপস্থিত করিয়া
অবলম্বনপূর্ব্বক অবস্থান করিবে। জ
এবং অক্ষতযুক্ত এক অর্ঘ্যপাত্র দক্ষি
স্থাপন করিয়া উপচার কল্পনার নিমিত্ত
দেবকে স্মরণপূর্ব্বক বিশেষরূপে তাঁহাকে
করিবে। অনন্তর তাঁহার আজ্ঞানুসারে
ধ্যান প্রভৃতি সম্পাদন করিয়া "অদ্য" ই
মন্ত্র উচ্চারণপূর্ব্বক কামনা জানাইবে।
ভক্তিপূর্ব্বক গণের সহিত মহাদেবের
করিয়া শঙ্খ কিংবা ধেনুমুদ্রা প্রদর্শন ক
অনন্তর সিন্দূর ও কুসুমাদি দ্বারা সিদ্ধি

অনন্যমানসো ভূত্বা পূজাং কৃত্বা যথাবিধি ॥ ৫৫
পশ্চাদাবাহয়েদ্দেবং মন্ত্রেণানেন বৈ নরঃ।
কৈলাসশিখরস্থঞ্চ পার্ব্বতীপতিমুত্তমম্‌ ॥ ৫৬
যথোক্তরূপিণং দেবং নির্গুণং গুণরূপিণম্‌।
পঞ্চবক্ত্রং দশভুজং ত্রিনেত্রং বৃষভধ্বজম্‌ ॥ ৫৭
কর্পূরগৌরকং দিব্যং চন্দ্রমৌলিং কপর্দ্দিনম্‌।
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ গজচর্ম্মাম্বরং শুভম্‌ ॥ ৫৮
বাসুক্যাদিপরীতাঙ্গং পিনাকাদিবিভূষিতম্‌।
কপাল-ডমরুযুক্তং কণ্ঠে গরলশোভিতম্‌ ॥ ৫৯
সিদ্ধয়োঽষ্টৌ চ যস্যাগ্রে নৃত্যন্তীহ নিরন্তরম্‌।
জয় জয়েতি শব্দৈশ্চ সেবিতং নিজভক্তকৈঃ ॥ ৬০
তেজসা দুঃসহেনৈব সম্বদ্ধং দেবসেবিতম্‌।
শরণ্যং সর্ব্বসত্ত্বানাং প্রসন্নমুখপঙ্কজম্‌।
বেদশাস্ত্রৈর্যথা গীতং শিবমাবাহয়াম্যহম্‌ ॥ ৬১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পূজাবিধানবর্ণনং নাম সপ্ত-
বিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অর্ঘপাত্রজলেনৈব সেচয়েল্লিঙ্গমুত্তমম্‌।
অথবা চ তৎপার্শ্বে হি জলেনৈব ক্ষিপেদিতি॥
এবং ধ্যানেঽপ্যশক্তো হি সূক্ষ্মমন্ত্রমুদীরয়েৎ।
যথোক্তরূপিণং শম্ভুং শিবমাবাহয়াম্যহম্‌ ॥ ২
ইত্যুক্ত্বা উপচারাদীন্‌ কল্পয়েদ্বিধিবৎ তদা।
পূর্ব্বোক্তেনৈব ধ্যানেন হ্যাসনং পরিকল্পয়েৎ ॥
চতুর্থ্যন্তপদেনৈব সর্ব্বং কুর্য্যাদ্‌যথাক্রমম্‌।
পশ্চাৎ পাদ্যং প্রদদ্যাদ্বৈ শিবায় পরমাত্মনে ॥
ততশ্চাচমনং দত্ত্বা শম্ভবে গুণরূপিণে।
পশ্চাচ্চ পঞ্চভির্দ্রব্যৈঃ স্নাপয়েচ্ছঙ্করং মুদা ॥
বেদমন্ত্রৈর্যথাযোগ্যং নামভির্বা স্বমন্ত্রকৈঃ।
চতুর্থ্যন্তপদেনৈব দ্রব্যাণ্যেবার্পয়েৎ তদা ॥

ক্ষালন করিয়া অনন্যমানসে যথাবিধি পূজা করিবে। অনন্তর মনুষ্য এই মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক দেবের আবাহন করিবে,—"সর্ব্বোত্তম যে দেব প্রিয়তম। পার্ব্বতীর সহিত পর্ব্বতশ্রেষ্ঠ কৈলাসে অধিষ্ঠান করেন; যিনি নির্গুণ হইলেও গুণস্বরূপী অনির্ব্বচনীয়; যে পুরুষের রূপ সর্ব্বত্র নির্ব্বাচিত হইয়াছে; যাঁহার পাঁচটী মুখ, দশটী হস্ত ও তিনটী চক্ষু; যিনি বৃষভধ্বজ; যাহার বর্ণ কর্পূরের ন্যায় শুভ্র; দিব্যমূর্ত্তি, কপর্দ্দধারী যে পুরুষ মস্তকে অর্দ্ধচন্দ্র ধারণ করিয়াছেন; শুভনিলয় যে পুরুষ গজচর্ম্ম পরিধান-পূর্ব্বক ব্যাঘ্রচর্ম্ম উত্তরীয়রূপে ধারণ করিয়াছেন; যাঁহার অঙ্গসমূহ বিষধর বাসুকিবংশীয়গণ কর্ত্তৃক বিরাজিত; হস্তে পিনাক, কপাল ও ডমরু ধারণ করিয়া যে পুরুষ কণ্ঠে বিষপানসূচক গরল ধারণ করিতেছেন; আটজন প্রসিদ্ধ সিদ্ধ যাহার অগ্রে এই স্থানে নিরন্তর নৃত্য করিতেছেন; নিজ ভক্তগণ "জয় জয়" শব্দে যাঁহার উপাসনা করেন; দেববৃন্দ-বন্দিত যে পুরুষ দুঃসহ তেজঃ-পুঞ্জের আধার; যাহার মুখপদ্ম প্রফুল্লকমল-সদৃশ এবং যিনি সকল জন্তুর শরণ্য;—বে ও শাস্ত্রে তাঁহাকে যে প্রকারে গান করিয়াছে সেই পরমাত্মা শিবকে সেইরূপে আবা করি"। ৫২—৬১।

সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৭ ॥

অষ্টাবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—অর্ঘ্যপাত্রস্থিত জল দ্বা উত্তম শিবলিঙ্গ প্রক্ষালন করিবে কিংবা তাহা পার্শ্বে অর্ঘ্যপাত্রস্থ জলক্ষেপ করিবে। এ প্রকার ধ্যান বিষয়ে অসমর্থ ব্যক্তি "শাস্ত্রো রূপসম্পন্ন মহাদেবকে আবাহন করি" এই সূ মন্ত্র উচ্চারণ করিবে। এই প্রকারে আবাহ করত বিধিপূর্ব্বক উপচার কল্পনা করিবে পূর্ব্বোক্ত ধ্যান দ্বারা আসনশুদ্ধি করিবে। "ওঁ নমঃ শিবায়" এই মন্ত্র দ্বারা যথাক্রমে সকল কর্ম্ম সমাধান করিবে। তদনন্তর পরমাত্মা শিবের উদ্দেশে পাদ্য প্রদান করিয়া গুণবান্‌ মহাদেবের মন্ত্র উচ্চারণপূর্ব্বক আচমনীয় দিবে। অনন্তর আনন্দিতচিত্তে পঞ্চগব্য দ্বারা বেদম কিংবা স্বকীয় মন্ত্রে শঙ্করের স্নান সম্পাদন

কুর্য্যাচ্চ মতিমাংস্তত্র সঙ্কল্পং পুনরেব চ।
কর্ত্তব্যশ্চ বিধিস্তত্র নৈরাজন ইতি ক্রমাৎ ॥ ২৪
পুনশ্চ তাম্বুলং দদ্যাৎ তস্মৈ চ পরমাত্মনে *।
পুনঃ প্রদক্ষিণং তত্র শিবায় শিবরূপিণে ॥ ২৫
নমস্কারং ততঃ কুর্য্যাচ্ছম্ভবে শঙ্করায় চ।
অতো ধ্যানং যথোক্তঞ্চ কৃত্বা মন্ত্রমুদীরয়েৎ ॥ ২৬
যথাসংখ্যং যথাজ্ঞানং কুর্য্যান্মন্ত্রবিধিং নরঃ
গুরূপদিষ্টমার্গেণ কৃত্বা জপমনুত্তমম্ ॥ ২৭
স্তোত্রৈর্নানাবিধৈস্তত্র স্তবীত বৃষভধ্বজম্।
ততশ্চৈব তু যৎ কার্য্যং শ্রূয়তামৃষিসত্তমাঃ ॥ ২৮
পুষ্পাঞ্জলিঃ প্রদাতব্যো মন্ত্রেণানেন বৈ তদা।
অজ্ঞানাদ্যদি বা জ্ঞানাজ্জপপূজাদিকং ময়া ॥ ২৯
কৃতং তদস্তু সফলং কৃপয়া তব শঙ্কর।
তাবকস্ত্বদ্গতপ্রাণস্ত্বচ্চিত্তোঽহং সদা মৃড় ॥ ৩০
কৃপানিধ ইতি জ্ঞাত্বা ভূতনাথ প্রসীদ মে।
পুষ্পাঞ্জলিং সমর্প্যৈবং ক্ষমাপ্য বিধিপূর্ব্বকম্ ।৩১
পূজাকালে পুনর্দেব ত্বয়াগন্তব্যমেব হি।
বিসর্জ্জয়েৎ ততস্তং বৈ যথোক্তরূপিণং শিবম্ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজা-
বিধিবর্ণনং নামাষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ ২৮ ॥

একোনত্রিংশোঽধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

ব্যাসশিষ্য মহাভাগ কথয় ত্বং প্রমাণতঃ।
কেন বৈ পূজিতঃ শম্ভুঃ কিং কিং যচ্ছতি বৈ ফল
সূত উবাচ।
সর্ব্বং বৈ কথযাম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ।
কমলৈর্বিল্বপত্রৈশ্চ শতপত্রৈস্তথা পুনঃ ॥ ২
শঙ্খপুষ্পৈস্তথা দেবং লক্ষ্মীকামো ভবেদ্যদা
এতৈশ্চ লক্ষসংখ্যাকৈর্লক্ষ্মীঃ স্যান্নাত্র সংশয়ঃ। ৩
বিংশতিঃ কমলানাস্তু প্রস্থমেকমুদাহৃতম্।

নির্দ্দিষ্ট পাঁচ বর্ত্তিকাযুক্ত আরাত্রিক করিয়া পুনর্ব্বার সঙ্কল্প করিবে। উক্ত ক্রমে নীরাজনবিধি সম্পাদন করত পরমাত্মাকে তাম্বুল প্রদান করিবে এবং শিবরূপী শিবকর শম্ভুকে প্রদক্ষিণ করিয়া নমস্কার করিবে। অনন্তর যথোক্তরূপে ধ্যান করিয়া সংখ্যানুসারে যথাজ্ঞানে মন্ত্র জপ করিবে। মনুষ্য গুরূপদেশানুসারে উৎকৃষ্ট মন্ত্র জপ করিয়া নানাবিধ স্তব দ্বারা মহাদেবকে সন্তোষিত করিবে। হে ঋষিবরগণ! তদনন্তর কর্ত্তব্য কার্য্য বলিতেছি, শ্রবণ করুন। তখন এই মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান করিবে যে, হে শঙ্কর। অজ্ঞানপূর্ব্বকই হউক, কিম্বা জ্ঞানপূর্ব্বকই হউক, আমি যে কিছু জপপূজাদি করিলাম, সে সমস্তই আপনার অনুগ্রহে সফল হউক। হে কৃপানিধে মহাদেব! আমি আপনারই; আপনিই আমার প্রাণসমূহের একমাত্র পরিত্রাতা; আপনিই আমাকে পালন করিতেছেন;—এই প্রকার জ্ঞান করত হে ভূতনাথ! আমার প্রতি প্রসন্ন হউন। এই প্রকারে পুষ্পাঞ্জলি প্রদানপূর্ব্বক "আমি অপরাধী, আমার প্রতি প্রসন্ন হউন" এইরূপ বাক্য দ্বারা আত্মনম্রতা প্রকাশ করিয়া, "হে দেব! পূজাকালে পুনর্ব্বার আপনাকে আসিতে হইবে" এই প্রকারে যথোক্তরূপী শিবকে বিসর্জ্জন করিবে। ২১—৩২।

অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৮ ॥

একোনত্রিংশ অধ্যায় ।

ঋষিগণ বলিলেন,—হে মহাত্মন ব্যাসশিষ্য! শিব কোন্ কোন্ উপায় দ্বারা পূজিত হইয়া কি কি ফল প্রদান করেন, সেই বিষয় শাস্ত্রানুসারে আমাদের নিকট বলুন। সূত কহিলেন,—হে ঋষিবর্য্যগণ! আপনাদের প্রশ্ন সকলের যথোচিত উত্তর প্রদান করিতেছি, শ্রবণ করুন। শ্রীকাম ব্যক্তি বিল্বপত্র, শতপত্র (পদ্মবিশেষ) এবং শঙ্খপুষ্পদ্বারা মহাদেবের পূজা করিবে। লক্ষ-সংখ্যক ঐ পুষ্প দ্বারা মহাদেবের পূজা করিলে নিশ্চয়ই লক্ষ্মী লাভ হইবে। পুরাতন পণ্ডিতগণ

---

* এলাযুক্তং মহাত্মনে ইতি চ পাঠঃ ক্বচিৎ।

দলসহস্রেণ প্রস্থমেকং পুরাতনৈঃ॥ ৩
...ত্রসহস্রেণ প্রস্থার্দ্ধং পরিভাষিতম্।
...লঃ ষোড়শভিঃ প্রস্থং পলং টঙ্কদশ স্মৃতম্॥ ৫
...নৈব তু মানেন তুলামারোপয়েদ্‌যদা।
...রাজ্য কামুকো যো বৈ পার্থিবানাঞ্চ পূজয়া॥ ৬
...ষেচ্ছঙ্করং দেবং দশকোট্যা মুনীশ্বরাঃ।
...তশিবং তথা পুষ্পমখণ্ডিতদলং তথা॥ ৭
...তং চন্দনেনৈব জলধারাং তথা পুনঃ।
...তরূপং তথা মন্ত্রং বিল্বীদলমনুত্তমম্॥ ৮
...বা শতপত্রঞ্চ কমলং বা তথা পুনঃ
...পুষ্পং তথা প্রোক্তং বিশেষেণ পুরাতনৈঃ॥ ৯
...ং দীপঞ্চ নৈবেদ্যমর্ঘমারাত্রিকং তথা।
...দক্ষিণং নমস্কারং ক্ষমাপণবিসর্জ্জনম্॥ ১০
...সঙ্গং তথা ভোজ্যং কৃতং যেন ভবেদিহ।
...চ বৈ সর্ব্বথা রাজ্যং শঙ্করো লোকশঙ্করঃ॥ ১১
...রাজকামুকো যো বৈ তদর্দ্ধেনার্চ্চয়েৎ পুমান্।
...রাগৃহগতো যো বৈ লক্ষেণৈবার্চ্চয়েৎ হরম্॥ ১২

রোগগ্রস্তো যদা স্যাদ্বৈ তদর্দ্ধেনার্চ্চয়েচ্ছিবম্।
কন্যাকামো ভবেদ্‌যো বৈ তদর্দ্ধেন শিবং পুনঃ॥ ১৩
বিদ্যাকামস্তথো যঃ স্যাৎ তদর্দ্ধেন শিবং তথা।
শত্রুণাং সঙ্কটে জাতে হ্যযুতেন শিবং তথা॥ ১৪
উচ্চাটনার্থং শত্রুণাং তথৈব পূজনং হরে।
মারণে চতুর্লক্ষেণ মোহনে তু তদর্দ্ধকম্॥ ১৫
সামন্তবিজয়ে চৈব কোটিপূজা প্রশস্যতে।
বশীকরণে তথা রাজ্ঞামযুতঞ্চ প্রশস্যতে॥ ১৬
যশসে চ তথা তত্র পূজয়েচ্ছঙ্করং সুধী।
বাহনায় তথা পূজাং সহস্রেণ শিবস্তথা॥ ১৭
মুক্তিকামো ভবেদ্‌যো বৈ পঞ্চকোট্যা শিবং নরঃ।
জ্ঞানার্থী চ তথা দেবং কোট্যা বৈ পূজয়েচ্ছিবম্॥ ১৮
শিবদর্শনকামো বৈ তদর্দ্ধেন প্রপূজয়েৎ।
তথা মৃত্যুঞ্জয়ো জপ্যঃ কামনাফলরূপতঃ॥ ১৯
পঞ্চলক্ষে যদা জাতঃ প্রত্যক্ষস্তু সদা শিবঃ।
লক্ষেণ দেহশুদ্ধিঃ স্যাদ্বিতীয়ে তু জাতিস্মরঃ॥ ২০

...শতিটী কমলে এক প্রস্থ বলিয়াছেন ... সহস্র বিল্বদলে এক প্রস্থ এবং সহস্র শতপত্রে অর্দ্ধপ্রস্থ পরিভাষিত হয়। ষোড়শ পলে এক প্রস্থ, দশ টঙ্কে এক পল; তুলারোহণ বিষয়ে এইরূপ পরিমাণ জানিবে। হে মুনীন্দ্রগণ! যে ব্যক্তি রাজ্য কামনা করে, সে দশকোটি পুষ্প দ্বারা মৃন্ময় শিবলিঙ্গ আরাধনা করিবে। ...দলাক্ত প্রস্ফুটিত অখণ্ডিত-দল পুষ্প, বিল্বদল এবং জলধারা প্রদানপূর্ব্বক যথোক্ত মন্ত্রানুসারে শিবের প্রতি পূজা করিবে। শতপত্র অথবা কমল দ্বারাও পূজা করিতে পারে। প্রাচীন পণ্ডিতগণ শঙ্খপুষ্প দ্বারা কৃত পূজাকে বিশেষরূপে আদর করিয়াছেন। ধূপ, দীপ, অর্ঘ্য, নৈবেদ্য, আরাত্রিক, প্রদক্ষিণ, নমস্কার, আত্ম-...রিহার বিসর্জন করিয়া যে ব্যক্তি ভোজ্যদ্রব্য দ্বারা মহাদেবের সন্তোষবিধান করে, লোক-মঙ্গলকর শঙ্কর তাহাকে নিখিল রাজ্যের অধিপতি করেন। ১—১১। প্রাধান্যপ্রার্থী মনুষ্য পূর্ব্বোক্ত সংখ্যার অর্দ্ধপরিমাণে শিবের পূজা করিবে। কারাবদ্ধ মনুষ্য লক্ষ পুষ্প এবং রোগ-গ্রস্ত পুরুষ তাহার অর্দ্ধেক (পঞ্চাশৎ সহস্র) পুষ্প দ্বারা মহাদেবের পূজা করিবে। কন্যাকামী ব্যক্তি পঞ্চবিংশতি সহস্র পুষ্প এবং বিদ্যার্থী মনুষ্য তাহারও অর্দ্ধেক পুষ্প দ্বারা শিবের পূজা করিবে। শত্রু সঙ্কট সমুপস্থিত হইলে অযুত-সংখ্যক পুষ্প দ্বারা শিবের পূজা করিবে। শত্রু-গণের উচ্চাটনের নিমিত্ত পূর্ব্বোক্ত ক্রমেই পূজা করিবে। মারণপ্রয়োগ করিতে হইলে চারি লক্ষ এবং মোহনপ্রয়োগ করিতে হইলে দুই লক্ষ পুষ্প দ্বারা পূজা করিবে। সামন্তজয়েচ্ছু ব্যক্তি কোটি পুষ্প দ্বারা এবং নৃপগণের বশী-করণ করিতে হইলে অযুত পুষ্প দ্বারা শিবপূজা করিবে। যশঃপ্রার্থী মনুষ্য অযুত এবং বাহনার্থী নর সহস্রসংখ্যক পুষ্প দ্বারা শিবের পূজা করিবে। মুমুক্ষু মনুষ্য পাঁচকোটি এবং জ্ঞানার্থী নর এককোটি পুষ্প দ্বারা শিবপূজা সমাধান করিবে। শিবদর্শনার্থী ব্যক্তি অর্দ্ধকোটি পুষ্প শিবপূজা করিলে তাঁহার দর্শন পায়, কামনা-বিষয়ের ফলস্বরূপে মৃত্যুঞ্জয়কে জপ করিবে। এই প্রকারে পাঁচলক্ষ জপ হইলে সদাশিব প্রত্যক্ষ হন। লক্ষ জপ দ্বারা দেহ শুদ্ধ হয়;

তৃতীয়ে কামনাজ্ঞানং চতুর্থে স্বপ্নদর্শনম্।
পঞ্চমে তু শিবঃ সাক্ষাদাবির্ভবতি চাগ্রতঃ * ॥ ২১
অনেনৈব তু মন্ত্রেণ দশলক্ষে ফলং ভবেৎ।
মুক্তিকামো ভবেদ্যো বৈ দর্ভৈশ্চ পূজনং চরেৎ ॥
লক্ষসংখ্যা তু সর্ব্বত্র জ্ঞাতব্যা ঋষিসত্তমাঃ।
আয়ুষ্কামো ভবেদ্যো বৈ দূর্ব্বাভিঃ পূজনং চরেৎ ॥
পুত্রকামো ভবেদ্যো বৈ ধস্তুরকুসুমৈর্নরঃ।
রক্তদণ্ডশ্চ ধস্তুরঃ পূজনে শুভদঃ স্মৃতঃ ॥ ২৪
অগস্ত্যকুসুমৈর্যশ্চ তস্য বৈ বিপুলং যশঃ।
ভুক্তি-মুক্তিফলং তস্য তুলসীপূজনং চরেৎ ॥২৫
অর্কপুষ্পৈঃ প্রতাপৈশ্চ কুব্জকহ্লারকৈস্তথা।
জপাকুসুমপূজা তু শত্রূণাং মৃত্যুদা স্মৃতা ॥ ২৬
রোগোচ্চাটনকানীহ করবীরাণি বৈ ক্রমাৎ।
বন্ধুকৈর্ভূষণাবাপ্তির্জাত্যা বাহনসম্ভবঃ ॥ ২৭

দুই লক্ষ জপ দ্বারা জাতিস্মরত্ব লাভ করে। তিনলক্ষ বার জপ করিলে কামনা লাভ হয়; চারিলক্ষ বার জপ দ্বারা স্বপ্নে সেই দেবাদিদেবের দর্শন পায়; পাঁচলক্ষ জপ করিলে তাহার অগ্রে মহাদেব স্বয়ং আবি[র্ভূ]ত হন। ১২—২১। দশলক্ষ বার জপ করিলে সকল ফলই লাভ করে। মুমুক্ষু ব্যক্তি কুশ দ্বারা পূজা করিবে এবং হে ঋষিসত্তমগণ! লক্ষবার জপ সর্ব্বত্রই জানিবে। আয়ুষ্কামী ব্যক্তি দূর্ব্বা এবং পুত্র-কামী ব্যক্তি ধুস্তূর-পুষ্প দ্বারা শিবপূজা করিবে। যাহার নাল রক্তবর্ণ, সেই ধুস্তূর-পুষ্পই শুভকর এবং শিবপূজায় প্রসিদ্ধ। বক-কুসুম দ্বারা শিবপূজা করিলে বিপুল যশ বৃদ্ধি পায়। তুলসী পত্র দ্বারা পূজা করিলে ভোগ ও মোক্ষফল লাভ হয়। যে ব্যক্তি অর্ক (আকন্দ), প্রতাপ, কুব্জ, কহ্লার এবং জবাকুসুম দ্বারা শিবপূজা করে, অবশ্যই তাঁহার শত্রুসমূহ বিনষ্ট হয়। করবীর পুষ্প দ্বারা পূজা করিলে রোগ হইতে মুক্ত হয়। বন্ধুক-পুষ্প দ্বারা পূজা করিলে ভূষণ এবং জাতি-পুষ্প দ্বারা শিবপূজা করিলে

অতসীপুষ্পকৈর্দেবো বিষ্ণুবল্লভতামিয়াৎ।
শমীপত্রৈস্তথা মুক্তিঃ প্রাপ্যতে পুরুষেণ চ ॥ ২৮
মল্লিকাকুসুমৈর্দেবঃ স্ত্রিয়ং শুভতরাং শিবঃ।
যূথিকাকুসুমৈঃ শস্যং গৃহং নৈব বিমুঞ্চতি ॥ ২৯
কর্ণিকারৈস্তথা বস্ত্র-সম্প্রাপ্তির্জায়তে নৃণাম্।
নির্গুণ্ডীকুসুমৈর্লোকে মনো নির্ম্মলতাং ব্রজেৎ।
তৎ কুসুমং ন বিদ্যেত যচ্চৈব শিববল্লভম্।
চম্পকং কেতকং হিত্বা অন্যৎ সর্ব্বং শিবেঽর্পয়েৎ।
এতৎ তে কথয়িষ্যামি কারণং দুষ্করং নৃণাম্।
যদা লক্ষং শিবে দদ্যাৎ তদা চ বিপুলং ফলম্ ॥
পুষ্পাণি তিলজাতানি মুক্তিদানি ন সংশয়ঃ।
রাজিকাকুসুমানীহ শত্রূণাং মৃত্যুদানি চ ॥ ৩৩
অতঃ পরঞ্চ ধান্যানাং ফলং শৃণুত সত্তমাঃ।
তণ্ডুলারোপণে নৃণাং লক্ষ্মীবৃদ্ধিঃ প্রজায়তে ॥ ৩৪
প্রস্থানাং ষটকেনৈব তদর্দ্ধেন তথা পুনঃ।
পলদ্বয়ং তথা অত্র লক্ষমানমুদাহৃতম্ ॥ ৩৫

বাহনসম্পৎ লাভ হয়। অতসীপুষ্প দ্বারা শিব-পূজা করিলে বিষ্ণুর ভক্ত হয়। পুরুষ শমীপত্র দ্বারা শিবপূজা করিলে মুক্তিলাভ করে। মল্লিক-কুসুম দ্বারা শিবপূজা করিলে কল্যাণকরী পত্নী লাভ করে। যূথিকা পুষ্প দ্বারা শিবের আরাধনা করিলে গৃহ শস্যহীন হয় না। কর্ণিকার দ্বারা মনুষ্য শিবপূজা করিলে বিবিধ বসনসমূহ লাভ করে। নির্গুণ্ডীপুষ্পে শিবপূজা করিলে মন প্রসন্ন হয়। চম্পক এবং কেতকপুষ্প ব্যতীত সকল পুষ্পই শিবের প্রিয়; উক্ত দুই পুষ্প ব্যতীত অপর সকল পুষ্পই শিবকে অর্পণ করিবে। মহাদেবকে মনুষ্যগণ চম্পক ও কেতক পুষ্প যে সমর্পণ করিবে না, তাহার গূঢ় কারণ বর্ণন করিব। লক্ষপুষ্প ভক্তিপূর্ব্বক শিবকে সমর্পণ করিলে, মহৎ ফল সম্পন্ন হয়। তিল-পুষ্প দ্বারা শিব পূজিত হইলে নিশ্চয়ই মুক্তি প্রদান করেন। রাজিকা পুষ্প দ্বারা শিব পূজিত হইলে শত্রুগণের মৃত্যু সাধন করেন। হে ঋষিসত্তমগণ! অনন্তর ধান্য দ্বারা পূজার ফল বলিতেছি, শ্রবণ করুন। শিবোদ্দেশে তণ্ডুল সমর্পণ করিলে মনুষ্যগণের শ্রীবৃদ্ধি হয়।

* পঞ্চমন্তু যদা লক্ষং ফলং বচ্ছত্যসংশয়-মিতি কচিৎ পাঠঃ।

প্রস্থেন পলযুক্তেন লক্ষমেকং তথা স্মৃতম্ ॥ ৫২
সর্ষপাণাং তথা লক্ষং পলৈর্বিংশতিসংখ্যয়া।
তেষাঞ্চ পূজনাদেব শত্রোর্মৃত্যুর্ন সংশয়ঃ ॥ ৫৩
বিপ্রাণাং ভোজনং তত্র শতমেকোত্তরং স্মৃতম্।
একা গৌশ্চ প্রদাতব্যা বলিবর্দ্দস্তথৈব চ ॥ ৫৪
মরীচিসম্ভবা পূজা শত্রোর্নাশকরী স্মৃতা।
অতোঽপি বিবিধৈর্ধান্যৈঃ পূজনং শঙ্করস্য চ ॥ ৫৫
আঢ়কীনাং দলৈশ্চৈব রঞ্জয়িত্বার্চয়েচ্ছিবম্।
নানাসুখকরী পূজা হ্যেষা চ ঋষিসত্তমাঃ ॥ ৫৬
ইত্যেতদ্বচনং শ্রুত্বা পুনরূচুর্মুনীশ্বরাঃ।
লক্ষমানন্তু পুষ্পাণাং বদ ত্বং হি হিতাবহম্ ॥ ৫৭
ইতি শ্রুত্বা বচস্তেষাং পুনর্বচনমব্রবীৎ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি কথামিতি * ॥ ৫৮
প্রস্থমানন্তু লক্ষাণাং শঙ্খীপুষ্পসমুদ্ভবম্।
লক্ষং প্রোক্তন্তু ব্যাসেন সূক্ষ্মমানদিদৃক্ষুণা ॥ ৫৯
একাদশভিস্তথা প্রস্থৈর্জাতিমানমুদাহৃতম্।
যূথিক্যাশ্চ তথা মানং রাজিকায়াস্তদর্দ্ধকম্ ॥ ৬০
প্রস্থৈর্বিংশতিকৈশ্চৈব মল্লিকামানমুত্তমম্।
তিলপুষ্পে তথা মানং প্রস্থন্যূনং তথৈব চ ॥ ৬১
ততশ্চ দ্বিগুণং মানং করবীরভবে স্মৃতম্।
নির্গুণ্ডীকুসুমে মানং তথৈব কথিতং বুধৈঃ ॥
কর্ণিকারে তথা মানং শিরীষকুসুমে পুনঃ।
বন্ধুজীবে তথা মানং প্রস্থানাং দশকেন চ ॥ ৬২
ইত্যাদিবিবিধৈর্মানৈর্দৃষ্ট্বা চ পূজনং চরেৎ।
সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং পূজয়েৎ পরমেশ্বরম্ ॥ ৬৪
অতঃ পরং প্রবক্ষ্যামি ধারাপূজাফলং মহৎ।
যস্য শ্রবণমাত্রেণ কল্যাণং জায়তে নৃণাম্ ॥
বিধানপূর্ব্বকং পূজাং কৃত্বা চৈব শিবস্য চ।
পশ্চাচ্চ জলধারা হি কর্ত্তব্যাশ্চ মুনীশ্বরাঃ ॥
জ্বরপ্রতাপশান্ত্যর্থং জলধারা শুভাবহা।
শতরুদ্রীয়মন্ত্রেণ রুদ্রমেকাদশেন তু ॥ ৬৭
রুদ্রজাপ্যেন বা তত্র পুরুষসূক্তেন বা পুনঃ।
ষড়ঙ্গেনাথবা তত্র সহ মৃত্যুঞ্জয়েন চ ॥ ৬৮

পূজা করিলে শত্রু নাশ হয়। এক প্রস্থ একপলে লক্ষ পরিমাণ হয়। বিংশতি পলে এক লক্ষ সর্ষপ হয়, সেই সর্ষপ দ্বারা পূজা করিলে অবশ্যই শত্রুমরণ হইয়া থাকে। পূজান্তে এক শত এক ব্রাহ্মণ ভোজন করাইবে এবং সংকুলপ্রসূত সচ্চরিত্র ব্রাহ্মণকে এক গো এবং এক বলীবর্দ্দ (বলদ) প্রদান করিবে। মরীচ দ্বারা শিব-পূজা করিলে শত্রু বিনষ্ট হয়। অন্যান্য নানা-প্রকার ধান্য দ্বারা শিবপূজা করিলেও শত্রুনাশ হয়। হে ঋষিসত্তমগণ! আঢ়কীপত্র দ্বারা শিবকে রঞ্জিত করিয়া পূজা করিলে নানা সুখ হয়। ৪৬—৫৬। এই সকল কথা শ্রবণ করিয়া ঋষিবরগণ পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন। লক্ষ পুষ্প কত পরিমাণে হয়, এই হিতকর কথা বলুন। সূত তাঁহাদের এইরূপ বাক্য শ্রবণ করিয়া পুনর্ব্বার বলিলেন,—হে ঋষিবর্য্যগণ! শ্রবণ করুন। আপনাদের জিজ্ঞাসিত বিষয়ের উত্তর প্রদান করিতেছি। এক প্রস্থ শঙ্খী-পুষ্পে এক লক্ষ হয়। বেদব্যাস সূক্ষ্ম-দর্শনাভি-লাষী হইয়া এইরূপ লক্ষমান কীর্ত্তন করি[য়া]ছেন। জাতীপুষ্পের একাদশ প্রস্থে [এক লক্ষ] পরিমাণ হয় এবং যূথিকা-পরিমাণও ঐ প্রকা[র]। উক্ত পরিমাণের অর্দ্ধেক রাজিকা পুষ্প ল[ক্ষ] সংখ্যক, বিংশতিপ্রস্থে মল্লিকা-কুসুম এক ল[ক্ষ] হয় এবং তিলপুষ্প উনবিংশতি প্রস্থে এক ল[ক্ষ] হয়। করবীর-পুষ্প তদপেক্ষা দ্বিগুণ পরিমা[ণে] এক লক্ষ হয়। পণ্ডিতগণ বলিয়াছেন,—নির্গুণ্ডীকুসুমও ঐরূপ পরিমাণে এক লক্ষ হ[য়]। কর্ণিকার এবং বন্ধুজীব পুষ্পের ঐ প্রকার প[রি]মাণ। বন্ধুজীব পুষ্প দশপ্রস্থে এক লক্ষ হ[য়]। এইরূপ নানাপ্রকার পরিমাণ আলোচনাপূর্ব্ব[ক] সকল সমৃদ্ধি সাধনের নিমিত্ত পরমেশ্বর শিবে[র] পূজা করিবে। অনন্তর ধারাপূজা-ফল বলিতে[ছি]; মনুষ্যগণ ইহা শ্রবণ মাত্রে কল্যাণরাশি লা[ভ] করে। হে মুনিবরগণ! বিধিপূর্ব্বক শিবপূ[জা] করত জলধারা অর্পণ করিবে। প্রবল জ্ব[র] প্রশমের পক্ষে জলধারা শুভকরী। শতরুদ্রী[য়] মন্ত্র, একাদশ রুদ্রীয়, রুদ্রজাপ্য, পুরুষসূক্ত

* যথামতীতি পাঠান্তরং ক্বচিৎ।

এতদ্বৈ সকলং * লোকে সর্ব্বকামহিতায় বৈ ॥৮৩
স্কন্দোমাসহিতং লোকে সম্পূজ্য বিধিনা সকৃৎ।
যং ফলং লভতে মর্ত্ত্যস্তদ্বদামি যথাক্রমম্ ॥ ৮৪
অত্র সম্ভোগজাতং বৈ ভুক্ত্বা পুত্রাদিকং শুভম্।
অন্তে চ জায়তে যচ্চ শৃণুতামৃষিসত্তমাঃ ॥ ৮৫
সূর্য্যকোটিপ্রতীকাশৈর্বিমানৈঃ সর্ব্বকামিকৈঃ।
রুদ্রকন্যাসমাকীর্ণৈর্গেয়বাদ্যসমন্বিতৈঃ।
শিববৎ ক্রীড়তে ভোগী যাবদাভূতসংপ্লবম্ ॥ ৮৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পূজাবিধিবর্ণনং নামৈকোন-
ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯ ॥

ত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি মহাপুণ্যোঽসি বৈ পুনঃ
ত্বয়া চ কথিতং সর্ব্বং মাহাত্ম্যং শঙ্করস্য চ ॥ ১
তত্রৈবং কথিতং যচ্চ চম্পকং কেতকং তথা।
ন যোগ্যঞ্চ শিবায়ৈব কিন্তত্র কারণং বদ ॥ ২

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কারণং কথয়ামি চ।
কদাচিদ্রাঘবো যাতঃ ফল্গুতীরে সলক্ষ্মণঃ ॥ ৩
সীতয়া সহিতস্তত্র তস্থৌ পিত্রাজ্ঞয়া ধ্রুবম্।
শ্রাদ্ধকালং কদাচিদ্বৈ জ্ঞাত্বাদ্য করবাম কিম্ ॥ ৪
গ্রামে চ প্রেষয়ামাস লক্ষ্মণং শক্তকাম্যয়া।
কিঞ্চিদ্দ্রেকাদিকং গৃহ্য লজ্জিতো গতবাংস্তদা ॥ ৫
ততশ্চৈবাজ্ঞয়া তত্র বিলম্বং কৃতবাংস্তদা।
অতিকালং তদা জ্ঞাত্বা রামোঽপি গতবাংস্তদা ॥
জানকোকাকিনী তত্র দিবাকৃত্যং কথং পুনঃ।
বিচারতৎপরা হ্যাসীন্নায়াতি দেবরঃ কথম্ ॥ ৭
প্রাণনাথোঽপি তত্রৈব গতো নায়াতি বৈ কথম্।
শ্রাদ্ধকালো গতশ্চাত্র আস্মরং সম্ভবিষ্যতি ॥ ৮

মুক্তি লাভ করে। এই শিবপূজা-বিধি লোকের সকল অভিলাষ পূর্ণ করত সুখসাধন করেন। মনুষ্য কার্ত্তিকেয় এবং পার্ব্বতীর সহিত পরমেশ্বর মহাদেবের একবার পূজা করিয়া যে ফল লাভ করে, তাহা ক্রমশ বলিতেছি। ইহলোকে পরম ঐশ্বর্য্যবান্ হইয়া পুত্র-কলত্রাদির সহিত বিবিধ ভোগ উপভোগ করত অন্তে যাহা লাভ করে, তাহা শ্রবণ করুন;—হে মুনিমণ্ডলাগ্রগণ্যগণ! কোটি সূর্য্য সদৃশ কান্তিশালী সকল কামনা-সাধক বিমানে আরূঢ় হইয়া গান ও বাদ্য পরায়ণ রুদ্রকন্যাগণের সহিত প্রলয়কাল পর্য্যন্ত মহাদেবের ন্যায় সুখে ক্রীড়া করে। ৮১—৮৬।

একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥২৯॥

ত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে প্রভো! আপনি ধন্য, কৃতকৃত্য ও পরমপবিত্র; আপনি শঙ্করের যে সকল মাহাত্ম্য বর্ণন করিলেন, তাহাতে কহিলেন,—চম্পক ও কেতক পুষ্প শিবপূজার অযোগ্য; ইহার কারণ কি বলুন। সূত কহিলেন, হে ঋষিবরগণ! আমি উহার কারণ কহিতেছি, শ্রবণ করুন। কোন সময়ে রঘুনাথ রামচন্দ্র পিতার আদেশে লক্ষ্মণ ও সীতার সহিত ফল্গুনদীর তীরে যাইয়া তথায় কিছুকাল অবস্থান করিয়াছিলেন। তখন তাঁহার পিতৃশ্রাদ্ধের কাল উপস্থিত হইয়াছে দেখিয়া "অদ্য কি করিব" এইরূপ ক্ষণেক বিবেচনা করিয়া তিনি শ্রাদ্ধীয়দ্রব্যের সংগ্রহার্থ লক্ষ্মণকে নিকটস্থিত গ্রামে প্রেরণ করিলেন। তখন লক্ষ্মণ, লজ্জিত হইয়া একখানি পাত্র হস্তে গ্রহণপূর্ব্বক রামের আজ্ঞানুসারে গমন করিলেন, কিন্তু বিলম্ব হইতে লাগিল। তাঁহার কালবিলম্ব দেখিয়া শ্রাদ্ধের কালও অতীত হয় জানিয়া, রামচন্দ্র স্বয়ং গমন করিলেন। তখন তথায় জানকী একাকিনী থাকিয়া চিন্তা করিতে লাগিলেন,—মধ্যাহ্ন প্রায় অতীত হইতেছে, দিবা-করণীয় শ্রাদ্ধ কিরূপে হইবে? দেবর লক্ষ্মণ কেন এখন না আসিলেন প্রাণনাথও তথায় যাইলেন, এখনও কেন না আসিলেন?

---

* সকলমিতি পাঠান্তরং ক্বচিৎ।

ইতি বিচার্য্য সা তত্র স্নানং কৃত্বা বিধানতঃ।
ইঙ্গুদীদীপনং কৃত্বা পুলিনে সা স্থিতা তদা ॥ ৯
নায়াতি লক্ষ্মণশ্চৈব রাঘবশ্চ তথৈব চ।
ম পিতৃনহং দাস্যে পিণ্ডানাহ স্বয়ং তদা ॥ ১০
কিঞ্চিদ্বস্তু গৃহীত্বা তু তেনৈব পিণ্ডকাম্যয়া।
তা যদা তয়া তত্র হস্তাশ্চ নিঃসৃতাস্তদা ॥ ১১
দত্তস্তর্পিতা হৃদ্য ধন্যা ত্বং জনকাত্মজে।
তান্ দৃষ্ট্বা সুন্দরী হস্তান নানালঙ্কারভূষিতান ॥১২
উবাচ জানকী তত্র কে যূয়ং সমুপস্থিতাঃ•
শ্রুত্বা তু বচনং তস্যা উবাচ শ্বশুরস্তদা ॥ ১৩
অহং দশরথো নাম শ্বশুরস্তে চ সুব্রতে।
তৃপ্তাঃ স্ম তব পিণ্ডেন শ্রাদ্ধং তে সফলং কৃতম্ ॥
ইত্যুক্তা সা তদা তত্র জানকী বাক্যমব্রবীঃ

ভর্ত্তা মে নৈব মন্তেত হস্তস্য দর্শনাদিকম্ ॥ ১৫
ইত্যুক্তে চ তয়া তত্র স্বাপ্যাঃ সাক্ষ্যো স্বয়ানঘে।
ইতি বাণীং সমুৎপন্নাং শ্রুত্বা সা জনকাত্মজা ॥১৬
ফল্গুং নদীং তথা গাঞ্চ অগ্নিঞ্চ কেতকীং তদা।
উবাচ শ্রূয়তাং সম্যক্ তে সর্ব্বে সাক্ষিতাং গতাঃ ॥
ততঃ স্থণ্ডিলস্থে বৈ তাবদ্রামঃ সমাগতঃ।
সীতে শিবতস্ত্বং সাধ্বি ভবিতব্যা ত্বয়াধুনা ॥ ১৮
শ্রাদ্ধকালো গতপ্রায়ো লক্ষ্মণঃ সমুপস্থিতঃ।
ইত্যুক্তে চ তদা তেন জানকী বিস্মিতা সতী ॥১৯
নোবাচ বচনং কিঞ্চিৎ তদা দৃষ্ট্বা তথাবিধম্।
বিলম্বং ক্রিয়মাণাং তামুবাচ রাঘবস্তদা ॥ ২০
বৈদেহি বিস্মিতা কস্মাদ্ দৃশ্যসে ভামিনি কথম্।
ইতি পৃষ্টা তয়া তেন সর্ব্বঞ্চ কথিতং তদা ॥ ২১
তচ্ছ্রুত্বা রাঘবস্তত্র ভ্রাতরং বাক্যমব্রবীৎ
শ্রুতবান্ কচ্চিৎ সমাসৃজনকা কথিতঞ্চ যঃ ॥ ২২

শ্রাদ্ধের কাল প্রায় অতীত হয়, অতঃপর রাক্ষসী-বেলা উপস্থিত হইবে, এইরূপ বিচার করিয়া তিনি ফল্গুনদীতে যথাবিধি স্নানকার্য্য সমাধা করিলেন এবং ইঙ্গুদীতৈলের প্রদীপ প্রজ্বালিত করিয়া কিছুকাল উহঁাদিগের প্রতীক্ষায় থাকিলেন ১—৯। যখন রাম ও লক্ষ্মণ কেহই আসিলেন না, তখন "আমিই স্বয়ং অদ্য নিজ পতির পিতৃগণকে পিণ্ডপ্রদান করিব" এই স্থির করিয়া জানকী উপস্থিত মত যে কিছু বস্তু গ্রহণ করিয়া উহঁাদিগের উদ্দেশে পিণ্ড দিবামাত্র "হে জনকনন্দিনি! আজ আমরা পরিতৃপ্ত হইলাম, তাহাতে তুমিও ধন্য হইলে" এইরূপ বাক্য উচ্চারিত হইল এবং কেবল হস্ত সকল পিণ্ড-গ্রহণার্থ নিঃসৃত হইল। জানকী ঐ বাক্য শ্রবণ ও নানা অলঙ্কারে ভূষিত হস্ত সকল অবলোকন করিয়া কহিলেন, আপনারা কাহারা উপস্থিত হইয়াছেন, বলুন। জানকীর এই বাক্য শ্রবণে অদৃশ্য দশরথ কহিলেন, হে সুব্রতে সীতে! আমি তোমার শ্বশুর, আমার নাম দশরথ; তোমার পিণ্ডে আমরা পরিতৃপ্ত হইলাম, তোমার কৃত শ্রাদ্ধ সফল হইয়াছে। এই-রূপ কহিলেন। তখন জানকী উত্তর করিলেন, হে পিতঃ! "আমার পতি আপনাদিগের হস্ত-দর্শনাদি অদ্ভুতপূর্ব্ব ঘটনা কিছুই বিশ্বাস করিবেন না।" অনন্তর "হে নিষ্পাপে! তুমি এ বিষয়ে কতকগুলি সাক্ষী রাখ" এইরূপ আকাশ-বাণী শ্রবণ করিয়া জনকদুহিতা, ফল্গুনদী, ধেনু, অগ্নি ও কেতকীকে কহিলেন,—তোমরা সকলে এ বিষয়ে সাক্ষী রহিলে। পরে ঐ আকাশবাণী অন্তর্হিত হইলে রামচন্দ্র প্রত্যাগত হইয়া জানকীকে কহিলেন, হে সাধ্বি! এক্ষণে অতি-শীঘ্র পাককার্য্য শেষ কর, শ্রাদ্ধকাল গতপ্রায় এবং অল্পকালে এ সময়ে তোমার দেবরও উপস্থিত হইয়াছেন। অতএব বিলম্ব করিও না। কিন্তু জানকী এইরূপ উক্তা হইয়া বিস্মিতা হইলেন ও কিছুই উত্তর দিলেন না। তখন শ্রীরাম জানকীকে নিরুত্তরা ও বিলম্বকারিণী দেখিয়া কহিলেন, হে বৈদেহি! কেন এরূপ বিস্মিতের মত তোমাকে দেখিতেছি? অনন্তর জানকী আনু-পূর্ব্বিক সমস্ত বিবরণ কহিলেন ।১০—২১। উহা শ্রবণে রাঘব, ভ্রাতাকে সম্বোধন করিয়া কহিলেন, হে ভ্রাতঃ! জানকী যাহা কহিল, তাহা কি শুনিলে? আমরা শাস্ত্রমত আহ্বান করিয়া

* অত্র বচনং প্রত্তো ইতি বা নঃ প্রত্তো ইতি চ পাঠান্তরম্।

অস্মাভির্বিধিনা নৈব দৃষ্টশ্চৈবাধুনা ত্বয়া।
কার্য্যার্থে ব্যাকুলা সা বৈ ব্যলীকং হ্যুচ্যতে ত্বয়া॥
এবমুক্তে তদা তেন ব্রীড়িতা সাব্রবীদিদম্।
ময়া চ স্থাপিতা হেতে সাক্ষিত্বে রঘুনন্দন॥ ২৪
এবমস্থিতি সত্যং ব বদ্যেতে বচনং মম।
কথয়িষ্যন্তি তে সুভ্রু মন্যে সত্যং বচস্তথা॥ ২৫
ইত্যুক্তে চ তদা পৃষ্টাশ্চত্বারঃ সাক্ষিণস্তদা।
তে সর্ব্বে মোহমাপন্না ন জানীমো বয়ম্মিদম্॥২৬
ইতি শ্রুত্বা বচস্তেষাং রামশ্চ লক্ষ্মণস্তদা।
উচতুর্ভ্রাতরৌ তত্র হাস্যং কৃত্বা পরস্পরম্॥ ২৭
কার্য্যঞ্চ করণীয়ং তে দিবারূঢ় বুভুক্ষতা।
জানকী দুঃখমাপন্না কিং জাতং কিং কৃতন্ত্বিহ॥২৮
পাকং কৃতবতী তত্র রামঃ শ্রাদ্ধং তদা স্বয়ম্।
আবাহনে কৃতে তত্র বাণী সূর্য্যসমীপতঃ॥ ২৯
কিমর্থং হূয়তে পুত্র হনয়া তর্পিতা বয়ম্।

অত্রত্যঞ্চ বচঃ শ্রুত্বা ন মন্তেহহং বচো বিভো॥
কৃতং শ্রাদ্ধং পুনর্নৈব কর্ত্তব্যং হি ত্বয়ানঘ।
তথাপি রাঘবস্তত্র ন মেনে পরমং বচঃ॥ ৩১
সূর্য্যশ্চ সাক্ষিতাং যাতঃ কিমর্থং ক্রিয়তে ত্বয়া
জয়েতি চ তদা তাং বৈ রামশ্চ লক্ষ্মণস্তদা॥ ৩২
ধন্যা বয়ং যথাস্মাকং সাধ্বী কুলবধূরিতি।
পাকং কৃত্বা তদা ভুক্ত্বা রামো লক্ষ্মণমব্রবীৎ॥৩৩
এতে তু সাক্ষিতাং প্রাপ্তাঃকিং কৃতং দুষ্টবৎ ত্ব
এতস্মিন্নন্তরে দেবীশাপং তেভ্যোহদদাৎ পুনঃ॥
নদি ত্বয়া শ্রুতং যচ্চ দৃষ্টং যচ্চ তথা পুনঃ।
সত্যং নিবেদিতং নৈব পাতালে ত্বং বহাধুনা॥৩
কেতকি ত্বং শিবায়েহ ন যোগ্যা ভব সর্ব্বদা।
ন সত্যং কথিতঞ্চাদ্য তথা ত্বং ফলমাপ্নু হি॥ ৩৬
সন্নিকৃষ্টে তথা গাঞ্চ উবাচ জনকাত্মজা।
যদি সত্যং ত্বয়া নোক্তমীদৃশী ত্বং ভবাধুনা॥ ৩৭
পুচ্ছে শুদ্ধা মুখেহযোগ্যা ভব ত্বং সর্ব্বদানঘে।

যাঁহার দর্শন পাই না, তিনি এক্ষণে অযথা আহ্বানে দর্শন দিলেন, ইহা বড় আশ্চর্য্য। নিশ্চয়ই কার্য্য করিতে ব্যাকুল হইয়া সীতা মিথ্যা কহিয়াছে। রামের ঈদৃশ বচনে লজ্জিতা হইয়া সীতা কহিলেন, হে রঘুনন্দন! এ বিষয়ে এই ফল্গুনদী প্রভৃতি ইহাঁরা সাক্ষী আছেন। রাম কহিলেন, হে সুভ্রু। যদি ইহারা তোমার বাক্য সত্য বলিয়া কহেন, তবে গ্রাহ্য করিব। অনন্তর ফল্গু প্রভৃতি সাক্ষিচতুষ্টয়কে জিজ্ঞাসা করিলে তাঁহারা মোহে আক্রান্ত হইয়া কহিলেন, আমরা ইহার কিছুই জানি না। তাঁহাদিগের বাক্য শ্রবণ করিয়া রাম ও লক্ষ্মণ উভয় ভ্রাতায় পরস্পর হাস্য করিলেন, পরে রাম বলিলেন, শ্রাদ্ধ অবশ্য কর্ত্তব্য, অথচ মধ্যাহ্ন অতীত-প্রায়; তুমি এখনও অভুক্ত এবং ক্ষুধার্ত্ত; জানকীর বড়ই কষ্ট হইয়াছে; উদ্‌যোগ হইবে কি করিয়া? এক্ষণে করি কি? অনন্তর সীতা পাক করিলেন, রামচন্দ্র শ্রাদ্ধ করিতে আরম্ভ করিয়া পিতৃগণকে আবাহন করিলে, সূর্য্যমণ্ডল হইতে বক্ষ্যমাণ বাক্য নির্গত হইল,—"হে বৎস! কিজন্য পুনরায় আহ্বান করিতেছ? জানকী আমাদিগের তৃপ্তিসাধন করিয়াছেন।" এই বাক্য শ্রবণ করিয়াও রা কহিলেন, "হে প্রভো! আমি এই বাক মানিলাম না।" পুনরায় আকাশবাণী হইল "হে রাম! জানকী শ্রাদ্ধ করিয়াছেন, পুনরা শ্রাদ্ধ করিও না।" ইহাতেও রাম গ্রাহ্য ন করিলে সূর্য্যদেব স্বয়ং সাক্ষী হইয়া কহিলেন কেন তুমি পুনরায় শ্রাদ্ধ করিতেছ? তখন রা ও লক্ষ্মণ উভয়ে সীতার প্রতি "জয়" "জীব' ইত্যাকার শব্দ প্রয়োগ করিয়া কহিলেন, আমর ধন্য হইলাম যে, আমাদিগের কুলের ঈদৃশী পবিত্রা-বধূ। পাক হইলে, ভোজন করিবা পর, শ্রীরাম লক্ষ্মণকে কহিলেন, ভ্রাতঃ! ইহার সাক্ষী থাকিয়াও কি দুষ্টবৎ আচরণই করিল এমন সময়ে জানকী তাহাদিগকে শা দিলেন। ২২—৩৪। হে ফল্গুনদি! তুমি যাহা শুনিয়াছ, যাহা দেখিয়াছ, তাহা সত নিবেদন করিলে না, এজন্য পাতালে প্রবাহি হও। হে কেতকি! আজ তুমি সত্য কহিলে না, ইহার ফলভোগ কর; তুমি সকল সময়ে শিবের অগ্রাহ্য হইবে এবং সমীপস্থিতা গোকে কহিলেন, হে নিষ্পাপে। তুমি যে মিথ্যা

স দ্বিজোঽপি তদা কার্য্যং কৃত্বাচ্ছাদ্য চ পাত্রকম্ ॥
মিলিতশ্চ তদা মার্গে পুনঃ পৃষ্টং কুতো গতঃ।
এবং শ্রুত্বা পুনস্তত্র ব্যলীকং পরিভাষিতম্ ॥ ১১
ন লব্ধা চ ময়া ভিক্ষা গচ্ছামি চ যথাগতম্।
তচ্ছ্রুত্বা নারদঃ সর্ব্বং রহস্যঞ্চ জগাম হ ॥ ১২
চম্পকস্য সমীপে চ আগতো নারদঃ স্বয়ম্।
আগত্য চ তদা পৃষ্টো ব্রাহ্মণশ্চ কুতো গতঃ ॥ ১৩
গৃহীতানি চ পুষ্পাণি কিয়ন্তি ঋষিসত্তমঃ।
তমুবাচ তদা বৃক্ষো নিষিদ্ধশ্চ দ্বিজন্মনা ॥ ১৪
কো বা দ্বিজশ্চ কিং পুষ্পং কো বা ত্বং পরিপৃচ্ছসি
ততশ্চ নারদো জ্ঞাত্বা পরাবৃত্য শিবং গতঃ ॥ ১৫
সর্ব্বাণ্যপি চ পুষ্পাণি শতমেকোত্তরাণি চ।
গণিতানি তদা তেন নারদেন মহাত্মনা ॥ ১৬
অন্যেন কেনচিৎ তত্র কৃতা পূজা মহাত্মনা।
তং পপ্রচ্ছ পুনস্তত্র কো বা কিং ত্বং সমীহসে ॥১৭
কেনানীতানি পুষ্পাণি কথমুত্তারিতানি চ।

ইতি শ্রুত্বা বচস্তথ্যং ব্রাহ্মণোঽহং সদাশিবম্
পূজয়িত্বাঽর্থয়ে মুক্তিং সত্যমেতদ্‌ব্রবীমি তে।
অয়ং বৈ ব্রাহ্মণঃ কশ্চিৎ প্রত্যহং পরমেশ্বরম্
চম্পকৈঃ পূজয়িত্বা তু রাজ্ঞো মোহং দদাতি
অতো ধনং গৃহীত্বা তু বহূন্ পীড়য়তে দ্বিজান্
রাজ্ঞোঽধিশরণং প্রাপ্য দানাধিধিবলেন চ
অন্ধো ভূত্বা দ্বিজশ্চায়ং গণয়েন্ন পরান্ স্বকান্
পুষ্পাণ্যুত্তারিতানীহ পূজার্থে চ ময়া প্রভো
ইতি শ্রুত্বা বচস্তস্মৈ মুক্তিস্তে হ্যনপায়িনী ॥
ভবিষ্যতি ন সন্দেহ ইতি সত্যং বচো মম
চম্পকৈস্তোষিতঃ শম্ভুস্তস্য রাজ্ঞো বশং নয়
রাজানঞ্চ বশে নীত্বা দ্বিজানন্যান্ প্রপীড়য়েৎ।
দানাধ্যক্ষং তথা লব্ধা ব্রাহ্মণান্ পীড়য়ত্যসৌ।
এতৎ সর্ব্বং চম্পকেভ্যঃ ফলং লব্ধং তথা পুনঃ
চম্পকৈস্তোষিতঃ শম্ভুর্বরঞ্চ প্রযচ্ছতি ॥ ২০
নারদঃ কথয়ামাস শিবায় পরমাত্মনে।

প্রত্যাবৃত্ত হইলেন ১—১০। তখন ব্রাহ্মণ প্রকৃত-কার্য্য পুষ্পচয়ন করিয়া পুষ্পপাত্র আচ্ছাদন করত পথে গমন করিতেছিলেন, নারদ পুনরায় দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন, কোথায় যাইতেছ? তৎশ্রবণে ব্রাহ্মণ পুনরায় মিথ্যা কহিল;—"আমি ভিক্ষার্থ যাইয়াছিলাম, কিন্তু তাহা না পাইয়া প্রতিনিবৃত্ত হইয়াছি। নারদ উহা শুনিয়া সকল রহস্যই জানিতে পারিলেন এবং পূর্ব্বদৃষ্ট চম্পকবৃক্ষ-সন্নিধানে সমাগত হইয়া জিজ্ঞাসা করিলেন, হে পাদপশ্রেষ্ঠ! ঐ ব্রাহ্মণশ্রেষ্ঠ কোথায় যাইল ও কতকগুলি পুষ্প গ্রহণ করিয়াছে? বৃক্ষ, পূর্ব্বে ব্রাহ্মণ কর্তৃক ইহার যথার্থ উত্তর দিতে নিষিদ্ধ আছে, একারণ এইরূপ কহিল,—ব্রাহ্মণ কে? তুমি কে? পুষ্প কি? তুমি কে? কিবা জিজ্ঞাসা করিতেছ? অনন্তর মহাত্মা নারদ সকল বুঝিতে পারিয়া, শিবসন্নিধানে প্রত্যাবৃত্ত হইলেন এবং সংখ্যায় দেখিলেন, এক শত এক চম্পকপুষ্প শিবলিঙ্গে অর্পিত আছে। অন্য এক মহাত্মা ব্রাহ্মণ শিবপূজা করিতেছেন দেখিয়া জিজ্ঞাসা করিলেন,—তুমি কে? কি প্রার্থনা করিতেছ? এই পুষ্পসমূহ কোন ব্যক্তি আনিয়া শিবকে সম করিয়াছে? ইহা শ্রবণে তত্রত্য ব্রাহ্মণ স কহিল,—আমি ভগবান শিবকে পূজা করি মুক্তিপ্রার্থনা করিতেছি এবং এই একটী ব্রা চম্পকপুষ্প দ্বারা পরমেশ্বরকে প্রত্যহ পূ করিয়া, রাজাকে মুগ্ধ করিতেছে। সে ঐ রা সকাশে প্রচুর অর্থ গ্রহণ করিয়া, বহু ব্রাহ্মণ পীড়া দিতেছে এবং শিবপূজাবলে রা দানাধ্যক্ষতা লাভ করিয়া ধনমদে অ হইয়া, আত্মীয় ও পর বিবেচনা করে না। হে প্রভো! আমি পূজার্থে এই পু সমর্পণ করিয়াছি। নারদ তাঁহার ঈদৃ বাক্য শ্রবণ করিয়া বলিলেন, তোমার অক্ষয় মুক্তি হইবে, ইহাতে সন্দেহ নাই; ই আমি সত্য বলিতেছি। আর ভাবিলে "ঐ মিথ্যাবাদী ব্রাহ্মণ শম্ভুকে পুষ্প দ্বা সন্তুষ্ট রাখিয়া রাজাকে বশে আনিয়াছে; ব্রাহ্মণগণকে পীড়া দিতেছে এবং রাজার দানাধ্য হইয়া, ব্রাহ্মণদিগকে কষ্ট দিতেছে। ১১—২৪ এ সকল ফল চম্পক হইতেই লাভ করিয়াছে কারণ ভগবান্ চম্পকপুষ্প দ্বারাই পূজিত হই

তস্যাস্তদ্বচনং শ্রুত্বা নারদো বাক্যমব্রবীৎ।
শঙ্করন্তু নমস্কৃত্য শ্রূয়তাং হি ত্বয়া প্রভো ॥ ৪১
ঈদৃশো যো ভবেৎ স্বার্থে তদ্ধস্তাৎ পূজনং কথম্
গৃহ্যতে চ ত্বয়া দেব দুষ্টঃ কো বা হ্যতঃপরম্ ॥ ৪২
রাজপ্রতিগ্রহশ্চৈব দুষ্করং প্রথমং ভবেৎ।
ততশ্চৈব বিভাগশ্চ কিং পুনর্গোবিভাগভুক্ ॥ ৪৩
এতস্মাচ্চ পরো দুষ্টঃ কোঽন্যো ভবিতুমর্হতি।
যস্যাশ্চ দক্ষিণে শৃঙ্গে গঙ্গা চ পরিতিষ্ঠতি ॥ ৪৪
বামে চ যমুনা দেবী মধ্যে চৈব সরস্বতী।
স্কন্ধে ব্রহ্মা তথা মধ্যে রুদ্রঃ সপরিবারকঃ ॥ ৪৫
কট্যাং বিষ্ণুঃ সদা তিষ্ঠেৎ পৃষ্ঠে তীর্থান্যনেকশঃ
ঋষয়ো দক্ষিণে কুক্ষৌ বামে সর্ব্বাশ্চ দেবতাঃ ॥ ৪৬
নদ্যঃ সর্ব্বা হ্যধোভাগে বেদাঃ খুরনিবাসিনঃ
উধসি চ সমুদ্রাশ্চ জগৎ তস্যাং প্রতিষ্ঠিতম্ ॥ ৪৭
ঈদৃশীঞ্চৈব গাং যো বৈ পূজয়িত্বা চ প্রক্রমেৎ।
পৃথ্বীপ্রক্রমণাজ্জাতং ফলং তস্য সুনিশ্চিতম্ ॥ ৪৮

আসমুদ্রাং তাং ক্ষ্মাঞ্চৈব সুবর্ণপূরিতাং যদা।
দদাতি পুরুষো যশ্চ গাঞ্চৈবাত্র দদাতি যঃ ॥ ৪৯
তয়োঃ সমফলং প্রোক্তং নাত্র কার্য্যা বিচারণা
যস্যা দুগ্ধং নরঃ পীত্বা গঙ্গোদকফলং লভেৎ ॥ ৫০
শকৃন্মূত্রঞ্চ যস্যাশ্চ পীতং পুনাতি পাতকাৎ।
কিমপূজ্যং হি তস্যা গোঃ স্পর্শনাৎ পাপহারিকা।
পৃথিব্যাং ত্রীণি দানানি গাবঃ পৃথ্বী সরস্বতী।
নরকাদুদ্ধরন্ত্যেতে পূর্ব্বানেকোত্তরং শতম্ ॥ ৫২
যস্য পাপস্য প্রায়শ্চিত্তং নিঃসরেৎ তু ন কুত্রচিৎ
তস্য পাপস্য শুদ্ধিঃ স্যাৎ নাদ্যস্যাঃ সুরেশ্বর ॥ ৫৩
কিং পুনর্বর্ণ্যতে তস্যা দানং স্পর্শনং দর্শনম্
সুবর্ণং শৃঙ্গয়োশ্চৈব খুরেষু রূপ্যমেব চ ॥ ৫৪
পৃষ্ঠে তাম্রময়ং দত্ত্বা প্রবালং নেত্রয়োস্তথা।
কণ্ঠে চ ভূষণং যস্য বস্ত্রং সর্ব্বাঙ্গকে তথা ॥ ৫৫
কাংস্যদোহনপাত্রেণ সুশীলাং বৎসসংযুতাম্
তরুণীং রূপসম্পন্নাং বহুদুগ্ধবতীং যদা ॥ ৫৬

আমরা গো বিভাগ করিয়া সঞ্চিত পাপের কোথায় ক্ষালন করিব? ২৬—৪০। নারদ এইরূপ উহার বাক্য শ্রবণ করিয়া মহাদেবকে প্রণাম করত কহিতে লাগিলেন, হে প্রভো! অপনি শুনুন। হে দেব! যে ব্যক্তি এতাদৃশ অসাধু, তাহার হস্তে কেন পূজা গ্রহণ করেন? ইহার তুল্য দুষ্ট, পরদ্রব্যাপহারী আর কে আছে? দেখুন, প্রথমতঃ রাজসন্নিধানে প্রতিগ্রহাদি অতি দুষ্কার্য্য, তাহাতে বিভাগ, তন্মধ্যে আবার যে গোবিভাগ করিয়া লয়, সে মহাপাপী। ইহার পর দুষ্ট অন্য কেহ নাই। দেখুন, যাঁহার দক্ষিণ শৃঙ্গে গঙ্গা, বাম শৃঙ্গে যমুনা ও শৃঙ্গমধ্যে দেবী সরস্বতী অবস্থান করেন; যাঁহার স্কন্ধে ব্রহ্মা, মধ্যদেশে নন্দিপ্রভৃতি স্বানুচরসমবেত ভগবান্ রুদ্র, কটিদেশে বিষ্ণু, পৃষ্ঠভাগে তীর্থ সকল, দক্ষিণ-কুক্ষিতে ঋষিগণ, বামকুক্ষিতে দেবগণ, অধোভাগে নদী সকল, খুরদেশে বেদচয়, দুগ্ধাধারস্থলে সমুদ্রগণ অবস্থিত; অতএব ত্রিজগৎ গোরুতে প্রতিষ্ঠিত। ঈদৃশী গোরুকে যে ব্যক্তি পূজা করিয়া প্রদক্ষিণ করে, সে নিশ্চয় পৃথিবীপ্রদক্ষিণ জন্য পুণ্য লাভ করে।

আর যে ব্যক্তি সমুদ্র পর্য্যন্ত পৃথিবীকে সুবর্ণপূরিত করিয়া প্রদান বা একটী ধেনু প্রদান করে, সে উভয় দানে তুল্য ফললাভ করে, ইহাতে সন্দেহ নাই। মানব যাহার দুগ্ধ পান করিয়া গঙ্গোদকপানের ফল প্রাপ্ত হয় এবং যাহার বিষ্ঠা বা মূত্র পান করিলে সকল পাপ হইতে মুক্ত হয়, সেই গোরুর সকল অঙ্গই পবিত্র; উহা স্পর্শমাত্রেই পাপ সকল বিনষ্ট হয়। পৃথিবীমধ্যে গোদান পৃথিবীদান ও বিদ্যাদান করিলে শতসংখ্যক পূর্ব্বপুরুষগণ নরকযন্ত্রণা হইতে মুক্ত হন। হে দেবদেব। যে সকল পাপের প্রায়শ্চিত্ত কোন শাস্ত্রে নাই, ঐ গো প্রদান করিলে সেই সকল মহাপাতকেরও শুদ্ধি হয়; সেই ধেনুর দান, স্পর্শ ও দর্শনের বিষয় অধিক আর কি কহিব। যে ব্যক্তি সুরূপা, বহু পয়স্বিনী, সৎস্বভাবা, সবৎসা ধেনুর শৃঙ্গদ্বয়ে সুবর্ণ, খুরে রৌপ্য, নয়নে প্রবাল, কণ্ঠে অলঙ্কার, সর্ব্বাঙ্গে বস্ত্র ও পৃষ্ঠে তাম্র দিয়া এবং উহাকে কাংস্যদোহন-পাত্রসমন্বিতা করিয়া, তীর্থাদি পবিত্রস্থানে শুভ সময়ে সদ্‌ব্রাহ্মণকে অর্পণ করে,

তস্মান্মদ্বচনাদ্বিপ্র রাক্ষসত্বং গমিষ্যসি ॥ ৭৩
বিরাধো নাম বঙ্গাসৌ রাক্ষসত্বং গতঃ ক্ষণাৎ।
অনুগৃহীতস্তদা তস্য নারদেন মহাত্মনঃ ॥ ৭৪
রামস্য দর্শনং প্রাপ্য তদ্ধস্তান্মরণং ধ্রুবম্।
লব্ধা যাস্যসি তদ্রূপং প্রতাপাচ্ছঙ্করস্য চ ॥ ৭৫
ইত্যুক্তো নারদেনৈব সোঽপি রক্ষোঽভবৎ ক্ষণাৎ
বিরাধো নাম বিপ্রেন্দ্রাঃ সর্ব্বপ্রাণিভয়ঙ্করঃ ॥ ৭৬
দৃষ্ট্বা তং রাক্ষসং তত্র নারদঃ প্রাহ শঙ্করম্।
নমস্কৃত্য পুনস্তত্র গোকর্ণেশং তদা শুভম্ ॥ ৭৭
চম্পকস্য মহিমানং বর্ণয়িত্বা পুনঃ পুনঃ
ঈদৃশঞ্চ ভবল্লোকে সর্ব্বং বক্তুং নয়েদিহ ॥ ৭৮
ইত্যুক্ত্বা নারদস্তস্মৈ যযৌ স্বৈরগতির্মুনিঃ।
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং মুনীশ্বরাঃ
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবঃ ক্ষণাৎ ॥ ৮০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
চম্পকশাপনিরূপণং নামৈক-
ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১ ॥

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত সূত মহাভাগ ত্বয়া ভাগবতোত্তম।
যৎ পৃষ্টঞ্চৈব তৎ সর্ব্বং নিবেদিতমতন্দ্রিতম্
অস্মাকং সংশয়ঃ সর্ব্বঃ কৃতবান্ দূরতো ভবান্
ধন্যস্ত্বং কৃতকৃত্যশ্চ কিং পুনর্বর্ণয়ামহে ॥ ২
ব্যাসো বৈ যস্য তে যস্য গুরুঃ শিরসি রাজতে
কিং তস্য দুর্লভং লোকেঽস্মিন্ সংশয়াত্মরূপিণঃ।
ত্বয়া চ কথিতং যচ্চ পঞ্চায়তনমুত্তমম্
পূজনং শুভদং লোকে সর্ব্বকামফলপ্রদম্ ॥ ৩
বিষ্ণুর্দেবঃ প্রভুঃ পূর্ব্বং প্রকৃতিঃ পরমা শুভা
শঙ্করস্তু পরো দেবঃ সূর্য্যস্তু ত্রিগুণাত্মকঃ ॥ ৪
গণেশস্তত্র পঞ্চৈকো হি পূজ্যো জাতঃ কথং প্রভো
কো বা গণপতিস্তস্য কস্য পুত্রঃ কুতো বলম্
মহাপতিত্বং কথং প্রাপ্তঃ সর্ব্বং কথয় শোভন

দয়াপূর্ণ-হৃদয়ে কহিলেন, হে দ্বিজ! আমি কখন শত্রুর প্রতিও ভ্রমে মিথ্যা কহি না, একারণ আমার বচনে রাক্ষসত্ব লাভ করিবে। অনন্তর ঐ বিপ্র বিরাধ নামে রাক্ষস হইয়াছিল। তবে মহাত্মা নারদ তাঁহার প্রতি অনুগ্রহ করিয়া এই বলিলেন যে, তুমি শ্রীরামকে দর্শন করিয়া তাঁহার হস্তেই নিহত হইয়া শঙ্করের প্রভাবে পুনরায় সুন্দর রূপ লাভ করিবে। হে দ্বিজগণ! সেই ব্রাহ্মণ নারদ কর্তৃক এইরূপ উক্ত হইয়া সেইক্ষণেই সর্ব্বপ্রাণীর ভয়ঙ্কর বিরাধ নামে রাক্ষস হইল। নারদ সেই রাক্ষসকে অবলোকন করিয়া গোকর্ণনাথ শঙ্করকে পুনরায় প্রণাম করিয়া ও তাঁহার নিকট চম্পকের মহিমা বারংবার বর্ণনা করিয়া স্বৈরগমনে স্বস্থানে গমন করিলেন। হে মুনিগণ! আপনারা যাহা জিজ্ঞাসা করিয়াছেন, সে সকলই কহিলাম; মানব ইহা শ্রবণ করিলে ক্ষণকাল মধ্যে সকল পাপ হইতে মুক্ত হয়। ৬৮—৮০

একত্রিংশ অধ্যায় সমাপ্ত।

দ্বাত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে ভাগবতোত্তম সূত হে মহাভাগ সূত! আমারা যাহা জিজ্ঞাসা করিয়াছিলাম, তুমি অনলস হইয়া সে সকল যথার্থ উত্তর দিয়াছ; তুমি আমাদিগের সংশয় দূর করিয়াছ, তুমি ধন্য ও কৃতকৃত্য;—আমরা কি বর্ণনা করিব! হে সূত! যাহার গুরু বেদব্যাস মস্তকোপরি অবস্থিত, সেই আত্মতত্ত্বজ্ঞ তোমার ত্রিলোকমধ্যে কিছুই দুর্লভ নাই। তুমি যে কল্যাণময় সর্ব্বোত্তম সর্ব্বাভীষ্টদায়ী পঞ্চায়তন অর্চনাবিধি কহিয়াছ, হে প্রভো! ঐ পঞ্চায়তন-শ্রেণীতে আদিদেব বিষ্ণু, প্রকৃতিদেবী, দেবদেব শঙ্কর, সত্ত্বরজস্তমোগুণাত্মা সূর্য্য ও গণেশ ইঁহারা পূজনীয়; ইহার ভিতর ঐ গণেশ কিরূপে পূজনীয় হইয়াছেন? উনি কে? কাহার পুত্র? কিহেতু ঐরূপ বলবান এবং কিরূপেই বা

তদ্রূপং সুন্দরং তস্য বিলোক্য হর্ষমাগতা।
মুখমাচুম্ব্য সা তত্র হ্যালিঙ্গ্যাথাপরং তদা ॥ ২৩
স্থিতো দ্বারি সদা তত্র পার্ব্বতীহিতকাম্যয়া
স্বয়ঞ্চ মজ্জনার্থং সা স্থিতা চ সখিসংযুতা ॥ ২৪
এতস্মিন্নেব কালে তু শিবো দ্বারি সমাগতঃ।
গণৈঃ সার্দ্ধং সমায়ান্তী দ্বারি চ প্রাবিশদ্যদা ॥ ২৫
তদা নিষিদ্ধস্তেনৈব গম্যতে চ ত্বয়াধুনা
মজ্জনার্থং স্থিতা মাতা ক যাসি মা ব্রজাধুনা ॥ ২৬
ইত্যুক্ত্বা যষ্টিকাং তত্র রোধনায় সমাদধৎ
তদৃষ্ট্বা তু শিবঃ প্রাহ শিবোঽহমিতি নান্যথা ॥ ২৭
ইত্যুক্ত্বা গমমানং তং যষ্ট্যা চৈবাপ্যতাড়য়ৎ।
কঃ শিবঃ কুত্র যাসি ত্বং কিমর্থং গম্যতেঽধুনা ॥২৮
শিব উবাচ।
মূর্খোঽসি ত্বং ন জানাসি শিবোঽহং গিরিজাপতিঃ।
ইত্যুক্ত্বা প্রবিশন্তং তং দণ্ডেনাতাড়য়ৎ পুনঃ ॥২৯

ততঃ শিবশ্চ সংক্রুদ্ধো গণানাজ্ঞাপয়ৎ ত[illegible]
কো বায়ং বর্ত্ততে কিঞ্চ ক্রিয়তে পশ্যতং প্র[illegible]
ইত্যুক্ত্বা তু শিবস্তত্র স্থিতঃ ক্রোধসমন্বিতঃ।
গণাস্তে ক্রোধমাপন্নাঃ পপ্রচ্ছুর্দ্বারপালকম্।
কোঽসি ত্বং কুত আয়াতঃ কিং বা ত্বং চি[illegible]
তদীয়ং তদ্বচঃ শ্রুত্বা দ্বারপালোঽব্রবীদিদম্।
যূয়ং কে কুত আয়াতা ভবন্তঃ সুন্দরা ইয়[illegible]
যত্র দূরং কিমর্থং বৈ স্থিতা যূয়ং বিরোধিনঃ
এবং শ্রুত্বা বচস্তস্য হাস্যং কৃত্বা পরস্পরম্
কথয়ং বর্ত্ততে কিঞ্চ ব্রবীতি শত্রুবৎ পুন[illegible]
তদূচুস্তং তদা সর্ব্বে [illegible] দ্বারপালক
বয়ং শিবগণাঃ সর্ব্বে শিবাজ্ঞাপ্রতিপালকাঃ
[illegible] তু গণং মত্বা ন হন্যামোঽন্যথা হ[illegible]
তিষ্ঠ দূরে হতস্ত্বঞ্চ কিমর্থং মৃত্যুমীহসে [illegible]
ইত্যুক্তেঽপি গণেশস্তু দ্বারং ন মুক্তবাংস্ত[illegible]
তে সর্ব্বেঽপি গণাস্তত্র শিবায় [illegible] তৎক্ষ[illegible]

"তুমি এক্ষণে আমার দ্বারপাল হও" এই-রূপ কহিয়া গণেশকে যষ্টি ধারণ করাইয়া দ্বারে সংস্থাপিত করিলেন ;—তাঁহার সুন্দর রূপ সন্দর্শনে আনন্দিতা হইয়া পুনঃপুনঃ তাঁহার মুখচুম্বন ও আলিঙ্গন করিয়া স্থাপন করিলেন। তিনিও পার্ব্বতীর হিতার্থী হইয়া দ্বারে থাকিলেন। তখন পার্ব্বতী সখীসমেতা হইয়া স্নানার্থ স্বয়ং গমন করিলেন ; এমত সময়ে ভগবান্ স্বানুচর প্রমথগণের সহিত ঐ দ্বারে উপস্থিত হইলেন ও প্রবেশ করিতে উদ্যত হইলেন। তখন গণেশ তাঁহাকে "তুমি কোথায় যাইতেছ ? এক্ষণে মা আমার স্নান করিতেছেন ; তুমি যাইও না" এইরূপ কহিয়া তাঁহাদিগের প্রবেশ-রোধের জন্য যষ্টিকা গ্রহণ করিলেন। তাহা দেখিয়া শিব কহিলেন, আমি শিব, অন্য কেহ নহি। ১৪—২৭। ভগবান্ এইরূপ কহিয়া প্রবেশ করিতে উদ্যোগ করিলে, গণেশ তাঁহাকে কহিলেন, কে শিব ? তুমি কোথায় যাইতেছ ? কি জন্য যাইতেছ ? এই বলিয়া যষ্টি দ্বারা তাঁহাকে তাড়না করিলেন। "তুমি মূর্খ, কিছুই জান না ; আমি পার্ব্বতীর স্বামী" এই কহিয়া শিব প্রবেশ করিতে যাইলে, গণেশ [illegible] তাঁহাকে দণ্ড দ্বারা তাড়না করিলেন। তখন ক্রুদ্ধ হইয়া "এ কোন ব্যক্তি রহিয়াছে ? [illegible] করিতেছে দেখ" প্রমথগণকে এইরূপ [illegible] অতি ক্রোধে একান্তে অবস্থান করিলেন। [illegible] তর প্রমথেরা অতি ক্রুদ্ধ হইয়া দ্বারপা[illegible] জিজ্ঞাসা করিল, তুমি কে ? কোথা হই[illegible] আসিয়াছ ? কি করিতে বাসনা করিয়াছ ? [illegible] পাল উহাদিগের বাক্য শ্রবণ করিয়া কহি[illegible] লাগিলেন, তোমরা কাহার ? কোথা হই[illegible] আসিয়াছ ? তোমাদিগকে বড়ই রূপবান্ দে[illegible] তেছি ! তোমরা দূরে গমন কর, কিজন্য এ[illegible] বিরোধী হইয়াছ ? প্রমথগণ তাঁহার [illegible] বাক্য শ্রবণে পরস্পর হাস্যপরায়ণ হইয়া ব[illegible] লাগিল, এ ব্যক্তি শত্রুর মত কি বলিতে[illegible] এই কহিয়া তাঁহাকে কহিল, "হে দ্বারপা[illegible] শ্রবণ কর। আমরা শিবানুচর প্রমথ, শি[illegible] আজ্ঞাবহ ; তোমাকে কেবল পার্ব্বতীপুত্র বি[illegible] চনায় নিধন করিতেছি না, অন্যথা তুমি এ[illegible] বিনষ্ট হইতে। অতএব দূরে অবস্থান [illegible] কিজন্য নিজ মৃত্যু কামনা করিতেছ ?" এ[illegible]

শিবশ্চৈব গণাঃ সর্ব্বে নিবাসাবাসয়ঃ কথম্ ॥ ৫৩
প্রবিশন্তি হঠাদেব নৈতচ্ছুভতরং তব ।
সম্যক্ কৃতং হ্যনেনৈব কোঽপি প্রবেশিতো ন হি
দুঃখঞ্চৈবানুভূয়াপি তিরস্কারাদিকং তথা ।
অতঃ পরন্তু বাগ্‌বাদঃ ক্রিয়তে চ পরস্পরম্ ॥ ৫৪
বাগ্বাদশ্চ কৃতো নৈব তর্হ্যায়ান্তু সুখেন বৈ ।
কৃতে চৈবাত্র বাগ্বাদে জিত্বা চ বিনয়েন চ ॥ ৫৫
প্রবিশন্তু তদা সর্ব্বে নান্যথা কর্হিচিৎ প্রিয়ে ।
অয়ঞ্চৈবাস্মদীয়ো বৈ ভর্ৎসিতে ভর্ৎসিতা বয়ম্ ॥৫৬
তস্মাদ্দেবি ত্বয়া ভদ্রে ন ত্যাজ্যো মান উত্তমঃ ।
শিবো মর্কটবৎ তেঽদ্য বর্ত্ততে কিং করিষ্যতি ॥৫৭
তদীয়ং তদ্বচঃ শ্রুত্বা পার্ব্বতী মানিনী তদা ।
অহো স্থিতং ক্ষণং নৈব হঠাৎকারঃ কথং কৃতঃ ॥৫৮
কথঞ্চৈবাত্র কর্ত্তব্যো বিনয়ো বাথবা পুনঃ ।
ভবিষ্যতি ভবত্বেব কৃতং নৈবান্যথা পুনঃ ॥ ৫৯
ইত্যুক্ত্বা তু সখী অত্র প্রেষিতা প্রিয়য়া তদা ।
সমাগত্য সখী সা চ প্রিয়য়া কথিতং শৃণু ॥ ৬০
সম্যক্ কৃতং ত্বয়া ভদ্র বলাৎ প্রবিশতা ন হি ।
ভবদগ্রে গণা এতে জয়ন্তি কিং ভবান্ পুনঃ ॥৬
কৃতং চেদ্বৈ কৃতঞ্চৈব কর্ত্তব্যং ক্রিয়তাং ত্বয়া ।
জিত্বা যান্তু পুনর্ব্বাপি বিনয়ৈরথবা ধ্রুবম্ ॥ ৬২
ইতি শ্রুত্বা বচস্তস্যা মাতুশ্চৈব গণস্তথা ।
বদ্ধকক্ষস্তথোষ্ণীষং বদ্ধা জঙ্ঘোরূ নাদয়ন্ ॥ ৬৩
উবাচ স গণান্ সর্ব্বান্ শ্রূয়তাং গণসত্তমাঃ ।
অহঞ্চ গিরিজাসূনুর্ যূয়ং শিবগণাস্তথা ॥ ৬৪
উভয়ে সমতাং প্রাপ্তাঃ কর্ত্তব্যং ক্রিয়তাং পুনঃ
ভবন্তো দ্বারপালাশ্চ অহঞ্চৈব কথং ন হি ॥ ৬৫
ভবদ্ভিশ্চ স্থিতং হ্যত্র যদা ভবতি নিশ্চিতম্ ।
তদা ভবদ্ভিঃ কর্ত্তব্যং শিবাজ্ঞাপরিপালনম্ ॥ ৬৬
ইদানীন্তু ময়া চাত্র শিবাজ্ঞাপরিপালনম্ ।
হঠাদ্বা বিনয়েনাপি গন্তব্যং মন্দিরে পুনঃ ॥ ৬৭

গণেশ যদি না থাকিত, তবে শিব ও প্রমথগণ সকলেই বাড়ীর ভিতরে আসিত। তাহা হইলে কিরূপে আমাদিগের সুখে বাস হইত। যদি উহারা হঠাৎ প্রবেশ করিত, তাহা তোমার পক্ষে শুভতর হইত না। গণেশ উত্তম করিয়াছে, তিরস্কারাদি নানা দুঃখ অনুভব করিয়াও কাহাকেও প্রবেশ করিতে দেয় নাই। এক্ষণে পরস্পর বাক্‌কলহ করিতেছে। ৪৪—৫৪। যদি বাক্‌কলহ না করিত, তাহা হইলে সকলেই অক্লেশে আসিত। এক্ষণে উহারা বাগ্‌যুদ্ধে পরাভূত হইয়া বিনয় করিলে পরে প্রবেশ করিতে দিউক। হে সখি! গণেশ অস্মদীয়; একারণ উহাকে ভর্ৎসনা করিলে আমরা সকলে ভর্ৎসিত হই। হে ভদ্রে! তুমি মান পরিত্যাগ করিও না। শিব তোমার নিকট বানরের ন্যায় বর্ত্তমান। উনি আজ কি করিবেন? পার্ব্বতী সখীবাক্য শ্রবণ করিয়া মানিনী হইলেন এবং কহিলেন, অহো! শিব, সাহুচরে ক্ষণকাল স্থির হইতে পারিলেন না, বল প্রয়োগ করিলেন কি না! এক্ষেত্রে বিনয় করি কিরূপে? অতএব যাহা হইবে, তাহা হউক; যাহা হইয়াছে, তাহার আর অন্য হয় না। অনন্তর গণেশসমীপে সখী প্রেরণ করিলেন। সেই সখী আ[illegible] গণেশকে কহিল, তুমি বলপূর্ব্বক ইহাদিগ[illegible] প্রবেশ করিতে না দিয়া ভাল করিয়াছ। [illegible] এখনও প্রমথগণ তোমার সম্মুখে সগর্ব্বে র[illegible] য়াছে; অবে তুমি কি করিয়াছ! যাহা করিয়[illegible] তাহার আর অন্যথা হয় না; এক্ষণে য[illegible] কর্ত্তব্য, তাহা কর। উহারা তোমাকে [illegible] করিয়া অথবা তোমার নিকট নত হইয়া প্র[illegible] করুক। জননীর তাদৃশ বাক্য শ্রবণ ক[illegible] গণেশ কবচ ও উষ্ণীষ বাঁধিলেন এবং জঙ্ঘা[illegible] উরুদ্বয় হস্ত দ্বারা তাড়িত করিয়া গণ সক[illegible] কহিতে লাগিলেন, হে প্রমথগণ! তোমরা [illegible] কর; আমি পার্ব্বতীর পুত্র, শিবের অনুচ[illegible] উভয়েই সমান; এক্ষণে যাহা কর্ত্তব্য হয়, ত[illegible] কর। তোমরা দ্বারপাল, আমিও দ্বারপা[illegible] যখন তোমরা এখানে থাকিবে, তখন তো[illegible] দিগের শিবের আজ্ঞা প্রতিপালন করা অ[illegible] কর্ত্তব্য; এক্ষণে আমিও শিবার আদেশ প্র[illegible] পালন করিব। তোমরা যুদ্ধে আমাকে পর[illegible] করিয়া অথবা আমার নিকট নত হইয়া

ত্যুক্তাশ্চ গণাঃ সর্ব্বে যযুস্তে শিবসন্নিধৌ।
জ্জিতং লজ্জিতং গত্বা নমস্কৃত্য পুরঃ স্থিতাঃ ॥৬৮
ত্বা নিবেদিতং সর্ব্বং শিবাগ্রে গণসত্তমৈঃ।
সর্ব্বস্তু তদা শ্রুত্বা শঙ্করো বাক্যমব্রবীৎ ॥৬৯
মতাশ্চ গণাঃ সর্ব্বে যুদ্ধযোগ্যাঃ ভবেন্ন হি।
হস্কেবাত্র যূয়ঞ্চ তত্র গৌরীগণস্তথা ॥ ৭০
নয়ঃ ক্রিয়তে চেদ্বৈ বক্ষ্যো বৈ শঙ্করঃ স্ত্রিয়াঃ।
ত্তকেবাত্র কর্ত্তব্যমেকাকী কিং করিষ্যতি ॥ ৭১
বস্তুশ্চ গণা লোকে যুদ্ধে চৈব বিশারদাঃ।
দীয়াশ্চ কথং যুদ্ধং হিত্বা যাস্তথ লাঘবম্ ॥ ৭২
স্ত্রীগ্রহঃ কথং কার্য্যাঃ কৃত্বা ... লমবাপ্স্যতি
র্ত্তব্যং সর্ব্বথা যুদ্ধং যদ্ভাবি তদ্ভবিষ্যতি ॥ ৭৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং গণ-
যুদ্ধং নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২ ॥

গৃহে প্রবেশ কর। উহারা গণেশ কর্তৃক এইরূপ উক্ত হইয়া শিবসন্নিধানে গমন করিল এবং অতি লজ্জিতভাবে তাঁহাকে নমস্কার করিয়া সম্মুখে অবস্থান করিল। পরে তাঁহাকে সকল বৃত্তান্ত নিবেদন করিলে তিনি তাহা শ্রবণ করিয়া উহাদিগকে বলিতে লাগিলেন, হে প্রমথগণ! শ্রবণ কর, এস্থলে যুদ্ধ আমাদিগের যোগ্য নহে। আমাদিগের পক্ষে আমি ও তোমরা; উহার পক্ষে গৌরী ও গণেশ; কিরূপে যুদ্ধ হইবে? কিন্তু যদি বিনয় প্রকাশ করি, তবে লোকে কহিবে, মহাদেব স্ত্রীর বশ্য। অতএব যাহা আরম্ভ হইয়াছে, তাহা কর্ত্তব্য; গণেশ একাকী কি করিবে? তোমরা প্রমথগণ, যুদ্ধদক্ষ বলিয়া লোকে বিখ্যাত আছ এবং আমার আত্মীয় হইয়া যুদ্ধ পরিত্যাগ করিয়া কেন লঘুতা স্বীকার করিতেছ? পার্ব্বতী স্ত্রীলোক; ও কিরূপে যুদ্ধ করিবে এবং করিলেও উচিত ফল পাইবে। এক্ষণে সর্ব্বতোভাবে যুদ্ধ করা উচিত। যাহা হইবে, তাহা হউক। ৫৫—৭৩।

দ্বাত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩২ ॥

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

ইত্যুক্তাস্তে গণাস্তেন নিশ্চয়ং পরমং গতাঃ।
সন্নদ্ধাস্তে তদা জগ্মুঃ সর্ব্বেঽপি শিবমন্দিরম্ ॥ ১
গণোঽপি চ তথা দৃষ্ট্বা আয়াতান গণসত্তমান।
যুদ্ধাটোপং বিধায়ৈব স্থিতঃ সোঽব্রবীদিদম্ ॥ ২
আয়াস্তু গণপাঃ সর্ব্বে শিবাজ্ঞাপরিপালকাঃ
অহমেকশ্চ বালশ্চ শিবাজ্ঞাপরিপালকঃ ॥ ৩
তথাপি পশ্যতু দেবী পার্ব্বতী সুতজং বলম্।
শিবস্যৈব গণানাঞ্চ বলং পশ্যন্তু বৈ পুনঃ ॥ ৪
বলবদ্বলযুদ্ধঞ্চ মানিনী-শিবপক্ষয়োঃ।
ভবদ্ভিশ্চ কৃতং পূর্ব্বং যুদ্ধং যুদ্ধবিশারদাঃ ॥ ৫
মম পূর্ব্বং কৃতং নৈব বালোঽপি ক্রিয়তেঽধুনা
তথাপি ভবতাং লজ্জা ভবিষ্যতি জয়াজয়ে ॥ ৬
মমৈবস্তু জয়েঽপি বৈপরীত্যং ভবিষ্যতি।
মমৈবং ভবতাং নৈব গিরিজা-শিবয়োরিহ ॥ ৭

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন, অনন্তর প্রমথগণ শিবকর্তৃক ঐরূপ উক্ত হইয়া যুদ্ধসজ্জা করিয়া গণেশ সন্নিধানে গমন করিল। গণেশ তাহাদিগকে যুদ্ধার্থ সমাগত দেখিয়া নিজেও যুদ্ধোদ্যোগ করিয়া কহিতে লাগিলেন, মহাদেবের আজ্ঞাকর্ত্তা প্রমথগণ যুদ্ধার্থ আগমন করুক; আমিও শিবের আজ্ঞাকারী একাকী বালক হইলেও তাহাদিগের সহিত যুদ্ধ করিব। আজ দেবী পার্ব্বতী পুত্রের বল অবলোকন করুন; মহাদেবও স্বগণের বলাবল পরীক্ষা করুন! পার্ব্বতী ও মহাদেবের এই উভয় পক্ষের মধ্যে সংকৃত যুদ্ধই প্রবল হইবে! হে সংগ্রাম-কুশল প্রমথগণ! পূর্ব্বে তোমরা অনেকবার যুদ্ধ করিয়াছ; কিন্তু আমি বালক, পূর্ব্বে কখন যুদ্ধ করি নাই; এই সর্ব্বপ্রথম যুদ্ধ করিব। এই যুদ্ধে তোমাদিগের পরাজয় অথবা জয় হইলেও লজ্জা আছে, কিন্তু এ বিষয়ে আমার কোনপ্রকারেই লজ্জা নাই। কিন্তু ইহাতে জয় বা পরাজয় হইলে, তোমাদিগের বা আমার নহে, সকলই সেই পার্ব্বতী

এবং জ্ঞাত্বা চ কর্ত্তব্যং যুদ্ধঞ্চৈব গণেশ্বরাঃ।
ভবদ্ভিঃ স্বামিনং দৃষ্ট্বা ময়া চ মাতরং পুনঃ॥ ৮
ক্রিয়তে কীদৃশং যুদ্ধং ভবিতব্যং ভবত্বিতি।
ইত্যেবং ভর্ৎসিতাস্তে তু ক্রুদ্ধা লোহিতচক্ষুষঃ॥৯
বিবিধান্যায়ুধান্যেবং ধৃত্বা তে চ সমুদ্যযুঃ।
বর্ষয়ন্তস্তথা দন্তান্ হুঙ্কৃত্য চ পুনঃ পুনঃ॥ ১০
পশ্য পশ্য ব্রুবন্তশ্চ গণাস্তে সমুপাতাঃ।
নন্দী প্রথমমাগত্য ধৃত্বা পাদং ব্যকর্ষয়ৎ॥ ১১
ধাবন্ ভৃঙ্গী দ্বিতীয়ঞ্চ পাদং ধৃত্বা তথৈব চ।
যাবৎ পাদং ব্যকৃষতাং তাবৎস্তেন বৈ গণঃ॥ ১২
অহতা তৌ তু হস্তাভ্যামুত্রোট্য পাদকৌ স্বয়ম্।
দ্বারস্থং পরিঘং গৃহ্য সর্ব্বানাপোথয়ৎ তদা॥ ১৩
কেষাঞ্চিৎ তু শিরাংস্যেব কেষাঞ্চিৎ পৃষ্ঠকানি চ।
কেষাঞ্চিৎ তু শিরাংস্যেব কেষাঞ্চিন্মস্তকানি চ॥১৪
কেষাঞ্চিজ্জানুনী তত্র কেষাঞ্চিৎ কন্ধরাংস্তথা।
সম্মুখমাগতা যে বৈ তে সর্ব্বে হৃদয়ে হতাঃ॥ ১৫
কেচিচ্চ পতিতা ভূমৌ কেচিচ্চ বিদিশো গতাঃ।
কেচিচ্চ চরণৌ নত্বা কেচিচ্ছিবান্তিকং গতাঃ।
তেষাং মধ্যে তু কশ্চিন্নৈ সংগ্রামে সম্মুখো ন...
সিংহং দৃষ্ট্বা যথা যান্তি মৃগাশ্চৈব দিশো দশ
তথা তে চ গণাঃ সর্ব্বে গতাশ্চৈব সহস্রশঃ।
পরাবৃত্য তদা সোঽপি দ্বারি চ সমুপস্থিতঃ॥
কল্পান্তকরণে কালো দৃশ্যতে চ তথা হি সঃ
এতস্মিন্ সময়ে তত্র ব্রহ্মা ইন্দ্রশ্চ দেবতাঃ॥
প্রেরিতা নারদেনাথ দেবাঃ সর্ব্বে সমাগমন্
বিষ্ণুশ্চাপি সমায়াতঃ শিবস্য হিতকাম্যয়া॥ ...
সমাগতাস্তদা সর্ব্বে সমাখ্যায় পুরঃ স্থিতাঃ।
ঋষয়শ্চ তথা সর্ব্বে অপ্সরসাং গণস্তথা॥ ২...
শিবঞ্চৈব নমস্কৃত্য আজ্ঞাং দেহি প্রভো ইতি
গণান্ ভিন্নাংস্তদা দৃষ্ট্বা তেভ্যঃ সর্ব্বং নিবেদিত্...
তেভ্যঃ সর্ব্বং নিবেদ্যৈব ব্রহ্মাণং সমুবাচ হ
ব্রহ্মংস্ত্বয়া চ গন্তব্যং প্রসাদ্যোঽয়ং মহাবলঃ॥ ২...

ও শিবের হইবে ; ইহা বিবেচনা করিয়া তোমাদিগের যুদ্ধ করা উচিত। তোমরা নিজ প্রভুর সম্মুখে ও আমি জননীর সম্মুখে যুদ্ধ করিব ; ন্যায় অন্যায় তাঁহারা বিবেচনা করিবেন যাহা হইবার তাহা হইবে। প্রমথগণ, গণেশের ঈদৃশ কটূক্তিতে অতিশয় ক্রুদ্ধ ও আরক্তনয়ন হইয়া বিবিধ অস্ত্র ধারণ পূর্ব্বক যুদ্ধার্থ উদ্যুক্ত হইল। তাহারা দন্তে দন্ত ঘর্ষণ করিয়া পুনঃপুনঃ হুঙ্কার করিতে লাগিল ও 'দেখ দেখ" বলিতে বলিতে সকলে সমাগত হইল। প্রথমে নন্দী আসিয়া গণেশের একপাদ গ্রহণপূর্ব্বক আকর্ষণ করিলে, পরে ভৃঙ্গী আসিয়া তাহার অপর পাদ গ্রহণ করিয়া সেইরূপ আকর্ষণ করিল ; এমত সময়ে গণেশ বাহু দ্বারা উভয়কে আঘাত করিয়া নিজ চরণ আকর্ষণ করিয়া লইলেন এবং দ্বারস্থিত অর্গল গ্রহণ করিয়া ঐ শিবসেবকগণকে তাড়িত করিলেন। ১—১৩। গণেশ কাহাদিগের কটি, কাহারও পৃষ্ঠ, কাহারও শিরঃ, কাহাদিগেরও মস্তক, কাহারও জানু, কাহারও বা কন্ধরা বিষম আহত করিলেন এবং যাহারা সম্মুখে আসিল, তাহাদিগের হৃদয়স্থানে আঘাত করিলেন। তন্মধ্যে কেহ কেহ ভূমিতে পতিত হইল, কেহ বা দিক্‌দিগন্তে গমন করিল এবং কেহ কেহ গণেশচরণে নমস্কার করিল কেহ কেহ শিবসন্নিধানে গমন করিল। এইরূপে উহাদিগের মধ্যে কেহই যুদ্ধে অগ্রসর হইল না। যেরূপ মৃগগণ সিংহকে দেখিলে দশদিকে পলায়ন করে, সেইরূপ প্রমথগণ নানাদিকে পলায়ন করিল। তখন গণেশ প্রত্যাবৃত্ত হইয়া দ্বারে উপস্থিত হইলে সকলে তাঁহাকে, জগৎ গ্রাস করিতে উদ্যত প্রলয়কালীন মহাকালের ন্যায়, ভয়ঙ্কর দেখিয়াছিল ; এমত সময়ে নারদমুখে অবগত হইয়া ইন্দ্রাদি দেবগণ ও ব্রহ্মা তথায় আগমন করিলেন, বিষ্ণুও শিবের হিতার্থী হইয়া সমাগত হইলেন এবং ঋষিগণ, অপ্সরোগণ, সকলে সমাগত হইয়া সকলকে আশ্বাস দান করিলেন। তৎপরে তাঁহারা সকলে শিবকে নমস্কার করিয়া "হে প্রভো আজ্ঞা প্রদান করুন, কি করিতে হইবে" এইরূপ কহিলেন। তখন ভগবান্ শিব, প্রমথদিগকে আহত ও নানাস্থানগত দেখিয়া দেবগণকে সকল কথা বলিয়া ব্রাহ্মণকে কহিলেন, হে ব্রহ্মন্

রম্ভা চ মেনকা চৈব উর্ব্বশী চ তিলোত্তমা।
ইত্যাদ্যপ্সরসাং শ্রেষ্ঠাঃ পুষ্পচন্দনপাণয়ঃ ॥ ৪০
ঋষয়ো নারদাদ্যাশ্চ যে চ যুদ্ধেহভিলালসাঃ।
তে সর্ব্বে চ সমাজগ্মু র্যুদ্ধস্য দর্শনায় বৈ ॥ ৪১
তেঽপি বিস্ময়মাপন্না ঈদৃশং ন কদাপি হ।
গুণরূপং তদা দৃষ্টং কালোঽয়মপরঃ কৃতঃ ॥ ৪২
পৃথিবী কম্পিতা দেবী সমুদ্রসহিতা তদা।
পর্ব্বতাঃ প্রতিনাদং বৈ চক্রুঃ সংগ্রামসম্ভবম্ ॥ ৪৩
দ্যৌশ্চৈব সগ্রহা চীর্ণা সর্ব্বে ব্যাকুলতাং গতাঃ।
দেবাঃ পলায়িতাঃ সর্ব্বে গণাশ্চৈব পলায়িতাঃ ॥ ৪৪
ষণ্মুখশ্চ তদা সর্ব্বানাবার্য্য পুরতঃ স্থিতঃ।
শক্তিদ্বয়েন তদ্‌যুদ্ধং সর্ব্বঞ্চ নিষ্ফলীকৃতম্ ॥ ৪৫
যেঽবস্থিতাশ্চ সর্ব্বেঽপি শিবস্যান্তিকমাগতাঃ।
তে সর্ব্বে মিলিতাশ্চৈব নমস্কৃত্য শিবং তদা ॥ ৪৬
অব্রুবন্ বচনং সর্ব্বে কোঽয়ং গণবরঃ শুভঃ।
পুরা চৈব শ্রুতং যুদ্ধমিদানীং বহুধা পুনঃ ॥ ৪৭
দৃশ্যতে ন শ্রুতং দৃষ্টমীদৃশং ন কদাচন।
কিঞ্চিদ্বিচার্য্যতাং দেব স্বস্থধী প্রলয়ো ভবেৎ।
ইত্যেবং বচনং শ্রুত্বা শিবঃ পরমকোপনঃ।
কোপং জগাম তত্রৈব গম্যতাঞ্চ ময়াধুনা ॥ ৪৯
দেবসৈন্যঞ্চ তৎ সর্ব্বং শিবস্যানুজগাম হ।
এতস্মিন্নন্তরে দেবং নমস্কৃত্যাথ নারদঃ ॥ ৫০
অয়ঞ্চ জীবিতশ্চেৎ স্যাৎ প্রলয়ঞ্চ করিষ্যতি।
যথা তথাপ্যয়ং দেব হন্তব্যঃ সর্ব্বথা ত্বয়া ॥ ৫১
ইত্যুক্ত্বা নারদস্তত্র হ্যন্তর্দ্ধানং গতস্তদা।
শিবোঽপি সহ সৈন্যেন যুদ্ধং চক্রে সুদারুণম্।
মহাদেবোঽপি তং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং গতঃ।
ছলেনৈব চ হন্তব্যো নান্যথা হন্যতে পুনঃ ॥ ৫
ইতি বুদ্ধিং সমাস্থায় সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ।
শিবে দৃষ্টে তদা দেবে নির্গুণে গুণরূপিণি ॥ ৫
বিষ্ণৌ চৈবাপি সংগ্রাম আয়াতে সর্ব্বদেবতাঃ।
গণাশ্চৈব তথা হর্ষং জগ্মুঃ সর্ব্বে পরস্পরম্।
প্রথমং প্রেরয়ামাস বিষ্ণুঃ সর্ব্বসুখাবহঃ।

ঘুরাইতে লাগিলেন, ঐ যুদ্ধ দেখিবার জন্য রম্ভা, মেনকা, উর্ব্বশী, তিলোত্তমা প্রভৃতি অপ্সরোগণ পুষ্প ও চন্দন লইয়া এবং নারদাদি ঋষিগণ, যে কেহ যুদ্ধ দর্শনে চুক, সকলেই আগমন করিলেন। গণেশের ন্যায় রূপ গুণ তাঁহারা কখন দেখেন নাই; গণেশকে দ্বিতীয় কাল মনে করিয়া বিস্ময়াপন্ন হইলেন। সসাগরা সদ্বীপা ধরা কম্পমানা হইলেন, পর্ব্বত সকলেই যুদ্ধের প্রতিধ্বনি হইতে লাগিল, অন্তরীক্ষ গ্রহনক্ষত্রের সহিত চঞ্চল হইয়া পড়িল এবং দেবগণ ও প্রমথগণ সকলে অতি ব্যাকুল হইয়া পলায়ন করিতে লাগিলেন। ৩২—৪৪। তখন ষণ্মুখ, সকলকে বেষ্টন করিয়া স্বয়ং সম্মুখ-যুদ্ধ করিতে লাগিলেন; গণেশ তাঁহার সকল অস্ত্র পূর্ব্বোক্ত শক্তিদ্বয় দ্বারা বিফল করিলেন। অনন্তর সকলে শিবসন্নিধানে গমন করিলেন ও শিবকে নমস্কার করিয়া কহিতে লাগিলেন, হে দেব! আমরা পূর্ব্বে কত যুদ্ধের কথা শুনিয়াছি, এক্ষণেও কত যুদ্ধ দেখিতেছি, কিন্তু এরূপ যুদ্ধ কখন শ্রবণ করি নাই ও দেখি নাই। ঐ শুভ গণশ্রেষ্ঠ কে?—কিছুই জানি পারিতেছি না। এক্ষণে আপনি স্বয়ং উদ্যো হউন, নচেৎ মহাপ্রলয় হইবে। ভগবান্ শি বাক্য শ্রবণ করিয়া অতি ক্রুদ্ধ হইলেন এ অতিবেগে তথায় গমন করিলেন। দেবসেনা তাঁহার অনুগমন করিল। এমত সময়ে না আসিয়া ভগবান্‌কে নমস্কার করিয়া কহি লাগিলেন, হে দেব! এই গণেশ জী থাকিলে জগৎ ধ্বংস করিবে; অতএব উহা যে কোন উপায়ে সর্ব্বতোভাবে নিধন করু এই বলিয়া নারদ অন্তর্হিত হইলে শিব, সৈ গণের সহিত মিলিত হইয়া দারুণ যুদ্ধ করি উদ্যোগ করিলেন। তিনিও গণেশকে দেখি অতিশয় বিস্মিত হইলেন এবং "ইহাকে কে ছলে বিনাশ করিতে হইবে, নচেৎ নিহত হই না" এইরূপ বিবেচনা করিয়া সৈন্যমধ্যে অবস্থি করিলেন। গুণাতীত গুণময় ভগবান্ শিব বিষ্ণুকে যুদ্ধস্থলে আসিতে দেখিয়া দেব ও প্রমথগণ সকলে পরস্পর আনন্দ প্রকা করিতে লাগিলেন। তখন সর্ব্বানন্দদায়ী বি

মোহয়িষ্যামি হস্ততাক ত্বয়া প্রভো ॥ ৫৬
বিনা ন হন্তাবৈ তামসোঽয়ং দুরাসদঃ।
কৃত্বা মতিং তত্র বিষ্ণুর্মোহপরায়ণঃ ॥ ৫৭
স্বয়ং তদা লীনং হরিং দৃষ্ট্বা তথ্যবিষ্ণু।
শোঽপি তদা তত্র যত্র বিষ্ণুঃ স্থিতঃ স্বয়ম্ ॥ ৫৮
যং ক্ষিপ্তবাংস্তত্র গণোঽপি বলবত্তরঃ।
তস্য মুখং দৃষ্ট্বা শিবোঽপি চ জগাম হ ॥ ৫৯
নক সমাদায় গতঃ কোপসমন্বিতঃ।
নং পাতিতং হস্তাং পিনাকং পুনরাদদে ॥ ৬০
াপাতয়দ্ভূমৌ পরিঘেণ মহাত্মনা।
পঞ্চ তথা হস্তাঃ পঞ্চভিঃ শূলমাদদে ॥ ৬১
দুঃখতরং নূনং গণানাং কিং পুনর্ভবেৎ
বাদ্দিতাশ্চ তে দেবা যাতাশ্চৈব দিশো দশ ॥ ৬২
স্বক গণং দৃষ্ট্বা ধন্যোঽয়মিতি চাব্রবীৎ।
বা দৈবতাশ্চৈব যথা দৃষ্টাস্তথা পুনঃ ॥ ৬৩
াশ্চ বহবশ্চৈব যক্ষ-গন্ধর্ব্ব-রাক্ষসাঃ।

নৈতেন সমতাং যান্তি রূপ-শৌর্য্য-গুণাদিভিঃ ॥ ৬৪
এবং বিষ্ণুং ক্রমত্তক পরিঘং ভ্রাময়ংস্তদা
চিক্ষেপ বিষ্ণবে তত্র চক্রে চূর্ণত্বমাগতা ॥ ৬৫
গৃহীত্বা বিষ্ণুচক্রস্তু যুযুধাতে পরস্পরম্।
খণ্ডস্থ পরিঘস্তাপি হরয়ে প্রাক্ষিপৎ তদা ॥ ৬৬
গৃহীত্বা গরুড়েনাপি পক্ষিণা বিক্ষীকৃতম্।
যত্র যত্র ক্ষিপেৎ তং বৈ পরিঘং তত্র তত্র হ ॥ ৬৭
শূন্যক কৃতবান্ সো বৈ বিজয়কাপ সত্তমঃ।
বিষ্ণুশ্চৈব গণশ্চৈব যুযুধাতে পরস্পরম্ ॥ ৬৮
এতস্মিন্নন্তরে প্রাপ্য শূলপাণিস্ত্বথোত্তরে।
আগত্য চ ত্রিশূলেন শিরস্তস্য ন্যপাতয়ৎ ॥ ৬৯
ধনং ধান্যং সমৃদ্ধিশ্চ প্রতিষ্ঠারোগ্যমেব চ ॥ ৬৪
অভীষ্টং সকলং তস্য জায়তে নাত্র সংশয়ঃ ।
দ্বিতীয়ং জ্যোতীরূপঞ্চ কথিতং লোকহেতবে ॥ ৬৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৫ ॥

সহর্ষে শিবকে প্রণাম করিয়া, সেই তীর্থ প্রদক্ষিণ করিলেন এবং প্রশংসা করিতে করিতে স্বস্থানে গমন করিলেন। চন্দ্রও নিজ পূর্ব্বকার্য্য করিতে লাগিলেন। ৪৫—৫২। হে মুনীশ্বরগণ! এই সোমেশ্বরের কথা কহিলাম। সোমেশ্বর লিঙ্গ এই প্রকারে উৎপন্ন। যে তাঁহার উৎপত্তি শ্রবণ করে, সে পাপমুক্ত হয়। অতঃপর মল্লিকার্জ্জুন লিঙ্গের উৎপত্তি কহিব। পূর্ব্বে যাহার প্রস্তাব হইয়াছে, অদ্য তাহা কহিব। কুমারের বিয়োগে গিরিজাকে দুঃখিতা দেখিয়া শম্ভু কহিলেন, হে প্রিয়ে! উৎকট দুঃখ ত্যাগ কর, তোমার পুত্র আসিবে। যখন গিরিজা, সে কথায় শান্ত হইলেন না, তখন দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, অপ্সরোগণকে কুমারসমীপে পাঠাইলেন। তাঁহারা সকলে হর্ষান্বিত হইয়া কুমারকে আনিতে গমন করিলেন। গমন করিয়া কুমারের আগমনের নিমিত্ত বিস্তর চেষ্টা করিলেন, তিনি যখন আগমন করিলেন না, তাঁহারা তখন প্রত্যাবৃত্ত হইলেন। তাহাতে গিরিজা ও শম্ভু অতি দুঃখিত হইয়া শীঘ্র কার্ত্তিকের সমীপে গমন করিলেন। পুত্র, তথা হইতে আরও তিন যোজন দূরে ক্রৌঞ্চ পর্ব্বতে গমন করিলেন। ৫৩—৬০। তাঁহারা (শিবশিবা) তখন সেখানে আসীন হইয়া জ্যোতীরূপ ধারণ করিলেন। সেই দিন হইতে মল্লিকার্জ্জুন নামে শিবের লিঙ্গ ত্রিভুবনে প্রসিদ্ধ হইল। সেস্থানে সনাতন মহাদেব জ্যোতীরূপে অবস্থান করিলেন। সেই লিঙ্গ দেখিলে সকল পাপ হইতে মুক্ত হওয়া যায়, দুঃখ দূরে যায় এবং অত্যন্ত সুখ হয়। পুনর্ব্বার তাহাকে জননীগর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় না। ধন, ধান্য, প্রতিষ্ঠা, আরোগ্য সকল অভীষ্ট সম্পূর্ণ হয়, এ বিষয়ে সন্দেহ নাই। এই দ্বিতীয় জ্যোতির্লিঙ্গের কথা কহিলাম। ৬১—৬৫।

পঞ্চচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৫ ॥

ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

...ত সর্ব্বং বিজানাসি ব্রহ্মন্ ব্যাসপ্রসাদতঃ।
...গ্যাতিষাঞ্চ কথাং শ্রুত্বা তৃপ্তির্নৈব বিজায়তে॥ ১
...গাং ত্বয়া বিশেষেণ অদেব কথ্যতাং পুনঃ।

সূত উবাচ।

...ন্যোঽহং কৃতকৃত্যোঽহং শ্রীমতাং সঙ্গযোগতঃ॥
...বতাং কথয়িষ্যামি কথাং পাপপ্রণাশিনীম্।
...বন্তী নগরী রম্যা মুক্তিদা সর্ব্বদেহিনাম্॥ ৩
...প্রা চৈব মহাপুণ্যা বর্ত্ততে লোকপাবনী।
...ত্রাসীদ্ব্রাহ্মণশ্রেষ্ঠঃ সর্ব্বকর্ম্মপরায়ণঃ॥ ৪
...বেদাধ্যয়নকর্তা চ বেদকর্ম্মরতঃ সদা।
...ধ্যানসমাযুক্তঃ শিবপূজারতঃ সদা॥ ৫
...র্থিবং প্রত্যহং লিঙ্গং পূজয়ামাস বৈ দ্বিজঃ।
...র্মফলং প্রাপ্য বেদপ্রিয়দ্বিজস্তদা॥ ৬
...ং গতিং সমালেভে সম্যগ্জ্ঞানপরায়ণঃ।
...পুত্রাস্তস্য হ্যাসংশ্চত্বার ঋষিসত্তমাঃ॥ ৭
দেবপ্রিয়শ্চ জ্যেষ্ঠো বৈ প্রিয়মেধস্ততঃ পরঃ।
তৃতীয়ঃ সুকৃতো নাম ধর্ম্মবাদী চ সুব্রতঃ॥ ৮
তে ধর্ম্মধারকা হ্যাসন্ শিবপূজাপরায়ণাঃ।
পিতুরনবমা নিত্যং ধর্ম্মাশ্রয়াস্তথা শুভাঃ॥ ৯
তেষাং পুণ্যপ্রতাপাচ্চ পৃথিব্যাং সুখমৈধত।
শুক্লপক্ষে যথা চন্দ্রো বর্দ্ধতে চ নিরন্তরম্॥ ১০
তথা তেষাং গুণাস্তত্র বর্দ্ধন্তে স্ম সুখাবহাঃ।
ব্রহ্মতেজোময়ী সা বৈ নগরী যাভবং তদা॥ ১১
এতস্মিন্নন্তরে তত্র যজ্জাতং শ্রূয়তাং পুনঃ।
পর্ব্বতে রত্নমালে চ দূষণো বৈ মহাসুরঃ॥ ১২
বলবান্ দৈত্যরাজশ্চ ধর্ম্মদ্বেষী নিরন্তরম্।
ব্রহ্মণো বরদানাচ্চ জগৎ তৃণীকরোতি চ॥ ১৩
পৃথিব্যাং বেদধর্ম্মাংশ্চ স্মৃতিধর্ম্মাংশ্চ সর্ব্বশঃ।
খোটিতাংস্তেন দুষ্টেন সিংহেন চ শশা ইব॥ ১৪
বাধন্তে বেদধর্ম্মাংশ্চ তাবন্তো দনুজঃ কৃতাঃ।
তীর্থে তীর্থে তদা ক্ষেত্রে অরণ্যে চৈব যে পুনঃ॥
তে সর্ব্বে দনুজো নীতাস্তেনৈকেন দুরাত্মনা।

ষট্চত্বারিংশ অধ্যায়।

ঋষিরা কহিলেন, হে সূত! তুমি ব্যাস-প্রসাদে সকল পদার্থই অবগত হইয়াছ। জ্যোতির্লিঙ্গের উপাখ্যান শুনিয়াও তৃপ্তি হই-তেছে না। সেইজন্য জ্যোতির্লিঙ্গের কথা বিশেষরূপে কীর্ত্তন কর। সূত কহিলেন, আপনাদের সঙ্গলাভে আমি ধন্য হইয়াছি, কৃত-কার্য্য হইয়াছি; এই পাপনাশিনী কথা কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। সকল দেহীর মুক্তি-দাত্রী অবন্তী নাম্নী নগরী আছে। সেই নগরী-প্রান্তে মহাপুণ্যা লোকপাবনী ক্ষিপ্রা (শিপ্রা) নদী প্রবাহিতা। সেই নগরীতে আহিতাগ্নি সর্ব্বকর্ম্মপরায়ণ বেদপ্রিয় নামক এক ব্রাহ্মণ-শ্রেষ্ঠ বাস করিতেন। তিনি বেদপাঠ ও বেদোক্ত কর্ম্ম করিতেন এবং সতত শিবপূজাপরায়ণ ছিলেন। সেই দ্বিজ প্রত্যহ পার্থিব লিঙ্গ পূজা করিতেন। সম্যক্জ্ঞানী সেই বিপ্র তখন দক্ষ কর্ম্মের ফললাভ করিয়া, সদ্গতি লাভ করিলেন। হে ঋষিগণ! ইঁহার চারিটী উত্তম পুত্র ছিল। জ্যেষ্ঠের নাম দেবপ্রিয়, দ্বিতীয় প্রিয়মেধ, তৃতীয় সুকৃত, চতুর্থ ধর্ম্মবাদী সুব্রত। ইঁহারাও বেদোক্ত কর্ম্মকর্তা ও শিব-পূজাপরায়ণ হইয়াছিলেন, ধর্ম্মই তাঁহাদের এক-মাত্র আশ্রয়; পিতা যেরূপ ছিলেন, ইঁহারাও সেইরূপ হইয়াছিলেন। ইঁহাদের পুণ্যবলে পৃথিবীতে সুখ বর্দ্ধিত হইতে লাগিল। শুক্ল-পক্ষীয় চন্দ্রের ন্যায় ইঁহাদের গুণ ক্রমশঃ বাড়িতে হইতে লাগিল। সেই অবন্তী নগরী যেন ব্রহ্মতেজোময়ী হইল। ঐ সময়ে সেখানে যাহা হইয়াছিল, শুনুন। রত্নমাল পর্ব্বতে দূষণ নামে মহাসুর ছিল। সেই বলবান্ দৈত্যরাজ নিরন্তর ধর্ম্মদ্বেষ করিত এবং ব্রহ্মার বর পাইয়া সে, জগৎকে তৃণ জ্ঞান করিল। সেই অসুর, পৃথিবীতে বেদোক্ত ধর্ম, স্মৃত্যুক্ত ধর্ম সকলকে নষ্ট করিতে লাগিল। যেরূপ সিংহ শশক সকল নষ্ট করে তদ্রূপ সেই দুষ্ট, যত বেদধর্ম্ম ছিল, সব দূর করিয়া দিল। সকল তীর্থস্থানে অরণ্যে যে যে ধর্ম্ম ছিল, সেই এক

ন দৃষ্টঃ কাপি ধর্ম্মো বৈ বেদসম্ভব এব চ ॥ ১৬
অবন্তী নগরী রম্যা তত্রাদৃশ্যত বৈ পুনঃ।
ইতি বিচার্য্য তেনেহ যৎ কৃতং শ্রূয়তামতঃ ॥ ১৭
বহুসৈন্যসমাযুক্তো ব্রাহ্মণান্‌ সমুপাযযৌ।
কিমেতে ব্রাহ্মণাঃ পৃষ্টা ন কুর্ব্বন্তি বচো মম ॥ ১৮
সর্ব্বে দেবা ময়া লোকে রাজানশ্চ বশীকৃতাঃ।
যশে কিং ব্রাহ্মণাঃ শক্যা ন জেতুং দৈত্যসত্তমাঃ ॥
যদি জীবিতুমিচ্ছা স্যাং তদা ধর্ম্মং শিবস্য চ।
দেবানাঞ্চৈব ধর্ম্মঞ্চ ত্যক্ত্বা সুখবিভাগিনঃ ॥ ২০
অন্যথা জীবনে বাসে সংশয়শ্চ ভবিষ্যতি।
ইতি নিশ্চিত্য তে দৈত্যাশ্চত্বারো বৈ মহাবলাঃ ॥
চতুর্দ্দিক্ষু তথা যাতাঃ প্রলয়ে চ যথা পুরঃ।
তে ব্রাহ্মণাস্তথা শ্রুত্বা বচনং রক্ষসাঞ্চ হি ॥ ২২
ন দুঃখং লেভিরে তত্র শিবধ্যানপরায়ণাঃ।
ধৈর্য্যং সমাশ্রিতাস্তে চ রেখামাত্রং ততো দ্বিজাঃ ॥

ন চেলুঃ পরমাত্মানাথরাকাঃ কে শিবাগ্রতঃ।
এতস্মিন্নন্তরে তৈস্তু ব্যাপ্তা সা নগরী তদা ॥
লোকাশ্চ পীড়িতাস্তৈন ব্রাহ্মণান্‌ সমুপাযযুঃ।
স্বামিনঃ কিঞ্চ কর্ত্তব্যং দুষ্টাশ্চ সমুপাগতাঃ ॥ ২[illegible]
হিংসিতা বহবো লোকা আগতাশ্চ সমীপতঃ।
তেষাঞ্চ বচনং শ্রুত্বা হ্যূচুস্তে ব্রাহ্মণাঃ পরাঃ ॥
শ্রূয়তাং বিদ্যতে নৈব বলং পরভয়াবহম্‌।
ন শস্ত্রাণি তথা সন্তি যৈশ্চৈতে বিমুখাঃ পুনঃ ॥
সামান্যস্যাপি মান্যো বৈ আশ্রয়স্য ভবেদিহ।
কিং পুনশ্চ সমর্থস্য শিবস্যৈব ভবেন্ন হি ॥ ২৮
শিবো রক্ষাং করোত্বদ্য নান্যথা শরণং শিবাৎ।
ইতি স্থৈর্য্যং সমাস্থায় পূজাস্তু পার্থিবস্য চ ॥ ২[illegible]
কৃত্বা চেতস্তথা সম্যক্‌ স্থিতা ধ্যানপরায়ণাঃ।
প্রাণায়ামপরাস্তে চ কুম্ভ-পূরক-রেচকৈঃ ॥ ৩০

দুরাত্মা তৎসমুদয় নষ্ট করিল। কোথায়ও আর বেদোক্ত ধর্ম্ম রহিল না। ১—১৬। সে দেখিল, এখন এই দেশে এক রম্য অবন্তী নগর আছে; এইরূপে চিন্তা করিয়া যাহা করিয়াছিল; অতঃপর তাহাই শ্রবণ করুন। সেই অসুর বহুসৈন্যপরিবৃত হইয়া ব্রাহ্মণগণের নিকটে উপস্থিত হইল এবং নিজ সৈন্যগণকে বলিল, এই হৃষ্টপুষ্ট ব্রাহ্মণগণ কি আমার কথা রাখিবে না? হে দৈত্যসত্তমগণ! আমি জগতের সকল দেবগণ ও রাজগণকে বশীভূত করিয়াছি; ব্রাহ্মণগণকে কি জয় করিতে পারিব না? যদি বাঁচিতে ইচ্ছা থাকে, তাহা হইলে, শৈবধর্ম্ম এবং যাগযজ্ঞাদি পরিত্যাগ করিয়া সুখভাগী হও; নচেৎ তোমাদিগের জীবন থাকিবে কি না ও সুখে বাস রহিবে কি না সন্দেহ। তখন চারজন মহাবল দৈত্য ব্রাহ্মণদিগকে এই কথা বলিতে নিশ্চয় করিয়া, চতুর্দ্দিকে গমন করিল। তাহাতে বোধ হইল, যেন প্রলয়কাল উপস্থিত হইয়াছে। অবন্তীবাসী ব্রাহ্মণগণ, দৈত্যগণের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া দুঃখিত হইলেন না; কারণ তাঁহারা শিবধ্যানে তৎপর। সেই ধৈর্য্যসম্পন্ন

ঋষিগণ, পরম চিন্তা হইতে অল্পমাত্রও বিচ[illegible]
হইলেন না; মনে করিলেন, এ সকল দু[illegible]
দৈত্যগণ শিবের নিকটে অতি সামান্য। ইত[illegible]
সরে অবন্তীনগরী দৈত্যগণে পরিব্যাপ্ত হই[illegible]
লোক সকল দূষণপীড়িত হইয়া ব্রাহ্মণগ[illegible]
শরণাপন্ন হইল এবং বলিতে লাগিল, হে স্বা[illegible]
গণ! দুষ্ট দৈত্যগণ উপস্থিত হইয়াছে, বহ[illegible]
লোকের সংহারও করিয়াছে, ক্রমে আ[illegible]
আসন্নতর হইতেছে; এখন কর্ত্তব্য কি? উ[illegible]
দুষ্ট ব্রাহ্মণগণ, তাহাদিগের সেই কথা শ্র[illegible]
করিয়া বলিতে লাগিলেন, শুন, শত্রুদি[illegible]
ভয়াবহ পরাক্রম বা সৈন্য আমাদিগের নাই[illegible]
অস্ত্রশস্ত্রও নাই যে, ইহারা পরাঙ্মুখ হইবে[illegible]
তবে সাহসের মধ্যে এই যে রক্ষক-ব্যক্তি [illegible]
সামান্য ব্যক্তিও হয়, তথাপি রক্ষিতদিগের পী[illegible]
নিরাকরণে তাহাদিগের অভিমান হয়, সর্ব্বে[illegible]
সর্ব্বসমর্থ শিবের কি তাহা হইবে না[illegible]
১৭—২৮। শিব আজ আমাদিগের র[illegible]
করুন; শিব ভিন্ন আমাদিগের আর রক্ষাক[illegible]
নাই। এইরূপ ধীরতা অবলম্বনপুরঃসর শি[illegible]
পূজা ও প্রণিধান করিয়া শিবধ্যান করি[illegible]
লাগিলেন। তখন তাঁহারা পূরক, কুম্ভক [illegible]

দৈত্যেন তাবচ্চ হন্তুতাং বধ্যতামিতি।
স্তুতেক্ষ তদা নৈব ধ্যানমার্গপরায়ণৈঃ ॥ ৩১
বচ্চ পার্থিবে স্থানে গর্ত্তমাসীৎ সশব্দকম্।
হাকালঃ সমুৎপন্নো দৃষ্টা তাং তাদৃশীং গতিম্ ॥৩২
যান্তু ব্রাহ্মণানাং হি সমীপং দূরতো ব্রজ।
ত্যুক্তা হুঙ্কৃতেনৈব ভস্মসাৎ কৃতবাংস্তদা ॥ ৩৩
সং সৈন্যং হতন্তেন কিঞ্চিৎ সৈন্যং পলায়িতম্।
শ্চ হতং তেন শিবেন পরমাত্মনা ॥ ৩৪
থাং দৃষ্টা যথা যাতি তমশ্চ সংক্ষয়ং পুনঃ।
থৈব চ শিবং দৃষ্টা সৈন্যং নাশমুপাগমৎ ॥ ৩৫
বদুন্দুভয়ো নেদুঃ পুষ্পবৃষ্টিঃ পপাত হ
াহ্মণাংশ্চ সমাবাস্য প্রসন্নো হি শিবঃ স্বয়ম্ ॥ ৩৬
ত্বপি দেবং শিবং প্রোচুর্মুক্তিং দেব প্রযচ্ছ নঃ।
াত্রৈব লোকরক্ষার্থং স্থাতব্যং হি শিব ত্বয়া ॥ ৩৭
ত্যুক্তস্তু শিবস্তত্র তস্থৌ গর্ত্তে সুশোভনে
তল্লোকানাঞ্চৈব রক্ষার্থং দত্ত্বা মুক্তিং দ্বিজাং দা ॥ ৩
দ্বিজাস্তে মুক্তিমাপন্নাশ্চতুর্দিক্ষু শিবাদনু।
ক্রোশমাত্রং তদা জাতা লিঙ্গরূপিণ এব চ ॥ ৩৯
মহাকালেশ্বরো নাম খ্যাতশ্চ ভুবনত্রয়ে।
তং দৃষ্টা দুঃখকং স্বপ্নে নায়াতি ঋষিসত্তমাঃ ॥ ৪০
যং যং কামমপেক্ষ্যৈব সেবতে তং ফলং লভেৎ।
এতৎ সর্ব্বং সমাখ্যাতং শ্রূয়তাং পরমং বচঃ ॥ ৪১
ওঙ্কারশ্চ যথা হ্যাসীৎ তথা চ শ্রূয়তাং পুনঃ।
কস্মিংশ্চ সময়ে চাত্র নারদো ভগবাংস্তদা ॥ ৪২
গোকর্ণাখ্যং শিবং গত্বা আগতো বিন্ধ্যকে স্বয়ম্।
তত্রৈব পূজিতস্তেন বহুমানপুরঃসরম্ ॥ ৪৩
মযি সর্ব্বঞ্চ বিদ্যেত ন ন্যূনং হি কদাচন।
ইতি মনং তদা শ্রুত্বা নারদো মানদা তদা ॥ ৪৪
নিশ্বস্য সংস্থিতস্তত্র শ্রুত্বা বিন্ধ্যোঽব্রবীদিদম্।
কিং ন্যূনঞ্চ ত্বয়া দৃষ্টং যদি নিশ্বাসকারণম্ ॥ ৪৫
তচ্ছ্রুত্বা নারদো বাক্যমুবাচ শ্রূয়তাং পুনঃ।

চকরূপ প্রাণায়ামে রত হইলেন। দূষণ-
দৈত্য তাঁহাদিগকে দেখিয়া "ইহাদিগকে বধ
র, বন্ধন কর" এইরূপ বলিল; কিন্তু তাঁহারা
ধ্যানে আসক্তচিত্ত হওয়াতে তাহা শুনিতে
াইলেন না। এমন সময়ে পার্থিব-শিবলিঙ্গ-
পূজনস্থানে শব্দযুক্ত এক গর্ত্ত হইল; দ্বিজগণের
অবস্থা দর্শনে মহাকাল, তথা হইতে প্রাদুর্ভূত
হইলেন। "ব্রাহ্মণগণের নিকটে আসিস না,
দূরে গমন কর" এই কথা বলিয়া দেবদেব
হুঙ্কার মাত্রে দূষণাসুরকে ভস্মসাৎ করিলেন।
কিঞ্চিৎ সৈন্যকে তিনি স্বয়ং নষ্ট করিলেন,
কিঞ্চিৎ সৈন্য পলাইয়া গেল, আর দূষণকে ও
সেই পরমাত্মা শিব সংহার করেন। যেমন
অন্ধকার সূর্য্যদর্শনে বিনষ্ট হয়, তদ্রূপ তাঁহার
সৈন্য শিবদর্শনে নষ্ট হইয়া গেল। স্বর্গে
দুন্দুভিধ্বনি হইতে লাগিল, পুষ্পবৃষ্টি হইল।
তখন শিব, প্রসন্নভাবে ব্রাহ্মণগণকে আশ্বাস
প্রদান করিলেন। তাঁহারা দেবদেব শিবকে
বলিলেন, দেব! আমাদিগকে মুক্তি প্রদান
করুন এবং হে শিব! লোকরক্ষার জন্য আপ-
নাকে এখানে থাকিতে হইবে। ব্রাহ্মণগণ
এই কথা বলিলে, শিব, দ্বিজগণকে মুক্তি প্রদান
করিয়া লোকরক্ষার জন্য সেই সুশোভন গর্ত্তে
অবস্থিতি করিতে লাগিলেন। সেই দ্বিজগণ,
মুক্তিলাভ করিয়া শিবসমীপে ক্রোশমধ্যে লিঙ্গ-
স্বরূপী হইয়া রহিলেন। সেই গর্ত্তস্থিত শিব,
ত্রিভুবনে মহাকালেশ্বর নামে বিখ্যাত। হে
ঋষিবরগণ! ইঁহাকে অবলোকন করিলে
স্বপ্নেও আর দুঃখলাভ হয় না। যে, যে কামনা
করিয়া সেই মহাকালেশ্বরের সেবা করিবে, সে
সেই ফল প্রাপ্ত হয়; এই সমস্ত বিষয় বলিলাম,
এক্ষণে পরম কথা শ্রবণ করুন। পূর্ব্বে ওঙ্কার-
ঈশ্বর যেরূপ ছিল, তাহা শ্রবণ করুন। কোন
সময়ে স্বয়ং ভগবান্ নারদ, গোকর্ণ শিবের
নিকট গমন করিয়া বিন্ধ্য পর্ব্বতে প্রত্যাগমন করেন।
তথায় তিনি বহুমানপুরঃসর বিন্ধ্যকর্ত্তৃক পূজিত
হইলেন। তখন বিন্ধ্য বলিলেন, আমাতে সকল
বস্তু সর্ব্বদা সম্পূর্ণভাবে বিদ্যমান আছে।
দর্পহারী নারদ, এইরূপ অহঙ্কার সংযুক্ত বাক্য
শ্রবণ করিয়া দীর্ঘশ্বাস পরিত্যাগপূর্ব্বক অবস্থিতি
করিলেন। তাঁহার দীর্ঘনিশ্বাসের শব্দ শ্রবণে বিন্ধ্য
বলিলেন, আপনি আমাতে কিসের ন্যূনতা দেখি-
লেন যে, নিশ্বাস পরিত্যাগ করিলেন? তৎ-

ত্বয়ি তু বিদ্যতে সর্ব্বং মেরুরুচ্চতরঃ পুনঃ ॥ ৪৬
দেবেষপি বিভাগোঽস্য ন তবাস্তি কদাচন।
ইত্যুক্ত্বা নারদস্তত্র জগাম চ যথাগতম্ ॥ ৪৭
বিন্ধ্যশ্চ পরিতপ্তো বৈ ধিগেব জীবিতাদিকম্।
বিশ্বেশ্বরং তথা শম্ভুমারাধ্য চ জয়াম্যমুম্ ॥ ৪৮
ইতি নিশ্চিত্য তত্রৈব ওঙ্কারযন্ত্রকে স্বয়ম্।
কৃত্বা চৈব পুনস্তত্র পার্থিবীং শিবমূর্ত্তিকাম্ ॥ ৪৯
আরাধ্য চ তদা শম্ভুং ষণ্মাসঞ্চ নিরন্তরম্।
ন চচাল তদা স্থানাচ্ছিবধ্যানপরায়ণঃ ॥ ৫০
তস্মৈ চ দর্শয়ামাস দুর্লভং যোগিনামপি।
রূপং যথোক্তং বেদেষু ভক্তানামীপ্সিতঞ্চ যৎ ॥৫১
প্রসন্নশ্চ তদা শম্ভুর্ব্রূহি ত্বঞ্চ মমেপ্সিতম্।

বিন্ধ্য উবাচ।

যদি প্রসন্নো দেবেশ বুদ্ধিং দেহি যথেপ্সিতম্ ॥৫২
কিং করোমি যদেতেন ব্রিয়তে দীয়তে ময়া।
ন যুক্তং পরদুঃখায় বরদানং ময়া শুভম্ ॥ ৫৩
তথাপি দত্তবাংস্তত্র যথেচ্ছসি তথা কুরু।
এতস্মিন্ সময়ে দেবা ঋষয়শ্চ তথামলাঃ ॥ ৫৪
সম্পূজ্য শঙ্করং তত্র স্থাতব্যমিতি চাব্রুবন্।
তথৈব কৃতবান্ দেবো লোকানাং সুখহেতবে ॥
ওঙ্কারে চৈব যন্ত্রে বৈ লিঙ্গমেকং তথা পুনঃ।
পার্থিবে চ তদা লোকে লিঙ্গমেকং তথা পুনঃ ॥
এবং দ্বয়ং সমুৎপন্নং লিঙ্গমেকং দ্বিধাকৃতম্।
প্রণবে চোঙ্কারশ্চ নামাসীৎ স সদাশিবঃ ॥ ৫৭
পার্থিবে চৈব যজ্জাতং তদাসীদমরেশ্বরঃ।
সম্পূজ্য চ তদা দেবাঃ সন্তুষ্য বৃষভধ্বজম্ ॥ ৫
বরান্ দত্ত্বা হ্যনেকাংশ্চ ঋষয়ো দেবতাস্তদা।
য এনং পূজয়েদ্দেবং ন গর্ভে বসতে নরঃ ॥ ৫
যদভীষ্টং ফলং তচ্চ প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ।
ইত্যুক্ত্বা চ তদা দেবা হ্যন্তর্দ্ধানং গতা হি তে
এতৎ তে হি সমাখ্যাতমোঙ্কারসম্ভবং ফলম্।
অতঃ পরং প্রবক্ষ্যামি কেদারং পাপনাশনম্ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্যোতির্লিঙ্গোৎপ
বর্ণনং নাম ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৬

শ্রবণে নারদ বলিলেন, শুন; তোমাতে সকল বস্তু আছে বটে, তথাপি সুমেরুই সর্ব্বপ্রধান; কেনন', সুমেরু দেবগণের মধ্যে গণ্য, আর তুমি কদাচ তাহা নহ। তথায় নারদ এই কথা বলিয়া যথাস্থানে গমন করিলেন। ২৯—৪৭। বিন্ধ্য, অনুতপ্ত হইয়া আপনার জীবনাদির প্রতি ধিক্কার প্রদানপূর্ব্বক বিশ্বেশ্বর শম্ভুকে আরাধনা করিয়া "এই সুমেরুকে জয় করিব" এরূপ নিশ্চয় করিলেন। অনন্তর তিনি তথাতেই ওঙ্কারযন্ত্রে পার্থিব শিবমূর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক, ছয়মাস নিরন্তর শিবারাধনা করিলেন। কেবল শিবধ্যানপরায়ণ হইয়া রহিলেন, আসন হইতে বিচলিত হন নাই। অনন্তর শম্ভু প্রসন্ন হইয়া যোগিগণের দুর্লভ ভক্তগণের অভিলষিত বেদবর্ণিত রূপ তাঁহাকে দেখাইয়া বলিলেন, আমার নিকট তোমার অভিলষিত বিষয় ব্যক্ত কর। বিন্ধ্য বলিলেন, হে দেবেশ! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে আমার অভিলাষানুরূপ বুদ্ধিশক্তি প্রদান করুন। তখন শিব ভাবিলেন, কি করি? যখন এ ব্যক্তি এই বর আমার নিকট প্রার্থনা করিতেছে, অতএব প্রদান করিতে হইয়াছে। কিন্তু এই অশুভ বরদান পরের দুঃখব সুতরাং অনুচিত কার্য্য হইতেছে। এ হইলেও শিব সেই বর তাহাকে প্রদান ক বলিলেন, যেরূপ ইচ্ছা, তাহাই হইবে। এ সময়ে দেবগণ এবং পবিত্র ঋষিগণ, শঙ্ক পূজা করিয়া বলিলেন, এই স্থানে আপন থাকিতে হইবে। লোকসুখের জন্য দেবে তাহাই করিলেন। ওঙ্কারযন্ত্রে এক লিঙ্গ এ পার্থিব মূর্ত্তিতে এক লিঙ্গ এই প্রকারে লিঙ্গই দুইরূপে উদ্ভূত হইলেন। ওঙ্কারযন্ত্রাবি সদাশিবের নাম ওঙ্কার। আর পার্থিব মূর্ত্তি আবির্ভূত লিঙ্গের নাম অমরেশ্বর। তখন দে গণ ও ঋষিগণ, সেই শিবের পূজা করিয়া সন্তো সাধনপূর্ব্বক এই সমস্ত বরপ্রদান করিলেন। যে মানব, ইহাঁর পূজা করিবে, তাহার গ বাস হইবে না এবং যাহা অভীষ্ট ফল, ত লাভ করা যাইবে, এই কথা বলিয়া সেই স দেবগণ, অন্তর্হিত হইলেন। এই

তপস্তপ্যাতি নিত্যং বৈ লোকানাং হিতকাম্যয়া।
তত্র কেদারসংজ্ঞং বৈ শৃঙ্গং হিমসমুদ্ভবম্ ॥ ১৬
নরো নারায়ণশ্চৈব যত্রাস্তে চ নিরন্তরম্।
তাভ্যাং সম্প্রার্থিতো দেবঃ পার্থিবে পূজনায় বৈ ॥
আয়াতি চ ঋষিশ্রেষ্ঠাঃ ভক্ত্যাধীনতয়া শিবঃ।
কস্মিংশ্চিৎ সময়ে তত্র প্রসন্নঃ পরমেশ্বরঃ ॥ ১৮
সম্যক্ কৃতং ভবদ্ভ্যাস্ত পূজাভ্যাং পূজিতো হ্যহম্।
কিং কার্য্যং বিদ্যতে লোকে ভবতোস্তপসঃ ফলম্ ॥
অবাপ্তকামৌ শ্রেষ্ঠৌ চ কিং কার্য্যং ভবতোঃ পুনঃ
তথাপি পূজিতশ্চাহং প্রসন্নো ব্রিয়তামিতি ॥ ২০
ইত্যুক্তে চ তদা তেন নরো নারায়ণঃ স্বয়ম্।
উবাচ বচনং তত্র লোকানাং হিতকাম্যয়া ॥ ২১
যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরস্ত্বয়া।
স্বীয়তাং স্বেন রূপেণ পূজার্থং শঙ্কর স্বয়ম্ ॥ ২২
ইত্যুক্তস্তু তদা তাভ্যাং কেদারে হিমসংজ্ঞকে।
স্বয়ঞ্চ শঙ্করস্তস্থৌ জ্যোতীরূপী মহেশ্বরঃ ॥ ২৩

তাভ্যাঞ্চ পূজিতশ্চৈব সর্ব্বদুঃখভয়াপহঃ।
লোকানামুপকারার্থং ভক্তানাং দর্শনায় বৈ ॥
স্বয়ং স্থিতস্তদা শম্ভুঃ কেদারেশ্বরসংজ্ঞকঃ।
সেবাশ্চ পূজয়ন্তীহ ঋষয়শ্চ সনাতনাঃ ॥ ২৫
ভবস্য পূজনান্নিত্যং বদর্য্যাশ্রমবাসিনঃ।
পবিত্রিতাঃ সদা যো বৈ নাম্না শিব উদাহৃতঃ
তদ্দিনং হি সমারভ্য কেদারেশ্বর এব চ।
পূজিতো যেন ভক্ত্যা বৈ দুঃখং স্বপ্নেঽপি দু
তত্রত্যং বলয়ং যো বৈ দধাতি হরিবল্লভঃ।
হরিরূপাঙ্কিতং তচ্চ হররূপসমন্বিতঃ ॥ ২৮
তস্যৈব রূপং দৃষ্ট্বা চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে
জীবন্মুক্তো ভবেৎ সো বৈ যো গতো বদরী
দৃষ্ট্বা রূপং নরস্যৈব তথা নারায়ণস্য চ।
কেদারেশ্বরনাম্নশ্চ মুক্তিভাগী ন সংশয়ঃ ॥
এতদ্বশ্চ সমাখ্যাতং যৎ পৃষ্টমৃষিসত্তমাঃ।
শ্রুত্বা পাপং হরেৎ সর্ব্বং নাত্র কার্য্যা বিচা
অতঃ পরং প্রবক্ষ্যামি মাহাত্ম্যং ভীমশঙ্ক

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতা
জ্যোতির্লিঙ্গমহিমবর্ণনং নাম সপ্ত-
চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭ ॥

খণ্ডে বদরিকাশ্রমে ভগবান্ বিষ্ণু নরনারায়ণরূপে অবস্থান করিয়া লোকহিতের জন্য নিয়ত তপস্যা করিতেছেন। উক্ত বদরিকাশ্রমে কেদার নামক হিমালয়ের একশৃঙ্গ আছে। ভক্তবৎসল শিব তাঁহাদিগের প্রার্থনায় পূজাসময়ে পার্থিব লিঙ্গে আবির্ভূত হইয়া তথায় আগমন করেন। একদা ভগবান্ শিব, তাঁহাদিগের পূজায় প্রসন্ন হইয়া বলিলেন ;—"জগতে আপনাদিগের তপস্যার কোন প্রয়োজন দেখিতেছি না, আপনি পূর্ণকাম, শ্রেষ্ঠ ও পূজ্য, তথাপি যখন আমার পূজা করিতেছেন, তখন আমি প্রসন্ন হইয়াছি, বর গ্রহণ করুন।" ১১—২০। ভগবান্ এই কথা বলিলে পর তখন স্বয়ং নরনারায়ণ বলিলেন—হে দেব-দেব শঙ্কর! যদি প্রসন্ন হইয়া বরদানে আপনার ইচ্ছা হইয়া থাকে, তাহা হইলে পূজার জন্য স্বীয় জ্যোতির্মূর্ত্তিতে এই স্থানে স্বয়ং অবস্থান করুন। তাঁহারা এই বর প্রার্থনা করিলে সেই কেদার নামক হিমালয় শৃঙ্গে ভগবান্ শঙ্কর স্বয়ং জ্যোতির্মূর্ত্তিতে অবস্থান করিলেন। তিনি ত্রিতাপহারী, সুতরাং নরনারায়ণ ঋষি তাঁহার পূজা করিতে লাগিলেন। এইরূপে ভগবান্ লোকের উপকারার্থ ও ভক্তগণকে আ দিবার ইচ্ছায় কেদারেশ্বর নামে স্বয়ং আবির্ভূত হইয়া রহিলেন। দেবগণ ও স ঋষিগণ, বদরিকাশ্রমে আসিয়া তাঁহাকে করিতে লাগিলেন। বদরিকাশ্রমবাসী ব নিত্য তাঁহাকে পূজা করায় আপনাদিগকে বোধ করিলেন। শিবনামের এমনই মহি সেই দিন হইতে যে ব্যক্তি কেদারেশ্বরকে সহকারে পূজা করে, স্বপ্নেও সে দুঃখলা না। যে বৈষ্ণব হরিরূপাঙ্কিত তথাকার হস্তে ধারণ করে, সে হরমূর্ত্তি হয়। যে বদরিকাশ্রমে গিয়া ভগবান্ কেদারেশ্বরে দর্শন করে, সে সকল পাপ হইতে মুক্ত জীবন্মুক্ত হয়। তথায় নরনারায়ণ ও কেদারে মূর্ত্তি দেখিয়া মনুষ্য মুক্তিভাজন হয়, এ সন্দেহ নাই। হে ঋষিশ্রেষ্ঠগণ!

ইতি শ্রুত্বা বচস্তস্যা ভীমো ভীমপরাক্রমঃ ॥ ১৫
ক্রুদ্ধঃ সঞ্চিন্তয়ামাস কিং করোমি হরিং প্রতি।
পিতা মে চ হতশ্চৈব মাতামহস্তথা পুনঃ ॥ ১৬
বিরাধশ্চ হতো হন্ত দুঃখং বহুতরং কৃতম্।
তৎপুত্রোঽহং ভবেয়ং চেদ্ধরিং পীড়য়াম্যহম্ ॥ ১৭
ইতি কৃত্বা মতিং তত্র তপস্তপ্তুং সুদারুণম্।
ব্রহ্মাণঞ্চ সমুদ্দিশ্য বর্ষসাহস্রকং তদা ॥ ১৮
ঊর্দ্ধবাহুশ্চৈকপাদঃ সূর্য্যে দৃষ্টিং দধৎ পুরঃ।
মনসা ধ্যানমাশ্রিত্য তপশ্চক্রে মহৎ তদা ॥ ১৯
শিরসস্তস্য সঞ্জাতং তেজঃ পরমদারুণম্
তেন দগ্ধাস্তদা দেবা ব্রহ্মাণং শরণং গতাঃ ॥ ২০
হে ব্রহ্মন্ রক্ষসস্তেজো লোকান্ পীড়িতুমুদ্যতম্।
যৎ প্রার্থ্যং তেন দুষ্টেন তৎ ত্বং দেহি পিতামহ ॥ ২১
নো চেদদ্য বয়ং দগ্ধাস্তেনৈব সুমহাত্মনা।
যাস্যামঃ সংক্ষয়ং সর্ব্বে তস্মাদ্দেহি পিতামহ ॥ ২২
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ব্রহ্মা লোকপিতামহঃ।
জগাম বরদানার্থং রাক্ষসায় দুরাত্মনে ॥ ২৩

তদগ্রে চ তদা যাতো হংসবাহনসংযুতঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি যৎ তে মনসি বর্ত্ততে ॥
ইতি শ্রুত্বা বচস্তস্য বচনং পুনরব্রবীৎ।

রাক্ষস উবাচ।

যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরস্তদা ॥ ২৫
অতুলঞ্চ বলং মেঽদ্য দেহি ত্বং কমলাসন।
ইত্যুক্ত্বা তু নমশ্চক্রে ব্রহ্মণে পরমাত্মনে ॥ ২৬
ব্রহ্মা চাপি তদা তস্মৈ বরং দত্ত্বা গৃহং যযৌ।
রাক্ষসো বলবাংস্তত্র মাতরং প্রণিপত্য চ ॥ ২৭
পশ্য মাতঃ করোম্যদ্য দেবানাং প্রলয়ং হ্যহম্।
ইত্যুক্ত্বা প্রথমং তত্র কামরূপেশ্বরং তু তম্ ॥ ২৮
ববন্ধ তাড়য়ামাস ভীমো ভীমপরাক্রমঃ।
গৃহীতঞ্চ ধনং সর্ব্বং হস্ত্যশ্বরথসঙ্কুলম্ ॥ ২৯
ছত্রঞ্চ চামরঞ্চৈব সর্ব্বোপস্করণানি চ।
তেনৈব গৃহীতং রাজ্যং জানীধ্বং মুনীশ্বরাঃ ॥ ৩
রাজা চাপি শুচিঃ শ্রেষ্ঠঃ প্রিয়ধর্ম্মো হরিপ্রিয়ঃ
গৃহীতো নিগড়ে তেন দুষ্টেন সুরশত্রুণা ॥ ৩১

তেছি। ভীমপরাক্রম ভীম, মাতার এই বাক্য শুনিয়া কুপিত হইয়া চিন্তা করিল,—কিরূপে হরির অনিষ্ট করিতে পারিব। আমার পিতা, মাতামহ ও বিরাধ রাক্ষস ইহা কর্ত্তৃক নিহত হইয়াছেন, ইহাতে যৎপরনাস্তি দুঃখ দেওয়া হইয়াছে। আমি যদি বিরাধ বা কুম্ভকর্ণের পুত্র হই, তবে অবশ্যই হরির অনিষ্ট আচরণ করিব। এইরূপ নিশ্চয় করিয়া সে ব্রহ্মার উদ্দেশে তথায় সহস্র বৎসর ঘোর তপস্যা করিল। যখন সে ঊর্দ্ধবাহু একপাদে সূর্য্যের দিকে দৃষ্টিপাত করিয়া ব্রহ্মার ধ্যান করত ঘোর তপস্যা করিতে লাগিল; তখন তাহার মস্তক হইতে অতি ভীষণ তেজ বহির্গত হইয়া দেবগণকে দগ্ধ করিতে লাগিল। তখন দেবগণ ব্রহ্মার শরণাপন্ন হইয়া বলিলেন,—"হে পিতামহ! হে ব্রহ্মন্! তপস্যাকারী ভীম নামক রাক্ষসের তেজ লোকপীড়নে উদ্যত হইয়াছে, এক্ষণে সে দুরাত্মা যাহা প্রার্থনা করে, তাহাই তাহাকে দিউন। নতুবা আমরা সকলেই তাহার তেজে দগ্ধ হইয়া বিনষ্ট হইব।" লোক পিতামহ ব্রহ্মা—তাঁহাদিগের এই বাক্য শুনিয়া সেই দুরাত্মা রাক্ষসকে বরদানার্থ গমন করিলে তখন ব্রহ্মা হংসোপরি আরোহণ করিয়া তাহার সম্মুখে উপস্থিত হইয়া বলিলেন,—"হে ভক্ত আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি, তুমি কি বর চাও, বল"১১—২৪। রাক্ষস ব্রহ্মার এই বাক্য শুনিয়া বলিল,—"হে দেব কমলাসন! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া বরদানে উদ্যত হইয়াছেন, তবে আমাকে অতুল বল দান করুন। সে এই কথা বলিয়া ব্রহ্মাকে নমস্কার করিল ভগবান্ ব্রহ্মাও তাহাকে বরদান করিয়া গৃহে প্রস্থান করিলেন। তখন রাক্ষস ভীম, ব্রহ্মার বরে অমিতবলশালী হইয়া মাতাকে প্রণিপাত-পূর্ব্বক বলিল,—"মাতঃ! দেখুন, অদ্য আমি দেবগণের উচ্ছেদ সাধন করি।" এই কথা বলিয়া প্রবল পরাক্রান্ত ভীম প্রথমে তথাকার কামরূপ দেশের রাজাকে বন্ধন ও তাড়নপূর্ব্বক তাঁহার হস্তী, অশ্ব, রথ, ছত্র, চামর ও শিবিকাদি যান হরণ করিয়া তদীয় রাজ্য গ্রহণ করিল। হে মুনীন্দ্র! তখন ধার্ম্মিকবর পরম-বৈষ্ণব বিশুদ্ধ রাজা, সেই দুরাত্মা রাক্ষসকর্ত্তৃক

ইত্যুক্তাস্তে তদা দেবা আনন্দং পরমং গতাঃ।
স্বং স্বমাশ্রমকং সর্ব্বে যযুস্তে চ মহর্ষয়ঃ॥ ৪৯
শিবোঽপি স্বগণৈঃ সার্দ্ধং জগাম হিতকাম্যয়া।
এতস্মিন্নন্তরে তত্র কামরূপেশ্বরেণ চ॥ ৫০
অত্যন্তং ধ্যানমারব্ধং পার্থিবস্য পুরস্তদা।
কৈশ্চিচ্চ তত্র গত্বা চ রাক্ষসায় নিবেদিতম্‌॥ ৫১
রাজা কিঞ্চিৎ করোত্যেবং ত্বদর্থে রাক্ষসোত্তম।
অভিচারং করোতি বৈ যথেচ্ছসি তথা কুরু॥ ৫২
রাক্ষসোঽপি চ তচ্ছ্রুত্বা কুপিতো হননেচ্ছয়া।
গৃহীত্বা করবালঞ্চ হ্যাজগাম নৃপং প্রতি॥ ৫৩
তং দৃষ্ট্বা রাক্ষসো হ্যত্র পার্থিবাদিস্থিতঞ্চ যৎ।
তদত্যন্তবিরূপঞ্চ দৃষ্ট্বা কিঞ্চিৎ করোত্যসৌ॥ ৫৪
কুপিতো রাক্ষসস্তত্র হন্ত্যাং সোপস্করং বিভুম্‌।
বিচার্য্যোবাচ তং তত্র ক্রিয়তে কিং ত্বয়াধুনা॥ ৫৫
সত্যং বদ ন হন্ম্যাং ত্বামন্যথা হন্মি নিশ্চিতম্‌।
ইতি শ্রুত্বা বচো হ্যস্য সত্যপাশেন যন্ত্রিতঃ॥ ৫৬
উবাচ বচনং সত্যং ভবিষ্যন্ত ভবেদিহ।
কৃপালুঃ শঙ্করশ্চাত্র বর্ত্ততে পার্থিবে ধ্রুবম্‌॥
মদর্থে ন করোতীহ হ্যহং কিয়ান্‌ বরাককঃ।
স্বরূপানুপ্রতিজ্ঞাঞ্চ সত্যঞ্চৈব করিষ্যতি॥ ৫৭
মদ্ভক্তঞ্চ যদা কশ্চিৎ পীড়য়ত্যতিদারুণম্‌।
তদাহং তস্য রক্ষার্থং দুষ্টং হন্মি ন সংশয়ঃ॥
এবং ধৈর্য্যং সমালম্ব্য ধ্যাত্বা দেবঞ্চ শঙ্করম্‌।
ত্বদীয়োঽস্মি মহারাজ যথেচ্ছসি তথা কুরু॥
এবং মনসি তং ধ্যাত্বা রাক্ষসঞ্চাবমানয়ন্‌।
সত্যঞ্চ বচনং হ্যত্র হ্যব্রবীৎ প্রিয়কাম্যয়া॥ ৬
ভজামি শঙ্করং দেবং যথেচ্ছসি তথা কুরু।
ইতি তস্য বচঃ শ্রুত্বা ভীমো বচনমব্রবীৎ॥
শঙ্করো মম জ্ঞাতঃ কিং করিষ্যতি মামিতি।
যো মে পিতৃব্যকেনৈব স্থাপিতঃ কিঙ্করো যথা
তদ্বলং হি সমাশ্রিত্য বিজেতুং ত্বং সমীহসে

নিয়ত ক্লেশ দিতেছে; অতএব জানিও অচিরেই তোমাদিগের কার্য্য সম্পন্ন হইবে। এইরূপ আশ্বাসবাক্য শুনিয়া, তখন দেব ও মহর্ষিগণ পরমানন্দে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। ভগবান্‌ শিবও প্রমথগণের সহিত হিতার্থে গমন করিলেন। ইত্যবসরে কতিপয় রাক্ষসানুচর তাহার নিকট উপস্থিত হইয়া নিবেদন করিল,—"হে রাক্ষসরাজ! আপনা কর্ত্তৃক বন্দীকৃত কামরূপ প্রদেশের রাজা পার্থিব শিবলিঙ্গের সম্মুখে ধ্যাননিমগ্ন হইয়া আপনার অভিচার করিতেছে, এক্ষণে শুনিয়া যাহা ইচ্ছা হয় করুন।" রাক্ষস লোকমুখে এই সংবাদ শুনিয়া, ক্রুদ্ধ হইয়া তরবারি গ্রহণপূর্ব্বক রাজাকে বধ করিতে গমন করিল।" ৪৯—৫৩। সে তথায় গমনপূর্ব্বক পার্থিব শিবলিঙ্গ প্রভৃতি দেখিয়া এবং রাজা নিজ মতবিরুদ্ধ কোন কার্য্য করিতেছে দেখিতে পাইয়া, কুপিত হইয়া, পূজোপকরণ সমেত শিবলিঙ্গ চূর্ণ বিচূর্ণ করিবে ইহা মনে স্থির করিয়া, তাহাকে বলিল,—রাজন্‌! তুমি কি করিতেছ সত্য বল, তোমায় বধ করিব না, নতুবা নিশ্চিতই যমালয়ে প্রেরণ করিব। রাজা, রাক্ষসের এই বাক্য শুনিয় সত্যপাশে বদ্ধ হইয়া, যাহা হই তাহাই হইবে, এই ভাবিয়া, বলিতে লাগি এই পার্থিব শিবলিঙ্গে, দয়াময় শঙ্কর বিরাজ আছেন। আমি হীন, সেবার অযোগ্য; তজ্জ তিনি আমার শুভ সম্পাদন করিতেছেন তাঁহার প্রতিজ্ঞা আছে,—যে আমার ভক্ত দারুণ উৎপীড়িত করিবে, আমি তাহাকে ব করিবার জন্য সেই দুরাত্মাকে নিঃসংশয় করিব। সেই প্রতিজ্ঞা অবশ্যই তিনি পা করিবেন। এইরূপ বলিয়া ধৈর্য্য অবলম্বনপূ রাজা ভগবান শঙ্করের ধ্যান করিয়া রাক্ষস পুনরায় বলিলেন;—মহারাজ! এক্ষণে আ আপনার আয়ত্ত, অতএব যাহা ইচ্ছা হয় তাহ করিতে পারেন। আমি ভগবান শঙ্করের উপাস করিতেছিলাম, এক্ষণে আপনার যাহা ইচ্ছা করুন। রাজা, নির্ভীকভাবে রাক্ষসরাজের অ মাননা করত এই সত্য বাক্য শিবপ্রীতির জ বলিয়াছিলেন। তখন রাক্ষসরাজ ভীম তাহ এই বাক্য শুনিয়া বলিল;—আমি শঙ্কর জানি, সে আমার কি করিবে? মদীয় পিতৃ রাবণ যাহাকে কিঙ্করের ন্যায় স্থাপন করি ছিলেন, সেই শঙ্করের বল-সাহায্যে তুমি

ততশ্চৈব প্রথানাঞ্চ রাক্ষসানাং পরস্পরম্
যুদ্ধমাসীং তদা ঘোরং পশ্যতাং দুঃখমাবহম্ ॥ ৮০
ততশ্চ পৃথিবী সর্ব্বা ব্যাকুলা হ্যভবং তদা।
সমুদ্রাশ্চ তদা সর্ব্বে চুক্ষুভুঃ সমহীধরাঃ ॥ ৮১
গ্রহ-নক্ষত্র-তারাশ্চ দ্যৌশ্চৈব চ তথাবিধা।
দেবাশ্চ ঋষয়ঃ সর্ব্বে দুঃখিতা হ্যভবংস্তদা ॥ ৮২
নারদশ্চ সমাগতা শঙ্করং দুঃখহারকম্।
প্রার্থয়ামাস তত্রৈব ক্ষম্যতাং শঙ্কর ত্বয়া ॥ ৮৩
তৃণে কশ্চ কুঠারো বৈ হন্যতাং শীঘ্রমেব চ।
ইতি সম্প্রার্থিতঃ শম্ভুঃ সর্ব্বান্ রক্ষোগণানিতি ॥৮৪
হুঙ্কারেণৈব চাস্ত্রেণ ভস্মসাং কৃতবাংস্তদা।
সর্ব্বে তে রাক্ষসা দগ্ধা ভস্মরাশয় এব তে ॥ ৮৫
দাবানলগতো বহ্নির্যথা চ বনমাদহেং।
তথা শিবেন ক্রুদ্ধেন রাক্ষসানাং বনং * ক্ষণাং ॥
ভীমস্যৈব চ কিং ভস্ম ন জ্ঞাতং কেনচিং তদা।
সপরিবারস্ততো দগ্ধো নাম ন শ্রূয়তে তদা ॥ ৮৭
ততঃ শিবস্য ক্রোধো ন শান্তিং প্রাপ মুনীশ্বরাঃ।

ক্রোধজ্বালা চ ফুৎকারাগ্নিঃসসার বনাদ্বনম্ ॥ ৮
রাক্ষসানাঞ্চ যদ্ভস্ম সর্ব্বং ব্যাপ্তং বনে তদা।
ততশ্চোষধয়ো জাতা নানাকার্য্যকরাস্তথা ॥ ৮৯
রূপান্তরং অতো যাবদ্বেশান্তরমথাপি বা।
ভূত-প্রেত-পিশাচাদি দূরতশ্চ অতো ব্রজেং
তত্তং কার্য্যাঞ্চ যচ্চৈব অতো ন ভবন্তি দ্বিজাঃ
তৈর্দেবৈঃ প্রার্থিতঃ শম্ভুঃ শান্তিং সমধিগচ্ছ
স্থাতব্যং স্বামিনা হ্যত্র লোকানাং সুখহেতবে।
অয়ং বৈ কুৎসিতো দেশ ওষধ্যো লোকদুঃখদাঃ
ভবন্তঞ্চ তদা দৃষ্ট্বা কল্যাণং সম্ভবিষ্যতি।
ভীমশঙ্করনামা ত্বং ভবিতা সর্ব্বসাধকঃ।
ইত্যেবং প্রার্থিতঃ শম্ভুস্তত্রৈব স্থিতবাংস্তদা।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ভী
শঙ্করমাহাত্ম্যবর্ণনং নামাষ্টচত্বা-
রিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

দুরাত্মার শস্ত্রক্ষয় হইলে প্রমথগণ ও রাক্ষসগণে তুমুল যুদ্ধ হইতে লাগিল, তাহা দর্শনকারিগণের দর্শনে ক্লেশ উৎপাদন করিল তখন সমগ্র পৃথিবী ব্যাকুল হইল। সমুদ্র, পর্ব্বত, আকাশ, গ্রহ ও নক্ষত্র ক্ষুভিত হইল এবং দেব ও ঋষিগণ সকলেই দুঃখিত হইলেন। তৎকালে দেবর্ষি নারদ তথায় সমাগত হইয়া ভগবান্ শঙ্করের নিকট প্রার্থনা করিয়া বলিলেন,—হে প্রভো! ক্ষমা করুন, অবিলম্বে এই দুষ্টগণের বধ-সম্পাদন করুন। ভগবান শম্ভু, এইরূপে প্রার্থিত হইয়া হুঙ্কার দ্বারা সকল রাক্ষসগণকে ভস্ম করিলে, তাহারা দগ্ধ হইয়া ভস্মরাশিতে পরিণত হইল। দাবানল যেরূপ বন দগ্ধ করে, সেইরূপ শিবের ক্রোধে রাক্ষসগণ মুহূর্ত্ত-মধ্যে ভস্মীকৃত হইল। ভীমের ভস্ম যে কোথায় পড়িল, তাহা কেহ জানিতে পারিল না। ভীম সপরিবারে বিনষ্ট হইল; তাহার নাম আর শ্রুতিগোচর হইল না। হে মুনীন্দ্রগণ! তাহাতেও শিবের ক্রোধশান্তি হইল না, ত ফুৎকার হইতে জ্বালারূপে বনে বনে নি হইতে লাগিল তখন রাক্ষসগণের যে ভ রাশি বনব্যাপিয়া ছিল, তাহা নানা কার্য্য ওষধিরূপে পরিণত হইল। সেই ওষধি হই রূপান্তর, বেশান্তর, ভূত, প্রেত, পিশাচা দূরীকরণ হয়। অধিক কি, হে ব্রাহ্মণগ পৃথিবীতে একরূপ কার্য্য নাই, যাহা তাহা হই সম্পন্ন হয় না। তখন দেবগণ আসিয়া প্রার্থন বাক্যে বলিলেন,—হে শম্ভো! আপনি শা অবলম্বন করিয়া লোকের মঙ্গলহেতু এই দে অবস্থান করুন। এই দেশ অতি কুৎসিত অত্রত্য ওষধিগণ অতি দুঃখদ; আপনা দেখিলে সর্ব্বতোভাবে কল্যাণ হইবে ও আপ ভীম-শঙ্কর নামে সর্ব্বসিদ্ধিদাতা হইবেন এইরূপ প্রার্থনা করিলে ভগবান্ শঙ্কর তথা অবস্থান করিতে লাগিলেন। ৭৭—৯৩।

অষ্টচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৮ ॥

---

* ক্ষণমিতি বা পাঠঃ।

একোনপঞ্চাশোঽধ্যায়ঃ ।

সূত উবাচ।

অতঃ পরং প্রবক্ষ্যামি শ্রূয়তামৃষিসত্তমাঃ।
বিশ্বেশ্বরস্য মাহাত্ম্যং মহাপাতকনাশনম্ ॥ ১
যদিদং দৃশ্যতে কিঞ্চিজ্জগত্যাং বস্তুমাত্রকম্।
তৎ সর্ব্বঞ্চ যদা নাসীৎ পঞ্চক্রোশী তদা শুভা ॥ ২
তদেব কথয়াম্যদ্য তন্নির্ম্মাণং মুনীশ্বরাঃ।
যদা চ নির্গুণং তেজঃ সত্যং জ্ঞানমনন্তকম্ ॥ ৩
চিদানন্দস্বরূপঞ্চ নির্ব্বিকারং সনাতনম্।
ততশ্চ প্রকৃতির্দেবী সা পুরুষসমন্বিতা ॥ ৪
আবাভ্যাং কিঞ্চ কর্ত্তব্যমাবাং কেনৈব নির্ম্মিতৌ।
ইতি সংশয়সম্পন্নৌ প্রকৃতি-পুরুষৌ যদা ॥ ৫
তদ্ব্যোম্নো বাণী সমুৎপন্না নির্গুণাৎ পরমাত্মনঃ।
তপশ্চৈব প্রকর্ত্তব্যং ততঃ সৃষ্টিরনুত্তমা ॥ ৬
প্রকৃতিঃ পুরুষশ্চৈব তদৈতদূচতুস্তথা।
তপসঃ স্থলং নাস্তি কুত্র বা স্থীয়তেঽধুনা ॥ ৭
ততশ্চ তেজসঃ সারং পঞ্চক্রোশাত্মকং শুভম্।
সর্ব্বোপকারণৈর্যুক্তং সুন্দরং নগরং যথা ॥ ৮
নির্ম্মায় প্রেষিতং তাভ্যাং নির্গুণেন বিরাজিতম্।
অন্তরীক্ষে স্থিতং তচ্চ অধিষ্ঠায় হরিঃ স্বয়ম্ ॥ ৯
তপশ্চকার বিবিধং সৃষ্টিকামস্তদাজ্ঞয়া।
তেনৈব বহুকালঞ্চ তপস্তপ্তং সুদারুণম্ ॥ ১০
তপসঃ করণাচ্চৈব শ্রমযুক্তস্য মহাত্মনঃ।
শ্রমেণ জলধারাশ্চ বিবিধাশ্চাভবংস্তদা ॥ ১১
তাভির্ব্যাপ্তঞ্চ সর্ব্বং বৈ নান্যৎ কিঞ্চিৎ প্রদৃশ্যতে।
ততশ্চ বিষ্ণুনা দৃষ্টা অহো কিমেতদদ্ভুতম্ ॥ ১২
ইত্যাশ্চর্য্যং তদা দৃষ্ট্বা শিরসঃ কম্পনং কৃতম্।
ততশ্চ পতিতঃ কর্ণান্মণিশ্চ পুরতঃ প্রভোঃ ॥ ১৩
যত্রাসৌ পতিতশ্চৈব তত্রাসীন্মণিকর্ণিকা।
জলৌঘৈঃ প্লাব্যমানা সা পঞ্চক্রোশী পুরাতনা ॥ ১৪
নির্গুণেন শিবেনৈব ত্রিশূলেন ধৃতা তদা।
বিষ্ণুরপি চ তত্রৈব সুষ্বাপ প্রকৃত্যা সহ ॥ ১৫
কিয়ৎ কালং জলে তত্র সুপ্তোঽসৌ চ জনার্দ্দনঃ।
তন্নাভিকমলাজ্জাতো ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ১৬

একোনপঞ্চাশ অধ্যায়।

সূত বলিলেন,—হে ঋষিশ্রেষ্ঠগণ! অতঃপর মহাপাতকনাশন বিশ্বেশ্বরের মাহাত্ম্য বলিতেছি শ্রবণ করুন। হে মুনীশ্বরগণ! এই যে কাশী নামে পুণ্য-ক্ষেত্র পঞ্চক্রোশ ব্যাপিয়া রহিয়াছে, ইহা—যখন জগতে বস্তু সৃষ্টি হয় নাই, তখনও ছিল; ইহা কেন নির্ম্মিত হইল, তাহাই প্রথমে বলিতেছি। প্রথমে চিদানন্দস্বরূপ, নির্ব্বিকার, সনাতন, সত্য, জ্ঞান, অনন্ত, নির্গুণ ও তেজঃস্বরূপ পরমাত্মা বিদ্যমান ছিলেন। তৎপরে প্রকৃতি ও পুরুষ তাহা হইতে আবির্ভূত হইয়া, "আমাদিগের কি কার্য্য করিতে হইবে ও আমরা কাহার সৃষ্ট" যখন এইরূপ সংশয়াপন্ন হইতেছেন, এমন সময়ে নির্গুণ পরমাত্মা হইতে এই বাক্য নিঃসৃত হইল যে, তোমরা তপস্যা ও সর্ব্বোত্তম সৃষ্টি করিবে। এই বাক্য শুনিয়া প্রকৃতি ও পুরুষ বলিলেন,—তপস্যার স্থান দেখিতেছি না, আমরা এক্ষণে কোথায় অবস্থান করিব? তৎপরে নির্গুণ পরমাত্মা স্বকীয় তেজের সারভূত, প্রাসাদাদি-উপকরণ-শোভিত, সুন্দর, পঞ্চক্রোশব্যাপী নগর নির্ম্মাণ করিয়া তাঁহাদিগকে তপস্যার্থ প্রদান করিলেন। ঐ কাশীনগর অন্তরীক্ষে অবস্থান করিয়া আছে। তথায় সেই পুরুষ নারায়ণ সৃষ্টিকামনা করিয়া, পরমপুরুষের আদেশক্রমে বহুকাল ধরিয়া, ঘোর তপস্যা করিলেন। ১—১০ তপস্যাজনিত পরিশ্রমে তাঁহার গাত্র হইতে বিচিত্র জলধারা নিঃসৃত হইয়া, সমস্ত ব্যাপিয়া ফেলিল। অন্য কিছুই দৃশ্যমান হইল না। পরে ভগবান বিষ্ণু, তাহা দেখিয়া, "একি আশ্চর্য্য" বলিয়া মস্তক কম্পিত করিলেন। মস্তক কম্পন করিবামাত্র ভগবানের কর্ণ হইতে মণি পতিত হইল। যেখানে ঐ মণি পতিত হইল, তথায় মণি-কর্ণিকা নামে তীর্থ হইল। তখন নির্গুণ শিব জলপ্লাবিত সেই প্রাচীন পঞ্চক্রোশব্যাপিনী কাশীকে ত্রিশূলাগ্রে ধারণ করিলেন। বিষ্ণু তথাপি প্রকৃতির সহিত নিদ্রাগত হইলেন। সেই জনার্দ্দন কিয়ৎকাল জলোপরি শয়ন করিলে তাঁহার নাভিপদ্ম হইতে

শিবাজ্ঞাঞ্চ সমাসাদ্য সৃষ্টিঞ্চ কৃতবাংস্তদা।
যৎ কিঞ্চিদ্দৃশ্যতে হ্যত্র ব্রহ্মাণ্ডে সচরাচরম্॥ ১৭
তদ্ব্যাপ্তঞ্চ বিশেষেণ শিবেন তেজসা তদা।
চেতনাচেতনং যচ্চ ব্যাপ্তমাসীন্মুনীশ্বরাঃ॥ ১৮
ততশ্চ সৃষ্টিকার্য্যঞ্চ প্রাবর্ত্তত সমন্ততঃ।
চতুর্দ্দশভুবনানীহ জাতানি গোলকে তদা॥ ১৯
যোজনানাঞ্চ পঞ্চাশৎকোটিসংখ্যাপ্রমাণতঃ।
ব্রহ্মাণ্ডস্যৈব বিস্তারো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ॥ ২০
যথা চৈব জলে নৌশ্চ তথা ব্রহ্মাণ্ডকং জলে।
যথা চ মন্থনে গোলস্তক্রে চ পরিদৃশ্যতে॥ ২১
দিগ্গজৈশ্চ ধৃতং তচ্চ স্থিরঞ্চ পরিবর্ত্ততে।
মধ্যে প্রমাণযুক্তঞ্চ ব্যক্তঞ্চ ঋষীশ্বরাঃ॥ ২২
শেষস্যার্দ্ধং তথা চোর্দ্ধং তথাধঃ পরিভাষিতম্।
মধ্যে চ ভূলোকঃ স্যাৎ তদধঃ সপ্তকং তথা॥ ২৩
তলঞ্চৈবাতলঞ্চৈব সুতলং বিতলং তথা
মহাতলঞ্চ পাতালং রসাতলমথাপি চ॥ ২৪

পিতামহ ব্রহ্মা প্রাদুর্ভূত হইলেন তখন তিনি শিবের আজ্ঞাক্রমে সৃজন করিতে প্রবৃত্ত হইলেন। হে মুনীন্দ্রগণ! ব্রহ্মাণ্ডে যাহা কিছু দৃশ্যমান হয়, সেই স্থাবর, জঙ্গম, চেতন, অচেতন—সমস্তই তখন বিশেষ শিবতেজে ব্যাপ্ত ছিল। তৎপরে চতুর্দ্দিকে সৃষ্টিকার্য্য আরম্ভ হইল। তখন ব্রহ্মাণ্ডে চতুর্দ্দশ ভুবন সৃষ্ট হইল। মুনিগণ ঐ ব্রহ্মাণ্ডের বিস্তার পঞ্চাশ কোটি যোজন পরিমাণ বলিয়াছেন ১১—২০। যেরূপ জলে নৌকা ও তক্রে (ঘোলে) নবনীত পিণ্ড দেখিতে পাওয়া যায়, সেইরূপ জলোপরি ব্রহ্মাণ্ড ভাসিতে লাগিল ঐরাবত প্রভৃতি দিগ্গজ উহা ধরিয়া যথায় স্থিরভাবে পরিবর্ত্তন করিতে লাগিল হে ঋষিশ্রেষ্ঠগণ! উক্ত ব্রহ্মাণ্ডের মধ্যভাগে অর্দ্ধ অর্দ্ধভাগ কল্পিত হইল অবশিষ্টের অর্দ্ধভাগ দুইভাগে বিভক্ত হইয়া একভাগ ঊর্দ্ধে ও অপরভাগ অধোদেশে নির্দ্দিষ্ট হইল। মধ্যে ভূর্লোক ও তাহার অধোভাগে তল, অতল, সুতল, বিতল, মহাতল পাতাল এবং রসাতল;

ভূর্লোকাদুপরি যো বৈ ভুবর্লোকঃ প্রকীর্ত্তিতঃ
স্বর্লোকাদুপরি যো বৈ মহর্লোকঃ প্রকল্পিতঃ
ততো জনপদশ্চৈব তপশ্চৈব ততঃ পরম্।
সত্যঞ্চৈব ততঃ প্রাহুর্মর্য্যাদা পরিকীর্ত্তিতা॥
একৈকস্য চ বিস্তারো দৃশ্যতে চ মুনীশ্বরাঃ।
বহুতরস্য ভয়েনৈব নোক্তো গ্রন্থস্য এব চ॥
কথিতশ্চ পুরা গ্রন্থে পুনঃ কিং কথয়াম্যহম্
যেষাং যত্রাধিকারোঽস্তি তত্র তে চ নিবাসি[নঃ]
সমুদ্রাঃ সপ্ত এবৈতে দ্বীপানি চ তথা পুনঃ।
মের্ব্বাদ্যা গিরয়শ্চান্যে নদ্যশ্চ বিবিধাস্তথা॥
বনানি চ বিচিত্রাণি বিবিধানি তথৈব চ।
ব্রহ্মাণ্ডে পরিবর্ত্তন্তে উক্তানি চ পুরা ময়া॥
ব্রহ্মণো দ্বিবিধং রূপং নির্গুণস্য পরাত্মনঃ।
একমেবাক্ষরং ব্রহ্ম ক্ষরঞ্চ দ্বিতীয়ং মতম্॥
[ভূ]তৈরেব ক্ষরং প্রোক্তং হ্যক্ষরং নির্গুণং মত[ম্]
ইদং ভূতময়ং যচ্চ রূপঞ্চ ব্রহ্মণো বিভুঃ। ৩[০]
এতদেব সগুণং প্রোক্তং মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ
নির্গুণং সগুণঞ্চৈব সগুণং নির্গুণং তথ॥ ৩[১]
পরস্পরং সংলগ্নং রূপদ্বয়মথাপি চ।
যথা চ মণি-সূত্রঞ্চ সংলগ্নঞ্চ পরস্পরম্॥ ৩২
পুষ্পাণ্যেব সুগন্ধশ্চ জ্যোতিস্তেজস্তথৈব চ

এই সপ্ত ভুবন স্থাপিত হইল। উক্ত ভূর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, ত[প]লোক ও সত্যলোক উপরি উপরি বি[ন্যস্ত] হইল ইহাদিগের প্রত্যেকের বিস্তার সীমা নানা পুরাণে বর্ণিত আছে, দে[খিতে] পাওয়া যায়; অতএব গ্রন্থবিস্তারভয়ে তা[হা হইতে] নিবৃত্ত হইলাম। যে লোকে যাহাদি[গের] অধিকার, তাহারা তথাকার অধিবাসী সমুদ্র, সপ্ত দ্বীপ, সুমেরু প্রভৃতি পর্ব্বত, বি[বিধ] নদী ও নানাবিধ বিচিত্র বন, এই ব্রহ্মা[ণ্ডে] পরিবর্ত্তিত হইতেছে, ইহা পূর্ব্বে বলিয়া[ছি]। নির্গুণ পরমাত্মা ব্রহ্মার দ্বিবিধ রূপ—ক্ষর [ও] অক্ষর। যাহা দৃষ্ট, তাহাকে ক্ষর ও [অপর] নির্গুণ, তাহাকে অক্ষর কহে। তত্ত্ব[দর্শী] মুনিগণ এই ভূতময় রূপকে, সগুণ বলি[য়া] থাকেন। যেরূপ মণি ও সূত্র, পুষ্প ও গ[ন্ধ]

কাশ্যাশ্চৈব তু মহাত্ম্যং বক্তুং বর্ষশতৈরপি ॥ ৫১
ন শক্নোমি সদা সর্ব্বং তথাপি চ ব্রুবে পুনঃ।
কৈলাসস্য পতির্যো বৈ নির্গুণো গুণবান্ ভবঃ ॥ ৫২
আজগাম কদাচিদ্বৈ কাশ্যাং দেবো মহেশ্বরঃ।
বারাণসীমনুপ্রাপ্য দর্শয়ামাস শঙ্করঃ ॥ ৫৩
অবিমুক্তেশ্বরং লিঙ্গং দর্শনাং পাপহারকম্।
অবিমুক্তস্য মাহাত্ম্যং যথাহ ভগবান্ ভবঃ ॥ ৫৪
বিস্তরেণ ময়া বক্তুং ব্রহ্মণা চ মহাত্মনা।
শক্যতে নৈব বিপ্রেন্দ্রা বর্ষকোটিশতৈরপি ॥ ৫৫
অবিমুক্তোহপি তং দৃষ্ট্বা আনন্দং পরমং গতঃ।
পূজয়ামাস তং দেবং পার্ব্বত্যা সহ শঙ্করম্ ॥ ৫৬
নমস্কারৈঃ স্তবৈর্মন্ত্রৈর্দেবদেবং জগৎপতিম্।
প্রণিপাতৈরনেকৈশ্চ ত্বদীয়োহস্মি ন সংশয়ঃ ॥ ৫৭
কৃপাং ত্বং কুরু দেবেশ লোকানাং হিতকাম্যয়া।
স্থাতব্যঞ্চ ত্বয়া দেব প্রার্থয়ামি জগৎপতে ॥ ৫৮
অবিমুক্তোহপি হি তদা সম্প্রার্থ্য চ পুনঃ পুনঃ।
নেত্রাশ্রূণি প্রমুচ্যোতচ্চরণং নৈব মোচিতুম্ ॥ ৫৯
কাশ্যেব চ ত্বয়া দেব রাজধানী প্রগৃহ্যতাম্।

ময়া ধ্যানিত্বয়া শ্বেয়মচিন্ত্যসুখহেতবে ॥ ৬
মুক্তিদাতা ভবান্ লোকে বর্ত্ততে নান্যথা কাচং
তস্মাৎ ত্বমুপকারায় তিষ্ঠোমাসহিতঃ সদা ॥ ৬
অখিলান্ জীবসঙ্ঘাতাংস্তারয় ত্বং সদাশিব।
ইত্যেবং প্রার্থিতস্তেন তস্থৌ দেবো জগৎপতি
লোকানামুপকারার্থং কপালমুক্তিহেতবে।
ইত্যেবং বচনং শ্রুত্বা ঋষয়ো নির্ম্মলাশয়াঃ ॥ ৬
পপ্রচ্ছুঃ পরয়া ভক্ত্যা কপালং কিং ব্রবীষি ন

সূত উবাচ।

সাধু পৃষ্টমৃষিশ্রেষ্ঠাঃ কথয়ামি যথাক্রতম্ ॥ ৬৪
পুরা কদাচিদ্দেবেশঃ শঙ্করপ্রিয়কাম্যয়া।
বভ্রাম গিরিজাসার্দ্ধং ব্রহ্মলোকমুপাগতঃ ॥ ৬৫
ব্রহ্মা চাপি তদা তং বৈ বহুমানপুরঃসরম্।
পূজয়ামাস দেবেশমাতিথ্যোধর্ম্মহেতবে ॥ ৬৬
পশ্চাৎ তুষ্টাব তং দেবং চতুর্ভির্মুখৈস্তদা
একেনৈব মুখেনৈব দুঃশব্দং শ্রুতবাংস্তদা ॥ ৬
দৃষ্ট্বা চতুর্ম্মুখানীহ সংস্রষ্টা ভগবান্ ভবঃ।

অতএব ইহার সেবা সকলেই করিয়া থাকেন। এই কাশীর মাহাত্ম্য-সমুদয় শত শত বর্ষেও আমি বলিতে অক্ষম ; তথাপি কিঞ্চিৎ বলিতেছি শ্রবণ করুন। একদা নির্গুণ, গুণবান কৈলাসপতি ভগবান্ শঙ্কর, কাশী আগমন করিয়া পাপনাশন স্বকীয় অবিমুক্ত-লিঙ্গ দর্শন করিলেন। এই অবিমুক্ত-লিঙ্গের মাহাত্ম্য ভগবান্ ভব যাহা সবিস্তরে বলিয়াছিলেন, তাহা আমি, অধিক কি, মহাত্মা ব্রহ্মাও শত শত কোটি বর্ষেও বলিতে অক্ষম। তখন ঐ অবিমুক্ত-লিঙ্গ তাঁহাকে দেখিয়া পরমানন্দিত হইয়া নমস্কার, স্তব ও মন্ত্র দ্বারা দেবদেব শঙ্করকে পার্ব্বতীসহ পূজা করিয়া প্রার্থনা করিলেন, হে দেবদেব! আমিই আপনারই, আপনি কৃপাপূর্ব্বক লোকের হিত জন্য এই স্থানে অবস্থান করুন। পুনঃপুনঃ এই প্রার্থনা করিয়া তিনি সাশ্রুপূর্ণনয়নে তাঁহার চরণ ধরিয়া রহিলেন। তিনি পুনরায় বলিলেন, হে দেব! আপনি এই কাশী রাজধানী গ্রহণ করুন।

আমি অচিন্তনীয় সুখের জন্য ধ্যানে রত থা
৫১—৬০। এই জগতে আপনিই একম
মুক্তিদাতা, অতএব আপনি লোকের উপকা
পার্ব্বতীসহ এই স্থানে থাকিয়া নিখিল জী
গণকে পরিত্রাণ করুন তিনি এইর
প্রার্থনা করিলে ভগবান কৈলাসপতি কপা
মোচনের জন্য লোকের উপকারার্থ তথায় অ
স্থান করিলেন; নির্ম্মলান্তঃকরণ ঋষি
সূতের এই বাক্য শুনিয়া পরম ভক্তি-সহকা
জিজ্ঞাসা করিলেন, কপাল-মোচনের বৃত্ত
কি? আমাদিগকে বল। সূত কহিলেন, (
ঋষিশ্রেষ্ঠগণ! সাধু প্রশ্ন করিয়াছেন, আ
তাহা যথাক্রমে বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্ব
কালে কোন সময়ে দেবদেব শঙ্কর, প্রি
কামনায় পার্ব্বতীসহ ভ্রমণ করিতে করিতে ব্রহ্ম
লোকে উপস্থিত হইলেন। তখন ব্রহ্মা ব
সমাদরপূর্ব্বক ধর্ম্ম হেতু অতিথিসংকার দ্বারা
তাঁহার পূজা করিলেন। অনন্তর ব্রহ্মা পঞ্চ
মুখে তাঁহার স্তব করিতে গিয়া একমুখে অপ-
ভ্রংশ শব্দ উচ্চারণ করিয়াছিলেন। তখন

তস্মাৎ তীর্থবরং হেতন্মহাপাতকনাশনম্ ॥ ৮৪
ইত্যেব জ্ঞাপিতং লোকে মাহাত্ম্যং তীর্থসত্তমম্।
অথবা ঈশ্বরস্যেচ্ছাং কশ্চ জানাতি চেষ্টিতম্ ॥ ৮৫
কানঙ্গদহনঞ্চৈব কাঙ্গে যুবতিধারণম্ *।
কণ্ঠে বিষং ধৃতং যেন মৃত্যুঞ্জয় উদাহৃতঃ ॥ ৮৬
দিগম্বরঃ স্বয়ঞ্চৈব ভক্তেভ্যো হ্যচলাং শ্রিয়ম্।
স্বসৈন্যঞ্চ পিশাচাশ্চ ভক্তানাঞ্চ চতুর্বিধম্ ॥ ৮৭
স্বাঙ্গে চ রুণ্ডমালা বৈ ভক্তানাং মৌক্তিকানি চ।
চিতাভস্ম নিজস্যৈব ভক্তেভ্যশ্চন্দনং দদৌ ॥ ৮৮
স্ববাহনং বৃষশ্চৈব ভক্তানাং হস্তিকানথ
স্ববাদ্যঞ্চৈব গল্লাদি ভক্তানাঞ্চানকানথ ॥ ৮৯
স্বশিরসি জটা দিব্যা ভক্তানাং মুকুটাদিকম্
স্বভূষণঞ্চ সর্পাদি ভক্তানাং কুণ্ডলাদিকম্ ॥ ৯০
স্বস্য বস্ত্রঞ্চ চর্ম্মাদি ভক্তেভ্যঃ সুন্দরাম্বরম্।
স্বয়ং দধাতি চান্যচ্চ ভক্তানাঞ্চান্যদেব চ ॥ ৯১
যথাভিলাষং ভক্তেভ্যঃ শঙ্করঃ সম্প্রযচ্ছতি।
তস্মাৎ তচ্চেষ্টিতং নৈব জ্ঞাতুং শক্যং মুনীশ্বরাঃ
পঞ্চক্রোশ্যাঃ পরং নাস্তং ক্ষেত্রঞ্চ ভুবনত্রয়ে।
অথবা পাপিনাং পাপস্ফোটনায় স্বয়ং হরঃ ॥
মৃত্যুলোকে শুভং ক্ষেত্রং সমাস্থায় স্থিতঃ সদা
যথাতথাপি ধন্যেয়ং পঞ্চক্রোশী মুনীশ্বরাঃ ॥
যত্র বিশ্বেশ্বরো দেবো হ্যাগত্য সংস্থিতঃ স্বয়ম্
যদ্দিনং হি সমারভ্য হরঃ কাশ্যামুপাগতঃ ॥
তদ্দিনং হি সমারভ্য কাশী শ্রেষ্ঠতরা হ্যভূৎ।
এতদ্বশ্চ সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং মুনীশ্বরাঃ।
য ইদং শৃণুয়ান্নিত্যং সর্ব্বান কামান সমাপ্নুয়াৎ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং কা[শী]
বর্ণনং নামৈকোনপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৪৯ ॥

কোন্ ছার? তীর্থস্পর্শে শিবের পৃষ্ঠ হইতে সেই সমস্ত খসিয়া পড়িয়াছিল; অতএব এই তীর্থবর মহাপাতকের নাশন; এইরূপে জগতে তাহার মাহাত্ম্য ঘোষিত হইল। অথবা ভগবানের ইচ্ছা ও চেষ্টা কে জানিতে ক্ষম? নহিলে কোথায় অনঙ্গদাহ, আবার কোথায় অঙ্গে যুবতীধারণ। তিনি কণ্ঠে বিষ ধারণ করেন, তথাপি তাঁহাকে মৃত্যুঞ্জয় বলিয়া থাকে। তিনি স্বয়ং দিগম্বর, কিন্তু ভক্তজনের স্থিরসম্পদ্‌বিধাতা। পিশাচমাত্র তাঁহার নিজ সৈন্য, কিন্তু তাঁহার ভক্তগণের চতুরঙ্গিণী সেনা। তাঁহার নিজ অঙ্গে নরমুণ্ডমালা ও তাঁহার ভক্তের গলে মুক্তামালা; তিনি স্বয়ং চিতা-ভস্ম মাখেন; কিন্তু ভক্তজনকে চন্দন মাখিতে দেন। বৃষ তাঁহার নিজ বাহন, কিন্তু ভক্তের বাহন হস্তী, অশ্ব প্রভৃতি। গল্লবাদ্য তাঁহার নিজ বাদ্য, কিন্তু ভক্তজনকে পটহবাদ্য দিয়া থাকেন। তাঁহার নিজ মস্তকে দিব্য জটা ও তাঁহার ভক্তের মস্তকে মুকুটাদি শোভা পাইয়া থাকে। তাঁহার নিজ-ভূষণ সর্প, কিন্তু ভক্তের কুণ্ডলাদি। তাঁহার নিজ পরিধেয় ব্যাঘ্রচর্ম্মাদি, কিন্তু ভক্তজনকে সুন্দর পটবস্ত্র দিয়া থাকেন। তিনি নিজের জন্য একপ্রকার বিধান করেন, ভক্তের জন্য আর একপ্রকার করিয়া থাকেন। তিনি ভক্তদিগকে, যে যাহা কামনা করে, তাহা দিয়া থাকেন। অতএব ঋষিগণ! ঈশ্বরে[র] চেষ্টা, সর্ব্বতোভাবে অজ্ঞেয়। ত্রিভুবন মধ্যে এই কাশীর ন্যায় পুণ্যক্ষেত্র আর দ্বিতীয় নাই। অথবা স্বয়ং হর—মর্ত্ত্যলোকে পাপিগণের পাপ মোচনার্থ এই শুভক্ষেত্র প্রাপ্ত হইয়া সর্ব্বদা অবস্থান করিতেছেন। যে সে ভাবেই হউক যখন সাক্ষাৎ বিশ্বেশ্বর আসিয়া এখানে অবস্থান করিতেছেন, তখন এই কাশীই ধন্য। যে দিন ভগবান্ কাশীক্ষেত্রে আগমন করেন, সেই দিন অবধি এই ক্ষেত্র সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে। ঋষিগণ! এক্ষণে আপনাদিগের জিজ্ঞাস্য বলিলাম। যে ব্যক্তি এই আখ্যান প্রতিদিন শ্রবণ করিবে, তাহার সকল অভীষ্ট সিদ্ধ হইবে। ৮৯—৯৬।

একোনপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৯ ॥

---

* কাঙ্গে যুবতিধারণমিতি পাঠান্তরম্।

রুদ্ররূপঞ্চ পশ্যেমং ব্রহ্মণা চ কৃতং পুরা।
সর্ব্বদেবৈরহং দেবি অস্মিন্ দেশে প্রসাদিতঃ ॥৪৯
আজগাম পুরা দেবি লিঙ্গরূপী ন সংশয়ঃ।
অত্রাহং ব্রহ্মণানীতঃ স্থাপিতঃ পরমেষ্ঠিনা ॥ ৫০
ব্রহ্মণশ্চাপি সংগৃহ্য বিষ্ণুনা স্থাপিতঃ পুনঃ।
ব্রহ্মণা সততো বিষ্ণুরুক্তঃ সংবিগ্নচেতসা ॥ ৫১
ময়ানীতমিদং লিঙ্গং ত্বং কিং স্থাপিতবানসি।
অমুবাচ পুনর্বিষ্ণুর্ব্রহ্মাণস্থ পিতামহম্ ॥ ৫২
রুদ্রে দেবে পুরাতাস্তং মম ভক্তিমহত্তরা।
ময়ৈব স্থাপিতং লিঙ্গং তব নাম্না ভবিষ্যতি ॥ ৫৩
হিরণ্যগর্ভ ইত্যেবমত্রাহং সমুপাগতঃ।
দৃষ্টেনমপি দেবেশি মম লোকং ব্রজেন্নরঃ ॥ ৫৪
ততঃ পুনরপি ব্রহ্মা মম লিঙ্গমিদং শুভম্
স্থাপয়ামাস বিধিবদ্ভক্ত্যা চ পরয়া পুনঃ ॥ ৫৫
স্বলীলেশ্বর ইত্যেবমত্রাহং স্বয়মাস্থিতঃ
প্রাণানিহ নরস্ত্যক্ত্বা ন পুনর্জ্জায়তে ক্বচিৎ ॥ ৫৬

অস্মিন্নেব ময়া দেশে দৈত্যো দৈবতকণ্টকঃ।
ব্যাঘ্ররূপং সমাস্থায় নিহতো দর্পিতো বলী॥
ব্যাঘ্রেশ্বরস্তথা খ্যাতো মহাপাতকনাশনঃ।
পিত্রা তে শৈলরাজেন পুরা হিমবতা স্বয়ম্ ॥৫
মম প্রিয়তমং স্থানং জ্ঞাত্বা লিঙ্গং প্রতিষ্ঠিত
শৈলেশ্বর ইতি খ্যাতং দৃষ্টবতামিদমাদরাৎ॥
যদা বারাণসী চেয়ং পুণ্যা পাপবিনাশিনী।
ক্ষেত্রমেতদলঙ্কৃত্য জাহ্নব্যা সহ সঙ্গতা ॥ ৬০
তদা চ ব্রহ্মণা অত্র স্থাপিতং লিঙ্গমুত্তমম্।
সঙ্গমেশ্বরবিখ্যাতং দৃশ্যতাং সুন্দরি ত্বয়া ॥ ৬১
মধ্যমেশং ততঃ পশ্য জম্বুকেশং ততঃ পুনঃ।
শুক্রেশ্বরঞ্চ লিঙ্গঞ্চ শুক্রেণ স্থাপিতং পুরা॥
কৃত্তিবাসেশ্বরং পশ্য বৃদ্ধকালেশ্বরং তথা।
ইন্দ্রাদিদৈবতৈস্তত্র লিঙ্গানি স্থাপিতান্যতঃ॥
তত্রৈব চৈব বিখ্যাতং লিঙ্গং পাপহরং তদা
পশ্য লিঙ্গানি পুণ্যানি সর্ব্বকামপ্রদানি চ ॥ ৬
অনুক্তেতানি পূজ্যানি সন্তি স্থানানি পার্ব্বতি
কথিতানি মম ক্ষেত্রে গুহ্যস্থানমিদং শৃণু। ৬

দর্শনে লোকে পাপমুক্ত হয়। দেবি! ব্রহ্মার স্থাপিত এই রুদ্ররূপী কপিলা হ্রদ দর্শন কর। সকল দেবগণ এই দেশে আমায় প্রসন্ন করিয়াছেন। দেবি! পূর্ব্বে ব্রহ্মা এইস্থানে আমায় লিঙ্গরূপে আনয়ন করিয়া রক্ষা করেন। বিষ্ণু ব্রহ্মার নিকট হইতে সংগ্রহ করিয়া পুনরায় স্থাপন করেন। তাহা দেখিয়া ব্রহ্মা দুঃখিতচিত্তে বিষ্ণুকে বলিলেন, "এই লিঙ্গ আমি আনয়ন করিয়াছি, আপনি কেন স্থাপন করিলেন?" তাহা শ্রবণ করিয়া বিষ্ণু ব্রহ্মাকে বলিলেন, রুদ্রদেবে অতি ভক্তি বশত আমি স্থাপন করিলাম বটে, কিন্তু আপনার নামে ইহার নাম হিরণ্যগর্ভেশ্বর হইবে। দেবি! তখন আমি এই হিরণ্যগর্ভেশ্বররূপে এই ক্ষেত্রে আবির্ভূত হইলাম। আমার ঐ মূর্ত্তি দেখিলে লোকে মদীয় লোক প্রাপ্ত হইয়া থাকে। পরে ব্রহ্মা পুনরায় পরম ভক্তিসহকারে স্বলীলেশ্বর নামে এই লিঙ্গ স্থাপন করেন। আমি সেই রূপে তথায় অবস্থান করি। এই স্বলীলেশ্বরক্ষেত্রে প্রাণত্যাগ করিলে মনুষ্যের পুনর্জ্জন্ম হয় না।

এই স্থানে আমি ব্যাঘ্ররূপ ধারণ করিয়া বলদর্পিত দেবশত্রু একজন দৈত্যকে বধ করিয়াছি; তাহাতেই আমি ব্যাঘ্রেশ্বর নামে খ্যাত হইয়া। উহা দর্শন করিলে মহাপাতক নাশ হ। পার্ব্বতি! পূর্ব্বে তোমার পিতা হিমালয় আ প্রিয়তম স্থান বোধ করিয়া এই স্থানে শৈলেশ্বর নামে এক লিঙ্গ স্থাপন করিয়া রাখি ছেন। ইহাকে ভক্তিসহকারে দর্শন ক যখন পাপনাশিনী এই পবিত্র বারাণসী মহা ভূষিত হইয়া জাহ্নবীর সহিত মিলিত তখন ব্রহ্মা তথায় সঙ্গমেশ্বর নামে এক লিঙ্গ স্থাপন করেন। ঐ সেই লিঙ্গ রহি দেবি! দর্শন কর। তৎপরে সুন্দরি! মেশ, জম্বুকেশ, শুক্রাচার্য্য-স্থাপিত শুক্রে কৃত্তিবাসেশ্বর, বৃদ্ধকালেশ্বর ও ইন্দ্রাদি দেব স্থাপিত তত্তৎনামে বিখ্যাত অপরাপর সর্ব্ব প্রদ পাপহর পুণ্য লিঙ্গ সকল দর্শন কর।৫৮ এই প্রকারে পূজ্য লিঙ্গস্থান অনেক রহি বলিলাম, এক্ষণে আমার এই ক্ষেত্রের

কৃতকর্ম্মক্ষয়ো নাস্তি কল্পকোটিশতৈরপি।
অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্॥ ৭
কেবলপাপজং কর্ম্ম নরকায় ভবেদিহ
শুভং স্বর্গায় জায়েত উভাভ্যাং ক্ষিতিজন্ম চ॥ ৮
জন্ম সম্যগসম্যক্ তু ন্যূনাধিক্যে ভবেদিহ
উভয়োশ্চ ক্ষয়ে মুক্তির্ভবেৎ সুন্দরি ধ্রুবম্॥ ৯
একং ক্ষেত্রে কৃতস্যৈব কর্ম্মণঃ সংক্ষয়শ্চ বৈ
একৈকেব পূর্ব্বজন্মকৃতস্য সংক্ষয়শ্চ॥ ১০
একং সর্ব্বক্ষয়শ্চৈব ভবতীতি সুনিশ্চিতম্
কর্ম্ম চ ত্রিবিধং প্রোক্তং বিদ্ধি ত্বং কমলাননে॥
সঞ্চিতং ক্রিয়মাণঞ্চ প্রারব্ধঞ্চ ত্রিধা মতম্
পূর্ব্বজন্মসমুদ্ভূতং সঞ্চিতং সমুদাহৃতম্॥ ১১
তেন জন্মান্তরং যচ্চ ক্রিয়তে কর্ম্ম সাম্প্রতম্
শুভাশুভঞ্চ যচ্চৈব ক্রিয়মাণং বিদুর্বুধাঃ॥ ১২
ভুজ্যতে চ শরীরেণ প্রারব্ধং পরিকীর্ত্তিতম্
প্রারব্ধকর্ম্মণো ভোগাৎ ক্ষয়োঽন্যেন ন চান্যথা॥ ১৩

পাপং বিনা শরীরস্য দুঃখং নাস্তি পদে পদে।
যৎ কিঞ্চিদ্দৃশ্যতে দুঃখং সর্ব্বং পাপসমুদ্ভবম্॥
স্থূলঞ্চৈবাথ সূক্ষ্মঞ্চ দুঃখং পাপসমুদ্ভবম্।
অপাপঞ্চ যদা স্যাদ্বৈ শরীরং সুখভাজনম্॥ ১৬
কুত্রচিচ্চ শুভং বর্দ্ধেৎ কুত্রচিৎ পাপসংক্ষয়ঃ।
সর্ব্বেষাং কর্ম্মণাং নাশো নাস্তি কাশীপুরীং বিনা।
সকলঞ্চ সুলভং তীর্থং দুর্লভা কাশিকা পুরী।
অহং কাশীং গমিষ্যামি শতজন্মকৃতা মতিঃ॥ ১
ততঃ কাশীদর্শনঞ্চ জায়তে নান্যথা ক্বচিৎ।
পৃথিব্যাং যানি তীর্থানি কৃতানি পূর্ব্বজন্মনি॥ ১
তদা মুক্তিপুরী লভ্যেৎ যন্মধ্যে চৈব কাচন।
পূর্ব্বজন্মকৃতাশেষৈর্মুক্তিপুর্য্যাঃ শুভাননে॥ ২০
তদা কাশী চ লভ্যেত নান্যথা সুলভা প্রিয়ে।
পরজন্মনি কৃতা চেৎ কাশী মুক্তিপ্রদায়িনী॥ ২
প্রাপ্য কাশীং তদা তত্র মৃতিঃ স্যান্নান্যথা ক্বচিৎ।
কাশীং প্রাপ্য নরো যস্তু গঙ্গায়াং স্নানমাচরেৎ

লেন, হে ঋষিশ্রেষ্ঠগণ! পার্ব্বতী ও শঙ্করের সংবাদ আরও বলিতেছি, শ্রবণ করুন। তিনি পার্ব্বতীকে সম্বোধন করিয়া আরও বলিলেন হে সুন্দরি! শত শত কোটি কল্পেও ভোগ বিনা অনুষ্ঠিত কর্ম্মের ক্ষয় হয় না। শুভাশুভ কর্ম্মের ফল অবশ্যই ভোগ করিতে হইবে। কেবল পাপকর্ম্মে নরক, কেবল পুণ্যকর্ম্মে স্বর্গ ও পাপ-পুণ্য উভয় কর্ম্মে পৃথিবীতে জন্মগ্রহণ হয়। তন্মধ্যে পুণ্যের আধিক্যে উত্তম জন্ম ও পাপের আধিক্যে অধম জন্ম এবং পাপ-পুণ্য উভয়-কর্ম্মক্ষয়ে মুক্তি হইয়া থাকে। পঞ্চক্রোশী-প্রদক্ষিণাদি শুভকর্ম্মে ক্ষেত্রানুষ্ঠিত অশুভ কর্ম্মের নাশ হয়। কর্ম্মবিপাক শাস্ত্রোক্ত কর্ম্মে পূর্ব্বজন্মার্জ্জিত অশুভ কর্ম্মের ক্ষয় হয়। যাব-জ্জীবন বিশ্বেশ্বরের উপাসনাদি কর্ম্মে সকল পাপকর্ম্ম ধ্বংস হইয়া থাকে। সঞ্চিত, ক্রিয়-মাণ ও প্রারব্ধ, এই তিন প্রকার কর্ম্ম কথিত আছে। তন্মধ্যে পূর্ব্বজন্মানুষ্ঠিত কর্ম্মকে সঞ্চিত বলিয়া থাকে। ইহা দ্বারা জন্মান্তর প্রাপ্ত হয়। বর্ত্তমান জন্মে যে শুভাশুভ কার্য্য করা হয়, তাহাকে ক্রিয়মাণ কহে। যাহার ফল এ শরীরে ভোগ করা যায়, তাহাকে প্রারব্ধ বলে এই প্রারব্ধ কর্ম্মের ফল ভোগ বিনা ন হয় না। পাপ বিনা প্রতিক্ষণে শরীরের দুঃ হয় না। স্থূলই হউক, সূক্ষ্মই হউক, যা কিছু দুঃখ দেখা যায়, তৎসমস্তই পাপ হইতে সমুদ্ভূত। যখন শরীর অপাপ হয়, তখন সুখের ভাজন হইয়া থাকে। কোন তীর্থে শু বৃদ্ধি হয়, কোন তীর্থে বা পাপনাশ হয়; কি কাশীক্ষেত্র বিনা অন্য কোন তীর্থে সকল কর্ম্মে ক্ষয় হয় না। অন্য সকল তীর্থই সুলভ, কি কাশীতীর্থ দুর্লভ। কেননা, "আমি কাশীগ করিব" এইরূপ মতি শত জন্মে করিলে, ত কাশীদর্শন ঘটিয়া থাকে; অন্য কোনরূপেই ঘ না। পূর্ব্বজন্মে পুষ্করাদি-তীর্থে বাস করি তৎপরজন্মে অযোধ্যাদি ছয়টী মুক্তিপুরীর ম অভ্যন্তরের লাভ হয়। তৎপরে তৃতীয় জ কাশীলাভ হয়, অন্যথা সুলভ নহে। এইরূ একজন্মে কাশী-দর্শন ঘটিলে তৎপরে কা মুক্তিলাভী হইয়া থাকে, তখন কাশীতে মরণ হ অন্যত্র কোথায়ও হয় না। ১—২১। কাশী প্রা

উভয়োঃ সিদ্ধিরক্ষার্থং ক্রিয়তে হরিণা স্বয়ম্।
ইত্যুক্তা সা তদা দেবী আনন্দং পরমং গতা ॥ ৪১
তদ্দিনং হি সমারভ্য হরস্তস্থৌ তয়া সহ।
ইতি বশ্চ সমাখ্যাতং কাশ্যাগমনকারণম্ ॥ ৪২
অতঃ পরং প্রবক্ষ্যামি ত্র্যম্বকস্য সমুদ্ভবম্।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবঃ ক্ষণাৎ ॥ ৪৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং বিশ্বেশ্বরবর্ণনং নামৈকপঞ্চাশো-হধ্যায়ঃ ॥ ৫১ ॥

দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্
কথয়ামি যথা ব্যাসাচ্ছ্রুতা চ ঋষিভিঃ সহ ॥ ১
পুরা ঋষিবরশ্রেষ্ঠো গৌতমো নাম বিশ্রুতঃ
যস্য পত্নী পরা সাধ্বী অহল্যা নাম বিশ্রুতা ॥ ২
তয়া সহ ঋষিশ্রেষ্ঠস্তপশ্চক্রে সুশোভনম্
দক্ষিণস্যাং দিশি যো বৈ গিরির্ব্রহ্মেতি সংজ্ঞিতঃ
অত্র তেন তপস্তপ্তং বর্ষাণাময়ুতং ধ্রুবম্।
কদাচিদ্বৈ হ্যনাবৃষ্টির্ব্বভূব সর্ব্বদুঃখদা।
বর্ষাণাঞ্চ শতং যাবৎ লোকা দুঃখমুপাগতাঃ ॥
আর্দ্রঞ্চ পল্লবং নৈব দৃশ্যতে পৃথিবীতলে।
জলং নৈব বিদৃশ্যেত জীবানাং প্রাণধারকম্ ॥ ৫
তদা তে ঋষয়শ্চৈব মনুষ্যাঃ পশবস্তথা।
পক্ষিণশ্চ মৃতাঃ সর্ব্বে গতাশ্চৈব দিশো দশ ॥ ৬
তদ্দৃষ্ট্বা ঋষয়ো বিপ্রাঃ প্রাণায়ামপরায়ণাঃ।
ধ্যানেনৈব তদা কেচিৎ কালং নিন্যুঃ সুদারুণম্
গৌতমোঽপি স্বয়ং অত্র বরুণার্থে তপঃ শুভম্
চকার চৈব ষণ্মাসং প্রাণায়ামপরায়ণঃ ॥ ৮
তস্মৈ তদা বরং দাতুং বরুণঃ স সমাগতঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রুহি দদামি ঋষিসত্তম ॥ ৯
ততশ্চ গৌতমস্তং বৈ বৃষ্টিং বৈ প্রার্থয়ং তদা
ততঃ সোঽপি বচস্তস্যা উবাচ ঋষিসত্তমাঃ ॥ ১০
বরুণ উবাচ।
দৈবস্য চ সমুল্লঙ্ঘ্য ব্রহ্মণা ন কথং ময়া

হরি তাহাই প্রদান করিয়া থাকেন উভয়ের সিদ্ধিরক্ষার নিমিত্ত স্বয়ং হরি এই কার্য্য করেন। তিনি এই কথা বলিলে দেবী পরম আনন্দ লাভ করিলেন। সেই দিন হইতে ভগবান্ হর সেই পার্ব্বতীর সহিত তথায় অবস্থান করিলেন। এইরূপ কাশীতে ভগবান্ কেন আগমন করিয়াছিলেন, তাহা আপনাদিগকে বলিলাম। অতঃপর ত্র্যম্বকের উৎপত্তিকথা বলিব। ইহা শুনিলে মনুষ্য তৎক্ষণাৎ পাপমুক্ত হইবে। ২২—৪৩

একপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫১ ॥

দ্বিপঞ্চাশ অধ্যায়।

সূত বলিলেন, হে ঋষিগণ! ব্যাসমুখে শ্রুত পাপনাশিনী ত্র্যম্বকের উৎপত্তিকথা বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বকালে মহর্ষি গৌতম দক্ষিণদিকে ব্রহ্মপর্ব্বতে পতিব্রতা পত্নী অহল্যার সহিত দশ সহস্র বর্ষ কঠোর তপস্যা করেন। তাঁহার তপস্যাকালে শত বর্ষ ধরিয়া অশে দুঃখকরী অনাবৃষ্টি ঘটিয়াছিল। তাহাতে লোকে ভয়ঙ্কর দুঃখ উপস্থিত হইয়াছিল। এম কি, পৃথিবীতলে আর্দ্রপল্লবও দৃষ্টিগোচর হই না। জীবের প্রাণধারক জল কুত্রাপি দৃ পথে পতিত হইল না। তৎকালে শত ঋষি, মনুষ্য, পশু ও পক্ষী পা প্রাপ্ত হইল। মৃতাবশিষ্টগণ দশদিকে পলা করিল। তখন কতিপয় ব্রহ্মর্ষি প্রাণায়া হইয়া ধ্যানবলে সেই নিদারুণ কাল অতিবাহি করিয়াছিলেন। স্বয়ং গৌতম মুনি প্রাণায়া হইয়া বরুণের উদ্দেশে ছয়মাস ধরিয়া তপ করিলেন। তাঁহার তপস্যায় প্রসন্ন হইয়া বর দেব তাঁহাকে বর দিবার উদ্দেশে আসিয়া ব লেন, হে ঋষিশ্রেষ্ঠ! কি বর প্রার্থনা কর, ব তখন গৌতম তাঁহার নিকট বৃষ্টি প্রার্থনা করি বরুণদেব বলিলেন, হে মহর্ষে! যাহার আ ব্রহ্মাদিও অলঙ্ঘনীয়, এই অনাবৃষ্টি সেই দে

ইত্যুক্তঞ্চ কৃতং তেন জলেন পূরিতং তদা।
অক্ষয়ঞ্চ জলং তেহত্র তীর্থভূতং ভবেদিহ ॥ ২৮
তব নাম্না চ বিখ্যাতং ক্ষেত্রঞ্চৈব ভবিষ্যতি।
অত্র দত্তং হুতং জপ্তং শ্রাদ্ধঞ্চৈবাক্ষয়ং ভবেৎ
ইত্যুক্ত্বান্তর্দধে দেব স্তুতস্তেন মহাত্মনা ॥ ২৯
ততশ্চ গৌতমস্তত্র জলং প্রাপ্য সুদুর্লভম্
নিত্যং নৈমিত্তিকং কর্ম চকার বিধিবৎ তদা ॥ ৩০
ব্রীহীংশ্চৈব যবাংশ্চৈব নীবারানপরানেকশ
বাপয়ামাস তত্রৈব হবনার্থং মুনীশ্বরাঃ ॥ ৩১
জলঞ্চৈবাক্ষয়ং তত্র সততঞ্চ মুনীশ্বরাঃ
বৃক্ষাশ্চ বিবিধাস্তত্র পুষ্পাণি চ ফলানি চ ॥ ৩২
ধান্যানি বিবিধানীহ হ্যাসংস্তত্রাপ্যনেকশঃ
ঋষয়ো হ্যাগতাস্তত্র গৌতমানুমতাস্তদা ॥ ৩৩
পশবঃ পক্ষিণশ্চৈব সমাজগ্মুঃ সুখায় বৈ
তদ্বনং সুন্দরং হ্যাসীৎ পৃথিব্যা মণ্ডলে পরম্ ॥ ৩৪
ঋষয়োঽপি বনে তত্র শুভকর্মপরায়ণাঃ।
বাসং চক্রুরনেকে চ পুত্রশিষ্যসমন্বিতাঃ ॥ ৩৫
বাপয়ামাসুর্ধান্যানি কালক্রমণহেতবে

তাঁহাকে গর্ত্ত খনন করিতে বলিলেন তিনি গর্ত্ত খনন করিলে ভগবান বরুণ তাহা জলে পূর্ণ করিয়া বলিলেন, এই জল অক্ষয় থাকিবে, এই তীর্থ তোমার নামে বিখ্যাত হইবে এবং এই তীর্থে দান, হোম, জপ ও শ্রাদ্ধ অক্ষয় ফল প্রসব করিবে। এই কথা বলিয়া বরুণদেব অন্তর্হিত হইলেন তখন মহাত্মা গৌতম তথায় দুর্লভ জল প্রাপ্ত হইয়া নিত্য নৈমিত্তিক ক্রিয়া কলাপ যথাবিধি করিতে লাগিলেন। হে মুনীন্দ্রগণ! তখন তিনি হোমের নিমিত্ত নানা প্রকার ব্রীহি, যব ও নীবার বপন করিলেন; জল তথায় সতই অক্ষয় রহিল তথায় বিবিধ বৃক্ষ, ফল, পুষ্প ও ধান্য হইতে লাগিল অপরাপর ঋষিগণ, পশু ও পক্ষী সকলেই সমাগত হইয়া, তথায় সুখে অবস্থান করিয়া রহিল। পৃথিবী মণ্ডলে সেই তপোবনই পরম সৌন্দর্য্য ধারণ করিল অনেক সৎকর্ম্মপরায়ণ ঋষিগণ পুত্র ও শিষ্য সমেত তথায় আসিয়া বাস করিয়া ধান্য বপনপূর্ব্বক কালযাপন করিতে

ততশ্চৈবাত্র তে তত্র দুঃখং কালস্য নাবিদন্।
আনন্দং তদ্বনে হ্যাসীৎ প্রভাবাদ্গৌতমস্য চ
এবং জাতে তদা তত্র যজ্জাতং শ্রূয়তাং পুন
কদাচিদ্গৌতমেনৈব জলার্থং প্রেষিতা গতাঃ
শিষ্যান্ জলসমীপে তু গতান্ দৃষ্ট্বা ন্যষেধয়ন্
ঋষিপত্ন্যো বয়ং তত্র গ্রহীষ্যামো বিদূরতঃ
পশ্চাচ্চৈব জলং গ্রাহ্যমিত্যেবং পর্য্যভর্ৎসয়ন্
পরাবৃত্তা তদা তৈশ্চ ঋষিপত্ন্যৈ নিবেদিতম্।
স চাপি তেন সমাদায় সমাশ্বাস্য চ তাং স্বয়
জলং নীত্বা দদৌ তস্মৈ গৌতমায় তপস্বিনে
নিত্যং সম্পাদয়ামাস জলেন ঋষিসত্তমাঃ
তাশ্চৈব ঋষিপত্ন্যশ্চ ক্রুদ্ধাস্তাঃ পর্য্যভর্ৎসয়ন
স্বামিনাগ্রে বিপরীতঞ্চ তাভিঃ সর্ব্বং নিবেদিতম্
অহল্যা মানবী নাথ ভর্ৎসয়তে চৈব নিত্যশঃ

লাগিলেন। তদ্বনবাসী কোন ব্যক্তিরই কালকৃত দুঃখ অনুভব করিতে হয় নাই। রূপে গৌতমের প্রভাবে সেই তপোবন অ পূর্ণ হইয়াছিল। এইরূপে কিছুকাল গেলে, ঘাহা ঘটিয়াছিল, তাহা শ্রবণ করুন ২৭— একদা মহর্ষি গৌতম কতিপয় শিষ্যকে নয়নে প্রেরণ করিলেন। তাহারা জলস উপস্থিত হইবামাত্র কতিপয় ঋষিপত্নী বলি যে, আমরা জলগ্রহণ করিব, তোমরা এ দূরে যাও, পরে আমাদিগের জল লওয়া তোমরা লইও এবং তৎসঙ্গে তাহাদি ভর্ৎসনা করিলেন। তখন শিষ্যগণ ঋষিপ দিগের কথায় কুপিত হইয়া প্রত্যাগমনপূ গুরুপত্নী অহল্যাকে নিবেদন করিল। শিষ্যগণকে অনুগৃহীত করিয়া সেই ঋষিপ দিগকে বুঝাইয়া তপস্বী গৌতমকে স্বয়ং আনিয়া দিলেন। এইরূপে তিনি নিত্য আনিয়া দিতেন। মহর্ষি গৌতমও সেই নিত্যকর্ম্ম সম্পাদন করিতেন। তাহা দে সেই ঋষিপত্নীগণ কুপিত হইয়া স্ত্রীস্বভাবসু ঈর্ষা বশতঃ তাঁহাকে এক দিন ভর্ৎসনা করি কিন্তু তাহারা স্ব স্ব স্বামীর নিকট বিপরী করিয়া লাগাইল। বলিল, স্বামিন! অহ

নিষ্পাপং কুরু মে দেব শিবে বাক্যমুদাহরেৎ ।
ধন্যোহসি কৃতকৃত্যোহসি নিষ্পাপোহসি সদা মুনে
এভিস্তু দুষ্টৈঃ কিল ত্বং ছলিতোহসি মহামুনে ।
তবৈব দর্শনাল্লোকা নিষ্পাপাশ্চ ভবন্তি চ ॥ ৭১
কৃতঘ্নাশ্চ তথা জাতা নিষ্কৃত্যা নৈব শুদ্ধিতাঃ ।
দর্শনাদেব শেষং যৎ * পাপস্য দূরতো গতম্ ॥ ৭২
ইত্যুক্তা শঙ্করস্তস্মৈ তেষাং দুষ্কৃতং তদা ।
সর্ব্বং নিবেদয়ামাস শ্রুত্বা বিস্মিতমানসঃ ॥ ৭৩
আহ পুনঃ শিবং সোহপি উপকারঃ কৃতো মহান্
যদ্যেবং ন কৃতং তৈস্তু দর্শনং তে কুতো ভবেৎ ॥
ধন্যাশ্চ ঋষয়শ্চৈব মহ্যং শুভতরং কৃতম্ ।
ইত্যেবং বচনং শ্রুত্বা প্রসন্নঃ শঙ্করঃ পুনঃ ॥ ৭৪
ধন্যোহসি ত্বমৃষিশ্রেষ্ঠ ব্রিয়তাং বরমুত্তমম্ ।
গৌতমোহপি বিচার্য্যৈবং লোকে বিকৃতমিত্যুত ॥
অন্যথা ন ভবেদেব তস্মাদ্যুক্তং সমাচরেৎ ।
নিশ্চিত্যৈবং মুনিশ্রেষ্ঠঃ শঙ্করং বাক্যমব্রবীৎ
সত্যং নাথ ব্রবীষি ত্বং তথাপি পঞ্চভিঃ কৃতম্ ।
নান্যথা ভবতীত্যত্র যজ্জাতং জায়তাং কৃতম্ ।
যদি প্রসন্নো দেবেশ গঙ্গা চ দীয়তাং মম ॥ ৭৮
ইত্যুক্ত্বা বচনং তত্র ধৃত্বা চরণপঙ্কজম্ ।
নমশ্চকার দেবেশং গৌতমো লোককাম্যয়া ॥ ৭৯
ততস্তু শঙ্করো দেবঃ পৃথিব্যাশ্চ দিবশ্চ সঃ ।
সারমেব সমুদ্ধৃত্য রক্ষিতং পূর্ব্বমেব যৎ ॥ ৮০
বিবাহে ব্রহ্মণে দত্তং যদবশিষ্টঞ্চ কিঞ্চন ॥ ৮১
তৎ তস্মৈ দত্তবান্ শম্ভুর্ভক্তবৎসলতাং স্বকাম্ ।
খ্যাপয়ন্ ভুবনে তত্র গৌতমস্য মহাত্মনঃ ॥ ৮২
গঙ্গাজলং তদা তত্র স্ত্রীরূপমভবৎ পরম্ ।
তস্যাশ্চৈব ঋষিশ্রেষ্ঠঃ স্তুতিং কৃত্বা নতিং তথা ।
ধন্যাসি কৃতকৃত্যাসি পাবিতং ভুবনং ত্বয়া ।
মাঞ্চ পাবয় গঙ্গে ত্বং পতিতং নিরয়ে ধ্রুবম্ ॥

পুনর্ব্বার 'ধ্যায়েন্নিত্যং' ইত্যাদি পূর্ব্বোক্ত ধ্যান করিয়া জপ আরম্ভ করিবে;—এই শ্রীসদাশিব মন্ত্রের বামদেব ঋষি, দেবীপঙ্ক্তি ছন্দঃ, শ্রীশিব দেবতা, আমার ভুক্তি এবং মুক্তি প্রাপ্তিনিমিত্ত-জপে বিনিয়োগ; ইহা পাঠ করিয়া অনন্ত ফলসিদ্ধির নিমিত্ত গুরু যে মন্ত্র উপদেশ করিয়া-ছেন, ঐ মন্ত্র শিবের নিকটে যথাবিধি জপ করিবে। জপ সময়ে একাগ্রচিত্ত হইয়া ভগবান্ ত্র্যম্বকের ধ্যান করিবে। শিবফলা-কাঙ্ক্ষী নর যথাশক্তি জপ করিয়া তাহার দশাংশ তর্পণ করিবে এবং তাহার দশাংশ মার্জ্জন করিবে। সাঙ্গপূজাফল নিমিত্ত অষ্টমূর্ত্তির পূজা করিবে। পণ্ডিত ব্যক্তি "সর্ব্বায় ক্ষিতি-মূর্ত্তয়ে নমঃ" "ভবায় জলমূর্ত্তয়ে নমঃ" "রুদ্রায় তেজোমূর্ত্তয়ে নমঃ" * "উগ্রায় বায়ু-মূর্ত্তয়ে নমঃ" "ভীমায়াকাশমূর্ত্তয়ে নমঃ" "পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ" "মহা-দেবায় সোমমূর্ত্তয়ে নমঃ" "ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ" যথাক্রমে এই মন্ত্র পাঠপূর্ব্বক অক্ষত অথবা চন্দন দ্বারা পূজা করিবে। তৎপ নৃত্য, গীত, গল্লবাদ্যাদি করিবে। হে শৌনক ঋষিগণ! পুনর্ব্বার একাঞ্জলি পরিমিত অ এবং পুষ্প গ্রহণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্রপা পূর্ব্বক শঙ্করের নিকটে প্রার্থনা করিবে,— মৃড়! আমি তোমার; আমার প্রাণ এবং উভয়ই তোমাতে রহিয়াছে। হে কৃপানি হে অনঘ! তুমি ইহা অবগত হইয়া আম প্রতি প্রসন্ন হও। হে শঙ্কর! আমি অজ্ঞা পূর্ব্বক অথবা জ্ঞানপূর্ব্বক যে যে পূজ করিয়াছি, তোমার কৃপায় তাহা সফল হউ আমি এক্ষণে মহাপাপী, তুমি মহাপবিত্রকা হে দেবেশ! ইহা অবগত হইয়া যেরূপ ই হয়, তাহা কর। ঋষিগণ,—বেদ, পুরা মীমাংসা প্রভৃতি নানাবিধ শাস্ত্র দ্বারাও তোমা জানিতে পারে না; হে মহাদেব! হে সদাশি আমি তোমাকে কিরূপে জানিব? হে মহেশ্ব তুমি যাহাই হও, আমি সর্ব্বতোভা তোমারই। এই অর্থের মন্ত্র পাঠপূর্ব্ব শিবের মস্তকে অক্ষত এবং পুষ্প ক্ষেপ ক নানাপ্রকার প্রার্থনা করিয়া শিবের বিসর্জ্জ করিবে। ২৮—৩৮। হে দেবেশ! এ

* অগ্নিমূর্ত্তয়ে নমঃ ইতি মতান্তরে পাঠ।

রাজ্যঞ্চৈবোগ্রসেনায় দত্ত্বা কৃষ্ণঃ শশাস বৈ।
উপবীতং পিতুঃ প্রাপ্য হবন্তীং গতবাংস্তদা ॥ ৫
সান্দীপনিং সমাসাদ্য ততশ্চ শিবমন্ত্রকম্।
সম্প্রাপ্য তৎপ্রভাবেণ বিদ্যাঃ সর্ব্বাঃ স্বয়ং প্রভুঃ
স্বল্পেনৈব চ কালেন পুত্রং দত্ত্বা গুরোরথ।
মথুরাঞ্চ সমায়াতো দৈত্যোদ্ধং চকার সঃ।
দৈত্যৈশ্চ সর্ব্বতো ব্যাপ্তা নগরী ঋষিসত্তমাঃ ॥ ৭
এতস্মিন্নন্তরে তেন কারিতা নগরী শুভা
সমুদ্রে যোজনানাঞ্চ সংখ্যায় দ্বাদশাবধি ॥ ৮
তত্র তান্ যোগমায়য়াঃ প্রভাবৈঃ পরমেশ্বরঃ ॥ ৯
গৃহকার্য্যঞ্চ তত্রত্যান সর্ব্বোপকরণৈঃ সহ।
আরোপ্যানুগ্রহং কৃত্বা মুচুকুন্দং স্বয়ং গতঃ। ১০
দৈত্যৈশ্চ পীড়িতঃ সোঽপি তত্রৈব বলবত্তরৈঃ
কদাচিৎ পর্ব্বতে তত্র নাম্না বৈ রৈবতে ততঃ ॥ ১১

কংসের পিতা উগ্রসেনকে রাজ্য প্রদানপূর্ব্বক তাঁহা দ্বারা রাজ্য শাসন করাইতে লাগিলেন পরে পিতার নিকট হইতে যজ্ঞোপবীত গ্রহণ করিয়া অবন্তীনগরে গমন করত সেই স্থানে সান্দীপনি নামে গুরু প্রাপ্ত হইয়া তাঁহার নিকট হইতে শিবমন্ত্র গ্রহণ করিলেন। প্রভু কৃষ্ণ স্বয়ং ঐ শিবমন্ত্র-প্রভাবে স্বল্পকাল মধ্যে সমস্ত বিদ্যা শিক্ষা করত গুরুদক্ষিণা প্রদানপূর্ব্বক পুনর্ব্বার মথুরায় আগমন করিয়া অসুরগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন হে শৌনকাদি ঋষিগণ। অসুরেরা তৎকালে তাঁহার মথুরানগরী আক্রমণ করিয়াছিল। ইত্যবসরে কৃষ্ণ সমুদ্র মধ্যে দ্বাদশ যোজন পরিমিত দ্বারকা নামে সুন্দর নগরী নির্ম্মাণ করাইলেন। পরে ভগবান্ কৃষ্ণ মথুরাতে বসুদেব প্রভৃতি যাদবগণকে বাস করাইয়া তাঁহাদিগের উপর যোগমায়া-প্রভাবে সমস্ত উপকরণের সহিত গৃহকার্য্যের ভারার্পণ করিলেন। পরে কালযবন প্রভৃতি মহা-পরাক্রমশালী অসুরগণ কর্ত্তৃক পীড়িত হইয়া অনুগ্রহপূর্ব্বক মুচুকুন্দ রাজার নিকট স্বয়ং গমন করিলেন। তৎপরে কৃষ্ণ, কোন সময়ে রৈবত নামক পর্ব্বতে গমন করিয়া উপমন্যু নামক শিবভক্ত শিব-গণকে জিজ্ঞাসা করিলেন

উপমন্যুং শিবগণং ভক্তঞ্চৈব শিবস্য চ।
পপ্রচ্ছ পরমং প্রীত্যা কথং লোকে জয়াম্যহ
ইতি শ্রুত্বা তু তস্যৈব বচনং গণসত্তমঃ।
ত্বমপি বিষ্ণুরূপোঽসি কথং ন সেবসে শিব
সদা সহায়ঃ শর্ব্বশ্চ বিদ্যাতে তব নিশ্চিতম্
সর্ব্বং ত্বং প্রাপ্যসে তস্মাৎ পূজাং কুরু নির
ইত্যেবঞ্চ ততঃ প্রাপ্য মন্ত্রমারাধনং কবিঃ।
সেবয়ামাস বিপ্রেন্দ্রাঃ সপ্তমাসাবধি স্বয়ম্ ॥
কুসুমৈর্বিবিধৈস্তং বৈ সেবয়ামাস শঙ্করম্।
কমলৈর্ব্বিল্বপত্রৈশ্চ শতপত্রৈঃ কুশৈস্তথা ॥
করবীরৈশ্চ দূর্ব্বাভিরর্কপুষ্পৈঃ কুশেশয়ৈঃ।
শঙ্খীপুষ্পৈস্তথা দেবং সন্তোষ্য পুরুষোত্তম
আসনৈর্বিবিধৈর্ধ্যানৈঃ প্রসন্নঃ শঙ্করস্তদা ॥
উবাচ কৃষ্ণং তত্রৈব ব্রিয়তাং বরমুত্তমম্।
ততঃ প্রসন্নমনসা বাসুদেবো হ্যবাচ হ ॥ ১

শ্রীভগবানুবাচ।

সম্পন্নঃ সকলং যেহদ্য প্রভাবাৎ তব শ

যে, আমি ইহলোকে পরম সন্তোষ কিরূপে জয়লাভ করিতে পারি। — গণশ্রেষ্ঠ উপমন্যু তাঁহার এই বাক্য শুনিয়া কৃষ্ণকে কহিলেন, আপনি ত বিষ্ণু তবে কিজন্য শিবের সেবা করিতেছেন তাঁহার সেবা করিলে তিনি নিশ্চয় সকল আপনার সাহায্য করিবেন আপনি তাঁহা হইতে সমস্ত প্রাপ্ত হইবেন, অতএব তাঁহার পূজা করুন। হে ব্রাহ্মণগণ! উপমন্যুর নিকটে শিবপূজার উপদেশ হইয়া নিরন্তর সাতমাস পর্য্যন্ত নানাবিধ দ্বারা শঙ্করের পূজা করিলেন পরে সহস্রপত্র, বিল্বপত্র, শতপত্র, কুশ, করবী দূর্ব্বা, অর্কপুষ্প, রক্তপদ্ম ও শঙ্খীপুষ্প দ্বারা এবং বিবিধ আসন দান ও ধ্যা পুরুষপ্রধান দেবদেব শঙ্করকে সন্তুষ্ট শঙ্কর প্রসন্ন হইয়া কৃষ্ণকে কহিলেন, তুমি বর প্রার্থনা কর। তৎপরে বাসুদেব সন্তুষ্ট কহিলেন, হে শঙ্কর! আপনার আমার সমস্তই হইয়াছে; একণে

পীড়িতশ্চাহং ত্বামহং শরণং গতঃ ॥ ১৯
সেবিতঃ শঙ্করস্তত্র সেব্যতেঽধুনা।
প্রতিতস্তেন পুনঃ প্রোবাচ বৈ শিবঃ ॥ ২০
তথা পূজনানি বিবিধানি বিবিধাস্তথা।
তুষ্ট তেঽদ্য ভবতু সর্ব্বথা হরে ॥২১
বিবিধঃ কৃষ্ণ তৎ দত্তং মুনীশ্বরাঃ।
কৃষ্ণঃ আনন্দং পরমং গতঃ ॥২২
ত্বয়ৈবাহং পালিতো দেবসত্তম
সুদর্শনং নাম দত্তঞ্চ প্রভুণা ত্বয়া ॥ ২৩
সর্ব্বদেবানান্ জয়ামি চ নিরন্তরম্
ত্বং মনঃ সকলৈশ্বব মনোভিপ্সিতম্ ॥ ২৪
প্রতিতস্তেন প্রসন্নঃ পরমেশ্বরঃ।
কৃষ্ণ তেনৈব বৰ্দ্ধিষ্যে নিরন্তরম্ ॥২৫
গচ্ছ ত্বং প্রতি

সন্তুষ্টমনসা সর্ব্বং পালয়ামাস বৈ তদা ॥ ২৬
বিশ্বেশ্বরশ্চ নাম্না বৈ জাতস্তত্র সুশোভনঃ।
অদ্যাপি বর্ত্ততে সো বৈ লোকানাং সুখদায়কঃ ॥
সপ্তমাসাবধিস্তেন নিত্যং বিল্বদলানি চ।
সমর্পিতানি দেবেশ তস্মাদ্বিশ্বেশ্বরঃ স্মৃতঃ ॥ ২৮
উত্তার্য্য চ শিবাৎ তত্র ক্ষিপ্তানি স্বেকতঃ প্রভো
ততঃ বভূবুঃ স্বয়ং দেবঃ সঞ্জাতোঽনুগ্রহায় চ।
তৎপ্রার্থিতস্তদা তত্র তস্থৌ লোকহিতায় চ ॥ ২৯
তদ্দিনং হি সমারভ্য কৃষ্ণেন পরমাত্মনা।
সেব্যতে শঙ্করো নিত্যং ভুক্তি-মুক্তিফলপ্রদঃ ॥৩০
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং মুনীশ্বরাঃ
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবো ধ্রুবম্ ॥

ইতি শ্রীশিবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
শিবসাধনবিধির্নামৈকোনসপ্ততি-
তমোঽধ্যায়ঃ ॥ ৬৯ ॥

কে যতিগণ পীড়িত করিতেছে অতএব আপনার শরণাপন্ন হইলাম। পূর্ব্বে আপনাকে সেবা করিয়াছেন, এক্ষণে আপনার সেবা করিতেছি। কৃষ্ণ মহা- নিকট এইরূপ প্রার্থনা করিলে শম্ভু কহিলেন হে হরে। তোমার বল, বস্তুর পুত্র বস্তুর পুত্রী ও অতুল সম্পত্তি হউক ১৩—১। হে শৌনকাদি গণ। ভবানীও হৃষ্টা নানাপ্রকার বর প্রদান করিলেন তখন কৃষ্ণ মহাদেবের ইহা শ্রবণ করত পরম আনন্দিত হইয়া কহিলেন, হে দেবসত্তম। আপনি আমাকে প্রতিপালন করিয়াছেন এবং সুদর্শন নামে চক্র প্রদান করিয়াছেন, আমি ঐ চক্রপ্রভাবেই নিরন্তর দেবতা প্রভৃতির উৎকর্ষ প্রাপ্ত হইতেছি। আপনি আমার ইচ্ছানুরূপ সকল প্রদান করিলেন। কৃষ্ণ এই কথা বলিয়া মহাদেবকে করিলে পরমেশ্বর প্রসন্ন হইয়া কহিলেন, কৃষ্ণ। তুমি এক্ষণে গমন কর, তোমার হইবে, তোমার বাহাতে বৃদ্ধি হয়, আমি করিব। শঙ্কর এইরূপ আজ্ঞা করিলে স্বীয় দ্বারকায় গমন করিলেন এবং সন্তুষ্ট-

মনে সকলকে প্রতিপালন করিতে লাগিলেন। ভগবান্ শঙ্কর অদ্যাপি সেই রৈবত পর্ব্বতে লোকদিগের সুখদাতা পরমসুন্দর বিশ্বেশ্বর নামে খ্যাত হইয়া অবস্থান করিতেছেন। কৃষ্ণ সপ্ত মাস কাল পর্য্যন্ত নিরন্তর ইঁহার মস্তকে বিল্বপত্র সমর্পণ করিয়াছিলেন, এজন্য তিনি বিশ্বেশ্বর নামে খ্যাত হইয়াছেন। কৃষ্ণ সেই শিবের নিকট হইতে উত্তোলনপূর্ব্বক যে যে স্থানে ঐ সকল বিল্বপত্র নিক্ষেপ করিয়াছিলেন, সেই সেই স্থানে ঐ সকল বিল্বপত্রখণ্ড হইতে ভক্তের প্রতি অনুগ্রহ নিমিত্ত এক একটী দেবমূর্ত্তি আবির্ভূত হইয়াছিল। তৎকালে কৃষ্ণ প্রার্থনা করিলে ঐ সকল দেবগণ লোক-হিতের নিমিত্ত ঐ স্থানেই অবস্থান করিলেন। পরমাত্মরূপী কৃষ্ণ সেই দিন হইতে প্রতিদিন ভোগ এবং মুক্তি-ফলদাতা শঙ্করের সেবা করিতে লাগিলেন। হে শৌনকাদি ঋষিগণ! আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তৎসমস্তই কহিলাম। মানবগণ ইহা শ্রবণ করিলে নিশ্চয় সকল পাপ হইতে মুক্ত হয়। ২২—৩১।

ঊনসপ্ততিতম অধ্যায় সমাপ্ত। ৬৯ ॥

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত ত্বং সর্ব্বং জানাসি পুনঃ পৃচ্ছামহে শৃণু।
কথং সুদর্শনং প্রাপ্তং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা॥ ১
কথং তুষ্টস্তদা শম্ভুশ্চক্রং দত্তবান্ যদা।
ইত্যেবং বচনং শ্রুত্বা সূতো বচনমব্রবীৎ॥ ২

সূত উবাচ

শ্রূয়তাং ঋষিশ্রেষ্ঠাঃ কথয়ামি যথাশ্রুতম্।
কস্মিংশ্চিৎ সময়ে দৈত্যাঃ সঞ্জাতা বলবত্তরাঃ॥৩
পীড়য়ামাসুস্তু লোকান্ ধর্ম্মলোপং তথা পুনঃ।
তে দেবাঃ পীড়িতা বিষ্ণুং প্রার্থয়ামাসুরৈব তদা॥ ৪
কৃপাং কুরু প্রভো ত্বং মারিতা দৈত্যৈশ্চ বয়ম্।
কুত্র যামশ্চ কিং কুর্ম্মঃ শরণং ত্বং সমাগতাঃ॥৫
ইত্যেবং বচনং শ্রুত্বা বিষ্ণুর্বচনমাদদে।
করিষ্যামি বচঃ কার্য্যমারাধ্য শঙ্করং পুনঃ॥ ৬
বলিষ্ঠাঃ শত্রবো হ্যেতে বিজেতব্যাঃ প্রযত্নতঃ।
ইত্যুক্তাস্তে তদা তেন যযুর্ধাম স্বকং স্বকম্॥
বিষ্ণুরপি সুরাণাঞ্চ জয়ার্থকাভজচ্ছিবম্।
কৈলাসনিকটে গত্বা তপস্তেপে স্বয়ং হরিঃ॥ ৫
কৃত্বা কুণ্ডং সংস্থাপ্য জাতবেদসমগ্রতঃ।
পার্থিবেন বিধানেন মন্ত্রৈর্নানাবিধৈরপি॥ ৭
স্তোত্রৈশ্চোপাখ্যানৈশ্চ ভেজে চ শঙ্করং মুা
কমলৈঃ সরসো জাতৈর্মানসাখ্যান্মুনীশ্বরাঃ॥
বদ্ধা চৈবাসনং তত্র ন চচাল হরিঃ স্বয়ম্।
প্রসন্নোঽবধিমেবাত্র স্থেয়ঞ্চ সর্ব্বথা ময়া।
ইত্যেবং নিশ্চয়ং কৃত্বা পূজয়ামাস বৈ হরিঃ
যদা নৈব হরস্তুষ্টো বিচারে তৎপরো হরিঃ
বিচার্য্যৈবং তপঃকষ্টং তেনৈব বহুধা কৃতম্
সেবনং বহুবিধং কৃত্বা পূজনং বহুধা কৃতম্।

সপ্ততিতম অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে সূত! সমস্তই তোমার বিদিত, অতএব তোমাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছি, শ্রবণ কর। মহাপ্রভাবশালী বিষ্ণু কিরূপে সুদর্শনচক্র প্রাপ্ত হইলেন; শঙ্কর কিরূপই বা সন্তুষ্ট হইয়া সুদর্শনচক্র তাঁহাকে প্রদান করিলেন? সূত ঋষিদিগের এই বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন, ঋষিশ্রেষ্ঠগণ! আমি যেরূপ শ্রবণ করিয়াছি, সেইরূপ কহিতেছি, আপনারা শ্রবণ করুন। অসুরগণ কোন সময়ে অতিশয় বলসম্পন্ন হইয়া লোক সকলকে পীড়িত এবং ধর্ম্মলোপ করিতে লাগিল। দেবতারা তৎকালে অসুর কর্ত্তৃক পীড়িত হইয়া বিষ্ণুর নিকটে প্রার্থনা করিলেন, হে প্রভো! আপনি আমাদিগের প্রতি কৃপা করুন। অসুরেরা আমাদিগকে হিংসা করিতেছে; অতএব আমরা কোথায় যাইব, কি বা করিব? আপনার শরণাপন্ন হইলাম। দেবগণের এই বাক্য শ্রবণ করিয়া বিষ্ণু কহিতে লাগিলেন, তোমরা যাহা বলিতেছ, আমি তাহা করিব, কিন্তু আমাকে শঙ্করের আরাধ করিতে হইবে, এই সকল শত্রুগণ মহাবলি বিশেষ যত্নপূর্ব্বক ইহাদিগকে জয় করি হইবে। বিষ্ণু দেবগণকে এই কথা বলি দেবতারা স্বীয় স্বীয় ধামে গমন করিলে তৎকালে বিষ্ণুও দেবতাদিগের জয়ের নিমি শিবকে ভজনা করিতে লাগিলেন। স্বয়ং হ কৈলাস পর্ব্বতের নিকটে গমনপূর্ব্বক দেব তপস্যা করিতে লাগিলেন। ১—৮ বি সেই স্থানে অগ্রে কুণ্ড নির্ম্মাণ করিয়া তা অগ্নিস্থাপন করিলেন। হে প্রধানতম মুনিগ তিনি তৎকালে পার্থিবশিব-পূজাবিধানে নানা মন্ত্র, বহুতর স্তব এবং মানস-সরোবরজাত ক দ্বারা শঙ্করকে ভজনা করিতে লাগিলে শঙ্কর যেকাল পর্য্যন্ত প্রসন্ন না হন, সেই কা বধি আমার সর্ব্বতোভাবে এই স্থানে অবা করা উচিত, মনে মনে এইরূপ স্থির কা স্বয়ং ভগবান্ বিষ্ণু সেই স্থানে বদ্ধাসনে নিশ ভাবে অবস্থান করিতে লাগিলেন। এইরূপ নিশ্চয় করিয়া শিবপূজা করিতে লা লেন। শিব যখন তাহাতেও সন্তুষ্ট হই না; তখন হরি বিচার করিতে লাগিলে বিচারানন্তর নানাপ্রকার কষ্টকর তপস্যা, শি

একসপ্ততিতমোঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

শৃণুত ঋষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি যথাশ্রুতম্ ।
বিষ্ণুনা প্রার্থিতো যেন সন্তুষ্টঃ পরমেশ্বরঃ ।
তদহং কথয়াম্যদ্য পুণ্যং নামসহস্রকম্ ॥ ১

শ্রীবিষ্ণুরুবাচ

শিবো হরো মৃড়ো রুদ্রঃ পুষ্করঃ পুষ্পলোচনঃ ।
অর্থিগম্যঃ সদাচারঃ শর্ব্বঃ শম্ভুর্মহেশ্বরঃ ॥ ২
চন্দ্রাপীডশ্চন্দ্রমৌলির্বিশ্বং বিশ্বামরেশ্বরঃ
বেদান্তসারসন্দোহঃ কপালী নীললোহিতঃ ॥ ৩
ধ্যানাধারোঽপরিচ্ছেদ্যো গৌরীভর্ত্তা গণেশ্বরঃ ।
অষ্টমূর্ত্তির্বিশ্বমূর্ত্তিস্ত্রিবর্গস্বর্গসাধনঃ ॥ ৪
জ্ঞানগম্যো দৃঢ়প্রজ্ঞো দেবদেবস্ত্রিলোচনঃ
বামদেবো মহাদেবঃ পটুঃ পরিবৃঢ়ো দৃঢ়ঃ ॥ ৫
বিশ্বরূপো বিরূপাক্ষো বাগীশঃ শুচিসত্তমঃ
সর্ব্বপ্রমাণসংবাদী বৃষাঙ্কো বৃষবাহনঃ ॥ ৬
ঈশঃ পিনাকী খট্বাঙ্গী চিত্রবেশশ্চিরন্তনঃ
তমোহরো মহাযোগী গোপ্তা ব্রহ্মা চ ধূর্জ্জটিঃ ॥ ৭
কালকালঃ কৃত্তিবাসাঃ সুভগঃ প্রণবাত্মকঃ ।
উন্নধ্রঃ পুরুষো জুষ্যো দুর্ব্বাসাঃ পুরশাসনঃ ॥
দিব্যায়ুধঃ স্কন্দগুরুঃ পরমেষ্ঠী পরাৎপরঃ ।
অনাদিমধ্যনিধনো গিরীশো গিরিজাধবঃ ॥ ৮
কুবেরবন্ধুঃ শ্রীকণ্ঠো লোকবর্ণোত্তমো মৃদুঃ ।
সমাধিবেদ্যঃ কোদণ্ডী নীলকণ্ঠঃ পরশ্বধী ।
বিশালাক্ষো মৃগব্যাধঃ সুরেশঃ সূর্য্যতাপনঃ ।
ধর্ম্মধাম ক্ষমাক্ষেত্রং ভগবান্ ভগনেত্রভিৎ ।
উগ্রঃ পশুপতিস্তার্ক্ষ্যঃ প্রিয়ভক্তঃ পরন্তপঃ
দাতা দয়াকরো দক্ষঃ কর্ম্মন্দী কামশাসনঃ
শ্মশাননিলয়ঃ সূক্ষ্মঃ শ্মশানস্থো মহেশ্বরঃ ।
লোককর্ত্তা মৃগপতির্মহাকর্ত্তা মহৌষধিঃ ॥ ১
উত্তরো গোপতির্গোপ্তা জ্ঞানগম্যঃ পুরাতন
নীতিঃ সুনীতিঃ শুদ্ধাত্মা সোমঃ সোমরতঃ
সোমপোঽমৃতপঃ সৌম্যো মহাতেজা মহা
তেজোময়োঽমৃতময়োঽন্নময়শ্চ সুধাপতিঃ
অজাতশত্রুরালোকঃ সম্ভাব্যো হব্যবাহনঃ
লোককরো বেদকরঃ সূত্রকারঃ সনাতনঃ ॥
মহর্ষিঃ কপিলাচার্য্যো বিশ্বদীপ্তিস্ত্রিলোচনঃ

একসপ্ততিতম অধ্যায় ।

সূত কহিলেন, হে শ্রেষ্ঠ ঋষিগণ ! বিষ্ণু যে পবিত্র সহস্র নাম পাঠ করিয়া মহাদেবের সন্তোষ সাধনপূর্ব্বক বর প্রার্থনা করিয়াছিলেন, তাহা আমি যেমন শুনিয়াছি, তদনুসারে আপনাদিগের নিকট অদ্য কহিতেছি, শ্রবণ করুন। ১। শ্রীবিষ্ণু বলিয়াছিলেন,—শিব, হর, মৃড়, রুদ্র, পুষ্কর, পুষ্পলোচন, অর্থিগম্য, সদাচার, শর্ব্ব, শম্ভু, মহেশ্বর, চন্দ্রাপীড়, চন্দ্রমৌলি, বিশ্ব, বিশ্বামরেশ্বর, বেদান্তসারসন্দোহ, কপালী, নীললোহিত, ধ্যানাধার, অপরিচ্ছেদ্য, গৌরীভর্ত্তা, গণেশ্বর, অষ্টমূর্ত্তি, বিশ্বমূর্ত্তি, ত্রিবর্গস্বর্গসাধন, জ্ঞানগম্য, দৃঢ়প্রজ্ঞ, দেবদেব ত্রিলোচন, বামদেব, মহাদেব, পটু, পরিবৃঢ়, দৃঢ়, বিশ্বরূপ, বিরূপাক্ষ, বাগীশ, শুচিসত্তম, সর্ব্বপ্রমাণসংবাদী, বৃষাঙ্ক, বৃষবাহন, ঈশ, পিনাকী, খট্বাঙ্গ, চিত্রবেশ, চিরন্তন, তমোহর, মহাযোগী, গোপ্তা, ব্রহ্মা, ধূর্জ্জটি, কালকাল, কৃত্তিবাসাঃ, সুভগ, প্রণবাত্মক, উন্নধ্র, পুরুষ, জুষ্য, দুর্ব্বাসা, পুরশা… দিব্যায়ুধ, স্কন্দগুরু, পরমেষ্ঠী, পরাৎ… অনাদি-মধ্য-নিধন, গিরীশ, গিরিজাধব, কু… বন্ধু, শ্রীকণ্ঠ, লোকবর্ণোত্তম, মৃদু, সমাধি… কোদণ্ডী, নীলকণ্ঠ, পরশ্বধী, বিশালাক্ষ, মৃগ… সুরেশ, সূর্য্যতাপন, ধর্ম্মধাম, ক্ষমাক্ষেত্র, … বান, ভগনেত্রভিদ্, উগ্র, পশুপতি, ত… প্রিয়ভক্ত, পরন্তপ, দাতা, দয়াকর, দক্ষ, ক… কামশাসন, শ্মশাননিলয়, সূক্ষ্ম, শ্মশানস্থ, … শ্বর, লোককর্ত্তা, মৃগপতি, মহাকর্ত্তা, মহে… উত্তর, গোপতি, গোপ্তা, জ্ঞানগম্য, পু… নীতি, সুনীতি, শুদ্ধাত্মা, সোম, সোমরত, সোমপ, অমৃতপ, সৌম্য, মহাতেজাঃ, মহা… তেজোময়, অমৃতময়, অন্নময়, সুধাপতি, অ… শত্রু, আলোক, সম্ভাব্য, হব্যবাহন, লো… বেদকর, সূত্রকার, সনাতন, মহর্ষি, কপিল…

সহস্রজিৎ সহস্রার্চিঃ স্নিগ্ধপ্রকৃতিদক্ষিণঃ।
ভূতভব্যভবন্নাথঃ প্রভবো ভূতিনাশনঃ ॥ ১১৪
অর্থোঽনর্থো মহাকোশঃ পরকার্য্যৈকপণ্ডিতঃ।
নিষ্কণ্টকঃ কৃতানন্দো নির্ব্যাজো ব্যাজমর্দ্দনঃ ॥ ১১৫
সত্ত্ববান্ সাত্ত্বিকঃ সত্যকীর্ত্তিঃ স্নেহকৃতাগমঃ
অকম্পিতো গুণগ্রাহী নৈকাত্মা নৈককর্ম্মকৃৎ ॥ ১১৬
সুপ্রীতঃ সুমুখঃ সূক্ষ্মঃ সুকরো দক্ষিণানিলঃ
নন্দিস্কন্ধধরো ধুর্য্যঃ প্রকটঃ প্রীতিবর্দ্ধনঃ ॥ ১১৭
অপরাজিতঃ সর্ব্বসত্ত্বো গোবিন্দঃ সত্ত্ববাহনঃ
অধৃতঃ স্বধৃতঃ সিদ্ধঃ পূতমূর্ত্তির্যশোধনঃ ॥ ১১৮
বারাহশৃঙ্গধৃক্ শৃঙ্গী বলবানেকনায়কঃ
শ্রুতিপ্রকাশঃ শ্রুতিমানেকবন্ধুরনেককৃৎ ॥ ১১৯
শ্রীবৎসলশিবারম্ভঃ শান্তভদ্রঃ সমো যশঃ।
ভূশয়ো ভূষণো ভূতির্ভূতকৃদ্ভূতভাবনঃ ॥ ১২০
অকম্পো ভক্তিকায়স্থ কালহা নীললোহিতঃ
সত্যব্রতমহাত্যাগী নিত্যশান্তিপরায়ণঃ ॥ ১২১
পরার্থবৃত্তির্বরদো বিবিক্তস্থ বিশারদঃ।
শুভদঃ শুভকর্ত্তা চ শুভনামা শুভঃ স্বয়ম্ ॥ ১২২
অনর্থিতোঽগুণঃ সাক্ষী হ্যকর্ত্তা কনকপ্রভঃ
স্বভাবভদ্রো মধ্যস্থঃ শীঘ্রগঃ শীঘ্রনাশনঃ ॥ ১২৩
শিখণ্ডী কবচী শূলী জটী মুণ্ডী চ কুণ্ডলী।
অমৃত্যুঃ সর্ব্বদৃক্ সিংহস্তেজোরাশির্মহামণিঃ ॥
অসংখ্যেয়োঽপ্রমেয়াত্মা বীর্য্যবান্ বীর্য্যকোবিদঃ
বেদ্যশ্চৈব বিয়োগাত্মা পরাবরমুনীশ্বরঃ ॥ ১২
অনুত্তমো দুরাধর্ষো মধুরপ্রিয়দর্শনঃ।
সুরেশঃ শরণং সর্ব্বঃ শব্দব্রহ্ম সতাং গতিঃ ॥
কালপক্ষঃ কালকারী কঙ্কণীকৃতবাসুকিঃ।
মহেষ্বাসো মহীভর্ত্তা নিষ্কলঙ্কো বিশৃঙ্খলঃ ॥
দ্যুমণিস্তরণির্ধন্যঃ সিদ্ধিদঃ সিদ্ধসাধনঃ।
বিশ্বতঃ সংবৃতঃ স্তুত্যো ব্যূঢ়োরস্কো মহাভুজঃ
সর্ব্বযোনির্নিরাতঙ্কো নর-নারায়ণপ্রিয়ঃ
নির্লেপো নিষ্প্রপঞ্চাত্মা নির্ব্ব্যঙ্গো ব্যঙ্গনাশনঃ
স্তব্যঃ স্তবপ্রিয়ঃ স্তোতা ব্যাসমূর্ত্তির্নিরঙ্কুশঃ
নিরবদ্যময়োপায়ো বিদ্যারাশী রসপ্রিয়ঃ ॥ ১
প্রশান্তবুদ্ধিরক্ষুণ্ণঃ সংগ্রহী নিত্যসুন্দরঃ।
বৈয়াঘ্রধুর্য্যো ধাত্রীশঃ শাকল্যঃ শর্ব্বরীপতিঃ
পরমার্থগুরুর্দৃষ্টিঃ শরীরাশ্রিতবৎসলঃ।
সোমো রসজ্ঞো রসদঃ সর্ব্বসত্ত্বাবলম্বনঃ ॥
এবং নাম্নাং সহস্রেণ তুষ্টাব বৃষভধ্বজম্।

দৃপ্ত, সর্ব্বর্ত্তুপরিবর্ত্তক, সহস্রজিৎ, সহস্রার্চিঃ, স্নিগ্ধপ্রকৃতিদক্ষিণ, ভূতভব্যভবন্নাথ, প্রভব, ভূতিনাশন, অর্থ, অনর্থ, মহাকোশ, পরকার্য্যৈক-পণ্ডিত, নিষ্কণ্টক, কৃতানন্দ, নির্ব্যাজ, ব্যাজ-মর্দ্দন, সত্ত্ববান, সাত্ত্বিক, সত্যকীর্ত্তি, স্নেহকৃতাগম, অকম্পিত, গুণগ্রাহী, নৈকাত্মা, নৈককর্ম্মকৃৎ, সুপ্রীত, সুমুখ, সূক্ষ্ম, সুকর, দক্ষিণানিল, নন্দি-স্কন্ধধর, ধুর্য্য, প্রকট, প্রীতিবর্দ্ধন, অপরাজিত, সর্ব্বসত্ত্ব, গোবিন্দ, সত্ত্ববাহন, অধৃত, স্বধৃত, সিদ্ধ, পূতমূর্ত্তি, যশোধন, বারাহশৃঙ্গধৃক্, শৃঙ্গী, বলবান্, একনায়ক, শ্রুতিপ্রকাশ, শ্রুতিমান, একবন্ধু, অনেককৃৎ, শ্রীবৎসলশিবারম্ভ, শান্ত-ভদ্র, সম, যশ, ভূশয়, ভূষণ, ভূতি, ভূতকৃৎ, ভূতভাবন, অকম্প, ভক্তিকায়, কালহা, নীল-লোহিত, সত্যব্রত, মহাত্যাগী, নিত্যশান্তিপরায়ণ, পরার্থবৃত্তি, বরদ, বিবিক্ত, বিশারদ, শুভদ, শুভ-কর্ত্তা, শুভনামা, শুভ, অনর্থিত, অগুণ, সাক্ষী, অকর্ত্তা, কনকপ্রভ, স্বভাবভদ্র, মধ্যস্থ, শীঘ্রনাশন, শিখণ্ডী, কবচী, শূলী, জটী কুণ্ডলী, অমৃত্যু, সর্ব্বদৃক্, সিংহ, তেজোরাশি, অসংখ্যেয়, অপ্রমেয়াত্মা, বীর্য্যবান, বীর্য্য বেদ্য, বিয়োগাত্মা, পরাবরমুনীশ্বর দুরাধর্ষ, মধুরপ্রিয়দর্শন, সুরেশ, শরণ শব্দব্রহ্ম, সদ্গতি, কালপক্ষ, কালকারী কৃতবাসুকি, মহেষ্বাস, মহীভর্ত্তা, বিশৃঙ্খল, দ্যুমণি, তরণি, ধন্য, সিদ্ধিদ, সি বিশ্বসংবৃত, স্তুত্য, ব্যূঢ়োরস্ক, মহাভুজ যোনি, নিরাতঙ্ক, নরনারায়ণপ্রিয়, নিষ্প্রপঞ্চাত্মা, নির্ব্ব্যঙ্গ, ব্যঙ্গনাশন, স্তব প্রিয়, স্তোতা, ব্যাসমূর্ত্তি, নিরঙ্কুশ, ময়, অপায়, বিদ্যারাশি, রসপ্রিয়, প্র অক্ষুণ্ণ, সংগ্রহী, নিত্যসুন্দর, বৈয়াঘ্রধুর্য্য শাকল্য, শর্ব্বরীপতি, পরমার্থগুরুদৃষ্টি, শ্রিতবৎসল, সোম, রসজ্ঞ, রসদ, সর্ব্ব ম্বন। ২—১০২। বিষ্ণু এই নামস

ইতি পৃষ্টবদা তেন সন্তুষ্টঃ শিবোঽব্রবীৎ।
রূপং ধ্যেয়ং মদীয়ং বৈ সর্ব্বানর্থপ্রশান্তয়ে ॥১৪৮
অনেকদুঃখনাশার্থং পঠ্যং নামসহস্রকম্।
ধার্য্যং চক্রং সদা মেঽদ্য সর্ব্বানর্থপ্রশান্তয়ে ॥১৪৯।
অন্যে চ যে পঠিষ্যন্তি পাঠয়িষ্যন্তি নিত্যশঃ।
তেষাং দুঃখং ন স্বপ্নেঽপি জায়তে নাত্র সংশয়ঃ ॥
রাজ্ঞাঞ্চ সঙ্কটে প্রাপ্তে শতাবর্ত্তং চ যত্নতঃ।
সাঙ্গঞ্চ বিধিযুক্তং হি কল্যাণং লভতে নরঃ ॥১৫১
রোগনাশকরং চেতদ্বিদ্যাবদ্ধনমুত্তমম্
সমুদ্দিশ্য ফলং শ্রেষ্ঠং পঠিত্বা ফলমুত্তমম্ ॥১৫২
লভতে নাত্র সন্দেহঃ সত্যমেতদ্ব্রতং মম।
প্রাতঃ সমুত্থায় সদা পূজাং কৃত্বা মদীয়িকম্ ॥১৫৩
পঠতো মৎসমক্ষং বৈ নিত্যং সিদ্ধির্ন দূরতঃ।
ঐহিকীং সিদ্ধিমাসাদ্য পরলোকসমুদ্ভবাম্ ॥১৫৪
প্রাপ্নোতি পাঠকো নিত্যমষ্টমাসাৎ সুরেশ্বর

সাযুজ্যমুক্তিমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥১
এবমুক্ত্বা তদা বিষ্ণুং শঙ্করঃ প্রীতমানসঃ।
উপস্পৃশ্য করাভ্যাঞ্চ উবাচ শঙ্করঃ পুনঃ ॥১
বরদোঽস্মি সুরশ্রেষ্ঠ বরান্ বরয় যথেপ্সিতান্
ভক্ত্যা বশীকৃতো নূনং স্তবেনানেন বৈ পুনঃ
ইত্যুক্তে দেবদেবেন দেবদেবং প্রণম্য তম্
যথেদানীং কৃপা দেব ক্রিয়তে চাপ্যতঃ পর
কার্য্যা চৈব বিশেষেণ কৃপাস্তুষ্টং ত্বয়া প্রভো
ত্বয়ি ভক্তিং মহাদেব প্রযচ্ছ বরমুত্তমম্।
ন কাময়ে কামি ভগবন্ পূর্ণোঽহং তে প্রসাদতঃ
তচ্ছ্রুত্বা বচনং তস্য দয়াবান্ সুতরাং ভবঃ
প্রাহ তেন মহাদেবঃ পরমাত্মানমচ্যুতম্ ॥১
ময়ি ভক্তিশ্চ ভবিতা ত্বং পূজ্যশ্চৈব সুরৈরপি।
বিশ্বম্ভরত্বনামানং বৈ নাম পাপহরং পরম্ ॥১

কাহাকে ধ্যান করিব, কি বা পাঠ করিব ; তাহা আপনি বলুন। তৎকালে বিষ্ণু এই প্রকার জিজ্ঞাসা করিলে শিব সন্তুষ্ট হইয়া কহিতে লাগিলেন, সমস্ত অমঙ্গলনাশের নিমিত্ত আমার রূপ ধ্যান করিবে। অনেক দুঃখনাশের নিমিত্ত আমার সহস্রনাম পাঠ করিবে। সমস্ত অনর্থের বিনাশ নিমিত্ত আমার চক্র সর্ব্বদা ধারণ করিবে। অন্য যে কোন ব্যক্তি যদ্যপি প্রতিদিন এই স্তব পাঠ করে কিংবা পাঠ করায়, তাহা হইলে তাহাদিগের স্বপ্নেও দুঃখ জন্মায় না, ইহাতে সংশয় নাই। রাজাদিগের সঙ্কট উপস্থিত হইলে যথাবিধি সাঙ্গ সহস্রনাম শতবার পাঠ করিবে, তাহা হইলে কল্যাণ লাভ করিবে। এই সহস্র নাম পাঠ করিলে রোগ নষ্ট হয়, উত্তম বিদ্যা হয়। যে ব্যক্তি শ্রেষ্ঠ ফল উদ্দেশ করিয়া সহস্রনাম পাঠ করে, সে উত্তম ফল লাভ করে, ইহাতে সন্দেহ নাই ; ইহাই আমার যথার্থ ব্রত। যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থানপূর্ব্বক আমাকে পূজা করিয়া নিত্য আমার সম্মুখে সহস্রনাম পাঠ করে, তাহার সিদ্ধি দূরবর্ত্তিনী নহে। হে সুরেশ্বর! পাঠক ঐহিকী

সিদ্ধি লাভ করিয়া অষ্টম মাসের পর
লৌকিকী সিদ্ধি লাভ করে, পরে সাযুজ্য
প্রাপ্ত হয়, ইহাতে কোন বিচার করিবে
১৪৪—১৫৫ তৎকালে শঙ্কর প্রীতমনা
বিষ্ণুকে এই প্রকার বলিয়া হস্তদ্বয়
তাঁহাকে স্পর্শ করত পুনর্ব্বার কহিতে লাগি
হে সুরশ্রেষ্ঠ! আমি বরদান করিতে
করিয়াছি, তুমি অভিলষিত বরসমূহ প্রা
কর। তুমি ভক্তিতে এবং পুনর্ব্বার
আমাকে নিশ্চয়ই বশ করিয়াছ। দেব
মহাদেব শিব এই কথা বলিলে, বিষ্ণু তাঁ
প্রণাম করিয়া কহিলেন, হে দেব! এ
যেরূপ কৃপা করিলেন—হে প্রভো! অ
কৃপা ; অতএব—ইহার পরেও এইরূপ
কৃপা যেন আমার প্রতি থাকে। হে মহা
আপনার প্রতি ভক্তি হউক, এই উত্ত
আমাকে প্রদান করুন। হে ভগবন্!
অন্য কিছু ইচ্ছা করি না ; আপনার
আমার সমস্ত অভিলাষ পূর্ণ হইয়াছে।
মহাদেব ভব বিষ্ণুর সেই বাক্য শ্রবণ
সেই পরমাত্মস্বরূপ অচ্যুতকে কহিলে
পুরুষোত্তম! আমার প্রসাদে তোমার
ভক্তি হইবে। তুমি দেবতাদিগেরও

শিব উবাচ।

শৃণু বিষ্ণো প্রবক্ষ্যামি ব্রতানামুত্তমং ব্রতম্।
বেদানাং হ্যপবেদানাং স্মৃতীনাঞ্চ তথা পুনঃ॥ ৯
পুরাণানাঞ্চ সর্ব্বেষাং ধর্ম্মাণাং তত্ত্বমেব চ।
শুভানাঞ্চৈব সর্ব্বেষাং সারমেকং সমুদ্ধৃতম্॥ ১০
ব্রতানাঞ্চৈব সর্ব্বেষামেতদেব হিতং মম।
মুক্তেশ্চ প্রাপকং লোকে তুষ্টিদং মে কৃতম্॥ ১১
শিবার্চ্চনং রুদ্রজপ উপোষ্যং দিনত্রয়ম্
বারাণস্যাঞ্চ মরণং মুক্তিরেষা চতুর্ব্বিধা॥ ১২
অষ্টমী সোমবারশ্চ কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী
শিবতুষ্টিকরং হ্যেতন্ন কার্য্যা বিচারণা॥ ১৩
চতুর্ষ্বপি বলিষ্ঠং হি শিবরাত্রিব্রতং হরে
তস্মাদেতচ্চ কর্ত্তব্যং ভুক্তিমুক্তিফলেপ্সুভিঃ॥ ১৪
এতস্মাচ্চ ব্রতাদন্যন্নাস্তি হিতকরং হরে
ইত্যেবং তদ্বচঃ শ্রুত্বা হরিরাহ শিবং প্রতি॥ ১৫

বিষ্ণুরুবাচ

দেবদেব মহাদেব কথয় ত্বং মমাধুনা।
কথং কার্য্যং ব্রতং হ্যেতং কস্মিন্ মাসেঽথবা
কেনৈব বিধিনা দেব কথয় ত্বং মমাধুনা॥ ১
লোকানামুপকারার্থং পৃচ্ছামি ত্বাং সদাশিব।
কিয়ৎ কালং তদা কার্য্যং কথং পূজাং সমাচ
চতুর্দ্দশী কথং তে চ বল্লভা চ সদাশিব॥ ১
এতৎ সর্ব্বং ত্বয়া দেব কথনীয়ং হিতায় বৈ।
এতচ্চ বচনং শ্রুত্বা শিবো বচনমব্রবীৎ॥ ১

শিব উবাচ।

ইদং ব্রতঞ্চ সর্ব্বেষাং ধর্ম্মসাধনমুত্তমম্।
বর্ণানামাশ্রমাণাঞ্চ স্ত্রীণাঞ্চ শিশুনাং তথা॥
দাসানাং দাসিকানাঞ্চ হিতং ব্রতমনুত্তমম্
দেবানাং দানবানাঞ্চ সর্ব্বেষাঞ্চ শরীরিণাম্
সকামানাঞ্চ সর্ব্বেষাং ভুক্তিমুক্তিপ্রদায়কম্
মাঘফাল্গুনয়োর্মধ্যে পক্ষে কৃষ্ণে চৈব চতুর্দ্দশী।
নিশাব্যাপিনী * গ্রাহ্যা হত্যাকোটিবিনাশি
তদ্দিনে চৈব যৎ কার্য্যং তৎসর্ব্বং কথয়ামি

করুন। শিব বলিয়াছিলেন, হে বিষ্ণো! যে ব্রত সকল ব্রত হইতে উত্তম, তাহা বলিতেছি শ্রবণ কর। এই ব্রত ঋক্ প্রভৃতি বেদের, আয়ুর্ব্বেদাদি উপবেদের মন্বাদি সংহিতার, ব্রাহ্মাদি সমস্ত পুরাণের এবং বেদাদিশাস্ত্রে কথিত ধর্ম্মসমূহের পরমতত্ত্ব, শোভনায় সকলের মধ্যে এই ব্রতই অদ্বিতীয় সার। ১—১০। সমস্ত ব্রতের মধ্যে আমার এই ব্রত অতীব হিতকর। শিবপূজা, রুদ্রাধ্যায় জপ, অষ্টমী, সোমবার, কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী এই তিন দিবস উপবাস এবং বারাণসীতে মরণ, এই চতুর্ব্বিধ কার্য্য মুক্তির কারণ। এই চারিটী কার্য্য শিবের সন্তোষজনক, ইহাতে কোন বিচার করিবে না। হে হরে! পূর্ব্বোক্ত চারিটী কার্য্যের মধ্যে শিবরাত্রিব্রত সর্ব্বশ্রেষ্ঠ। একারণ, যাহারা ভোগ এবং মুক্তি অভিলাষ করে, তাহাদিগের এই শিবরাত্রিব্রত কর্ত্তব্য। হে হরে! এই ব্রত অপেক্ষা অন্য কোন ব্রত হিতজনক নাই। হরি এই বাক্য শ্রবণ করিয়া শিবকে কহিলেন, হে দেবদেব! হে মহাদেব! এক্ষণে আমার নিকটে বলুন,—এই ব্রত কি প্রকারে ক কোন মাসে করিবে এবং কোন বিধি করিবে, এক্ষণে আমার নিকট এ সমস্ত করুন হে সদাশিব! লোকদিগের কারের নিমিত্ত আমি আপনাকে ইহা জি করিতেছি কতকাল পর্য্যন্ত ব্রত হইবে, কিরূপেই বা পূজা করিবে এবং বি চতুর্দ্দশী আপনার প্রিয়া হইল; হে লোকহিতের নিমিত্ত এই সমস্ত কথ বলুন। শিব, এই বাক্য শ্রবণ করিয়া লাগিলেন, এই ব্রত ব্রাহ্মণাদি সকল ব্রহ্মচারী প্রভৃতি সকল আশ্রমীর, স্ত্রীলোকের এবং বালকদিগের উত্তম ধর্ম এই অনুত্তম ব্রত, দাস, দাসী, দেবতা, দা সকল শরীরীরই মঙ্গলজনক। এই ব্রত অনুসারে সকলকে ভোগ এবং মুক্তি করিয়া থাকে। ১১—২০। মাঘ মাসের পক্ষের চতুর্দ্দশী নিশাব্যাপিনী হইলে এই ব্রত করিবে। ঐ চতুর্দ্দশী কোটি

* নিশাব্যাপিনীতি কচিৎ পুস্তকে

অমন্ত্রকং ন কর্ত্তব্যং পূজনন্তু হরস্য চ।
যস্য দ্রব্যস্য যো মন্ত্রস্তেন পূজাং সমাচরেৎ ॥৩৮
গীতবাদ্যৈস্তথা নৃত্যৈর্ভক্তিভাবসমন্বিতঃ।
পূজনং প্রথমং যামে কৃত্বা মন্ত্রং জপেদ্বুধঃ ॥ ৩৯
পার্থিবঞ্চ তদা শ্রেষ্ঠং বিধায় মন্ত্রবান্ সুধীঃ।
নিত্যঞ্চ ক্রিয়তে চেদৈব পার্থিবঞ্চ তদাচরেৎ ॥৪০
প্রথমং পার্থিবস্যৈব পশ্চাচ্চাস্থাপিতে চরেৎ।
পার্থিবঞ্চ বিধানং বৈ কর্ত্তব্যং হিতমিচ্ছতা ॥ ৪১
স্তোত্রৈর্নানাবিধৈর্দেবোহতোষয়েদ্বৃষভধ্বজম্।
মাহাত্ম্যং ব্রতসম্ভূতং শ্রোতব্যং ব্রতকারিণা ॥৪২
চতুর্ষ্বপি চ যামেষু মূর্ত্তীনাঞ্চ চতুষ্টয়ম্
কৃত্বাবাহনপূর্ব্বং বৈ বিসর্জ্জনবধি ক্রমাৎ ॥ ৪৩
জাগরণং তদা গত্বা মহোৎসবসমন্বিতম্
প্রাতঃকালে পুনস্তত্র স্থাপিতং পূজয়েচ্ছিবম্ ॥৪৪
পুনঃ স্নাত্বা শিবস্যৈব নিয়মঞ্চ বিমোচয়েৎ।
নিয়মোহদ্য ময়া দেব কৃতশ্চৈব তব জ্ঞয়া ॥৪৫

বিসৃজ্যতে ময়া স্বামিন্ জাতং ব্রতমনুত্তমম্
ব্রতেনানেন দেবেশ যথাশক্তি কৃতেন চ ॥ ৪৬
সন্তুষ্টো ভব দেবেশ জাতং ব্রতমনুত্তমম্।
শিব শঙ্কর সর্ব্বাত্মন্ কৃপাং কুরু মমোপরি ॥
পুষ্পাঞ্জলিং শিবে দত্ত্বা নিয়মঞ্চ বিসৃজ্য চ।
নমস্কারং শিবায়ৈব তদা দানং যথাবিধি ॥ ৪৮
সঙ্কল্পঞ্চ ততঃ কৃত্বা জলং গ্রাহ্যং ততঃ পরম্
যামে যামে চ যা পূজা তাবৈব কথয়াম্যহম্।
প্রথমে চৈব যামে চ স্থাপিতং পার্থিবং পুনঃ
পূজয়েৎ পরয়া ভক্ত্যা হ্যুপচারৈরনেকশঃ ॥
প্রসাগাদি বিধায়ৈব কামানাং বিনিযুজ্য চ
পঞ্চদ্রব্যেণ প্রথমং পূজনীয়ো মহেশ্বরঃ ॥
দুগ্ধ-দধি-মধু-সর্পিঃ-শর্করাণাং ক্রমেণ চ।
তস্য তস্য চ মন্ত্রেণ তৎ তদ্দ্রব্যং সমর্পয়েৎ
তদ্দ্রব্যান্তু সমর্প্যৈব জলধারাং প্রদাপয়েৎ

পূর্ব্বক লিঙ্গের পূজা করিবে। হরের অমন্ত্রক পূজা করিবে না। যে উপচারদানের যে মন্ত্র তাহা দ্বারা পূজা করিবে। বিচক্ষণ মানব সাত্ত্বিকভাব অবলম্বন করত নৃত্য, গীত, বাদ্য-যোগে প্রথম প্রহরে পূজা করিবে, পরে মন্ত্র-জপ করিবে। যদি নিত্য পার্থিবলিঙ্গ নির্ম্মাণ করিয়া থাকে, তাহা হইলে তৎকালেও সেই ব্রতী পার্থিব লিঙ্গ নির্ম্মাণ করিবে। প্রথমে পার্থিব-লিঙ্গের পূজা এবং তৎপর পরে তথায় স্থিত অনাদি শিবলিঙ্গের পূজা করিবে, হিত-কাঙ্ক্ষী ব্যক্তি কর্তৃক পার্থিবলিঙ্গ নির্ম্মাণ করা কর্ত্তব্য। ৩১—৪১। নানাপ্রকার স্তব দ্বারা বৃষভধ্বজের প্রীতি সাধন করিবে। ব্রতানু-ষ্ঠায়ী ব্যক্তি এই ব্রতের মাহাত্ম্য শ্রবণ করিবে। চারিপ্রহরে চারিটী মূর্ত্তি নির্ম্মাণ করিয়া যথা-ক্রমে আবাহন হইতে বিসর্জ্জন পর্য্যন্ত কার্য্য সম্পন্ন করিবে। অবশিষ্ট রাত্রিকালে জাগরণ এবং মহান্ উৎসব করত পরদিন প্রাতঃকালে পুনর্ব্বার সেই স্থানে শিবমূর্ত্তি স্থাপন করিয়া পূজা করিবে। পরে পুনর্ব্বার স্নান করিয়া "হে দেব! তোমার আজ্ঞাক্রমে অদ্য আমি এই ব্রত করিলাম এবং সমাপন করি[illegible]। হে স্বামিন! ব্রত উত্তমরূপে সম্পন্ন হই[illegible]। হে দেবেশ! শক্তি অনুসারে অনুষ্ঠি[illegible] ব্রত দ্বারা তুমি সন্তুষ্ট হও। হে দেবেশ! [illegible] উত্তমরূপে সম্পন্ন হইয়াছে। হে শিব! শঙ্কর! হে সর্ব্বাত্মন! আমার উপর [illegible] কর" এই অর্থের মন্ত্র পাঠ করিয়া শি[illegible] সমাপন করিবে। মহাদেবকে পুষ্প প্রদান করত ব্রতসমাপন করিয়া [illegible]কে [illegible] এবং তদুদ্দেশে যথাবিধি দান ক[illegible] তাহার পরে ঈশ্বরে আত্মসমর্পণ করিয়া [illegible] জল [illegible] করিবে। প্রহরে প্রহরে [illegible] পূজা কর্ত্তব্য, তাহা আমি কহিতেছি। [illegible] প্রহরে পরম ভক্তিসহকারে নানা প্রকার [illegible]চার দ্বারা সেই স্থাপিত লিঙ্গ এবং [illegible] লিঙ্গকে পূজা করিবে। ৪২—৫০। স[illegible] কীর্ত্তন করত কামনা প্রকাশ করিয়া পঞ্চামৃত দ্বারা মহেশ্বরকে পূজা করিবে। [illegible] দধি, মধু, সর্পিঃ, শর্করা—যথাক্রমে [illegible] দ্রব্যের মন্ত্র দ্বারা সেই সেই দ্রব্য শিবে [illegible] করিবে। পঞ্চামৃত এবং গন্ধাদি সমর্প[illegible] তাহার উপর জলধারা প্রদান করিবে।

বিল্বপত্রৈস্তথা চাত্র কর্ত্তব্যং পূজনং শিবে। ৭০
নৈবেদ্যং লড্ডুকানাং বৈ কর্ত্তব্যং পরমাত্মনে।
এবং কৃতং ব্রতং যেন তজ্জন্ম সফলং ভবেৎ ॥৭১
ভুক্তিং দত্বা চ মুক্তিঞ্চ যচ্ছামাত্র ন সংশয়ঃ।
অর্ঘ্যঞ্চ বীজপূরেণ কুর্য্যাদ্‌যামে দ্বিতীয়কে। ৭২
ময়া সর্ব্বং যথাপূর্ব্বং কথিতং তৎ তথৈব হি।
ধূপং দীপঞ্চ নৈবেদ্যং পায়সান্নং প্রকল্পয়েৎ ॥৭৩
দত্বা তাম্বূলকং তত্র দক্ষিণাঞ্চ সমর্পয়েৎ।
ধ্যানঞ্চৈব পুনস্তত্র কৃত্বা জাপ্যং ততঃ পুনঃ ॥৭৪
মন্ত্রাবৃত্তিস্তু দ্বিগুণাঃ পূর্ব্বতোঽপি জনার্দ্দন।
ততশ্চ ব্রাহ্মণানাং হি ভোজ্যং সঙ্কল্পমাচরেৎ ॥
পূর্ব্ববচ্চ নমস্কারং গীতং নৃত্যং তথা পুনঃ।
কুর্য্যাদানন্দসংযুক্তো যাবচ্চ দ্বিতীয়াবধি ॥ ৭৬
যামে দ্বিতীয়ে যাতে তু তৃতীয়ে চ সমাগতে।
বিসৃজ্য চ শিবং তত্র পুনর্মূর্ত্তিং প্রকল্পয়েৎ ॥ ৭৭

স্থাপিতে বা ততঃ কুর্য্যাৎ তত্তৎপূজাবিধিং।
দ্রব্যৈঃ পূজাং পুরা কৃত্বা পশ্চাদ্ধারাং প্রদা
পূর্ব্বতো দ্বিগুণং কুর্য্যান্মন্ত্রেণ বিধিপূর্ব্বকম্
ততশ্চ চন্দনেনৈব সম্পূজ্য তণ্ডুলৈস্তথা ॥
গোধূমৈঃ পূজনং কুর্য্যাচ্ছিবপ্রীণনতৎপরঃ।
পুষ্পৈশ্চার্কসম্ভবৈঃ পূর্ব্বোক্তৈর্মন্ত্রসত্তমৈ
ধূপৈশ্চ বিবিধৈস্তত্র দীপৈর্নানাবিধৈরপি।
নৈবেদ্যং পূপকৈস্তত্র শাকৈর্নানাবিধৈরপি।
কৃত্বা চৈবাথ কর্পূরৈরারাত্রিকবিধিং চরেৎ।
অর্ঘ্যঞ্চ দাড়িমেনৈব দদ্যাচ্চ শঙ্করায় চ।
নমস্কারং ততো ধ্যানং কৃত্বা মন্ত্রং জপেৎ ত
ততোঽপি দ্বিগুণং জাপ্যং কৃত্বা চ ব্রহ্মভো
সঙ্কল্প্য দক্ষিণাং দত্বা পূজাবিধিং সমাচরেৎ
নৃত্যং গীতং তথা কৃত্বা যাবদ্‌যামাবধির্ভবেৎ
যামে চ তৃতীয়ে জাতে চতুর্থে চ সমাগতে।

শঙ্করের পূজা করিবে। তৎপরে পুষ্প দ্বারা এবং পদ্মপুষ্প দ্বারা শিবকে পূজা করিবে। দ্বিতীয় প্রহরে বিল্বপত্র দ্বারা শিবের পূজা করিবে এবং পরমাত্মার উদ্দেশে লড্ডুকের নৈবেদ্য করিবে। যে ব্যক্তি এইরূপে ব্রত করে, তাহার জন্ম সফল হয়। এইরূপে পূজা করিলে আমি ভোগ প্রদানপূর্ব্বক মুক্তি প্রদান করিয়া থাকি, ইহাতে সংশয় নাই। দ্বিতীয় প্রহরে বীজপূর দ্বারা অর্ঘ্য দিবে। আমি পূর্ব্বে যেরূপ কহিলাম, সেইরূপই নিশ্চয় জানিবে। তৎপরে ধূপ, দীপ এবং পায়সান্ন নিবেদন করিবে। ৬৩—৭৩। তাহার পরে তাম্বুল দান করিয়া দক্ষিণা প্রদান করিবে। পুনর্ব্বার ধ্যান করিয়া পুনর্ব্বার তাঁহার মন্ত্র জপ করিবে। হে জনার্দ্দন! প্রথম প্রহরের পূজা অপেক্ষা এ পূজায় দ্বিগুণ মন্ত্র জপ করিবে। তাহার পর. ব্রাহ্মণ-ভোজনের সঙ্কল্প আচরণ করিবে। পূর্ব্বের ন্যায় নমস্কার করিবে। পুনর্ব্বার আনন্দযুক্ত হইয়া গীত, নৃত্য, দ্বিতীয় প্রহরের শেষাবধি করিবে; দ্বিতীয় প্রহর অতীত হইলে, তৃতীয় প্রহর আগমন করিলে পূর্ব্বের শিবমূর্ত্তি বিসর্জ্জন করিয়া সেই স্থলে পুনরায়

মূর্ত্তি প্রস্তুত করিবে। হে হরে! স্থাপিত শিবমূর্ত্তিতে সেই সেই পূজার অ করিবে। অগ্রে দ্রব্য দ্বারা পূজা করিয়া বারিধারা প্রদান করিবে। যথাবিধি ম পূর্ব্বক দ্বিতীয় প্রহর অপেক্ষা সমস্ত দ্বিগুণ করিবে। তৎপরে শিবপ্রীতি-প ব্রতী, চন্দন এবং তণ্ডুল দ্বারা শিবপূজা গোধূম দ্বারা পূজা করিবে। পূর্ব্বোক্ত উত্তম মন্ত্রে মন্দারপুষ্প, নানা প্রকার ধূপ, প্রকার দীপ দ্বারা শিবপূজা করিবে পিষ্টক, নানাবিধ শাক, দ্বারা নৈবেদ্য করিয়া কর্পূর দ্বারা আরত্তি করিবে উদ্দেশে দাড়িম্বযুক্ত অর্ঘ্য প্রদান করিবে নমস্কার করিয়া ধ্যান করিবে; তৎপরে জপ করিবে। ৭৪—৮২। দ্বিতীয় অপেক্ষা দ্বিগুণ জপ করিয়া ব্রাহ্মণ করাইবে। পরে বাক্যপূর্ব্বক দক্ষিণা করিয়া পূজাবিধি শেষ করিবে। যে তৃতীয় প্রহর শেষ না হয়, সেই পর্য্যন্ত গীতাদি করিবে। হে হরে! তৃতীয় অতীত হইলে, চতুর্থ প্রহর প্রবৃত্ত

অনেনৈবোপচারেণ যজ্জাতং ফলমেব চ ।
তেনৈব প্রীয়তাং দেবঃ শঙ্করঃ সুখদায়কঃ ॥ ১০১
অনেনৈব চ পুষ্পাণামঞ্জলিনা প্রভো মম ।
ন্যূনং সম্পূর্ণতাং যাতু ব্রতমেব মহেশ্বর ॥ ১০২
পুষ্পাঞ্জলিং সমর্প্যৈবং তিলকাশিষমেব চ ।
গৃহ্ণীয়াদ্ব্রাহ্মণেভ্যশ্চ নত্বা তান্ শঙ্করায় চ ॥ ১০৩
বিসর্জয়েচ্ছিবং পশ্চাৎ পুনরাগমনায় চ ॥ ১০৪
মম কুলে দেবদেব ভজনং তেঽস্তু সর্ব্বদা ।
মানসান্মম দেবেশ দূরং নৈব কদাচন ॥ ১০৫
অহর্নিশং ক্ষণং বাপি বিনা চ স্মরণং তব ।
শ্বসনং ন ভবেদেব দূরং নৈব কদাচন ॥ ১০৬
ইত্যেবঞ্চ নমস্কৃত্য বিসৃজ্য শঙ্করং মুদা ।
ব্রহ্মভোজ্যং তদা কুর্য্যাৎ সর্ব্বপাপক্ষয়ো ভবেৎ ॥
এবং ব্রতং কৃতং যেন তস্মাদ্দূরে হরো ন হি
ফলং বক্তুং ন শক্নোতি বর্ষাণামযুতৈরপি ॥
অনাদরতয়া চেদ্বৈ কৃতং ব্রতমনুত্তমম্ ।
তথৈব মুক্তিবীজঞ্চ জাতং নাত্র বিচারণা ॥
ব্রতমেতৎ প্রতিমাসং কর্ত্তব্যমৃষিসত্তমাঃ ।
উদ্যাপনবিধিং পশ্চাৎ কৃত্বা সাঙ্গং বিধিং ন
ব্রতস্য করণান্নূনং শঙ্করঃ সর্ব্বদুঃখহা ।
ভুক্তিং দত্ত্বা চ মুক্তিঞ্চ দদতে নাত্র সংশয়ঃ
ইতি ব্রতফলং শ্রুত্বা দেবা বিষ্ণুমুখাস্তদা ।
আনন্দং পরমং প্রাপ্য স্বং স্বং ধাম যযুস্তদা ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিবরাত্রিমহিমনিরূপণং নাম দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭২ ॥

তেই অর্পণ করিয়াছি ; হে কৃপানিধে ! ইহা অবগত হইয়া যেরূপ উচিত হয় তাহাই কর। হে কৃপানিধে ! হে ভূতনাথ ! আমি জ্ঞানপূর্ব্বক হউক বা অজ্ঞানপূর্ব্বকই হউক, পূজাদি সমস্ত করিয়াছি, তুমি প্রসন্ন হও। এই সমস্ত উপচার দ্বারা আমার যে ফল জন্মিয়াছে, ইহার দ্বারা সুখদায়ক দেব শঙ্কর প্রসন্ন হউন। হে প্রভো ! হে মহেশ্বর ! আমার ব্রত ন্যূন হইলেও আমার এই পুষ্পাঞ্জলি দ্বারা সম্পূর্ণ হউক” এই অর্থের মন্ত্র পাঠপূর্ব্বক পুষ্পাঞ্জলি প্রদান করিয়া তিলক এবং আশীর্ব্বাদ গ্রহণ করিবে। পরে ব্রাহ্মণগণকে এবং শঙ্করকে প্রণাম করিয়া পুনর্ব্বার আগমন নিমিত্ত শিবকে বিসর্জ্জন করিবে ১০৩—১০৪ “হে দেবদেব ! আমার বংশে সর্ব্বদা তোমার ভজনা হউক। হে দেবেশ ! আমার মানস হইতে কখনই তুমি গমন করিও না। দিবারাত্রি, অথবা একক্ষণ-কালও তোমার স্মরণ ব্যতীত আমার নিশ্বাসবায়ু নির্গত না হউক ; তুমি আমার নিকট হইতে কখনই গমন করিও না” এই অর্থের মন্ত্র পাঠপূর্ব্বক নমস্কার করিয়া সহর্ষে শঙ্করকে বিসর্জ্জন করত ব্রাহ্মণদিগকে ভোজন করাইলে তাহার সমস্ত পাপ নষ্ট হইবে। যে ব্যক্তি এইরূপে ব্রত আচরণ করে, হর তাহা হইতে দূরে গমন করেন না। কোন ব্যক্তি দশ হাজার বৎসরেও এই ব্রতের ফল কীর্ত্তন করিতে পারেন না। কোন ব্যক্তি যদি অনাদরপূর্ব্বক এই অনুত্তম ব্রত করে, তথাপি ঐ ব্রত তাহার মুক্তিকারণ হয়, ইহাতে কোন বিচার করিও না। হে ঋষিসত্তমগণ ! এই ব্রত প্রতিমাসে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে কর্ত্তব্য। এইরূপে চতুর্দ্দশ বৎসর ব্রত করিয়া পরে সাঙ্গ-উদযাপন অনুষ্ঠান করিবে। এই ব্রত আচরণ করিলে শঙ্কর নিশ্চয়ই সকল দুঃখ নষ্ট করেন, ইহলোকে ভোগপ্রদান করিয়া পরে মুক্তি প্রদান করেন, ইহাতে সংশয় নাই। বিষ্ণু প্রভৃতি দেবগণ, এইরূপ ব্রতের ফল শ্রবণ করত আনন্দপ্রাপ্ত হইয়া স্বকীয় স্বকীয় ভবনে গমন করিলেন। ১০৫—১১২।

দ্বিসপ্ততিতম অধ্যায় সমাপ্ত ॥ ৭২ ॥

আয়াস্তে চ পুনর্মাংসাং তৃপ্তিস্তে সর্ব্বথা ভবেৎ ॥
ইত্যুক্তোঽপি তয়া ব্যাধো ন মেনে বচনং ততঃ।
সঙ্কটে সমনুপ্রাপ্তে সর্ব্বে মিথ্যাভিলাষিণঃ।
ইত্যেবং বচনং শ্রুত্বা মৃগ্যাহ বচনং পুনঃ ॥ ২৯
সত্যেন সর্ব্বথা দেবাঃ সত্যেনৈব সমুদ্রকাঃ।
সত্যেন জলধারাশ্চ সত্যে সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥ ৩০
ন মে মিথ্যা বচস্তত্ত্ব জানীহি পশুঘাতক।
ইত্যুক্তেঽপি ন মেনে তদ্বচনং পুনরব্রবীৎ ॥ ৩১
শৃণু ব্যাধ প্রবক্ষ্যামি পাপং মে শিরসি ভবেৎ।
যদাহং নাগমে হ্যত্র এতেষাং পাতকং মম ॥ ৩২
ব্রাহ্মণো বেদবিক্রেতা সন্ধ্যাহীনস্ত্রিকালকম্।
স্ত্রিয়শ্চ স্বামিনো হ্যাজ্ঞাং সমুল্লঙ্ঘ্য ভবেচ্চ যৎ ॥
কৃতঘ্নে চৈব যৎ পাপং যৎ পাপং বিমুখে হরেঃ।
দোহিণাশ্চৈব যৎ পাপং যৎ পাপং ধর্মলঙ্ঘনে ॥

তেন পাপেন লিপ্যামি যদ্যহং নাগমে পুনঃ
ইত্যাদীনি অনেকানি কৃত্বা মৃগী স্থিতা তদা
ব্যাধোঽপি চ স্বয়ং তত্র গচ্ছ শীঘ্র বচোঽব্র
মৃগী হৃষ্টা জলং পীত্বা গতা স্বাশ্রমণ্ডলম্ ॥
তাবচ্চ প্রথমো যামো গতো নিদ্রাং বিনা ব
তদীয়া ভগিনী যা বৈ মৃগী চ পরিভাবিতা ॥
তস্যা মার্গং বিচিন্বন্তী হ্যাজগাম জলার্থিনী।
তাং দৃষ্ট্বা তু স্বয়ং ভিল্লশ্চক্রে বাণস্য কর্ষণ
পূর্ব্ববজ্জলপত্রাণি পতিতানি শিবোপরি।
যামস্য দ্বিতীয়স্যৈব পূজা জাতা মহাত্মনঃ ॥
সা মৃগাপি চ তং দৃষ্ট্বা কিং করোষি বনেচর
পূর্ব্ববৎ কথিতং তেন শ্রুত্বা হর্ষসমন্বিতা ॥
ধন্যাহং জন্মতাং শ্রেষ্ঠ সফলং দেহধারণম্
অনিত্যেন শরীরেণ হ্যপকারো ভবিষ্যতি ॥
পরঞ্চ মম বালাশ্চ গৃহে তিষ্ঠন্ত্যর্ভকাঃ।

বিধি সমর্পণ করিয়া পুনর্ব্বার আগমন করিব। আমার মাংস খাইলে তোমার সর্ব্বপ্রকারে উত্তম তৃপ্তি হইবে। মৃগী এইরূপ কহিলেও ব্যাধ তাহার বাক্য মানিল না এবং কহিল, বিপদ উপস্থিত হইলে সকলেই মিথ্যা কহিয়া থাকে। এই কথা শুনিয়া মৃগী পুনর্ব্বার বলিল, বায়ু প্রভৃতি দেবতা, সপ্ত সমুদ্র এবং জলধারা ইহারা সকলে সত্যকে আশ্রয় করিয়া, স্বীয় স্বীয় কার্য্যে প্রবৃত্ত হইতেছেন, সকলেই সত্যধর্ম্ম অবলম্বন করিয়া প্রতিষ্ঠা লাভ করিয়া থাকে ২১—৩০। হে পশুঘাতক! তুমি আমার বাক্য মিথ্যা বলিয়া জানিও না। মৃগী এইরূপ বলিলেও ব্যাধ, তাহার বাক্য মানিল না। একারণ মৃগী, পুনর্ব্বার কহিতে লাগিল, হে ব্যাধ! আমি কহিতেছি, শ্রবণ কর। আমি যদ্যপি এস্থানে আগমন না করি, তাহা হইলে পাপ আমার মস্তকে আরোহণ করিবে। আমি যদ্যপি পুনর্ব্বার না আসি, তাহা হইলে ব্রাহ্মণ বেদ-বিক্রয় করিলে এবং ত্রিকালে সন্ধ্যা না করিলে তাহার যে পাপ হয়, আমার সেই পাপ হইবে। স্বামীর আজ্ঞা লঙ্ঘন করিলে স্ত্রীর যে পাপ হয়, কৃতঘ্ন ব্যক্তির যে পাপ হয়, হরির আরাধনা না করিলে যে পাপ হয়, পরাপকারীর যে পাপ হয়,

স্বীয় ধর্ম্ম লঙ্ঘন করিলে যে পাপ হয়, সমস্ত পাপে আমি লিপ্ত হইব। মৃগী প্রকার অনেক শপথ করিয়া চুপ করিয়া তখন ব্যাধ বলিল, তুমি শীঘ্র সেইস্থানে তখন মৃগী, সহর্ষে জলপান করিয়া আশ্রমে গমন করিল। ব্যাধ, তাবৎ প্রহর জাগরণ করিয়া রহিল। এদিকে পূ সেই মৃগীর ভগিনী,—ভগিনীর অন্বেষণ মৃগী যে পথে গমন করিয়াছিল, সেই পথ লঙ্ঘন করত জলপানার্থ আগমন করিল। ব্যাধ, স্বয়ং তাহাকে দেখিয়া বাণ করিল। পূর্ব্বের ন্যায় তাহার নড়ন জল এবং বিল্বপত্র শিবের উপর পতিত তাহাতেই মহাত্মা শিবের দ্বিতীয় প্রহরের সম্পন্ন হইল। ৩১—৩৯। মৃগী, ভিল্ল আকর্ষণ করিতে দেখিয়া বলিল, হে ব তুমি কি করিতেছ? এই কথা বলিলে পূর্ব্বের ন্যায় সমস্ত কহিল। তখন মৃগী, বাক্য শ্রবণ করিয়া সহর্ষে কহিতে লা শ্রেষ্ঠ! শ্রবণ কর; আমি ধন্য হইলাম, আমার দেহধারণ সফল হইল; কারণ এই অনিত্য শরীর দ্বারা পরের উপকার

তচ্ছ্রুত্বা হরিণঃ সোঽপি হৃষ্টো বচনমাদদে ॥ ৫৫
ধন্যোঽহং পুষ্টিমানদ্য যেন তৃপ্তির্ভবাদৃশাম্‌।
যস্যাঙ্গং নোপকারার্থং গতং বৈ পরমার্থতঃ।
তস্য সর্ব্বঞ্চ ব্যর্থং বৈ নাত্র কার্য্যা বিচারণা ॥ ৫৬
যো বৈ সামর্থ্যযুক্তোঽপি নোপকারং করোতি চ
তৎসামর্থ্যং ভবেদ্ব্যর্থং নাত্র কার্য্যা বিচারণা ॥ ৫৭
সম্যগ্‌জাতশরীরেণ তৃপ্তিস্তব ভবিষ্যতি ॥ ৫৮
পরন্তু বালকাংশ্চাহং সমর্প্য জননীং পুনঃ।
আশ্বাস্যাপাশ্ব তান্‌ সর্ব্বানাগমিষ্যাম্যহং ধ্রুবম্‌ ॥ ৫৯
ইত্যুক্তো বৈ পুনস্তত্র ব্যাধো বচনমব্রবীৎ
যে যে সমাগতা অত্র তে তে সর্ব্বে ত্বয়া যথা ॥ ৬০
কথিত্বা তু গতাস্তে বৈ নাদ্যাপ্যায়াতাঃ পরিবঞ্চিতঃ।
ত্বঞ্চাপি সঙ্কটে প্রাপ্তো মিথ্যা কৃত্বা গমিষ্যসি ॥ ৬১
মমৈব জীবনকাদ্য ভবিষ্যতি কথং মৃগ
ইত্যেবং বচনং শ্রুত্বা মৃগো বাক্যমুপাদদে ॥ ৬২
শৃণু ব্যাধ প্রবক্ষ্যামি নানৃতং বিদ্যতে ময়ি

সত্যেন সর্ব্বং ব্রহ্মাণ্ডং তিষ্ঠতি তু চরাচরম্‌।
যস্য বাণী ব্যলীকা হি তৎপুণ্যং জ্বলিতং ক্ষণ
তথাপি মন্যতে নৈব প্রতিজ্ঞাং মম ভিল্লক ॥
সন্ধ্যায়াং মৈথুনে চৈব শিবরাত্রিভোজনে কৃতে
কূটসাক্ষ্যো ন্যাসহারে সন্ধ্যাহীনে দ্বিজেঽথবা
শিবহীনং মুখং যস্য নোপকুর্য্যাৎ ক্ষমোঽপি
দিবা মৈথুনকারী চ তস্যৈব পাতকঞ্চ যৎ ॥
পর্ব্বণি চ কল্যাদৌ চ ব্রতস্যৈব দিনে তথা।
অভক্ষ্যকারকে যচ্চ তৎ পাপং শিরসা মম ॥
যদ্যহং নাগমে হ্যত্র বঞ্চয়িত্বা চ ত্বাং পুনঃ।
ইতি বচস্তদা শ্রুত্বা গচ্ছ শীঘ্রং সমাব্রজ ॥ ৬
ব্যাধেনৈবং সমুক্তস্তু জলং পীত্বা গতো মৃগঃ
তে সর্ব্বে মিলিতাস্তত্র হ্যাশ্রমে ঋষিসত্তমাঃ ॥

কহিলে, সেই হরিণ সহর্ষে কহিতে লাগিল, আমি অদ্য ধন্য হইলাম, সার্থক শরীর পোষণ করিয়াছি! যেহেতু আমার মাংস দ্বারা তোমাদিগের তৃপ্তি হইবে যাহার শরীর, পরের সদুপকারের নিমিত্ত হইল না, তাহার সমস্তই বিফল; এ বিষয়ে কোন বিচার করিবে না। যে ব্যক্তি সমর্থ হইয়া উপকার না করে, তাহার সামর্থ্য বিফল, ইহাতে কোন বিচার করিবে না আমার এই অনিত্য শরীর দ্বারা তোমার সম্পূর্ণ তৃপ্তি হইবে, কিন্তু আমি সমস্ত বালকদিগকে তাহাদিগের জননার নিকটে সমর্পণপূর্ব্বক আশ্বাসযুক্ত করিয়া নিশ্চয় আগমন করিব। ৪৯—৫৯। ব্যাধ মৃগকর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া পুনর্ব্বার কহিতে লাগিল,—যে যে মৃগী, এস্থানে আগমন করিয়াছিল, তাহারা সকলেই তোমার ন্যায় কহিয়া গমন করিয়াছে, আর পুনর্ব্বার আসে নাই; অতএব আমি বঞ্চিত হইয়াছি। তুমিও বিপদ্‌ সময়ে মিথ্যা কহিয়া গমন করিবে। হে মৃগ! এক্ষণে আমার জীবন থাকে কিসে? মৃগ, ব্যাধের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিল,—হে ব্যাধ! আমি বলিতেছি শ্রবণ

কর, আমি মিথ্যা কথা কহি না। সমস্ত চ[রা]চর ব্রহ্মাণ্ড, সত্য আশ্রয় করিয়াই অবস্থি[তি] করিতেছে। যাহার বাক্য মিথ্যা হয়, তা[হার] পুণ্য তৎক্ষণাৎ দগ্ধ হইয়া যায়। হে ভি[ল্ল!] আমি প্রতিজ্ঞা করিতেছি, তথাপি তুমি আ[মার] প্রতিজ্ঞা মানিতেছ না। আমি তোম[াকে] বঞ্চনা করিয়া যদ্যপি পুনর্ব্বার আগমন না ক[রি], তাহা হইলে সন্ধ্যার সময় মৈথুন করিলে, শি[ব]রাত্রি-দিনে ভোজন করিলে, ছলপূর্ব্বক স[াক্ষ্য] দিলে, গচ্ছিত ধন অপহরণ করিলে, দ্বিজ[গণ] সন্ধ্যা না করিলে যে পাপ হয়, যে ব্যক্তি শিব নাম উচ্চারণ করে না, যে ব্[যক্তি] সক্ষম হইয়া উপকার করে না, যে [ব্যক্তি] দিবাতে মৈথুন করে, ইহাদিগের যে [পাপ] হয়; পর্ব্বকালে, রজোনিঃসরণকাল হ[ইতে] তিনদিনের মধ্যে এবং ব্রতদিনে মৈথুন[ক]ে যে পাপ হয়; অভক্ষ্যভক্ষণ করিলে যে [পাপ] হয়,—সে সকল পাপ আমার মস্তক [আশ্রয়] করুক। ৬০—৬৭। ব্যাধ মৃগের এই [বাক্য] শ্রবণ করিয়া কহিল, তুমি গমন কর, সত্বর আগমন করিও। মৃগ, ব্যাধকর্ত্তৃক [এই]রূপ কথিত হইয়া জলপান করত গমন ক[রিল।] হে শ্রেষ্ঠ ঋষিগণ! পরে দুই মৃগী এব[ং] আপনাদিগের বাসস্থানে মিলিত হইয়া প

অজ্ঞানতো ব্রতং জাতং রাত্রৌ জাগরণং তথা ॥
কৃপালুত্বাচ্ছিবস্যৈব সর্ব্বং জাতং সুশোভনম্ ।
তস্মিংশ্চ সময়ে প্রাপ্তা দূতা বৈবস্বতস্য হ ॥ ৩৮
শঙ্করস্য গণাস্তত্র ত্বাজগ্মুর্বলবত্তরাঃ ।
উভয়েষাং তদা বাদঃ সমজায়ত বৈ ভূশম্ ॥ ৩৯
গণাঃ শিবস্য যে তত্র বচনঞ্চেদমব্রুবন্
কথং সমাগতা যূয়ং দণ্ডেনাত্র ত্রিতা ইতি
তে চোচুর্ভগবদ্ভক্তা যূয়ং কিমু সমাগতাঃ ॥ ৪০

যমগণা ঊচুঃ

জন্মপ্রভৃতি পাপঞ্চ পুণ্যস্তু হণুমাত্রকম্ ॥ ৪১

শিবগণা ঊচুঃ

পাপং বহুতরঞ্চাসীত্তস্য সন্দেহবং কথং ।
শিবস্য চ ব্রতেনৈব রাত্রৌ জাগরণেন চ । ৪২
অদ্যাপি পাতকং তিষ্ঠেৎ কিং তৎ সর্ব্বং দুরাসদাঃ
ইত্যেবং বিবদন্তশ্চ যমরাজং গতাস্তদা ॥ ৪৩
যমেনোক্তঞ্চ সত্যং বৈ পাপস্য ভস্মতাং গতম্

নমস্কারঞ্চ তান্ কৃত্বা কলিঙ্গাধিপতিং তদা ॥
ব্রাহ্মণঞ্চ চকারাসৌ প্রনম্য ভাগ্যবানসি ।
কলিঙ্গাধিপতির্ভূত্বা শিবপূজাপরায়ণঃ ॥ ৪৫
শিবপূজাপরো নিত্যং শিবরাত্রিব্রতে পরঃ ।
অন্যান্ শিবপূজাঞ্চ দীপাংশ্চৈব তদালয়ে
কারয়িত্বা তদা মুক্তিং লেভে চ ঋষিসত্তমাঃ
পশ্যন্তু ব্রতমাহাত্ম্যমনায়াসেন বা কৃতম্ ॥
যে পুনঃ পরয়া ভক্ত্যা কুর্ব্বন্তি ব্রতমুত্তমম্ ।
তে লভন্তে পরাং মুক্তিং কিং তত্র বিস্ময়ঃ পু[illegible]
চৌর্য্যার্থেন সুবুদ্ধ্যা চ দীপস্তু কৃতবান্ন হি ।
জ্ঞানতঃ দীপঞ্চ যে তু পূর্ণেহপ্যে তে শুভং পদ[illegible]
এতস্মাৎ কারণাৎ শ্রেষ্ঠাঃ ব্রতেষ্বেতত্সমং ন[illegible]
শিবাৎ পরো দয়ালুর্ন পাবনো ন পরঃ স্মৃতঃ
এতৎ সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহমৃষীশ্বরাঃ ।

অজ্ঞানপূর্ব্বক ব্রত এবং জাগরণ উভয়ই নির্ব্বাহ হইল শিব অতিশয় দয়ালু, একন্য ব্রাহ্মণের সমস্ত কার্য্যই শুভ-ফলপ্রদ হইল। এমন সময়ে যমদূতেরা এবং মহাবল পরাক্রান্ত শিবের অনুচরবর্গ, সেই স্থানে আগমন করিল পরে উভয় পক্ষে পরস্পরে অতিশয় বিবাদ হইতে লাগিল তখন শিবদূতেরা কহিতে লাগিল, তোমরা দণ্ড লইয়া কি জন্য এস্থানে আগমন করিলে? যমকিঙ্করেরা কহিল, তোমরা ভগবান্ শিবের ভক্ত, কিজন্য এস্থানে আগমন করিলে? এই ব্রাহ্মণ, জন্মাবধি কেবল পাপ-কর্ম্ম করিয়াছে, অনুমাত্র পুণ্যকর্ম্ম করে নাই। শিবগণেরা কহিতে লাগিল, ব্রাহ্মণের বহুতর পাপ ছিল বটে, কিন্তু শিবের ব্রত এবং শিব-রাত্রি জাগরণ দ্বারা তৎসমস্ত ভস্মসাৎ হই-য়াছে। রে মূর্খ সকল! অদ্যাপি কি পাপ থাকিতে পারে?—সমস্ত নষ্ট হইয়াছে। তখন তাহারা পরস্পরে এইরূপ বিবাদ করিয়া যমের নিকট গমন করিলে, যম কহিলেন, শিব-দূতেরা যাহা বলিয়াছেন, তাহা সত্য; ব্রাহ্ম-ণের সমস্ত পাপ ভস্মসাৎ হইয়াছে। পরে

যম, শিবগণকে প্রণাম করিয়া ব্রাহ্মণকে "হে ব্রাহ্মণ! তুমি ভাগ্যবান্" এই কথা ব[illegible] কলিঙ্গ দেশের অধিপতি করিয়া দিলেন। শি[illegible] পূজা-পরায়ণ ব্রাহ্মণ, কলিঙ্গদেশের অধিপ[illegible] হইয়া নিত্য শিবপূজারত এবং শিবরাত্রি-ব্র[illegible] অনুষ্ঠান করিতে লাগিলেন পরে অ[illegible] রাজ্যে সকলকে শিবপূজা এবং শিবের মন্দি[illegible] দীপ প্রদান করাইয়া মুক্তিলাভ করিলে[illegible] ৩৭—৪৬ হে শ্রেষ্ঠতম ঋষিগণ! আপ[illegible] ব্রতের মাহাত্ম্য শ্রবণ করুন,—দুরাত্মা ব্রা[illegible] কোন যত্ন না করিয়াও এই ব্রত কোন প্র[illegible] করিয়াছে বলিয়া তাহার এই ফল হই[illegible] যাহারা পরম ভক্তিপূর্ব্বক এই উত্তম [illegible] আচরণ করে, তাহারা মুক্তিলাভ ক[illegible] তাহাতে আশ্চর্য্য কি? দুরাত্মা ব্রাহ্মণ, চুরি করিবার নিমিত্ত প্রদীপ উজ্জ্বল করি[illegible] সদ্বুদ্ধিতে করে নাই। যে ব্যক্তি জ্ঞান[illegible] শিবরাত্রিতে দীপ প্রদান করে, তাহারা [illegible] পদলাভ করে। হে প্রধানতম ঋষিগণ! জন্যই শিবরাত্রি-ব্রতের সদৃশ আর কোন[illegible] নাই, শিব হইতে আর কেহই দয়ালু এবং পরম পবিত্রকারীও কেহ নাই। হে [illegible] ঋষিগণ! আপনারা যাহা জিজ্ঞাসা [illegible]

বিকাররহিতং তচ্চ ইহাস্তি চ পরত্র চ।
তৎপ্রাপ্তিশ্চ ভবেদত্র শিবস্য ভজনাদিহ ॥ ১১
তস্মাচ্ছিবঞ্চ সেবেত মুক্ত্যর্থমৃষিসত্তমাঃ।
ইতি পৃষ্টং ভবদ্ভিশ্চ তদেব কথিতং ময়া ॥১২
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ১৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং মুক্তিকথনং নাম ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭৬ ॥

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ

ঋষয় ঊচুঃ

শিবঃ কো বা হরিঃ কো বা রুদ্রঃ কো বা সমাহিতঃ
ব্রহ্মা কো বা ভবেদ্‌যো বৈ কর্ত্তা চ জগতঃ সুতঃ
এতেষু নির্গুণঃ কো বা সংশয়ং ছেত্তুমর্হসি।
নির্গুণশ্চ গুণী চৈব সর্ব্বঞ্চ কথ্যতাং ত্বয়া ॥ ২

সূত উবাচ।

যতঃ সর্ব্বং সমুৎপন্নং নির্গুণাৎ পরমাত্মনঃ।
তদেব শিবসংজ্ঞং হি বেদবেদান্তিনো বিদুঃ ॥ ৩
তস্মাৎ প্রকৃতিরুৎপন্না পুরুষেণ সমন্বিতা।
তাভ্যাং তপঃ কৃতং তত্র শূলস্থে ন স্থলে মুনে ॥
পঞ্চক্রোশীতি বিখ্যাতে হর্ষাচ্চ প্রস্থতেঽম্বুনা।
ব্যাপ্তঞ্চ সকলং ক্ষেত্রং তত্র সুপ্তো হরিঃ স্বয়ম্।
নারায়ণেতি বিখ্যাতং বদন্তি মুনয়স্তথা।
নারায়ণীতি বিখ্যাতা প্রকৃতির্যা পুরোগতা ॥ ৬
তন্নাভিকমলে যো বৈ জাতঃ স চ পিতামহঃ
তেনৈব তপসা দৃষ্টঃ স বৈ বিষ্ণুঃ সনাতনঃ ॥ ৭
বৈকুণ্ঠবাসী যঃ প্রোক্তো মহালয়ে বিলায়তে
উভয়োর্বাদনাশার্থং যদ্রূপং দর্শিতং বুধাঃ ॥ ৮
মহাদেবেতি বিখ্যাতং শিবাচ্চ নির্গুণাদিহ।
তেন চোক্তং হ্যহং রুদ্রো ভবিষ্যামি কপোলতঃ
রুদ্রো নাম স বিখ্যাতো লোকানুগ্রহকারকঃ।

নাই, মাৎসর্য্য নাই, ইহলোকে এবং পরলোকে কোন স্থানে ব্রহ্মের বিকার নাই। শিবের ভজনা করিলেই ইহলোকে সেই ব্রহ্মকে পাওয়া যায়। হে শ্রেষ্ঠতম ঋষিগণ! সেই হেতু মুক্তির নিমিত্ত শিবকেই সেবা করিবে। আপনারা যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি তাহাই কহিলাম; ইহা শ্রবণ করিলে সকল পাপ হইতে মুক্ত হওয়া যায়, ইহাতে সংশয় নাই। ১০—১৩।

ষট্‌সপ্ততিতম অধ্যায় সমাপ্ত ॥ ৭৬॥

সপ্তসপ্ততিতম অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—কে শিব, কে হরি, কে রুদ্র এবং যিনি জগৎকর্ত্তা ব্রহ্মা বলিয়া খ্যাত, তিনিই বা কে? ইঁহাদিগের মধ্যে নির্গুণ কে? তুমি আমাদিগের এই সংশয় ছেদন কর। যিনি নির্গুণ হইয়াও গুণবান্, তিনি কে? তুমি এই সমস্ত বল। সূত কহিলেন,—সমস্ত জগৎ, যে নির্গুণ পরমাত্মা হইতে উৎপন্ন হইয়াছে তাঁহারই নাম শিব। ইহা বেদ-বেদান্তবেত্তা অবগত আছেন, পুরুষের (বিষ্ণুর) সহি প্রকৃতি (মায়া) সেই শিব হইতেই উৎপ হইয়াছেন। হে মুনে! প্রকৃতি এবং পুরু উভয়ে মিলিত হইয়া, ত্রিশূলে স্থিত পঞ্চক্রো কাশী নামে বিখ্যাত স্থানে তপস্যা করিয় ছিলেন। ঐ স্থান বিষ্ণুরূপী পুরুষের হ জলে পরিপূর্ণ হইলে, ক্রমে সকল স্থানই জল পূর্ণ হইল। তৎকালে স্বয়ং হরি, তাহাতে শয়ন করিলেন বলিয়া মুনিগণ তাঁহাকে 'নারায় এই নামে বিখ্যাত করিলেন এবং যিনি পূর্ব্বোৎ পন্না মায়ারূপা প্রকৃতি, তাঁহাকে 'নারায়ণী' এ নামে প্রসিদ্ধ করিলেন। যিনি সেই জলশায় নারায়ণের নাভিকমল হইতে জন্মগ্রহণ করিয়া ছেন, তিনিই পিতামহ ব্রহ্মা। মহাপ্রলয় কা পর্য্যন্ত স্থায়ী বৈকুণ্ঠবাসী সেই সনাতন বিষ্ণুকে ব্রহ্মা তপোবলে দর্শন করেন। তারপর পণ্ডিতগণ! সেই ব্রহ্মা ও বিষ্ণু উভয়ে বিবাদ ভঞ্জনের নিমিত্ত, শিব, যে রূপ প্রদর্শ করেন, তাহা 'মহাদেব' নামে বিখ্যাত। তিনি বলিলেন, আমি রুদ্ররূপে কপোলদেশ হই আবির্ভূত হইব। পরে লোকানুগ্রহকারী শি

সর্ব্বং তাভ্যাং তথা ব্যাপ্তমিচ্ছয়োৎপত্তিলীনতা।
নোৎপাদকশ্চ কশ্চিদ্বৈ ন হর্ত্তা কশ্চ নাপ্রিয়ঃ ॥২৪
স্বয়ঞ্চ কারণঞ্চৈব যস্য নৈব কদাচন।
একো হ্যনেকতাং যাতো হ্যনেকোঽপ্যেকতাং ব্রজেৎ
একং বীজং বহু ভূত্বা পুনর্বীজঞ্চ জায়তে।
বস্তুতো চ স্বয়ং সর্ব্বং শিবরূপো মহেশ্বরঃ ॥ ২৬
জানাতি জ্ঞানবানেব নান্যঃ কশ্চিন্মুনীশ্বরাঃ।
ইত্যেবং বচনং শ্রুত্বা পুনরূচুর্মুনীশ্বরাঃ ॥ ২৭

ঋষয় ঊচুঃ।

জ্ঞানস্য লক্ষণং ব্রূহি যজ্জ্ঞাত্বা শিবতাং ব্রজেৎ
কথং শিবশ্চ সর্ব্বং বৈ সর্ব্বঞ্চ শিব এব চ ॥ ২৮
এতৎ সর্ব্বং ত্বং সূত কথনীয়ং হিতায় বৈ ॥ ২৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
ব্রহ্মনিরূপণং নাম সপ্তসপ্ততি-
তমোঽধ্যায়ঃ ॥ ৭৭ ॥

সকলেই কার্য্যস্বরূপ সমস্ত জগৎ, মহাকাল এবং মহাকালী কর্ত্তৃক ব্যাপ্ত রহিয়াছে, ইঁহা-দিগের ইচ্ছাতেই জগতের উৎপত্তি ও বিনাশ হইয়া থাকে; শিবের উৎপাদক, সংহারকর্ত্তা এবং অপ্রিয় কেহই নাই। তিনি আপনিই আপনার কারণ, তদ্ভিন্ন অন্য কোন কারণ নাই। এক হইয়াও সৃষ্টিকালে অনেকত্ব প্রাপ্ত হন, এবং অনেক হইয়াও প্রলয়-কালে একত্ব প্রাপ্ত হন; যেমন একটী বীজ পুষ্প এবং ফল দ্বারা বহু হইয়া পুনর্ব্বার বীজ জন্মাইয়া দেয়, বাস্তবিক পক্ষে সমস্তই স্বয়ং মহেশ্বর শিবস্বরূপ। হে ঋষীশ্বর-গণ! জ্ঞানবানেরাই সেই শিবকে জানেন, তদ্ভিন্ন কেহই জানে না। মুনীশ্বরেরা এইরূপ বাক্য শ্রবণ করিয়া পুনর্ব্বার কহিতে লাগি-লেন,—এক্ষণে জ্ঞানের লক্ষণ বল, যাহা অবগত হইয়া শিবতাদাত্ম্যরূপ মুক্তি প্রাপ্ত হওয়া যায় এবং কি প্রকারে শিবই সমস্ত,—সমস্তই শিব? হে সূত! তুমি আমাদিগের হিতের নিমিত্ত এই সমস্ত কথা প্রকাশ করিয়া বল। ২১—২৯।

সপ্তসপ্ততিতম অধ্যায় সমাপ্ত ॥ ৭৭ ॥

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি যথাশ্রুতম্।
ব্রহ্ম-নারদ-কুমারাণাং ব্যাসস্য কপিলস্য চ ॥ ১
এতেষাঞ্চ সমাজে বৈ নিশ্চিত্য সমুদাহৃতম্
জ্ঞাতা জ্ঞানং তথা জ্ঞেয়ং সর্ব্বং শিবমিদং হ
ব্রহ্মাদিতৃণপর্য্যন্তং যৎ কিঞ্চিদ্দৃশ্যতে জগৎ।
এতৎ সর্ব্বং স এবাস্তি নাত্র কার্য্যা বিচারণা।
যদেচ্ছা তস্য জায়েত তদা চ ক্রিয়তে ত্বিদম্
সর্ব্বং স এব জানাতি তং জানাতি ন কশ্চন
রচিত্বা চ স্বয়ঞ্চৈব প্রবিশ্য দূরতঃ স্থিতঃ
যথা চ জ্যোতিষাং চৈব জলাদৌ প্রতিবিম্বতা ॥
বস্তুতো ন প্রবেশো বৈ তথৈব চ স্বয়ং শিবঃ
বস্তুতশ্চ স্বয়ং সর্ব্বরূপেণৈব তু ভাসতে।

অষ্টসপ্ততিতম অধ্যায়।

সূত কহিলেন, হে শ্রেষ্ঠতম ঋষি-গণ! আপনারা শ্রবণ করুন। আমি যেরূপ শুনিয়াছি তাহাই কহিতেছি। ব্রহ্মা, নারদ, সনৎকুমার প্রভৃতি, ব্যাসদেব, কপিল ইঁহাদিগের সমাজে বিচারপূর্ব্বক এইটী কথিত হইয়াছে জ্ঞাতা, জ্ঞান এবং জ্ঞেয়, এই ত্রিবিধ ভাবাপন্ন সমস্ত জগৎই শিবস্বরূপ। ব্রহ্মাদি তৃণপর্য্যন্ত যে কিছু জগৎ দৃষ্টিগোচর হইতেছে, সমস্তই শিবস্বরূপ, ইহাতে কোন বিচার করিবে না। যখনই ইচ্ছা হয়, তখনই শিব এই জগৎ নির্ম্মাণ করেন, তিনি সকলকে জানেন, কেহ তাঁহাকে জানে না। শিব স্বয়ং সমস্ত জগৎ নির্ম্মাণ করিয়া তাহাতে প্রবেশ করিয়াও দূরে অবস্থান করেন; যেমন সূর্য্যের প্রতিবিম্ব, জলে পতিত হয়, কিন্তু সূর্য্য দূরে অবস্থান করেন; সেইরূপ বাস্তবিক শিবের প্রবেশ নাই, তিনি সর্ব্বস্বরূপ হইয়া আপনিই প্রবিষ্টের ন্যায় প্রকাশ পান। বাস্তবিক শিবই সমস্তরূপেই নানারূপে প্রকাশিত হন। “এই জগৎ, ঈশ্বর হইতে ভিন্ন” এই সকল বুদ্ধি, কেবল অজ্ঞানমূলক।

সর্ব্বত্র ব্যাপকঃ সে বৈ স্পর্শক্লেন নিবধ্যতে
তথৈব ব্যাপকো দেবো ন বধ্যাতি পুনঃ কচিৎ ॥১৯
অহঙ্কারতয়া জীবস্তন্মুক্তঃ শঙ্করঃ স্বয়ম্।
যথৈকঞ্চ সুবর্ণং হি তাম্রেণ মিলিতং যদা ॥ ২০
অল্পমূল্যং প্রজায়েত তথা জীবো হ্যহং পুনঃ।
তদেব চ সুবর্ণং হি ক্ষারাদিশোধিতং যদা ॥ ২১
পূর্ব্ববন্মূল্যতাং যাতি তথা জীবস্য সম্মতম্।
যথা চ সদ্গুরুং প্রাপ্য ভক্তিভাবসমন্বিতঃ ॥ ২২
শিববুদ্ধ্যা করোত্যুচ্চৈঃ পূজনং স্মরণং শুভম্।
ধ্যানং স্তবঞ্চ তদ্বুদ্ধ্যা পাপানি নশ্যন্তে গতম্ ॥ ২৩
তদাজ্ঞানঞ্চ নশ্যেত শরীরকাস্থিরং স্বং
মত্বা চ নিত্যরূপং হি শিবমেব সনাতনম্ ॥ ২৪
অজ্ঞানাদ্দূরতো ভূত্বা জ্ঞানবান্ জায়তে যদা
তদাহঙ্কারনির্ম্মুক্তো যাতি শঙ্করতাং স ॥

যথাদর্শে স্বরূপঞ্চ শীঘ্রঞ্চৈব প্রদৃশ্যতে।
তথা সর্ব্বত্রগং শম্ভুং পশ্যতীতি সুনিশ্চিত
জীবন্মুক্তঃ স এবাদৌ দেহে শীর্ণে শিবে
শুভং লব্ধা ন হৃষ্যেত লব্ধাশুভং ন কুপ্যা
সুখদুঃখে সমে কৃত্বা জ্ঞানবান্ জায়তে তা
অথবা আত্মযোগেন তত্ত্বানাঞ্চ বিবেকতঃ।
যথেষ্টচারী সো বৈ স্যাচ্ছরীরঞ্চ পতেদ্যদা
তদা শিবে বিলীয়েত মুক্তো বিরঃ এব চ
জ্ঞানমূলং তথাধ্যাত্মং তস্য ভক্তিঃ শিবস্য
ভক্তেশ্চ প্রেম সম্প্রোক্তং প্রেম্নস্ত শ্রবণং
শ্রবণস্য সতাং সঙ্গঃ সঙ্গস্য সদ্গুরুঃ স্মৃত
সম্পন্নে চ তথা জ্ঞানে মুক্তির্ভবতি নিশ্চি
ইতি বিজ্ঞানবান সো বৈ শম্ভুমেব সদা ভ
অনন্যয়া চ ভক্ত্যা বৈ শম্ভুঃ প্রাপ্যেত্যসং

রূপে ভিন্ন ভিন্ন অবলোকন করে, তেমনই জীব মায়ার অধীন হইয়া পরমাত্মাকে ভিন্ন বলিয়া জ্ঞান করে। চন্দ্র এবং সূর্য্য প্রকাশ দ্বারা সর্ব্বব্যাপক, কিন্তু তাহাদিগের জগতের সহিত স্পর্শসম্বন্ধ নাই, সেইরূপ পরমাত্মা সর্ব্ব ব্যাপক হইলেও সমস্ত জগৎ মিথ্যা, এজন্য তাঁহার কিছুতেই সম্বন্ধ নাই। যে জীবের "আমি কর্ত্তা" এইরূপ অভিমান না থাকে, সেই জীব শীঘ্র জ্ঞানদ্বারা অভিমান ত্যাগ করত সাক্ষাৎ শিবস্বরূপ হন। যেরূপ এক সুবর্ণ যেকালে তাম্রাদির সহিত মিশ্রিত হয়, সেই-কালে তাহার অল্প মূল্য হয়, সেইরূপ জীব অহঙ্কারযুক্ত হইলে বদ্ধ হয়। পুনর্ব্বার ঐ সুবর্ণ যে কালে ক্ষারাদি দ্বারা পরিশুদ্ধ হয়, সেইকালে পূর্ব্বের ন্যায় মূল্যবান হয়, জীবেরই সেইরূপ ভাব। যেমন সদ্গুরু পাইয়া ভক্তিভাবে শিববোধে তাঁহার উত্তম পূজা, মঙ্গলজনক নামকীর্ত্তন, ধ্যান এবং স্তব করুন, অমনি সমুদয় পাপ দূরে যায় এবং অজ্ঞান নষ্ট হয়। তখন সেই ব্যক্তি, সমস্ত জগৎকে অস্থির বিবেচনা করিয়া সনাতন শিবকেই নিত্যস্বরূপ বিবেচনা করে। জীব যখন অজ্ঞান হইতে মুক্ত হইয়া উত্তম জ্ঞানী

হয়, সে তৎকালে অহঙ্কারমুক্ত হইয়া শঙ্করূপ মুক্তিলাভ করে। যেরূপ আপনারই স্বরূপ অবলোকন করা সেইরূপ শম্ভুকেও সর্ব্বব্যাপিরূপে অব করিতে পারে যখন এবং সেই ব্যক্তি মুক্ত হয়, পরে দেহ নষ্ট হইলে রূপ নির্গুণ ব্রহ্মে তাহার লয় হয়। ব্যক্তি শুভলাভ করিয়া হর্ষযুক্ত হন না অশুভ লাভ করিয়াও কোপ প্রকাশ ন ১৮—২০ সুখ ও দুঃখে যাহার স সেই জ্ঞানী অথবা জ্ঞানবান ব্যক্তি যোগ দ্বারা তত্ত্ব বিবেচনা করত ইচ্ছা বিচরণ করিবে যে কালে শরীরের হইবে, সেইকালে শিবে লীন হইবে মুক্ত হইবে, সেইকালে তাহার সমস্ত নষ্ট হইবে, আর পুনর্ব্বার জন্ম না। আত্মযোগই শিবতত্ত্ব-জ্ঞানের শিবভক্তিই আত্মযোগের মূল। ভক্তির ভগবানে প্রেম, প্রেমের মূল—শ্রব শ্রবণ, শ্রবণের মূল—সৎসঙ্গ, সৎসঙ্গের সদ্গুরু। মনুষ্যের জ্ঞান উৎপন্ন নিশ্চয়ই মুক্তি হইবে। এইজন্য বিজ্ঞ ব্যক্তি কেবল শিবে ভক্তি করিয়া

একবারং যদা শ্রুত্বা পাপানি তস্যতাং নষেং।
পুনঃ শ্রুতে চ ভক্তিশ্চ জাযতে পুরুষস্য চ॥ ৪৭
পুনঃ শ্রুতে বিবৃদ্ধিশ্চ ভক্তেশ্চৈব ন সংশয়ঃ।
পুনঃ শ্রুতে শিবং সাক্ষাং পশ্যন্তি চ মুনীশ্বরাঃ॥
পুনঃ শ্রুতে ভবত্যে বৈ পশ্যন্তীতি সুনিশ্চিতম্।
তস্মাৎ পুনঃপুনঃ শ্রাব্যং ভুক্তি-মুক্তিফলেপ্সুভিঃ
পঞ্চাবৃত্তিঃ প্রকর্তব্যা ব্যাসস্য বচনং যথা
সমুদ্দিশ্য ফলং শ্রেষ্ঠং তত্বং প্রপ্রোক্তাসংশয়ম্॥
ন দুর্লভস্তু তস্যৈব যেনেদং শ্রুতমুত্তমম্।
ইত্যুক্তাস্তে ঋষিশ্রেষ্ঠাঃ শুশ্রুবুঃ পরমা মুদা॥৫১
পঞ্চকৃত্বস্তু তচ্ছ্রুত্বা লব্ধা চ শিবদর্শনম্
পুরাতনাশ্চ রাজানঃ শ্রুত্বা সিদ্ধিং পরাং গতাঃ॥
ইদানীংশ্রোবাতে যো বৈ স বৈ সিদ্ধিংপরাং ব্রজেৎ
ইতি তস্য বচঃ শ্রুত্বা হ্যানন্দং পরমং গতাঃ॥ ৫৩

তত্রৈব পূজয়ামাসুর্নানাবস্ত্রৈঃ সুশোভনৈঃ।
চন্দনৈশ্চ বিচিত্রৈশ্চ নানালঙ্করণৈস্তথা॥ ৫৪
নমস্কারৈঃ স্তবৈশ্চৈব স্বস্তিবাচনপূর্ব্বকম্।
আশীভির্বিবিধৈশ্চৈব বর্দ্ধয়ামাসুরঞ্জসা॥ ৫৫
সন্তুষ্টাশ্চৈব তে সর্ব্বে সন্তুষ্টঃ সূত এব চ।
পরস্পরঞ্চ সংহৃষ্টাঃ শিবভক্তিপরায়ণাঃ॥ ৫৬
এতদেব পরং মত্বা নমন্তি চ স্তুবন্তি চ।
এবঞ্চ শৃণুয়াদত্র সর্ব্বান্ কামানবাপুয়াং॥ ৫৭
অন্তে ভক্তিং পরাং প্রাপ্য মুক্তিং বৈ প্রাপ্নুয়া
লিখিত্বা যস্তু দদ্যাদ্বৈ পুরাণং শিবসংজ্ঞিতম্॥
হেমসূত্রসমাযুক্তং চতুর্ব্বেদৈশ্চ সম্মতম্।
তস্য বাসো ভবেন্নিত্যং শিবলোকে ন সংশয়ঃ।
স তু শিবসমাকারং লভতে নাত্র সংশয়ঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন দীয়তাং শিবকং দ্বিজাঃ॥
তত্রাপি দক্ষিণা দেয়া সুবর্ণানাং চতুষ্টয়ম্

ভক্তি বৃদ্ধি হয়। ইহা একবার শ্রবণ করিলে সমস্ত পাপ দগ্ধ হইয়া যায়, পুনর্ব্বার শ্রবণ করিলে, পুরুষের ভক্তি জন্মে, পুনর্ব্বার শ্রবণ করিলে, ভক্তির বৃদ্ধি হয়, ইহাতে সংশয় নাই। হে মুনীশ্বরগণ! পুনর্ব্বার শ্রবণ করিলে, সাক্ষাৎ শিবকে দর্শন করা যায়। পুনঃপুনঃ শ্রবন করিলে ভক্তেরা শিবকে স্বচক্ষে দেখিতে পায়, অতএব আপনারাও ভক্ত, পুনর্ব্বার শ্রবণ করিলে, শিবকে দেখিতে পাইবেন, ইহা নিশ্চয়। এজন্য ভোগ এবং মুক্তি-ফলাকাঙ্ক্ষী ব্যক্তিরা, এই শিবতত্ত্ব পুনঃপুনঃ শ্রবণ করিবে। ৪২—৪৯। ব্যাসের এই বাক্য আছে যে, শ্রেষ্ঠফল উদ্দেশ করিয়া এই বাক্য পাঁচবার আবৃত্তি করিলে নিশ্চয়ই সেই সেই ফল প্রাপ্ত হইবে। যে ব্যক্তি এই উত্তম ব্যাস-বাক্য শ্রবণ করে, তাহার কিছুই দুর্লভ থাকে না। ঋষিশ্রেষ্ঠগণ, সূত কর্ত্তৃক এইরূপ কথিত হইয়া অতি আহ্লাদের সহিত শ্রবণ করিতে লাগিলেন; প্রাচীন রাজারা, সেই শিবতত্ত্বপ্রতিপাদক পুরাণ পাঁচবার শ্রবণ করত শিবের দর্শনলাভ করিয়া উত্তম সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন। যে ব্যক্তি এক্ষণে ইহা শ্রবণ করে, সে ব্যক্তি উত্তম সিদ্ধি লাভ করে। শৌনকাদি ঋষিগণ সূতে এই বাক্য শ্রবণ করত পরম আনন্দ লা করিয়া স্বস্তিবাচনপূর্ব্বক সুশোভন নানাপ্রকা বস্ত্র, বিচিত্র চন্দন, নানাপ্রকার অলঙ্কা নমস্কার এবং স্তব দ্বারা সূতকে পূজা করিলে পরে বিবিধ আশীর্ব্বাদ দ্বারা সূতকে যথার্থরূ সংবর্দ্ধনা করত পরম সন্তুষ্ট হইলেন। সূত সন্তুষ্ট হইলেন ঋষিগণ পরস্পর হৃষ্ট করত শিবভক্তি-পরায়ণ হইয়া "এইটী উত্তম এইরূপ বিবেচনা করত নমস্কার এবং স্তব করিতে লাগিলেন। যে নর ইহলোকে এ শিবপুরাণ শ্রবণ করে, সে, সমস্ত অভিলা ফল লাভ করে এবং অন্তকালে উত্তম ভ প্রাপ্ত হইয়া মুক্তি প্রাপ্ত হয়। যে ব্যা চতুর্ব্বেদসম্মত এই শিবপুরাণ লিখিয়া স্ব ময় সূত্রের সহিত দান করে, তাহার নি শিবলোকে বাস হয়, ইহাতে সংশয় নাই এ সে ব্যক্তি শিবের তুল্য শরীর ধারণ কর ইহাতেও সংশয় নাই। হে দ্বিজগণ! এ আপনারা সম্যক প্রযত্ন-সহকারে এই শিবপু নামক পুস্তক দান করুন। এই দানে

যঃ দদাতি যো ভক্ত্যা শিবলোকে মহীয়তে ॥৭১
ন চাবেৎ ক্বাপি শিবসাযুজ্যমাপ্নুয়াৎ।
তোষয়েদ্দানৈর্বস্ত্রালঙ্কারভূষণৈঃ ॥ ৭২

মিষ্টান্নভোজনৈর্ভক্ত্যা সর্ব্বকামার্থসিদ্ধয়ে।
শিবে ভক্তিঃ শিবে ভক্তিঃ শিবে ভক্তির্ভবে ভবে

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
জ্ঞানপ্রকরণনিরূপণং নামাষ্টসপ্ততি-
তমোঽধ্যায়ঃ ॥ ৭৮ ॥

সুবর্ণ দক্ষিণা দিতে হইবে। যে ব্যক্তি, ভক্তিপূর্ব্বক ইহা দান করে, সে শিবলোকে পূজিত হয় এবং শিবলোকেই অবস্থান করে, তথা হইতে কোন কালেই চ্যুত হয় না; তাহার শিবসাযুজ্য রূপ মুক্তি লাভ হয়। যাহার নিকটে শিবপুরাণ শ্রবণ করিবে, সমস্ত কামনা ও অর্থসিদ্ধির নিমিত্ত তাঁহাকে ভক্তিপূর্ব্বক বস্ত্র, অলঙ্কার, ভূষণ এবং মিষ্টান্ন ভোজন দ্বারা সন্তুষ্ট করিবে। তাহা হইলে জন্মে জন্মে শিব-ভক্তি, শিব-ভক্তি, শিব-ভক্তি লাভ হইবে ২০—৭৩।

অষ্টসপ্ততিতম অধ্যায় সমাপ্ত। ৭৮।

সমাপ্তমিয়ং জ্ঞানসংহিতা

বিদ্যেশ্বরসংহিতা।

প্রথমোঽধ্যায়ঃ।

আদ্যন্তমঙ্গলমজাতসমানভাব-
মার্য্যান্তমীশমজরামরমাত্মদেবম্
পঞ্চাননং প্রবলপঞ্চবিনোদশীলং
সম্ভাবয়ে মনসি শঙ্করমম্বিকেশম্॥ ১

ধর্ম্মক্ষেত্রে মহাক্ষেত্রে গঙ্গা-কালিন্দীসঙ্গমে।
প্রয়াগে পরমে পুণ্যে ব্রহ্মলোকস্য বর্ত্মনি॥ ২
মুনয়ঃ সংশিতাত্মানঃ সত্যব্রতপরায়ণাঃ
মহৌজসো মহাভাগা মহাসত্রং বিতেনিরে॥ ৩
তত্র সত্রং সমাকর্ণ্য ব্যাসশিষ্যো মহামুনিঃ
আজগাম মুনীন্ দ্রষ্টুং সূতঃ পৌরাণিকোত্তমঃ॥ ৪
তং দৃষ্ট্বা সূতমায়ান্তং পূজাং চক্রুর্যথাবিধি
বেদান্তসারসর্ব্বস্বং পুরাণং শ্রাবয়স্ব নঃ॥ ৫

সূত উবাচ।
শৃণুধ্বম্ ঋষয়ঃ সর্ব্বে পুরাণং বেদসারজম্।
পুরা কালেন মহতা কল্পেঽতীতে পুনঃপুনঃ॥ ৬
অস্মিন্নুপস্থিতে কল্পে প্রবৃত্তে সৃষ্টিকর্ম্মণি।
মুনীনাং ষট্‌কুলীয়ানাং ব্রুবতামিতরেতরম্॥ ৭
ইদং পরমিদং নেতি বিবাদঃ সুমহানভূৎ।
তেঽভিজগ্মুর্বিধাতারং ব্রহ্মাণং প্রষ্টুমব্যয়ম্॥ ৮
বাগ্‌ভির্বিনয়গর্ভাভিঃ সর্ব্বে প্রাঞ্জলয়োঽব্রুবন্
মুনয় ঊচুঃ।
ত্বং হি সর্ব্বজগদ্ধাতা সর্ব্বকারণকারণম্
কঃ পুমান্ সর্ব্বতত্ত্বেভ্যঃ পুরাণঃ পরতঃ পরঃ॥
ব্রহ্মোবাচ
যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ॥ ১
যস্মাৎ সর্ব্বমিদং ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রেন্দ্রপূর্ব্বকম্

প্রথম অধ্যায়

যিনি সৃষ্টির আদি ও অন্তে প্রাণিগণের মঙ্গলজনক, ব্রহ্মা ও মধ্যে যাঁহার তুলনা নাই, বিশ্ব যাঁহাতে নিরন্তর অবস্থিত এবং উৎকট পঞ্চ মহাপাতক হইতে লোকগণকে নিষ্কৃতি দান করা যাঁহার স্বভাবসিদ্ধ গুণ, সেই স্বয়ং-প্রকাশমান অম্বিকানাথ পঞ্চানন মহেশ্বরকে আমি মনোমধ্যে ধ্যান করি। যে স্থানে গঙ্গা ও যমুনা একত্র প্রবাহিত হইতেছেন ও যে স্থান ব্রহ্মলোক-গমনের পথস্বরূপ, সেই পরম পুণ্য বর্দ্ধনকর মহাক্ষেত্র প্রয়াগ-তীর্থে একদা প্রশংসিতাত্মা সত্যব্রত-পরায়ণ মহাতেজা মহাভাগ শৌনকাদি মুনিগণ, মহাযজ্ঞ আরম্ভ করিলে, পৌরাণিকপ্রধান ব্যাসশিষ্য মহামুনি সূত, সেই যজ্ঞবার্ত্তাশ্রবণে মুনিগণের দর্শন নিমিত্ত তথায় সমাগত হন। ১—৪। অনন্তর মুনিগণ সমাগত সেই সূতকে অবলোকনান্তে যথাবিধি পূজা করিয়া বলিলেন,—হে সূত! আমাদিগের নিকট বেদান্তসার-সর্ব্বস্ব কোন পুরাণবার্ত্তা কীর্ত্তন কর। তখন সূত ব লেন, ঋষিগণ। আপনাদিগের জিজ্ঞাস্য পুরাণবিষয়ক বর্ণন করিতেছি, সকলে শ করুন। পূর্ব্বে বহুকালে পুনঃপুনঃ বহুতর অতীত হইয়াছে কিন্তু উপস্থিত এই ক সৃষ্টি সময়ে ত্রিলোকীর ষট্‌কুলসম্ভূত মুনিগণ ম কেহ বলিলেন, "ইহাই ব্রহ্মতত্ত্ব" কেহ ব লেন, "ইহা নহে", পরস্পর এইরূপ ঘোর বিবাদ উপস্থিত হওয়ায় তদ্বিষয় যথার্থর পরিজ্ঞানার্থ তাঁহারা সকলে সনাতন জগদ্বি ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া কৃতাঞ্জলি সবিনয় বাক্যে বলিতে লাগিলেন, ব্রহ্ম আপনি সমুদয় জগতের বিধানকর্ত্তা এবং স কারণেরও কারণ; অতএব আপনাকে জিজ্ঞ করি, কোন্ পুরুষ, মহদাদি সমুদয় তত্ত্ব হ পুরাণ ও পরাৎপর? তখন ব্রহ্মা বলি মুনিগণ! যিনি বাক্য ও মনের অগোচর

তস্মাচ্ছ্রবণমেবাদৌ শ্রুত্বা গুরুমুখাদ্বুধঃ।
ততঃ সংসাধয়েদন্যং কীর্ত্তনং মননং সুধীঃ॥ ২৫
ক্রমান্মননপর্য্যন্তে সাধনেঽস্মিন্ সুসাধিতে।
শিবযোগো ভবেত্তেন সালোক্যাদি ক্রমাচ্ছনৈঃ॥
সর্ব্বাঙ্গব্যাধয়ঃ পশ্চাৎ সর্ব্বানন্দশ্চ লীয়তে *।
অভ্যাসাৎ ক্লেশমেতদ্বৈ পশ্চাদাদ্যন্তমঙ্গলম্॥২৭॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং
সাধ্যসাধনখণ্ডে প্রথমোঽধ্যায়ঃ॥ ১॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

মুনয় উচুঃ।
মননং কীদৃশং ব্রহ্মন্ শ্রবণঞ্চাপি কীদৃশম্
কীর্ত্তনং বা কথং তস্য কীর্ত্তয়ৈতদ্যথাযথম্॥ ১

অপ্রত্যক্ষ বিষয় শ্রুতিগোচর করিয়াই উহাতে সচেষ্ট হইয়া থাকে। এই নিমিত্ত বুদ্ধিমান ব্যক্তি সর্ব্বাগ্রে গুরুমুখ হইতে শ্রবণরূপ সাধনের অনুষ্ঠান করিয়া পরে কীর্ত্তন ও মনন করিয়া থাকেন। এইরূপে ক্রমে মননরূপ সাধন পর্য্যন্ত সুসাধিত হইলে শিবযোগ নিষ্পন্ন হয়, অনন্তর ক্রমে সেই শিবযোগবলে সালোক্যাদি মুক্তিলাভ করিতে পারে। ঐ সকল পুরুষ, প্রথমে ব্যাধিমুক্ত হইয়া পরিণামে পরমানন্দময় পরমাত্মাতে বিলীন হইয়া থাকে। পূর্ব্বোক্ত সাধনত্রয় অভ্যাসকালেই ক্লেশপ্রদ, কিন্তু পরে নিরন্তর মঙ্গলদায়ক ॥২৫—২৭॥

প্রথম অধ্যায় সমাপ্ত॥ ১॥

দ্বিতীয় অধ্যায়।

মুনিগণ বলিলেন, ব্রহ্মন্! আপনি যে যে শিববিষয়ক মনন, শ্রবণ ও কীর্ত্তনের কথা বলিলেন, উহা কি প্রকার? তাহা যথার্থরূপে

ব্রহ্মোবাচ।
পূজাজপেশগুণরূপবিলাসনাম্নাং
যুক্তিপ্রিয়েণ মনসা পরিশোধনং যৎ
তৎ সন্ততং মননমীশ্বরদৃষ্টিলভ্যং
সর্ব্বেষু সাধনবরেষ্বপি মুখ্যমুখ্যম্॥ ২
গীতাত্মনা শ্রুতিপদেন চ ভাষয়া বা
শম্ভুপ্রতাপ-গুণ-রূপ-বিলাস-নাম্নাম্।
বাচা স্ফুটন্তু রসবৎ স্তবনং যদস্য
তৎ কীর্ত্তনং ভবতি সাধনমত্র মধ্যম্॥
যেনাপি কেন করণেন চ শব্দপুঞ্জং
যত্র ক্বচিচ্ছিবপরং শ্রবণেন্দ্রিয়েণ।
স্ত্রীকেলিবদ্দৃঢ়তরং প্রণিধীয়তে যৎ
তদ্বৈ বুধাঃ শ্রবণমত্র জগৎপ্রসিদ্ধম্॥
সৎসঙ্গমেন ভবতি শ্রবণং পুরস্তাৎ
সঙ্কীর্ত্তনং পশুপতেরথ তদ্দৃঢ়ং স্যাৎ।
সর্ব্বোত্তমং ভবতি তন্মননং তদন্তে
সর্ব্বং হি সম্ভবতি শঙ্করদৃষ্টিপাতে॥ ৪

সূত উবাচ।
ইতি ন সাধনমাহাত্ম্যং শ্রুত্বা পপ্রচ্ছুস্তং মুনীশ্বরাঃ

বর্ণন করুন। ব্রহ্মা বলিলেন, যুক্তিপূর্ব্বক জগদীশ্বর শঙ্করের পূজা, জপ, গুণ, রূপ, বিলাস ও নামের যে নিরন্তর পরিশো[ধন], তাহাই সর্ব্বসাধন মধ্যে শ্রেষ্ঠতম মনন [বলিয়া] প্রসিদ্ধ; উহা পরমেশ্বরের করুণাকটাক্ষ [ব্যতীত] কিছুতেই লাভ করা যায় না। শম্ভুর প্রতাপ, গুণ, রূপ, বিলাস ও নাম প্রকাশক সঙ্গীত, বেদবাক্য বা ভাষা দ্বারা সানুরাগে তাঁহার স্তব, তাহাই মধ্যম সাধন—কীর্ত্তন বলিয়া নির্দ্দিষ্ট। হে জ্ঞানিগণ! স্ত্রীকেলিতে যেমন মনের আসক্তি হয়, যে কোন কারণে যে কোন স্থানে উদ্ভূত শিববিষয়ক বচনাবলীতে শ্রবণেন্দ্রিয় দ্বারা তদ্রূপ যে দৃঢ়তর আসক্তি, তাহাই শ্রবণ বলিয়া জগতে প্রসিদ্ধ আছে। সর্ব্বাগ্রে সৎসঙ্গ বশতঃ শ্রবণ, পরে কীর্ত্তন ও অন্তে সর্ব্বসাধনশ্রেষ্ঠ শঙ্করবিষয়ক মনন সমুৎপন্ন হইয়া থাকে; কিন্তু ঐ সমুদয় ঘটনাই তাঁহার কৃপাদৃষ্টির অধীন। সূত বলিলেন, হে মুনিপুঙ্গব

* সর্ব্বদুঃখক্ষয়ঃ পশ্চাৎ সর্ব্বানন্দশ্চ লভ্যতে ইতি কচিৎ পাঠান্তরম্।

এবমুক্ত্বা ততো ব্যাসং সানুগো বিধিনন্দনঃ ।
জগাম স্ববিমানেন পদং পরমশোভনম্ ॥ ২১
এবমুক্তং সমাসেন পূর্ব্ববৃত্তান্তমুত্তমম্ ॥ ২২

ঋষয় ঊচুঃ ।

শ্রবণাদিত্রয়ং সূত মুক্ত্যুপায়স্ত্বয়েরিতঃ
শ্রবণাদিত্রিকেঽশক্তঃ কিং কৃত্বা মুচ্যতে জনঃ ॥২৩
অযত্নেনৈব মুক্তিঃ স্যাৎ কর্ম্মণা কেন হেতুনা ॥২৪

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং সাধ্যসাধনখণ্ডে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

তৃতীয়োঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

শ্রবণাদিত্রিকেঽশক্তো লিঙ্গং বেরঞ্চ শঙ্করম্ ।
সংস্থাপ্য নিত্যমভ্যর্চ্য তরেৎ সংসারসাগরম্ ॥ ১
অপি দ্রব্যং বহেদেব যথাবলমবঞ্চনম্ ।
অর্পয়েল্লিঙ্গবেরার্থমর্চয়েদপি সন্ততম্ ॥ ২
মণ্ডপং গোপুরং তীর্থং মঠং ক্ষেত্রং তথোৎসবম্
বস্ত্রং গন্ধঞ্চ মাল্যঞ্চ ধূপং দীপঞ্চ ভক্তিতঃ ॥ ৩
বিবিধান্নঞ্চ নৈবেদ্যমপূপব্যঞ্জনৈর্যুতম্ ।
ছত্রং ধ্বজঞ্চ ব্যজনং চামরঞ্চাপি সাঙ্গকম্ ।
রাজোপচারবৎ সর্ব্বং ধারয়েল্লিঙ্গ-বেরয়োঃ ॥ ৪
প্রদক্ষিণং নমস্কারং যথাশক্তি জপং তথা ।
আবাহনাদি-সর্গান্তং নিত্যং কুর্য্যাৎ সুভক্তিতঃ ॥ ৫
ইত্থমভ্যর্চয়ন্ দেবং লিঙ্গে বেরে চ শঙ্করে ।
সিদ্ধিমেতি শিবপ্রীত্যা হিত্বাপি শ্রবণাদিকম্ ॥ ৬
লিঙ্গবেরার্চ্চনমাত্রান্মুক্তাঃ পূর্ব্বে মহাজনাঃ ॥ ৭

মুনয় ঊচুঃ ।

বেরমাত্রে তু সর্ব্বত্র পূজ্যন্তে দেবতাগণাঃ
লিঙ্গে বেরে চ সর্ব্বত্র কথং সম্পূজ্যতে শিবঃ ॥

সূত উবাচ ।

অহো মুনীশ্বরাঃ পুণ্যং প্রশ্নমেতন্মহাদ্ভুতম্ ।
অত্র বক্তা মহাদেবো নান্যোঽস্তি পুরুষঃ ক্বচিৎ ॥

পুত্র সনৎকুমার ব্যাসদেবকে এইরূপ কহিয়া অনুচরগণের সহিত স্বীয় বিমানারোহণে পরম মনোহর স্থানে গমন করিলেন। এই আমি সংক্ষেপে আপনাদিগের নিকট পূর্ব্ববৃত্তান্ত ব্যক্ত করিলাম। সূতের এই প্রকার বাক্য শ্রবণে ঋষিগণ কহিলেন, হে সূত! তুমি যে শ্রবণাদিত্রয় মুক্তির উপায় বলিয়া নির্দ্দেশ করিলে, তাহাতে অশক্ত ব্যক্তি কি প্রকার কার্য্য করিলে অনায়াসে মুক্ত হইতে পারে, তাহা প্রকাশ কর। ১২—২৪

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

তৃতীয় অধ্যায় ।

সূত বলিলেন, শ্রবণাদিত্রয়ে অশক্ত ব্যক্তি শিবলিঙ্গ বা শিব-প্রতিমা স্থাপনপূর্ব্বক প্রতিদিন তাহার অর্চ্চনা করিলে, সংসার-সাগর হইতে উত্তীর্ণ হইতে পারে। সাধক কাহাকে বঞ্চনা না করিয়া, যথাশক্তি উপকরণ দ্রব্য সকল-আহরণপূর্ব্বক সেই লিঙ্গ বা প্রতিমার উদ্দেশে অর্পণ করিবে এবং সতত তাহার অর্চ্চনায় নিরত থাকিবে। ঐ শিবলিঙ্গ বা শিবপ্রতিমার উদ্দেশে পরম ভক্তিসহকারে রাজোপভোগযোগ্য মণ্ডপ, গোপুর, তীর্থ, মঠ, ক্ষেত্র, উৎসব, বস্ত্র, গন্ধ, মালা, ধূপ, দীপ, নানাপ্রকার ব্যঞ্জনের সহিত বিবিধ অন্ন নৈবেদ্য, অপূপ, ছত্র, ধ্বজ, ব্যজন ও চামর অর্পণ করা সাধকের কর্ত্তব্য কর্ম্ম এবং সাধক নিত্য ভক্তিপূর্ণ চিত্তে আবাহনপূর্ব্বক পূজা করত যথাশক্তি প্রদক্ষিণ, নমস্কার ও জপসমাপনান্তে বিসর্জ্জন করিবে। শ্রবণাদি ব্যতীত নিয়ত এইরূপে শিবপ্রতিমা বা শিবলিঙ্গের পূজা করিলেও শিবপ্রসাদে সাধক সিদ্ধিলাভে সমর্থ হয়; অনেকানেক পূর্ব্বতন মহাজনগণ, কেবল এইরূপে লিঙ্গপ্রতিমা অর্চ্চনাফলেই মুক্তিলাভ করিয়াছেন। সূত এইরূপ কহিলে, মুনিগণ বলিলেন, হে সূত! সমুদয় দেবগণেরই ত প্রতিমূর্ত্তিমাত্রেই পূজা হইয়া থাকে, তবে কি কারণে, লিঙ্গ ও প্রতিমাতে ভগবান শঙ্করের পূজা বিহিত হইয়াছে? সূত কহিলেন, মুনীশ্বরগণ! আপনাদিগের এই পবিত্রপ্রশ্ন পরম আশ্চর্য্যজনক; মহাদেব ব্যতীত

আবির্ভাবে চ দেবানাং সকলং রূপমেব হি
শিবস্য লিঙ্গং বেরঞ্চ দর্শনে দৃশ্যতে খলু। ২৪

সনৎকুমার উবাচ।

উক্তং ত্বয়া মহাভাগ লিঙ্গ-বেরপ্রচারণম্
শিবস্য চ তদন্যেষাং বিভজ্য পরমার্থতঃ। ২৫
তস্মাৎ তদেব পরমং লিঙ্গ-বেরাদিসম্ভবম্।
শ্রোতুমিচ্ছামি যোগীন্দ্র লিঙ্গাবির্ভাবলক্ষণম্। ২৬

নন্দিকেশ্বর উবাচ

শৃণু বৎস ভবৎপ্রীত্যা বক্ষ্যামি পরমার্থতঃ। ২৭
পুরাকল্পে মহাকালে প্রপন্নে লোকবিশ্রুতে
অযুধ্যেতাং মহাত্মানৌ ব্রহ্ম-বিষ্ণূ পরস্পরম্। ২৮
তয়োর্মানং নিরাকর্ত্তুং তন্মধ্যে পরমেশ্বরঃ।
নিষ্কলস্তম্ভরূপেণ স্বরূপং সমদর্শয়ৎ। ২৯
ততঃ স্বলিঙ্গচিহ্নত্বাৎ স্তম্ভতো নিষ্কলং শিবঃ
স্বলিঙ্গং দর্শয়ামাস জগতাং হিতকাম্যয়া। ৩০

পূজা নির্ণীত হইয়াছে আরও দেখ, সমুদয় শৈবশাস্ত্রে দেখা যায় যে, আবির্ভাবকালে সমস্ত দেবগণের কেবল সগুণরূপ, কিন্তু মহেশ্বরের সগুণরূপ ও নির্গুণ লিঙ্গ উভয়েরই আবির্ভাব হইয়াছে, সুতরাং লিঙ্গ-পূজা যুক্তিসঙ্গত। ১৩—২৪ সনৎকুমার বলিলেন, হে মহাভাগ! যে কারণে মহেশ্বরের লিঙ্গ ও প্রতিমা এবং অন্যান্য দেবগণের মূর্ত্তি মাত্রের পূজা হইয়া থাকে, তাহা আপনি প্রকাশ করিলেন, হে যোগীন্দ্র! শঙ্করের লিঙ্গশরীর আবির্ভাবের কারণ এবং কি প্রকারেই বা তাহা আবির্ভূত হইয়াছে, সেই পরম গূঢ় বিষয় শ্রবণ করিতে আমার একান্ত ইচ্ছা হইতেছে। তখন নন্দিকেশ্বর বলিলেন, বৎস! তোমার প্রীতির নিমিত্ত আমি তদ্বিষয় যথার্থরূপে বর্ণন করিতেছি, শ্রবণ কর। লোকবিখ্যাত পূর্ব্বকল্পের বহুকাল অতীত হইলে, একদা ব্রহ্মা ও বিষ্ণু পরস্পর সমরাসক্ত হওয়ায় তাঁহাদিগের অভিমান দূরী-করণার্থ ত্রিগুণাতীত ভগবান্ মহেশ্বর, উভয় যোদ্ধার মধ্যস্থলে স্তম্ভরূপে আবির্ভূত হইলেন। পরে সেই স্তম্ভে স্বীয় লিঙ্গচিহ্ন নিষ্কল জগ-জ্জনের হিতকামনায় তাহা হইতে নির্গুণ লিঙ্গ

তদাপ্রভৃতি লোকেষু নিষ্কলং লিঙ্গমৈশ্বরম্।
সকলঞ্চ তথা বেরং শিবস্যৈব প্রকল্পিতম্॥
শিবান্যেষান্তু দেবানাং বেরমাত্রং প্রকল্পিতম্
তত্তদ্বেরন্তু দেবানাং তত্তদ্ভোগপ্রদং শুভম্॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতে
শিবস্য নিষ্কলরূপপ্রদর্শনং নাম
তৃতীয়োঽধ্যায়ঃ। ৩।

চতুর্থোঽধ্যায়ঃ।

নন্দিকেশ্বর উবাচ

পুরা কদাচিদ্যোগীন্দ্র বিষ্ণুর্বিষধরাসনঃ।
সুষ্বাপ পরয়া ভক্ত্যা স্বানুগৈরপি সংবৃতঃ। ১
যদৃচ্ছয়া গতস্তত্র ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ।
অপৃচ্ছৎ পুণ্ডরীকাক্ষং শয়ানং সর্ব্বসুন্দরম্॥
কস্ত্বং পুরুষবচ্ছেষে দৃষ্ট্বা মামপি দৃপ্তবৎ

লিঙ্গ প্রকাশ করিলেন সেই অবধি ত্রিলো মধ্যে পরমেশ্বর শঙ্করের নির্গুণ লিঙ্গ ও স কলেবর পূজা বিষয়ে কল্পিত হইতেছে, অ দেবগণের মূর্ত্তিমাত্রেরই কল্পনা হইয়া থা ফলতঃ অন্যান্য সমুদয় দেবতার কেবল মূ নিয়মিত ভোগ ও শুভদায়ক, কিন্তু শঙ্ক লিঙ্গ ও মূর্ত্তি উভয়ই সমুদয় ভোগ, মোক্ষ শুভপ্রদ। ২৫—৩২।

তৃতীয় অধ্যায় সমাপ্ত। ৩।

চতুর্থ অধ্যায়।

নন্দিকেশ্বর বলিলেন, হে যোগীন্দ্র! পূ কালে কোন সময়ে ভগবান্ বিষ্ণু, পন্ন অনুচরবর্গে পরিবৃত ও পরম ঐশ্বর্য্যান্বিত হ অনন্তশয্যায় শয়ান আছেন, এমত সময়ে ব্র বিদগণের অগ্রগণ্য ব্রহ্মা, যদৃচ্ছাক্রমে ে সমাগত হইয়া সেই পরম সুন্দর অনন্ত পুণ্ডরীকাক্ষকে বলিলেন, কে হে তুমি আম দেখিয়াও উদ্ধত পুরুষের ন্যায় শয়ান রহি

সপ্তমোঽধ্যায়ঃ।

নন্দিকেশ্বর উবাচ।

তত্রান্তরে তৌ চ নাথং প্রণম্য বিধি মাধবৌ।
বদ্ধাঞ্জলিপুটৌ তূষ্ণীং তস্থতুর্দক্ষবামগৌ॥ ১
তত্র সংস্থাপ্য তৌ দেবং সকুটুম্বং বরাসনে।
পূজয়ামাসতুঃ পূজ্যং পুণ্যৈঃ পুরুষবস্তুভিঃ॥ ২
পৌরুষং প্রাকৃতং বস্তু জ্ঞেয়ং দীর্ঘাল্পকালিকম্।
হার-নূপুর-কেয়ূর-কিরীট-মণিকুণ্ডলৈঃ॥ ৩
যজ্ঞসূত্রোত্তরীয়-স্রক্-ক্ষৌম মালাঙ্গুরীয়কৈঃ।
পুষ্প-তাম্বূল-কর্পূর-চন্দনাগুরুলেপনৈঃ॥ ৪
ধূপ-দীপ-সিতচ্ছত্র-ব্যজন-ধ্বজ-চামরৈঃ।
অন্যৈর্দিব্যোপহারৈশ্চ বাঙ্মনোঽতীতবৈভবৈঃ॥ ৫
পতিযোগ্যৈঃ পশ্বলভ্যৈস্তৌ সমার্চয়তাং পতিম্।
যদ্‌যচ্ছ্রেষ্ঠতমং বস্তু পতিযোগ্যং তদেব হি॥ ৬
তদস্ত্বখিলমীশোঽপি পারম্পর্য্যচিকীর্ষয়া।
সভ্যানাং প্রদদৌ হৃষ্টঃ পৃথক্ তত্র যথাক্র[illegible]
কোলাহলো মহানাসীৎ তত্র তদ্বস্তুগ্রহ[illegible]
তত্রৈব ব্রহ্মবিষ্ণুভ্যাং অর্চিতঃ শঙ্করঃ পর[illegible]
প্রসন্নঃ প্রাহ তৌ নম্রৌ সস্মিতং ভক্তিবর্দ্ধ[illegible]

ঈশ্বর উবাচ।

তুষ্টোঽহমদ্য বাং বৎসৌ পূজয়াস্মিন্ ম[illegible]
দিনমেতৎ ততঃ পুণ্যং ভবিষ্যতি মহত্তর[illegible]
শিবরাত্রিরিতি খ্যাতা তিথিরেষা মম প্রি[illegible]
এতৎকালে তু যঃ কুর্য্যাৎ পূজাং মল্লিঙ্গ-[illegible]
কুর্য্যাত্তু জগতঃ কর্ত্তাং স্থিতিসর্গাদিকং প[illegible]
শিবরাত্রাবহোরাত্রং নিরাহারো জিতেন্দ্রি[illegible]
অর্চয়েদ্বা যথান্যায়ং যথাবলমবঞ্চকঃ॥ ১২
যৎ ফলং মম পূজায়াং বর্ষমেকং নিরন্তর[illegible]
তৎ ফলং লভতে সদ্যঃ শিবরাত্রৌ মদর্চ[illegible]
মদ্ধর্ম্মবৃদ্ধিকালোঽয়ং চন্দ্রকাল ইবাম্বু[illegible]

সপ্তম অধ্যায়।

নন্দিকেশ্বর বলিলেন, তৎকালে ব্রহ্মা ও বিষ্ণু প্রভু শঙ্করকে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া যথাক্রমে তাঁহার দক্ষিণ ও বামভাগ অবলম্বন করত অবস্থান করিতেছিলেন। পরে তাঁহারা সেই পূজনীয় পরমেশ্বরকে পরিবারবর্গের সহিত উৎকৃষ্ট সিংহাসনে উপবেশন করাইয়া পবিত্র পুরুষ-বস্তু দ্বারা তাঁহার পূজা করিলেন। যাহা পুরুষ-সম্বন্ধ-প্রভব; তাহাই পুরুষবস্তু, আর যাহা প্রকৃতিসম্ভব, তাহাকে প্রাকৃত বস্তু কহে। তাহার মধ্যে কোন কোন বস্তু দীর্ঘকাল-স্থায়ী ও কোন কোন বস্তু অল্পকালস্থায়ী হইয়া থাকে। ব্রহ্মা ও বিষ্ণু, ক্রমে হার, নূপুর, কেয়ূর, কিরীট, মণিময় কুণ্ডল, যজ্ঞসূত্র, উত্তরীয়, স্রক্, ক্ষৌমবস্ত্র, মাল্য, অঙ্গুরীয়ক, পুষ্প, তাম্বূল, কর্পূর, চন্দন, অগুরু, ধূপ, দীপ, শ্বেতচ্ছত্র, ব্যজন, ধ্বজ, চামর এবং বাক্য ও মনের বর্ণনাতীত সাধারণ জীবগণের অপ্রাপ্য পতিযোগ্য অন্যান্য দিব্যোপহারে প্রভু শঙ্করকে [illegible]। যে সর্ব্বলোক-হিতাকাঙ্ক্ষিন্ পতিযোগ্য বলিয়া জানিবে। অনন্তর [illegible]শ্বর পূজাগণের কর্ত্তব্যানুসারে ব্রহ্ম-বি[illegible] অর্পিত বস্তুই হৃষ্টচিত্তে যথাক্রমে স[illegible]দস্যকে বিভাগ করিয়া দিলেন। তদ্বিষ[illegible] কালে মহৎ কোলাহল হইয়া উঠিল। ব্রহ্ম-বিষ্ণু এবম্প্রকারে পূজা করিলে ভক্তিবর্দ্ধন শঙ্কর প্রসন্ন হইয়া ন[illegible] তাঁহাদিগকে কহিলেন, বৎসদ্বয়। অ[illegible] এই মহৎ দিনে তোমাদিগের পূজা[য়] প্রীতিলাভ করিলাম, অতএব চিরব[illegible] পবিত্র দিন শ্রেষ্ঠতম বলিয়া সমা[illegible] এবং মৎপ্রিয় এই তিথি 'শিবরাত্রি' জগতে খ্যাতিলাভ করিবে। যে কালে মদীয় লিঙ্গ বা প্রতিমূর্ত্তিতে [illegible] করিবে, সে জগতের সৃষ্টি-স্থিত[illegible] সমর্থ হইবে। অবঞ্চক ব্যক্তি শি[illegible] ইন্দ্রিয় সংযমপূর্ব্বক অহোরাত্র [illegible] হইয়া যথাশক্তি যথাবিধি আমার পূ[illegible] একবর্ষ নিরন্তর মদীয় পূজায় [illegible] হইয়া থাকে, সদ্য সেই ফললাভ[illegible]

সকলং নিষ্কলঞ্চেতি স্বরূপদ্বয়মস্তি মে।
নান্যস্য কস্যচিৎ তস্মাদন্যঃ সর্ব্বোঽপ্যনীশ্বরঃ॥ ৩০
পুরস্তাৎ স্তম্ভরূপেণ পশ্চাদ্রূপেণ চার্ভকৌ।
ব্রহ্মত্বং নিষ্কলং প্রোক্তমীশত্বং সকলং তথা॥ ৩১
দ্বয়ং মমৈব সংসিদ্ধং ন মদন্যস্য কস্যচিৎ।
তস্মাদীশত্বমন্যেষাং যুবয়োরপি ন ক্বচিৎ॥ ৩২
তদজ্ঞানেন বাং বৃত্তমীশমানং সমাগতম্
তন্নিরাকর্ত্তুমত্রৈবম্ উত্থিতোঽহং রণাঙ্গণে॥ ৩৩
ত্যজতং মানমাত্মীয়ং ময়ীশে কুরুতং মতিম্
মৎপ্রসাদেন লোকেষু সর্ব্বোঽপ্যর্থঃ প্রকাশতে॥
গুরুক্তির্বাচকং তত্র প্রমাণং বা পুনঃপুনঃ
ব্রহ্মতত্ত্বমিদং গূঢ়ং ভবৎপ্রীত্যা ভণাম্যহম্॥ ৩৫
অহমেব পরং ব্রহ্ম মৎস্বরূপং কলাকলম্
ব্রহ্মত্বাদীশ্বরশ্চাহং কৃত্যং মেঽনুগ্রহাদিকম্॥৩৬

বৃহত্ত্বাদ্বৃংহণত্বাচ্চ ব্রহ্মাহং ব্রহ্ম কেশবৌ।
সমত্বাদ্ব্যাপকত্বাচ্চ তথৈবাত্মাহমর্ভকৌ॥ ৩
অনাত্মানঃ পরে সর্ব্বে জীবা এব ন সংশয়ঃ
অনুগ্রহাদ্যং সর্গান্তং জগৎ কৃত্যঞ্চ পঞ্চক
ঈশত্বাদেব মে নিত্যং ন মদন্যস্য কস্যচিৎ
আদৌ ব্রহ্মত্ববুদ্ধ্যর্থং নিষ্কলং লিঙ্গমুত্থিতম্
তস্মাদজ্ঞানমীশত্বং ব্যক্তং দ্বিতয়ং হি ব
সকলোঽহমতো জাতঃ সাক্ষাদীশস্তু তৎক্ষ
সকলত্বমতো জ্ঞেয়মীশত্বং ময়ি সত্বরম্।
যদিদং নিষ্কলং স্তম্ভং মম ব্রহ্মত্ববোধকম্॥
লিঙ্গলক্ষণযুক্তত্বান্মম লিঙ্গং ভবেদিদম্।
তদিদং নিত্যমভ্যর্চ্যং যুবাভ্যামত্র পুত্রকৌ।
মদাত্মকমিদং নিত্যং মম সান্নিধ্যকারণম্।
মহৎ পূজ্যমিদং নিত্যমভেদাল্লিঙ্গ-লিঙ্গিনোঃ
যত্র প্রতিষ্ঠিতং যেন মদীয়ং লিঙ্গমীদৃশম্।

করিবার জন্য বলিলেন, বৎসদ্বয়! সগুণ ও নির্গুণ এই উভয় প্রকার মূর্ত্তি কেবল আমারই আছে, অন্য কাহারই নাই, এজন্য অপর কেহই ঈশ্বর নহেন। দেখ, আমি পূর্ব্বে নির্গুণ স্তম্ভরূপে ও পশ্চাৎ সগুণ মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছি। অতএব নির্গুণ ব্রহ্ম ও সগুণ ঈশ্বর; আমা ভিন্ন কাহারই নাই, একারণ তোমাদের উভয়ের বা অন্য কাহারই কোন ক্রমে ঈশ্বরত্ব সিদ্ধ হইতে পারে না। এই অজ্ঞানতা নিবন্ধনই তোমাদিগের এতাদৃশ মহাদ্ভুত ঈশ্বর ভিমান সমুৎপন্ন হইয়াছে। আমি তন্নিবারণার্থই এই সমর-ভূমিতে আবির্ভূত হইয়াছি। এক্ষণে আত্মাভিমান পরিত্যাগপূর্ব্বক আমাতে চিত্ত সন্নিবেশিত কর। ইহা নিশ্চয় জানিও যে, মদীয় প্রসাদেই ত্রিজগতে সমুদয় কার্য্য সিদ্ধ হইতেছে। গুরুবাক্যই এতদ্বিষয়ের ব্যঞ্জক বা পুনঃপুনঃ প্রমাণ হইয়া থাকে; সম্প্রতি তোমাদিগের প্রীতির নিমিত্ত নিগূঢ় ব্রহ্মতত্ত্ববিষয় বর্ণন করিতেছি, শ্রবণ কর। ১১—৩৫। আমিই সেই নিরকার পরমব্রহ্ম এবং সগুণ ও নির্গুণ। যাহা দেখিতেছ, তাহাও আমার স্বরূপ। উক্ত ব্রহ্মত্ব নিবন্ধন আমিই ঈশ্বর ও অনুগ্রহাদি আমারই কার্য্য।

হে ব্রহ্মকেশব! আমি সর্ব্বাপেক্ষা বৃহৎ জগতের বৃদ্ধিকারক বলিয়া ব্রহ্মশব্দে অভি হইয়া থাকি এবং আমি সর্ব্বদা সমভাবাপ সর্ব্বব্যাপী, এজন্য সকলে আমাকে ব বলিয়া থাকে। মদ্ভিন্ন অপর সমুদয় জীবই অনাত্ম, তাহার আর সংশয়মাত্র নাই। ঈশ্বর বলিয়াই অনুগ্রহাদি-সর্গান্ত পঞ্চ জ কৃত্য নিয়মিতরূপে বিধান করিয়া থাকি, ব্যতীত অন্য কাহারই তাহাতে সামর্থ্য আর তোমাদিগকে আমার ব্রহ্মত্ব-জ্ঞাপন অগ্রে নির্গুণ লিঙ্গরূপে উৎপন্ন হইয়া তৎ অজ্ঞাত ঈশ্বরত্ব প্রকাশের জন্য সাক্ষাৎ ঈশ্বররূপে তোমাদিগের সমক্ষে আবি হইয়াছি। অতএব আমাকেই সগুণ বলিয়া জানিবে, আর দৃশ্যমান নির্গুণ স্তম্ভই আমার ব্রহ্মত্বব্যঞ্জক। বৎসদ্বয়! ঐ যখন আমার লিঙ্গচিহ্ন প্রকাশ পাইতেছে, উহা আমার লিঙ্গ, তোমরা নিত্য ঐ লিঙ্গে করিবে। উহা আমার স্বরূপ ও আমার সা কারক। ঐ লিঙ্গ নিত্য মহৎ পূজ কারণ, লিঙ্গ লিঙ্গবানে কিছুমাত্র প্রভেদ ন হে কুমারযুগল! অধিক কি বলিব, যে

চতুর্দিক্ষু চতুর্বক্ত্রং তন্মধ্যে পঞ্চমং মুখম্ ॥ ৯
যুবাভ্যাং তপসা লব্ধমেতৎ কৃত্যদ্বয়ং সুতৌ।
সৃষ্টিস্থিত্যভিধং ভাগ্যং মত্তঃ প্রীতাদতিপ্রিয়ম্ ॥১০
তথা রুদ্রমহেশাভ্যামন্যৎ কৃত্যদ্বয়ং পরম্।
অনুগ্রহাখ্যং কেনাপি লব্ধুং নৈব হি শক্যতে ॥১১
তৎ সর্ব্বং পৌর্ব্বিকং কর্ম্ম যুবাভ্যাং কালবিস্মৃতম্
ন তদ্রুদ্র-মহেশাভ্যাং বিস্মৃতং কর্ম্ম তাদৃশম্ ॥১২
রূপে বেশে চ কৃত্যে চ বাহনে চাসনে তথা।
আয়ুধাদৌ চ মৎসাম্যমস্মাভিস্তৎকৃতে কৃতম্ ॥১৩
মদ্ধ্যানবিরহাদ্বৎসৌ মৌঢ্যং বামেবমাগতম্
মজ্জ্ঞানে সতি নৈবং স্যান্মানং রূপং মহেশবৎ
তস্মান্মজ্জ্ঞানসিদ্ধ্যর্থং মন্ত্রমোঙ্কারনামকম্
ইতঃ পরং প্রজপতং মামকং মানভঞ্জনম্ ॥১৫
উপাদিশং নিজং মন্ত্রমোঙ্কারমুরুমঙ্গলম্
ওঙ্কারো মন্মুখাজ্জজ্ঞে প্রথমং মৎপ্রবোধকঃ ॥১৬

বাচকোঽয়মহং বাচ্যো মন্ত্রোঽয়ং হি মদাত্মকঃ
তদনুস্মরণং নিত্যং মমানুস্মরণং ভবেৎ ॥১৭
অকার উত্তরাৎ পূর্ব্বমুকারঃ পশ্চিমাননাৎ।
মকারো দক্ষিণমুখাদ্বিন্দুঃ প্রাঙ্মুখতস্তথা ॥ ১৮
নাদো মধ্যমুখাদেবং পঞ্চধাসৌ বিজৃম্ভিতঃ।
একীভূতঃ পুনস্তদ্বদোমিত্যেকাক্ষরোঽভবৎ ॥
নামরূপাত্মকং সর্ব্বং বেদভূতকুলদ্বয়ম্।
ব্যাপ্তমেতেন মন্ত্রেণ শিব-শক্ত্যোশ্চ বোধকঃ
অস্মাৎ পঞ্চাক্ষরং জজ্ঞে বোধকং সকলস্য [illegible]
অকারাদিক্রমেণৈব নকারাদি যথাক্রমম্ ॥ [illegible]
অস্মাৎ পঞ্চাক্ষরাজ্জাতা মাতৃকাঃ পঞ্চ ভেদত[illegible]
তস্মাচ্ছিরশ্চতুর্বক্ত্রাৎ ত্রিপাদ্গায়ত্রিরেব হি ॥
বেদাঃ সর্ব্বেস্ততো জাতাস্ততো বৈ মন্ত্রকোটয়[illegible]
তত্তন্মন্ত্রেণ তৎসিদ্ধিঃ সর্ব্বসিদ্ধিরিতো ভবে[illegible]

তন্মধ্যে চারিটী মুখ চারিদিকে এবং অপর পঞ্চম মুখটী মধ্যস্থলে অবস্থিত ১—৯ বৎসদ্বয়! তোমরা উভয়ে তপস্যা দ্বারা আমাকে প্রীত করিয়া মৎপ্রিয় সৃষ্টি-স্থিতি নামক কৃত্যদ্বয় গ্রহণ করিয়াছ এবং রুদ্র ও মহেশ অপর কৃত্যদ্বয় লাভ করিয়াছেন কিন্তু অনুগ্রহাখ্য কৃত্য কেহই প্রাপ্ত হইতে সমর্থ নহেন তোমরা কালবশে সেই পূর্ব্ববৃত্তান্ত সকল বিস্মৃত হইয়াছ, কেবল রুদ্র ও মহেশের তাহা অদ্যাপি স্মৃতিপথারূঢ় আছে আমি এই নিমিত্তই তাঁহাদিগকে কি রূপ, কি বেশ, কি কৃত্য, কি বাহন, কি আসন, কি আয়ুধাদি—সর্ব্ব বিষয়েই মৎসাদৃশ্য অর্পণ করিয়াছি। বৎসদ্বয়! তোমাদিগের কেবল মদীয় ধ্যান-পরাঙ্মুখতা নিবন্ধনই এবম্প্রকার অজ্ঞানতা উপস্থিত হইয়াছে, নতুবা আমাকে যথার্থরূপে বিদিত থাকিলে মহেশের ন্যায় তোমাদিগেরও কখন এরূপ অভিমান ঘটিত না। একারণ বলিতেছি, আমাকে যথার্থরূপে বিদিত হইবার জন্য আজ হইতে 'ওঙ্কার' [illegible] নাশন মদীয় পরম-মন্ত্র জপ কর [illegible]। নিরতিশয় মঙ্গলজনক মদীয়

আমি তোমাদিগকে উপদেশ করিয়াছি প্রকাশক উক্ত ওঙ্কার পূর্ব্বে আমার মুখ হইতেই নিষ্ক্রান্ত হইয়াছে উহা আমার বা[illegible] আমি উহার বাচ্য, সুতরাং ঐ মন্ত্র ম[illegible] স্বরূপ; কারণ, বাচ্য ও বাচকে বিভিন্নতা [illegible] এজন্য নিত্য উহার স্মরণ করিলেই আ[illegible] স্মরণ করা হইবে। প্রথমে আমার উত্তর হইতে অকার, পশ্চিম মুখ হইতে উ[illegible] দক্ষিণ মুখ হইতে মকার, পূর্ব্বমুখ হইতে ও মধ্য মুখ হইতে নাদ সমুৎপন্ন এইরূপ পঞ্চাক্ষরে বিস্তৃত ওঙ্কার [illegible] একীভূত হইয়া একাক্ষর হইয়াছে শিব বোধক উক্ত ওঙ্কার মন্ত্রে নামরূপস্বরূপ কুলদ্বয়, বেদচতুষ্টয় ও সমুদয় নাম-রূ[illegible] পদার্থ ই পরিব্যাপ্ত আছে। ১০—২০। ঐ ওঙ্কারের অকার হইতে নকার ও [illegible] হইতে মকার ইত্যাদি ক্রমে পঞ্চাক্ষর [illegible] হইলে, পুনরায় সেই পঞ্চাক্ষর হইতে স্বাদি ঙকারান্ত পঞ্চ প্রকার মাতৃকাবর্ণ হয়। অনন্তর মদীয় পঞ্চবক্ত্র হইতে গায়ত্রী সমুদ্ভূত হইলে, তাহা হইতে বেদ এবং সমুদয় বেদ হইতে কোটি মন্ত্র সমুৎপন্ন হইয়াছে। কিন্তু সেই

তস্মাল্লিঙ্গং পরং পূজ্যং বেরাদপি মুমুক্ষুভিঃ ॥৩৭
লিঙ্গমোঙ্কারমন্ত্রেণ বেরং পঞ্চাক্ষরেণ তু
স্বয়মেব হি সদ্দ্রব্যৈঃ প্রতিষ্ঠাপ্যং পরৈরপি ॥৩৮
পূজয়েদুপচারৈশ্চ মৎপদং সুলভং ভবেৎ ।
ইতি শাস্য তথা শিষ্যৌ তত্রৈবান্তর্হিতঃ শিবঃ ॥৩৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং বেরলিঙ্গপূজাবর্ণনং নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ।

নবমোঽধ্যায়ঃ ।

ঋষয় ঊচুঃ

কথং লিঙ্গং প্রতিষ্ঠাপ্যং কথং বা তস্য লক্ষণম্
কথং বা তৎ সমভ্যর্চ্যং দেশে কালে চ কেন হি

সূত উবাচ

যুষ্মদর্থং প্রবক্ষ্যামি বুধ্যতামবধানতঃ

লিঙ্গই প্রধান একারণ মুমুক্ষু জীবগণের প্রতিমা অপেক্ষা লিঙ্গপূজনই উৎকৃষ্ট। সাধকগণ ওঙ্কার দ্বারা লিঙ্গের ও পঞ্চাক্ষর মন্ত্র দ্বারা প্রতিমার পূজা করিবে। মদীয় লিঙ্গ বা প্রতিমা পরপ্রতিষ্ঠিত হইলেও স্বয়ং সদ্দ্রব্য উপচারে তাহার পূজা করিলে সাধকগণ অনায়াসে শিবপদলাভে সমর্থ হয়। ভগবান্ শঙ্কর শিষ্যদ্বয়কে এইরূপ উপদেশ করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন। ৩০—৩৯

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায় ।

ঋষিগণ বলিলেন, হে সূত! কি প্রকারে লিঙ্গের প্রতিষ্ঠা করিতে হয় এবং ঐ লিঙ্গের লক্ষণ কিরূপ? আর কিরূপে তাঁহার পূজা করা কর্ত্তব্য ও কীদৃশ দেশ-কালেই বা তাহা বিহিত আছে, তাহা কীর্ত্তন কর। ঋষিগণের ঈদৃশ প্রস্তাবে সূত বলিলেন, ঋষিগণ!

অনুকূলে শুভে কালে পুণ্যে তীর্থে তটে
যথেষ্টং লিঙ্গমারোপ্যং যত্র স্যান্নিত্যমর্চ্চন
পার্থিবেন তথাপ্যেন তৈজসেন যথারুচি ।
কল্পলক্ষণসংযুক্তং লিঙ্গং পূজাফলং লভেৎ ।
সর্ব্বলক্ষণসংযুক্তং সদ্যঃ পূজাফলপ্রদম্ ॥
চরে বিশিষ্যতে সূক্ষ্মং স্থাবরে স্থূলমেব হি
সলক্ষণং সপীঠঞ্চ স্থাপয়েচ্ছিবনির্ম্মিতম্ ॥
মণ্ডলং চতুরস্রং বা ত্রিকোণমথবা তথা
খট্বাঙ্গবন্মধ্যসূক্ষ্মং লিঙ্গপীঠং মহাফলম্ ॥
প্রথমং মৃচ্ছিলাদিভ্যো লিঙ্গং লোহাদিভিঃ
যেন লিঙ্গং তেন পীঠং স্থাবরে হি বিশিষ্য
লিঙ্গং পীঠং চরে চৈকং লিঙ্গং বাণকৃতং
লিঙ্গপ্রমাণং কর্ত্তৃণাং দ্বাদশাঙ্গুলমুত্তমম্ ॥
ন্যূনে দোষঃ ... অধিকং নৈব দুষ্যতে ।

আপনাদিগের জিজ্ঞাসিত বিষয় বলিতেছি, অবহিতচিত্তে শ্রবণ করুন। যে স্থানে পূজা হইতে পারে, এরূপ পুণ্য নদীতী তীর্থস্থানে শাস্ত্রোক্ত অনুকূল শুভসময়ে যথারুচি মৃন্ময়, জলময় বা যে কোন ধাতুময় স্থাপন করিবে, ঐ লিঙ্গ শিবশাস্ত্রোক্ত সমন্বিত হইবে, তাহা হইলেই তৎ পূজাসময়ে তাহার ফললাভ হয়, আর লক্ষণান্বিত হইলে সদ্য পূজাফলপ্রদ থাকে। চলনযোগ্য আধারে সূক্ষ্ম লি স্থাবরে স্থূল লিঙ্গের প্রতিষ্ঠাই প্রশস্ত তাহা যথোক্ত লক্ষণান্বিত ও পীঠযুক্ত স্থাপন করা বিহিত। উক্ত লিঙ্গপীঠ মণ্ড চতুষ্কোণ বা ত্রিকোণ হইবে, আর উহা খট্বাঙ্গবৎ মধ্যভাগ ক্ষীণ হয়, তাহা হইলে ফলজনক হইয়া থাকে। মৃত্তিকা বা অপেক্ষা লৌহাদিনির্ম্মিত শিবলিঙ্গের প্রশস্ত এবং স্থিরতর আধারে লিঙ্গ ও একবস্তু গঠিত হইলে ভাল হয়; কিন্তু ব্যতীত অন্যত্র লিঙ্গ ও পীঠ একবস্তু নির্ম্মিত হওয়া উচিত। উক্ত শিবলিঙ্গ, দ্বাদশাঙ্গুল পরিমিত হইলে উত্তম; অধিক হইলেও দোষাবহ নহে, কিন্তু

তথা লিঙ্গমিদং পীঠং ধৃত্বা তিষ্ঠতি সন্তত্ম্ ॥ ২৩
এবং স্থাপ্য মহালিঙ্গং পূজয়েদুপচারকৈঃ।
নিত্যপূজা যথাশক্তি ধ্বজাদিকরণং তথা ॥ ২৪
ইতি সংস্থাপয়েল্লিঙ্গং সাক্ষাচ্ছিবপদপ্রদম্।
অথবা চরলিঙ্গে তু ষোড়শৈরুপচারকৈঃ ॥ ২৫
পূজয়েচ্চ যথাশাস্ত্রং ক্রমাচ্ছিবপদপ্রদম্।
আবাহনঞ্চাসনঞ্চ অর্ঘ্যং পাদ্যং তথৈব চ ॥ ২৬
তদঙ্গাচমনঞ্চৈব স্নানমভ্যঙ্গপূর্ব্বকম্।
বস্ত্রং গন্ধং তথা পুষ্পং ধূপং দীপং নিবেদনম্ ॥২৭
নীরাজনঞ্চ তাম্বূলং নমস্কারো বিসর্জ্জনম্।
অথবার্ঘ্যাদিকং কৃত্বা নৈবেদ্যান্তং যথাবিধি ॥ ২৮
অথাভিষেকং নৈবেদ্যং নমস্কারঞ্চ তর্পণম্।
যথাশক্তি সদা কুর্য্যাৎ ক্রমাচ্ছিবপদপ্রদম্ ॥ ২৯
অথবা মানুষে লিঙ্গেঽপ্যার্ষে দৈবে স্বয়ম্ভুবি।
স্থাপিতেঽপূর্ব্বকে লিঙ্গে সোপচারং যথা তথা ॥৩০
পূজোপকরণে দত্তে যৎ কিঞ্চিৎ ফলমশ্নুতে।
প্রদক্ষিণনমস্কারৈঃ ক্রমাচ্ছিবপদপ্রদম্ ॥ ৩১
লিঙ্গদর্শনমাত্রং বা নিয়মেন শিবপ্রদম্।
মৃৎপিষ্টগোশকৃৎপুষ্পৈঃ করবীরেণ বা ফলৈঃ
গুড়েন নবনীতেন ভস্মনান্নৈর্যথারুচি।
লিঙ্গং যত্নেন কৃত্বান্তে যজেৎ তদনুসারতঃ ॥
অঙ্গুষ্ঠাদাবপি তথা পূজামিচ্ছন্তি কেচন।
লিঙ্গকর্ম্মণি সর্ব্বত্র নিষেধোঽস্তি ন কর্হিচিৎ
সর্ব্বত্র ফলদাতা হি প্রযাসানুগুণং শিবঃ।
অথবা লিঙ্গদানং বা লিঙ্গমৌল্যমথাপি বা।
শ্রদ্ধয়া শিবভক্তায় দত্তং শিবপদপ্রদম্
অথবা প্রণবং নিত্যং জপেদ্দশসহস্রকম্ ॥
সন্ধ্যয়োশ্চ সহস্রং বা জ্ঞেয়ং শিবপদপ্রদম্
জপকালে মকারান্তং * মনঃশুদ্ধিকরং ভবে
সমাধৌ মানসঃ প্রোক্তমুপাংশু সার্ব্বকালি

অবলম্বন করিয়া নিরন্তর অবস্থিতি করিয়া থাকেন। ১০—২৩ পূর্ব্বোক্ত প্রকারে মহা-লিঙ্গ স্থাপনপূর্ব্বক উপচারসমূহে পূজা করিবে এবং যথাশক্তি নিত্য তাঁহার পূজা ও ধ্বজাদি দান করা বিধেয়। ঐরূপ করিলে সাক্ষাৎ শিবপদ লাভ হইয়া থাকে। অথবা প্রত্যহ আবাহন, আসন, অর্ঘ্য পাদ্য পাদ্যাঙ্গ, আচ-মনীয়, অভ্যঙ্গপূর্ব্বক স্নান, বস্ত্র, গন্ধপুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নীরাজন, তাম্বূল, নমস্কার ও বিসর্জ্জন এই ষোড়শোপচারে যথাবিধি চরলিঙ্গের পূজা করিলেও ক্রমে শিবপদ প্রাপ্ত হইতে পারা যায়, কিংবা নিত্য অর্ঘ্য হইতে নৈবেদ্য পর্য্যন্ত দান করিয়া পরে পুনরায় যথাশক্তি অভিষেক, নৈবেদ্য, নমস্কার ও তর্পণ করিলেও ক্রমে তাহা শিবপদ-প্রাপক হইয়া থাকে। অথবা যে কোন মনুষ্য, ঋষি বা দেবতাস্থাপিত কিংবা স্বয়ং উদ্ভূত বা যাহার স্থাপনের আদি নির্ণয় হয় না, এ সকল লিঙ্গের প্রত্যহ যথাশক্তি প্রদক্ষিণ ও নমস্কারের সহিত উপচার দানে পূজা করিলেও কিঞ্চিৎ কিঞ্চিৎ ফললাভ হয়, তাহা হইলেই ক্রমে শিব[illegible] গ্রহণে সমর্থ হইতে পারা যায়। [illegible] মিতরূপে লিঙ্গ দর্শন করিলেও শিবপদ [illegible] হয়। সাধকগণ যত্নের সহিত যথারুচি মৃত্তি[illegible] যেমন পুষ্প, ফল, গুড়, নবনীত, ভস্ম [illegible] দ্বারাও শিবলিঙ্গ নির্ম্মাণপূর্ব্বক যথাবিধি [illegible] করিতে পারেন এবং কেহ কেহ অঙ্গুষ্ঠাদি[illegible] শিবপূজা বিহিত বলিয়াছেন। ফলতঃ [illegible] প্রকার লিঙ্গকল্পনাতেই নিষেধ নাই। [illegible] ভগবান শঙ্কর সর্ব্বত্র পরিশ্রমানুরূপ [illegible] করিয়া থাকেন। আর শ্রদ্ধার সহিত [illegible] লিঙ্গ বা তৎপ্রাপ্তিযোগ্য মূল্য শিবভ[illegible] দান করিলে, তাহাতেও শিবপদ লাভ [illegible] কিংবা নিত্য দশ সহস্র সংখ্যক [illegible] সন্ধ্যাতেই সহস্রসংখ্যক করিয়া প্রণব [illegible] করিলে, তাহাও শিবপদপ্রদ হইয়া [illegible] উক্ত প্রণব মন্ত্রের জপকালে মনের [illegible] সম্পাদন আবশ্যক। সমাধি হইলে [illegible] জপ ও অপর সমুদয় কালে অপরিস্ফু[illegible] বিহিত হইয়াছে, কিন্তু যে কোন প্রকা[illegible] করিতে হইলেই এরূপে করিতে হই[illegible]

* প্রণবাখ্যং ব্রহ্মেত্যর্থঃ।

শিবক্ষেত্রে তথা বাসঃ নিত্যং কুর্য্যাচ্চ ভক্তিতঃ ॥
জড়ানামজড়ানাঞ্চ সর্ব্বেষাং ভুক্তি-মুক্তিদম্।
তস্মাদ্বাসং শিবক্ষেত্রে কুর্য্যাদামরণং বুধঃ ॥ ৫৪
লিঙ্গাদ্ধস্তশতং পুণ্যং ক্ষেত্রে মানুষকে বিদুঃ।
সহস্রারত্নিমাত্রন্তু পুণ্যং ক্ষেত্রে তথার্ষকে ॥ ৫৫
দৈবলিঙ্গে তথা জ্ঞেয়ং সহস্রারত্নিমানতঃ।
ধনুঃপ্রমাণসাহস্রং পুণ্যং ক্ষেত্রে স্বয়ম্ভুবি ॥ ৫৬
পুণ্যক্ষেত্রে স্থিতা বাপী কূপাদ্যং পুষ্করাণি চ
শিবগঙ্গেতি বিজ্ঞেয়ং শিবস্য বচনং যথা ॥ ৫৭
তত্র স্নাত্বা তথা দত্ত্বা জপিত্বা হি শিবং ব্রজেৎ
শিবক্ষেত্রং সমাশ্রিত্য বসেদামরণং তথা ॥ ৫৮
দাহং দশাহং মাস্যং বা সপিণ্ডীকরণন্তু বা
আব্দিকং বা শিবক্ষেত্রে ক্ষেত্রে পিণ্ডমথাপি বা ॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সদ্যঃ শিবপদং লভেৎ।
অথবা সপ্তরাত্রং বা বসেদ্বা পঞ্চরাত্রকম্ ॥ ৬০
ত্রিরাত্রমেকরাত্রং বা ক্রমাচ্ছিবপদং লভেৎ।
স্ববর্ণানুগুণং লোকে স্বাচারাৎ প্রাপ্নুতে নরঃ ॥ ৬১
বর্ণোদ্ধারেণ ভক্ত্যা চ তৎফলাতিশয়ং নরঃ।
সর্ব্বং কৃতং কামনয়া সদ্যঃ ফলমবাপ্নুয়াৎ ॥ ৬২
সর্ব্বং কৃতমকামেন সাক্ষাচ্ছিবপদপ্রদম্।
প্রাতমধ্যাহ্নসায়াহ্নমহস্ত্রিষ্বেকতঃ ক্রমাৎ ॥ ৬৩
প্রাতর্বিধিকরং জ্ঞেয়ং মধ্যাহ্নং কামিকং তথা।
সায়াহ্নং শান্তিকং জ্ঞেয়ং রাত্রাবপি তথৈব হি ॥
কালো নিশীথো বৈ প্রোক্তো মধ্যযামদ্বয়ং নিশি।
শিবপূজা বিশেষেণ তৎকালেঽভীষ্টসিদ্ধিদা ॥ ৬৫
এবং জ্ঞাত্বা নরঃ কুর্ব্বন যথোক্তফলভাগ্‌ভবেৎ।
কলৌ যুগে বিশেষেণ ফলসিদ্ধিস্তু কর্ম্মণা ॥ ৬৬
উক্তেন কেনচিদ্বাপি অধিকারবিভেদতঃ।
সদ্‌বৃত্তিঃ পাপভীরুশ্চেৎ তত্তৎফলমবাপ্নুয়াৎ ॥৬৭

ঋষয় ঊচুঃ।

অথ ক্ষেত্রাণি পুণ্যানি সমাসাৎ কথয়স্ব নঃ।

শিবপদলাভ হয়। সকলেরই ভক্তিভাবে নিত্য শিবক্ষেত্রে বাস করা কর্ত্তব্য, কারণ তাহাতে স্থাবর জঙ্গম প্রভৃতি সকলেরই সর্ব্বপ্রকার ভোগ ও মুক্তি লাভ হইয়া থাকে। এজন্য সুবুদ্ধি জীবগণের মরণ পর্য্যন্ত শিবক্ষেত্রে বাস সর্ব্বতো-ভাবে বিধেয়। যে স্থানে মনুষ্য কর্ত্তৃক শিব-লিঙ্গ স্থাপিত হয়, এরূপ শিবক্ষেত্রের উক্ত শিবলিঙ্গ হইতে শতহস্ত পর্য্যন্ত স্থান পুণ্যজনক হইয়া থাকে, আর দেবতা বা ঋষি-স্থাপিত শিবলিঙ্গযুক্ত ক্ষেত্রে সহস্র অরত্নি পর্য্যন্ত স্থান পুণ্যপ্রদ এবং যে ক্ষেত্রে স্বয়ম্ভু-লিঙ্গ উৎপন্ন হয়, তথায় উক্ত লিঙ্গ হইতে সহস্র-ধনুঃ পরি-মাণ পর্য্যন্ত ভূমি পুণ্য হইয়া থাকে। ভগবান্ শঙ্কর কহিয়াছেন, পুণ্যক্ষেত্রস্থিত বাপী, পুষ্করিণী ও কূপাদি সকল শিবগঙ্গা বলিয়া জানিবে; সেই স্থানে স্নান, দান ও হোমাদি কার্য্য করিলে শিবপদ লাভ করা যায়, একারণ সকলেই মরণ পর্য্যন্ত শিবক্ষেত্রে বাস করিবে। ৪৫—৫৭। উক্ত ক্ষেত্রে যাঁহার দাহ, দশাহকৃত্য, মাসিক, সপিণ্ডীকরণ বা বার্ষিককৃত্য হয় এবং যদুদ্দেশে ক্ষেত্রপ্রাপ্তি নিমিত্ত পিণ্ডদান করা যায়, সে তৎ-ক্ষণাৎ শিবপদ লাভ করিয়া থাকে। অথবা ঐ স্থানে সপ্তরাত্র, পঞ্চরাত্র, ত্রিরাত্র বা একরাত্র বাস করিলেও ক্রমে শিবপদ প্রাপ্ত হওয়া যায়। মানবগণ বিশুদ্ধ আচার ও ভক্তিবলে ক্রমে উচ্চোচ্চতর বর্ণে জন্মগ্রহণ করত স্ববর্ণানু-রূপ ফলাতিশয্য লাভ করে। পূর্ব্বোক্ত কার্য্য সকল কামনাকৃত হইলে সদ্যঃ ফলজনক এবং অকামকৃত হইলে সাক্ষাৎ শিবপদপ্রদ হইয়া থাকে। শিবারাধন-কার্য্যে কি প্রাতঃ-কাল, কি মধ্যাহ্নকাল, কি সায়াহ্নকাল সর্ব্বসময়েই বিহিত আছে, তন্মধ্যে প্রাতঃকাল নিত্য-বিধির সম্পাদক, মধ্যাহ্নকাল কাম্যফলে সম্পাদক এবং সায়াহ্ন ও রাত্রিকাল বৈরাগ্য সম্পাদক বলিয়া জানিবে। আর রাত্রি মধ্যম যামদ্বয়রূপ নিশীথকালে শিবপূজা করিলে তাহা বিশেষরূপে অভীষ্টসিদ্ধিদায়ক হয়। মানবগণ, এইরূপ পরিজ্ঞাত হইয়া কার্য্য করিলে যথোক্ত ফলভাগী হইতে পারে; বিশেষ কলি-যুগে অধিকারিভেদে উক্ত যে কোন কা[র্য্য] দ্বারাই বিশিষ্ট ফলসিদ্ধি হইয়া থাকে। কি[ন্তু] যে ব্যক্তি সদ্‌বৃত্তি ও পাপভীরু, সে-ই উক্ত কার্য্যের যথার্থ ফল প্রাপ্ত হয়। সূতের এ

সর্ব্বাঃ স্ত্রিয়শ্চ পুরুষা যান্যাশ্রিত্য পদং লভেৎ ॥৬৮
সূত যোগিবরশ্রেষ্ঠ শিবক্ষেত্রাগমাংস্তথা ॥ ৬৯

সূত উবাচ।

শৃণুত শ্রদ্ধয়া সর্ব্বং ক্ষেত্রাণি চ তদাগমান্ ॥ ৭০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং ক্ষেত্রবিশেষাত্মক-লিঙ্গমাহাত্ম্যকথনং নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ।

সূত উবাচ

শৃণুধ্বমৃষয়ঃ প্রাজ্ঞাঃ শিবক্ষেত্রং বিমুক্তিদম্
তদাগমাংস্ততো বক্ষ্যে লোকরক্ষার্থমেব হি ॥ ১
পঞ্চাশৎকোটিবিস্তীর্ণা সশৈলবনকানন৷
শিবাজ্ঞয়া হি পৃথিবী লোকং ধৃত্বা চ তিষ্ঠতি ॥ ২

সূতের বাক্য শ্রবণ করিয়া ঋষিগণ বলিলেন, হে যোগিবরশ্রেষ্ঠ সূত! সমুদয় স্ত্রীপুরুষগণ যাহাকে অবলম্বন করিয়া অনায়াসে শিবপদ লাভ করিতে পারে, সংক্ষেপে সেই সকল শিব-ক্ষেত্র ও শিবমাহাত্ম্যপ্রকাশক বেদভাগ আমাদিগের নিকট ব্যক্ত করুন। তখন সূত বলিলেন, মুনিগণ! আপনাদিগের জিজ্ঞাসানুরূপ ক্ষেত্র ও বেদভাগ বর্ণন করিতেছি, আপনারা শ্রদ্ধান্বিত হইয়া তৎসমুদয় শ্রবণ করুন ।৬৮—৭০

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

সূত কহিলেন, হে জ্ঞানী ঋষিগণ! অগ্রে মুক্তিপ্রদ শিবক্ষেত্রের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন, পরে লোকরক্ষার্থ শিবমাহাত্ম্য-প্রকাশক বেদভাগ কীর্ত্তন করিব। পঞ্চাশৎ-কোটি-যোজন-বিস্তীর্ণা, শৈলকাননান্বিতা এই পৃথিবী শিবাজ্ঞায় সকলের আধাররূপে অবস্থিত

তত্র তত্র শিবক্ষেত্রং তত্র তত্র নিবাসিনাম্।
মোক্ষার্থং কৃপয়া দেবঃ ক্ষেত্রং কল্পিতবান্ প্রভুঃ ॥
পরিগ্রহাদৃষীণাঞ্চ দেবানাঞ্চ পরিগ্রহাৎ।
স্বয়ম্ভূতান্যথান্যানি লোকরক্ষার্থমেব হি ॥ ৪
তীর্থে ক্ষেত্রে সদা কার্য্যং স্নান-দান-জপাদিকম্।
অন্যথা রোগ-দারিদ্র্য-মূকত্বাদ্যাপ্নুয়ান্নরঃ ॥ ৫
অথাস্মিন্ ভারতে বর্ষে প্রাপ্নোতি মরণং নরঃ।
স্বয়ম্ভুস্থানবাসেন পুনর্মানুষ্যমাপ্নুয়াৎ ॥ ৬
ক্ষেত্রে পাপস্য করণং দৃঢ়ং ভবতি ভূসুরাঃ।
পুণ্যক্ষেত্রে নিবাসে হি পাপমণ্বপি নাচরেৎ ॥ ৭
যেন কেনাপ্যুপায়েন পুণ্যক্ষেত্রে বসেন্নরঃ।
সিন্ধোঃ শতনদীতীরে সন্তি ক্ষেত্রাণ্যনেকশঃ ॥ ৮
সরস্বতী নদী পুণ্যা প্রোক্তা ষষ্টিমুখা তথা।
তত্তত্তীরে বসেৎ প্রাজ্ঞঃ ক্রমাদ্ব্রহ্মপদং লভেৎ ॥
হিমবদ্গিরিজা গঙ্গা পুণ্যা শতমুখা নদী
তত্তীরে চৈব কাশ্যাদি পুণ্যক্ষেত্রাণ্যনেকশঃ ॥ ১০

আছে। ইহার স্থানে স্থানে ক্ষেত্রনিবাসী ব্যক্তিগণের মুক্তির নিমিত্ত ভগবান্ শঙ্কর, ক্ষেত্র সকল কল্পনা করিয়াছেন এবং ঋষিগণ ও দেব-গণের পরিগ্রহ নিবন্ধন কতিপয় ক্ষেত্র সমুদ্ভূত হইয়াছে আর স্বত-উৎপন্নও কতিপয় ক্ষেত্র দেখা যায়। তীর্থ ও ক্ষেত্রে মানবগণের সদা স্নান, দান ও জপাদি কার্য্য করা কর্ত্তব্য। তাহা না হইলে রোগ, দারিদ্র্য ও মূকত্বাদি জন্য দুঃখ ভোগ করিতে হয়। মানবগণ এই ভারতবর্ষে মৃত হইলে পুনর্ব্বার মনুষ্য যোনিতেই জন্মগ্রহণ করিয়া থাকে। হে ভূদেবগণ! পুণ্য-ক্ষেত্রে পাপাচরণ করিলে তাহা গুরুতর হয়, এজন্য তথায় বসতিকালে কোনরূপ বৎসামান্যও পাপ করা অকর্ত্তব্য। যে কোন উপায়ে মানবের পুণ্যক্ষেত্রে বাস করা সর্ব্বোতোভাবে বিধেয়। সমুদ্রের নিকট শতনদীতীরে বহুতর পুণ্যক্ষেত্র আছে, তন্মধ্যে পবিত্রা সরস্বতী নদী ষষ্টিমুখা বলিয়া প্রসিদ্ধা। বুদ্ধিমান্ ব্যক্তির তত্তীরে বাস করা উচিত; কারণ, তাহা হইলে ক্রমে ব্রহ্মপদ লাভ হইয়া থাকে। হিমালয়-সম্ভূতা পুণ্যভাগীরথী শতমুখা নামে অভিহিতা,

অত্র তীরং প্রশস্তং হি মৃগে মৃগ-বৃহস্পতৌ।
শোণভদ্রো দশমুখঃ পুণ্যোঽভীষ্টফলপ্রদঃ॥ ১১
অত্র স্নানোপবাসেন পদং বৈনায়কং লভেৎ।
চতুর্বিংশমুখা পুণ্যা নর্ম্মদা চ মহানদী॥ ১২
তস্যাং স্নানেন বাসেন পদং বৈষ্ণবমাপ্নুয়াৎ।
তমসা দ্বাদশমুখা রেবা দশমুখা নদী॥ ১৩
গোদাবরী মহাপুণ্যা ব্রহ্ম-গোবধনাশিনী
একবিংশমুখা প্রোক্তা রুদ্রলোকপ্রদায়িনী॥ ১৪
কৃষ্ণবেণী পুণ্যনদী সর্ব্বপাপক্ষয়াবহা।
সাষ্টাদশমুখা প্রোক্তা বিষ্ণুলোকপ্রদায়িনী॥ ১৫
তুঙ্গভদ্রা দশমুখা ব্রহ্মলোকপ্রদায়িনী
সুবর্ণমুখরী পুণ্যা প্রোক্তা নবমুখা তথা॥ ১৬
তত্রৈব সুপ্রজায়ন্তে ব্রহ্মলোকচ্যুতাস্তথা
সরস্বতী চ পম্পা চ কন্যা শ্বেতনদী শুভা।
এতাসাং তীরবাসেন ইন্দ্রলোকমবাপ্নুয়াৎ।
সহ্যাদ্রিজা মহাপুণ্যা কাবেরীতি মহানদী॥ ১৮
সপ্তবিংশমুখা প্রোক্তা সর্ব্বাভীষ্টপ্রদায়িনী।
তত্তীরাঃ স্বর্গদাশ্চৈব ব্রহ্ম-বিষ্ণুপদপ্রদাঃ॥ ১৯
শিবলোকপ্রদাঃ শৈবাস্তথাভীষ্টফলপ্রদাঃ।
নৈমিষে বদরে স্নায়ান্মেষগে চ গুরৌ রবৌ॥ ২০
ব্রহ্মলোকপ্রদং বিদ্যাৎ তপঃপূজাদিকং তথা
সিন্ধুনদ্যাং তথা স্নানং সিংহে কর্কটগে রবৌ॥ ২১
কেদারোদকপানঞ্চ স্নানঞ্চ জ্ঞানদং বিদুঃ।
গোদাবর্য্যাং সিংহমাসে স্নায়াৎ সিংহ-বৃহস্পতৌ
শিবলোকপ্রদমিতি শিবেনোক্তং তথা পুরা।
যমুনা-শোণয়োঃ স্নায়াদ্‌গুরৌ কন্যাগতে রবৌ॥ ২২
ধর্মলোকে দন্তিলোকে মহাভোগপ্রদং বিদুঃ
কাবের্য্যাঞ্চ তথা স্নায়াৎ তুলাগে তু রবৌ গুরৌ।
বিষ্ণোর্বচনমাহাত্ম্যাৎ সর্ব্বাভীষ্টপ্রদং বিদুঃ

কাশ্যাদি বহুতর পুণ্যক্ষেত্র তাহারই তীরে অবস্থিত। ১—১০ যৎকালে বৃহস্পতি মকরস্থ হন, সেই সময় ঐ গঙ্গাতীর অতি প্রশংসনীয় হইয়া থাকে। অভীষ্টপ্রদ পবিত্র শোণভদ্রা নদী দশমুখ বলিয়া বিখ্যাত; তথায় স্নান ও উপবাসাদি ব্রতাচরণ করিলে গণেশ-লোক লাভ করা যায়। পবিত্রা মহানদী নর্ম্মদা চতুর্বিংশতিমুখ, তথায় স্নান ও তত্তীরে বাস করিলে বিষ্ণুলোকে গমন হয়। তমসানদী দ্বাদশমুখা ও রেবানদী দশমুখা এবং ব্রহ্মহত্যা ও গোহত্যা-নিবারিণী মহাপুণ্যা গোদাবরীনদী একবিংশতিমুখ; তাহাতে স্নানাদি করিলে রুদ্রলোকপ্রাপ্তি হয়। সর্ব্বপাপ-নিবারিণী বিষ্ণু-লোকপ্রদা পুণ্যনদী কৃষ্ণবেণী অষ্টাদশমুখা বলিয়া অভিহিত হইয়াছে। ব্রহ্মলোকপ্রদায়িনী তুঙ্গ-ভদ্রানদী দশমুখা এবং পুণ্যা সুবর্ণমুখরী-নদী নবমুখা নামে অভিহিতা। ব্রহ্মলোকচ্যুত জীব সকল তাহার তীরে জন্মগ্রহণ করিয়া থাকে। শুভদায়িনী সরস্বতী, পম্পা, কন্যা ও শ্বেতনদী-তীরে বাস করিলে ইন্দ্রলোক-প্রাপ্তি হয়। সহ্যপর্ব্বতসম্ভূতা মহাপুণ্যা মহানদী কাবেরী, সপ্তবিংশতিমুখা ও সর্ব্বাভীষ্ট-প্রদায়িনী বলিয়া কথিত আছে। তত্তীরে অবস্থানাদি করিলে স্বর্গবাস, ব্রহ্ম-বিষ্ণুপদ লাভ, সর্ব্বাভীষ্ট সিদ্ধি এবং অন্তে শিবলোকে গমন হইয়া থাকে। রবি ও বৃহস্পতির মেষরাশিতে অবস্থানকালে নৈমিষারণ্য বা বদরিকাশ্রমে স্নান ও তপঃ পূজাদি করিলে ব্রহ্মলোক লাভ করা যায়। সূর্য্য সিংহ ও কর্কট রাশিতে অবস্থিতি করিলে সিন্ধু নদীতে স্নানও ঐরূপ ফলপ্রদ হইয়া থাকে। ১১—২১ কেদার-নদীর জলপান ও তাহাতে স্নান করিলে জ্ঞানলাভ হয়, ইহা বিদ্বদ্গণ বলিয়া থাকেন। পূর্ব্বে স্বয়ং শিব বলিয়াছেন, যে ব্যক্তি সৌর-ভাদ্রে বৃহস্পতি সিংহস্থ হইলে গোদাবরীতে স্নান করে, সে শিবলোকে গমন করিয়া থাকে। বৃহস্পতি ও সূর্য্যের কন্যারাশিতে অবস্থিতিকালে যে মনুষ্য যমুনায় স্নান করে, তাহার ধর্ম্মলোক প্রাপ্তি এবং শোণনদীতে স্নান করে, তাহার গণেশলোক লাভ হয় এবং উভয় স্থানেই মহৎ ঐশ্বর্য্য ভোগ হইয়া থাকে। বৃহস্পতি ও সূর্য্য তুলা রাশিস্থ হইলে যে ব্যক্তি, কাবেরী নদীতে স্নান করিতে পারে, বিষ্ণু-বাক্যানুসারে তাহার সর্ব্বাভীষ্ট সিদ্ধ হয়, ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন।

বীজাংশশ্চৈব বৃক্ষাংশো ভোগাংশঃ পুণ্য-পাপয়োঃ ।
জ্ঞাননাশে হি বীজাংশো বৃক্ষিকৃত্তপ্রকারতঃ ॥৪১
ভোগাংশো ভোগনাশস্তু নান্যথা পুণ্যকোটিভিঃ ।
বীজপ্ররোহে নষ্টে তু শেষো ভোগায় কল্পতে ॥ ৪২
দেবানাং পূজয়া চৈব ব্রাহ্মণানাঞ্চ দানতঃ ।
তপোধিক্যাচ্চ কালেন ভোগঃ সহ্যো ভবেন্নৃণাম্ ।
তস্মাৎ পাপমকৃত্বৈব বস্তব্যং সুখমিচ্ছতা ॥ ৪৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহি-
তায়াং প্রণবক্ষেত্রনিরূপণকথা নাম
দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ ।

ঋষয় ঊচুঃ ।

সদাচারং শ্রাবয়াশু যেন লোকান্ জয়েদ্বুধঃ ।
ধর্ম্মাধর্ম্মময়ান্ ব্রূহি স্বর্গ-নরকদাংস্তথা ॥ ১

সূত উবাচ ।

সদাচারযুতো বিদ্বান্ ব্রাহ্মণো নাম নামতঃ ।

কথন পুণ্য ও পাপফলে ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে উক্ত পাপপুণ্যের বীজাংশ, বৃক্ষাংশ ও ভোগাংশ এই তিন অবয়ব আছে ; এ কারণ বীজাংশ ও বৃক্ষাংশ বিনষ্ট হইলেও অবশিষ্টাংশ ভোগ করিতে হয়। দেবগণের পূজা, ব্রাহ্মণ-গণকে দান ও অধিকতর তপোনুষ্ঠান করিতে পারিলেই মানবগণের ঐ ভোগাংশ কেবল সহ-নীয় হইয়া থাকে। এই নিমিত্তই সুখপ্রার্থী মনুষ্যগণ যৎকিঞ্চিৎ-পাপাচরণেও বিমুখ হইয়া পুণ্যক্ষেত্রে বাস করিবে। ৩৩—৪৩

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায় ।

ঋষিগণ বলিলেন, হে মুনে ! বুধগণ যদ্দ্বারা ত্রিলোকজয়ে সমর্থ হন, সেই সদাচার এবং স্বর্গ-নরক-জনক ধর্ম্মাধর্ম্ম কর্ম্ম সকল ত্বরায় আমাদিগের নিকট প্রকাশ কর। সূত কহিলেন, যে দ্বিজ সদাচারসম্পন্ন ও বিদ্বান্,

বেদাচারোযুতো বিপ্রো হ্যেতৈরেকৈকবান্ দ্বিজঃ ।
অল্পাচারোঽল্পবেদশ্চ ক্ষত্রিয়ো রাজসেবকঃ ।
কিঞ্চিদাচারবান্ বৈশ্যঃ কৃষি-বাণিজ্যকৃত্তথা ॥ ৩
শূদ্রব্রাহ্মণ ইত্যুক্তঃ স্বয়মেব হি কর্ষকঃ ।
অসূয়ালুঃ পরদ্রোহী চণ্ডালদ্বিজ উচ্যতে ॥ ৪
পৃথিবীপালকো রাজা ইতরে ক্ষত্রিয়া মতাঃ ।
ধান্যাদিক্রয়বান্ বৈশ্য ইতরো বণিগুচ্যতে ॥ ৫
ব্রহ্ম-ক্ষত্রিয়-বৈশ্যানাং শুশ্রূষুঃ শূদ্র উচ্যতে ।
কর্ষকো বৃষলো জ্ঞেয় ইতরে চৈব দস্যবঃ ॥ ৬
সর্ব্বো ন্যায়ঃ প্রাচীমুখশ্চিন্তয়েদ্দেবপূর্ব্বকান্ ।
ধর্ম্মানর্থাংশ্চ তৎক্লেশানায়ঞ্চ ব্যয়মেব চ ॥ ৭
আয়ুর্দ্বেষঞ্চ মরণং পাপং ভাগ্যং তথৈব চ
ব্যাধিঃ পুষ্টিস্তথা শক্তিঃ প্রাতরুত্থানদিক্‌ফলম্ ॥

তিনিই ব্রাহ্মণ ; যিনি বেদাচারযুক্ত, তিনি বিপ্র এবং যাহার এই গুণত্রয়ের মধ্যে এক মাত্র গুণ থাকে, তিনি দ্বিজপদ-বাচ্য। যিনি অল্প-সদাচার ও অল্প-বেদাচারযুক্ত এবং রাজসেবক, তাঁহাকে ক্ষত্রিয় বলে। যে মানব, কৃষি-বাণিজ্যকারী ও কিঞ্চিৎ আচারান্বিত, তাঁহাকে বৈশ্য বলে। যে ব্রাহ্মণ স্বয়ং কৃষিকার্য্য নির্ব্বাহ করে, সে শূদ্র-ব্রাহ্মণ বলিয়া বিখ্যাত। যে ব্রাহ্মণ অসূয়া-পরায়ণ ও পরদ্রোহী, তাঁহাকে চণ্ডাল-দ্বিজ বলা যায়। যে ক্ষত্রিয় পৃথিবী-পালক, তিনিই রাজা, অপরাপর ক্ষত্রিয়, কেবল ক্ষত্রিয়-পদ-বাচ্য। যে বৈশ্য ধান্যাদিক্রয়-বিক্রয়কারী, তাহাকে বৈশ্য ও অপরকে বণিক বলে। যে শূদ্র ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের শুশ্রূষা-পরায়ণ, সে-ই শূদ্র, তন্মধ্যে যে কৃষিকার্য্যকারী, সে বৃষল এবং অপর সকলে দস্যুপদে অভিহিত হইয়া থাকে। মানবগণ উষাকালে পূর্ব্বমুখ হইয়া দেবস্মরণপূর্ব্বক ধর্ম্ম, অর্থ ও আয়-ব্যয়াদি চিন্তা করিবে। প্রাতঃকালে শয্যা হইতে গাত্রোত্থান সময়ে পূর্ব্বদিক্ সম্মুখবর্ত্তী হইলে, আয়ু, অগ্নি-কোণ হইলে দ্বেষ, এইরূপ ক্রমে অপর ছয়দিকে মরণ, পাপ, ভাগ্য, ব্যাধি পুষ্টি ও শক্তি

পাদে মূর্দ্ধ্নি হৃদি চৈব মূর্দ্ধ্নি হৃৎপাদ এব চ ।
হৃৎপাদমূর্দ্ধ্নি সম্প্রোক্ষ্য মন্ত্রস্নানং বিদুর্বুধাঃ ॥ ২৩
ঈষৎস্পর্শে চ দৌঃস্বাস্থ্যে রাজরাষ্ট্রভয়েঽপি চ ।
অগত্যাগতিকালে চ মন্ত্রস্নানং সমাচরেৎ ॥ ২৪
প্রাতঃসূর্য্যানুবাকেন সায়মগ্ন্যনুবাকতঃ ।
অপঃ পীত্বা তথা মধ্যে পুনঃ প্রোক্ষণমাচরেৎ ॥২৫
গায়ত্র্যা জপমন্ত্রান্তে ত্রিরঙ্কং প্রাক্ নিক্ষিপেৎ
মন্ত্রেণ সহ চৈকং বৈ মধ্যেঽহ্ন্যস্ত ববোমঞ্জা ॥২৬
অথ জাতে চ সায়াহ্নে ভুবি পশ্চিমদিঙ্মুখঃ
উদ্ধৃত্য দদ্যাৎ প্রাতস্তু মধ্যাহ্নেঽর্ঘ্যং দিবিস্থিতঃ ॥২৭
অঙ্গুলীনাঞ্চ রন্ধ্রেণ লম্বং পশ্যেদ্দিবাকরম্
আত্মপ্রদক্ষিণং কৃত্বা শুদ্ধাচমনমাচরেৎ ॥ ২৮
সায়ং মুহূর্ত্তাদর্ব্বাক্ তু কৃতা সন্ধ্যা বৃথা ভবেৎ ।
অকালাৎ কাল ইত্যুক্তো দিনেঽতীতে যথাক্রমম্
দিবাতীতে চ গায়ত্রীং শতং নিত্যে ক্রমাজ্জপেৎ
আদশাহাৎ পরাতীতে গায়ত্রীং লক্ষমভ্যসেৎ ॥৩০
মাসাতীতে তু নিত্যে হি পুনশ্চোপনয়ং চরেৎ ।
ঈশো গৌরী গুহো বিষ্ণুর্ব্রহ্মা চেন্দ্রশ্চ বৈ যমঃ ॥
এবংরূপাংশ্চ বৈ দেবাংস্তর্পয়েদর্থসিদ্ধয়ে ।
ব্রহ্মার্পণং ততঃ কৃত্বা শুদ্ধাচমনমাচরেৎ ॥৩২
তীর্থদক্ষিণতঃ শস্তে মঠে মন্ত্রালয়ে বুধঃ ।
তত্র দেবালয়ে বাপি গৃহে বা নিয়তস্থলে ॥ ৩৩
সর্ব্বান দেবান নমস্কৃত্য স্থিরবুদ্ধিঃ স্থিরাসনঃ ।
প্রণবং পূর্ব্বমভ্যস্য গায়ত্রীমভ্যসেৎ ততঃ ॥ ৩৪
জীবব্রহ্মৈক্যবিষয়ং বুদ্ধ্যা প্রণবমভ্যসেৎ
ত্রৈলোক্যসৃষ্টিকর্ত্তারং স্থিতিকর্ত্তারমচ্যুতম্ ॥ ৩৫
সংহর্ত্তারং তথা রুদ্রং স্বপ্রকাশমুপাস্মহে ।
জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণাঞ্চ মনোবৃত্তীর্ধিয়স্তথা ॥ ৩৬
ভোগমোক্ষপ্রদে ধর্ম্মে জ্ঞানে চ প্রেরয়েৎ সদা
ইত্যমর্থং ধিয়া ধ্যায়ন্ ব্রহ্ম প্রাপ্নোতি নিশ্চয়ঃ ॥ ৩৭

এবং হৃদয়, পাদ ও মস্তকে যে প্রোক্ষণ, পণ্ডিতগণ তাহাকে মন্ত্রস্নান বলিয়া নির্দ্দেশ করেন। সাধারণ অমেধ্য-বস্তুর স্পর্শে, শরীরের অসুস্থতাতে, রাজভয়ে, রাষ্ট্রভয়ে এবং পথগমনকালে অগত্যা ঐরূপ মন্ত্রস্নান করিবে ১৩—২৪ সন্ধ্যাবন্দন মধ্যে প্রাতঃকালে "সূর্য্যশ্চ মামন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রের ও সায়ংকালে "অগ্নিশ্চ মামন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রের পাঠান্তে আচমন করিয়া পুনরায় পূর্ব্ববৎ মার্জ্জন করিতে হয়। হে দ্বিজগণ! প্রাতঃকালে গায়ত্রী-জপের পর উক্ত মন্ত্রত্রয়, মধ্যাহ্নে মধ্যভাগে একবার এবং সায়ংকালে পশ্চিমাস্য হইয়া জলোত্তোলনপূর্ব্বক ভূমিতে একবার সূর্য্য উদ্দেশে সমন্ত্রক অর্ঘ্যদান করিবে। প্রাতঃকাল ও মধ্যাহ্নকালে দেবতীর্থ ও সায়ংকালে অঙ্গুলি-নিচয়ের রন্ধ্র দ্বারা গগন-বিলম্বী দিবাকরকে অবলোকনপূর্ব্বক আত্ম-প্রদক্ষিণ করিয়া শুদ্ধাচমন করিবে। মুহূর্ত্তা-ত্মক সায়ংকালের পূর্ব্বে সায়ংসন্ধ্যা করিলে, অকালে করণ নিবন্ধন তাহা নিষ্ফল হয়; কারণ, যথাকালেই তাহার বিধি আছে। আর একদিন সন্ধ্যাবন্দনরূপ নিত্যকর্ম্মের বাধ হইলে পরদিন যথাক্রমে শত গায়ত্রীজপ ও দশদিন অতীত হইলে, লক্ষ গায়ত্রী জপ করিবে। আর একমাস অতীত হইলে পুনরায় উপনয়ন লাভ করিবে। মানবগণ অভিলষিত-সিদ্ধির জন্য জল দ্বারা মহেশ্বর, গৌরী, কার্ত্তিকেয়, বিষ্ণু, ব্রহ্মা, ইন্দ্র ও যমরাজের তর্পণ করিবে। পরে ব্রহ্মে কর্ম্মফল অর্পণ করিয়া আচমন করিবে। জ্ঞানিব্যক্তি তীর্থের দক্ষিণস্থ প্রশস্ত মঠ, মন্ত্রালয়, প্রসিদ্ধ দেবালয়, গৃহ বা নিয়মিত স্থানে স্থিরমতি ও স্থিরাসন হইয়া সমুদয় দেবগণকে প্রণাম-পূর্ব্বক প্রণব উচ্চারণ করত গায়ত্রী জপ করিবে। জীব-ব্রহ্মের অভেদ জ্ঞান করিয়া উক্ত প্রণব উচ্চারণ করিতে হয় এবং গায়ত্রী জপকালে এইরূপ চিন্তা করিবে যে, "যাহারা জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় হইতে আমাদিগের মনোবৃত্তি ও বুদ্ধিকে নিরন্তর ভোগ-মোক্ষপ্রদ ধর্ম্ম এবং জ্ঞানমার্গে প্রেরণ করিতেছেন, সেই ত্রিলোকীর সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, পালনকর্ত্তা নারায়ণ ও সংহারকারী রুদ্রদেবকে উপাসনা করি।" গায়ত্রীর এবংবিধ অর্থ মনোমধ্যে চিন্তা করত জপ করিলে নিশ্চয়ই ব্রহ্মলাভ

কেবলং বা জপেন্নিত্যং ব্রাহ্মণাস্থ চ পূর্ত্তয়ে।
সহস্রমভ্যসেন্নিত্যং প্রাতর্ব্রাহ্মণপুঙ্গবঃ ॥ ৩৮
অন্যেষাঞ্চ যথাশক্তি মধ্যাহ্ণে চ শতং জপেৎ।
সায়ং দ্বিদশকং জ্ঞেয়ং শিখাষ্টকসমন্বিতম্ ॥ ৩৯
মূলাধারং সমারভ্য দ্বাদশান্তস্থিতাংস্তথা।
বিদ্যেশব্রহ্মবিষ্ণ্বীশ-জীবাত্মপরমেশ্বরান্ ॥ ৪০
ব্রহ্মবুদ্ধ্যা তদৈক্যঞ্চ সোঽহং ভাবনয়া জপেৎ।
তানেব ব্রহ্মরন্ধ্রাদৌ কায়বাহ্যে চ ভাবয়েৎ ॥ ৪১
মহত্ত্বং সমারভ্য শরীরঞ্চ সহস্রকম্
একৈকস্মাজ্জপাদেকমতিক্রম্য শনৈঃ শনৈঃ ॥৪২
পরস্মিন্ যোজয়েজ্জীবং জপতত্ত্বমুদাহৃতম্
শতদ্বিশতকং দেহং শিখাষ্টকসমন্বিতম্ ॥ ৪৩
মন্ত্রাণাং জপ এবং হি জপমাদিক্রমাদ্বিদুঃ।
সহস্রং ব্রহ্মদং বিদ্যাচ্ছতমৈন্দ্রং প্রদং বিদুঃ ॥ ৪৪
ইতরং ত্বাত্মরক্ষার্থং ব্রহ্মযোনিষু জায়তে।
দিবাকরমুপস্থায় নিত্যমিত্থং সমাচরেৎ ॥ ৪৫
লক্ষদ্বাদশযুক্তস্তু পূর্ণব্রাহ্মণ ঈরিতঃ।
গায়ত্র্যা লক্ষহীনস্তু বেদকার্য্যে ন যোজয়েৎ ॥ ৪৬
আ সপ্ততেস্তু নিয়মং পশ্চাৎ প্রব্রাজনং চরেৎ।
প্রাতর্দ্বাদশসাহস্রং প্রব্রাজী প্রণবং জপেৎ ॥ ৪৭
দিনে দিনে ত্বতিক্রান্তে নিত্যমেবং ক্রমাজ্জপেৎ
মাসাদৌ ক্রমশোঽতীতে সার্দ্ধলক্ষজপেন হি ॥৪৮
অত ঊর্দ্ধমতিক্রান্তে পুনঃ প্রৈষং সমাচরেৎ।
এবং কৃতে দোষশান্তিরন্যথা রৌরবং ব্রজেৎ ॥৪৯
ধর্ম্মার্থয়োস্ততো যত্নং কুর্য্যাৎ কামী ন চেতরঃ।
ব্রাহ্মণো মুক্তিকামঃ স্যাদ্ব্রহ্মজ্ঞানং সদাভ্যসেৎ
ধর্ম্মাদর্থোঽর্থতো ভোগো ভোগাদ্বৈরাগ্যসম্ভবঃ।
ধর্ম্মার্জ্জিতার্থভোগেন বৈরাগ্যমুপজায়তে ॥ ৫১

হইয়া থাকে ২৭—৩৭। আর রক্ষণার্থীর জন্য এতদপেক্ষা অর্থদান না করিয়াও জপ করিতে পারে। ব্রাহ্মণপুঙ্গবের প্রত্যহ প্রাতঃকালে অষ্টাধিক সহস্র, মধ্যাহ্ণে অষ্টাধিক শত এবং সায়াহ্ণে অষ্টাধিক দ্বিশত গায়ত্রী জপ করা কর্ত্তব্য। আর অন্যান্য ব্যক্তির পক্ষে সাধ্যানুসারে জপের আবশ্যকতা। মূলাধার প্রভৃতি ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত ষট্‌চক্রে যথাক্রমে অবস্থিত বিদ্যেশ্বর, ব্রহ্মা, বিষ্ণু, ঈশ জীবাত্মা ও পরমাত্মাতে ব্রহ্মবোধে অভেদ জ্ঞান ও "সোঽহং" এইরূপ ভাবনা করত উক্ত জপ করিতে হইবে। উল্লিখিত বিদ্যেশ্বরাদি দেবগণকে ব্রহ্মরন্ধ্রাদিতে ও শরীরের বহির্দ্দেশে ভাবনা করত এক একবার জপ দ্বারা মহত্তত্ত্ব প্রভৃতি অনন্ত শরীরের এক একটীকে অতিক্রমপূর্ব্বক ক্রমে ক্রমে পরমাত্মাতে জীবাত্মার সম্মিলন সাধিত করিতে হয়। এইরূপ জপতত্ত্ব কথিত হইয়াছে। অষ্টাধিক শত ও দ্বিশত প্রভৃতি জপসংখ্যাবিশেষই ঐ জপতত্ত্বের দেহস্বরূপ। যে কোন প্রকার মন্ত্র জপ করিতে গেলেই এতাদৃশ ক্রমের আবশ্যক, ইহা বিদ্বদ্গণ বলিয়া থাকেন। সহস্র জপে ব্রহ্মলোক ও শতজপে ইন্দ্রলোকপ্রাপ্তি এবং দ্বিশতাদি জপে আত্মরক্ষা ও ব্রাহ্মণকুলে জন্ম লাভ হইয়া থাকে। প্রতিদিন অগ্রে দিবাকরকে অর্চ্চনা করিয়া জপকার্য্যের অনুষ্ঠান করিবে। যিনি এইরূপ দ্বাদশলক্ষ জপ করেন, তিনিই সম্পূর্ণ ব্রাহ্মণ-পদবাচ্য, আর যে ব্যক্তি লক্ষ গায়ত্রী জপ না করিয়াছে, তাহাকে বৈদিক কার্য্যে নিয়োজিত করা অবিধি। মানবগণের উক্ত নিয়ম সপ্ততিবর্ষ পর্য্যন্তই বিহিত। সপ্ততিবর্ষ অতীত হইলে সন্ন্যাসাশ্রম গ্রহণ করা কর্ত্তব্য। সন্ন্যাসী ব্যক্তির, প্রতিদিন প্রাতঃকালে দ্বাদশ সহস্র প্রণব জপ করা কর্ত্তব্য; কিন্তু এক এক দিন পতিত হইলে দ্বাদশ সহস্র ও মাসাদি অতিক্রান্ত হইলে সার্দ্ধলক্ষ জপরূপ প্রায়শ্চিত্ত দ্বারা অপরাধ জনিত পাপের শান্তি করিতে হয়, নতুবা রৌরব নরকে অবস্থিতি হইয়া থাকে। আর যদি পূর্ব্বোক্তের অধিককাল জপের বাধ হয়, তাহা হইলে পুনর্ব্বার সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতে হইবে ৩৮—৪৯। যতি ব্যতীত সকলেরই ধর্ম্ম ও অর্থের প্রতি অনুরাগী হওয়া বিধেয়। ব্রাহ্মণ মুক্তিবাসনায় নিরন্তর ব্রহ্মজ্ঞান অভ্যাস করিবেন, ধর্ম্ম হইতে যে অর্থ ও সেই অর্থ হইতে যে ভোগ লাভ হয়, তাহা হইতেই বৈরাগ্যের উৎপত্তি

বিপরীতার্থভোগেন রাগ এব প্রজায়তে।
ধর্ম্মশ্চ দ্বিবিধঃ প্রোক্তো দ্রব্য-দেহদ্বয়েন চ॥ ৫২
দ্রব্যমিজ্যাদিরূপং স্যাৎ তীর্থস্নানাদি দৈহিকম্
ধনেন ধনমাপ্নোতি তপসা দিব্যরূপতাম্॥ ৫৩
নিষ্কামঃ শুদ্ধিমাপ্নোতি শুদ্ধ্যা জ্ঞানং ন সংশয়ঃ।
কৃতাদৌ হি তপঃ শ্লাঘ্যং দ্রব্যধর্ম্মঃ কলৌ যুগে॥
কৃতে ধ্যানাজ্জ্ঞানসিদ্ধিস্ত্রেতায়াং তপসা তথা।
দ্বাপরে যজনাজ্জ্ঞানং প্রতিমাপূজয়া কলৌ॥ ৫৫
যাদৃশং পুণ্যং পাপং বা তাদৃশং ফলমেব হি।
দ্রব্য-দেহাঙ্গভেদেন স্থান-বৃদ্ধি-ক্ষয়াদিকম্॥ ৫৬
অধর্ম্মো হিংসিকারূপো ধর্ম্মস্তু সুখরূপকঃ।
অধর্ম্মাদ্দুঃখমাপ্নোতি ধর্ম্মাৎ সুখমেব তু॥ ৫৭
বিদ্যাদ্দুর্বৃত্তিতো দুঃখং সুখং বিদ্যাৎ সুবৃত্তিতঃ।
ধর্ম্মার্জ্জনমতঃ কুর্য্যাদ্ভোগ-মোক্ষপ্রসিদ্ধয়ে॥ ৫
সকুটুম্বস্য বিপ্রস্য চতুর্জ্জনযুতস্য চ।
শতবর্ষস্য বৃত্তিস্তু দদ্যাৎ তদ্ব্রহ্মলোকদম্॥ ৫
চান্দ্রায়ণসহস্রস্তু ব্রহ্মলোকপ্রদং বিদুঃ।
সহস্রস্য কুটুম্বস্য প্রতিষ্ঠাং ক্ষত্রিয়শ্চরেৎ॥ ৬
ইন্দ্রলোকপ্রদং বিদ্যাদযুতং ব্রহ্মলোকদম্।
যাং দেবতাং পুরস্কৃত্য দানমাচরতে নরঃ॥ ৬১
তত্তল্লোকমবাপ্নোতি ইতি বেদবিদো বিদুঃ।
অর্থহীনঃ সদা কুর্য্যাৎ তপসামর্জ্জনং তথা॥ ৬
তীর্থাচ্চ তপসা প্রাপ্যং সুখমক্ষয়মশ্নুতে।
অর্থার্জ্জনমথো বক্ষ্যে ন্যায়তঃ সুসমাহিতঃ॥ ৬
কৃতাৎ প্রতিগ্রহাচ্চৈব যাজনাচ্চ বিশুদ্ধতঃ
অদৈন্যাদনতিক্লেশাদ্ব্রাহ্মণো ধনমর্জ্জয়েৎ॥ ৬৩
ক্ষত্রিয়ো বাহুবীর্য্যেণ কৃষিগোরক্ষণাদ্বিশঃ।
ন্যায়ার্জ্জিতস্য বিত্তস্য দানাৎ সিদ্ধিং সমশ্নুতে॥ ৬৪

হইয়া থাকে। আর অধর্ম্মাচরণোপার্জ্জিত অর্থ হইতে যে ভোগপ্রাপ্তি হয়, তাহার বৈরাগ্যের পরিবর্ত্তে বিষয়ানুরাগই বর্দ্ধিত হইতে থাকে। পূর্ব্বোক্ত ধর্ম্ম—দ্রব্য ও দেহ সম্বন্ধ-বশে দ্বিবিধ বলিয়া পরিগণিত। তন্মধ্যে যাগাদিরূপ ধর্ম্ম-কার্য্য দ্রব্যজনিত ও তীর্থ-স্নানাদিরূপ ধর্ম্ম-কার্য্য দৈহিক বলিয়া নির্দ্দিষ্ট। ঐ ধর্ম্মকার্য্য দ্বারা ধন ও তপস্যা দ্বারা দিব্যরূপত্ব লাভ হইয়া থাকে। যে ব্যক্তি নিষ্কাম হইয়া কার্য্যানুষ্ঠান করে, তাহার প্রথমে শুদ্ধিলাভ এবং সেই চিত্তশুদ্ধি হইতেই জ্ঞানলাভ হয়, তাহাতে কিছুমাত্র সংশয় নাই। সত্যাদি যুগত্রয়ে তপোনুষ্ঠান, আর কলিযুগে দ্রব্যধর্ম্মই প্রশংসনীয়। সত্য-যুগে ধ্যানবল, ত্রেতায় তপোনুষ্ঠান, দ্বাপরে যজনকার্য্য ও কলিযুগে প্রতিমাপূজা দ্বারাই জ্ঞানলাভ হয়। পাপ-পুণ্যের সাধন দ্রব্য ও দেহ দ্বারা যাদৃশ পাপ বা পুণ্যসঞ্চয় করা যায়, তাহাতে বৃদ্ধি-ক্ষয়াদি বিকারশূন্য তাদৃশ ফলই লাভ হইয়া থাকে। এই ভূমণ্ডলে অবৈধ কুৎসিত হিংসা হইতে অধর্ম্ম ও সুখকর যাগ-যজ্ঞাদি হইতে ধর্ম্মের উৎপত্তি হয়; তন্মধ্যে অধর্ম্ম হইতে দুঃখ ও ধর্ম্ম হইতে সুখলাভ হইয়া থাকে। এইরূপ দুর্ব্বৃত্তি ও সুবৃত্তি যথাক্রমে দুঃখ ও সুখের সম্পাদক বলিয়া প্রসিদ্ধ আছে। মানব এই কারণেই নিরন্তর ভোগ-মোক্ষপ্রদ ধর্ম্ম-কার্য্যের অনুষ্ঠানেই ব্যাপৃত থাকিবে। যে ব্রাহ্মণের বহুতর পরিবারবর্গ বা যাহার অনেক আত্মীয় আছে, তাহাকে শতবর্ষ-ব্যাপিনী বৃত্তি দান করিলে ব্রহ্মলোক লাভ হইয়া থাকে এবং পণ্ডিতগণ সহস্র চান্দ্রায়ণকেও ব্রহ্মলোক-প্রদ বলিয়া নির্দ্দেশ করেন। যে ক্ষত্রিয় সহস্র কুটুম্বের ভরণ পোষণ করে, তাহার ইন্দ্রলোক ও যে অযুত কুটুম্বের প্রতিষ্ঠাকারী, তাহার ব্রহ্মলোক লাভ হয়, বেদবিদ্গণ বলিয়া থাকেন। মানব যে দেবতার সম্মুখে দান করে, তাহার সেই দেবলোকেই গমন হইয়া থাকে। যে ব্যক্তি অর্থহীন, সে তপোনুষ্ঠানেই ধর্ম্মার্জ্জন করিবে। তীর্থস্থান হইতে তপস্যা দ্বারা যে সুখলাভ হয়, তাহার আর ক্ষয় হয় না। এক্ষণে ন্যায়সঙ্গত অর্থোপার্জ্জনের বিষয় বলিতেছি, শ্রবণ করুন ৫০—৬১। ব্রাহ্মণ দৈন্যজ্ঞাপন না করিয়া সৎপ্রতিগ্রহ বা অনতিক্লেশে যাজন কার্য্য দ্বারা ধন উপার্জ্জন করিবে এবং ক্ষত্রিয়ের বাহুবীর্য্যে ও বৈশ্যের কৃষি-গোরক্ষাদি-কার্য্যে অর্থোপার্জ্জন বিধেয়। এই প্রকার ন্যায়োপার্জ্জিত ধনের দান

ন বদেৎ সর্ব্বজন্তূনাং হৃদি রোষকরং বুধঃ।
সন্ধ্যয়োরগ্নিকার্য্যঞ্চ কুর্য্যাদৈশ্বর্য্যসিদ্ধয়ে ॥ ৮০
অশক্তস্ত্বেককালে বা অগ্ন্যর্কৌ চ যথাবিধি
তণ্ডুলং ধান্যমাজ্যং বা ফলং কন্দং হবিস্তথা ॥৮১
স্থালীপাকং তথা কুর্য্যাদ্‌যথান্যায়ং যথাবিধি।
প্রধানহোমমাত্রং বা হব্যাভাবে সমাচরেৎ ॥৮২
নিত্যসন্ধানমিত্যুক্তং তমজস্রং বিদুর্ব্বুধাঃ।
অথবা জপমাত্রং বা সূর্য্যবন্দনমেব চ ॥ ৮৩
এবমাত্মার্থিনঃ কুর্য্যুরর্থার্থী চ যথাবিধি।
ব্রহ্মযজ্ঞরতা নিত্যং দেবপূজারতাস্তথা ॥ ৮৪
অগ্নিপূজাপরা নিত্যং গুরুপূজারতাস্তথা
ব্রাহ্মণানাং তৃপ্তিকরাঃ সর্ব্বে স্বর্গস্য ভাগিনঃ ॥ ৮৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহি-
তায়াং বিবিধদানবিবরণং নামৈকা
দশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

করিবে না এবং যে কোন জীবের হৃদয়সন্তাপ কর বাক্য-প্রয়োগ পণ্ডিতের পক্ষে নিতান্ত অকর্তব্য। সাধক যথাবিধি তণ্ডুল, ধান্য, ঘৃত, ফল, কন্দ, হবিঃ ও স্থালীপাক অন্ন এই সকল হোমীয় দ্রব্য সংগ্রহ করত ঐশ্বর্য্য-সিদ্ধির জন্য প্রাতঃকাল ও সায়ংকালে কিংবা অশক্তিনিবন্ধন এক কালেও যথাশাস্ত্র হোম এবং সূর্য্য ও অগ্নির আরাধনা করিবে। অথবা হব্যের অভাব হইলে মাত্র প্রধান হোমও করিতে পারে। বুধগণ সদাসংস্থিত ঐ অগ্নিকে 'অজস্র' বলিয়া কীর্তন করিয়াছেন। উপাসকগণ অশক্তিবশতঃ কেবল হোমমন্ত্রের জপ বা সূর্য্যের বন্দনও করিতে পারে। কিন্তু আমি যে বিধি বলিলাম, এরূপ কার্য্য আত্মার্থী ব্যক্তিগণই করিবেন। আর যে অর্থার্থী, তাহাকে যথাবিধি করিতে হইবে। যে সকল মানব নিত্য ব্রহ্মযজ্ঞ, দেবপূজা, অগ্নিবন্দন, গুরুর অর্চনা এবং প্রতিদিন ব্রাহ্মণগণের তৃপ্তিসাধন করিয়া থাকেন, তাহারা স্বর্গবাসে সক্ষম হন। ৭৪—৮৫।

একাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

অগ্নিযজ্ঞং দেবযজ্ঞং ব্রহ্মযজ্ঞং তথৈব চ।
গুরুপূজাং ব্রহ্মতৃপ্তিং ক্রমেণ ব্রূহি নঃ প্রভো ॥১

সূত উবাচ।

অগ্নৌ জুহোতি যদ্দ্রব্যমগ্নিযজ্ঞঃ স উচ্যতে।
ব্রহ্মচর্য্যাশ্রমস্থানাং সমিদাধানমেব হি ॥ ২
সমিদগ্নৌ ব্রতাদ্যঞ্চ বিশেষযজনাদিকম্।
প্রথমাশ্রমিণামেবং যাবদৌপাসনং দ্বিজাঃ ॥ ৩
আত্মন্যারোপিতাগ্নীনাং বনিনাং যতিনাং দ্বিজাঃ।
হিতঞ্চ মিতমেধ্যান্নং স্বকালে ভোজনং হুতিঃ ॥ ৪
ঔপাসনাগ্নিসন্ধানং সমারভ্য সুরক্ষিতম্।
কুণ্ডে বাপ্যথ ভাণ্ডে বা তদজস্রং সমাহিতম্ ॥ ৫
অগ্নিমাত্মন্যরণ্যাং বা রাজদৈববশাদ্ধ্রুবম্।
অগ্নিত্যাগভয়াদ্যত্তৎ সমারোপিতমুচ্যতে ॥ ৬
সন্ধ্যাকর্ত্রী তথা দেয়া সায়মগ্ন্যাহুতির্দ্বিজাঃ

দ্বাদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে প্রভো! এক্ষণে ক্রমে অগ্নিযজ্ঞ, দেবযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, গুরুপূজা ও ব্রহ্মতৃপ্তি বিষয় কীর্তন কর। সূত বলিলেন, তপোধনগণ! অগ্নিতে তণ্ডুলাদির যে আহুতি দান তাহাকেই অগ্নিযজ্ঞ বলে। আশ্রমী ব্রহ্মচর্য্যাশ্রমীদিগের পক্ষে জাতাগ্নিতে সমিৎ প্রক্ষেপই অগ্নিযজ্ঞ। দ্বিজগণ! ব্রহ্মচারিগণের সমাবর্তন পর্য্যন্ত পূর্ব্বোক্ত সমিৎসংরক্ষিত জাতাগ্নিতেই ব্রতাদি ও বিশেষ যজনাদি সম্পাদন করাই নিষ্পন্ন হয় এবং আত্মাতে অগ্নি সমারোপণকারী বানপ্রস্থাশ্রমী ও যতিগণের যথাসময়ে পরিমিত ও পবিত্র অন্নের ভোজনই হোম বলিয়া নির্দ্দিষ্ট। নিত্যহোমার্থ কুণ্ডমধ্যে অথবা ভাণ্ডমধ্যে সুরক্ষিত সমাবর্তনাগ্নিকে মনীষিগণ 'অজস্র' নামে অভিহিত করিয়াছেন। রাজোপদ্রব বা দৈবব্যাঘাতবশতঃ অগ্নিত্যাগ ভয়ে আত্মাতে ও অরণিতে সংস্থাপিত যে অগ্নি, তাহাকে 'সমারোপিত' কহে। দ্বিজগণ! সায়ংকালে অগ্নিতে আহুতি দান করি

তত্তন্মন্ত্রজপো হোমো দানঞ্চৈব তপস্তথা ॥ ২৩
স্থণ্ডিলে প্রতিমায়াঞ্চ হুতৌ ব্রাহ্মণবিগ্রহে ।
সমারাধনমিত্যেবং ষোড়শৈরুপচারকৈঃ ॥ ২৪
উত্তরোত্তরবৈশিষ্ট্যাং পূর্ব্বাভাবে তথোত্তরম্ ।
নেত্রয়োঃ শিরসো রোগে তথা কুষ্ঠস্ত শান্তয়ে ॥২৫
আদিত্যং পূজয়িত্বা তু ব্রাহ্মণান্ ভোজয়েৎ ততঃ
দিনং মাসং তথা বর্ষং বর্ষত্রয়মথাপি বা ॥ ২৬
প্রারব্ধং প্রবলঞ্চেৎ স্থান্নশেদোগজরাদিকম্
জপাদ্যমিষ্টদেবস্ত বারাদীনাং ফলং বিদুঃ ॥ ২৭
পাপশান্তিবিশেষেণ হ্যাদিবারে নিবেদয়েৎ ।
আদিত্যাদ্যৈব দেবানাং ব্রাহ্মণানাং বিশিষ্টদম্ ॥২৮
সোমবারে চ লক্ষ্ম্যাদীন সম্পদর্থং যজেদ্বুধঃ ।
আজ্যান্নেন তথা বিপ্রান্ সপত্নীকাংশ্চ ভোজয়েৎ
কাল্যাদীন ভৌমবারে তু যজেদ্রোগপ্রশান্তয়ে ।
মাসমুদ্গাঢ়কান্নেনং ব্রাহ্মণাংশ্চৈব ভোজয়েৎ ॥
সৌম্যবারে তথা বিষ্ণুং দধ্যন্নেন যজেদ্বুধঃ ।
পুত্র-মিত্র-কলত্রাদি-পুষ্টির্ভবতি সর্ব্বদা ॥ ৩১
আয়ুষ্কামো গুরোর্বারে দেবানাং পুষ্টিসিদ্ধয়ে ।
উপবীতেন বস্ত্রেণ ক্ষীরাজ্যেন যজেদ্বুধঃ ॥ ৩২
ভোগার্থং ভৃগুবারে তু যজেদ্দেবান সমাহিতঃ ।
ষড়্রসোপেতমন্নঞ্চ দদ্যাদ্ব্রাহ্মণতৃপ্তয়ে ॥ ৩৩
স্ত্রীণাঞ্চ তৃপ্তয়ে তদ্বদ্দেয়ং বস্ত্রাদিকং শুভম্ ।
অপমৃত্যুহরে মন্দে রুদ্রাদীংশ্চ যজেদ্বুধঃ ॥ ৩৪
তিলহোমেন দানেন তিলান্নেন চ ভোজয়েৎ ।
ইত্থং যজেচ্চ বিবুধানারোগ্যাদিফলং লভেৎ ॥৩৫
দেবানাং নিত্যযজনে বিশেষযজনেঽপি চ ।
স্নানে দানে জপে হোমে ব্রাহ্মণানাঞ্চ তর্পণে । ৩৬
তিথি-নক্ষত্র-যোগে চ তত্তদ্দেবপ্রপূজনে ।
আদিবারাদিবারেষু সর্ব্বজ্ঞো জগদীশ্বরঃ ॥ ৩৭
তত্তদ্রূপেণ সর্ব্বেষামারোগ্যাদিফলপ্রদঃ ।

প্রীত্যর্থে তত্তন্মন্ত্রের জপ, হোম, দান, তপস্যা স্থণ্ডিল, প্রতিমা, অগ্নি, কিংবা ব্রাহ্মণশরীরে ষোড়শোপচারে আরাধনা, এই পঞ্চবিধ পূজা বিহিত করিয়াছেন। তন্মধ্যে উত্তরোত্তর হইতে পূর্ব্ব পূর্ব্ব প্রকার ফলজনক বলিয়া পূর্ব্ব-বিধিতে অসামর্থ্য হইলেই পর প্রকারে প্রবৃত্ত হইবে। মানব নেত্ররোগ, শিরোরোগ ও কুষ্ঠব্যাধির শান্তির নিমিত্ত একদিন, একমাস, একবর্ষ কিংবা প্রাক্তন দুরদৃষ্ট যদি নিরতিশয় বলবৎ হয়, তবে ত্রিবর্ষকাল প্রত্যহ আদিত্য-দেবকে অর্চ্চনাপূর্ব্বক বহুল ব্রাহ্মণকে ভোজন করাইবে ; তাহা হইলে রোগ ও জরাদি সকল বিনষ্ট হইয়া থাকে। মনীষিগণ বলিয়াছেন, তত্তৎবারে অভীষ্ট দেবতার জপাদি-কার্য্য করিলে তাহা তত্তদ্বারফলের সম্পাদক হয়। মানবগণ বিশেষ যত্নসহকারে উত্তমোত্তম বস্তু সকল রবিবারে আদিত্যাদি দেবতা ও ব্রাহ্মণ-গণকে অর্পণ করিলে, তাহাদিগের সমুদয় পাপের শান্তি হইয়া থাকে। জ্ঞানী ব্যক্তি সম্পদ্ নিমিত্ত সোমবারে লক্ষ্ম্যাদিকে অর্চ্চনাপূর্ব্বক আজ্যান্ন দ্বারা সস্ত্রীক বিপ্রসমূহকে ভোজন করাইবে। যে মানব রোগশান্তির কামনা করে, তাহার মঙ্গলবারে কালী প্রভৃতি দেবতাকে পূজা করিয়া আঢ়ক-পরিমিত মাষমুদ্গান্নে ব্রাহ্মণগণকে পরিতৃপ্ত করা কর্ত্তব্য। যে ব্যক্তি বুধবারে দধ্যন্ন-দানে বিষ্ণুর আরাধনা করে, তাহার সর্ব্বদা পুত্র, মিত্র ও কলত্রাদির পুষ্টি হইতে থাকে। বিচক্ষণ ব্যক্তি আয়ুষ্কাম হইলে পুষ্টিসিদ্ধির নিমিত্ত উপবীত, বস্ত্র, ক্ষীর ও আজ্য দ্বারা বৃহস্পতিবারে দেবগণকে পূজা করিবে এবং ভোগার্থী হইলে শুক্রবারে সমাহিতচিত্তে ঐরূপ দেবগণের অর্চ্চনা, ষড়্রসযুক্ত অন্নদানে দ্বিজ-গণের তৃপ্তিসম্পাদন ও উৎকৃষ্ট বস্ত্রাদি দ্বারা রমণীদিগকে পরিতৃপ্ত করা আবশ্যক। আর যে মানব অপমৃত্যু হরণে অভিলাষী, সে শনি-বারে রুদ্রাদি দেবতার পূজা, তিলহোম, তিল দান ও তিলান্নদানে ব্রাহ্মণগণের সেবা দ্বারা করিবে। যে ব্যক্তি এইরূপে দেবগণের আরা-ধনা করেন, তিনি আরোগ্যাদি ফললাভে সমর্থ হইতে পারেন। ২২—৩৫। নিত্য দেবপূজা কিংবা একদা সমধিক পূজা এবং স্নান, দান, জপ, হোম, দ্বিজগণের সন্তোষসাধন, আর তিথি নক্ষত্রযোগে ও আদিত্যাদিবারে আদিত্যাদি অর্চ্চনা করিলে, সেই সর্ব্বজ্ঞ জগদীশ্বর তত্তদ্

গঙ্গা গোদাবরী চৈব কাবেরী তাম্রপর্ণিকা ॥ ৪
সিন্ধুশ্চ সরযূ রেবা সপ্তগঙ্গাঃ প্রকীর্ত্তিতাঃ।
অতোঽব্ধিতীরং দশ চ পর্ব্বতাগ্রে ততো দশ ॥ ৫
সর্ব্বস্মাদধিকং জ্ঞেয়ং যত্র বা রোচতে মনঃ।
কৃতে পূর্ণফলং জ্ঞেয়ং যজ্ঞদানাদিকং তথা ॥ ৬
ত্রেতাযুগে ত্রিপাদঞ্চ দ্বাপরেঽর্দ্ধং সদা স্মৃতম্।
কলৌ পাদন্তু বিজ্ঞেয়ং তৎপাদোনং ততোঽধিকে
শুদ্ধাত্মনঃ শুদ্ধদিনং পুণ্যং সমফলং বিদুঃ।
তস্মাদ্দশগুণং জ্ঞেয়ং রবিসংক্রমণে বুধাঃ ॥ ৮
বিষুবে তদ্দশগুণময়নে তদ্দশ স্মৃতম্।
তদ্দশ মৃগসংক্রান্তৌ তচ্চন্দ্রগ্রহণে দশ ॥ ৯
ততশ্চ সূর্য্যগ্রহণে পূর্ণং কালোত্তমে বিদুঃ
জগদ্রূপস্য সূর্য্যস্য বিষযোগাচ্চ রোগদম্ ॥ ১০
অতস্তদ্বিষশান্ত্যর্থং স্নান-দান-জপাংশ্চরেৎ
বিষশান্ত্যর্থকালত্বাৎ স কালঃ পুণ্যদঃ স্মৃতঃ ॥ ১১
জন্মর্ক্ষে চ ব্রতান্তে চ সূর্য্যরাগোপমং বিদুঃ

মহতাং সঙ্গকালশ্চ কোট্যর্কগ্রহণং বিদুঃ ॥ ১২
তপোনিষ্ঠা জ্ঞাননিষ্ঠা যোগিনো যতয়স্তথা।
পূজায়াঃ পাত্রমেতে হি পাপসংক্ষয়কারণম্ ॥
চতুর্ব্বিংশতিলক্ষং বা গায়ত্র্যা জপসংযুতঃ।
ব্রাহ্মণশ্চ ভবেৎ পাত্রং সম্পূর্ণফলভোগদম্ ॥
পতনাৎ ত্রায়ত ইতি পাত্রং শাস্ত্রে প্রযুজ্যতে
দাতুশ্চ পাতকাৎ ত্রাণাৎ পাত্রমিত্যভিধীয়তে ॥
গায়কং ত্রায়তে পাতাদ্গায়ত্রীত্যুচ্যতে হি সা
যথার্থহীনো লোকেঽস্মিন্ পরস্যার্থং ন যচ্ছতি
অর্থবানিহ যো লোকে পরস্যার্থং প্রযচ্ছতি।
স্বয়ং শুদ্ধো হি পূতাত্মা নরান্ সন্ত্রাতুমর্হতি।
গায়ত্রীজপশুদ্ধো হি শুদ্ধব্রাহ্মণ উচ্যতে
তস্মাদ্দানে জপে হোমে পূজায়াং সর্ব্বকর্ম্মণি
দানং কর্ত্তুং তথা ত্রাতুং পাত্রন্তু ব্রাহ্মণোঽর্হ

জানিবেন। গঙ্গা, গোদাবরী, কাবেরী, তাম্রপর্ণিকা, সিন্ধু ও সরযূ এই সপ্ত নদীই সপ্তগঙ্গা বলিয়া প্রসিদ্ধ। আবার এই সপ্তগঙ্গা অপেক্ষা সমুদ্রতীর ও তদপেক্ষা পর্ব্বতাগ্র দশগুণ অধিক ফলজনক এবং যে স্থলে কার্য্য করিতে সম্পূর্ণ অভিরুচি হয়, তাহা পূর্ব্বোক্ত সর্ব্বাপেক্ষা অধিক ফলদায়ক সত্যযুগে যজ্ঞ-দানাদি কার্য্যের পূর্ণফল, ত্রেতায় ত্রিভাগ, দ্বাপরে অর্দ্ধ, কলিতে একপাদ এবং কলির কিয়দ্দিন গত হইলে সেই একপাদ ফলেরও একপাদ হীন হইয়া থাকে পণ্ডিতগণ বলেন, শুদ্ধাত্মা ব্যক্তি শুদ্ধদিনে পুণ্যকার্য্য করিলে সমান ফল, রবিসংক্রমণে দশগুণ অধিক এবং বিষুব সংক্রান্তিতে, অয়নসংক্রান্তিতে, মকর-সংক্রান্তিতে ও চন্দ্রগ্রহণে ক্রমে ক্রমে দশগুণ অতিরিক্ত ফললাভ করে; আর কালোত্তম সূর্য্যগ্রহণে সম্পূর্ণ ফল জানিবেন। জগদাত্মা সূর্য্যদেবের রাহুগ্রাসরূপ বিষযোগ সকলেরই রোগপ্রদ, এজন্য সেই বিষশান্তির নিমিত্ত স্নান, দান ও জপাদি করা কর্ত্তব্য এবং সেই কালে বিষশান্তি

হয় বলিয়াই তাহা পুণ্যজনক ... জন্ম নক্ষত্রে ও ব্রতান্তে যে কার্য্য করা যায়, তাহা সূর্য্যগ্রহণকালীন কর্ম্মের ন্যায় ফলপ্রদ হই থাকে যে কালে মহতের সহিত সঙ্গ হ বিদ্বদ্গণ সেই কালকে কোটিসূর্য্যগ্রহণের তু বলিয়া নির্দ্দেশ করেন ১—১২ তপো জ্ঞাননিষ্ঠ যোগী এবং যতি-ব্যক্তিই যথার্থ পূ পাত্র ও পাপক্ষয়ের কারণ, অথবা যে ব্রা চতুর্ব্বিংশতি লক্ষ গায়ত্রী জপ করিয়াছে তিনিও সম্পূর্ণ ফলপ্রদ পাত্র হইয়া থাকেন দাতাকে পতন হইতে ও পাতক হইতে ত্রা করেন বলিয়াই শাস্ত্রে উঁহারা 'পাত্র' বলি কথিত এবং গায়ত্রী-গানকারীকে ত্রাণ করে এজন্য উঁহার নাম 'গায়ত্রী' হইয়াছে। যে ইহজগতে অর্থহীন ব্যক্তি অপরকে অর্থদা সমর্থ নহে, কিন্তু ধনবান্ হইলে তা সম্পাদনে সক্ষম হয়, সেইপ্রকার স্ব শুদ্ধ ও পূতাত্মা হইলেই অনায়াসে অপর ত্রাণ করিতে পারেন। যে ব্রাহ্মণ গায়ত্রী দ্বারা আত্মশুদ্ধি লাভ করিয়াছেন, তিনিই শু ব্রাহ্মণ-পদবাচ্য। সেই নিমিত্ত দান, জ হোম ও পূজাদি সমুদয় কার্য্যে ব্রাহ্মণ পাত্রই দানাদিগ্রহণে ও পরিত্রাণে সমর্থ হ

বালানাং ব্রহ্মবুদ্ধ্যা হি দেয়ং বিদ্যার্থিভির্নরৈঃ।
যূনাঞ্চ বিষ্ণুবুদ্ধ্যা হি পুত্রকামার্থিভির্নরৈঃ॥ ৩৬
বৃদ্ধানাং রুদ্রবুদ্ধ্যা হি দেয়ং জ্ঞানার্থিভির্নরৈঃ।
বালস্ত্রী ভারতীবুদ্ধ্যা বুদ্ধিকামৈর্নরোত্তমৈঃ॥ ৩৭
লক্ষ্মীবুদ্ধ্যা যুবস্ত্রীষু ভোগকামৈর্নরোত্তমৈঃ।
বৃদ্ধাসু পার্ব্বতীবুদ্ধ্যা দেয়মাত্মার্থিভির্জনৈঃ॥ ৩৮
শিলবৃত্ত্যোঞ্ছবৃত্ত্যা চ গুরুদক্ষিণয়ার্জ্জিতম্।
শুদ্ধদ্রব্যমিতি প্রাহুস্তৎ পূর্ণফলদং বিদুঃ॥ ৩৯
শুক্লপ্রতিগ্রহাদ্দত্তং মধ্যমং দ্রব্যমুচ্যতে।
কৃষি-বাণিজ্যকোপেতমধমং দ্রব্যমুচ্যতে॥ ৪০
ক্ষত্রিয়াণাং বিশাঞ্চৈব শৌর্য্যবাণিজ্যকার্জ্জিতম্॥
উত্তমং দ্রব্যমিত্যাহুঃ শূদ্রাণাং ভৃতকার্জ্জিতম্॥ ৪১
স্ত্রীণাং ধর্ম্মার্থিনাং দ্রব্যং পৈতৃকং ভর্তৃকং তথা।
গবাদীনাং দ্বাদশানাং চৈত্রাদিষু যথাক্রমম্॥ ৪২
সম্ভূয় বা পুণ্যকালে দদ্যাদিষ্টসমৃদ্ধয়ে।
গো-ভূ-তিল-হিরণ্যাজ্য-বাসো-ধান্য-গুড়ানি চ।

রৌপ্যং লবণকুষ্মাণ্ডে কন্যা দ্বাদশকং তথা।
গোদানাদ্দত্তগব্যেন গোময়েনোপকারিণা॥ ৪৪
ধনধান্যাদ্যাশ্রিতানাং দুরিতানাং নিবারণম্।
জলস্নেহাদ্যাশ্রিতানাং দুরিতানাঞ্চ গোজলৈঃ॥ ৪
কায়িকাদিত্রয়াণাঞ্চ ক্ষীরদধ্যাজ্যকৈস্তথা।
তথা তেষাঞ্চ পুষ্টিশ্চ বিজ্ঞেয়া হি বিপশ্চিতা॥ ৪
ভূদানঞ্চ প্রতিষ্ঠার্থমিহ চামুত্র চ দ্বিজাঃ।
তিলদানং বলার্থং হি সদা মৃত্যুজয়ং বিদুঃ॥ ৪৭
হিরণ্যং জাঠরাগ্নেস্তু বৃদ্ধিদং বীর্য্যদং তথা।
আজ্যং পুষ্টিকরং বিদ্যাদ্বস্ত্রমায়ুষ্করং বিদুঃ॥ ৪৮
ধান্যমন্নং সমৃদ্ধ্যর্থং মধুরাহারদং গুড়ম্।
রৌপ্যং রেতোঽভিবৃদ্ধ্যর্থং ষড়্রসার্থঞ্চ লাবণম্
সর্ব্বং সর্ব্বসমৃদ্ধ্যর্থং কুষ্মাণ্ডং পুষ্টিদং বিদুঃ।
প্রাপ্তিদং সর্ব্বভোগানামিহ চামুত্র চ দ্বিজাঃ॥
যাবজ্জীবনমুক্তং হি কন্যাদানঞ্চ ভোগদম্।
পনসাম্রকপিত্থানাং বৃক্ষাণাং ফলমেব চ॥ ৫১
কদল্যাদ্যোষধীনাঞ্চ ফলং গুল্মোদ্ভবং তথা।

পারিলে, রুদ্রলোকে আরোগ্যাদি লাভ করা যায়। ২৬—৩৫। যে সকল মানবগণ বিদ্যার্থী, তাহারা ব্রহ্মবুদ্ধিতে বালকগণকে,—যাহারা পুত্রার্থী, তাহারা বিষ্ণুবুদ্ধিতে যুবকগণকে,—যাহারা জ্ঞানার্থী, তাহারা রুদ্রবুদ্ধিতে বৃদ্ধদিগকে,—যাহারা বুদ্ধিপ্রার্থী, তাহারা সরস্বতী-বুদ্ধিতে বালিকাদিগকে—যাহারা ভোগাভিলাষী, তাহারা লক্ষ্মীবুদ্ধিতে যুবতী স্ত্রীদিগকে এবং আত্মজ্ঞানার্থী সাধু মানবগণ পার্ব্বতীজ্ঞানে বৃদ্ধা রমণীদিগকে অন্নদান করিবে। শীলবৃত্তি ও উঞ্ছ-বৃত্তি দ্বারা অর্জ্জিত যে বস্তু হইতে গুরুর প্রাপ্য দক্ষিণা দান করা হয়, সেই বস্তুই পবিত্র ও সম্পূর্ণ ফলজনক যে ধান্যাদি বস্তু দ্বিজাদি হইতে গৃহীত, তাহা মধ্যম এবং কৃষি বা বাণিজ্য-লব্ধ দ্রব্য অধম বলিয়া পরিগণিত আছে। পণ্ডিতগণ ক্ষত্রিয়ের বীরতার্জ্জিত, বৈশ্যের বাণিজ্যার্জ্জিত ও শূদ্রের বেতনলব্ধ বস্তুই উৎকৃষ্ট বলিয়াছেন। মানবগণ চৈত্রাদি বা [illegible]মাসে অভীষ্টসিদ্ধির নিমিত্ত যথাক্রমে গো, ভূমি, তিল, হিরণ্য, আজ্য, বস্ত্র, ধান্য, গুড়,

রৌপ্য, লবণ, কুষ্মাণ্ড ও কন্যা এই দ্বাদশ বস্তু দান করিবে, অথবা বসন্তকালে এই সমুদয় একত্র দান করিতে পারে। গো দান করিলে সেই গোরুর উপকারী গোময় দ্বারা ধনধান্য বিষয়ক পাপ; গোজল দ্বারা জল ও অন্য স্নেহবস্তু বিষয়ক পাপ এবং ক্ষীর দধি ও ঘৃত দ্বারা কায়িকাদি ত্রিবিধ পাপেরই শান্তি লাভ পুষ্টি লাভ হয়, ইহা জ্ঞানিগণের জ্ঞাতব্য। দ্বিজগণ! ভূমিদান-ফলে ইহকাল ও পরকালে প্রতিষ্ঠা লাভ এবং তিলদানে বল ও মৃত্যুকে জয় করা যায়, ইহা বিদ্বদ্গণ বলিয়া থাকেন। ৩৬—৪৭। হিরণ্যদানে জঠরাগ্নির বৃদ্ধি ও বল[illegible] দান, আজ্যদানে পুষ্টি, বস্ত্রদানে আয়ুবৃদ্ধি, ধান্যদানে অন্ন ও সমৃদ্ধি লাভ, গুড়দানে মধুর ভোজ্য প্রাপ্তি, রৌপ্যদানে শুক্রবৃদ্ধি, লবণদানে ষড়্বিধ র[illegible] স্বাদন, সর্ব্বপ্রকার বস্তুদানে সর্ব্বপ্রকার সম্[illegible] লাভ, কুষ্মাণ্ডদানে পুষ্টি এবং কন্যাদানে যাবজ্জী[illegible] উভয় লোকেই সর্ব্ববিধ ভোগপ্রাপ্তি হ[illegible] থাকে। পণ্ডিতগণ! পনস, আম্র, কপি[illegible] কদল্যাদ্যোষধিজাত ও গুল্মজাত ফল এবং

মাষাদীনাঞ্চ মুদ্গানাং ফলং শাকাদিকং তথা ॥ ৫২
মরীচসর্ষপাদ্যানাং শাকোপকরণং তথা।
যদৃতৌ যৎ ফলং সিদ্ধং তদ্দেয়ং হি বিপশ্চিতা ॥
শ্রোত্রাদীন্দ্রিয়তৃপ্তিশ্চ সদা দেয়া বিপশ্চিতা।
শব্দাদিদশভোগার্থং দিগাদীনাঞ্চ তুষ্টিদা ॥ ৫৩
বেদশাস্ত্রং সমাদায় বুদ্ধ্যা গুরুমুখাৎ স্বয়ম্
কর্ম্মণাং ফলমস্তীতি বুদ্ধিরাস্তিকামুচ্যতে ॥ ৫৫
বন্ধুজভয়াদ্‌বুদ্ধিঃ শ্রদ্ধা সা চ কনীয়সী।
সর্ব্বাভাবে দরিদ্রস্য বাচা বা কর্ম্মণা যজেৎ ॥ ৫৬
বাচিকং যজনং বিদ্যান্মন্ত্র-স্তোত্র-জপাদিকম্।
তীর্থযাত্রা ব্রতাদ্যং হি কায়িকং যজনং বিদুঃ ॥ ৫৭
যেন কেনাপ্যুপায়েন হ্যল্পং বা যদি বা বহু।
দেবতার্পণবুদ্ধ্যা চ কৃতং ভোগায় কল্পতে ॥ ৫৮
তপশ্চর্য্যা চ দানঞ্চ কর্ত্তব্যমুভয়ং সদা।
প্রতিশ্রয়ং প্রদাতব্যং স্ববর্ণগুণশোভিতম্ ॥ ৫৯
[illegible] সর্ব্বভোগপ্রদং বুধৈঃ।

[illegible] মরীচ সর্ষপাদি শাক, তাঁহার উপকরণ যে
ঋতুতে যে ফল উৎপন্ন হয় সেই ঋতুতে সেই
[illegible] শব্দাদি দশবিধ ভোগাবস্তুর উপ
[illegible] দিক প্রভৃতির সন্তোষকর, ইন্দ্রিয়ের
তুষ্টিজনক দ্রব্য সকল নিরন্তর [illegible]
[illegible] করিবেন। [illegible] হইতে সম্যকরূপে
[illegible] কর্ম্মের ফল আছে এইরূপ
বুদ্ধি উৎপন্ন হয় সেই বুদ্ধিকে আস্তিকা
[illegible] কর্ম্ম বিষয়িণী যে
হয়, তাহাকে শ্রদ্ধা বলা যায় কিন্তু তাহা
[illegible]। দরিদ্র ব্যক্তি সমুদয় বস্তুর অভাবে
[illegible] বা কায়িক যজন কার্য্যের অনুষ্ঠান করি-
[illegible]। পণ্ডিতগণ, জপাদি ও স্তোত্র পাঠকে
[illegible] যজন এবং তীর্থযাত্রা ও ব্রতাদিকে
[illegible] যজনরূপে নির্দ্দেশ করেন। দেবতার
[illegible] সাধন-বুদ্ধিতে যে কোন উপায়ে অল্প বা বহু
কার্য্যের অনুষ্ঠান করিলে তাহা সুখভোগের
[illegible] হইয়া থাকে। তপশ্চর্য্যা ও দান এই
কার্য্যই মনুষ্যের নিরন্তর কর্ত্তব্য। বুধগণ
[illegible] তৃপ্তির নিমিত্ত স্ববর্ণগুণ-শোভিত
[illegible] দান করিবেন। তাহা হইলে ইহকাল ও

ইহামুত্রোত্তমং জন্ম সদা ভোগং লভেদ্বুধঃ।
ঈশ্বরার্পণবুদ্ধ্যা হি কৃত্বা মোক্ষফলং লভেৎ ॥ ৬০
য ইমং পঠতেঽধ্যায়ং যঃ শৃণোতি সদা নরঃ।
তস্য বৈ ধর্ম্মবুদ্ধিশ্চ জ্ঞানসিদ্ধিঃ প্রজায়তে ॥ ৬১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং
কাম্যদানাদিফলপ্রশংসাবর্ণনং নাম
ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।
পার্থিবপ্রতিমাপূজাবিধানং কহি সত্তম।
যেন পূজাবিধানেন সর্ব্বাভীষ্টমবাপ্যতে ॥ ১
সূত উবাচ।
সুসাধু পৃষ্টং যুষ্মাভিঃ সদা সর্ব্বার্থদায়কম্।
সদ্যো দুঃখস্য শমনং শৃণুত প্রব্রবীমি বঃ ॥ ২
অপমৃত্যুহরং কালমৃত্যোশ্চাপি বিনাশনম্।

পরকালে সম্পদা সর্ব্বপ্রকার ভোগ ও উত্তম
জন্ম লাভে সমর্থ হইতে পারা যায়। আর যে
ব্যক্তি পরমেশ্বরে কর্ম্মফল অর্পণ-বুদ্ধিতে উক্ত
কার্য্য সকল করেন, তাঁহার মোক্ষফল লাভ
হয়। যে মানব নিরন্তর এই অধ্যায় পাঠ
ও শ্রবণ করেন, তাঁহার ধর্ম্মবুদ্ধি ও জ্ঞানবৃদ্ধি
হইয়া থাকে। ২৮—৬১।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৩ ॥

চতুর্দ্দশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে সত্তম! যে বিধি
অনুসারে পূজা করিলে সর্ব্বাভীষ্ট লাভ হয়,
পার্থিব-প্রতিমা-পূজনের সেই বিধি আমা-
দিগকে বল। সূত বলিলেন, আপনারা অতি
উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছেন; ইহা সর্ব্বদা
সর্ব্বার্থপ্রদ এবং সদ্যই দুঃখবিনাশক; আমি
বলিতেছি, আপনারা শ্রবণ করুন। হে দ্বিজগণ!
যাহা জিজ্ঞাসা করিয়াছেন, তাহা অপমৃত্যু-

সদ্যঃ কলত্র-পুত্রাদি ধন-ধান্যপ্রদং দ্বিজাঃ ॥ ৩
অন্নাদিভোজ্যং বস্ত্রাদি সর্ব্বমুৎপদ্যতে যতঃ।
ততো মৃদাদিপ্রতিমা-পূজাভীষ্টপ্রদা ভুবি ॥ ৪
পুরুষাণাঞ্চ নারীণামধিকারোঽত্র নিশ্চিতম্।
নদ্যাং তড়াগে কূপে বা জলান্তমৃ দমাহরেৎ ॥ ৫
সংশোধ্য গন্ধচূর্ণেন পেষয়িত্বা সুমণ্ডপে।
হস্তেন প্রতিমাং কুর্য্যাৎ ক্ষীরেণ চ সুসংস্কৃতম্ ॥ ৬
অঙ্গপ্রত্যঙ্গকোপেতামায়ুধৈশ্চ সমন্বিতাম্।
পদ্মাসনস্থিতাং কৃত্বা পূজয়েদাদরেণ হি ॥ ৭
বিঘ্নেশাদিত্যবিষ্ণূনামম্বায়াশ্চ শিবস্য চ
শিবস্য শিবলিঙ্গঞ্চ সর্ব্বদা পূজয়েদ্দ্বিজঃ ॥ ৮
ষোড়শৈরুপচারৈশ্চ কুর্য্যাৎ তৎফলসিদ্ধয়ে
পুষ্পেণ প্রোক্ষণং কুর্য্যাদভিষেকং সমন্ত্রকম্ ॥ ৯
শাল্যন্নেনৈব নৈবেদ্যং সর্ব্বং কুড়বমানতঃ
গৃহে তু কুড়বং জ্ঞেয়ং মানুষে প্রস্থমিষ্যতে ॥ ১০
দৈবে প্রস্থত্রয়ং যোগ্যং স্বয়ম্ভোঃ প্রস্থপঞ্চকম্।
এবং পূর্ণফলং বিদ্যাদধিকং বৈ দ্বয়ত্রয়ম্ ॥ ১১
সহস্রপূজয়া সত্যং সত্যলোকং লভেদ্দ্বিজঃ।
দ্বাদশাঙ্গুলমায়ামং দ্বিগুণঞ্চ ততোঽধিকম্ ॥ ১২
প্রমাণমঙ্গুলৈশ্চৈকং তদূর্দ্ধং পঞ্চকত্রয়ম্।
অয়োদারুকৃতং পাত্রং শিবমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ১৩
তদষ্টভাগঃ প্রস্থঃ স্যাৎ তচ্চতুঃ কুড়বং মতম্।
দশপ্রস্থং শতপ্রস্থং সহস্রপ্রস্থমেব চ ॥ ১৪
জল-তৈলাদি-গন্ধানাং যথাযোগ্যঞ্চ মানতঃ।
মানুষার্ষস্বয়ম্ভূনাং মহাপূজেতি কথ্যতে ॥ ১৫
অভিষেকাদাত্মশুদ্ধির্গন্ধাৎ পুণ্যমবাপ্যতে।
আয়ুস্তৃপ্তিশ্চ নৈবেদ্যাদ্ধূপাদর্থমবাপ্যতে ॥ ১৬
দীপাজ্জ্ঞানমবাপ্নোতি তাম্বূলাদ্ভোগমাপ্নুয়াৎ
তস্মাৎ স্নানাদিকং ষট্কং প্রযত্নেন প্রসাধয়েৎ
নমস্কারো জপশ্চৈব সর্ব্বাভীষ্টপ্রদাবুভৌ
পূজান্তে চ সদা কার্য্যৌ ভোগ-মোক্ষাভিষ্টির্ন

নিবারক, কালমৃত্যু হইতেও রক্ষা করিতে সমর্থ এবং সদ্য কলত্র-পুত্রাদি স্বজন ও ধন-ধান্য-সম্পাদক অন্নাদি ভোজ্য এবং বস্ত্রাদি বিবিধ বস্তুও ইহার প্রভাবে পাওয়া যায় অতএব পার্থিব প্রভৃতি শিবলিঙ্গপূজা এই ভূতলে অভীষ্ট সম্পাদন করিয়া থাকে এ কার্য্যে পুরুষের এবং স্ত্রীলোকেরও অধিকার আছে, ইহা নিশ্চয় নদী তড়াগ বা কূপের জলমধ্য হইতে মৃত্তিকা আহরণ করিবে। অনন্তর কঙ্করাদি নিরাকরণ করত সেই মৃত্তিকা সংশোধনপূর্ব্বক গন্ধচূর্ণ সহ মিশ্রিত করিয়া তদ্দ্বারা উত্তম মণ্ডপে একহস্ত দুগ্ধসংস্কৃত অঙ্গপ্রত্যঙ্গযুক্ত, অস্ত্রশস্ত্র-সমন্বিত পদ্মাসনে আসীন প্রতিমা নির্ম্মাণ করিবে। অনন্তর ভক্তিপূর্ব্বক পূজা করিবে। দ্বিজ—গণেশ, সূর্য্য, বিষ্ণু, দুর্গা এবং শিবের প্রতিমা ও শিবলিঙ্গ সর্ব্বদা পূজা করিবে। সম্পূর্ণ ফল ইচ্ছা করিলে, ষোড়শোপচার দ্বারা পূজা করিতে হইবে। পুষ্প দ্বারা প্রোক্ষণ ও সমন্ত্রক অভিষেক করিবে। সকলেরই নৈবেদ্য কুড়ব পরিমাণে শাল্যন্ন দ্বারা করিবে। গৃহে প্রতিষ্ঠিত প্রতিমা পূজায় নৈবেদ্য কুড়ব পরিমাণে হইবে। ঋষিপ্রতিষ্ঠিত প্রতিমার পক্ষে প্রস্থ পরিমিত ১—১০। দেবস্থাপিত প্রতিমার পক্ষে তিন প্রস্থ এবং অনাদিলিঙ্গের পক্ষে প্রস্থ পরিমিত নৈবেদ্য হইবে। এইরূপে সেই সম্পূর্ণ ফল হয়। ছয় প্রস্থ পরিমিত নৈবেদ্যদানে অধিক ফলপ্রদ। দ্বিজ সহস্র দ্বারা পূজা করিলে সত্যই সত্যলোক প্রাপ্ত হবে। বিস্তার দ্বাদশাঙ্গুল, দৈর্ঘ্য পঞ্চবিংশ অঙ্গুল, উচ্চে পঞ্চদশ অঙ্গুল লৌহ বা দারু নির্ম্মিত এইরূপ পাত্রকে পণ্ডিতগণ শিব বলিয়া থাকেন। সেই পাত্রের আটভাগের ভাগ প্রস্থ, প্রস্থ-চতুর্থাংশের নাম কুড়ব। জল তৈল ও গন্ধাদির পরিমাণ যথাযোগ্য। প্রস্থ এবং সহস্রপ্রস্থ মানুষ-প্রতিষ্ঠিত, ঋষিপ্রতিষ্ঠিত এবং অনাদিলিঙ্গের মহাপূজা রূপে হয়। স্নান করাইবার ফল আত্মশুদ্ধি, গন্ধদানের ফল পুণ্যলাভ, নৈবেদ্যদানের আয়ু ও তৃপ্তি এবং ধূপদানের ফল ধন। দীপ দান করিলে জ্ঞানলাভ হয়। তাম্বূলদানের ফল ভোগপ্রাপ্তি। অতএব ছয়টী কার্য্য যত্নপূর্ব্বক সম্পাদনীয়। নম

শিবাদীনাঞ্চ সর্ব্বেষাং ক্রমাদ্বৈ সর্ব্বসিদ্ধয়ে ।
শাল্যন্নস্ত হবিষ্যস্ত নৈবেদ্যং শস্তমুচ্যতে ॥ ৬২
বিবিধান্নস্য নৈবেদ্যং ধনুর্মাসে বিশিষ্যতে ।
মার্গশীর্ষেহন্নদস্যৈব সর্ব্বমিষ্টফলং ভবেৎ ॥ ৬৩
পাপক্ষয়শ্চেষ্টসিদ্ধিশ্চারোগ্যং ধর্ম্মমেব চ ।
সম্যগ্বেদপরিজ্ঞানং সদনুষ্ঠানমেব চ ॥ ৬৪
ইহামুত্র মহাভোগানন্তে যোগঞ্চ শাশ্বতম্ ।
বেদান্তজ্ঞানসিদ্ধিঞ্চ মার্গশীর্ষান্নদো লভেৎ ॥৬৫
মার্গশীর্ষে হ্যুষঃকালে দিনত্রয়মথাপি বা ।
যজেদ্দেবান্ ভোগকামো নাধনুর্মাসিকো ভবেৎ ॥
যাবৎসঙ্গবকালন্তু ধনুর্মাসো বিধীয়তে ।
ধনুর্মাসে নিরাহারো যাসমানঃ জিতেন্দ্রিয়ঃ ॥ ৬৭
আমধ্যাহ্নং জপেদ্বিপ্রো গায়ত্রীং বেদমাতরম্ ।
পঞ্চাক্ষরাদিকান্ মন্ত্রান্ পশ্চাৎ সুপ্তিকং জপেৎ ॥

জ্ঞানং লব্ধা চ দেহান্তে বিপ্রো মুক্তিমবাপ্নুয়াৎ ।
অন্যেষাং নরনারীণাং ত্রিঃস্নানেন জপেন চ ॥ ৬৯
সদা পঞ্চাক্ষরস্যৈব বিশুদ্ধং জ্ঞানমাপ্যতে ।
ইষ্টমন্ত্রান্ সদা জপ্ত্বা মহাপাপক্ষয়ং লভেৎ ॥৭০
ধনুর্মাসে বিশেষেণ মহানৈবেদ্যমাচরেৎ ।
শালিতণ্ডুলভারেণ মরীচপ্রস্থকেন চ ॥ ৭১
গণনাদ্ দ্বাদশং সর্ব্বং মধ্বাজ্যাকুড়বেন হি ।
দ্রোণযুক্তেন মুদ্গেন দ্বাদশব্যঞ্জনেন চ ॥ ৭২
ঘৃতপক্বৈরপূপৈশ্চ মোদকৈঃ শালিকাদিভিঃ ।
দ্বাদশৈশ্চ দধিক্ষীরৈর্দ্বাদশপ্রস্থকেন চ ॥ ৭৩
নারিকেলফলাদীনাং তথা গণনয়া সহ ।
দ্বাদশক্রমুকৈর্যুক্তং ষটত্রিংশৎপত্রকৈর্যুতম্ ॥৭৪
কর্পূরাদিবচূর্ণেন পঞ্চসৌগন্ধিকৈর্যুতম্ ।
তাম্বূলযুক্তস্য যদা মহানৈবেদ্যলক্ষণম্ ॥ ৭৫
মহানৈবেদ্যমেতদ্বৈ দেবতার্পণপূর্ব্বকম্ ।
বর্ণানুক্রমপার্ব্বণ তদ্ভক্তেভ্যঃ প্রদাপয়েৎ ॥ ৭৬

করিলে এবং উষাকালে পূজা করিলে স্বর্গপ্রাপ্তি হয়। শিব প্রভৃতি নিখিল দেবগণের নিকট সমুদয় সিদ্ধি প্রাপ্তির নিমিত্ত শালি-অন্ন এবং হবিষ্য দ্রব্যের নৈবেদ্য দান করিবে ; কারণ, ঐরূপ নৈবেদ্য প্রশস্ত। ধনুঃসংক্রান্তিযুক্ত মাসে নানাবিধ অন্নের নৈবেদ্য বিশেষফলদায়ক। মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ মাসে অন্নপ্রদানকারীর সকল প্রকার অভিলষিত ফল লাভ, পাপক্ষয়, ইষ্টসিদ্ধি, আরোগ্য, ধর্ম্ম, সম্যক্‌প্রকার বেদের জ্ঞান এবং সদনুষ্ঠান লাভ হয়। মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ মাসে অন্নদাতা ইহ এবং পরকালে সমুদয় ভোগের পর শাশ্বত-যোগ এবং বেদান্ত-জ্ঞান-সিদ্ধি লাভ করে। ভোগাভিলাষী ব্যক্তি অগ্রহায়ণ মাসে প্রাতঃকালে অথবা উপর্য্যুপরি তিন দিন দেবগণের পূজা করিবে এবং কখনই ধনুঃসংক্রান্তি অতিক্রম করিবে না। সূর্য্যের যাবৎকাল ধনুরাশিতে সংক্রম থাকে, তাবৎকাল ধনুর্মাস নামে অভিহিত হয়. ঐ ধনুর্মাসে একমাস বরাবর জিতেন্দ্রিয় ও নিরাহারী হইয়া মধ্যাহ্ন-কাল পর্য্যন্ত বেদমাতা গায়ত্রীর জপ করিবে ; পরে নিদ্রাকাল যতক্ষণ না হয়, সেই পর্য্যন্ত পঞ্চাক্ষরাদি মন্ত্রের জপ করিবে। ব্রাহ্মণ

একবারমাত্র উক্ত কার্য্যের অনুষ্ঠান দ্বারা জ্ঞা লাভপূর্ব্বক দেহান্তে মুক্তিলাভ করে অন্যান্য নরনারীর তিনবার স্নান এবং পঞ্চা মন্ত্রের তিনবার জপ দ্বারা বিশুদ্ধ জ্ঞান প্র হয়। সর্ব্বদা ইষ্টমন্ত্র জপ করিলে মহাপা ক্ষয় হয়। ৬০—৭০। ধনুর্মাসে বিশেষ কা ভারপরিমিত শালিধান্যের তণ্ডুল এবং প্র পরিমিত মরীচ দ্বারা মহানৈবেদ্য নি করিবে ঐ মহানৈবেদ্যে যে দ্রব্যের যে মাপ বলা হইল, তাহা দ্বাদশগুণ বুঝিতে হই উহাতে কুড়ব-পরিমিত মধু ও আজ্য ; পরিমিত মুদ্গ এবং দ্বাদশ প্রকার ব্যঞ্জন করিবে ; মহানৈবেদ্যে ঘৃতপক্ব অপূপ, মো দ্বাদশবিধ শালিতণ্ডুল, দ্বাদশ-প্রস্থ-পরিমিত ক্ষীর, দ্বাদশ প্রস্থ পরিমিত নারিকেল প্রভৃতি, দ্বাদশ প্রস্থ সুপারি, ষট্‌ত্রিংশৎ তাম্বূল-পত্র—উহা আবার কর্পূর, (খদির), চূর্ণ (চূণ), এলাচ, লবঙ্গ প্র পাঁচ প্রকার সুগন্ধি দ্রব্যের সহিত স করিয়া দিবে, কারণ মহানৈবেদ্যের এ লক্ষণই কথিত হইয়াছে। উক্তলক্ষণ

পূজিতাভ্যাং পিতৃভ্যাস্তু পরমানন্দ এব হি।
পরমানন্দলাভার্থং শিবলিঙ্গং প্রপূজয়েৎ ॥ ৯২
সা দেবী জগতাং মাতা স শিবো জগতঃ পিতা।
পিত্রোঃ শুশ্রূষকে নিত্যং কৃপাধিক্যং হি বর্দ্ধতে ॥
কৃপয়ান্তর্গতৈশ্বর্য্যং পুত্রকস্য দদাতি হি
তস্মাদন্তর্গতানন্দলাভার্থং মুনিপুঙ্গবাঃ। ৯৪
পিতৃমাতৃস্বরূপেণ শিবলিঙ্গং প্রপূজয়েৎ
ভর্গঃ পুরুষরূপো হি ভর্গা প্রকৃতিরুচ্যতে ॥ ৯৫
অব্যক্তান্তরধিষ্ঠানং গর্ভঃ পুরুষ উচ্যতে।
সুব্যক্তান্তরধিষ্ঠানং গর্ভঃ প্রকৃতিরুচ্যতে ॥ ৯৬
পুরুষস্ত্বাদিগর্ভো হি গর্ভবান্ জনকো যতঃ
পুরুষাৎ প্রকৃতৌ যুক্তং প্রথমং জন্ম কথ্যতে ॥ ৯৭
প্রকৃতের্ব্যক্ততাং যাতং দ্বিতীয়ং জন্ম কথ্যতে।
জন্ম জন্তুর্মৃত্যুজন্ম পুরুষাৎ প্রতিপদ্যতে ॥ ৯৮
অন্যতে ভাব্যতেঽবশ্যং মায়য়া জন্ম কথ্যতে
জীর্য্যতে জন্মকালাদ্যৎ তস্মাজ্জীব ইতি স্মৃতঃ ॥
জন্যতে তন্যতে পাশৈর্জীবশব্দার্থ এব হি।
জন্মপাশনিবৃত্ত্যর্থং জন্মলিঙ্গং প্রপূজয়েৎ ॥ ১০০
ভগং বৃদ্ধিং গচ্ছতীত্যর্থাদ্ভগঃ প্রকৃতিরুচ্যতে।
প্রাকৃতৈঃ শব্দমাত্রাদ্যৈঃ প্রাকৃতেন্দ্রিয়ভোজনাৎ।
ভগস্যেদং ভোগমিতি শব্দার্থো মুখ্যতঃ শ্রুতঃ।
মুখ্যো ভগস্তু প্রকৃতির্ভগবান্ শিব উচ্যতে ॥ ১০২
ভগবান্ ভোগদাতা হি নান্যো ভোগপ্রদায়কঃ।
ভগস্বামী চ ভগবান্ ভর্গ ইত্যুচ্যতে বুধৈঃ ॥ ১০৩
ভগেন সহিতং লিঙ্গং ভগং লিঙ্গেন সংযুতম্।
ইহামুত্র চ ভোগার্থং নিত্যভোগার্থমেব চ ॥ ১০
ভগবন্তং মহাদেবং শিবলিঙ্গং প্রপূজয়েৎ।
লোকপ্রসবিতা সূর্য্যস্তচ্চিহ্নং প্রসবাদ্ভবেৎ ॥ ১০
লিঙ্গে প্রসূতিকর্ত্তারং লিঙ্গিনং পুরুষো যজেৎ।
লিঙ্গার্থগমকং চিহ্নং লিঙ্গমিত্যভিধীয়তে ॥ ১০

শিব—পিতা মাতা ও পিতা পূজিত হইয়া পরম আনন্দ দান করেন, অতএব পরম লাভের নিমিত্ত শিবলিঙ্গের পূজা করিবে সেই দেবী জগতের মাতা এবং শিব জগতের পিতা। সেবাকারী পুত্রের প্রতি সর্ব্বদাই পিতামাতার কৃপা বহুল পরিমাণে বর্দ্ধিত হয়। পিতামাতা, সেবানিরত পুত্রকে আপনাদের অন্তর্গত অর্থাৎ গুপ্ত ঐশ্বর্য্য প্রদান করেন. অতএব হে মুনিশ্রেষ্ঠগণ। অন্তর্গত আনন্দ লাভার্থ পিতা-মাতা স্বরূপে শিবলিঙ্গের পূজা করিবে। কারণ মহাদেব পুরুষস্বরূপ এবং পার্ব্বতী প্রকৃতি বলিয়া অভিহিত হন। যে উপাদানস্বরূপ গর্ভ সূক্ষ্মরূপে অভ্যন্তরে অবস্থান করে, তাহার নাম পুরুষ এবং যে উপাদানীভূত গর্ভ স্থূলভাবে অবস্থান করে, তাহার নাম প্রকৃতি পুরুষ আদিগর্ভ এবং প্রকৃতিরূপ গর্ভের সম্পর্কে গর্ভবান্ হইয়া জগতের জনক হন। পুরুষ হইতে প্রকৃতিতে সংক্রমণের নাম প্রথম জন্ম প্রকৃতি হইতে ব্যক্ততা-লাভের নাম দ্বিতীয় জন্ম। জীব পুরুষ হইতে জন্ম ও মৃত্যু প্রাপ্ত হয়। মায়া দ্বারা অবশ্য প্রকটীকৃত এবং উৎপাদিত হয় বলিয়া উহাকে 'জন্ম' বলা হয় এবং জন্মকাল হইতে জীর্ণ হইতে থাকে বলি প্রাণিগণ 'জীব' বলিয়া অভিহিত হয়। কেহ বলেন, যাহা জন্মিয়া অবধি মায়াপা আবদ্ধ হয়, তাহার নাম জীব জীব জন্মপা নিবৃত্তির নিমিত্ত জন্মলিঙ্গের পূজা করিবে ৯১—১০০ ভগ শব্দের অর্থ—বৃদ্ধি প্রাপ্ত হয় বলিয়া প্রকৃতি—ভগশব্দে অভি হয়। প্রকৃতি হইতে উৎপন্ন শব্দাদি প তন্মাত্র এবং ইন্দ্রিয়নিচয় দ্বারাই ভোগ থাকে, এই নিমিত্ত ভগ অর্থাৎ প্রকৃতির এই কথাটী লোকে বিশ্রুত হইয়াছে। শব্দের মুখ্য অর্থ—প্রকৃতি ; এই নিমিত্ত শি 'ভগবান্ এই নামে অভিহিত করা ভগবান্ শিবই ভোগদাতা, তিনি ভিন্ন দাতা আর কেহই নাই এবং সেই ভ ভগ অর্থাৎ প্রকৃতির স্বামী বলিয়া পণ্ডি তাঁহাকে 'ভর্গ' এই নামে অভিহিত ক ভগের সহিত লিঙ্গ এবং এবং লিঙ্গের ভগ ইহলোকে ও পরলোকে নিত্য ভে কারণ হন। শিবলিঙ্গ-স্বরূপ ভগবান দেবের পূজা করিবে। লোকপ্রসবিতা জগতের প্রসব হেতু সেই প্রসবিতা

পঞ্চদশোঽধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

প্রণবস্য চ মাহাত্ম্যং ষড়্লিঙ্গস্য মহামুনে ।
শিবভক্তস্য পূজাঞ্চ ক্রমশো ব্রূহি নঃ প্রভো ॥ ১

সূত উবাচ

তপোধনৈর্ভবদ্ভিশ্চ সম্যক্ প্রশ্নমিদং কৃতম্ ।
অস্যোত্তরং মহাদেবো জানাতি স্ম ন চাপরঃ ॥ ২
তথাপি বক্ষ্যে তমহং শিবস্য কৃপয়ৈব হি
শিবোঽস্মাকঞ্চ যুষ্মাকং রক্ষাং গৃহ্ণাতু ভূরিশঃ ॥ ৩
প্রো হি প্রকৃতিজাতস্য সংসারস্য মহোদধেঃ
নবং নাবান্তরমিতি প্রণবং বৈ বিদুর্বুধাঃ ॥ ৪
প্রঃ প্রপঞ্চো ন নাস্তী বো যুষ্মাকং প্রণবং বিদুঃ
প্রকর্ষেণ নয়েদ্যস্মান্মোক্ষং বা প্রণবং বিদুঃ ॥ ৫
স্বজাপকানাং যোগিনাং স্বমন্ত্রপূজকস্য চ
সর্ব্বকর্ম্মক্ষয়ং কৃত্বা দিব্যজ্ঞানন্তু নূতনম্ ॥ ৬
তমেব মায়ারহিতং নূতনং পরিচক্ষতে

পঞ্চদশ অধ্যায় ।

ঋষিগণ বলিলেন, হে প্রভো ! হে মহা-মুনে ! প্রণবের মাহাত্ম্য, ষড়্লিঙ্গের মাহাত্ম্য এবং শিবভক্তের পূজার বিষয় আমাদের নিকট ক্রমশঃ কীর্ত্তন করুন। সূত বলিলেন, হে তপো-ধনগণ ! আপনারা অতি সাধু প্রশ্ন করিয়া-ছেন, ইহার উত্তর কেবল মহাদেব জানেন ; আর কেহই জানেন না। তবে আমি সেই শিবের কৃপাতেই আপনাদিগের প্রশ্নের উত্তর বলি-তেছি। শিব আমাদের এবং আপনাদের ভূরি পরিমাণে রক্ষা করুন। 'প্র' এই কথাটী প্রকৃতিজাত সংসাররূপ মহোদধির নূতন নৌকা বিশেষ ; সেই 'প্র'র সহিত যোগ থাকাতেই পণ্ডিতেরা প্রণবের গৌরব করেন। প্রপঞ্চরূপে, 'তোমাদিগের প্রপঞ্চ নাই,' এইজন্য প্রণব ; অথবা যাঁহা দ্বারা প্রকৃষ্ট মোক্ষ প্রাপ্ত হওয়া যায়, তাহার নাম প্রণব। প্রণব-জাপক যোগী-দিগের ও প্রণবমন্ত্রের পূজকের সমুদয় কর্ম্ম ক্ষয় হইয়া যে দিব্য জ্ঞান হয়, তাহার নাম নব বা নূতন। সেই প্রণবকেই প্রকৃষ্টরূপে নূতন

প্রকর্ষেণ মহাত্মানং নবং শুদ্ধস্বরূপকম্ ।
নূতনং বৈ করোতীতি প্রণবং তং বিদুর্বুধাঃ ॥ ৭
প্রণবং দ্বিবিধং প্রোক্তং সূক্ষ্ম-স্থূলবিভেদতঃ ।
সূক্ষ্মমেকাক্ষরং বিদ্যাৎ স্থূলং পঞ্চাক্ষরং বিদুঃ ॥
সূক্ষ্মমব্যক্তপঞ্চার্ণং সুব্যক্তার্ণং তথেতরং ॥ ৯
জীবন্মুক্তস্য সূক্ষ্মং হি সর্ব্বসারং হি তস্য হি ।
মন্ত্রেণার্থানুসন্ধানং স্বদেহবিলয়াবধি ॥ ১০
স্বদেহে গলিতে পূর্ণং শিবং প্রাপ্নোতি নিশ্চয়ঃ
কেবলং মন্ত্রজাপী তু যোগং প্রাপ্নোতি নিশ্চয়ঃ ॥
ষট্‌ত্রিংশৎকোটিজাপী তু নিশ্চয়ং যোগমাপ্নুয়াৎ ।
সূক্ষ্মঞ্চ দ্বিবিধং জ্ঞেয়ং হ্রস্ব-দীর্ঘবিভেদতঃ ॥ ১২
অকারশ্চ উকারশ্চ মকারশ্চ ততঃ পরম্
বিন্দুনাদযুতং তদ্ধি শব্দকালকলান্বিতম্ ॥ ১৩
দীর্ঘপ্রণবমেবং হি যোগিনামেব হৃদ্গতম্
মকারং তং ত্রিতত্ত্বং হি হ্রস্বপ্রণব উচ্যতে ॥ ১৪

শুদ্ধস্বরূপ মায়ারহিত পরমাত্মা বলিয়া নির্দে[illegible] করেন। ক্ষণে ক্ষণে নূতন নূতন পদার্থের [illegible] করেন বলিয়া পরমেশ্বরকে পণ্ডিতগণ প্র[illegible] বলেন। প্রণব দুই প্রকার ; সূক্ষ্ম এবং স্থূল। একাক্ষর প্রণবের নাম সূক্ষ্ম এবং পঞ্চা[illegible] প্রণবের নাম স্থূল। প্রথমে পঞ্চাক্ষরের অ[illegible] ব্যক্তি না থাকায় তাহার নাম সূক্ষ্ম এবং দ্বিতী[illegible] পঞ্চাক্ষর সুব্যক্ত বলিয়া উহার নাম স্থূ[illegible] জীবন্মুক্ত ব্যক্তির পক্ষে সূক্ষ্ম প্রণবই সক[illegible] সার এবং হিতের জনক। যাঁহাদের স্ব[illegible] দেহ যে পর্য্যন্ত বিলীন না হয়, সেই পর্য্য[illegible] মন্ত্র দ্বারা অর্থের অনুসন্ধান করেন। ১—[illegible] তাঁহারা স্বীয় দেহ গলিত হইলে নিশ্চয়ই [illegible] পূর্ণ শিবস্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হন। কেবল অর্থাৎ অর্থানুসন্ধান ব্যতিরেকে [illegible] জপকারী ব্যক্তি স্বদেহান্তে যোগ প্রাপ্ত [illegible] ষট্‌ত্রিংশৎ কোটি জপকারী নিশ্চয়ই [illegible] প্রাপ্ত হয়। সূক্ষ্মও আবার হ্রস্ব-দীর্ঘ[illegible] দ্বিবিধ। অকার, উকার, মকার, নাদ ([illegible] বিন্দু (অনুস্বার) এই পঞ্চবর্ণে নিষ্পন্ন [illegible] কলা-মাত্রা-সমন্বিত প্রণবই দীর্ঘপ্রণব ; যোগিগণের হৃদয়েই বিরাজিত। অকার,

প্রবৃত্তানাঞ্চ মিশ্রাণাং স্থূলপ্রণবমিষ্যতে।
ক্রিয়া-তপো-জপৈর্যুক্তাস্ত্রিবিধাঃ শিবযোগিনঃ ॥ ২৭
ধনাদিবিভবৈশ্চৈব করাদ্যঙ্গৈর্নমাদিভিঃ।
ক্রিয়য়া পূজয়া যুক্তঃ ক্রিয়াযোগীতি কথ্যতে ॥ ২৮
পূজাযুক্তশ্চ মিতভুগ্বাহ্যেন্দ্রিয়জয়ান্বিতঃ।
পরদ্রোহাদিরহিতস্তপোযোগীতি কথ্যতে ॥ ২৯
এতৈর্যুক্তঃ সদা শুদ্ধঃ সর্ব্বকামাদিবর্জ্জিতঃ।
সদাজপপরঃ শান্তো জপযোগীতি তং বিদুঃ ॥ ৩০
উপচারৈঃ ষোড়শভিঃ পূজয়া শিবযোগিনাম্‌।
সালোক্যাদিক্রমেণৈব শুদ্ধো মুক্তিং লভেন্নরঃ ॥
জপযোগমথো বক্ষ্যে গদতঃ শৃণুত দ্বিজাঃ।
তপঃকর্ত্তুর্জপঃ প্রোক্তো যজ্জপন পরিমার্জ্জতে ॥
শিবনাম নমঃপূর্ব্বং চতুর্থ্যাং পঞ্চতত্ত্বকম্‌।
স্থূলপ্রণবরূপং হি শিবপঞ্চাক্ষরং দ্বিজাঃ ॥ ৩৩
পঞ্চাক্ষরজপেনৈব সর্ব্বসিদ্ধিং লভেন্নরঃ।
প্রণবেনাদিসংযুক্তং সদা পঞ্চাক্ষরং জপেৎ ॥ ৩৪
গুরুপদেশং সম্প্রাপ্য সুখবাসে সুভূতলে।
পূর্ব্বপক্ষে সমারভ্য কৃষ্ণভূতাবধি দ্বিজাঃ ॥ ৩৫
মাঘং ভাদ্রং বিশিষ্টন্তু সর্ব্বকালোত্তমোত্তমম্‌।
একবারং মিতাশী তু বাগ্‌যতো নিয়তেন্দ্রিয়ঃ ॥ ৩৬
স্বস্য রাজপিতৃণাঞ্চ শুশ্রূষণঞ্চ নিত্যশঃ।
সহস্রজপমাত্রেণ ভবেচ্ছুদ্ধোঽন্যথা ঋণী ॥ ৩৭
পঞ্চাক্ষরং পঞ্চলক্ষং জপেচ্ছিবমনুস্মরন্‌।
পদ্মাসনস্থং শিবদং গঙ্গাচন্দ্রকলান্বিতম্‌ ॥ ৩৮
বামোরুস্থিতশক্ত্যা চ বিরাজন্তং মহাগণৈঃ।
মৃগটঙ্কধরং দেবং বরদাভয়পাণিকম্‌ ॥ ৩৯
সদানুগ্রহকর্ত্তারং সদাশিবমনুস্মরন্‌।
সম্পূজ্য মনসা পূর্ব্বং হৃদি বা সূর্য্যমণ্ডলে ॥ ৪০
জপেৎ পঞ্চাক্ষরীং বিদ্যাং প্রাঙ্মুখঃ শুদ্ধকর্ম্মকৃৎ।
প্রাতঃ কৃষ্ণচতুর্দ্দশ্যাং নিত্যকর্ম্ম সমাপ্য চ ॥ ৪১
মনোরমে শুচৌ দেশে নিয়তঃ শুদ্ধমানসঃ

প্রবৃত্তিমার্গাবলম্বী এবং প্রবৃত্তি নিবৃত্তি উভয় লক্ষণযুক্ত পুরুষের স্থূল প্রণব জপই শাস্ত্রকার-দিগের অভিপ্রেত। কর্ম্ম তপস্যা এবং জপ এই ত্রিবিধ সাধনভেদে শিবযোগীও ত্রিবিধ। ধনাদি বিভব দ্বারা, হস্ত এবং অন্যান্য অঙ্গ দ্বারা, আর নমস্কারাদি দ্বারা শিবকার্য্য ও শিব-পূজায় আসক্ত ব্যক্তিই ক্রিয়াযোগী বলিয়া কথিত। শিবপূজারত, মিতাহারী বাহ্যেন্দ্রিয়-জয়ী এবং পরদ্রোহাদি-পরাঙ্মুখ ব্যক্তিই তপো-যোগী নামে কথিত। তপোযোগীর লক্ষণসম্পন্ন সর্ব্বদা শুদ্ধ, সর্ব্বকামাদি-বিবর্জ্জিত, শান্তিগুণ-শালী এবং সদা জপনিরত ব্যক্তিই জপযোগী নামে প্রথিত। মানব ষোড়শ উপচার দ্বারা শিবযোগীদিগের পূজা করিলেও ক্রমে শুদ্ধ হইয়া সালোক্যাদি মুক্তি লাভ করিতে পারে। হে দ্বিজগণ! আমি জপযোগের বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। তপযোগীরও জপ করা বিধেয়; কেননা, বক্ষ্যমাণ মন্ত্রজপে পাপ নাশ হয়। হে দ্বিজগণ! প্রথমে 'নমঃ', তৎপরে চতুর্থ্যন্ত শিবনাম অর্থাৎ 'শিবায়'; শিবাত্মক পঞ্চাক্ষরময় পঞ্চতত্ত্বস্বরূপ স্থূল প্রণবই এই মন্ত্র। মনুষ্য পঞ্চাক্ষর জপ দ্বারাই সর্ব্ববিধ সিদ্ধিলাভ করিতে পারে। প্রথমে প্রণব যোগ করত এই পঞ্চাক্ষর মন্ত্র সর্ব্বদা জপ করিবে। হে দ্বিজগণ! গুরুপদেশ প্রাপ্তির পর সর্ব্বকাল-শ্রেষ্ঠ উৎকৃষ্ট মাঘ মাস বা ভাদ্রমাসে একাহারী, মিতাহারী, মৌনী এবং জিতেন্দ্রিয় হইয়া শুক্ল-পক্ষে আরম্ভ করত কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী পর্য্যন্ত পবিত্র দেশে উত্তম স্থানে এই মন্ত্র জপ করিবে। এ সময়েও আপনার ও রাজার এবং মাত-পিতার নিত্য শুশ্রূষা করিবে। এইরূপ ভাবে সহস্রবার জপ করিলেও শুদ্ধিলাভ করিতে পারে। উহাদিগের শুশ্রূষা না করিলে ঋণ গ্রস্ত থাকে। পদ্মাসনে অবস্থিত, গঙ্গা এবং চন্দ্রকলা-শোভিত, মৃগচর্ম্মধারী বরাভয়কর সর্ব্বদা অনুগ্রহকর্ত্তা, মঙ্গলপ্রদ শিবকে—যাঁহার বাম উরুতে ভগবতী-শক্তি সমাসীনা, যে মহাগণ-সমূহ-পরিবৃত শিবকে—হৃদয়ে অথবা সূর্য্যমণ্ডল মধ্যে ধ্যান করত মানসোপচারে পূজা করিয়া পূর্ব্বাভিমুখে এই পঞ্চাক্ষর পঞ্চলক্ষ বার জপ করিবে। সেই শুদ্ধাত্মা ব্যক্তি কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে প্রাতঃকালে নিত্যকর্ম্ম সমাপন করিয়া মনোরম পবিত্র

পঞ্চাক্ষরস্য মন্ত্রস্য সহস্রং দ্বাদশং জপেৎ ॥ ৪২
বরয়েচ্চ সপত্নীকান্ শৈবান্ যে ব্রাহ্মণোত্তমান।
একং গুরুবরং শিষ্টং বরয়েৎ সাম্বমূর্ত্তিকম্ ॥ ৪৩
ঈশানঞ্চাথ পুরুষমঘোরং বামদেব চ।
সদ্যোজাতঞ্চ পঞ্চৈব শিবভক্তান্ দ্বিজোত্তমান্ ॥ ৪৪
পূজাদ্রব্যাণি সম্পাদ্য শিবপূজাং সমারভেৎ।
শিবপূজাঞ্চ বিধিবৎ কৃত্বা হোমং সমারভেৎ ॥ ৪৫
মুখান্তঞ্চ স্বসূত্রেণ কৃত্বা হোমং সমাচরেৎ।
দশৈকং বা শতৈকং বা সহস্রৈকমথাপি বা ॥ ৪৬
কপিলেন ঘৃতেনৈব জুহুয়াৎ স্বয়মেব হি
কারয়েচ্ছিবভক্তৈর্বাপ্যষ্টোত্তরশতং বুধাঃ ॥ ৪৭
হোমান্তে দক্ষিণা দেয়া গুরোর্গোমিথুনং তথা
ঈশানাদিস্বরূপাংস্তান্ গুরুং সাম্বং বিভাব্য চ ॥ ৪৮
তেষাং হং সিক্ততোয়েন স্বশিরঃ স্নানমাচরেৎ।
ষট্ত্রিংশৎকোটিতীর্থেষু সদ্যঃ স্নানফলং লভেৎ ॥
দশাঙ্গমন্নং তেষাং বৈ দদ্যাদ্বৈ ভক্তিপূর্ব্বকম্।
পরাবুদ্ধ্যা গুরোঃ পত্নীমীশানাদিক্রমেণ তু ॥ ৫০
পরমান্নেন সম্পূজ্য যথাবিভববিস্তরম্।
রুদ্রাক্ষবস্ত্রপূর্ব্বঞ্চ বটকাপূপকৈর্যুতম্ ॥ ৫১
বলিদানং ততঃ কৃত্বা ভূরিভোজনমাচরেৎ।
ততঃ সম্প্রার্থ্য দেবেশং জপং তাবৎ সমাপয়েৎ
পুরশ্চরণমেবন্তু কৃত্বা মন্ত্রী ভবেন্নরঃ।
পুনশ্চ পঞ্চলক্ষেণ সর্ব্বপাপক্ষয়ো ভবেৎ ॥ ৫৩
অতলাদি সমারভ্য সত্যলোকাবধি ক্রমাৎ।
পঞ্চলক্ষজপাৎ তত্তল্লোকৈশ্বর্য্যমবাপ্নুয়াৎ ॥ ৫৪
মধ্যে মৃতশ্চেদ্ভোগান্তে ভূমৌ তজ্জাপকো ভবেৎ
পুনশ্চ পঞ্চলক্ষেণ ব্রহ্মসামীপ্যমাপ্নুয়াৎ ॥ ৫৫
পুনশ্চ পঞ্চলক্ষেণ সারূপ্যৈশ্বর্য্যমাপ্নুয়াৎ।
আহত্যা শতলক্ষেণ সাক্ষাদ্ব্রহ্মসমো ভবেৎ ॥ ৫৬
কার্য্যব্রহ্মণ এবং হি সাযুজ্যং প্রতিপদ্য বৈ।

শুদ্ধচিত্তে একাগ্রভাবে পঞ্চাক্ষর মন্ত্র দ্বাদশ সহস্র জপ করিবে। তৎপরে সেই ব্যক্তি পত্নীযুক্ত উত্তম শৈব ব্রাহ্মণগণকে বরণ করিবে। তন্মধ্যে একজন প্রধান শিষ্ট ব্যক্তিকে উমাসহচর শিবস্বরূপী প্রধান গুরুরূপে বরণ করিবে। আর পাঁচজন শিবভক্ত ব্রাহ্মণোত্তমকে ঈশান, তৎপুরুষ, অঘোর, বামদেব এবং সদ্যোজাতরূপে বরণ করিবে। তারপর যথাবিধি পূজাদ্রব্য সম্পাদনপূর্ব্বক শিবপূজা আরম্ভ করিবে। যথাবিধি শিবপূজা করিয়া হোম আরম্ভ করিবে ২৪—৪৭। স্বকীয় গৃহোক্ত সূত্র অনুসারে অগ্নিস্থাপন অবধি কর্ম্ম করিয়া হোমকর্ম্মের অনুষ্ঠান করিবে। বুদ্ধিমান ব্যক্তি ঐ হোম কপিলাধেনুর কৃতজাত ঘৃত দ্বারা স্বয়ংই দশবার শতবার বা সহস্রবার করিবে অথবা শিবভক্ত দ্বারা করাইবে। হোমাবসানে পূর্ব্বোক্ত শিবভক্তদিগকে ঈশানাদিস্বরূপ এবং গুরুকে সাম্বমূর্ত্তি চিন্তা করিয়া গুরুকে দক্ষিণা এবং গোমিথুন দান করিবে। তাঁহাদিগের অভিষেকাবশিষ্ট জল দ্বারা আপনার মস্তক ধৌত করিয়া সদ্য ষট্ত্রিংশৎ কোটী তীর্থস্নানের ফল লাভ করিবে। অনন্তর তাহাদিগের মধ্যে গুরুপত্নীকে সাক্ষাৎ পরমেশ্বরশক্তি বিবেচনা করিয়া উহাদিগকে ঈশানাদিক্রমে ভক্তিপূর্ব্বক দশাঙ্গ অন্নদান করিবে। তদনন্তর পরমান্ন দান করিয়া আপনার বিভবানুসারে রুদ্রাক্ষ ও বস্ত্র দানপূর্ব্বক বটিকা (বড়া) ও অপূপ (পিষ্টক) দান করিবে। তাহার পর বলিদান করিয়া ভূরি পরিমাণে ব্রাহ্মণ ভোজন করাইবে। তাহার পর মহাদেবের নিকট বর প্রার্থনা করিয়া জপ সমাপন করিবে। এইরূপ পুরশ্চরণ করিলে মনুষ্যের মন্ত্রসিদ্ধি লাভ হয়। অতঃপর পঞ্চলক্ষ জপ করিলে সকল প্রকার পাপের ক্ষয় হয়। প্রত্যেক পঞ্চ লক্ষ জপ দ্বারা, অতল হইতে সত্যলোক পর্য্যন্ত যাবতীয় লোক আছে, যথাক্রমে তাহার এক একটীর ঐশ্বর্য্য লাভ করে। ঐরূপ জপ করিবার মধ্যে যদি মৃত হয়, তবে স্বকৃত কর্ম্মফলের ভোগান্তে পুনর্ব্বার পৃথিবীতে জাপক হইয়া জন্মগ্রহণ করে। ঐরূপ জন্মলাভের পর পঞ্চলক্ষবার জপ করিলে ব্রহ্মসামীপ্য প্রাপ্ত হয়। তাহার উপর পঞ্চলক্ষবার জপ করিলে স্বারূপ্যৈশ্বর্য্য প্রাপ্ত হয়। তাহার উপর শতলক্ষ বার জপ করিলে সাক্ষাৎ

যথেষ্টং ভোগমাপ্নোতি তদ্‌ব্রহ্মপ্রলয়াবধি ॥ ৫৭
পুনঃ কল্পান্তরে সৃষ্টে ব্রহ্মপুত্রঃ স জায়তে ।
পুনশ্চ তপসা দীপ্তঃ ক্রমান্মুক্তো ভবিষ্যতি ॥ ৫৮
পৃথ্ব্যাদিকার্য্যভূতেভ্যো লোকা বৈ নির্ম্মিতাঃ ক্রমাৎ
পাতালাদি চ সত্যান্তং ব্রহ্মলোকাশ্চতুর্দ্দশ ॥ ৫৯
সত্যাদূর্দ্ধং ক্ষমান্তং বৈ বিষ্ণুলোকাশ্চতুর্দ্দশ ।
ক্ষমালোকে কার্য্যবিষ্ণুর্বৈকুণ্ঠে বরপত্তনে ॥ ৬০
কার্য্যলক্ষ্ম্যা মহাভোগী রক্ষাং কৃত্বাধিতিষ্ঠতি ।
তদূর্দ্ধগাশ্চ শুচ্যন্তা লোকাষ্টাবিংশতিঃ স্থিতাঃ ॥ ৬১
শুচৌ লোকে তু কৈলাসে রুদ্রো বৈ ভূতহৃৎস্থিতঃ
যদুত্তরাশ্চ পঞ্চাশদহিংসান্তাস্তদূর্দ্ধগাঃ ॥ ৬২
অহিংসালোকমাস্থায় জ্ঞানকৈলাসকে পুরে
কার্য্যেশ্বরস্তিরোভাবং সর্ব্বান্ কৃত্বাধিতিষ্ঠতি ॥ ৬৩
তদন্তে কালচক্রং হি কালাতীতস্ততঃ পরম্ ।
শিবেনাধিষ্ঠিতস্তত্র কালশ্চক্রেশ্বরাহ্বয়ঃ ॥ ৬৪
মাহিষং ধর্ম্মমাস্থায় সর্ব্বান্ কালেন যুঞ্জতি।
অসত্যশ্চাশুচিশ্চৈব হিংসা চৈবাথ নির্ঘৃণা ॥ ৬৫
অসত্যাদিচতুষ্পাদঃ শর্ব্বাংশঃ কামরূপধৃক্ ।
নাস্তিকাল্যস্মাদুঃসঙ্গো বেদবাহ্যধ্বনিঃ সদা ॥ ৬৬
ক্রোধসঙ্গঃ কৃষ্ণবর্ণো মহামহিষবেশবান্ ।
তাবন্মহেশ্বরঃ প্রোক্তস্তিরোধান্তাবদেব হি ॥ ৬৭
তদর্ব্বাক্ কর্ম্মভোগো হি তদূর্দ্ধং জ্ঞানভোগকম্ ।
তদর্ব্বাক্ কর্ম্মমায়া হি জ্ঞানমায়া তদূর্দ্ধকম্ ॥ ৬৮
মা লক্ষ্মীঃ কর্ম্মভোগো বৈ যাতি মায়েতি কথ্যতে
মা লক্ষ্মীর্জ্ঞানভোগো বৈ যাতি মায়েতি কথ্যতে ॥
তদূর্দ্ধং নিত্যভোগো হি তদর্ব্বাঙ্নশ্বরং বিদুঃ ।
তদর্ব্বাক্ চ তিরোধানং তদূর্দ্ধং ন তিরোধনম্ ॥৭০
তদর্ব্বাক্ পাশবন্ধো হি তদূর্দ্ধং ন হি বন্ধনম্ ।
তদর্ব্বাক্ পরিবর্ত্তন্তে কাম্যকর্ম্মানুসারিণঃ ॥ ৭১

ব্রহ্মতুল্য হয়। এইরূপে কার্য্য ব্রহ্ম অর্থাৎ হিরণ্যগর্ভের সাযুজ্য লাভ করিয়া, যে পর্য্যন্ত তাঁহার বিনাশ না হয়, সেই পর্য্যন্ত যথেষ্ট ভোগ প্রাপ্ত হয়। পুনর্ব্বার কল্পান্তর উপস্থিত হইলে, সে ব্রহ্মার পুত্র হইয়া জন্মগ্রহণ করে এবং পুনর্ব্বার তপস্যা দ্বারা উদ্দীপ্ত হইয়া ক্রমশঃ মুক্তিলাভ করে। পরমেশ্বর পৃথিবী আদি পঞ্চ স্থূলভূত হইতে যথাক্রমে পাতালাদি সত্যান্ত চতুর্দ্দশ লোকের নির্ম্মাণ করিয়াছেন. ইহারা ব্রহ্মলোক নামে প্রসিদ্ধ। সত্যের ঊর্দ্ধে ক্ষমা পর্য্যন্ত চতুর্দ্দশলোক সৃষ্ট হইয়াছে. উহারা বিষ্ণুলোক বলিয়া প্রসিদ্ধ। ক্ষমালোক বৈকুণ্ঠ-নগর বলিয়া বিখ্যাত। উহাতে কার্য্য অর্থাৎ উৎপত্তি-বিনাশ-বিশিষ্ট বিষ্ণু বাস করেন. ৫৭—৬০। তিনি কার্য্য অর্থাৎ উৎপত্ত্যাদি বিশিষ্ট লক্ষ্মীর সহিত মহাভোগে নিরত হইয়া ঐ লোকের রক্ষাবিধান করেন। ক্ষমা-লোকের ঊর্দ্ধে শুচ্যন্ত অষ্টাবিংশতি লোক অব-স্থিত। শুচিলোক কৈলাসনামে প্রসিদ্ধ। উহাতে সর্ব্বভূতের হৃদয়স্থিত রুদ্র বাস করেন। তাহার ঊর্দ্ধে অহিংসা-লোকান্তর্গত জ্ঞানকৈলাস নামক নগরে, কার্য্য অর্থাৎ উৎপত্ত্যাদি-বিশিষ্ট ঈশ্বর সকল বস্তুকে তিরোভাব করত অধিষ্ঠান করেন। সেই অহিংসা লোকের অন্তে কাল-চক্র, তাহার পর কালাতীত, উহাতে শিব কর্ত্তৃক অধিষ্ঠিত চক্রেশ্বর নামক কাল বাস করেন। ঐ কাল বক্ষ্যমাণ মাহিষধর্ম্ম অবলম্বন করিয়া, সকল বস্তুকে কালের সহিত যুক্ত করিতেছেন। অসত্য, অশুচি, হিংসা, নির্দ্দয়তা এই চারিটী মাহিষধর্ম্ম। ঐ কাল শর্ব্ব অর্থাৎ শিবের অংশ, অসত্যাদি চতুষ্পাদ-বিশিষ্ট, কাম-রূপী, নাস্তিক্য-প্রচারকারী, দুষ্টসঙ্গী এবং বেদবিরুদ্ধবাদী। ঐ কাল ক্রোধসঙ্গী, কৃষ্ণবর্ণ এবং মহামহিষরূপধারী। তিনিই মহেশ্বর এবং তাঁহাতেই সকলের তিরোধান হয়। তাঁহার নীচে কর্ম্মভোগ এবং তাঁহার ঊর্দ্ধে জ্ঞানভোগ, তাহার নিম্নে কর্ম্মমায়া এবং তাহার ঊর্দ্ধে জ্ঞানমায়া। মা শব্দের অর্থ লক্ষ্মী, কর্ম্মভোগ যাহা গমন অর্থাৎ আশ্রয় করে, তাহার নাম কর্ম্মমায়া এবং জ্ঞানভোগ যাহাতে আশ্রয় করে, তাহার নাম জ্ঞানমায়া। ৬১—৬৯। ঐ জ্ঞানমায়ার ঊর্দ্ধে অনশ্বরভোগ এবং তাহার নীচে নশ্বর ভোগ। তাহার নীচে তিরোধান এবং তাহার ঊর্দ্ধে তিরোধানের অভাব। উহার নীচে পাশ বন্ধন এবং উহার ঊর্দ্ধে বন্ধনাভাব। উ

নিষ্কামকর্ম্মভোগস্তু তদূর্দ্ধং পরিকীর্ত্তিতঃ।
তদর্ব্বাক্ পরিবর্ত্তন্তে বিন্দুপূজাপরায়ণাঃ ॥ ৭২
তদূর্দ্ধং হি ব্রজন্ত্যেব নিষ্কামা লিঙ্গপূজকাঃ।
তদর্ব্বাক্ পরিবর্ত্তন্তে শিবান্যসুরপূজকাঃ ॥ ৭৩
শিবৈকনিরতা যে চ তদূর্দ্ধং সম্প্রয়ান্তি তে।
তদর্ব্বাগ্জীবকোটিঃ স্যাৎ তদূর্দ্ধং পরকোটিকা ॥
সাংসারিকাস্তদর্ব্বাক্ চ মুক্তাঃ খলু তদূর্দ্ধগাঃ।
তদর্ব্বাক্ পরিবর্ত্তন্তে প্রাকৃতদ্রব্যপূজকাঃ ॥ ৭৫
তদূর্দ্ধং হি ব্রজন্ত্যেতে পৌরুষদ্রব্যপূজকাঃ।
তদর্ব্বাক্ শক্তিলিঙ্গন্তু শিবলিঙ্গং তদূর্দ্ধকম্ ॥ ৭৬
তদর্ব্বাগাবৃতং লিঙ্গং তদূর্দ্ধং হি নিরাবৃতি।
তদর্ব্বাক্ কল্পিতং লিঙ্গং তদূর্দ্ধং বৈ ন কল্পিতম্ ॥
তদর্ব্বাগ্বাহ্যলিঙ্গং স্যাদন্তরঙ্গং তদূর্দ্ধকম্।
তদর্ব্বাক্ শক্তিলোকা হি শতং বৈ দ্বাদশাধিকম্ ॥
তদর্ব্বাগ্বিন্দুরূপং হি নাদরূপং তদুত্তরম্।
তদর্ব্বাক্ কর্ম্মলোকস্তু তদূর্দ্ধং জ্ঞানলোককঃ ॥ ৭৯

নীচে কর্ম্মাকর্ম্মানুসারিগণ পরিবর্ত্তিত হয়। তাহার উর্দ্ধে নিষ্কাম-কর্ম্মভোগ কীর্ত্তিত হইয়াছে। তাহার নীচে বিন্দুপূজাপরায়ণ ব্যক্তিগণ অবস্থান করে। তাহার উর্দ্ধে নিষ্কাম ভাবে লিঙ্গপূজকগণ অবস্থান করে। তাহার নীচে শিব ভিন্ন দেবপূজকগণের আবাস। যাহারা একমাত্র শিবভক্ত, তাহারা তাহার উর্দ্ধে বাস করে। তাহার নীচে জীবকোটি এবং তাহার উর্দ্ধে ঈশ্বরকোটি। তাহার নীচে সাংসারিক লোকের অবস্থান করে এবং তাহার উর্দ্ধে মুক্ত পুরুষেরা বিচরণ করে। তাহার নীচে প্রাকৃত-দ্রব্যপূজকগণ বাস করে। তাহার উর্দ্ধে চৈতন্যময় দ্রব্য-পূজকেরা বাস করে। তাহার নীচে শক্তিলিঙ্গ এবং তাহার উর্দ্ধে শিবলিঙ্গ। তাহার নীচে আবৃতলিঙ্গ এবং তাহার উর্দ্ধে নিরাবৃত অর্থাৎ নির্গুণ লিঙ্গ ও তাহার নীচে কল্পিত লিঙ্গ এবং তাহার উর্দ্ধে অকল্পিত লিঙ্গ। তাহার নীচে বাহ্য অর্থাৎ আধিভৌতিক লিঙ্গ এবং তাহার উর্দ্ধে অন্তরঙ্গ অর্থাৎ আধ্যাত্মিক লিঙ্গ। তাহার নীচে দ্বাদশ শত শক্তিলোক। তাহার নীচে বিন্দুরূপ, তাহার উর্দ্ধে নাদরূপ।

নমস্কারস্তদূর্দ্ধং হি মদাহঙ্কারনাশনঃ।
জনিজং বৈ তিরোধানং নানিষিধ্যাততে ইতি ॥ ৮০
জ্ঞানশব্দার্থ এবং হি তিরোধাননিবারণাৎ।
তদর্ব্বাক্ পরিবর্ত্তন্তে হ্যাধিভৌতিকপূজকাঃ ॥ ৮১
আধ্যাত্মিকার্চ্চকা এব তদূর্দ্ধং সম্প্রয়ান্তি বৈ।
তাবদ্বৈ বেদিভাগং তন্মহালোকাত্মলিঙ্গকে ॥ ৮২
প্রকৃত্যাদ্যষ্টবন্ধোঽপি বেদ্যন্তে সম্প্রতিষ্ঠিতঃ।
এবমেতাদৃশং জ্ঞেয়ং সর্ব্বং লৌকিক-বৈদিকম্ ॥
অধর্ম্মমহিষারূঢ়ং কালচক্রং তরন্তি তে।
সত্যাদিধর্ম্মযুক্তা যে শিবপূজাপরাশ্চ যে ॥ ৮৪
তদূর্দ্ধং বৃষভো ধর্ম্মো ব্রহ্মচর্য্যস্বরূপধৃক্।
সত্যাদিপাদযুক্তস্তু শিবলোকাগ্রতঃ স্থিতঃ ॥ ৮৫
ক্ষমাশৃঙ্গঃ শমশ্রোত্রো বেদধ্বনিবিভূষিতঃ।
আস্তিক্যচক্ষুর্নিশ্বাস-গুরুবুদ্ধিমনা বৃষঃ ॥ ৮৬
ক্রিয়াদিবৃষভা জ্ঞেয়াঃ কারণাদিষু সর্ব্বদা।

তাহার নীচে কর্ম্মলোক, তাহার উর্দ্ধে জ্ঞান-লোক। তাহার উর্দ্ধে মদ ও অহঙ্কারের বিনাশক নমস্কার। যাহা জনিজ (উৎপত্তিজাত) তিরোধান অর্থাৎ অজ্ঞানকে নিবারণ না করিয়া বৃদ্ধি পায় না, তাহার নাম জ্ঞান; এইরূপ ব্যুৎপত্তি-বলে জ্ঞান শব্দের অর্থ তিরোধান-নিবারক। তাহার নীচে আধিভৌতিক পূজকগণ অবস্থান করে। ৭০—৮১। তাহার উর্দ্ধে আধ্যাত্মিক পূজকগণ সঞ্চরণ করে। মহালোকাত্মক লিঙ্গে এইরূপ বেদীর বিভাগ হইয়াছে। সেই বেদীর অন্তে প্রকৃতি, মহৎ, অহঙ্কার এবং পঞ্চতন্মাত্র, এই আট প্রকার বন্ধ প্রতিষ্ঠিত হইয়াছে। সমুদয় লৌকিক ও বৈদিক পদার্থ এইরূপ জানিবে। যাহারা সত্যাদিধর্ম্মযুক্ত এবং শিবপূজাপরায়ণ, তাহারা পূর্ব্বোক্ত অধর্ম্ম-মহিষারূঢ় কালচক্র উল্লঙ্ঘন করিতে সক্ষম হয়। তাহার উর্দ্ধে ব্রহ্মচর্য্য-স্বরূপধারী ধর্ম্মবৃষভ বাস করেন। সত্যাদি তাঁহার পা এবং তিনি শিবলোকের অগ্রে অবস্থিত। ক্ষমা তাঁহার শৃঙ্গ, শম তাঁহার কর্ণ এবং তিনি বেদধ্বনি দ্বারা বিভূষিত। তাঁহার চক্ষু আস্তিক্য, তিনি বৃষভরূপী এবং

তং ক্রিয়াবৃষভং ধর্ম্মং কালাতীতোঽধিতিষ্ঠতি ॥৮৭
ব্রহ্ম-বিষ্ণু-মহেশানাং স্বস্বায়ুর্দিনমুচ্যতে।
তদূর্দ্ধং ন দিনং রাত্রির্ন জন্মমরণাদিকম্‌ ॥ ৮৮
পুনঃ কারণসত্যান্তাঃ কারণব্রহ্মণস্তথা।
গন্ধাদিভ্যস্তু ভূতেভ্যস্তদূর্দ্ধং নির্ম্মিতাঃ সদা ॥ ৮৯
সূক্ষ্মগন্ধস্বরূপা হি স্থিতা লোকাশ্চতুর্দ্দশ।
পুনঃ কারণবিষ্ণোর্বৈ স্থিতা লোকাশ্চতুর্দ্দশ ॥ ৯০
পুনঃ কারণরুদ্রস্য লোকাষ্টাবিংশকা মতাঃ।
পুনশ্চ কারণেশস্য ষট্‌পঞ্চাশং তদূর্দ্ধগাঃ ॥ ৯১
ততঃ পরং ব্রহ্মচর্য্যলোকাখ্যং শিবসম্মতম্‌।
তত্রৈব জ্ঞানকৈলাসে পঞ্চাবরণসংযুতে ॥ ৯২
পঞ্চমণ্ডলসংযুক্তং পঞ্চব্রহ্মকলান্বিতম্‌।
আদিশক্তিসমাযুক্তমাদিলিঙ্গস্তু তত্র বৈ ॥ ৯৩
শিবালয়মিদং প্রোক্তং শিবস্য পরমাত্মনঃ।
পরশক্ত্যা সমাযুক্তস্তত্রৈব পরমেশ্বরঃ ॥ ৯৪
সৃষ্টিঃ স্থিতিশ্চ সংহারস্তিরোভাবোঽপ্যনুগ্রহঃ।
পঞ্চকৃত্যপ্রবীণোঽসৌ সচ্চিদানন্দবিগ্রহঃ ॥ ৯৫
ধ্যানধর্ম্মঃ সদা যস্য সদানুগ্রহতৎপরঃ।
সমাধ্যাসনমাসীনঃ স্বাত্মারামো বিরাজতে ॥ ৯৬
তস্য সন্দর্শনং সাধ্যং কর্ম্মধ্যানাদিভিঃ ক্রমাৎ।
নিত্যাদিকর্ম্মযজনাচ্ছিবকর্ম্মমতির্ভবেৎ ॥ ৯৭
ক্রিয়াদিশিবকর্ম্মভ্যঃ শিবজ্ঞানং প্রসাধয়েৎ।
তদ্দর্শনগতাঃ সর্ব্বে মুক্তা এব ন সংশয়ঃ ॥ ৯৮
মুক্তিরাত্মস্বরূপেণ স্বাত্মারামত্বমেব হি।
ক্রিয়া-তপো-জপ-জ্ঞান-ধ্যান-ধর্ম্মেষু সুস্থিতঃ ॥৯৯
শিবস্য দর্শনং লব্ধা স্বাত্মারামত্বমেব হি।
যথা রবিঃ স্বকিরণাদশুদ্ধিমপনেষ্যতি ॥ ১০০
কৃপাবিচক্ষণঃ শম্ভুরজ্ঞানমপনেষ্যতি।

তাঁহার মন ও বুদ্ধি বেদাক্ষরাত্মক ও গৌরবান্বিত। পূজা, তপস্যা, জপ, জ্ঞান ও ধ্যানাদিরূপ ক্রিয়া সকলই ধর্ম্ম এবং ঐ সকল ধর্ম্ম, সর্ব্বদা জগতের কারণ ব্রহ্মাদিতে অবস্থিত। যে সকল ব্যক্তি পূর্ব্বোক্ত কালকে অতিক্রম করিয়াছে, তাহারাই ঐ ক্রিয়ারূপী ধর্ম্মবৃষভে অধিষ্ঠান করে। ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর, ইহাদের প্রত্যেকের আয়ুর সমষ্টি পরিমাণে শিবের একদিন হয়। তাহার পর আর দিনরাত্রি বা জন্ম মরণাদির বিভাগ নাই। উত্তর, ঊর্দ্ধে কারণরূপী ব্রহ্মার কারণ সত্যান্ত লোক অবস্থিত; উহারা গন্ধাদি ভূত হইতে নির্ম্মিত। ঐ সকল লোকের সংখ্যাও চতুর্দ্দশ; উহারা সূক্ষ্ম অর্থাৎ তন্মাত্ররূপ গন্ধাদির স্বরূপ। উহাদের ঊর্দ্ধে কারণরূপী বিষ্ণুর চতুর্দ্দশ লোক অবস্থিত। ৮২—৯০। তাহার পর কারণরূপী রুদ্রের অষ্টবিংশতি লোক এবং তাহার ঊর্দ্ধে কারণরূপ ঈশের ষট্‌পঞ্চাশৎ লোক। তাহার ঊর্দ্ধে শিবের প্রিয় ব্রহ্মচর্য্য নামক লোক সকল অবস্থিত। সেই স্থানে পঞ্চাবরণসংযুক্ত জ্ঞানময় কৈলাস নামক পুরে পঞ্চমণ্ডল-সংযুক্ত পঞ্চব্রহ্ম-কলাবিশিষ্ট, আদিশক্তি-সমন্বিত আদিলিঙ্গ বিরাজ করেন। উহাই পরমাত্মার স্বরূপ শিবের আলয় বলিয়া উক্ত হইয়াছে, ঐ স্থানেই পরমেশ্বর শিব পরাশক্তির সহিত বস[illegible] করেন ঐ পরমাত্মা শিব সচ্চিদানন্দমূর্[illegible] এবং সৃষ্টি, স্থিতি, সংহার, তিরোভাব [illegible] অনুগ্রহ এই পাঁচটী কার্য্যে নিপুণ। সর্ব্ব[illegible] ধ্যানই তাঁহার ধর্ম্ম এবং তিনি সর্ব্বদা লোকা[illegible] গ্রহে তৎপর, যোগাসনে উপবিষ্ট ও স্ব[illegible] আত্মার অনুধ্যাননিরত হইয়া বিরাজ করিতে[illegible] ছেন পূজনাদি এবং ধ্যানাদি কর্ম্ম [illegible] ক্রমশঃ তাঁহার সন্দর্শন হইতে পারে। নি[illegible] ও নৈমিত্তিক পূজা দ্বারা শিবের কার্য্যে ম[illegible] হয়। ক্রিয়া-তপস্যাদিরূপ শিবকর্ম্মের স[illegible] শিবজ্ঞান লাভে যত্ন করিবে। শিবকে [illegible] দেখিতে পাইয়াছেন, তাঁহারা সকলেই [illegible] হইয়াছেন, এবিষয়ে সংশয় নাই। আ[illegible] স্বরূপাবস্থাই মুক্তি; স্বাত্মারাম; অর্থাৎ আ[illegible] নিরতিশয় আনন্দরূপতাই সেই স্বরূপাব[illegible] ক্রিয়াযোগ, তপোযোগ, জপযোগ, জ্ঞান[illegible] অথবা ধ্যানযোগে তৎপর ব্যক্তিই শিবের [illegible] লাভ করিয়া স্বাত্মারামত্ব প্রাপ্ত হয়। [illegible] যেরূপ নিজ কিরণাবলী দ্বারা জগতের অ[illegible] দূর করেন, তদ্রূপ করুণাময় শিব; লো[illegible]

নন্দীশ্বরো বহিস্তিষ্ঠন্‌ পঞ্চাক্ষরমুপাসতে ॥ ১১৮
এবং গুরুক্রমায়াতং নন্দীশাচ্চ ময়া পুনঃ।
ততঃ পরং স্বসংবেদ্যং শিবেনৈবানুভাবিতম্‌ ॥১১৯
শিবস্য কৃপয়া সাক্ষাচ্ছিবলোকস্য বৈভবম্‌।
বিজ্ঞাতুং শক্যতে সর্ব্বৈর্নান্যথেত্যাহুরাস্তিকাঃ ॥
এবং ক্রমেণ মুক্তাঃ স্যুর্ব্রাহ্মণা বৈ জিতেন্দ্রিয়াঃ।
অন্যেষাঞ্চ ক্রমং বক্ষ্যে গদতঃ শৃণুতাদরাৎ ॥১২১
গুরূপদেশজাপ্যং বৈ ব্রাহ্মণানাং নমোহন্তকম্‌।
পঞ্চাক্ষরং পঞ্চলক্ষমায়ুষ্যং প্রজপেদ্বিধিঃ ॥ ১২২
স্ত্রীত্বাপনয়নার্থন্তু পঞ্চলক্ষং জপেৎ পুনঃ।
মন্ত্রেণ পুরুষো ভূত্বা ক্রমান্মুক্তো ভবেদ্বুধঃ ॥১২৩
ক্ষত্রিয়ঃ পঞ্চলক্ষেণ ক্ষত্রত্বমপনেষ্যতি।
পুনশ্চ পঞ্চলক্ষেণ ক্ষত্রিয়ো ব্রাহ্মণো ভবেৎ ॥১২৪
মন্ত্রসিদ্ধির্জপাচ্চৈব ক্রমান্মুক্তো ভবেন্নরঃ।
বৈশ্যস্তু পঞ্চলক্ষেণ বৈশ্যত্বমপনেষ্যতি ॥ ১২৫
পুনশ্চ পঞ্চলক্ষেণ মন্ত্রক্ষত্রিয় উচ্যতে।
পুনশ্চ পঞ্চলক্ষেণ ক্ষত্রত্বমপনেষ্যতি ॥ ১২৬
পুনশ্চ পঞ্চলক্ষেণ মন্ত্রব্রাহ্মণ উচ্যতে।
শূদ্রশ্চৈবং নমোহন্তেন পঞ্চবিংশতিলক্ষতঃ ॥ ১২
মন্ত্রবিপ্রত্বমাপদ্য পশ্চাচ্ছুদ্ধো ভবেদ্দ্বিজঃ।
নারী বাথ নরো বাথ ব্রাহ্মণো বান্য এব বা ॥১২৮
নমোহন্তং বা নমঃ পূর্ব্বমাতুরঃ সর্ব্বদা জপেৎ।
তত্র স্ত্রীণাং তথৈবোক্ত গুরুর্নির্দ্দিশয়েৎ ক্রমাৎ ॥
সাধকঃ পঞ্চলক্ষান্তে শিবপ্রীত্যর্থমেব হি।
মহাভিষেকনৈবেদ্যং কৃত্বা ভক্তাংশ্চ পূজয়েৎ ॥
পূজয়া শিবভক্তস্য শিবঃ প্রীততরো ভবেৎ।
শিবস্য শিবভক্তস্য ভেদো নাস্তি শিবো হি সঃ ॥
শিবস্বরূপমন্ত্রস্য ধারণাচ্ছিব এব হি।
শিবভক্তশরীরে হি শিবে তৎপরমো ভবেৎ ॥১

জানিতে পারে, কিন্তু তৎপরে শিবের বৈভব-প্রকাশক গৃহাদি অনেকেই অবগত নহে। স্বয়ং নন্দীশ্বরও পঞ্চমাবরণের বহির্ভাগে থাকিয়া পঞ্চাক্ষর মন্ত্র উপাসনা করিতেছেন নন্দীশ্বর গুরুক্রমে এ তত্ত্ব প্রাপ্ত হন, আমি নন্দীশের মুখে ইহা শুনিয়াছি তারপর নিজ হৃদয়-বিচ্ছেদ্য শিব, কৃপা করিয়া যথাসময়ে সে বিষয়ের অনুভব করাইয়া দেন সাক্ষাৎ শিবের কৃপা হইলেই শিবলোকের বৈভব জানিতে পারা যায় অন্য কোনরূপে তাহা জানিতে পারা যায় না।—আস্তিকেরা এই কথা বলেন। ১১৮—১২০ জিতেন্দ্রিয় ব্রাহ্মণগণ এইরূপে মুক্তিলাভ করেন ক্ষত্রিয়াদি অপর বর্ণের এ সম্বন্ধে নিয়ম বলিতেছি, আদরপূর্ব্বক শ্রবণ করুন। ব্রাহ্মণদিগের জপ্য পঞ্চাক্ষর-মন্ত্রই গুরূপদেশ অনুসারে 'নমঃ' পদ আদিতে না দিয়া, কিন্তু পরে দিয়া (শিবায় নমঃ) পঞ্চলক্ষ বার জপ করিবে, এই বিধি আয়ুর্বর্দ্ধক। স্ত্রীলোক, স্ত্রীত্ব-অপনয়নের জন্য এই মন্ত্র পঞ্চলক্ষবার জপ করিবে, ক্রমে মন্ত্রপ্রভাবে পুরুষত্ব প্রাপ্ত হইয়া এবং জ্ঞানলাভ করিয়া মুক্তি পাইবে। ক্ষত্রিয় পঞ্চলক্ষ জপ করিলে তাহার ক্ষত্রিয়ত্ব অপনীত হইবে। আবার পঞ্চলক্ষ জপ করিলে, সেই ক্ষত্রিয় ব্রাহ্মণ হইবে। এইরূপে জপপ্রভাবেই মন্ত্রসিদ্ধি হইবে, ক্রমে মুক্তিলাভ হইবে। পঞ্চলক্ষ জপে বৈশ্যের বৈশ্যত্ব দূর হয় আবার পঞ্চলক্ষ জপ করিলে সেই বৈশ্যকে মন্ত্র-ক্ষত্রিয় বলা যায় আবার পঞ্চলক্ষ জপ করিলে ক্ষত্রিয়ত্ব অপনীত হইবে আরও পঞ্চলক্ষ জপ করিলে, সেই মন্ত্র-ব্রাহ্মণ হইবে। শূদ্র উক্ত 'নমোহন্ত' মন্ত্র ক্রমে পঞ্চবিংশতি লক্ষ জপ করিয়া মন্ত্র-ব্রাহ্মণত্ব লাভের পর ক্রমে মুক্তি পাইবে। নর নারী ব্রাহ্মণ অথবা অন্য যে কেহ, আতুরাবস্থায় আদিতে 'নমঃ' পদযুক্ত বা শেষে 'নমঃ' পদযুক্ত পঞ্চাক্ষর মন্ত্র সর্ব্বদা জপ করিবে। গুরু বিচার করিয়া স্ত্রী এবং শূদ্রজাতিকে, প্রণব-রহিত পঞ্চাক্ষর মন্ত্র প্রদান করিবেন। সাধক, প্রত্যেক পঞ্চলক্ষ জপের পর, শিবপ্রীতি উদ্দেশে, মহাভিষেক ও নৈবেদ্য করিয়া শিবভক্তগণকে পূজা করিবে। ১২১—১৩০। শিবভক্তের পূজা করিলে, শিব অতীব প্রীত হন। শিবে এবং শিবভক্তে প্রভেদ নাই; যেহেতু, শিবভক্ত শিবই। শিবস্বরূপ মন্ত্রের ধারণপ্রভাবে, সাধক শিবই হয়। অতএব শিবভক্তের শরীরে

শিবজ্ঞানিষু লক্ষেভ্যো ধ্যানযুক্তো বিশিষ্যতে
ধ্যানযুক্তেষু কোটিভ্যঃ সমাধিস্থো বিশিষ্যতে ॥১৪৮
উত্তরোত্তরবৈশিষ্ট্যাৎ পূজায়ামুত্তরোত্তরম্।
ফলং বৈশিষ্ট্যরূপঞ্চ দুর্বিজ্ঞেয়ং মনীষিভিঃ ॥১৪৯
তস্মাদ্বৈ শিবভক্তস্য মহিমানং বেত্তি কো নরঃ।
শিব-শক্ত্যোঃ পূজনঞ্চ শিবভক্তস্য পূজনম্ ॥১৫০
কুরুতে যো নরো ভক্ত্যা স শিবঃ শিবমেধতে ॥১৫১
য ইমং পঠতেঽধ্যায়মর্থবদ্বেদসম্মিতম্।
শিবজ্ঞানী ভবেদ্বিপ্রঃ শিবেন সহ মোদতে ॥১৫২
শ্রাবয়েচ্ছিবভক্তাংশ্চ বিশেষজ্ঞো মুনীশ্বরাঃ
শিবপ্রসাদসিদ্ধিঃ স্যাচ্ছিবস্য কৃপয়া বুধাঃ ॥১৫৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং প্রণবমাহাত্ম্যকথনপ্রসঙ্গে বিবিধ-শিবলিঙ্গপূজাফলবর্ণনং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

লক্ষ লক্ষ শিবজ্ঞানী অপেক্ষা একজন ধ্যান-যুক্ত বিশেষ ফলভাগী, আবার কোটি কোটি ধ্যানযুক্ত অপেক্ষা একজন সমাধিস্থ বিশেষ ফললাভ করে। এইরূপ উত্তরোত্তর বিশেষ ফলপ্রাপ্তির কথা থাকায় পূজা বিষয়ে উত্তরো-ত্তর ফলের কিরূপ তারতম্য হইবে তাহা পণ্ডিতগণের দুর্জ্ঞেয়। অতএব শিবভক্তের মহিমা কোন মনুষ্য জানিতে পারে? যে মনুষ্য ভক্তিপূর্ব্বক শিব ও শক্তির এবং শিবভক্তের পূজা করে, সে শিবস্বরূপ হইয়া নিঃশ্রেয়স লাভ করে। যে ব্যক্তি এই বেদতুল্য গুরুর্থ-যুক্ত এই অধ্যায় পাঠ করে সেই ব্রাহ্মণ শিব-জ্ঞানী হইয়া শিবের সহিত আনন্দ ভোগ করে। হে বিদ্বান্ মুনীশ্বরগণ! যে ব্যক্তি শিবভক্ত-দিগকে এই অধ্যায় শ্রবণ করায়, শিবের কৃপায় তাহার শিবপ্রসাদ সিদ্ধ হয়। ১৪১—১৫৩।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।
বন্ধ-মোক্ষস্বরূপং হি কহি সর্ব্বার্থবিত্তম ॥ ১
সূত উবাচ।
বন্ধ-মোক্ষং তথোপায়ং বক্ষ্যেঽহং শৃণুতাদরাৎ ॥২
প্রকৃত্যাদ্যষ্টবন্ধেন বদ্ধো জীবঃ স উচ্যতে।
প্রকৃত্যাদ্যষ্টবন্ধেন নির্ম্মুক্তো মুক্ত উচ্যতে ॥ ৩
প্রকৃত্যাদিবশীকারো মোক্ষ ইত্যুচ্যতে স্বতঃ।
বদ্ধজীবস্তু নির্ম্মুক্তো মুক্তজীবঃ স কথ্যতে ॥ ৪
প্রকৃত্যগ্রে ততো বুদ্ধিরহঙ্কারো গুণাত্মকঃ।
পঞ্চতন্মাত্রমিত্যেতে প্রকৃত্যাদ্যষ্টকং বিদুঃ ॥ ৫
প্রকৃত্যাদ্যষ্টজো দেহো দেহজং কর্ম্ম উচ্যতে।
পুনশ্চ কর্ম্মজো দেহো জন্মকর্ম্ম পুনঃপুনঃ ॥ ৬
শরীরং ত্রিবিধং জ্ঞেয়ং স্থূলং সূক্ষ্মঞ্চ কারণম্।
স্থূলং ব্যাপারদং প্রোক্তং সূক্ষ্মমিন্দ্রিয়ভোগদম্ ॥৭

ষোড়শ অধ্যায়।

ঋষিগণ বলিলেন, হে সর্ব্বজ্ঞশ্রেষ্ঠ সূত! তুমি আমাদিগের নিকট বন্ধ এবং মোক্ষের স্বরূপ কীর্ত্তন কর। সূত বলিলেন, আমি বন্ধ, মোক্ষ এবং উহাদের উপায় বলিতেছি, আদরপূর্ব্বক শ্রবণ করুন। প্রকৃতি প্রভৃতি আট প্রকার বন্ধ দ্বারা বদ্ধকে জীব বলে এবং ঐ প্রকৃত্যাদি আট প্রকার বন্ধমুক্ত ব্যক্তিকে মুক্ত বলে। প্রকৃত্যাদিবশীকরণের নাম স্বাভা-বিক মোক্ষ। পূর্ব্ববদ্ধ জীব মুক্তি লাভ করিলে মুক্তজীব বলিয়া অভিহিত হয়। প্রথমে প্রকৃতি, তাহার পর বুদ্ধি ও গুণস্বরূপ অহঙ্কার এবং পঞ্চতন্মাত্র; এই আটটীকে পণ্ডিতেরা প্রকৃ-ত্যাদি আট বলিয়া জানেন। প্রকৃতি প্রভৃতি আট হইতে দেহ উৎপন্ন হয়, দেহ হইতে কর্ম্ম উৎপন্ন হয়, পুনর্ব্বার আবার কর্ম্মজন্য দেহ উৎপন্ন হয়; এইরূপ জন্ম ও কর্ম্ম পুনঃপুনঃ হইয়া থাকে। শরীর তিনপ্রকার; স্থূল, সূক্ষ্ম এবং কারণ। স্থূল শরীর ব্যাপার অর্থাৎ চেষ্টা-প্রদ, সূক্ষ্ম শরীর ইন্দ্রিয়ের ভোগ প্রদান করে

কারণস্থাত্মভোগার্থং জীবকর্ম্মানুরূপতঃ।
সুখং দুঃখং পুণ্যপাপৈঃ কর্ম্মভিঃ ফলমশ্নুতে ॥ ৮
তস্মাদ্ধি কর্ম্মরজ্জ্বা হি বদ্ধো জীবঃ পুনঃপুনঃ।
শরীরত্রয়কর্ম্মভ্যাং চক্রবদ্ভ্রাম্যতে সদা ॥ ৯
চক্রভ্রমনিবৃত্ত্যর্থং চক্রকর্ত্তারমীড়য়েৎ।
প্রকৃত্যাদি মহাচক্রং প্রকৃতেঃ পরতঃ শিবঃ।
চক্রকর্ত্তা মহেশো হি প্রকৃতেঃ পরতো যতঃ ॥ ১০
পিবতি বাথ বমতি জীবাবালে জলং যথা।
শিবস্তথা প্রকৃত্যাদি বশীকৃত্যাধিতিষ্ঠতি ॥ ১১
সর্ব্বং বশীকৃতং যস্মাৎ তস্মাচ্ছিব ইতি স্মৃতঃ।
শিব এব হি সর্ব্বজ্ঞঃ পরিপূর্ণশ্চ নিস্পৃহঃ ॥ ১২

সর্ব্বজ্ঞতাতৃপ্তিরনাদিবোধঃ
স্বতন্ত্রতা নিত্যমলুপ্তশক্তিঃ।
অনন্তশক্তিশ্চ মহেশ্বরস্য
যন্মানসৈশ্বর্য্যমবৈতি বেদ ॥ ১৩

অতঃ শিবপ্রসাদেন প্রকৃত্যাদি বশং ভবেৎ।
শিবপ্রসাদলাভার্থং শিবমেব প্রপূজয়েৎ ॥ ১৪
নিঃস্পৃহস্য চ পূর্ণস্য তস্য পূজা কথং ভবেৎ।
শিবোদ্দেশকৃতং কর্ম্ম প্রসাদজনকং ভবেৎ ॥ ১৫
লিঙ্গে বেরে ভক্তজনে শিবমুদ্দিশ্য পূজয়েৎ।
কায়েন মনসা বাচা ধনেনাপি প্রপূজয়েৎ ॥ ১৬
পূজয়া তু মহেশো হি প্রকৃতেঃ পরমঃ শিবঃ।
প্রসাদং কুরুতে সত্যং পূজকস্য বিশেষতঃ ॥ ১৭
শিবপ্রসাদাৎ কর্ম্মাদ্যং ক্রমেণ স্ববশং ভবেৎ।
কর্ম্মারভ্য প্রকৃত্যন্তং যদা সর্ব্বং বশং ভবেৎ।
তদা মুক্ত ইতি প্রোক্তঃ স্বাত্মারামো বিরাজতে ॥ ১৮
প্রসাদাৎ পরমেশস্য কর্ম্মদেহো যদা বশঃ।
তদা বৈ শিবলোকে তু বাসঃ সালোক্যমুচ্যতে ॥ ১৯
সামীপ্যং যাতি সাম্বস্য তন্মাত্রে চ বশংগতে।
তদা তু শিবসাযুজ্যমায়ুধাদ্যৈঃ ক্রিয়াদিভিঃ ॥ ২০
মহাপ্রসাদলাভে চ বুদ্ধিশ্চাপি বশা ভবেৎ।
বুদ্ধিস্তু কার্য্যং প্রকৃতেস্তৎ সার্ষ্টিরিতি কথ্যতে ॥ ২১

এবং জীবের সদসৎ কর্ম্মানুসারে আত্মার ভোগের নিমিত্ত যে শরীর, তাহাকে কারণ-শরীর বলে। ঐ কারণশরীর সুখ, দুঃখ, পুণ্য এবং পাপকর্ম্ম দ্বারা ফলভোগ করে। অতএব জীব কর্ম্মরূপ রজ্জু দ্বারা পুনঃপুনঃ বদ্ধ হইয়া পূর্ব্বোক্ত শরীরত্রয় এবং কর্ম্মের সহিত চক্রের মত সর্ব্বদা ভ্রমণ করে। ঐ চক্রভ্রম নিবৃত্তির নিমিত্ত চক্রকর্ত্তার পূজা করিবে। প্রকৃতি আদি মহাচক্র এবং শিব প্রকৃতি হইতে ভিন্ন। যেহেতু চক্রকর্ত্তা মহেশ্বর প্রকৃতির পর অবস্থান করেন। বৃক্ষবিশেষের আলবালে যেমন জলপান করে এবং বমন করে, সেইরূপ শিবও প্রকৃত্যাদি আট প্রকার বস্তুকে আপনার বশীভূত করিয়া অধিষ্ঠান করেন। সমুদয় বস্তু যাঁহার বশীভূত বলিয়া তাঁহাকে 'শিব' বলে। ঐ শিব সর্ব্বজ্ঞ, পরিপূর্ণ এবং নিঃস্পৃহ। সর্ব্বজ্ঞতা, তৃপ্তি, অনাদিবোধ, নিত্য-স্বতন্ত্রতা, অলুপ্তশক্তি এবং অনন্তশক্তি এই কয়টী মহেশ্বরের মানসিক ঐশ্বর্য্য। অতএব শিবের অনুগ্রহে প্রকৃত্যাদি বশীভূত হয়। শিবের অনুগ্রহলাভার্থ শিবেরই পূজা করিবে।

১—১৩। শিব স্বয়ং পরিপূর্ণ এবং নিঃস্পৃহ; পূজা দ্বারা তাঁহার কোনরূপ অভাব মোচন হয় না সত্য, কিন্তু শিবের উদ্দেশে কর্ম্ম করিলে ঐ কর্ম্ম তাঁহার অনুগ্রহের জনক হয়। শিবকে উদ্দেশ করিয়া লিঙ্গে বেরে (দেহে) এবং ভক্ত ব্যক্তিতে কায় মন বাক্য ও ধন দ্বারা পূজা করিবে। প্রকৃতির পরে বর্ত্তমান মহেশ্বর, শিব পূজা দ্বারা পূজকের উপর সত্য সত্য বিশেষ অনুগ্রহ করেন। শিবের অনুগ্রহে ক্রমশঃ কর্ম্মাদি পূজকের বশীভূত হয়। যখন কর্ম্ম হইতে প্রকৃতি পর্য্যন্ত সমুদয় বশীভূত হয়, তখন সে মুক্ত বলিয়া অভিহিত হয় অর্থাৎ তখন সে আত্মারাম হইয়া বিরাজ করে; মহাদেবের অনুগ্রহে যৎকালে কর্ম্মদেহ বশীভূত হয়, তখন শিবলোকে বাস হয়, উহার নাম সালোক্য এবং তন্মাত্র বশীভূত হইলে শিবের সামীপ্য প্রাপ্ত হয়। ঐ তন্মাত্রকে বশীভূত করিবার পর ত্রিশূলাদি আয়ুধ এবং ক্রিয়াবিশেষ দ্বারা শিবের সাযুজ্য প্রাপ্ত হয়, আর মহাপ্রসাদ অর্থাৎ সম্পূর্ণ অনুগ্রহ লাভ করিলে বুদ্ধি বশীভূত হয়। বুদ্ধি প্রকৃতির কার্য্য; উহা

পুনর্মহাপ্রসাদেন প্রকৃতির্বশমেষ্যতি।
শিবস্য মানসৈশ্বর্য্যং তদাঽবশ্যং ভবিষ্যতি ॥২২
সার্ব্বজ্ঞ্যাদ্যং শিবৈশ্বর্য্যং লব্ধ্বা স্বাত্মনি রাজতে।
তৎ সাযুজ্যমিতি প্রাহুর্বেদাগমপরায়ণাঃ ॥২৩
এবংক্রমেণ মুক্তিঃ স্যাল্লিঙ্গাদৌ পূজয়া স্বতঃ।
অতঃ শিবপ্রসাদার্থং ক্রিয়াদ্যৈঃ পূজয়েচ্ছিবম্ ॥২৪
শিবক্রিয়া শিবতপঃ শিবমন্ত্রজপঃ সদা।
শিবজ্ঞানং শিবধ্যানমুত্তরোত্তরমভ্যসেৎ ॥২৫
আ সুপ্তেরা মৃতেঃ কালং নয়েদ্বৈ শিবচিন্তয়া।
সদ্যাদিভিশ্চ কুসুমৈরর্চয়েচ্ছিবমেষ্যতি ॥২৬
সন্ন্যাসাশ্রমগ্রহণবিধিবর্ণনং নাম
তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

চতুর্থোঽধ্যায়ঃ।

ঈশ্বর উবাচ।

পরীক্ষ্য ভূমিং বিধিবদ্গন্ধ-বর্ণ-রসাদিভিঃ।
মনোঽভিলষিতে তত্র বিতানবিততাম্বরে॥ ১
সুপ্রলিপ্তে মহীপৃষ্ঠে দর্পণোদরসন্নিভে।
অরত্নিযুগ্মমানেন চতুরস্রং প্রকল্পয়েৎ॥ ২
তালপত্রং সমাদায় তৎসমায়ামবিস্তরম্‌।
তস্মিন্‌ ভাগান্‌ প্রকুর্ব্বীত ত্রয়োদশ সমাংশকম্‌॥
তৎ পত্রং তত্র নিক্ষিপ্য পশ্চিমাভিমুখঃ স্থিতঃ।
তৎপূর্ব্বভাগে সুদৃঢ়ং সূত্রমাদায় রঞ্জিতম্‌॥ ৪

ত্রিপুণ্ড্র ধারণ করিবে। এইরূপে ত্রিপুণ্ড্র ধারণ করিয়া কর্ত্তব্য-জ্ঞান-সম্পন্ন শিষ্য হস্ত প্রক্ষালন-পূর্ব্বক যথাবথ আচমন করিয়া যথাবিধি পঞ্চী-করণ মন্ত্র উচ্চারণ করত নিজ গুরুর ভাবনা করিবে। পরে বক্ষ্যমাণ প্রকারে ছয়বার প্রাণায়াম করিবে। অনন্তর বক্ষ্যমাণ বিধিমতে ঋষ্যাদি ন্যাস করিয়া দক্ষিণহস্তে জল লইয়া বামপাণি দ্বারা নাসিকাদি ইন্দ্রিয়-দ্বার রোধ-পূর্ব্বক সেই জল প্রণবমন্ত্রে অভিমন্ত্রিত করিবে। এইরূপে তিনবার অভিমন্ত্রিত করিয়া তদ্দ্বারা মস্তক প্রোক্ষিত করিয়া সেই জল তিনবার পান করিবে; তৎপরে সাধক একাগ্রচিত্ত হইয়া সূর্য্যমণ্ডল-মধ্যস্থিত, সর্ব্ব-তেজোময় অষ্টবাহু চতুর্মুখ সকল দিব্য গুণ-সম্পন্ন, দিব্যালঙ্কারভূষিত, অর্দ্ধনারীশ্বর, অদ্ভুত পরমেশ্বর স্বরূপ ওঙ্কারের ধ্যান করিয়া যথা-বিধানে তিনবার অর্ঘ্য প্রদান করিবে। পরে অষ্টোত্তর শত জপ করিয়া দ্বাদশবার তর্পণ করিবে; পুনর্ব্বার আচমন করিয়া তিনবার প্রাণায়াম করিবে। অনন্তর যথাবিধি ঋষ্যাদি ন্যাস করিয়া মৌনাবলম্বনপূর্ব্বক পুণ্যাসনে গমন করিয়া পাদপ্রক্ষালন করত বাগ্‌যত হইয়া থাকিবে। পশ্চাৎ দুইবার আচমন করিয়া দক্ষিণপাদ প্রক্ষেপক্রমে মণ্ডপে প্রবেশপূর্ব্বক তথায় যথারীতি মণ্ডল রচনা করিবে। ৮১—৯২।

তৃতীয় অধ্যায় সমাপ্ত॥ ৩॥

চতুর্থ অধ্যায়

ঈশ্বর কহিলেন, তথায় গন্ধ, বর্ণ ও র[illegible] প্রভৃতি দেখিয়া বিধিমতে ভূমি পরীক্ষা করিয়া চন্দ্রাতপ-শোভিত, গোময়োপলিপ্ত, দর্পণতু[illegible] স্বচ্ছ, অরত্নিদ্বয়-পরিমিত, মনোভিলষিত ভূপৃ[illegible] চতুরস্র মণ্ডল রচনা করিবে সেই চতুর[illegible] মণ্ডল-সমান দীর্ঘ ও বিস্তৃত তালপত্র লই[illegible] তাহাতে সমান অংশে ত্রয়োদশ ভাগ করিবে[illegible] অনন্তর সেই তাল-পত্র নিক্ষেপ করিয়া সে[illegible] চতুরস্র মণ্ডলের পূর্ব্বভাগে পশ্চিমমুখে অব[illegible] করত রঞ্জিত দৃঢ় সূত্র লইয়া পূর্ব্ব পশ্চিমে

মধ্যন্তু কর্ণিকাং কুর্য্যাৎ পীতাং রক্তঞ্চ বৃত্তকম্ ॥২২
দলানি রক্তবর্ণানি কল্পয়েৎ কল্পবিত্তমঃ।
দলবাহ্যে তু কৃষ্ণেন রন্ধ্রাণি পরিপূরয়েৎ ॥ ২৩
আগ্নেয়াদীনি চত্বারি শুক্লেনৈব প্রপূরয়েৎ।
পূর্ব্বে ষড়্‌বিন্দুসহিতং ষট্‌কোণং কৃষ্ণমালিখেৎ ॥
রক্তবর্ণং দক্ষিণতস্ত্রিকোণং কোষ্ঠকে ততঃ।
শ্বেতাভমর্দ্ধচন্দ্রঞ্চ পীতবর্ণঞ্চ পশ্চিমে ॥ ২৫
চতুরস্রং ক্রমাৎ তেষু লিখেদ্বীজচতুষ্টয়ম্
পূর্ব্বে বিন্দু সমালিখ্য শুভ্রং কৃষ্ণান্তু দক্ষিণে ॥২৬
উকারমুত্তরে রক্তং মকারং পশ্চিমে ততঃ।
অকারং পীতমেবন্তু কৃত্বা বর্ণচতুষ্টয়ম্ ॥ ২৭
সর্ব্বোর্দ্ধপঙ্‌ক্ত্যধঃপঙ্‌ক্তৌ সমারভ্য চ সুন্দরি।
পীতং শ্বেতঞ্চ রক্তঞ্চ কৃষ্ণঞ্চেতি চতুষ্টয়ম্ ॥ ২৮
তন্মধ্যে ধবলং শ্যামং পীতং রক্তং চতুষ্টয়ম্।
অধস্ত্রিকোণকে রক্তং শুক্লং পীতং বরাননে ॥২৯

কোষ্ঠ লইয়া উহাদিগের মধ্য-কোষ্ঠে পীতবর্ণ কর্ণিকা ও উহার বৃত্ত রক্তবর্ণ করিবে ১১—২২। বক্ষ্যমাণরূপ শিষ্য উহার দলগুলি রক্তবর্ণ করিয়া উহার বাহিরে কৃষ্ণবর্ণ চূর্ণ দ্বারা ছিদ্রগুলি পূরণ করিবে। আগ্নেয়াদি কোষ্ঠ-চতুষ্টয় শুক্লবর্ণে পূরণ করিবে; পূর্ব্বকোষ্ঠে ছয়টী বিন্দু সংযুক্ত ষট্‌কোণ লিখিয়া কৃষ্ণবর্ণে রঞ্জিত করিবে। দক্ষিণকোষ্ঠে রক্তবর্ণ ত্রিকোণ, উত্তরকোষ্ঠে ঈষৎশ্বেত অর্দ্ধচন্দ্র, পশ্চিমকোষ্ঠে পীতবর্ণ চতুরস্র অঙ্কিত করিয়া ক্রমে তাহাতে নিম্নোক্ত চারিটী বীজ লিখিবে, যথা—পূর্ব্ব-কোষ্ঠে শুভ্রবর্ণে বিন্দু, দক্ষিণ-কোষ্ঠে কৃষ্ণবর্ণে উকার, উত্তরকোষ্ঠে রক্তবর্ণে মকার ও পশ্চিম কোষ্ঠে পীতবর্ণে অকার লিখিবে। এইরূপে চারিটী বর্ণ লিখিয়া সর্ব্বোর্দ্ধপঙ্‌ক্তির অধঃ-পঙ্‌ক্তিতে আরম্ভ করিয়া পীত, শ্বেত, রক্ত ও কৃষ্ণ; তন্নিম্নে শ্বেত, কৃষ্ণ, পীত ও রক্ত এবং তাহার অধঃ ত্রিকোণে রক্ত, শুক্ল ও পীতবর্ণের চূর্ণ দক্ষিণ হইতে আরম্ভ করিয়া উত্তর পর্য্যন্ত প্রক্ষেপ করিবে। তাহার বহিস্থ পঙ্‌ক্তিতে পূর্ব্বাদি অন্যের মধ্যস্থান মাত্র পীত, রক্ত, কৃষ্ণ, শ্যাম, শ্বেত ও পীতবর্ণে চিত্রিত করিবে।

এবং দক্ষিণমারভ্য কুর্য্যাৎ সোমান্তমীশ্বরি।
তদ্বাহ্যপঙ্‌ক্তৌ পূর্ব্বাদিমধ্যমাত্রং বিচিত্রয়েৎ ॥
পীতং রক্তঞ্চ কৃষ্ণঞ্চ শ্যামং শ্বেতঞ্চ পীতকম্।
আগ্নেয্যাদি সমারভ্য রক্তং শ্যামং সিতং প্রি[illegible]
রক্তং কৃষ্ণঞ্চ রক্তঞ্চ ষট্‌কমেবং প্রকীর্ত্তিতম্।
দক্ষিণাদ্যং মহেশানি পূর্ব্বাবধি সমীরিতম্ ॥ [illegible]
নৈর্ঋতাদ্যন্তু বিশ্বেশ্বরমাগ্নেয়াবধি চেশ্বরি।
বারুণন্তু সমারভ্য দক্ষিণাবধি চেরিতম্ ॥ ৩৩
বায়ব্যাদ্যং মহাদেবি নৈর্ঋতাবধি চেরিতম্।
সোমাদ্যং পরমেশানি বারুণাবধি চেরিতম্।
ঈশানাদ্যন্তু বিশ্বেশং বায়ব্যাবধি চাম্বিকে ॥ [illegible]
এবং মণ্ডলমালিখ্য নিবতাত্মা যতিঃ স্মৃতঃ।
সৌরপূজাং প্রকুর্ব্বীত স খলু ব্রহ্মতৎপরঃ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে কৈলাসসংহিতায়াং সৌরমণ্ডলনির্ম্মাণবর্ণনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

ঈশ্বর উবাচ।

দক্ষিণে মণ্ডলস্যাথ বৈয়াঘ্রং চর্ম্ম শোভনম্।
আস্তীর্য্য শুদ্ধতোয়েন প্রোক্ষয়েদস্ত্রমন্ত্রতঃ ॥ [illegible]

অগ্নিকোণ হইতে আরম্ভ করিয়া রক্ত, শ্যা[illegible] শ্বেত, রক্ত, কৃষ্ণ ও রক্ত এই ছয়টী বর্ণ বিন্য[illegible] করিবে। হে মহেশ্বরি! দক্ষিণ হইতে পূ[illegible] অবধি, নৈর্ঋতকোণ হইতে অগ্নিকোণ পর্য্য[illegible] পশ্চিম হইতে দক্ষিণ অবধি, বায়ুকোণ হই[illegible] নৈর্ঋতকোণ পর্য্যন্ত, উত্তর হইতে পশ্চিম অব[illegible] ও ঈশানকোণ হইতে বায়ুকোণ পর্য্য[illegible] পূর্ব্বোক্তরূপে বর্ণচিত্রণ করিবে। এইরূ[illegible] মণ্ডল অঙ্কিত করিয়া পবিত্রাত্মা ব্রহ্মপরায়[illegible] যতি সূর্য্যপূজা করিবে। ২৩—৩৫।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

ঈশ্বর কহিলেন, দেবি! সাধক, মণ্ডলে[illegible] দক্ষিণভাগে ব্যাঘ্রচর্ম্ম আবৃত করিয়া "অ[illegible]

ং পূর্ব্বমুক্ত্যা পশ্চাদাধারমুদ্ধরেৎ।
পশ্চাচ্ছক্তিকমলং চতুর্থ্যন্তং নমোঽন্তকম্ ॥২
ষেনং সমুচ্চার্য্য স্থিত্বা তস্মিন্নুদঙ্মুখঃ।
ানায়ম্য বিধিবৎ প্রণবোচ্চারপূর্ব্বকম্ ॥ ৩
রিত্যাদিভির্মন্ত্রৈর্ভস্ম সন্ধারয়েৎ ততঃ।
সি শ্রীগুরুং নত্বা মণ্ডলং রচয়েৎ পুনঃ ॥ ৪
কাণং বৃত্তং বাহ্যে তু চতুরস্রান্তকং ক্রমাৎ।
প্তচ্যোমিতি সাধারং স্থাপ্য শঙ্খং সমর্চ্চয়েৎ ॥
পূর্য্য শুদ্ধতোয়েন প্রণবেন সুপূজিনা।
চ্ছ্যা গন্ধপুষ্পাদ্যৈঃ প্রণবেন চ সপ্তধা ॥ ৬
ভিমন্ত্র্য ততস্তস্মিন্ ধেনুমুদ্রান্তু দর্শয়েৎ।
মুদ্রাস্তু তেনৈব প্রোক্ষয়েদস্ত্রমন্ত্রতঃ ॥ ৭
স্থানং গন্ধপুষ্পাদি-পূজোপকরণানি চ।
প্রাণায়ামত্রয়ং কৃত্বা ঋষ্যাদিকমথাচরেৎ ॥ ৮
স্ত শ্রীসৌরমন্ত্রস্য দেবভাগ ঋষিস্ততঃ।
ন্দো গায়ত্রামিত্যুক্তং দেবঃ সূর্য্যমহেশ্বরঃ ॥ ৯
বত্তা হ্রাং ষড়ঙ্গানি হ্রামিত্যাদীতি বিন্যসেৎ।

ততঃ সম্প্রোক্ষয়েৎ পদ্মমন্ত্রেণাগ্নেয়গোচরম্ ॥ ১০
তস্মিন্ সমর্চ্চয়েদ্বিদ্বান্ প্রভূতাং বিমলামপি।
সারাঞ্চাথ সমারাধ্য পূর্ব্বাদিপরিতঃ ক্রমাৎ ॥ ১১
অথ কালাগ্নিরুদ্রঞ্চ শক্তিমাধারসংজ্ঞিতাম্।
অনন্তং পৃথিবীঞ্চৈব রত্নদ্বীপং তথৈব চ ॥ ১২
সঙ্কল্পবৃক্ষোদ্যানঞ্চ গৃহং মণিময়ং ততঃ।
রত্নপীঠঞ্চ সম্পূজ্য পাদেষু প্রাগুপক্রমাৎ ॥ ১৩
ধর্ম্মং জ্ঞানঞ্চ বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চ চতুষ্টয়ম্।
অধর্ম্মাদ্যগ্নিকোণাদিকোণেষু চ সমর্চ্চয়েৎ ॥ ১৪
মায়াধশ্ছদনং পশ্চাদ্বিদ্যোর্দ্ধ্বচ্ছদনং ততঃ।
সত্ত্বং রজস্তমশ্চৈব সমভ্যর্চ্চ্য যথাক্রমম্ ॥ ১৫
পূর্ব্বাদিদিক্ষু মধ্যে চ দীপ্তাং সূক্ষ্মাং জয়ামপি।
ভদ্রাং বিভূতিং বিমলামমোঘাং বৈদ্যুতামপি ॥ ১৬
সর্ব্বতোমুখসংজ্ঞাঞ্চ কন্দনালং তথৈব চ।
শুষিরঞ্চ ততস্ত্বত্র কণ্ঠকাংস্তদনন্তরম্ ॥ ১৭
মূলচ্ছদনকিঞ্জল্ক-প্রকাশসকলাত্মনঃ।
পক্বগ্রন্থিকর্ণিকাঞ্চ দলানি তদনন্তরে ॥ ১৮
কেশরান্ ব্রহ্ম-বিষ্ণু চ রুদ্রমাত্মানমেব চ।
অন্তরাত্মানমপি চ জ্ঞানাত্মপরমাত্মনি ॥ ১৯

ই মন্ত্রে বিশুদ্ধ জলে প্রোক্ষণ করিবে। "ওঁ
াধারশক্তি-কমলাসনায় নমঃ" এই মন্ত্র উচ্চারণ-
পূর্ব্বক তাহাতে উত্তরমুখে উপবেশন
রিয়া "ওঁ" উচ্চারণ করত যথাবিধি প্রাণায়াম
রিয়া "অগ্নি" ইত্যাদি মন্ত্রে অঙ্গে ভস্মধারণ
রিবে। পরে শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া
গ্রে ত্রিকোণ, তৎপরে বৃত্ত, তদ্বাহ্যে চতুরস্র
ইরূপ প্রণালীক্রমে পুনরায় মণ্ডলরচনা
রিবে। "আপ্তচ্যোং" এই মন্ত্রে আধারের
হিত স্থাপন করিয়া শঙ্খপূজা করিবে; যথা,—
্রণব উচ্চারণ-পূর্ব্বক কর্পূরাদি-সুবাসিত বিশুদ্ধ
লে শঙ্খ পূর্ণ করিয়া গন্ধপুষ্পাদি দ্বারা পূজা
রিবে। পরে "ওঁ" এই মন্ত্র সাতবার জপ
রিয়া শঙ্খে ধেনুমুদ্রা এবং ওঙ্কার দ্বারা শঙ্খ-
দ্রা প্রদর্শন করিবে। "ফট্" এই মন্ত্রে গন্ধ-
পুষ্পাদি পূজোপকরণ ও আপনাকে প্রোক্ষণ
রিবে। অনন্তর তিনবার প্রাণায়াম করিয়া
উরূপ ঋষ্যাদি ন্যাস করিবে। এই সূর্য্যমন্ত্রের
ষি—দেবভাগ, ছন্দ—গায়ত্রী এবং দেবতা—
সূর্য্যমহেশ্বর। "হ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি

ক্রমে ষড়ঙ্গ ন্যাস করিবে। তৎপরে অগ্নি-
কোণস্থিত কোষ্ঠে অঙ্কিত পদ্ম "ফট্" এই মন্ত্রে
প্রোক্ষিত করিবে। ১—১০। বিচক্ষণ শিষ্য
সেই পদ্মে পূর্ব্বাদি চতুর্দ্দিকে প্রভূতা, বিমলা ও
সারার পূজা করিবে। অনন্তর পাদদেশে কালাগ্নি
রুদ্র, আধার-শক্তি, অনন্ত, পৃথিবী, রত্নদ্বীপ,
সঙ্কল্প-বৃক্ষোদ্যান, মণিময় গৃহ ও রত্নপীঠ এই
সকলের পূজাপূর্ব্বক পূর্ব্বদিক্ হইতে আরম্ভ
করিয়া ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এবং
অগ্ন্যাদি কোণে অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও
অনৈশ্বর্য্যের অর্চ্চনা করিবে। পরে মায়াবীজ
দ্বারা অধঃ ও বিদ্যাবীজ দ্বারা ঊর্দ্ধ্ব আচ্ছাদন
করিবে। অনন্তর পূর্ব্বাদি চতুর্দ্দিকে যথাক্রমে
সত্ত্ব, রজঃ ও তমঃ এবং মধ্যে দীপ্তা,
সূক্ষ্মা, জয়া, ভদ্রা, বিভূতি, বিমলা, অমোঘা,
বৈদ্যুতা, সর্ব্বতোমুখসংজ্ঞা, কন্দ, নাল, শুষির,
মূল, পত্র, কেশর, অঙ্কুর, তদনন্তর, পক্ব-
গ্রন্থি কর্ণিকা, তৎসন্নিহিত দলকেশরস্থিত
ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, আত্মা, অন্তরাত্মা, জ্ঞানাত্মা

সম্পূজ্য পশ্চাৎ সৌরাখ্যং যোগপীঠং সমর্চ্চয়েৎ।
পীঠোপরি সমাকল্প্য মূর্ত্তিং মূলেন মূলবিৎ ॥ ২০
নিরুদ্ধপ্রাণ আসীনো মূলেনৈব স্বমূলতঃ।
শক্তিমুত্থাপ্য তন্ত্রেণ প্রভাবাং পিঙ্গলাধ্বনা ॥ ২১
পুষ্পাঞ্জলৌ বিনির্গমধ্য মণ্ডলস্থস্য ভাস্বতঃ।
সিন্দূরারুণদেহস্য বামাৰ্দ্ধদয়িতস্য চ ॥ ২২
অক্ষ-স্রক্-পাশ-খট্বাঙ্গ-কপালাঙ্কুশ-পঙ্কজম্।
শঙ্খ-চক্রং দধানস্য চতুর্ব্বক্ত্রস্য লোচনঃ ॥ ২৩
রাজিতস্য দ্বাদশভির্ন্তস্য হৃৎপঙ্কজোদরে।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য হ্রাং হ্রীং সন্তদনন্তরম্ ॥ ২৪
প্রকাশশক্তিসহিতং মার্ত্তণ্ড ততঃ পরম্।
আবাহয়ামি নম ইত্যাবাহ্যাবাহনাখ্যয়া ॥ ২৫
মুদ্রয়া স্থাপনাদ্যাশ্চ মুদ্রাঃ সন্দর্শয়েৎ ক্রমাৎ।
বিন্যস্যাঙ্গানি হ্রাং হ্রীং হ্রূং মন্ত্রেণ মনুনা ততঃ ॥ ২৬
পঞ্চোপচারান্ সঙ্কল্প্য মূলেনাভ্যর্চ্চয়েৎ ত্রিধা।
কেশরেষু চ পত্রস্য ষড়ঙ্গানি মহেশ্বরি ॥ ২৭
বহ্নীশ-রক্ষো-বায়ুশ্চ পরিতঃ ক্রমশঃ সুধীঃ।
দ্বিতীয়াবরণে পূজ্যাশ্চতস্রো মূর্ত্তয়ঃ ক্রমাৎ ॥ ২৮
পূর্ব্বাদ্যুত্তরপর্য্যন্তং দলমূলেষু পার্ব্বতি।

আদিত্যো ভাস্করো ভানু রবিশ্চেত্যনুপূর্ব্বশঃ ॥ ২৯
অর্কো ব্রহ্মা তথা রুদ্রো বিষ্ণুশ্চেতি পুনঃ প্রিয়ে
ঈশানাদিষু সম্পূজ্যাস্তৃতীয়াবরণে পুনঃ ॥ ৩০
সোমমঙ্গারকঞ্চৈব বুধং বুদ্ধিমতাং বরম্।
বৃহস্পতিং বৃহদ্‌বুদ্ধিং ভার্গবং তেজসাং নিধিম্ ॥
শনৈশ্চরং তথা রাহুং কেতুং শক্রং ভয়ঙ্করম্।
সমন্ততো যজেদেতান্ পূর্ব্বাদিদলমধ্যতঃ ॥ ৩২
অথবা দ্বাদশাদিত্যান্ দ্বিতীয়াবরণে যজেৎ।
তৃতীয়াবরণে চৈব শক্রাদীনেব পূজয়েৎ ॥ ৩৩
সপ্তসাগরগঙ্গাশ্চ বহিরস্য সমন্ততঃ।
ঋষীন্ দেবাংশ্চ গন্ধর্ব্বান্ পন্নগানপ্সরোগণান্ ॥
গ্রামণ্যশ্চ তথা যক্ষান্ যাতুধানাংস্তথা হয়ান্।
সপ্তচ্ছন্দোময়াংশ্চৈব বালখিল্যাংশ্চ পূজয়েৎ ॥
এবং ত্র্যাবরণং দেবং সমভ্যর্চ্চ্য দিবাকরম্।
বিলিখ্য মণ্ডলং পশ্চাচ্চতুরস্রং সমাহিতঃ ॥ ৩৬
স্থাপ্য সাধারকং তাম্রপাত্রং প্রস্থোদবিস্তৃতম্।
পূরয়িত্বা জলৈঃ শুদ্ধৈর্বাসিতৈঃ কুসুমাদিভিঃ ॥ ৩৭

ও পরমাত্মা এই সকলের পূজা করিয়া সূর্য্যের যোগপীঠ অর্চনা করিবে। মূলমন্ত্রজ্ঞ শিবা, মূলমন্ত্র দ্বারা সেই পীঠের উপর অক্ষমালা, পাশ, খট্বাঙ্গ, অঙ্কুশ, শঙ্খ, চক্র ও পদ্মধারী, সিন্দূররক্তদেহ, বামভাগে অর্দ্ধনারী-বিরাজিত চতুর্মুখ, দ্বাদশলোচন, হৃৎপুণ্ডরীকশায়ী, মণ্ডল-মধ্যবর্ত্তী সূর্য্যের মূর্ত্তি কল্পনা করিয়া কুম্ভক করিবে। পরে মূলমন্ত্রে মূল হইতে পিঙ্গলাপথে আধারশক্তিকে ঊর্দ্ধে নীত করিয়া, পুষ্পাঞ্জলি মধ্যে আনয়ন পূর্ব্বক "ওঁ হ্রাং হ্রীং সঃ প্রকাশ-শক্তিসহিতং মার্ত্তণ্ডমাবাহয়ামি নমঃ" এই মন্ত্রে আবাহনী-মুদ্রায় আবাহনপূর্ব্বক ক্রমে স্থিরীকরণ প্রভৃতি মুদ্রা প্রদর্শন করিবে। হে মহেশ্বরি! মন্ত্রের অন্তে "হ্রাং হ্রীং হ্রূং" প্রয়োগপূর্ব্বক অঙ্গন্যাস করিয়া পঞ্চোপচার কল্পনা করত পদ্ম-কেশরে মূলমন্ত্র দ্বারা তিনবার ষড়ঙ্গের অর্চনা করিবে। ১১—২৭। সুবুদ্ধি সাধক, দ্বিতীয় আবরণে বহ্নি, ঈশ, রক্ষ ও বায়ু এই চারি মূর্ত্তির যথাক্রমে পূজা করিবে। পার্ব্বতি! পূর্ব্বাদি উত্তরদিক্ পর্য্যন্ত দলের মূলভাগে আদিত্য, ভাস্কর, ভানু ও রবির অর্চনা করিয়া, হে প্রিয়ে! ঈশানাদি কোণে অর্ক, ব্রহ্মা, রুদ্র ও বিষ্ণুর পূজা করিবে। পরে তৃতীয় আবরণে সোম, অঙ্গারক, সুবুদ্ধি-শ্রেষ্ঠ, বিশাল-বুদ্ধি বৃহস্পতি, তেজোনিধি ভার্গব, শনৈশ্চর, রাহু ও শক্রভীষণ কেতু এই সকল দেবতার পূর্ব্বাদি-দল মধ্যে অর্চনা করিবে। অথবা দ্বিতীয় আবরণে দ্বাদশ আদিত্য এবং তৃতীয় আবরণে শক্রী প্রভৃতি দেবগণের অর্চনা করিবে। ইহার বাহিরে চতুর্দ্দিকে সপ্তসাগর, গঙ্গা, ঋষি, দেব, গন্ধর্ব্ব, পন্নগ, অপ্সরোগণ, গ্রামণী, যক্ষ, যাতুধান, ছন্দোময় সপ্ত অশ্ব ও বালখিল্য এই সকলকে পূজা করিবে। ২৮—৩৫। তিনরূপ আবরণ সম্পন্ন সূর্য্যদেবকে এইরূপে অর্চনা করিয়া অবহিত-চিত্তে প্রথমে মণ্ডল, তৎপশ্চাৎ চতুরস্র অঙ্কিত করিবে। তন্মধ্যে প্রস্থ পরিমিত জলধারণক্ষম আধার তাম্রপাত্র স্থাপনপূর্ব্বক কুসুমাদি সুবাসিত

অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদ্যৈর্জানুভ্যামবনীং গতঃ।
অর্ঘ্যপাত্রং সমাদায় ভ্রূমধ্যান্তং সমুদ্ধরেৎ।
ততো হ্রুম্মিমং মন্ত্রং সাবিত্রং সর্ব্বসিদ্ধিদম্ ॥ ৩৮
সিন্দূরবর্ণায় সুমণ্ডলায় নমঃ সুবর্ণাভরণায় তুভ্যম্
পদ্মাভনেত্রায় সুপঙ্কজায় ব্রহ্মেন্দ্রনারায়ণকারণায়
সরক্তচূর্ণং সসুবর্ণতোয়ং
স্রক্কুঙ্কুমাঢ্যং সকুশং সপুষ্পম্।
প্রদত্তমাদায় সহেমপাত্রং
প্রশস্তমর্ঘ্যং ভগবন্ প্রসীদ ॥ ৪০
এবমুক্ত্বা ততো দত্ত্বা তদর্ঘ্যং সূর্য্যমূর্ত্তয়ে।
নমস্কুর্য্যাদমুং মন্ত্রং পঠিত্বা তু সমাহিতঃ ॥ ৪১
নমঃ শিবায় সাম্বায় সগণায়াদিহেতবে।
রুদ্রায় বিষ্ণবে তুভ্যং ব্রহ্মণে সূর্য্যমূর্ত্তয়ে ॥ ৪২
এবমুক্ত্বা নমস্কৃত্য স্বাসনে সমুপাবিশ্য তঃ।
ঋষ্যাদিকং পুনঃ কৃত্বা করং সংশোধ্য বারিণা ॥ ৪৩
পুনশ্চ ভস্ম সঙ্কার্য্য পূর্ব্বোক্তেনৈব বর্ত্মনা।
ন্যসন্তং প্রকুর্ব্বীত শিবভাববিবৃদ্ধয়ে ॥ ৪৪

বিশুদ্ধ জলে পূর্ণ করিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিবে। পরে ভূতলে জানু পাতিয়া অর্ঘ্যপাত্র গ্রহণপূর্ব্বক "হ্রুং" এই মন্ত্র উচ্চারণ করিবে। অনন্তর সর্ব্বসিদ্ধিপ্রদ সূর্য্যের এই মন্ত্র বলিবে; যথা,—হে সিন্দূরবর্ণ! সুমণ্ডল! শোভন হীরকালঙ্কৃত! কমলনেত্র! ব্রহ্মা, ইন্দ্র ও নারায়ণের কারণ! শোভনপদ্মস্বরূপ সূর্য্য! তোমায় নমস্কার। হে ভগবন্! হেম-পাত্রে করিয়া লোহিত চূর্ণ, সুবর্ণ জল, মাল্য, কুঙ্কুম, কুশ ও পুষ্প সহিত প্রশস্ত অর্ঘ্য আপনাকে দিতেছি; প্রসন্ন হইয়া গ্রহণ করুন। ৩৮—৪০। ইহা বলিয়া সূর্য্যদেবকে সেই অর্ঘ্য প্রদান-পূর্ব্বক একাগ্রচিত্তে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিয়া প্রণাম করিবে; যথা,—শিব, পার্ব্বতী ও প্রমথ-গণস্বরূপ, ব্রহ্ম-বিষ্ণু-রুদ্ররূপী, জগতের আদি-কারণ, হে সূর্য্য! তোমায় প্রণাম। এই মন্ত্র পাঠ করিয়া প্রণামপূর্ব্বক নিজ আসনে বসিবে। পুনরায় ঋষ্যাদি ন্যাস করিয়া জলে হস্ত প্রক্ষা-লনপূর্ব্বক পূর্ব্বোক্ত বিধিমতে ভস্ম ধারণ করত শিবভাব বৃদ্ধির জন্য ন্যাসাদি করিবে।

পঞ্চোপচারৈঃ সম্পূজ্য শিরসা শ্রীগুরুং বুধঃ।
প্রণবং শ্রীচতুর্থ্যন্তং * নমোঽন্তং প্রণমেৎ ততঃ
পঞ্চাস্তকং বিন্দুযুতং পঞ্চমস্বরসংযুতম্।
তদেবং বিন্দুসহিতং পঞ্চমস্বরবর্জ্জিতম্ ॥ ৪৬
পঞ্চমস্বরসংযুক্তং মন্ত্রীশঞ্চ সবিন্দুকম্।
উদ্ধৃত্য বিন্দুসহিতং সংবর্ত্তকমথোচ্চরেৎ ॥ ৪৭
এতৈরেবং ক্রমাদ্বীজৈরন্তৈঃ প্রণমেদ্বুধঃ।
ভুজয়োরুরুযুগ্মে চ গুরুং গণপতিং তথা ॥ ৪৮
দুর্গাঞ্চ ক্ষেত্রপালঞ্চ বদ্ধাঞ্জলিপুটঃ স্বয়ম্।
অস্ত্রায় ফডিত্যুক্ত্বা করৌ সংশোধ্য ষট্‌ক্রমাৎ ॥
অপসর্পন্তিতি প্রোচ্য প্রণবং তদনন্তরম্।
অস্ত্রায় ফডিতি প্রোচ্য পার্ষ্ণিঘাতত্রয়েণ তু ॥ ৫০
উৎসার্য্য বিঘ্নান্ ভূমিষ্ঠান করতালত্রয়েণ তু।
অন্তরীক্ষগতান্ দৃষ্ট্যা বিলোক্য দিবি সংস্থিতান্ ॥
নিরুদ্ধপ্রাণ আসীনো হংসমন্ত্রমনুস্মরন্।
হৃদিস্থং জীবচৈতন্যং ব্রহ্মনাড্যা সমানয়েৎ ॥ ৫২
দ্বাদশান্তঃস্থবিমল-সহস্রারমহাম্বুজে।
চিচ্চন্দ্রমণ্ডলান্তঃস্থচিদ্রূপং পরমেশ্বরম্ ॥ ৫৩

বিচক্ষণ সাধক শ্রীগুরুদেবকে পঞ্চোপচারে পূজা করিয়া "ওঁ শ্রীগুরবে নমঃ" এই মন্ত্রে প্রণাম করিবে। পরে "ওঁ গুং, গং দুং এবং ক্ষং" এই চারিটী বীজ পূর্ব্বে উচ্চারণ করিয়া নামের অন্তে চতুর্থী বিভক্তি যোগ দিয়া ভুজদ্বয়ে গুরু ও গণপতি এবং উরুযুগে দুর্গা ও ক্ষেত্রপালকে কৃতাঞ্জলি-পুটে প্রণাম করিবে। অনন্তর ষড়ঙ্গ-ন্যাসপূর্ব্বক "ওঁ অস্ত্রায় ফট্" এই মন্ত্র বলিয়া করদ্বয় শোধন করিবে। পরে "অপসর্পন্তু" ইত্যাদি মন্ত্র এবং "ওঁ অস্ত্রায় ফট্" এই মন্ত্র বলিয়া ভূতলে তিনবার পার্ষ্ণিঘাত করিয়া ভৌম বিঘ্ন উৎসারণ করত তিনবার করতালি দিয়া ঊর্দ্ধে দৃষ্টিপূর্ব্বক অন্তরীক্ষস্থিত দিব্য বিঘ্ন অপসারণ করিবে। অনন্তর প্রাণবায়ু রোধ করিয়া "সোঽহং" এই মন্ত্রে হৃদয়স্থ জীবাত্মাকে সুষুম্নাপথ দিয়া মস্তকস্থ সহস্রদল-কমল-কর্ণিকাগত চৈতন্যময় পরমাত্মাতে সংযো-

* [illegible]

াব-দাহ-প্লবান্ কুর্য্যাদ্রেচকাদিক্রমেণ তু।
ষোড়শচতুঃষষ্টিদ্বাত্রিংশদ্গণনাযুতৈঃ॥ ৫৪
বৃষ্টিসলিলার্ণৈ বৈঃ স্ববেদাদ্যৈরনুক্রমাৎ।
প্রাণপ্রতিষ্ঠাং বিধিবৎ কুর্য্যাদত্র সমাহিতঃ॥ ৫৫
একাগ্রমানসো যোগী বিন্যস্তাস্তাঙ্ক মাতৃকাম্।
পুটিতং প্রণবেনাথ ন্যসেদ্বাহে চ মাতৃকাম্॥ ৫৬
পুনশ্চ সংরুতপ্রাণঃ কুর্য্যাদৃষ্যাদিকং বুধঃ।
প্রণবস্য ঋষির্ব্রহ্মা দেবি গায়ত্রীমীরিতম্॥ ৫৭
ছন্দোঽত্র দেবতাহং বৈ পরমাত্মা সদাশিবঃ।
অকারো বীজমাখ্যাতমুকারঃ শক্তিরুচ্যতে॥ ৫৮
মকারঃ কীলকং প্রোক্তং মোক্ষার্থে বিনিযুজ্যতে
অঙ্গুষ্ঠদ্বয়মারভ্য তলান্তং পরিমার্জ্জয়েৎ॥ ৫৯
ওমিত্যুক্ত্বাথ দেবেশি করন্যাসং সমারভেৎ।
দক্ষহস্তস্থিতাঙ্গুষ্ঠং সমারভ্য যথাক্রমম্॥ ৬০
বামহস্তকনিষ্ঠান্তং বিন্যসেদ্বর্ণ ক্রমাৎ *।

অকারমপ্যুকারঞ্চ মকারং বিন্দুসংযুতম্॥ ৬১
নমোঽন্তং প্রোচ্য সর্ব্বত্র হৃদয়াদৌ ন্যসেদথ।
অকারং পূর্ব্বমুদ্ধৃত্য ব্রহ্মাত্মানমথোচ্চরেৎ॥ ৬২
চেহন্তং নমোঽন্তং হৃদয়ে বিনিযুজ্যাৎ তথা পুনঃ
উকারং বিষ্ণুসহিতং শিরোদেশে প্রবিন্যসেৎ॥ ৬৩
মকারং রুদ্রসহিতং শিখায়াস্তু প্রবিন্যসেৎ।
এবমুক্ত্বা মুনির্মন্ত্রী কবচং নেত্রমস্ত্রকম্॥ ৬৪
বিন্যসেদ্দেবদেবেশি সাবধানেন চেতসা।
অঙ্গবক্ত্রকলাভেদাৎ পঞ্চ ব্রহ্মাণি বিন্যসেৎ॥ ৬৫
শিরো-বদন-হৃদ্গুহ্য-পাদেষ্বেতানি বিন্যসেৎ।
ঈশানস্য কলাঃ পঞ্চ পঞ্চস্বেতেষু চ ক্রমাৎ॥ ৬৬
ততশ্চতুর্ষু বক্ত্রেষু পুরুষস্য কলা অপি।
চতস্রঃ প্রণিধাতব্যাঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ॥ ৬৭
হৃৎকণ্ঠাংসেষু নাভৌ চ কুক্ষৌ পৃষ্ঠে চ বক্ষসি।
অঘোরস্য কলাশ্চাষ্টৌ পূজনীয়া যথাক্রমম্॥ ৬৮
পশ্চাৎ ত্রয়োদশ কলাঃ পায়ুমেঢ্রোরুজানুষু।
জঙ্ঘাস্ফিক্কটিপার্শ্বেষু বামদেবস্য ভাবয়েৎ॥ ৬৯
সদ্যস্যাপি কলা হস্তৌ পাদয়োরপি হস্তয়োঃ।
প্রাণে শিরসি বাহ্বোশ্চ কল্পয়েৎ কলাবিত্তমঃ॥ ৭০

জিত করিয়া ও তৎসমান ভাবিয়া পুনরায় স্বস্থানে আনয়ন করিবে। অনন্তর "যং" এই বায়ুবীজের ষোলবার জপে রেচক, "রং" এই অগ্নিবীজের চৌষট্টিবার জপে কুম্ভক এবং "বং" এই সলিলবীজের বত্রিশবার জপে পূরক করিয়া একমনে অকারাদিবর্ণ ও স্ব স্ব বেদের আদি মন্ত্র দ্বারা যথাবিধি প্রাণপ্রতিষ্ঠা করিবে। ৭১—৫৫। যোগরত সাধক, একাগ্রচিত্ত হইয়া আদ্যন্তে প্রণব সংযোগ করিয়া অন্তর্মাতৃকান্যাস করিবে; পরে বাহ্যমাতৃকান্যাস করিবে। বিচক্ষণ সাধক, প্রাণবায়ু রোধপূর্ব্বক পুনরায় ঋষ্যাদিন্যাস করিবে। তাহার মন্ত্র এই, যথা,—"প্রণবস্য ব্রহ্মর্ষির্গায়ত্রী ছন্দঃ পরমাত্মা সদাশিবো দেবতা অকারো বীজমুকারঃ শক্তির্মকারঃ কীলকং মোক্ষার্থে বিনিয়োগঃ।" এই মন্ত্রানুসারে ঋষ্যাদিন্যাস করিয়া "ওঁ" এই বীজ উচ্চারণপূর্ব্বক দুই হস্তের বৃদ্ধাঙ্গুলিদ্বয় হইতে আরম্ভ করিয়া দুই করতলের শেষ পর্য্যন্ত মার্জ্জনা করিবে। অনন্তর হে দেবেশি! "অং নমঃ," "উং নমঃ" এবং "মং নমঃ" এই তিন মন্ত্রে যথাক্রমে দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলি হইতে আরম্ভ করিয়া বামহস্তের কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত সকল অঙ্গুলিতে ন্যাস করিয়া করন্যাস করিবে। যোগী শিষ্য "অং ব্রহ্মাত্মনে নমঃ" এই মন্ত্রে হৃদয়ে, "উং বিষ্ণবে নমঃ" এই মন্ত্রে মস্তকে এবং "মং" "রুদ্রায় নমঃ" এই মন্ত্রে শিখায় ন্যাস করত পূর্ব্বোক্ত মন্ত্রগুলি উচ্চারণ করিয়া কবচ, নেত্র ও অস্ত্রন্যাস করিবে। তৎপরে হে দেবদেবেশি! অঙ্গ, মুখ ও কলা বিষয়ে সবিশেষ প্রণিধানপূর্ব্বক মস্তক, মুখ, হৃদয়, গুহ্যদ্বার ও পাদদেশে পূর্ব্বোক্ত ঈশানাদি পঞ্চব্রহ্মের বিন্যাস করিয়া কলান্যাস করিবে। কলান্যাস যথা,—ঐ মস্তকাদি পঞ্চস্থানে ঈশানের পাঁচ কলা; পূর্ব্বাদি দিক্ক্রমে চারি মুখে পুরুষের চারি কলা; হৃদয় কণ্ঠ, স্কন্ধে, নাভি, কুক্ষি, পৃষ্ঠ ও বক্ষঃস্থলে অঘোরের আট কলা; গুহ্যদেশ, লিঙ্গ, উরু, জানু, জঙ্ঘা, কটিদেশ, নিতম্ব ও পার্শ্বদেশে বামদেবের ত্রয়োদশ কলা এবং পাদদ্বয়, হস্তদ্বয়, ঘ্রাণস্থান, মস্তক

* পাঠান্তরে ক্রমশিক্ষিত বা পাঠঃ।

অষ্টত্রিংশৎ কলান্যাসমেবং কৃত্বা তু সর্ব্বশঃ।
পশ্চাৎ প্রণববিদ্ধীমান্ প্রণবন্যাসমাচরেৎ ॥ ১১
বাহুদ্বয়ে কূর্পরয়োস্তথাত্র মণিবন্ধয়োঃ।
পার্শ্বতোদরজঙ্ঘেষু পাদয়োঃ পৃষ্ঠতস্তথা ॥ ১২
ইত্থং প্রণববিন্যাসং কৃত্বা ন্যাসবিচক্ষণঃ।
হংসন্যাসং প্রকুর্ব্বীত পরমাত্মপ্রবোধিনি ॥ ১৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে কৈলাসসংহিতায়াং
সৌরমণ্ডলপদ্মনির্ম্মাণবিবরণং নাম
পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

ঈশ্বর উবাচ।

স্ববামে চতুরস্রঞ্চ মণ্ডলং পরিকল্পয়েৎ।
প্রণবেনার্চ্চ্য তস্মিংস্তু শঙ্খমস্ত্রেণ শোধিতম্ ॥ ১
স্থাপ্য সাধারকং তত্র প্রণবেনার্চ্চয়েৎ ততঃ
আপূর্য্য শঙ্খতোয়েন চন্দনাদিসুগন্ধিনা ॥ ২

ও বাহুদ্বয়ে করপাদ্মস্থ শিখা সদ্যোর আট কলা ভাবিয়া যথাক্রমে বিন্যাস করিবে। প্রণবজ্ঞ বুদ্ধিমান্ সাধক এইরূপে অষ্টত্রিংশৎ কলান্যাস করিয়া বাহু, কূর্পর, (কনুই) মণিবন্ধস্থান, পার্শ, উদর, জঙ্ঘা ও পাদদ্বয়ে এবং পৃষ্ঠে প্রণবন্যাস করিবে। হে পরমাত্মজ্ঞে গৌরি! ন্যাসদক্ষ সাধক এইরূপে প্রণবন্যাস করিয়া হংস মন্ত্র ন্যাস করিবে। ৫৬—৭৩।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

ঈশ্বর কহিলেন, দেবি! সাধক নিজের বামভাগে চতুরস্র মণ্ডল রচনা করিয়া "ওঁ" এই মন্ত্রে অর্চনাপূর্ব্বক তন্মধ্যে আধারপাত্রের সহিত "ফট্" এই মন্ত্রে শোধিত শঙ্খ স্থাপন করিয়া প্রণবমন্ত্রে পূজা করিবে। পরে সেই শঙ্খ চন্দনাদি-সুবাসিত বিশুদ্ধ জলে পূর্ণ করিয়া

অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদ্যৈঃ প্রণবেন চ সপ্তধা।
অভিমন্ত্র্য ততস্তস্মিন্ ধেনুমুদ্রাং প্রদর্শয়েৎ ॥ ৩
শঙ্খমুদ্রাঞ্চ পুরতশ্চতুরস্রং প্রকল্পয়েৎ।
তদন্তরেঽর্দ্ধচন্দ্রঞ্চ ত্রিকোণঞ্চ তদন্তরে ॥ ৪
ষট্‌কোণবৃত্তমেবেদং মণ্ডলং পরিকল্পয়েৎ।
অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদ্যৈঃ প্রণবেনাথ মধ্যতঃ ॥ ৫
সাধারমর্ঘ্যপাত্রঞ্চ স্থাপ্য গন্ধাদিনার্চ্চয়েৎ।
আপূর্য্য শুদ্ধতোয়েন তস্মিন্ পাত্রে বিনিক্ষিপেৎ ॥
কুশাগ্রাণ্যক্ষতাংশ্চৈব যব-ব্রীহি-তিলানপি।
আজ্য-সিদ্ধার্থ-পুষ্পাণি ভসিতঞ্চ বরাননে ॥ ৭
সদ্যোজাতাদিভির্মন্ত্রৈঃ ষড়ঙ্গৈঃ প্রণবেন চ।
অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদ্যৈরভিমন্ত্র্য চ বর্ম্মণা ॥ ৮
অবগুণ্ঠ্য স্বমন্ত্রেণ সংরক্ষায় প্রদর্শয়েৎ।
ধেনুমুদ্রাঞ্চ তেনৈব প্রোক্ষয়েদস্ত্রমন্ত্রতঃ ॥ ৯
স্বাত্মানং গন্ধপুষ্পাদিপূজোপকরণান্যপি ॥
পশ্চাদীশাননির্ঋ‌তয়ে প্রণবোচ্চারপূর্ব্বকম্ ॥ ১০
গুর্ব্বাসনায় নম ইত্যাসনং পরিকল্পয়েৎ।

গন্ধ-পুষ্পাদিদ্বারা পূজাপূর্ব্বক সাতবার "ওঁ" এই মন্ত্রজপে অভিমন্ত্রিত করত তাহাতে ধেনু-মুদ্রা ও শঙ্খমুদ্রা প্রদর্শন করিবে। তাহার সম্মুখে চতুরস্র, তন্মধ্যে অর্দ্ধচন্দ্র, তন্মধ্যে ত্রিকোণ ও তন্মধ্যে ষট্‌কোণ বৃত্ত এইরূপ মণ্ডল কল্পনা করিয়া, "ওঁ" এই মন্ত্রে গন্ধপুষ্পাদি দ্বারা অর্চনা করত সেই মণ্ডলের মধ্যে সাধার অর্ঘ্য-পাত্র স্থাপন করিয়া গন্ধাদি দ্বারা অর্চনা করিবে। হে বরাননে! সেই অর্ঘ্যপাত্র পবিত্র জলে পূর্ণ করিয়া তাহাতে কুশাগ্র, আতপতণ্ডুল, যব, ব্রীহি, তিল, ঘৃত, শ্বেতসর্ষপ, পুষ্প ও ভস্ম নিক্ষেপ করিবে। সদ্যোজাতাদি ষড়ঙ্গ মন্ত্র ও প্রণব পাঠপূর্ব্বক সেই অর্ঘ্যপাত্র পুষ্পাদি দ্বারা অর্চনা করত "হুং" মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া "ফট্" এই মন্ত্রে অবগুণ্ঠন পূর্ব্বক রক্ষার্থ "ফট্" এই মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন করিবে। তৎপরে গন্ধপুষ্পাদি পূজার উপকরণ-সামগ্রী ও আপনাকে "ফট্" এই মন্ত্রে প্রোক্ষিত করিবে। পরে ঈশানকোণাদি পথে "ওঁ গুর্ব্বাসনায় নমঃ" এই মন্ত্রে আসন কল্পনা করিয়া "ওঁ" কুংচু

গুরোর্মূর্ত্তিঞ্চ তত্রৈব কল্পয়েদুপদেশতঃ॥ ১১
প্রণবং গুং গুরুভ্যোহন্তে নমঃ প্রোচ্যাথ দেশিকম্।
সমাহূয় ততো ধ্যায়েদ্দক্ষিণাভিমুখং স্থিতম্॥ ১২
সুপ্রসন্নমুখং সৌম্যং শুদ্ধস্ফটিকনির্ম্মলম্।
বরদাভয়হস্তঞ্চ দ্বিনেত্রং শিববিগ্রহম্॥ ১৩
এবং ধ্যাত্বা যজেদ্গন্ধ-পুষ্পাদিভিরনুক্রমাৎ।
পদ্মস্য নৈর্ঋতে পত্রে গণপস্যাসনোপরি॥ ১৪
মূর্ত্তিং প্রকল্প্য তত্রৈব গণানাং ত্বেতি মন্ত্রতঃ।
সমাবাহ্য ততো দেবং ধ্যায়েদেকাগ্রমানসঃ॥ ১৫
রক্তবর্ণং মহাকায়ং সর্ব্বাভরণভূষিতম্।
পাশাঙ্কুশেষ্টদন্তান দধানং করপঙ্কজৈঃ॥ ১৬
গজাননং প্রভুং সর্ব্ববিঘ্নৌঘাঘ্নমুপাসিতুঃ।
এবং ধ্যাত্বা যজেদ্গন্ধ-পুষ্পাদ্যৈরুপচারকৈঃ॥ ১৭
কদলী-নারিকেলাম্রফললড্ডুকপূর্ব্বকম্।
নৈবেদ্যঞ্চ সমর্প্যাথ নমস্কৃত্য গজাননম্॥ ১৮
পদ্মস্য বায়ুদিক্‌পত্রে সঙ্কল্প্য স্কন্দমাসনম্।
স্কন্দমূর্ত্তিং প্রকল্প্যাথ স্কন্দমাবাহয়েদ্বুধঃ॥ ১৯
উচ্চার্য্য স্কন্দগায়ত্রীং ধ্যায়েদ্দেবো কুমারকম্।
উদ্যদাদিত্যসঙ্কাশং ময়ূরবরবাহনম্॥ ২০
চতুর্ভুজমুদারাঙ্গং মুকুটাদিবিভূষিতম্।
বরদাভয়হস্তঞ্চ শক্তিকুক্কুটধারিণম্॥ ২১
এবং ধ্যাত্বাথ গন্ধাদ্যৈরুপচারৈরনুক্রমাৎ।
সম্পূজ্য পূর্ব্বদ্বারস্য দক্ষশাখামুপাশ্রিতম্॥ ২২
অন্তঃপুরাধিপং সাক্ষান্নন্দিনং সম্যগর্চ্চয়েৎ।
চামীকরাচলপ্রখ্যং সর্ব্বাভরণভূষিতম্॥ ২৩
বালেন্দুমুকুটং সৌম্যং ত্রিনেত্রঞ্চ চতুর্ভুজম্।
দীপ্তশূল-মৃগী-টঙ্ক-হেমবেত্রধরং বিভুম্॥ ২৪
চন্দ্রবিম্বাভবদনং হরিবক্ত্রমথাপি বা।
উত্তরস্যাং তথা তস্য ভার্য্যাঞ্চ মরুতাং সুতাম্॥
সুযশাং সুব্রতামম্বাং পাদমণ্ডনতৎপরাম্।
সম্পূজ্য বিধিবদ্গন্ধ-পুষ্পাদ্যৈরুপচারকৈঃ॥ ২৬
ততঃ সম্প্রোক্ষয়েৎ পদ্মং সাস্ত্রশঙ্খোদবিন্দুভিঃ।
কল্পয়েদাসনং পশ্চাদাধারাদি যথাক্রমম্॥ ২৭
আধারশক্তিং কল্যাণীং শ্যামাং ধ্যায়েদধোভুবি।
তস্যাঃ পুরস্তাদূর্দ্ধকণ্ঠমনন্তং কুণ্ডলাকৃতিম্॥ ২৮
ধবলং পঞ্চফণিনং লেলিহানমিবাম্বরম্।

গুরুভ্যো নমঃ" এই মন্ত্র বলিয়া গুরুর উপদেশানুসারে তথায় গুরুর মূর্ত্তি কল্পনা করিবে। অনন্তর আবাহনপূর্ব্বক দক্ষিণমুখে উপবিষ্ট প্রসন্নবদন, সৌম্য, বিশুদ্ধ স্ফটিকের ন্যায় নির্ম্মল বরদাতা, অভয়হস্ত, দ্বিনেত্র, শিবমূর্ত্তি গুরুদেবের ধ্যান করিবে। ১—১৩। এইরূপে ধ্যান করিয়া গন্ধাদি দ্বারা যথাক্রমে পূজা করিবে। পদ্মের নৈর্ঋতকোণস্থ পত্রে গণেশের আসনোপরি মূর্ত্তি কল্পনা করিয়া "গণানাং ত্বা" ইত্যাদি বেদমন্ত্র দ্বারা আবাহন করত একাগ্রমনে রক্তবর্ণ, স্থূলতনু, সর্ব্বালঙ্কারশোভিত, পাশাঙ্কুশধারী, বরদহস্ত, গজানন, উপাসকের সর্ব্ববিঘ্নহর প্রভু গণেশের ধ্যান করিবে। এইরূপে ধ্যান করিয়া গন্ধপুষ্পাদি উপচারে পূজা করত কদলী, নারিকেল, আম্র, ও লড্ডুক পূর্ব্ব নৈবেদ্য নিবেদন করিয়া গজাননকে প্রণাম করিবে। বিচক্ষণ ব্যক্তি, পদ্মের বায়ুকোণস্থ পত্রে কার্ত্তিকেয়ের আসন কল্পনা করিয়া তথায় তন্মূর্ত্তি কল্পনাপূর্ব্বক আবাহন করিবে। অগ্রে স্কন্দগায়ত্রী পাঠ করিয়া। তরুণ-তপন-সন্নিভ, ময়ূর-বাহ চতুর্ব্বাহু, অনবদ্যাঙ্গ, মুকুটাদি বিবিধ ভূষ ভূষিত, বরদাতা অভয়-হস্ত শক্তি কুক্কুটধারী কুমারের ধ্যান করিবে। এই রূপে ধ্যান করিয়া গন্ধাদি উপচারে পূ করত পূর্ব্বদ্বারের দক্ষিণশাখায় অন্তঃপুরাধিপ স্বর্ণমেরুসমকান্তি, নানালঙ্কার-ভূষিত, চন্দ্রার্দ্ধমু মধুরমূর্ত্তি, ত্রিনেত্র, চতুর্ভুজ, তীক্ষ্ণশূল মৃগী ট ও হেমবেত্রধারী, শশাঙ্কবদন অথবা সিংহে ন্যায় উগ্রমুখ সাক্ষাৎ নন্দীর যথাবিধি পূ করিবে। তাহার উত্তর শাখায় গন্ধপুষ্পা উপচারে পতিপাদ-সেবারতা, জগন্মাতা, প ব্রতা, মরুৎকন্যা নন্দিভার্য্যা সুযশাকে বিধিম পূজা করিয়া "ফট্" এই মন্ত্রে শঙ্খজলে প্রোক্ষিত করত আসন, তৎপশ্চাৎ আধার যথাক্রমে কল্পনা করিবে। ১৪—২৭। ভূ অধোভাগে কল্যাণদায়িনী শ্যামবর্ণা আধারশ তৎসম্মুখে ঊর্দ্ধকণ্ঠ কুণ্ডলাকৃতি ধবলবর্ণ প ফণান্বিত আকাশকে লেহনকারীর ন্যায় অনন্তদেব এবং তদু

ভদ্রোপর্য্যাসনং ভদ্রং কটীরঞ্চতুষ্পদম্।
ধর্ম্মো জ্ঞানঞ্চ বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চ পদানি বৈ॥ ২৯
আগ্নেয্যাদিশ্বেতপীতরক্তশ্যামানি বর্ণতঃ।
অধর্ম্মাদীনি পূর্ব্বাদিষ্বুত্তরান্তান্যমূন্ক্রমাৎ॥ ৩০
রাজাবর্ত্তমণিপ্রখ্যাঙ্গ গাত্রাণি ভাবয়েৎ।
অধোচ্ছদনং পশ্চাৎ কন্দং নালঞ্চ কণ্টকান্॥৩১
দলাদিকং কর্ণিকাঞ্চ বিভাব্য ক্রমশোঽর্চ্চয়েৎ।
দলেষু সিদ্ধয়ঃ কল্প্যাঃ কেশরেষু সশক্তিকাঃ॥ ৩২
রুদ্রা বামাদয়স্তষ্টৌ পূর্ব্বাদি পরিতঃ ক্রমাৎ।
কর্ণিকায়াঞ্চ বৈরাগ্যং বীজেষু নব শক্তয়ঃ॥ ৩৩
বামাদ্যা এব পূর্ব্বাদি অন্তশ্চ মনোন্মনী।
কন্দে শিবাত্মকো ধর্ম্মো নালে জ্ঞানং শিবাশ্রয়ম্॥
কর্ণিকোপরি বহ্নেশ্চং মণ্ডলং সৌরমৈন্দবম্।
আত্ম-বিদ্যা-শিবাখ্যঞ্চ তত্ত্বত্রয়মতঃ পরম্॥ ৩৫
সর্ব্বাসনোপরি সুখং বিচিত্রকুসুমোজ্জ্বলম্।
পরব্যোমাবকাশাখ্যবিদ্যায়াতীবভাস্বরম্॥ ৩৬
ত্রিকল্প্যাসনং মূর্ত্তি-পুষ্পবিন্যাসপূর্ব্বকম্।
আধারশক্তিমারভ্য শুদ্ধবিদ্যাসনাবধি॥ ৩৭
ওঙ্কারাদিচতুর্থ্যন্তং নামমন্ত্রং নমোঽন্তকম্।
উচ্চার্য্য পূজয়েদ্বিদ্বান্ সর্ব্বত্রৈবং বিধিক্রমঃ॥৩৮
অঙ্গবক্ত্রকলাভেদাৎ পঞ্চ ব্রহ্মাণি পূর্ব্ববৎ।
বিন্যসেৎ ক্রমশো মূর্ত্তৌ তত্তন্মুদ্রাবিচক্ষণঃ॥ ৩৯
আবাহয়েৎ ততো দেবান্ পুষ্পাঞ্জলিপুটস্থিতঃ।
সদ্যোজাতং প্রপদ্যামীত্যারভ্যোমন্তমুচ্চরন্॥ ৪০
আধারোত্থিতনাদস্তু দ্বাদশগ্রন্থিভেদতঃ।
ব্রহ্মরন্ধ্রান্তমুচ্চার্য্য ধ্যায়েদোঙ্কারগোচরম্॥ ৪১
শুদ্ধস্ফটিকসঙ্কাশং দেবং নিষ্কলমক্ষরম্।
কারণং সর্ব্বলোকানাং সর্ব্বলোকময়ং পরম্॥৪২
অন্তর্বহিঃস্থিতং ব্যাপ্যমণোরণু মহত্তরম্।
ভক্তানামপ্রযত্নেন দৃশ্যমীশ্বরমব্যয়ম্॥ ৪৩
ব্রহ্মেন্দ্র-বিষ্ণু-রুদ্রাদ্যৈরপি দেবৈরগোচরম্।
বেদসারঞ্চ বিদ্বদ্ভিরগোচরমিতি শ্রুতম্॥ ৪৪
আদিমধ্যান্তরহিতং ভেষজং ভবরোগিণাম্।

...অহংকার চারিপদ-বিশিষ্ট ভদ্রাসনের ধ্যান ...রিবে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য ঐ ...দ্রাসনের চারিপদ, উহারা অগ্নেয়াদিকোণে ...ত উহাদিগের বর্ণ শ্বেত, পীত, রক্ত ও ...াম পূর্ব্ব হইতে উত্তর পর্য্যন্ত দিকে ...ধর্ম্ম প্রভৃতি উহার অপর চারিপদ আছে। ঐ ...নন্তদেবের অঙ্গ-প্রত্যঙ্গ রাজাবর্ত্ত মণির ন্যায় ...জ্জ্বল ও কান্তিশালী বিবেচনা করিবে। ...ৎপরে পদ্মের অধশ্ছদ, ঊর্দ্ধচ্ছদ, কন্দ, নাল, ...ণ্টক, কর্ণিকা ও দলাদি ভাবনা করিয়া ক্রমশঃ ...র্চ্চনা করিবে। পূর্ব্বাদি চতুর্দ্দিকের দলে ...ষ্টসিদ্ধি; কেশরে বাম প্রভৃতি অষ্টরুদ্র ও ...ষ্টশক্তি; কর্ণিকায় বৈরাগ্য; বীজে নবশক্তি; ...র্ব্বাদিদিকে বামাদি অষ্টরুদ্র; পদ্মের মধ্যে ...নোন্মনী; মূলে শিবরূপী ধর্ম্ম; নালে শিবাশ্রয় ...জ্ঞান; কর্ণিকার উপরে বহ্নিমণ্ডল, সূর্য্যমণ্ডল ...চন্দ্রমণ্ডল এবং সকল আসনের উপরে ...দ্ধবিদ্যাখ্যে সুখময়, দীপ্তিশীল, বিচিত্র ...সুমোজ্জ্বল, পরমাত্মা জ্ঞান ও শিবরূপী তত্ত্ব...ত্রয় কল্পনা করিয়া আসন, মূর্ত্তি ও পুষ্পবিন্যাস-পূর্ব্বক আধারশক্তি হইতে আরম্ভ করিয়া বিশুদ্ধ জ্ঞানাসন অবধি প্রত্যেক নামে চতুর্থী বিভক্তি এবং তাহার আদিতে ওঙ্কার ও অন্তে নমঃ যোগ করিয়া মন্ত্র উচ্চারণপূর্ব্বক বিচক্ষণ সাধক পূজা করিবে। সর্ব্বত্রই এইরূপ বিধি জানিবে। ২৮—৩৮। মুদ্রাভিজ্ঞ শিষ্য অঙ্গ, মুখ ও কলা বিষয়ে সবিশেষ প্রণিধানপূর্ব্বক পূর্ব্বমত পঞ্চব্রহ্ম বিন্যাস করিয়া সেই সেই মুদ্রা প্রদর্শন করত সেই সেই মূর্ত্তিতে ক্রমশঃ দেবতা আবাহন করিবে। তৎপরে করপুট মধ্যে পুষ্পাঞ্জলি লইয়া "সদ্যোজাতং প্রপদ্যামি শিবো মেঽস্তু সদাশিবোম্" এই মন্ত্র উচ্চারণ করত দ্বাদশচক্রগ্রন্থি ভেদ করিয়া ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত মূলাধার হইতে উত্থিত নাদ উচ্চারণ করিয়া— যিনি শুভ্র স্ফটিকের ন্যায় স্বচ্ছ, অবিনাশী, পূর্ণ, সর্ব্বলোকের কারণ, সর্ব্বলোকময়, সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর, মহৎ হইতেও মহত্তর ও সর্ব্ব-ব্যাপী; যিনি অন্তরে বাহিরে অবস্থান করিতেছেন; সুর্ল্লভ হইলেও যাঁহাকে ভক্তগণ অনায়াসে দেখিতে পায়; উঁহার আদি, মধ্য ও অন্ত...

সমাহিতেন মনসা ধ্যাত্বৈবং পরমেশ্বরম্॥ ৪৫
আবাহনং স্থাপনঞ্চ সন্নিরোধং নিরীক্ষণম্।
নমস্কারঞ্চ কুর্ব্বীত বদ্ধা মুদ্রাঃ পৃথক্ পৃথক্॥ ৪৬
ধ্যায়েৎ সদাশিবং সাক্ষাদ্দেবং সকলনিষ্কলম্।
শুদ্ধস্ফটিকসঙ্কাশং প্রসন্নং শীতলদ্যুতিম্॥ ৪৭
বিদ্যুদ্বলয়সঙ্কাশং জটামুকুটভূষিতম্।
শার্দ্দূলচর্ম্মবসনং কিঞ্চিৎস্মিতমুখাম্বুজম্॥ ৪৮
রক্তপদ্মদলপ্রখ্যপাণিপাদতলাধরম্।
সর্ব্বলক্ষণসম্পন্নং সর্ব্বাভরণভূষিতম্॥ ৪৯
দিব্যায়ুধবরৈর্যুক্তং দিব্যগন্ধানুলেপনম্।
পঞ্চবক্ত্রং দশভুজং চন্দ্রখণ্ডশিখামণিম্॥ ৫০
অস্য পূর্ব্বমুখং সৌম্যং বালার্কসদৃশপ্রভম্।
ত্রিলোচনারবিন্দাঢ্যং বালেন্দুকৃতশেখরম্॥ ৫১
দক্ষিণং নীলজীমূতসমানরুচিরপ্রভম্
ভ্রুকুটীকুটিলং ঘোরং রক্তবৃত্তত্রিলোচনম্॥ ৫২
দংষ্ট্রাকরালং দুস্প্রেক্ষ্যং স্ফুরিতাধরপল্লবম্।
উত্তরং বিদ্রুমপ্রখ্যং নীলালকবিভূষিতম্॥ ৫৩
সবিলাসং ত্রিনয়নং চন্দ্রার্দ্ধকৃতশেখরম্।
পশ্চিমং পূর্ণচন্দ্রাভং লোচনত্রিতয়োজ্জ্বলম্॥
চন্দ্রলেখাধরং সৌম্যং মন্দস্মিতমনোহরম্।
পঞ্চমং স্ফটিকপ্রখ্যমিন্দুরেখাসমুজ্জ্বলম্॥ ৫৫
অতীবসৌম্যমুৎফুল্ল-লোচনত্রিতয়োজ্জ্বলম্।
দক্ষিণে শূল-পরশু-বজ্র-খড়্গানলোজ্জ্বলম্॥ ৫
সব্যে পিনাক-নারাচ-ঘণ্টা-পাশাঙ্কুশোজ্জ্বলম্।
নিবৃত্ত্যা জানুপর্য্যন্তমা নাভেশ্চ প্রতিষ্ঠয়া॥ ৫
আকণ্ঠং বিদ্যয়া তদ্বদাললাটন্তু শান্তয়া।
তদূর্দ্ধং শান্ত্যতীতাখ্যকলয়া পরয়া তথা॥ ৫৮
পঞ্চাধ্বব্যাপিনং তস্মাৎ কলাপঞ্চকবিগ্রহম্।
ঈশানমুকুটং দেবং পুরুষাস্যং পুরাতনম্॥ ৫৯
অঘোরহৃদয়ং তদ্বদ্বামগুহ্যং মহেশ্বরম্।

নাই; পণ্ডিতেরাও যাঁহাকে দেখিতে পান না এইরূপ শ্রুতি আছে; যিনি সর্ব্বরোগীর ঔষধ স্বরূপ,—সেই বেদসার, সর্ব্বনিয়ন্তা, ব্রহ্মা বিষ্ণু রুদ্র ও ইন্দ্র প্রভৃতি দেবগণের অগোচর পরম দেবকে ধ্যান করিবে। এইরূপে অবহিত-মনে ধ্যান করিয়া পৃথক্ পৃথক্ মুদ্রা প্রদর্শনপূর্ব্বক আবাহন, স্থিরীকরণ, সন্নিরোধ, অভিমুখীকরণ ও নমস্কার করিবে। ৩৯—৪৬। এইরূপে সদাশিবের ধ্যান করিতে হইবে,—যে সদাশিব সাক্ষাৎ পূর্ণ ও কলাহীন, শুদ্ধ স্ফটিকের ন্যায় স্বচ্ছ, সৌম্য ও স্নিগ্ধকান্তি; যাঁহার বর্ণ বিদ্যু-ন্মণ্ডলের মত উজ্জ্বল; ভূষণ—জটামুকুট, পরিধেয় বসন—শার্দ্দূলচর্ম্ম, পাণিতল, পদতল ও অধর—রক্তপদ্মদল তুল্য লোহিত; যিনি স্মেরানন, সর্ব্বলক্ষণান্বিত, সর্ব্বালঙ্কার-শোভিত, দিব্যাস্ত্রধারী, দিব্যগন্ধানুলেপন, পঞ্চমুখ, দশ-হস্ত ও চন্দ্রার্দ্ধমৌলি; যাঁহার পূর্ব্বমুখ প্রশান্ত, বালাদিত্যের মত প্রভাশালী, নয়নপদ্মত্রয়ে বিরাজমান ও শিরোভূষণ অর্দ্ধচন্দ্র; যাঁহার দক্ষিণমুখের প্রভা নীলমেঘের ন্যায় মনোহর, নয়নমণ্ডল তিনটী রক্তবর্ণ, তদুপরি তীষণ

ভ্রুকুটী, নিম্নে ঘোর দংষ্ট্রা, অধরপল্লব কম্পি অতএব তৎপ্রতি লোকের দৃষ্টিপাত করি ক্ষমতা নাই; যাঁহার উত্তরমুখ প্রবাল-সম ভ্রমরকৃষ্ণ চূর্ণকুন্তল যাঁহার শোভা সম্পা করিতেছে, যাহা বিলাসপূর্ণ, যাঁহার তিনটী ন ও অর্দ্ধচন্দ্রভূষণ; যাঁহার পশ্চিমমুখ পূর্ণচন্দ্রে আভাময়, নয়নত্রয়ে উজ্জ্বল, চন্দ্রখণ্ডধর, প্রশ ও ঈষৎহাস্যে শোভমান; যাঁহার পঞ্চম স্ফটিকের ন্যায় নির্ম্মল, চন্দ্ররেখায় সমুজ্জ্ব অতি প্রশান্ত ও বিস্ফারিত নয়নত্রয়ে শোভি যাহার দক্ষিণভাগে শূল, পরশু, বজ্র, খড়্গা অনল; যাহার বামভাগে পিনাক, নারাচ, ঘ পাশ ও অঙ্কুশ সমুদ্ভাসিত আছে, যিনি নিবৃ নামক কলা (অ) দ্বারা জানু পর্য্যন্ত, প্রতি নামক কলা (উ) দ্বারা নাভি পর্য্যন্ত, বি নামক কলা (ম) দ্বারা কণ্ঠ পর্য্যন্ত, শা নামক কলা (নাদ) দ্বারা ললাটদেশ পর্য্যন্ত সর্ব্বোৎকৃষ্ট শান্ত্যতীতা নামে কলা (বিন্দু) দ্বারা যাঁহার ঊর্দ্ধদেশ পর্য্যন্ত—এই পঞ্চ ব্যাপিয়া আছেন; যাঁহার শরীর—নিবৃত্ত্যা পাঁচটী কলা, মুকুট—ঈশান, মুখ—পুরু হৃদয়স্থান—অঘোর, গুহ্যদেশ—বাম ও পা

পালক ত্রম্মূর্ত্তিমষ্টত্রিংশৎকলাময়ম্ ॥ ৬০
কারময়মীশানং পঞ্চব্রহ্মময়ং তথা।
রাখ্যময়ঞ্চৈব হংসন্ন্যাসং ময়ং তথা ॥ ৬১
ঞ্চাক্ষরময়ং দেবং ষড়ক্ষরময়ং তথা।
ষট্‌কময়ঞ্চৈব জাতিষট্‌কসমন্বিতম্ ॥ ৬২
ং ধ্যাত্বা মদ্বামভাগে ত্বাঞ্চ মনোমনীম্।
গৌরীমিমায়মন্ত্রেণ প্রণবাদ্যেন ভক্তিতঃ ॥ ৬৩
বাহ্য পূর্ব্ববৎ কুর্য্যাদ্যমস্কারান্তমীশ্বরি।
রেং ততস্ত্বাং দেবেশি সমাহিতমনা মুনিঃ ॥৬৪
নীলোৎপলপত্রাভাং বিস্তীর্ণায়তলোচনাম্।
র্ণচন্দ্রাভবদনাং নীলকুঞ্চিতমূর্দ্ধজাম্ ॥ ৬৫
নীলোৎপলদলপ্রখ্যাং চন্দ্রার্দ্ধকৃতশেখরাম্।
অতিবৃত্তঘনোত্তুঙ্গ-স্নিগ্ধপীনপয়োধরাম্ ॥ ৬৬
তনুমধ্যাং পৃথুশ্রোণীং পীতসূক্ষ্মতরাম্বরাম্।
সর্ব্বাভরণসম্পন্নাং ললাটতিলকোজ্জ্বলাম্ ॥ ৬৭
বিচিত্রপুষ্পসঙ্কীর্ণ-কেশপাশোপশোভিতাম্
সর্ব্বতোহনুগুণাকারাং কিঞ্চিল্লজ্জানতাননাম্ ॥ ৬৮
হেমারবিন্দং বিলসদ্দধানাং দক্ষিণে করে।
দণ্ডবচ্চাপরং হস্তং ন্যস্তাসীনাং মহাসনে ॥ ৬৯
এবং মাং ত্বাঞ্চ দেবেশি ধ্যাত্বা নিয়তমানসঃ।
স্নাপয়েচ্ছঙ্খতোয়েন প্রণবপ্রোক্ষণক্রমাৎ ॥ ৭০
ভবে ভবে নাতিভব ইতি পাদ্যং প্রকল্পয়েৎ।
বামায় নম ইত্যুক্ত্বা দদ্যাদাচমনীয়কম্ ॥ ৭১
জ্যেষ্ঠায় নম ইত্যুক্ত্বা শুভ্রবস্ত্রং প্রকল্পয়েৎ।
শ্রেষ্ঠায় নম ইত্যুক্ত্বা দদ্যাদ্যজ্ঞোপবীতকম্ ॥ ৭২
রুদ্রায় নম ইত্যুক্ত্বা পুনরাচমনীয়কম্।
কালায় নম ইত্যুক্ত্বা গন্ধং দদ্যাৎ সুসংস্কৃতম্ ॥৭৩
কলবিকরণায় নমোঽক্ষতং পরিকল্পয়েৎ।
বলবিকরণায় নম ইতি পুষ্পাণি দাপয়েৎ ॥ ৭৪
বলায় নম ইত্যুক্ত্বা ধূপং দদ্যাৎ প্রযত্নতঃ।
বলপ্রমথনায়েতি সুদীপঞ্চ প্রদাপয়েৎ ॥ ৭৫
ব্রহ্মভিশ্চ ষড়ঙ্গৈশ্চ ততো মাতৃকয়া সহ।
প্রণবেন শিবেনৈব শক্তিযুক্তেন চ ক্রমাৎ ॥ ৭৬
মুদ্রাঃ সন্দর্শয়েন্মহ্যং তুভ্যঞ্চ বরবর্ণিনি।
মাঞ্চ প্রকল্পয়েৎ পূর্ব্বমুপচারাংস্ততস্ত্বয়ি ॥ ৭৭

দেবি—সম্প্রতি, এইরূপে যিনি সেই সেই মূর্ত্তি ধারণ করিয়াছেন; যিনি অষ্টত্রিংশৎ কলাময়, ঈশানাদি পঞ্চব্রহ্মময়, ওঙ্কারময়, হংসন্যাসময়, অকারাদি-পঞ্চাক্ষরময়, ষড়ক্ষরময় এবং যাঁহার ছয়টী অঙ্গ ও ছয়টী জাতি,—সেই পুরাণ মহেশ্বর সদাশিবকে এইরূপে ধ্যান করিয়া, হে ঈশ্বরি! আমার বামভাগে "ওঁ মনোমনীং গৌরীমিমায়" ইত্যাদি মন্ত্রে ভক্তিপূর্ব্বক তোমাকে আবাহন করিয়া পূর্ব্বমত নমস্কার অবধি কার্য্য করিবে। তৎপরে হে দেবেশি! যোগী একাগ্রচিত্তে তোমার ধ্যান করিবে। ৪৭—৬৪। ধ্যান করিবার কালে তোমার রূপ—নীলোৎপলদল তুল্য, লোচনদ্বয় বিশাল ও আকর্ণায়ত, আনন পূর্ণশশিপ্রভ, কেশকলাপ কৃষ্ণ ও আকুঞ্চিত, মৌলিদেশে চন্দ্ররেখা বিরাজমান, পয়োধর-যুগল বর্ত্তুল নিবিড় উন্নত ও স্নিগ্ধ, মধ্যভাগ ক্ষীণ এবং নিতম্ব স্থূল—(এইরূপ) ভাবিতে হইবে; আর তুমি অতিসূক্ষ্ম-পীতাম্বর-ধারিণী, সর্ব্বালঙ্কারে ভূষিতা, ললাটদেশে তিলক-শোভিতা, কুসুমদামে সংবদ্ধ-কেশ-পাশ শোভিনী, অনবদ্যাঙ্গী, ঈষৎ লজ্জাবনত মুখী, দক্ষিণকরে স্বর্ণপদ্ম-ধারিণী, বামহস্তে মহাসনে দণ্ডবৎ স্থাপন করিয়া আসীনা—তোমার এই মূর্ত্তি ভাবনা করিতে হইবে। হে দেবেশি! এইরূপে তোমার ও আমার ধ্যান করিয়া সাধক সংযতচিত্তে ওঙ্কার দ্বারা প্রোক্ষণ করিয়া শঙ্খজলে স্নান করাইবে। "ভবে ভবে নাতিভবে" এই মন্ত্রে পাদ্য, "বামায় নমঃ" এই মন্ত্রে আচমনীয়, "জ্যেষ্ঠায় নমঃ" এই মন্ত্রে শুভ্রবস্ত্র, "শ্রেষ্ঠায় নমঃ" এই মন্ত্রে যজ্ঞোপবীত, "রুদ্রায় নমঃ" এই মন্ত্রে পুনরাচমনীয়, "কালায় নমঃ" এই মন্ত্রে দিব্য গন্ধ, "কলবিকরণায় নমঃ" এই মন্ত্রে অক্ষত, "বলবিকরণায় নমঃ" এই মন্ত্রে পুষ্প, "বলায় নমঃ" এই মন্ত্রে ধূপ এবং "বলপ্রমথনায় নমঃ" এই মন্ত্রে যত্নপূর্ব্বক দীপ নিবেদন করিতে হইবে। হে বরবর্ণিনি! মাতৃকা, প্রণব ও শক্তিযুক্ত শিববীজ দ্বারা তোমার ও আমার মুদ্রা সকল প্রদর্শন করিবে। প্রথমে আমার, তৎপরে তোমার উপচারাদি

যদা ত্বয়ি প্রকুর্ব্বীত স্ত্রীলিঙ্গং যোজয়েৎ তদা।
পঞ্চাবরণপূজান্তু প্রারভেত যথাক্রমম্‌॥ ৭৮
প্রথমং পূজিতৌ যত্র তত্রৈব ক্রমশঃ সুধীঃ।
গন্ধাদ্যৈরর্চ্চয়েৎ পূর্ব্বং দেবৌ হেরম্ব-ষন্মুখৌ॥৭৯
পঞ্চ ব্রহ্মাণি পরিতো বৃত্তং সম্পূজয়েৎ ক্রমাৎ।
ঈশানদেশে পূর্ব্বে চ দক্ষিণে চোত্তরে সদা॥ ৮০
পশ্চিমে চ ততস্তস্মিন্‌ ষড়ঙ্গানি সমর্চ্চয়েৎ।
আগ্নেয়ে চ তথৈশানে নৈঋ তে বায়ুদেশকে॥ ৮১
মধ্যে নেত্রং তথাস্ত্রং পূর্ব্বাদিপরিতঃ ক্রমাৎ।
প্রথমাবরণং প্রোক্তং দ্বিতীয়াবরণং শৃণু॥ ৮২
অনন্তং পূর্ব্বাদিকৃপত্রে সূক্ষ্মং দক্ষিণতস্ততঃ।
শিবোত্তমং পশ্চিমত একনেত্রং তথোত্তরে॥ ৮৩
একরুদ্রং তথৈশানে ত্রিমূর্ত্তিং বহ্নিদিগ্দলে।
শ্রীকণ্ঠং নৈঋ তে বায়ৌ শিখণ্ডীশং সমর্চ্চয়েৎ॥
দ্বিতীয়াবরণে চৈবং পূজ্যাস্তে চক্রবর্ত্তিনঃ।
পূর্ব্বদ্বারস্ত মধ্যে তু বৃষেশানং প্রপূজয়েৎ॥ ৮৫
তদ্দক্ষিণে নন্দিনঞ্চ মহাকালং তদুত্তরে।
ভৃঙ্গীশং দক্ষিণদ্বারপশ্চিমে সম্প্রপূজয়েৎ॥ ৮৬
তৎপূর্ব্বকোষ্ঠে গন্ধাদ্যৈঃ সম্পূজ্য চ বিনায়কম্‌।
পশ্চিমোত্তরকোষ্ঠে চ বৃষভং দক্ষিণে গুহম্‌॥ ৮৭
উত্তরদ্বারপূর্ব্বে তু প্রদক্ষিণবিধানতঃ।
ভবং শর্ব্বং তথেশানং রুদ্রং পশুপতিং পুনঃ॥৮৮
উগ্রং ভীমং মহাদেবং তৃতীয়াবরণস্থিতম্‌।
যো বেদাদৌ স্বর ইতি সমাবাহ্য মহেশ্বরম্‌॥ ৮৯
পূজয়েৎ পূর্ব্বদিগ্‌ভাগে কমলে কর্ণিকোপরি।
ঈশ্বরং পূর্ব্বদিকৃপত্রে বিশেশং দক্ষিণে ততঃ॥৯০
সৌম্যে তু পরমেশানং সর্ব্বেশং পশ্চিমে যজেৎ
দক্ষিণে তু যজেদ্রুদ্রমা বো রাজানমিত্যচা॥ ৯১
আবাহ্য গন্ধপুষ্পাদ্যৈঃ কর্ণিকায়াং দলেষু চ।
শিবঃ পূর্ব্বে দক্ষিণতো হর উত্তরতো মৃড়ঃ॥ ৯২
ভবঃ পশ্চিমদিকৃপত্রে পূজ্যা এতে যথাক্রমম্‌।
উত্তরে বিষ্ণুমাবাহ্য গন্ধপুষ্পাদিভির্যজেৎ॥ ৯৩
প্রতদ্বিষ্ণুরিতি প্রোচ্য কর্ণিকায়াং দলেষু চ।
বাসুদেবং পূর্ব্বভাগে দক্ষিণে চানিরুদ্ধকম্‌॥ ৯৪

উপচার নিবেদন করিতে হইবে। যৎকালে তোমায় নিবেদন করিবে, তখন স্ত্রীলিঙ্গ মাত্র যোজনা করিতে হইবে। অনন্তর যথাক্রমে পঞ্চ আবরণ পূজা আরম্ভ করিবে। ৭৫—৭৮। বিচক্ষণ সাধক প্রথমে যথায় গণেশ ও কুমারের পূজা করিয়াছিল, তথায় অগ্রে গন্ধাদি উপচারে তাহাদিগকে পূজা করিয়া মণ্ডলের চতুর্দ্দিকে ঈশান, পূর্ব্ব, দক্ষিণ, উত্তর ও পশ্চিমে পঞ্চ ব্রহ্মের অর্চ্চনা করিবে। তৎপরে তাহাকে— সেই মণ্ডলের অগ্নি, ঈশান, নৈর্ঋত ও বায়ুকোণে ষড়ঙ্গের পূজা করিয়া মধ্যে নেত্র ও পূর্ব্বাদি চতুর্দ্দিকে অস্ত্র পূজা করিতে হইবে। দেবি! এই প্রথম আবরণের কথা বলা হইল; দ্বিতীয় আবরণ শ্রবণ কর। পূর্ব্বদলে অনন্ত, দক্ষিণে সূক্ষ্ম, পশ্চিমে শিবোত্তম, উত্তরে একনেত্র, ঈশানে একরুদ্র, অগ্নিকোণে ত্রিমূর্ত্তি, নৈর্ঋতে শ্রীকণ্ঠ ও বায়ুকোণে শিখণ্ডীশকে পূজা করিতে হইবে। তৎপরে দ্বিতীয় আবরণে উক্ত চক্রবর্ত্তীদিগের পূজা করিবে। পূর্ব্বদ্বারের মধ্যে বৃষেশান, তদ্দক্ষিণে নন্দী, তদুত্তরে মহা-কালকে পূজা করিয়া, দক্ষিণ দ্বারের পশ্চিমে ভৃঙ্গীশের পূজা করিতে হইবে। উহার পূর্ব্বকোষ্ঠে গন্ধাদি উপচারে বিনায়কের অর্চ্চনা করিয়া উত্তর-পশ্চিম কোষ্ঠে বৃষভ, দক্ষিণে গুহ এবং উত্তরদ্বারের পূর্ব্বে প্রদক্ষিণক্রমে ভব, শর্ব্ব, ঈশান, রুদ্র, পশুপতি, উগ্র, ভীম ও মহাদেবের পূজা করিবে। ইহাই তৃতীয় আবরণ উক্ত হইল। "যো বেদাদৌ স্বরঃ" ইত্যাদি মন্ত্রে আবাহনপূর্ব্বক পূর্ব্বদিকের পদ্মে কর্ণিকার উপরে মহেশ্বরকে পূজা করিয়া, পূর্ব্বদলে ঈশ্বর, দক্ষিণে বিশেশ, উত্তরে পরমেশান ও পশ্চিমে সর্ব্বেশের পূজা করিবে। দক্ষিণদিকের কর্ণিকা ও দলে "আ বো রাজানং" ইত্যাদি ঋঙ্‌মন্ত্রে আবাহনপূর্ব্বক গন্ধপুষ্পাদি দ্বারা রুদ্রের অর্চ্চনা করিয়া পূর্ব্বে শিব, দক্ষিণে হর, উত্তরে মৃড় ও পশ্চিমদলে ভব—ইহাদিগের যথাক্রমে পূজা করিতে হইবে। উত্তরপদ্মে "প্রতদ্বিষ্ণু" ইত্যাদি মন্ত্রে আবাহন করত গন্ধপুষ্পাদি দ্বারা বিষ্ণুকে অর্চ্চনা করিয়া কর্ণিকা ও দলের উপরে পূর্ব্বভাগে বাসু-

সৌম্যে সঙ্কর্ষণঞ্চৈব প্রদ্যুম্নং পশ্চিমে যজেৎ।
ব্রহ্মাণং পশ্চিমে পদ্মে সমাবাহ্য সমর্চ্চয়েৎ ॥৯৫
হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততেতি মন্ত্রেণ মন্ত্রবিৎ।
হিরণ্যগর্ভং পূর্ব্বস্যাং বিরাজং দক্ষিণে ততঃ ॥৯৬
উত্তরে পুরুষঞ্চৈব কালং পশ্চিমতো যজেৎ।
সর্ব্বোর্দ্ধপঙ্‌ক্তৌ পূর্ব্বাদিপ্রদক্ষিণবিধানতঃ ॥ ৯৭
তত্তৎস্থানেষু সম্পূজ্যা লোকপালা অনুক্রমাৎ।
রান্তং যান্তং তথা স্বান্তং লান্তং লান্তমপূর্ব্বকম্ ॥
যান্তং সান্তঞ্চ বেদাদ্যং শ্রীবীজঞ্চ দশ ক্রমাৎ।
বীজানি লোকপালানামেভিরেতান্ সমর্চ্চয়েৎ ॥৯৯
নৈর্ঋতে উত্তরে তদ্বদীশানস্য চ দক্ষিণে।
ব্রহ্মবিষ্ণূ চ বিধিনা পূজয়েদুপচারকৈঃ ॥ ১০০
বাহ্যরেখাসু দেবেশি পঞ্চমাবরণং যজেৎ।
শ্রীমৎ ত্রিশূলমীশানে বজ্রং মাহেন্দ্রদিঙ্মুখে ॥ ১০১
পরশুং বহ্নিদিগ্‌ভাগে যাম্যে শায়কমর্চ্চয়েৎ।
নৈর্ঋতে তু যজেৎ খড়্গং পাশং বরুণগোচরে ॥
অঙ্কুশং মারুতে ভাগে পিনাকঞ্চোত্তরে যজেৎ।

পশ্চিমাভিমুখং রৌদ্রং ক্ষেত্রপালং সমর্চ্চয়েৎ ॥
কৃতাঞ্জলিপুটাঃ সর্ব্বে চিন্ত্যাঃ স্মিতমুখাম্বুজাঃ।
সাদরং প্রেক্ষমাণাশ্চ দেবং দেবীঞ্চ সর্ব্বদা ॥ ১০৪
ইত্থমাবরণাভ্যর্চ্চাং কৃত্বা ব্যাক্ষেপশান্তয়ে।
পুনরভ্যর্চ্চ্য দেবেশং প্রণবঞ্চ শিবং যজেৎ ॥১০৫
এবমভ্যর্চ্চ্য বিধিবদ্গন্ধাদ্যৈরুপচারকৈঃ।
উপচর্য্য ততো দদ্যান্নৈবেদ্যং বিধিসাধিতম্ ॥১০৬
পুনরাচমনীয়ঞ্চ দদ্যাদর্ঘ্যং যথা পুরা।
ততো নিবেদ্য পানীয়ং তাম্বূলঞ্চোপদংশকৈঃ ॥১০৭
নীরাজনাদিকং কৃত্বা পূজাশেষং সমাপয়েৎ।
ধ্যাত্বা দেবঞ্চ দেবীঞ্চ মন্ত্রমষ্টোত্তরং জপেৎ ॥ ১০৮
তত উত্থায় রচিতপুষ্পাঞ্জলিপুটঃ স্থিতঃ।
জপেদ্ধ্যাত্বা মহাদেবং যো দেবানামিতি ক্রমাৎ ॥
যো বেদাদৌ স্বরঃ প্রোক্ত ইত্যন্তং পরমেশ্বরি
পুষ্পাঞ্জলিং ততো দত্ত্বা ত্রিঃ প্রদক্ষিণমাচরেৎ ॥
সাষ্টাঙ্গং প্রণমেৎ তঞ্চ ভক্ত্যা পরময়ান্বিতঃ।
পুনঃ প্রদক্ষিণং কৃত্বা প্রণমেৎ পুনরেকধা ॥ ১১১

দেব, দক্ষিণে অনিরুদ্ধ, উত্তরে সঙ্কর্ষণ ও পশ্চিমে প্রদ্যুম্নের পূজা করিবে। তৎপরে মন্ত্রজ্ঞ সাধক "হিরণ্যগর্ভঃ সমবর্ত্তত" ইত্যাদি মন্ত্রে আবাহন করত পশ্চিম-পদ্মে ব্রহ্মার পূজা সমাধা করিয়া পূর্ব্বদিকে হিরণ্যগর্ভ, দক্ষিণে বিরাজ, উত্তরে পুরুষ ও পশ্চিমে কালের অর্চ্চনা করিবে। অনন্তর সকলের ঊর্দ্ধ-পঙ্‌ক্তিতে পূর্ব্বাদি প্রদক্ষিণক্রমে পূর্ব্বাদি দিকে লোকপালগণের যথাক্রমে পূজা করিতে হইবে। রান্ত, যান্ত, স্বান্ত, লান্ত, লান্ত. অবর্ণাদি, যান্ত, সান্ত প্রণব ও শ্রীবীজ এই দশটী লোক-পালগণের বীজ। এই বীজ দ্বারা উহা-দিগের প্রত্যেককে যথাক্রমে পূজা করিবে। ৭১—৯৯। নৈরৃত, উত্তর ও ঈশানের দক্ষিণে যথাবিধি উপচারে ব্রহ্মা ও বিষ্ণুর পূজা করিবে। হে দেবেশি! বহিঃস্থ রেখা সকলে পঞ্চম আবরণের পূজা করিতে হইবে; যথা—ঈশানে ত্রিশূল, পূর্ব্বে বজ্র, অগ্নি-কোণে পরশু, দক্ষিণে সায়ক, নৈঋতে খড়্গ, পশ্চিমে পাশ, বায়ুকোণে অঙ্কুশ ও উত্তরে পিনা-কের পূজা করিয়া পশ্চিমাভিমুখে রৌদ্র ক্ষেত্র-পালের অর্চ্চনা করিবে। ইঁহারা সকলেই "কৃতা-ঞ্জলিপুটে সস্মিতমুখে সাদরে দেব ও দেবীকে সর্ব্বদা নিরীক্ষণ করিতেছেন" এইরূপ ভাবিতে হইবে। এইরূপে আবরণ-পূজা সমাপ্ত করিয়া বিবিধ বিঘ্নশান্তির নিমিত্ত দেবদেবকে পুনর্ব্বার পূজা করিয়া প্রণব ও শিব এই নাম উচ্চারণ করিবে। এইরূপে গন্ধাদি উপচারে যথাবিধি অর্চ্চনা করিয়া বৈধ নৈবেদ্য, পুনরাচমনীয়, পূর্ব্ববৎ অর্ঘ্য, পানীয় জল, উপদংশ (চাটনি) ও তাম্বূল নিবেদন করত আরাত্রিকাদি করিয়া পূজা সমাপ্ত করিবে। পরে পুনর্ব্বার দেব ও দেবীকে ধ্যান করিয়া অষ্টোত্তরশত মন্ত্র জপ করিতে হইবে। ১০০—১০৮। হে পরমেশ্বরি! তৎপরে পুষ্পাঞ্জলি লইয়া উঠিয়া মহাদেবের ধ্যান করত "যো দেবানাং" ইত্যাদি মন্ত্র হইতে "যো বেদাদৌ [illegible] প্রোক্তঃ" ইত্যাদি [illegible] পর্য্যন্ত পাঠ করিয়া পুষ্পাঞ্জলি দিয়া তিনবার প্রদক্ষিণ করিবে। পরে পরমভক্তি-[illegible] [illegible] [illegible] [illegible]

স্থিত্বাসনে সমভ্যর্চ্চ্য দেবং নামাষ্টকেন চ।
সাধু বাসাধু বা কর্ম্ম যদ্‌যদাচরিতং ময়া॥ ১১২
তৎ সর্ব্বং ভগবন্ শম্ভো তবদারাধনং পরম্।
ইতি শঙ্খোদকেনৈব সপুষ্পেণ সমর্চ্চয়েৎ॥ ১১৩
পূজ্যাং পুনঃ সমভ্যর্চ্চ্য সার্থং নামাষ্টকং জপেৎ।
শিবো মহেশ্বরশ্চৈব রুদ্রো বিষ্ণুঃ পিতামহঃ॥১১৪
সংসারবৈদ্যঃ সর্ব্বজ্ঞঃ পরমাত্মেতি মুখ্যতঃ।
নামাষ্টকমিদং নিত্যং শিবস্য প্রতিপাদকম্॥১১৫
আদ্যন্তু পঞ্চকং তত্র শান্ত্যতীতাদ্যনুক্রমাৎ।
সংজ্ঞা সদাশিবাদীনাং পঞ্চোপাধিপরিগ্রহাৎ॥১১৬
উপাধিবিনিবৃত্তৌ তু যথাস্বং বিনিবর্ত্ততে।
পদমেব হি তন্নিত্যমনিত্যাঃ পদিনঃ স্মৃতাঃ॥১১৭
পদানাং পরিবৃত্তিঃ স্যান্মুচ্যন্তে পদিনো যতঃ।
পরিবৃত্ত্যন্তরে ত্বেবং ভূয়স্তস্যাপ্যুপাধিনা॥ ১১৮
আত্মান্তরাভিধানং স্যাদ্‌যদাদ্যং নাম পঞ্চকম্।
অন্যৎ তু ত্রিতয়ং নাম্নামুপাদানাদিযোগতঃ॥১১৯

ত্রিবিধোপাধিবচনাচ্ছিব এব তু বর্ত্ততে।
অনাদিমলসংশ্লেষ-প্রাগভাবাৎ স্বভাবতঃ॥ ১২
অত্যন্তপরিশুদ্ধাত্মেত্যতোঽয়ং শিব উচ্যতে।
অথবাশেষকল্যাণগুণৈকঘন ঈশ্বরঃ॥ ১২১
শিব ইত্যুচ্যতে সদ্ভিঃ শিবতত্ত্বার্থবেদিভিঃ।
ত্রয়োবিংশতিতত্ত্বেভ্যঃ পরা প্রকৃতিরুচ্যতে॥১২
প্রকৃতেস্তু পরং প্রাহুঃ পুরুষং পঞ্চবিংশকম্।
যং বেদাদৌ স্বরং প্রাহুর্বাচ্যবাচকভাবতঃ॥ ১২
বেদৈকবেদ্যং যাথাত্ম্যাদ্বেদান্তে চ প্রতিষ্ঠিতম্।
স এব প্রকৃতৌ লীনো ভোক্তা যঃ প্রকৃতের্হতঃ
তস্য প্রকৃতিলীনস্য যঃ পরঃ স মহেশ্বরঃ।
তদধীনপ্রবৃত্তিত্বাৎ প্রকৃতেঃ পুরুষস্য চ॥ ১২
অথবা ত্রিগুণং তত্ত্বং মায়েয়মিদমব্যয়ম্।
মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্॥ ১২
মায়াবিক্ষোভকোঽনন্তো মহেশ্বরসমন্বয়াৎ।
রুদ্দুঃখং দুঃখহেতুর্বা তদ্রাবয়তি যঃ প্রভুঃ॥১২

স্পর্শ করিয়া সকৃৎ প্রণাম করিবে। অনন্তর আসনে বসিয়া নামাষ্টক পাঠ করিয়া "দেব! শম্ভো! সৎ হউক বা অসৎ হউক, আমি যে যে কর্ম্ম করিয়াছি, তৎসমস্তই কেবল আপনার আরাধনার জন্য" ইহা বলিয়া শঙ্খজল ও পুষ্পাঞ্জলি দ্বারা দেবের অর্চ্চনা করিবে। আরাধ্যা দেবীকে পুনরর্চ্চনা করিয়া অর্থসম্পন্ন নামাষ্টক পাঠ করিবে। শিব, মহেশ্বর, রুদ্র, বিষ্ণু, পিতামহ, সংসারবৈদ্য, সর্ব্বজ্ঞ ও পরমাত্মা এই আটটী নাম প্রধান; এই গুলিই নিয়ত শিবের প্রতিপাদক। তন্মধ্যে প্রথম পাঁচটী শান্ত্যতীতাদিক্রমে পঞ্চ উপাধির ধারণ বশতঃ সদাশিবাদির সংজ্ঞামাত্র। কিন্তু উপাধির নিবৃত্তি হইলে উক্ত সংজ্ঞাদিরও নিবৃত্তি হইয়া থাকে, যেহেতু পদ নিত্য ও পদধারী অনিত্য বলিয়া কথিত আছে। ১০৯—১১৭। পদের পরিবর্ত্তন হইলে পদধারী উহা হইতে মুক্তি পায় বটে, কিন্তু ঐ পরিবর্ত্তনে পদধারীর পূর্ব্বোক্ত উপাধি পুনরায় ঘটিয়া থাকে। যে প্রথম পাঁচটী নাম বলা হইয়াছে, উহাদিগকে [illegible] বলে। অবশিষ্ট তিনটী নাম

প্রকৃতি প্রভৃতির সম্পর্কে ত্রিবিধ উপাধি কথ[illegible] হেতু শিবের প্রতিপাদক হইয়া থাকে। আ[illegible] মল ও প্রাগভাব না থাকায় স্বভাবতঃ অত্যন্ত বিশুদ্ধাত্মা বলিয়া ইহাকে শিব বলিয়া থাকে। অথবা শিবরহস্যজ্ঞ পণ্ডিতেরা অশেষ-কল্যাণময় বলিয়া ঈশ্বরকে শিব নামে অভি-হিত করেন। প্রকৃতি, মহদাদি ত্রয়োবিংশতিতত্ত্ব হইতে শ্রেষ্ঠা; ঐ প্রকৃতি হইতে পুরুষকে শ্রেষ্ঠ বলিয়া থাকে। উক্ত পুরুষই পঞ্চবিংশতত্ত্ব। যাহাকে বেদাদিশাস্ত্র— বাচ্য ও বাচকভাবে প্রণব, বেদৈকগম্য ও যথার্থরূপে বেদান্ত-প্রতিপাদ্য বলিয়া থাকেন সেই পুরুষই প্রকৃতিতে লীন ও ভোক্তা কর্তা। যিনি সেই প্রকৃতি ও প্রকৃতিলীন সেই পুরু[illegible] হইতে শ্রেষ্ঠ, তিনিই মহেশ্বর। যেহেতু প্রকৃ[illegible] ও পুরুষের প্রবৃত্তি তাঁহার অধীন। ১১৮—১২[illegible] অথবা এই অব্যয় সত্ত্ব-রজঃ-তমোরূপ ত্রিগুণ[illegible] তত্ত্ব-মায়াময়; যাহাকে প্রকৃতি ও মায়ী[illegible] মহেশ্বর বলিয়া জানিবে। নারায়ণ মহেশ্বরে[illegible] সম্পর্কেই মায়ার বিক্ষোভ করিতে সমর্থ। [illegible] [illegible] অর্থ দুঃখ বা দুঃখহেতু; তাহা

ভ্যুচ্যতে তস্মাচ্ছিবঃ পরমকারণম্।
ব্রাদিভূম্যন্তং শরীরাদি ঘটাদি চ ॥ ১২৮
ধিতিষ্ঠতি শিবস্তস্মাদ্বিষ্ণুরুদাহৃতঃ।
পিতৃভূতানাং শিবো মূর্ত্ত্যা য়নামপি ॥১২৯
ব্বেণ সর্ব্বেষাং পিতামহ উদাহৃতঃ।
দ্ধো যথা বৈদ্যো রোগস্য বিনিবর্ত্তকঃ ॥১৩০
ষুর্ভৈষজৈস্তদ্বল্লয়ভোগাধিকারতঃ।
ন্তেশ্বরো নিত্যং স্থূলস্য বিনিবর্ত্তকঃ ॥ ১৩১
রবৈদ্য ইত্যুক্তঃ শিবতত্ত্বার্থবেদিভিঃ।
জ্ঞানসিদ্ধ্যর্থমিন্দ্রিয়েষু চ সংস্বপি ॥ ১৩২
লভাবিনো ভাবান স্থূলান সূক্ষ্মানশেষতঃ।
নৈব জানন্তি মায়ার্ণবমলাবৃতাঃ ॥ ১৩৩
স্বপি চ সর্ব্বেষু সিদ্ধসর্ব্বার্থবেদিষু।
ধাবস্থিতং বস্তু তং তথৈব সদাশিবঃ ॥ ১৩৪
স্তুনৈব জানাতি তস্মাৎ সর্ব্বজ্ঞ উচ্যতে।
স্তুঃ পরমৈরেভিগুণৈর্নিত্যসমন্বয়াৎ ॥ ১৩৫
ং পরাত্মবিরহাৎ পরমাত্মা শিবঃ স্বয়ম্

ইতি স্তুত্বা মহাদেবং প্রণবাত্মানমব্যয়ম্ ॥ ১৩৬
দত্ত্বা পরাঙ্মুখার্ঘ্যঞ্চ পশ্চাদীশানমস্তকে।
পুনরভ্যর্চ্চ্য দেবেশং প্রণবেন সমাহিতঃ ॥ ১৩৭
হস্তেন বদ্ধাঞ্জলিনা পূজাপুষ্পং প্রগৃহ্য চ।
উন্মনান্তং শিবং নীত্বা বামনাসাপুটাধ্বনা ॥ ১৩৮
দেবীমুদ্বাস্য চ ততো দক্ষনাসাপুটাধ্বনা।
শিব এবাহমস্মীতি তদেবমনুভূয় চ ॥ ১৩৯
সর্ব্বাবরণদেবাংশ্চ পুনরুদ্বাসয়েদ্ধৃদি।
বিদ্যাপূজাং গুরোঃ পূজাং কৃত্বা পশ্চাদ্যথাক্রমম্
শঙ্খার্ঘ্যপাত্রমন্ত্রাংশ্চ হৃদয়ে বিন্যসেৎ ক্রমাৎ।
নির্ম্মাল্যঞ্চ সমর্প্যাথ চণ্ডেশায়েশগোচরে ॥ ১৪১
পুনশ্চ সংযতপ্রাণ ঋষ্যাদিকমথোচ্চরেৎ।
কৈলাসপ্রস্তরো নাম মণ্ডলং পরিভাষিতম্ ॥১৪২
অর্চ্চয়েন্নিত্যমেবৈতৎ পক্ষে বা মাসি মাসি বা।
ষণ্মাসে বৎসরে বাপি চাতুর্ম্মাস্যাদিপর্ব্বণি ॥১৪৩
অসমর্থঃ সমভ্যর্চ্চ্যান্নিত্যং যল্লিঙ্গমাত্মিকঃ।

ত্রন বলিয়া আদিকারণ প্রভু শিবকে "রুদ্র
হয়। ভগবান্ শিব শরীরাদি, ঘটাদি ও
ভ্র হইতে ভূমি পর্য্যন্ত সমস্তই ব্যাপিয়া
ছন, এই নিমিত্ত তাঁহাকে বিষ্ণু বলা হয়।
অ পিতৃভূত ব্রহ্মাদি সকলের পিতা বলিয়া
ক পিতামহ বলা হয়। যেরূপ নিদানজ্ঞ
ঔষধ প্রয়োগ করিয়া রোগের নিবৃত্তি
সেইরূপ ভগবান্ শিব, ভুক্তি-মুক্তি
ন করিয়া স্থূলসংসারের নিবৃত্তি করিয়া
ন; অতএব শিবরহস্যের মর্ম্মজ্ঞ পণ্ডি-
তাঁহাকে সংসারবৈদ্য নামে অভিহিত
ন। অনন্তমায়ায় আবৃত ক্ষুদ্র-জীবগণ
দি বিষয়-জ্ঞান সিদ্ধির জন্য শ্রবণাদি
য়নিচয় থাকিলেও স্থূল অথবা সূক্ষ্ম ভূত,
ৎ, বর্ত্তমান বিষয় নিঃশেষে জানিতে
না। কিন্তু সদাশিব নিরিন্দ্রিয় হই-
অনায়াসে যে সে বিষয় জানিতে পারেন,
জন্য তাঁহাকে সর্ব্বজ্ঞ বলা যায়। তাঁহাতে
গ্রাদি সকলগুণ নিয়ত থাকা প্রযুক্ত
সকলের আত্মা এবং তাঁহা হইতে শ্রেষ্ঠ

নাই;—এই জন্যই ভগবান শিব নিজে পর-
মাত্মা। এইরূপে প্রণবরূপী অব্যয় মহা-
দেবকে স্তব করিয়া ঈশান-মস্তকে অর্ঘ্য প্রদান
করত পুনরায় সমাহিতভাবে প্রণব দ্বারা
তাঁহার অর্চ্চনা করিবে। ১২৬—১৩৭। এই-
রূপ অর্চ্চনার পর কৃতাঞ্জলিপুটে পূজা-পুষ্প
লইয়া বামনাসা-পথে শিবকে উন্মনায় (নাড়ী-
বিশেষ) অন্তে লইয়া যাইয়া ও দক্ষিণনাসা-
পথে দেবীকে উদ্ধে নীত করিয়া সাধক আপ-
নাকে শিব হইতে অভিন্ন ভাবিবে। সকল
আবরণ দেবতাকেও হৃদয়ে স্থান দিয়া যথা-
ক্রমে মন্ত্র ও গুরুর পূজা করিয়া, শঙ্খ ও অর্ঘ্য-
পাত্রের মন্ত্রগুলি ক্রমশঃ হৃদয়ে ন্যাস করিবে
এবং মহাদেবের সমক্ষে চণ্ডেশকে নির্ম্মাল্য
সমর্পণ করিবে। অনন্তর প্রাণবায়ু রোধ করিয়া
পুনরায় ঋষ্যাদিন্যাস করিবে। পূর্ব্বে যে
মণ্ডল কীর্ত্তিত হইয়াছে, উহার নাম কৈলাস
প্রস্তর। উহার নিত্য অর্চ্চনা করিবে; অথবা
পক্ষে, মাসে, চাতুর্ম্মাস্যের প্রথম পর্ব্বদিনে,
ষণ্মাসে বা বৎসরে অর্চ্চনা করিতে হইবে।
উহা অর্চ্চনা করিতে অসমর্থ হইলে, অভীষ্ট

অস্মিন্ ক্রমে মহাদেবি বিশেষঃ কোঽপি কথ্যতে
উপদেশদিনে লিঙ্গং পূজিতং গুরুণা সহ।
পুনস্তৎ যাবদর্চয়িষ্যামি শিবমাপ্রাণসংক্ষয়ম্ ॥ ১৪৫
এবং ত্রিবারমুচ্চার্য্য শপথং গুরুসন্নিধৌ।
ততঃ সমচ্চয়েন্নিত্যং পূর্ব্বোক্তবিধিনা প্রিয়ে ॥১৪৬
অর্ঘ্যং সমর্পয়েল্লিঙ্গমূর্দ্ধন্যর্ঘ্যোদকেন চ।
প্রণবেন সমভ্যর্চ্চ্য ধূপ-দীপৌ সমর্পয়েৎ ॥ ১৪৭
ঐশান্যাং চণ্ডমারাধ্য নির্ম্মাল্যঞ্চ নিবেদয়েৎ।
প্রক্ষাল্য লিঙ্গং বেদীঞ্চ বস্ত্রপূতৈর্জ্জলৈস্ততঃ ॥১৪৮
নিক্ষিপ্য পুষ্পং শিরসি লিঙ্গস্য প্রণবেন তু।
আধারশক্তিমারভ্য শুদ্ধবিদ্যাসনাবধি ॥ ১৪৯
বিভাব্য সর্ব্বং মনসা স্নাপয়েৎ পরমেশ্বরম্।
পঞ্চগব্যাদিভির্গব্যৈর্যথাবিভবসংভৃতৈঃ ॥ ১৫০
কেবলৈর্বা জলৈঃ শুদ্ধৈঃ সুরভিদ্রব্যবাসিতৈঃ।
পাবমানেন রুদ্রেণ নীলেন ত্বরিতেন চ ॥ ১৫২
লিঙ্গসূক্তাদিসূক্তৈশ্চ শিরসাথর্ব্বণেন চ।

ঋগ্‌সূক্তিশ্চ সামভির্বাপি ব্রহ্মভিশ্চৈব পঞ্চভিঃ ॥১৫
স্নাপয়েদ্দেবদেবেশং প্রণবেন শিবেন চ।
বিশেষার্ঘ্যোদকেনাপি প্রণবেনাভিষেচয়েৎ ॥ ১৫
বিশোধ্য বাসসা পুষ্পং লিঙ্গমূর্দ্ধনি বিন্যসেৎ।
পীঠে লিঙ্গং সমারোপ্য সূর্য্যাদ্যর্চ্চাং সমাচরেৎ।
আধারশক্ত্যনন্তৌ যৌ পীঠাধস্তাৎ সমর্চ্চয়েৎ।
সিংহাসনং তদূর্দ্ধন্তু সমভ্যর্চ্চ্য যথাক্রমম্ ॥ ১৫৫
অধোর্দ্ধচ্ছদনং পীঠপাদে কন্দং সমর্চ্চয়েৎ।
মূর্ত্তিং লিঙ্গে সমাকল্প্য মাং ত্বয়া স হরং জয়েৎ।
এবং ময়া তে কথিতমতিগুহ্যমিদং প্রিয়ে।
গোপনীয়ং প্রযত্নেন ন দেয়ং যস্য কস্যচিৎ ॥১৫৭
মম ভক্তায় দাতব্যং যতয়ে বীতরাগিণে।
গুরুভক্তায় শান্তায় মদর্থোদ্‌যোগভাগিনে ॥ ১৫৮
মমাজ্ঞামতিক্রম্যৈতদ্‌যো দদাতি বিমূঢ়ধীঃ।
স নারকী মম দ্রোহী ভবিষ্যতি ন সংশয়ঃ ॥১৫৯
মদ্ভক্তদানাদ্দেবেশি মৎপ্রিয়শ্চ ভবেদ্ধ্রুবম্ ॥ ১৬

সাধক নিত্য আমার লিঙ্গ পূজা করিবে। মহাদেবি! উক্ত লিঙ্গ পূজা করিতে গেলে কিছু বিশেষ আছে, বলিতেছি। ১৩৮—১৪৪। শিষ্য দীক্ষাদিবসে গুরু ও লিঙ্গ পূজা করিয়া লিঙ্গপূজাব্রত গ্রহণ করিবে। "আজীবন শিবলিঙ্গ পূজা করিব" গুরু-সন্নিধানে এইরূপে তিনবার শপথ করিয়া, প্রিয়ে! পূর্ব্বোক্ত বিধিমতে নিত্য লিঙ্গের অর্চ্চনা করিবে। লিঙ্গমস্তকে অর্ঘ্যোদকের সহিত অর্ঘ্য সমর্পণ করিবে। প্রণব-মন্ত্রে অর্চ্চনা করিয়া ধূপ ও দীপ নিবেদন করিবে। ঈশান-কোণে চণ্ডের অর্চ্চনা করিয়া নির্ম্মাল্য অর্পণ করিবে। তৎপরে বস্ত্রপূত জলে লিঙ্গ ও বেদী প্রক্ষালিত করিয়া প্রণববীজে লিঙ্গ-মস্তকে পুষ্প নিক্ষেপ করিবে। অনন্তর আধারশক্তি হইতে আর আমার শুদ্ধবিদ্যাসন অবধি সমস্ত মনে মনে চিন্তা করিয়া, পরমেশ্বরকে যথাশক্তি সংগৃহীত পঞ্চগব্য অথবা কেবল চন্দনাদি-সুবাসিত বিশুদ্ধ জলে স্নান করাইবে। স্নান করাইবার পূর্ব্বে পাবমানীসূক্ত, রুদ্রাধ্যায়, নীলসূক্ত, ত্বরিতসূক্ত, লিঙ্গসূক্তাদি-সূক্ত, শৈবাথর্ব্বশীর্ষ, ঋক্ সাম, সদ্যোজাতাদি পঞ্চমন্ত্র, ওঙ্কার ও শিব-বীজ উচ্চারণে ওঙ্কার-বীজে বিশেষার্ঘ্যে জল দ্বারাও অভিষেক করিবে। ১৪৫—১৫৩। স্নানের পর বস্ত্র দ্বারা লিঙ্গকে মার্জ্জনা করিয়া লিঙ্গমস্তকে পুষ্প নিক্ষেপ করিবে। তৎপরে পীঠোপরি লিঙ্গ স্থাপন করিয়া সূর্য্যাদি দেবতার পূজা করিতে হইবে। পীঠের অধোভাগে আধারশক্তি ও অনন্ত, ঊর্দ্ধে সিংহাসন, ঊর্দ্ধচ্ছদন এবং পাদদেশে স্কন্দের অর্চ্চনাপূর্ব্বক লিঙ্গে মূর্ত্তি কল্পনা করিয়া তোমার ও আমার প্রীতি সাধন করিবে। প্রিয়ে! অতি গুহ্য-কথা এইরূপে তোমায় বলিলাম; ইহা যত্নপূর্ব্বক গোপন করিবে, যে কোন ব্যক্তিকে দিবে না। তবে যে ব্যক্তি আমার ভক্ত, যমনিয়মাদিসম্পন্ন, সংসার-বিরক্ত, গুরুভক্ত, শান্ত ও আমার নিমিত্ত চেষ্টাপর, তাহাকে দিতে পারিবে। দেবেশি আমার আজ্ঞা উল্লঙ্ঘন করিয়া যে মূঢ়ব্যক্তি ইহা দিবে, আমার অপকারী সেই ব্যক্তি নিশ্চয় নরকগামী হইবে। আর আমার ভক্তকে দান করিলে আমার প্রীতিপাত্র হইবে। ১৫৪—১৬০।

ব্যাস উবাচ।

এতচ্ছ্রুত্বা মহাদেবী দেবেন পরিভাষিতম্।
স্তুত্বা তু বিবিধৈঃ স্তোত্রৈর্দেবং বেদার্থগর্ভিতৈঃ।
শ্রীমৎপাদাব্জয়োঃ পত্যুঃ প্রণম্য পরমেশ্বরী॥ ১৬১
অতিপ্রহৃষ্টহৃদয়া মুমোদ মুনিসত্তমাঃ।
অতিগুহ্যমিদং বিপ্রাঃ প্রণবার্থপ্রকাশকম্।
শিবজ্ঞানং পরং হেত্তস্তবতামার্ত্তিনাশনম্॥ ১৬২

সূত উবাচ।

ইত্যুক্ত্বা মুনিশার্দূলঃ পারাশর্য্যো মহাতপাঃ।
পূজিতঃ পরয়া ভক্ত্যা মুনিভির্বেদবাদিভিঃ॥ ১৬৩
কৈলাসাদ্রিমনুস্মৃত্য যযৌ তস্মাৎ তপোবনাৎ॥
তেঽপি প্রহৃষ্টহৃদয়াঃ সত্রান্তে পরমেশ্বরম্।
সম্পূজ্য পরয়া ভক্ত্যা সোমং সোমার্দ্ধশেখরম্॥
যমাদিযোগনিরতাঃ শিবধ্যানপরাভবন্।
গুহায় কথিতং স্বেতদ্দেব্যা তেনাপি নন্দিনে॥১৬৬
সনৎকুমারমুনয়ে প্রোবাচ ভগবানপি।
তস্মাদয়ং মদ্গুরুণা ব্যাসেনামিততেজসা॥ ১৬৭
তস্মাদয়মিদং পুণ্যং ময়াপি মুনিপুঙ্গবাঃ।
ভবদ্ভিরপি দাতব্যমেতদ্গুহ্যং শিবপ্রিয়ম্॥ ১৬৮
যতিভ্যঃ শান্তচিত্তেভ্যো ভক্তেভ্যঃ শিবপাদয়োঃ।
এতদুক্ত্বা মহাভাগঃ সূতঃ পৌরাণিকোত্তমঃ॥১৬৯
তীর্থযাত্রাপ্রসঙ্গেন চচার পৃথিবীমিমাম্।
এতদ্রহস্যং পরমং লব্ধ্বা সূতান্মুনীশ্বরাঃ।
কাশ্যামেব সমাসীনা মুক্তাঃ শিবপদং যযুঃ॥ ১৭০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে কৈলাসসংহিতায়াং বিবিধপূজাক্রমবর্ণনং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬॥

লাভ করিয়াছেন বৃত্রহন্তা ইন্দ্র এইজন্য স্বর্গে বিরাজ করেন হে দ্বিজগণ! সনৎকুমার আমার মানসপুত্র রূপে বিখ্যাত আছেন। পূর্ব্বে সপ্তসহস্র-সংখ্যক যে সকল বিমান ছিল, তন্মধ্যে চন্দ্র সূর্য্য-সদৃশ প্রভাশালী বিমান-সমূহে কমনীয় তেজঃসম্পন্ন ঐ সনৎকুমার সহস্র স্ত্রীগণে পরিবৃত হইয়া অধিষ্ঠিত থাকেন এবং শিবভক্ত বলে গর্ব্বিত হইয়া শিব-গিরিকে পদদ্বারা পীড়িত করিয়া, ঐ স্থানে সুবর্ণহীরকখচিত অনুপম গৃহসমূহে সূর্য্যতুল্য তেজস্বী পুরুষগণে পরিবৃত থাকিয়া, সঙ্গীত বাদ্য ও নৃত্য-কুশল গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণের সহিত ক্রীড়া-তৎপর হইয়া সর্ব্বদা অপ্সরা-গণের মধ্যে উপবিষ্ট থাকেন। ১১—১৮ সনৎকুমারের প্রসাদেই অনেক রাজা সংসারে থাকিয়াও শিবপূজা-প্রভাবে সর্ব্বলোকে অবস্থান প্রাপ্ত হইয়াছে তিনি স্বর্গ-জয়েচ্ছু অসুর-গণের তর্জ্জন ও ভীরুদিগের ভয় নিবারণ করেন এবং তাঁহার গৃহস্থিত বৃক্ষ পুষ্পকালে পুষ্প, ফলকালে ফল প্রদান করে ও পাক-কালে পরিপাক হয়। ঐ স্থানে যাহারা স্বরক্ষক,

যাহারা শৈলবাসী, যাহারা পাতালবাসী, যা অন্তরীক্ষচারী, যাহারা স্বর্গবাসী, যাহারা ন পথে নক্ষত্রগণের আশ্রিত, যাহারা ক্ষয় ও কর, যাহারা চন্দ্র-সূর্য্যকে গ্রাস করে, য সাংখ্যোক্ত যোগের অনুকূল ব্রতানুষ্ঠান ক স্বস্থানে অবস্থিত, তাহারা এবং এতদ্ভিন্ন অ অনেক স্থাবর জঙ্গম তথায় রুদ্রপার্শ্বে অব আছে। যাহারা ধীমান্ দেবদেব রুদ্রের প অবস্থিত, তাহারা নির্ভয় এবং নিশ্বাস দ্বারা অগ্নি মোচন করিতেছে। এই রুদ্রের প স্থিত গৃহ ও বৃক্ষ সকলই দিব্য। এই রু পার্শ্বগত প্রমথগণ, কুন্দপুষ্প ও চন্দ্রের শুভ্র সুগন্ধি পদ্মমালা আঘ্রাণ করেন। উঁ দিগের বর্ণ এবং পরিমাণ বিশেষ বিশে এক পরিমাণ, এক বর্ণ, একটী গণের অন্য গণের অন্য একরূপ। গ্রহগণে প সূর্য্যদেবের মত দেবেশ্বর সনৎকুমার মেরু-ম পরিমাণ পূর্ব্বোক্ত গণসমূহে পরিবৃত হইয়া নাথ মহাদেবকে প্রণাম করেন। ভীষণ-পরা শালী অতিতেজস্বী সনৎকুমারের বিষয় দেখিয়াছি, তাহা এই কহিলাম। ১৯—

...গণসংখ্যানং মনসাপি সদা স্মরেৎ।
...মানসো ভক্ত্যা পঠেৎ পর্ব্বণি পর্ব্বণি ॥ ৩০
...ান কামানবাপ্নোতি অমৃতত্বঞ্চ বিন্দতি।
...ং শতসহস্রাণি রুদ্রলোকে মহীয়তে ॥ ৩১
...তুকালে চ নারীণাং তথৈব সমুদাহরেৎ।
...মোঘরেতা ভবতি সংগ্রামে চ জয়ো ভবেৎ ॥৩২
...াহারকালে তু পঠেদ্‌ব্রাহ্মণানাঞ্চ সন্নিধৌ।
...ত্যমেবং পঠতি যঃ শ্রদ্দধানো জিতেন্দ্রিয়ঃ ॥৩৩
...রুদ্রফলং তস্য লভতে নাত্র সংশয়ঃ।
...কোটিফলং যচ্চ সর্ব্বং প্রাপ্নোত্যসংশয়ম্ ॥৩৪
...পাপযুক্তো বা স গচ্ছেদ্রুদ্রলোকতাম্।
...তস্ততঃ পুণ্যং গণসংখ্যাঞ্চ নিত্যশঃ ॥ ৩৫
...পি যে ভক্ত্যা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে
...ভাতসময়ে কালে সমুত্থায় মহামনাঃ ॥ ৩৬
...া দেবকদেবং সর্ব্বশাস্ত্রবিশারদম্
...চ বিধিনা দেবে ব্রহ্মণে ভগবান বচঃ ॥ ৩৭
...ৎ সিদ্ধিং প্রপশ্যন্তঃ সিদ্ধাস্তে পরিনিষ্ঠিতাঃ পর
...ঙ্কারভিত্তেন বরং তত্ত্বং ন বুধ্যতে ॥ ৩৮

ঊর্দ্ধঞ্চ নয়নং দৃষ্ট্বা দেবতেজোময়ং স্থিতম্।
পিতা চ পিতরো মেঽদ্য দৃষ্ট্বা পাত্রমুপাগতাঃ ॥ ৩৯
বাসিতা দেবদেবেন ন কিঞ্চিদ্বক্তুমুৎসহে।
এবং দৃষ্ট্বা স মাং পুত্রো ব্যাজহার সসম্ভ্রমঃ ॥৪০

সনৎকুমার উবাচ।

নিঃশ্চীতোঽস্মি ভদ্রং তে বালেনাকৃতকর্ম্মণা।
বিমানানি চ রত্নানি অঙ্গস্রঞ্চ সুসংস্কৃতম্ ॥ ৪১
তেনাহং দুঃখসন্তাপাদ্দেহং ত্যক্ষ্যে ন সংশয়ঃ।
পুত্রস্য বচনং শ্রুত্বা ব্রহ্মা বচনমব্রবীৎ ॥ ৪২
আত্মানং গময়ামাস ধ্যানযোগেন দৃষ্টবান্।
স পার ইতি তং জ্ঞাত্বা ততো দৃষ্টমনোঽভবৎ ॥
উত্থায় চাসনাদ্‌ব্রহ্মা প্রাঞ্জলিঃ প্রণতঃ স্থিতঃ।
সময়স্থং মহাদেবমীশ্বরং সর্ব্বতোমুখম্ ॥ ৪৪
প্রভবং নিধনঞ্চৈব ভূতানাং পতিমব্যয়ম্।
ইদমাহ মহাতেজা ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ৪৫

...ব্যক্তি গণসমূহের বর্ণনা শ্রবণ করে, কি... মনে সর্ব্বদা স্মরণ করে, কিংবা পর্ব্বে... পাঠ করে, সে সর্ব্বাভীষ্ট প্রাপ্ত হয়, ...ফল লাভ করে ও কোটি বৎসর রুদ্রলোকে ...চিত হইয়া থাকে। যে ব্যক্তি নারীর ঋতুকালে ...পাঠ করে, সে অমোঘবীর্য্য হয়; যুদ্ধকালে ...করিলে যুদ্ধে জয় হয়। যে ব্যক্তি জিতে-...য় ও শ্রদ্ধাপরায়ণ হইয়া আহারকালে ও ...ব্রাহ্মণগণের সন্নিকটে ইহা নিত্য পাঠ করে, সে ...সন্দেহ শতরুদ্র রুদ্রাধ্যায়-পাঠের ফল ও ...কোটিবার বেদপাঠফল লাভ করে; সে অসীম ...সম্পন্ন হইলেও রুদ্রলোকে গমন করে। ...সংখ্যা নিত্য পাঠ করিলে ইহা অপেক্ষা ...হয়। যে মনস্বী ব্যক্তি প্রভাতকালে ...য়া ইহা ভক্তিসহকারে শ্রবণ করে, সে ...ল পাপ হইতে মুক্ত হয়। তখন ...ৎকুমার, সর্ব্বশাস্ত্রজ্ঞ দেবদেব ব্রহ্মাকে সমা-...দেখিয়া তাঁহাকে কহিতে লাগিলেন,—হে ...! আমার পিতৃ-পিতামহগণ যে ভগবান রুদ্রদেব জ্যোতির্ম্ময় ঊর্দ্ধনয়ন অবলোকন করিয়া সর্ব্বভূতের মান্য হইয়াছেন ও তৎকর্তৃকই উত্তমলোকে নিবেশিত হইয়াছেন, পূর্ব্বে সিদ্ধগণ সেই প্রভুর অনুগ্রহে এই প্রকার সিদ্ধিলাভে গর্ব্বিত হইয়াছেন, কিন্তু শ্রেষ্ঠ তত্ত্ব কি, তাহা বুঝিতে পারিতেছেন না, ইহা অতি আশ্চর্য্য বোধ হইতেছে। সনৎকুমার এইরূপ কহিলে যখন ব্রহ্মা নিরুত্তর হইয়া রহিলেন, তখন সনৎকুমার পুনরায় সসম্ভ্রমে কহিলেন,—হে পিতঃ! অকৃতকর্ম্মা বালকের মত বিমান, রত্ন, নানাবিধ উত্তম গন্ধ, এ সকল পাইয়া আমি মুগ্ধ হই নাই। আমার বোধ হইতেছে, আমি নিঃশ্চীতই হইয়াছি। তাহাতে এতই দুঃখিত হইয়াছি যে, জীবন পরিত্যাগেও কৃতসঙ্কল্প হইয়াছি। ব্রহ্মা পুত্রের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া ক্ষণকাল ধ্যানমগ্ন হইলেন ও তখন চিত্তবলে শিবসাক্ষাৎকার পাইয়া ভক্ত ও অভক্ত লোকদিগকে জ্ঞাত হইয়া, সনৎকুমারকে পরম ভক্ত ও সংসার হইতে অতীত জানিতে পারিলেন। ৩০—৪৩। তৎকালে ঐ পরম তেজস্বী লোকপিতামহ ব্রহ্মা আসন হইতে উত্থিত হইয়া [illegible]

অপি দেবো মহাদেবঃ প্রভুঃ প্রভবতামপি।
তস্মাৎ কৃৎস্নমিদং সর্ব্বং জগৎ স্থাবর-জঙ্গমম্ ॥
যোগানামধিকো যোগী দেবানামম্বিকাপতিঃ।
দৃষ্টা পুরা নন্দিমুখং দেবদেবেন ভাষিতম্ ॥ ৪৭
পুত্রশোকো ন কর্ত্তব্যো জাতঃ কস্তুজরোঽভবৎ।
অনুগ্রহং মহাদেবঃ কর্ত্তুকামো মহেশ্বরঃ ॥ ৪৮
সর্ব্বং বৈ দর্শয়ামাস আত্মা চৈব সুদুর্লভঃ।
গাণপত্যং লভন্তেতে বিষ্ণুনা চ প্রকীর্ত্তিতাঃ ॥ ৪৯
ন কিঞ্চিদ্‌ব্রহ্মচারী চ পশ্যত্যকৃতবুদ্ধয়ঃ।
ভক্তিমানপি দেবস্থ স্মৃতিশ্চাপি মহীয়তে ॥ ৫০
ঐকান্তেন চ সৌখ্যে বা নাস্তি তত্র বিচারণা।
গচ্ছ প্রপদ্যস্বেশানং স তে যোগং প্রদাস্যতি ॥ ৫১
বৃণীষ্বাগ্রং মহাদেবং গাণপত্যং সুদুর্লভম্।
গাণপত্যঞ্চ ভদ্রং তে বিষ্ণুনাসাদিতং পুরা ॥ ৫২

জপন্ প্রযত্নবান্ ভূত্বা যতো দ্রক্ষ্যসি শঙ্কর
ব্রহ্মণো বচনং শ্রুত্বা প্রযতো মানসং জপন্
প্রসন্নশ্চ মহাদেবঃ শূলপাণির্মহেশ্বরঃ।
স সম্যক্ স্তুতিভির্মন্ত্রৈর্ঋগ্‌যজুঃসামভিস্তথা।
তুষ্টঃ প্রসন্নো দেবেশঃ কর্ম্মভিশ্চামিতৌজসঃ
স্থিতঃ প্রদক্ষিণং কৃত্বা দেবদেবস্থ ধীমতঃ ॥
চরাচরপ্রীতিচারী ধর্ম্মিষ্ঠো বরদো বরঃ।
ধারণং সর্ব্বভূতানাং ধরাধরপতির্যমঃ ॥ ৫৬
ভূতসংসারকরণো গোপতিস্ত্রিদশেশ্বরঃ।
সাংখ্যযোগেশ্বরঃ কর্ম্মকুমারঃ কমলেক্ষণঃ ॥
শশিসূর্য্যাগ্নিনেত্রশ্চ চারুনেত্রবিভূষিতঃ।
চতুর্ম্মুখশ্চতুর্দ্দংষ্ট্রশ্চতুর্ব্বাহুশ্চতুর্যুগঃ ॥ ৫৮

স্বয়ং অবিনাশী ভূতনাথ ঈশ্বর মহাদেবকে নমস্কার করিয়া কহিতে লাগিলেন,—বৎস! যাঁহা হইতে এই স্থাবর-জঙ্গমাত্মক নিখিল বিশ্ব উৎপন্ন হইয়াছে, সেই ভগবান মহাদেব প্রভুদিগেরও প্রভু, যোগিগণের মধ্যে প্রধান যোগী। অম্বিকানাথ পূর্ব্বে শোকার্ত্ত নন্দীকে দেবগণ মধ্যে কহিয়াছিলেন, 'হে পুত্র! শোক করা উচিত নহে, কারণ, জন্মগ্রহণ করিয়া কোন্ ব্যক্তি জরাশূন্য হইয়া আছে?' পরে মহাদেব তাহার প্রতি দয়ালু হইয়া নিখিললোক দেখাইয়াছিলেন। আত্ম-সাক্ষাৎকার বড়ই দুর্লভ। ঐরূপ বিষ্ণুকীর্ত্তিত প্রমথেরা অকৃতী হইয়াও গাণপত্য লাভ করিয়াছে, কিন্তু আত্মা তাহাদের অগোচর হইয়া রহিয়াছেন। যে ব্যক্তি জ্ঞানী হইয়া ভগবানের প্রতি ভক্তি করে গাণপত্য-লাভ দূরে থাকুক, সে মুক্তি পর্য্যন্ত লাভ করে ও আত্ম-বিষয়িণী স্মৃতি, ছায়ার ন্যায় তাহার অনুসরণ করে। অতএব এই অবশ্যম্ভাবী সুখে অন্য বিচার না করিয়া তুমি গমন কর, সেই ঈশানকে ভজনা কর, তিনি তোমাকে আত্ম-দর্শনের সাধন যোগ প্রদান করিবেন। প্রথমতঃ যাবৎ আত্ম-সাক্ষাৎকার না হয়, তাবৎ অন্যের দুর্লভ গাণপত্যরূপ বর প্রার্থনা

কর, কারণ পূর্ব্বে ভগবান বিষ্ণুও প্র
গাণপত্য স্বীকার করিয়া পরে আত্মদর্শী হ
ছেন, অতএব গাণপত্য একটী আত্মদ
প্রধান উপায়। এক্ষণে সযত্নে শিবমন্ত্র
কর, পরে তাঁহার সাক্ষাৎ পাইবে ব্র
এই বাক্য শ্রবণ করিয়া সনৎকুমার
হইয়া মানস জপে মহাদেবের চিন্তা কা
লাগিলেন। পরে দেবদেব মহাদেব
ঋক্-যজুঃ-সাম-বেদোক্ত শিবমন্ত্র-জপে,
স্তবে ও অন্যান্য কর্ম্মে প্রসন্ন হইয়া অ
তেজা সনৎকুমারের প্রতি সন্তুষ্ট হইলে
তখন সনৎকুমার প্রতিমাস্থিত শ্রীমান্ ম
দেবকে প্রদক্ষিণ করিয়া স্তব করিতে লাগিলে
৫৩—৫৫। সনৎকুমার কহিলেন,—আ
স্থাবর জঙ্গম উভয়েই প্রীতি বিস্তার ক
বলিয়া চরাচরপ্রীতিচারী; আপনি ধ
বরদাতা, সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বভূতের পো
পর্ব্বতাধিপতি ও যম, আপনাকে নম
আপনি জীবগণের সৃষ্টি স্থিতি ও লয় ক
ইন্দ্রিয়কে বশীকৃত করিয়াছেন বলিয়া গো
আপনি দেবগণের প্রভু; সাঙ্খ্যযোগের অধি
ও কর্ম্মাধীন কুমার-ভাব ধারণ করেন; আ
নয়নদ্বয় পদ্মের ন্যায়, অপর তৃতীয় নয়ন
সূর্য্যের ন্যায় দীপ্তিশালী, আপনি চারু
ভূষিত; আপনি মূর্ত্তিভেদে চতুর্ম্মুখ, চতু

মূর্ত্তিশ্চতুর্ব্বক্ত্রশ্চতুর্নেত্রশ্চতুষ্পথঃ।
কালাগ্নিবদনশ্চ দিগ্বাসা মেঘবাহনঃ॥ ৫৯
বাধবো ঈশস্তশ্চ ধর্ম্মাধর্ম্মভূতেশ্বরঃ।
র্ত্তিকঃ শুভকর্ত্তা চ শ্রীকণ্ঠঃ কলিনাশনঃ॥ ৬০
প্রসাদদশ্চৈব সমুদ্রে বড়বামুখঃ।
বাসুরবিনির্জ্জেতা দেবাসুরপরায়ণঃ॥ ৬১
পর্দী শূলহস্তশ্চ অজাতঃ পরমা গতিঃ।
পসনাং পরং তত্ত্বং তথা চ পরমং পদম্॥৬২
বরেন্দ্রো লোকানাং সর্ব্বদা হরিবাহনঃ।
সিতাঙ্গ সিতাঙ্গশ্চ অসিতানন্তলোচনঃ॥ ৬৩
দা নীলতে ব্রহ্মা সংস্থিতো নাভিপঙ্কজে।
নাগজটিলঃ শ্রীমান্ শঙ্খ-চক্র-গদাধরঃ॥ ৬৪
স্থো ব্রহ্মচারী চ বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ।
যজুংষি সামানি কল্পোপনিষদস্তথা॥ ৬৫
বা ভবনৈব পরস্তাথর্ব্বণস্য চ।

র্দিশন, চতুরঙ্গ আপনার চারিটী মূর্ত্তি ও দ্বারা প্রত্যক্ষ হয় বলিয়া চারিটী নয়ন, সকে প্রসন্ন করিবার জন্য ঋগাদি বেদ-ই চারিটী পথ, আপনিই বায়ু, যম, অগ্নি, ও ইন্দ্র, দিক্ আপনার বস্ত্র, আপনি ও অনন্ত ও ধর্ম্মাধর্ম্মভূত জীবগণের ঈশ্বর য়, কার্ত্তিক, শুভপ্রদ শ্রীকণ্ঠ ও কলি-শক; আপনি বিপদেও বরদাতা, সমুদ্রে নল এবং দেব-দানব-জেতা ও দেব-গণের কল্যাণার্থী; আপনি কপর্দ্দী, শূলী, অনাদি, আপনিই একমাত্র গতি ও যোগীদিগের পরমতত্ত্ব; আপনি পরম পদ স্বরূপী, জীবের উচ্চাবচ-দাতা ও সর্ব্বদা রূপী, আপনি অসিতাঙ্গ, সিতাঙ্গ, আপনি কর্ত্তৃক স্তুত হন, আপনার নাভিপদ্মে অবস্থিত আছেন; আপনি নীল ও জটা-সংযুক্ত; আপনি শঙ্খ-চক্র-গদাধারী লক্ষ্মী-সংযুক্ত বলিয়া বিষ্ণুরূপী, আপনাকে র। ৫৩—৬৪। আপনি গৃহস্থ, ব্রহ্ম-বানপ্রস্থ ও ভিক্ষু; আপনিই ঋক্, যজুঃ এই বেদত্রয় ও কল্প, উপনিষৎ মন্ত্রের ও অথর্ব্ব-বেদের উৎপত্তি-

সর্ব্বলোকেশ্বরো দেবো বিভুঃ সর্ব্বস্য সম্ভবঃ॥৬৬
সহস্রবাহুঃ পশুপতিঃ সহস্রশতযোজনঃ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ ভগবানেব সর্ব্বশঃ॥ ৬৭
ত্বদঙ্গাত্রেভ্যঃ প্রসূয়ন্তে ত্রয়ো লোকাঃ সনাতনাঃ।
ন হি চৈবং বিজানন্তি গতিং বচনমেব চ॥ ৬৮
যোগেশ্বরো মহাযোগী যোগেশোঽসি নমোঽস্তু তে
এবং সংস্তূয়মানঃ স ব্যক্তীভূতো মহেশ্বরঃ॥৬৯
উপগম্য মুদা যুক্তস্তদা দৃষ্টঃ স দৃষ্টিমান্।
কমণ্ডলুধরো দণ্ডী শশাঙ্ককৃতশেখরঃ॥ ৭০
ব্যাঘ্রচর্ম্মাম্বরধরঃ সিংহচর্ম্মাম্বরচ্ছদঃ।
নাগযজ্ঞোপবীতী চ অক্ষমালাবিভূষিতঃ॥ ৭১
জটী শিখণ্ডী খট্বাঙ্গী পট্টিশাশনিশূলধৃক্।
পরঃ শরধরো দেবঃ শক্তিচাপসমুজ্জ্বলৈঃ॥ ৭২
শঙ্খ-চক্র-গদাপাণিঃ পদ্ম-শক-হলায়ুধঃ।
শশিখণ্ডাজিনধরঃ কপালী ঘোরচাপধৃক্॥ ৭৩
এষোঽক্তে দীপ্যমানো গণৈঃ পরিবৃতো হরঃ।
নন্দিনঃ শূলহস্তেন পৃষ্ঠস্থান্বিতঃ প্রভুঃ॥ ৭৪

স্থান বিভু। আপনি সর্ব্বলোকের ঈশ্বর ও কারণ; আপনি পশুপতি ও সহস্র বাহু ও ধারণ করিতেছেন; আপনি শতসহস্র যোজন বিস্তৃত ভগবান্। আপনিই ভূত ভবিষ্যৎ বর্ত্তমান—ত্রিকাল। আপনার অঙ্গ হইতেই ভূঃ ভুবঃ স্বঃ এই অবিনাশী লোকত্রয় উৎপন্ন হইয়াছে। আপনার গতি ও বাক্য কেহ বুঝিতে পারে না। আপনি যোগেশ্বর মহাযোগী ও যোগেশ আপনাকে নমস্কার। মহেশ্বর সনৎকুমার কর্ত্তৃক এইরূপে সংস্তুত হইয়া প্রকাশ পাইলেন। তৎকালে প্রভু মহাদেব কমণ্ডলু ও দণ্ডধারী, চন্দ্রচূড়, ব্যাঘ্র-চর্ম্ম-পরিধান, সিংহচর্ম্মোত্তরীয়, অক্ষমালায় ভূষিত, নাগযজ্ঞোপবীতী এবং গণসমূহে পরিবৃত হইয়া জটা, শিখণ্ড, পট্টিশ, খট্বাঙ্গ, অশনি, শূল, বাণ, শক্তি, শঙ্খ, চক্র, গদা, পদ্ম ও শকাগ্রের মত তীক্ষ্ণ হলায়ুধ, চন্দ্রকলা, কৃষ্ণসার-মৃগচর্ম্ম, নৃ-কপাল ও ভীষণ ধনু ধারণ করিয়া বৃষে আরোহণপূর্ব্বক তথায় উপস্থিত হইলেন।

দদৃশে ভগবান্ দেবঃ সূর্য্যাগ্নিশশিনা দৃশা ।
ততস্তু ভগবানীশ ইদং বচনমব্রবীৎ ॥ ৭৫
সনৎকুমার প্রীতোঽস্মি পশ্য মাং দ্বিজসত্তম ।
দৃঢ়ব্রতোঽসি ভদ্রং তে অতিশুদ্ধোঽসি ভো দ্বিজ
বরয়স্বেপ্সিতং কামং মত্তঃ শ্রেয়ো হবাপ্স্যসি ।
প্রসন্নসুমুখো ভূত্বা ত্বামেবেদং ব্রবীম্যহম্ ॥ ৭৭

সনৎকুমার উবাচ ।

বর এষ মহাদেব যৎ ত্বাং দক্ষো মহেশ্বরম্ ।
ব্রহ্মণা কথিতং পূর্ব্বং যথাশ্রুতং যথোদ্ভবম্ ॥ ৭৮
যদি চাহমনুগ্রাহ্যো যদি দেয়ো বরো মম ।
ভক্তির্ভবতু দেবেশ ত্বয়ি নিত্যং মহেশ্বরে ॥ ৭৯
অন্যথা মনসি ধ্যাতং ত্বমেব ক্ষন্তুমর্হসি ।
মনসঃ কাম-লোভৌ মে লোভান মে হর্ষণঞ্চ যৎ
ইন্দ্রিয়াণাঞ্চ সর্ব্বেষামিন্দ্রিয়াণি মনাংসি চ ।
প্রাণাপানসমানঞ্চ উদানব্যানমেব চ ॥ ৮১
কালেন সর্ব্বভূতানাং নিষ্পত্তিঃ সমুদাহৃত

সংহৃতিস্তর্পিতা দেবাঃ সদা শিবদমানসঃ ॥
ত্বয়া চ বিহিতো ব্রহ্মা ব্রহ্মত্বমপি নোৎসহে
ত্বমেবোরগ-গন্ধর্ব্ব-পিশাচ-যক্ষ-রাক্ষসাঃ ॥
প্রভুস্ত্বমসি দেবেশ জগৎ সর্ব্বমিদং প্রভো
ত্বদৃতে নান্যভক্তোঽস্মি মনসা কর্ম্মণা গিরা
তস্যৈবং বচনং শ্রুত্বা উমাপতির্মহেশ্বরঃ ।
ইত্যুবাচ মহাদেবঃ সর্ব্বভূত-পতির্ভবঃ ॥ ৮
মহাযোগীশ ভদ্রং তে মহামুনিপতিস্তথা ।
মম নামানি সর্ব্বাণি গোচরাণি ভবন্তু তে ॥ ৮
দীপ্যন্তে মম লোকস্য নাম গুহ্যানি তত্ত্বতঃ ।
সুসংগ্রহাণি সর্ব্বাণি নাস্তি কাচিদ্বিচারণা ॥ ৮
পারাশর্য্য ইতি খ্যাত উৎপৎস্যতি মহাতপাঃ
বেদব্যাসঃ স ধর্ম্মাত্মা জ্ঞানবান দীর্ঘদর্শনঃ ॥ ৮
ব্যাসঃ কমলপত্রাক্ষঃ স তে শিষ্যো ভবিষ্যতি
নির্ম্মলং বিমলং শুদ্ধং জ্ঞানং চন্দ্রসমপ্রভম্ ॥
বর্থঃ কামগমঃ দিব্যং সারবং প্রতিভাসিতম্

দৃষ্টিগোচর করাইলেন। ৬৫—৭৪ সনৎকুমার দেখিলেন, ভগবান—সূর্য্য, অগ্নি ও চন্দ্র এই নয়নত্রয়ে সমন্বিত আছেন অনন্তর ভগবান মহাদেব কহিলেন,—হে সনৎকুমার! তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তুমি আমাকে অবলোকন কর। হে দ্বিজ! তুমি দৃঢ়ব্রত ও অতি শুদ্ধ, তোমার মঙ্গল হইবে; আমার নিকটে অভীষ্ট বর প্রার্থনা কর, তুমি কুশলী হইবে, আমি প্রসন্ন-বদন হইয়া তোমাকে ইহা কহিতেছি। সনৎকুমার কহিলেন—হে মহাদেব! এই আমার বর যে, আপনাকে যেন সময়ে দর্শন করিতে পারি। পূর্ব্বে দক্ষ আপনার বিষয় সকলই কহিয়াছেন যদি আমি আপনার অনুগ্রাহ্য হই বা যদি আপনার বর দাতব্য হয়, তবে এই বর দেন আপনাতে আমার যেন নিত্য ভক্তি থাকে; আপনা ভিন্ন যে কিছু বিষয় ধ্যান করিয়াছি, সে সকল আপনি ক্ষমা করিবেন। আমার মানসিক কাম-লোভ, সকল ইন্দ্রিয়ের লোভ-জন্য হর্ষণ ক্ষমা করুন; কেননা প্রাণ, অপান, উদান, ব্যান এবং সমান এই পঞ্চ বায়ু ইন্দ্রিয় ও মন সকলই

আপনি, প্রভো! সর্ব্বভূতের সৃষ্টি সং যথাকালে আপনিই করিয়া থাকেন। মন, আপনার প্রতি ভক্তিবশে নির্ম্মল হয় দেবগণ তাহার প্রদত্ত বস্তু ভোজন করেন ব্রহ্মাও আপনার সৃষ্ট; আমি ব্রহ্মপদও না প্রভো! আপনি নাগ, গন্ধর্ব্ব, পিশাচ রাক্ষস, আপনিই আবার তাহাদিগের প্র বিশ্ব-প্রপঞ্চ আপনার, এজন্য কায়মনোবা আপনা ভিন্ন আমি কাহারও ভক্ত নহি। ভূতেশ্বর উমাপতি মহেশ্বর সনৎকুমারের বাক্য শ্রবণ করিয়া কহিলেন,—হে মহাযোগী তোমার মঙ্গল হউক, তুমি প্রধান মুনিগ শ্রেষ্ঠ, আমার নাম সকল তোমার গোচর হই যে সকল নাম আমার লোকস্থ ব্যক্তির গুপ্ত আছে, সে সকলও তুমি জানিতে পা ইহাতে কোন তর্ক নাই। ৭৫—৮৭। তপস্বী পরাশরনন্দন উৎপন্ন হইবেন, ধর্ম্মাত্মা জ্ঞানী ও সূক্ষ্মদর্শী হইয়া বেদের বি করিবেন, সেই কমলদল-লোচন তোমার হইবেন। নির্ম্মল শুদ্ধ পথপ্রদর্শক, চন্দ্রের

জালপরিচ্ছন্নং হেমজালসমাবৃতম্ ॥ ১০
বেদিবচিতং দিব্যপুষ্পসুপূজিতম্।
কৈলাসং তত্র সেব্যমানং সুরাসুরৈঃ ॥ ১১
নং প্রাসদাশং সর্ব্বলোকোজ্জ্বলং শুভম্।
যাস্যসি তং তেন পূজ্যমানং সুরাসুরৈঃ ॥১২
স্যং তত্র ঐশ্বর্য্যং ভবিষ্যতি মমাজ্ঞয়া।
ত্বা ভগবান দেবস্তত্রৈবান্তরধীয়ত ॥ ১৩

তি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি-
তায়াং কন্দারাধনপ্রকারকীর্ত্তনং নাম-
ষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।
কুমারোঽপি তদা দেবেন কৃতবিগ্রহঃ
কচার লোকান্ সর্ব্বান্ দক্ষপুত্রোঽম্বিকাসুতঃ ॥ ১
দাতা চ কর্ত্তা চ সংহর্ত্তা চ যুগে যুগে।

দপ্রভ শোভয়ে বিভূষিত, মুক্তাজালে
চ্ছন্ন ও সুবর্ণরাশিসমাবৃত সুবর্ণময়-বেদিযুক্ত
মাত্রে অভীষ্টদেশগামী দিব্য রূপে সুগন্ধ-
া, পতাকান্বিত ও দেবদানবগণসেবিত, সূর্য্য
া তেজঃসম্পন্ন, সর্ব্বলোকসমুজ্জ্বল বিমানে
রোহণ করিয়া তুমি সুরাসুরপূজিত আমার
কে আগমন করিবে। ঐ স্থানে আমার
দে তোমার সর্ব্বোৎকৃষ্ট ঐশ্বর্য্য হইবে।
বান্ মহাদেব এই কথা বলিয়া তথায় অন্ত-
হইলেন। ৮৮—৯৩।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

ব্রহ্মা কহিলেন,—মহাদেবের বরপুত্র বলিয়া
বিতানন্দন, ব্রহ্মার মানসপুত্র সনৎকুমার,
ন ঈশ্বর-সমীপে-দিব্য দেহ লাভ করিয়া
বন বিচরণ করিতে লাগিলেন। ঈশ্বর মহা-
ই যুগে যুগে দাতা, কর্ত্তা এবং সংহর্ত্তা। সৃষ্টি

এতস্তু ত্রিবিধং সর্ব্বমীশানস্য মহাত্মনঃ ॥ ২
এষ যজ্ঞপতির্দেবঃ কৃতান্তঃ স উমাপতিঃ।
এষ হোতা চ হোম্যশ্চ এবং যজ্ঞবিদো বিদুঃ ॥ ৩
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু সর্ব্ব এব মহেশ্বরঃ।
এবং জ্ঞানং পরংব্রহ্ম প্রশান্তং নির্ম্মলং শিবম্ ॥
অব্যক্তঞ্চৈব ব্যক্তঞ্চ জ্ঞানঞ্চাজ্ঞানমেব চ।
সাংখ্যং যোগং পরং সাংখ্যং যঃ পশ্যতি স পশ্যতি
ততো জ্ঞানেন শুদ্ধাত্মা প্রাণায়ামজিতেন্দ্রিয়াঃ।
ধ্যায়ন্তি পরমোঙ্কারং যোগিনাং পরমং পদম্ ॥ ৬
ভবমোক্ষপতিং নিত্যং প্রযোগং যোগমেব চ।
তপসাঞ্চ প্রসাদেন লভন্তে যোগচিন্তকাঃ ॥ ৭
কথমমলমতীত্য যোগধর্ম্মং
ত্রিদশশতৈরপি দুর্লভং যদেতৎ।
ব্যবসিতচরিতং ব্রতং চরন্তি
শিববদনে বিগতক্রমং বিশন্তি ॥ ৮
কমলমিব পুষ্করেণ চ যদ্বৎ
মহাসরোগতং ন লিপ্যতে তৎ।
শ্রুতিরিয়ং পরমা শিবস্য গুহ্যং
শ্রুত্বা পরমৈনসা ন লিপ্যতে সঃ ॥ ৯

স্থিতি-প্রলয় এই তিন কার্য্যই পরমাত্মা শিবের।
যাজ্ঞিকগণ ঐ উমাপতিকে যজ্ঞেশ্বর, কৃতান্তদেব
এবং হোতা ও হব্যরূপে জানেন। বিষয়েন্দ্রিয়
সম্বন্ধও মহেশ্বর, তিনি জ্ঞানাতীত, প্রশান্ত,
নির্ম্মল, ব্যক্ত তথাপি অব্যক্ত, জ্ঞান-অজ্ঞান-
স্বরূপ, সাংখ্য-যোগস্বরূপ; যে ব্যক্তি তত্ত্বজ্ঞান-
গম্য শিবকে দর্শন করে, সে যথার্থ জানিতে
পারে। পরে যাহারা প্রাণায়ামাদির অনুষ্ঠানে
ইন্দ্রিয়গণকে বশীকৃত করিয়া, স্বয়ংও শুদ্ধ হইয়া
ঐ যোগীদিগের পরমপদ, সংসারমোচনের এক-
মাত্র প্রভু, অবিনাশী, অনুষ্ঠানবিধি ও যোগরূপী
ওঙ্কারস্বরূপ ঈশ্বরকে ধ্যান করে, সেই যোগিগণ
তপস্যার প্রসাদে উঁহাকে প্রাপ্ত হয়, কিন্তু পরে
ঐ শত শত দেবগণের দুর্লভ অবিনশ্বর বিশুদ্ধ
যোগাচারকেও পরিত্যাগ করিয়া, যাহারা ভেদ-
জ্ঞান-বিরহিত ব্রত আচরণ করেন, তাঁহারা
শিবের বদন-বিবরে অপ্রান্তভাবে লীন হন।
যেমন সরোবরস্থিত পদ্ম, জলের সহিত লিপ্ত হয়

এবং শ্রুত্বা ততঃ সর্ব্বে ঋষয়ো ধর্ম্মবৎসলা।
পাদয়োঃ পতিতাঃ সর্ব্বে সদসি ব্রহ্মণোঽবদন্ ॥১০
ধ্যানং হি পরমং ধর্ম্মং কথিতং পরমং পদম্।
অভ্যনুজ্ঞাপ্যতাং দেব গচ্ছামো বিগতৈষণাঃ ॥১১
জপ্যৈর্ধূপৈরলঙ্কারৈঃ স্তূয়তে বিবিধৈঃ শিবঃ।
ওঙ্কারাদিনমস্কারৈঃ সহিতৈর্গীতবাদনৈঃ ॥ ১২
অথ সব্যাপসব্যেন বামদেবস্ত সুব্রতাঃ।
আরাধয়ন্তি মুনয়ো রুদ্রস্য হৃদয়প্রিয়ৈঃ ॥ ১৩
ন জ্ঞানেন ন তপসা চিন্তনাদ্ভাবিতাত্মনাম্।
সাংখ্যেনৈব পরং মোক্ষং যক্ষ্যন্তো বিবিধৈস্তথা ॥১৪
ঋষিভির্বিপ্রযুক্তান্ বৈ ঋষীণাং প্রদদৌ বরান্ ॥১৫
এবমন্যেঽপি যে ভক্তা মহেশ্বরে প্রবেঽবাসে।
তেষামপি যথাকামং মনসা ঈপ্সিতং দদেৎ। ১৬
সর্ব্বকামবরো দেবঃ সর্ব্বদা ভক্তবৎসলঃ
সর্ব্ববর্ণানুকম্পী চ সর্ব্বতীর্থময়োঽব্যয়ঃ ॥ ১৭
ত্রিসাত্রমপি যো ভক্ত ঈশ্বরং প্রবমব্যয়ম্।
চিন্তাকুলপ্রযুক্তোঽপি নাসৌ নিষ্ফলতাং ব্রজে
যেষাস্তু কল্মষা বুদ্ধির্মর্ত্ত্যাণাং ভাবিতাত্মনাম্।
তে বৈ সূক্ষ্মাং যোগমূর্ত্তিং বিশন্তি বিগতো জন
নিষ্কলা বিরজাঃ খ্যাতা ভবিষ্যন্তি শিবাশ্রিতাঃ
যতীনাং ব্রহ্মগীতা চ ব্রহ্মণা সমুদাহৃতা ॥ ২
যশ্চৈনাং পঠতে নিত্যং যশ্চৈনাং শৃণুয়াৎ সদা
এবং হি ব্রাহ্মণো ব্রহ্মন্ রুদ্রলোকং স গচ্ছে
দেবাগারে পঠেন্নিত্যং সদা ব্রাহ্মণসন্নিধৌ।
নিত্যমেবং সদা কার্য্যং পঠমানস্য সিধ্যতি ॥
ইদমখিলমিহার্থতো বিদিত্বা
পঠতি যঃ প্রযতো মহেশ্বরস্য ভক্তঃ।
স ভবতি জরামরণনির্ম্মুক্তবন্ধঃ
স শিবমুপৈতি গতক্রমস্ততঃ সঃ ॥ ২৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমার-
সংহিতায়াং ব্রহ্মগীতা নাম
নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

না, তদ্রূপ এই শিবের প্রধান শ্রুতি শ্রবণ করিয়া পাপে লিপ্ত হইতে হয় না। ১—৯ ধর্ম্মপরায়ণ ঋষিগণ এইরূপ বাক্য শ্রবণ করিয়া তথায় সকলেই ব্রহ্মার চরণে প্রণত হইয়া কহিলেন,—হে দেব! ধ্যানকে পরম ধর্ম্ম ও পরম পদ বলিয়া কহিলেন, অতএব সেই ধ্যান-করণার্থ অনুজ্ঞা করুন; আমরা নিস্পৃহ হইয়া গমন করি। ঋষিগণ তদবধি ধূপ অলঙ্কার প্রভৃতি উপহার প্রদান, জপ, ওঙ্কারজপপূর্ব্বক নমস্কার ও গীত বাদ্য প্রভৃতি অনুষ্ঠান দ্বারা মহাদেবের উপাসনা করিতে লাগিলেন। সুব্রত মুনিগণ অর্দ্ধ প্রদক্ষিণ ও মহাদেবের অন্তরের তুষ্টিসাধক কার্য্য দ্বারা মহাদেবের আরাধনা করিতে লাগিলেন। হে দ্বিজ! তখন ব্রহ্মা ঋষিগণ কর্তৃক পূজিত হইয়া, উঁহাদিগকে উপযুক্ত বরপ্রদান করিলেন। অন্যান্য মহেশ্বরে এইরূপ অন্যান্য যাহারা ভক্তিমান হইবে, তিনি তাহাদিগের সর্ব্বাভীষ্ট প্রদান করেন। ঐ অব্যয় দেব, সকল অভীষ্টদাতাদিগের শ্রেষ্ঠ, ভক্তদিগের ভক্তবৎসল, ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের প্রতি দয়াবান্ এবং সকল [illegible] যে ব্যক্তি

সেই অব্যয় নিত্য ঈশ্বরকে ভক্তিপূর্ব্বক ত্রি উপাসনা করেন, তাঁহার কর্ম্ম বিফল হ এবং ঈশ্বর-চিন্তায় আসক্ত হইয়াও যে মা গণের বুদ্ধি ভোগাসক্ত হয়, তাহারাও অভৌতিক যোগজ দেহ প্রাপ্ত হইয়া থা আর শিবকে আশ্রয় করায়, সম্পূর্ণভাবে র গুণরহিত হয়। যতিগণ-উদ্দেশে ব্রহ্মা ক কথিত এই ব্রহ্মগীতা যে নিত্য পাঠ বা করে, সেই ব্রাহ্মণ রুদ্রলোকে গমন ক দেবালয়ে বা ব্রাহ্মণগণের সন্নিধানে ইহা পাঠ করিবে; এইরূপ পঠমান ব্যক্তির স কার্য্য সিদ্ধ হয়। শিবভক্ত যে ব্যক্তি এই গীতা যথার্থরূপে জানিয়া, শুদ্ধভাবে পাঠ ক সে জরা-মরণ-বিরহিত হইয়া শিবকে প্রাপ্ত পরে নিত্য সুখ অনুভব করে। ১০—২৩।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

ব্রহ্মলোকং বিষ্ণুলোকং রুদ্রস্য ভুবনোত্তমম্।
শ্রোতুমিচ্ছামি বিস্তরেণ মহামুনে ॥ ১

সনৎকুমার উবাচ।

মেরুর্গিরিবরো ব্যাস যোজনানাং সমন্ততঃ।
অশীতিসহস্রাণি নদীপ্রস্রবণৈর্যুতঃ।
মধ্যে স্থিতো ব্রহ্মন্ তাবানেবোচ্ছ্রিতঃ স্মৃতঃ ॥২
তাবন্মপি স ব্যাপ্য তির্যগূর্দ্ধমিব স্থিতঃ।
সুরৈঃ স গিরিশ্রেষ্ঠশ্চামীকরসমপ্রভঃ ॥ ৩
নানাপুষ্পেষু শৃঙ্গেষু কন্দরেষু দরীষু চ।
নানাময়ূরচিত্রেষু শিখিনাং মধুরা গিরঃ ॥ ৪
ভৃঙ্গাঃ হংসাঃ চকোরা বৈরস্থিতেষু চ
মদস্রাবিভির্মদেন বাসিতেষু চ ॥ ৫
ব্যাঘ্রাণামৃক্ষাণাং মৃগাণাং ভবনেষু চ।
সুরূপেষু কান্তেষু সিংহানাং রূপশালিনাম্ ॥ ৬
শোভিতে গিরিবরো চ দেবানাঞ্চ সুরা গণাঃ
কুবেরপ্রমুখা যক্ষাঃ ক্রীড়ন্তি চ সমন্ততঃ ॥ ৭

চিত্রসেনাদয়স্তত্র যোষিদ্ভিঃ সহিতাঃ সুখম্।
বিচরন্তি মুদা যুক্তা বিদ্যাধরগণান্বিতাঃ ॥ ৮
হাহা হূহূশ্চ গন্ধর্ব্বাস্তুম্বুরুপ্রমুখাস্তথা।
সমেত্য বিশ্বাবসুনা বিচরন্তি মুদান্বিতাঃ ॥ ৯
যত্রাম্বুধারানির্ঘাতেষু নিনদন্তি শিখণ্ডিনঃ।
তাস্ত চন্দ্রাংশুশুভ্রাঃ কামং জ্যোৎস্নায়াঃ সরিদুত্তমাঃ
যত্র সা পততে গঙ্গা দেবতানাং কুলানি বৈ।
তেষু চাত্মনি বাভান্তি উদিতানি সমন্ততঃ ॥ ১১
তৎ প্রাপ্য সর্ব্বভূতানি সৌবর্ণানি মহান্তি বৈ।
বর্দ্ধিতান্যপ্রমেয়স্য গিরিরাজস্য মূর্দ্ধনি ॥ ১২
যত্র পুণ্যো ববৌ বায়ুঃ সুরভির্মধুরস্বনঃ।
স্বর্গং পরমকং তত্র দুষ্প্রাপ্যং যৎ সুরৈরপি ॥ ১৩
ন তত্র ভাস্করো ভাতি ন চন্দ্রো ন চ বৈ গ্রহাঃ।
ন চাপি সপ্ত ঋষয়ো বান্তি বৈ মারুতাঃ শুভাঃ ॥
ন তত্র মেঘা বিদ্যন্তে ন চ বর্ষতি বাসবঃ।
মনসা তত্র পশ্যন্তি দেবতাদ্যা মহর্ষয়ঃ ॥ ১৫

দশম অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে মহামুনে! সর্ব্বোৎকৃষ্ট রুদ্রলোক ব্রহ্মলোক ও বিষ্ণুলোক বিস্তারপূর্ব্বক শুনিতে ইচ্ছা করি। সনৎকুমার কহিলেন— হে ব্যাস! চতুর্দ্দিকে অষ্টাশীতি-সহস্র যোজন বিস্তৃত এবং তাবৎপরিমাণ উন্নত, বহু-নদী-প্রস্রবণসমন্বিত পর্ব্বতরাজ সুমেরু স্তম্ভরূপে অবস্থিত আছে। সুমেরু পাতাল, ঊর্দ্ধ এবং মধ্যদেশ ব্যাপিয়া অবস্থিত। ঐ সুবর্ণ-তুল্য দীপ্তিশালী গিরি দেবগণের আশ্রয়। গিরিবরের নানাবিধ পুষ্পে মনোহর প্রত্যেক শৃঙ্গ, কন্দর ও গুহাপ্রদেশ ময়ূরদিগের সুমধুর রবে পূর্ণ। ভেরুণ্ড, স্বর্ণাখ্য, চকোর প্রভৃতি পক্ষিগণ, মদস্রাবী গজবৃন্দ, ব্যাঘ্র, ভল্লুক, মৃগী ও সুরূপ সিংহগণ তথায় বিরাজমান, সুবর্ণস্তম্ভ-শোভিত গৃহসমূহ তথায় রহিয়াছে। ঐ সুন্দর পর্ব্বতে প্রধান প্রধান দেবগণ ও কুবের প্রভৃতি যক্ষগণ ক্রীড়া করেন, চিত্রসেনাদি গন্ধর্ব্বগণ বিদ্যাধরগণে মিলিত হইয়া, নারীগণের সহিত সাহ্লাদে সুখে বিচরণ করেন; হাহা, হূহূ ও তুম্বুরু প্রভৃতি গন্ধর্ব্বরাজ বিশ্বাবসুর সহিত আসিয়া সানন্দে বিচরণ করেন। উহার যে যে স্থানে চন্দ্রকিরণের ন্যায় শুভ্র বারিধারা পতিত হইয়া জ্যোৎস্না-নদীর ন্যায় প্রবাহিত হইতেছে, তথায় উহার সুগম্ভীর শব্দে ময়ূরকুল মেঘধ্বনিবিবেচনায় নৃত্য করিয়া থাকে। ১—১০। যথায় গঙ্গা নিপতিত হইতেছেন, তথায় দেবতারা আত্মসন্নিধানে ইন্দ্রিয়গণের ন্যায় পরম-স্ফূর্ত্তিসম্পন্ন। সেই সুমেরুকে প্রাপ্ত হইয়া সকল জীবই সুবর্ণ-বর্ণ ও দীর্ঘকায় হইয়া, অনুপম পর্ব্বতরাজের শৃঙ্গে বর্দ্ধিত হইয়াছে। ঐ স্থানে মধুর-শব্দসম্পন্ন সুগন্ধ পবিত্র বায়ু প্রবাহিত; সুরগণ-দুর্লভ সর্ব্বোৎকৃষ্ট স্বর্গ তথায় বিদ্যমান। উহা অত্যুচ্চ বলিয়া ঐ স্থানে সূর্য্য চন্দ্র গ্রহগণ ও সপ্তর্ষিগণ কেহই প্রকাশিত হন না, মেঘ-সমূহ অবস্থান করে না, ইন্দ্র বর্ষণ করেন না, শিব-প্রসাদ-লাভ ব্যতীত দেব ও মহর্ষিগণ উহাকে চিত্তেও দর্শন করিতে সমর্থ হন না এবং দেবগণ অপেক্ষা অধিক তেজঃসম্পন্ন

তত্র দেবাতিদেবস্য গুপ্তকর্ম্মমহাত্মনঃ।
ভুবনং কাঞ্চনশ্রীমদ্বিজয়ং বিজয়া নদী ॥ ১৬
যোজনানাং সহস্রাণি দশ চাষ্টৌ প্রকীর্ত্তিতাঃ।
তাপনীয়েন মহতা প্রাকারেণ সমাবৃতাঃ। ১৭
গৃহাস্তত্র সুরম্যাশ্চ পতাকাশোভিমালিকাঃ।
দিবাকরকরাভাশ্চ সুপ্রভা অমিতৌজসঃ ॥ ১৮
তত্র দ্বারসহস্রাণি তাবন্তশ্চ দ্বিজোত্তমাঃ।
সর্ব্বাণি পুণ্যকর্ম্মাণি তরুণার্কসমপ্রভাঃ ॥ ১৯
বহূনি স্বস্তিকাদীনি স্রগ্দামকলিতানি চ।
বিন্যস্তৈঃ পূর্ণকুম্ভৈশ্চ শোভিতানি যথা তথা ॥ ২০
মুক্তাদামৈঃ সুবিপুলৈর্ভূষিতানি সমন্ততঃ।
পুষ্পোপহারৈর্বিবিধৈর্ধূপৈশ্চাগুরুসম্ভবৈঃ
রক্ষিভিশ্চ সমাগুপ্তং বিপুলৈর্ধর্ষাশালিভিঃ ॥ ২১
প্রাকারপ্রতিসম্বন্ন-প্রাসাদৈগৃহপঙ্ক্তিভিঃ
কৈলাসশিখরপ্রখ্যা বিরাজন্তে সহস্রশঃ ॥ ২২
অন্যা জাম্বুনদময়াঃ প্রাসাদানাঞ্চ পঙ্ক্তয়ঃ
পাবকা ইব দীপ্যন্তে জ্বালাবিপুলমালিনঃ ॥ ২৩
কেচিন্মণিময়াস্তত্র প্রাসাদা ভবনোত্তমাঃ।
প্রেরয়ন্তি দিশঃ সর্ব্বাঃ শরদীবোদিতা গ্রহাঃ ॥ ২৪

তস্মিন্ সুরবরশ্রেষ্ঠে শিবস্য ভবনং মহৎ।
মধ্যে ক্ষিতিতলস্থাস্য সর্ব্ব এব নরোত্তমাঃ ॥ ২৫
সপ্তস্তম্ভসহস্রাণি সহস্রেণ সমুত্থিতম্। ,
ভূমিকাভিঃ পরিচ্ছিন্নং কাননৈশ্চ সমন্ততঃ ॥ ২৬
গবাক্ষমালাকলিতং মুক্তাদামৈর্বিভূষিতম্।
বিচিত্রৈর্ভূষিতৈর্নদ্ধং শিবেন মনসা কৃতম্ ॥ ২৭
দ্বারৈঃ সুবিপুলৈশ্চিত্রৈঃ শোভিতং সপরিচ্ছদৈঃ।
নানারত্নশতৈশ্চিত্রৈঃ পতাকাশতশোভিতৈঃ ॥ ২৮
বৃক্ষৈঃ পুষ্পৈঃ ফলাদ্যৈশ্চ ফলানাঞ্চ সুবর্ণিতৈঃ।
পারিজাতকবর্ণৈশ্চ সৌবর্ণকদলীবনৈঃ ॥ ২৯
নদীভিশ্চ তড়াগৈশ্চ পল্বলৈশ্চ সমন্ততঃ।
বাপীভির্দীর্ঘিকাভিশ্চ হ্রদৈঃ কূপৈশ্চ শোভিতৈঃ ॥
পদ্মোৎপলপরিচ্ছন্নৈর্মত্তষট্পদনাদিতৈঃ।
কদম্বপল্লবৈশ্চাপি বলাকানাঞ্চ পঙ্ক্তিভিঃ ॥ ৩১
ময়ূরৈশ্চক্রবাকৈশ্চ তথৈব শুকসারিকৈঃ ॥ ৩২
তস্মিন দ্বারপুরাণ্যষ্টৌ পুরশ্রেষ্ঠে দ্বিজোত্তম।
শ্রীদ্বারং প্রথমং তত্র মহাসিদ্ধো ব্যবস্থিতঃ ॥ ৩৩
পূর্ব্বস্যাং দিশি বৈ শৈবঃ পদ্মমালাবিভূষিতঃ।
পুরান্তরালে রুদ্রস্যাখিলস্য তপসো নিধিঃ ॥ ৩৪

বাসনা-বিরহিত মহাত্মা ব্যক্তিগণের জন্য সুবর্ণ কান্তিশালী বিজয়ভুবন ও বিজয়া নদী তথায় আছে। তথায় প্রকাণ্ড সৌবর্ণ প্রাচীরে সমাবৃত, পতাকা-শোভিত সূর্য্যের ন্যায় দীপ্তিশালী অষ্টাদশসহস্র সুরম্য গৃহ আছে। ঐ সকল গৃহের সহস্র দ্বার; প্রতিদ্বারে বালার্ক সদৃশ কান্তিসম্পন্ন পবিত্রকর্ম্মা ব্রাহ্মণগণ রহিয়াছেন এবং পূর্ণকুম্ভ-পরি-শোভিত, বিপুল-মুক্তাদাম বিরাজিত,বিবিধ পুষ্পোপহার ও অগুরুসম্ভূত ধূমে সুরভীকৃত, পুষ্পমালা-সমন্বিত বহুতর স্বস্তিকাদি (গৃহ-বিশেষ) আছে। ঐ স্বর্গ রক্ষিগণে রক্ষিত ও অতুল ঐশ্বর্য্য-সমন্বিত প্রাচীরবেষ্টিত গৃহ-পংক্তিতে পরিবৃত আছে। উহার কতকগুলি প্রাসাদশ্রেণী কৈলাস-গিরিশৃঙ্গের ন্যায় শোভা পাইতেছে। ১৬—২২। অন্যান্য সুবর্ণময় ভবন বিপুল-শিখাশালী অগ্নির ন্যায় দীপ্তি পাইতেছে। কোন কোন মণিময় গৃহ শরৎকালীন সমুদিত গ্রহের ন্যায় দিঙ্মণ্ডল প্রকাশিত করিতেছে। ঐ পর্ব্বতে মহাদেবের বিশাল ভবন আছে নরোত্তমগণ! উহাতে ভূতলস্থিত নিখিল পদ আছে এবং উহা সপ্ত সহস্র স্তম্ভের উপর স্থিত চতুর্দ্দিকে পরিবৃত স্থান, কানন গবাক্ষ-সমূহে সমন্বিত, মুক্তামালায় ভূষিত, নিকা-সংযুত সুবিপুল দ্বারে সুশোভিত। ঐ সকল শত শত রত্নরাজি-বিরাজিত পত সমূহে সমন্বিত উহাতে রম্য-পুষ্প-ফল বৃক্ষ ও পারিজাতের ন্যায় সুন্দরবর্ণ স্ব কদলীবৃক্ষবন, নদী, তড়াগ, পল্বল, বাপী, দী হ্রদ এবং কূপ আছে। ঐ জলাশয় সকল সমূহে সুশোভিত এবং মত্ত ভ্রমরের ঝঙ্কার মুখরিত; আর কদম্বরক্ষের পল্লব বলাকা শুক-সারিকা প্রভৃতি পক্ষিগণে সমন্বি ২৩—৩২। হে দ্বিজোত্তম! ঐ শিবপুরে পুরদ্বার আছে। তন্মধ্যে পূর্ব্বদিকে প্রথম শ্রী পদ্মমালা-বিভূষিত তপোনিধি শৈব মহা

লক্ষ্মীদ্বারং ততস্তস্য যত্রাম্বুদসমপ্রভঃ।
মহাকালো মহাকায়ঃ স্থিতঃ শূলী মহাবলঃ ॥৩৫
শিবং নাম পুরং তত্র দক্ষিণেন ব্যবস্থিতম্।
গণ্ডকর্ণঃ স্থিতস্তত্র মহাবীর্য্যঃ শিবাজ্ঞয়া ॥ ৩৬
সন্নিধানে তথা চান্যে তস্যামেব দিশি দ্বিজাঃ।
পালিতং ভীমনাদেন গণেশেন মহাত্মনা ॥ ৩৭
পশ্চিমং বারুণং দ্বারং তত্র নন্দীশ্বরঃ স্মৃতঃ।
পালিতং হরিজ্জিহ্বেন গণনাথেন ধীমতা ॥ ৩৮
কৌবেরং তথোদীচ্যাং তস্যামেব দিশি দ্বিজাঃ।
সূর্য্যবরুণপ্রখ্যো দ্বাররক্ষো মহেশ্বরঃ ॥ ৩৯
বহুক্রীড়নকৈশ্চিত্রৈঃ ক্রীড়তে ভগবান্ প্রভুঃ।
যে যান্তি জিতক্রোধা জিতলোভা জিতেন্দ্রিয়াঃ ॥
তদ্গতেন পরেণাত্র ভক্ত্যা রুদ্রভক্তিপরা দ্বিজাঃ।
যে চ যোগসংযুক্তাঃ সাংখ্যাশ্চ শ্রুতপারগাঃ ॥ ৪০
গৃহস্থাশ্চ ধর্ম্মস্থা রুদ্রভক্তা জিতক্রমাঃ।
ক্ষত্রে শূরাম্নানাশ্চ সংগ্রামাভিমুখে হতাঃ ॥৪২
ক্ষত্রিয়ে গোগ্রহস্যার্থে মিত্রার্থে রাষ্ট্রপালনে।

বৈশ্যাশ্চ নিরতা ধর্ম্মে সত্যবাচো জিতেন্দ্রিয়াঃ ॥৪৩
রুদ্রেন্দ্রবিষ্ণুহৃদয়া যে ব্রাহ্মণহিতে রতাঃ।
গোসহস্রপ্রদাতারো ভূমিদাতার এব চ ॥ ৪৪
যে সুবর্ণস্য দাতারস্তথা সর্ব্বপ্রিয়ংবদাঃ।
বেদাধ্যয়নসম্পন্না ধ্যায়িনো ব্রতচারিণঃ ॥ ৪৫
যজন্তি বিধিনা যজ্ঞৈঃ ক্রতুভিশ্চারুদক্ষিণৈঃ।
তে তত্র গত্বা হৃষ্টাস্তু নিবসন্তি যথাসুখম্ ॥ ৪৬
কল্পাযুতসহস্রাণাং সহস্রাণি চতুর্দ্দশ।
বিচরিত্বা সুরপুরে পুনঃ প্রাপ্য মহীতলম্ ॥ ৪৭
জায়ন্তে শ্রেষ্ঠবর্ণেষু সুখৈশ্চ পরমৈর্বৃতাঃ।
জগতীকাভিনন্দন্তি চিরং প্রমুদিতাস্তথা ॥ ৪৮
তৎ পুরং দেবদেবস্য সর্ব্বকামসমন্বিতম্।
সর্ব্বর্দ্ধিকামদঞ্চৈব সমাসেন প্রকীর্ত্তিতম্ ॥ ৪৯
তত পরং প্রবক্ষ্যামি রৌপ্যশৃঙ্গনিবাসিতম্।
পদ্মপত্রায়তাক্ষস্য বিষ্ণোর্ভুবনমুত্তমম্ ॥ ৫০
যৎ তৎপ্রভাবমুদিতং চন্দ্রাচ্ছকিরণপ্রভম্।
রাজতং গিরিরাজস্য শৃঙ্গং শ্রীসাগরং মহৎ ॥ ৫১

বস্থিত আছেন। অনন্তর লক্ষ্মীদ্বার, ঐ রে মহাবলী মেঘতুল্য দীর্ঘকায় ভগবান্ মহাকাল শূল হস্তে অবস্থান করিতেছেন। তৎ দক্ষিণে শিবপুর, উহাতে শিবের আদেশে মহাবলী গণ্ডকর্ণ রহিয়াছেন। ঐ দিকেই নিকটে অন্যান্য ব্রাহ্মণগণ অবস্থান করেন। পশ্চিম বারুণদ্বার, ভীমনাদ মহাত্মা গণ কর্তৃক রক্ষিত ও তথায় নন্দীশ্বর রহিয়াছেন। ঐরূপ উত্তরদিকে কৌবেরদ্বার; সেখানেও দ্বিজগণ আছেন। সূর্য্য ও বরুণের ন্যায় প্রভু ভগবান্ মহেশ্বর ঐ দ্বারে রক্ষক হইয়া বিবিধ ক্রীড়নক দ্রব্যে ক্রীড়া করিতেছেন। জিত-ক্রোধ, জিত-লোভ, জিতেন্দ্রিয় রুদ্রভক্ত ব্রাহ্মণ-গণ উঁহার প্রতি ভক্তিবলে ঐ শিবলোকে গমন করেন। যে ব্রাহ্মণেরা শাস্ত্রাভ্যাসে নিরত, দক্ষ, যোগী এবং যে ব্রাহ্মণেরা অশ্রান্তভাবে রুদ্রভক্ত ধার্ম্মিক গৃহস্থ; যে সব ক্ষত্রিয় ন্যায়-পূর্ব্বক সম্মুখযুদ্ধ করিয়া রণস্থলে নিহত হইয়াছেন কিংবা গো-রক্ষার জন্য, মিত্রের জন্য বা রাজ্যের সুপালনের জন্য নিহত হন; যে সকল জিতেন্দ্রিয় সত্যবাক্ বৈশ্যগণ ধর্ম্মানুষ্ঠান করেন; যাহারা ব্রাহ্মণগণের হিতাভিলাষী এবং রুদ্র, ইন্দ্র ও বিষ্ণুগতপ্রাণ, যাহারা সহস্র গোদান, ভূমিদান, সুবর্ণদান করেন; যাহারা সকলের প্রতি প্রিয়ংবদ; যাহারা বেদপাঠ-নিরত, ধ্যানাসক্ত ও ব্রতানুষ্ঠায়ী যাহারা প্রচুর দক্ষিণাশালী যজ্ঞ দ্বারা যথাবিধি যাগ করেন; তাহারা শিবলোকে যাইয়া যথাসুখে কালযাপন করেন। এইরূপ চতুর্দ্দশ-সহস্র-গুণিত অযুত সহস্র কল্প শিবলোকে বাসের পর তাঁহারা ভূতলে সমাগত হইয়া, ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করত পরম সুখ অনুভব করেন ও স্বয়ং চির আনন্দভোগী হইয়া পৃথিবীকে আনন্দিত করেন। এই অভীষ্টানুরূপ-বস্তু-সম্পন্ন ও সর্ব্বাভীষ্টপ্রদ দেবদেবের ভবন সংক্ষেপে কীর্ত্তন করিলাম। এক্ষণে পদ্মপলাশলোচন ভগবান বিষ্ণুর রজতশৃঙ্গে নিবেশিত সর্ব্বোত্তম ভুবনের বিষয় কীর্ত্তন করিতেছি। ৩৩—৫০। বিষ্ণুলোকের আশ্রয় গিরিরাজ সুমেরুর শ্রী-সাগর রজতশৃঙ্গ চন্দ্রের নির্ম্মল কিরণের

যোজনানাং সহস্রাণি ত্রীণ্যেবস্ত পরং হিতম্।
প্রাকারেণাথ মহতা রাজতেন সমাবৃতম্ ॥ ৫২
অলঙ্কৃতেন দিব্যেন পতাকাধ্বজমালিনা।
যত্র গোপুরচিত্রেণ মণিবপ্রান্বিতেন চ ॥৫৩
রাজতদ্বারসাহস্রৈর্ম্মণিচিত্রৈশ্চ চিত্রিতম্।
যত্র স্তম্ভসহস্রাঢ্যাং যাভ্যাং প্রাসাদমুত্তমম্ ॥৫৪
পুরমধ্যে স্থিতং কান্তং রাজতং ধাতুভূষিতম্।
নাম্না বিষ্ণুপদং নাম তৎ সুরৈরপি কীর্ত্তিতম্ ॥৫৫
চতুর্দ্বারং চতুঃশৃঙ্গং কৈলাসশিখরপ্রভম্।
নানারত্নসমাকীর্ণং নানাদ্রুমলতাবৃতম্ ॥ ৫৬
তস্য মূর্দ্ধি স্থিতে দ্বারে কৃষ্ণরূপঃ প্রতাপবান্।
দ্বারাধ্যক্ষঃ স্থিতস্তত্র ইন্দ্রবজ্রকরো বলী ॥ ৫৭
প্রতীহারো মহাকায়ো হরিপ্রাণসমো ভবে
পশ্চিমে চ ততো দ্বারে হরিভদ্র ইতি স্মৃতঃ ॥৫৮
তস্মিন্ মধুমতী নাম নদী স্বার্থপ্রকাশিকা।
কাঞ্চনৈঃ কমলৈশ্চাপি নানাপক্ষিনিনাদিতা ॥ ৫৯
তে বসন্তি চ তত্রস্থাঃ পুরমধ্যে নিবাসিনঃ।
অগ্নিহোত্ররতা নিত্যং দেবদৈবতপূজকাঃ ॥ ৬০

তত্রাথ সুচিরং কালং ভয়শোকবিবর্জ্জিতাঃ।
সম্প্রাপ্য মানুষে লোকে জায়ন্তে চ সুকর্ম্মসু ॥৬১
পুনরেব চ তান্ লোকান্ ব্রজন্তি ন চিরাদিব।
তৈস্তৈঃ কর্ম্মভিরাদিষ্টাঃ শক্তিতঃ সমনুষ্ঠিতৈঃ।
এতৎ সবিস্তরং নোক্তং সমাসেন প্রকীর্ত্তিতম্
প্রাজাপত্যং প্রবক্ষ্যামি অস্মে নিগদতঃ শৃণু ॥৬
তৃতীয়ং সুস্থিরং শৃঙ্গং মণিরত্নময়প্রভম্।
নগরং পদ্মগর্ভস্য পদ্মাকারং ব্যবস্থিতম্ ॥ ৬১
যোজনানাং সহস্রে দ্বে বিশোকং নাম নামতঃ
প্রাকারেণ সুবর্ণেন মণিরত্নময়েন চ ॥ ৬৫
চন্দ্রার্কগ্রহসঙ্কাশং প্রভাকরমনুত্তমম্।
ত্রিভিশ্চিত্রৈঃ সুবিপুলৈঃ শিখরৈশ্চাপালঙ্কৃতম্
তস্মিন্ নগরবরে শ্রেষ্ঠে মধ্যে শ্রীভবনোত্তমম্।
স্থিতং স্তম্ভসহস্রেণ প্রাসাদপ্রবমালিনম্ ॥ ৬৭
চন্দ্রাট্টালকসংযুক্তং বলভীনাং শতেন চ।
গবাক্ষাণাং সহস্রেণ শোভিতং পরিক্রমালয় ॥
দ্বারৈশ্চতুর্ভিঃ সংযুক্তং স্বপ্রমাণৈঃ সুশোভিতম্
অলঙ্কারৈর্বিশিষ্টৈস্তৈঃ সর্ব্বতঃ পরিবিশ্রুত ॥

ন্যায় দৃশ্যমান, তিনসহস্র যোজন পরিমিত পতাকাধ্বজশালী, বিবিধ দ্রব্যে ভূষিত, দিব্য মহৎ রজত প্রাচীরে পরিবৃত এবং মহাদেবের প্রভাবে সকল প্রকার সুখভোগের স্থান। ঐ বিষ্ণুলোকে মণিরত্নশালী বিচিত্র পুরদ্বারে, অন্যান্য সহস্র রজতদ্বারে ও বি-সহস্র স্তম্ভে সমন্বিত উত্তম অট্টালিকা আছে এবং ঐ পুর-মধ্যে কৈলাসগিরির ন্যায় সুন্দর, বিবিধ-রত্ন-সমাকীর্ণ, নানা-বৃক্ষলতা-পরিবৃত, গৈরিকাদি-ধাতু-ভূষিত, চতুর্দ্বার-সমন্বিত বিষ্ণুপদ নামে এক রজতময় ভবন আছে। দেবগণও উহার প্রশংসা করিয়া থাকেন। তাহার সম্মুখস্থ দ্বারে বজ্রপ্রায়হস্ত প্রতাপশালী কৃষ্ণতুল্য রূপ-বান্ দ্বারাধ্যক্ষ আছেন। ৫১—৫৭। উহার পশ্চিমদ্বারে বিষ্ণুর প্রাণতুল্য প্রিয় হরিভদ্র নামক মহাকায় দ্বারপাল আছেন। ঐ পুরে সুবর্ণপদ্মবিশিষ্ট নানাপক্ষিরবসমন্বিত, অভিমত বিহারের উপযুক্ত, মধুমতী নামে এক নদী আছে এবং নিত্য শিবপূজক ও অগ্নিহোত্র-

যাজীরা তথায় বাস করেন। তাঁহারা ভ শোকশূন্য হইয়া তথায় বহুকাল অবস্থানপূর্ব্ব মনুষ্যলোক প্রাপ্ত হইয়া সৎকুলে জন্ম করেন এবং নিজশক্তির অনুযায়ী পুণ্যক অনুষ্ঠান করিয়া উহার প্রভাবে অচিরকাল মধ পুনরায় পূর্ব্বোক্ত লোকে গমন করেন। এ সংক্ষেপে বিষ্ণুলোক কীর্ত্তন করিলাম এক্ষ ব্রহ্মলোক কহিতেছি শ্রবণ কর। ৫০—৬৩ সুমেরুর তৃতীয় শৃঙ্গে লোহিতরত্নময় পদ্মাকা অবস্থিত, দুইসহস্র যোজন বিস্তৃত, মণিরত্নম সুবর্ণ-প্রাচীরে পরিবৃত বিশোক নামে ব্রহ্ম নগর অবস্থিত। উহা অতি বৃহৎ বিচি শিখরত্রয়ে অলঙ্কৃত; চন্দ্র, সূর্য্য ও অন্য প্রভাবশালী গ্রহের মত সমুজ্জ্বল। উ মহাশৃঙ্গে সহস্র স্তম্ভোপরি প্রতিষ্ঠিত, প্রাসা শ্রেণীপরিবৃত হর্ম্ম্য, অট্টালিকা ও শত সংখ্য বলভীসংযুক্ত সহস্র গবাক্ষে সুশোভিত পরি মিত-দ্বারচতুষ্টয়-সংযুক্ত সুচারু এক ভ আছে। অন্যায় বহুমূল্য অলঙ্কারে ভূষিত, সর

নাম্না দ্বারাধিপঃ শ্রীমান্ জ্বলনার্কসমপ্রভঃ।
দ্বারাধ্যক্ষো দ্বিজশ্রেষ্ঠঃ সজলাম্বুদসন্নিভঃ॥ ৭০
উত্তরে তুঙ্গশৃঙ্গে দ্বারে ব্রহ্মযোনিরিতি স্মৃতঃ।
নাম্না পরমমস্মিন্ স্থিতঃ সন্ধ্যারুণপ্রভঃ॥ ৭১
তস্মিন্ পুরবরে শ্রেষ্ঠে ররাম ভগবান্ প্রভুঃ।
প্রজাপতিঃ সুরশ্রেষ্ঠো বেদসাংখ্যবিশারদঃ॥ ৭২
অমৃতা নাম বিখ্যাতা নদী তস্মিন্ পরোত্তমে।
পদ্মনীলোৎপলযুতা শুভকাঞ্চনবালুকা॥ ৭৩
পিবন্তি তে সুসংহৃষ্টাস্তত্তোয়ং পুরবাসিনঃ।
তৎ পীত্বা চ জরা নৈব ন শোকো ন পরিশ্রমঃ॥
তত্র যান্তি মহাত্মানো বেদাধ্যয়নচিন্তকাঃ।
সুপ্রভাঃ শুভকর্মাণঃ সত্যসিদ্ধা জিতেন্দ্রিয়াঃ॥৭৫
ক্রতুদানপ্রসক্তাশ্চ গুরূণাঞ্চ প্রিয়ে রতাঃ।
যে চ ভিক্ষামুপাসন্তে তীর্থায়তনবাসিনঃ॥ ৭৬
ব্রহ্মে নিরতা যে চ বিপ্রাঃ ক্রোধবিবর্জ্জিতাঃ
যে চ ধ্যানপরা নিত্যং যোগে চ নিরতাঃ সদা॥৭৭
ধ্যানপরা বিপ্রাস্তেষাং বৈ প্রত্যহং মহান্।
শুভানি চ কর্ম্মাণি যে চরন্তি তদর্থিনঃ॥ ৭৮

তে যান্তি পরমং স্থানং শোক-মোহবিবর্জ্জিতাঃ।
কল্পাযুতসহস্রাণি বর্ত্তয়ন্তি সুখান্বিতাঃ॥ ৭৯
কর্ম্মলোকান্তরং প্রাপ্য যজন্তি বিধিপূর্ব্বকম্।
শৌচাচারসমাযুক্তাস্তে লভন্তে পরং সুখম্॥৮০
জ্ঞানেনৈব চ তৎ স্থানং প্রয়ান্তি পরমার্চ্চিতম্।
সত্ত্বযুক্তা মহাত্মানো জিতক্রোধা জিতেন্দ্রিয়াঃ॥
প্রাজাপত্যমিদং স্থানং কীর্ত্তিতঞ্চ সনাতনম্।
এবমেতানি বিপ্রর্ষে ভূধরেন্দ্রস্য ধীমতঃ॥ ৮২
ত্রীণি ত্রিভিশ্চ ভুবনৈরাশ্রিতানীকৃতানি বৈ।
তে বৈ ভদ্রাদিকযুতা যাবন্ত্যন্তি সুরেশ্বরাঃ॥ ৮৩
মেঘা ভূত্বা প্রগর্জ্জন্তি বিদ্যুন্মালা ইবাম্বরে।
গ্রহনক্ষত্রতারাশ্চ তে ভবন্তি মহেশ্বরাঃ॥ ৮৪
কামগাঃ সর্ব্বসিদ্ধার্থা রমন্তে ভবনে সুরাঃ।
ইদং যঃ শৃণুয়াত্তং পঠেৎ পর্ব্বণি পর্ব্বণি॥ ৮৫
লভতে ভাষিতান্ কামান্ মোহশোকবিবর্জ্জিতঃ
ইদং পরমং পবিত্রং শুভং তচ্চ
কথিতং বিপুলং ময়া মুনীন্দ্র

দ্বারের অগ্নি ও সূর্য্যসম বর্ণ ও সজল মেঘতুল্য তেজস্বী দ্বারাধিপ নামক এক দ্বাররক্ষক দ্বিজবর আছেন। উত্তর দ্বারে সন্ধ্যার ন্যায় লোহিতকান্তি পরমম নামে দ্বারের রক্ষক আছেন। ঐ শ্রেষ্ঠপুরে অধিষ্ঠিত বেদজ্ঞ সুরবর ভগবান্ প্রজাপতি দক্ষ ক্রীড়া করেন। সেই শ্রেষ্ঠনগরে পদ্মসংযুক্ত স্বর্ণবালুকাময়ী অমৃতা নামে এক নদী আছে। পুরবাসিগণ পরম সুখে ঐ নদীর জল পান করে, উহা পান করিয়া তাহাদিগের বার্দ্ধক্য, শোক বা পরিশ্রম কিছুই থাকে না। ৬৯—৭৪। ব্রহ্মলোকে বেদাধ্যয়ন-তৎপর সুকৃতী জিতেন্দ্রিয় সত্যপরায়ণ মহাত্মগণ গমন করেন। যাহারা যাযজক, দাতা, গুরুজনের প্রিয়-কার্য্যে রত; যাহারা তীর্থবাসী হইয়া ভিক্ষামাত্র আশ্রয় করে; যে ব্রাহ্মণগণ ক্রোধশূন্য হইয়া সৎকার্য্যাসক্ত; যাহারা যোগ আশ্রয় করিয়া ধ্যানপরায়ণ; যাহারা নিরন্তর ব্রহ্ম-ধ্যান করে; ব্রহ্মসাক্ষাৎকার তাহাদিগের সুলভ। যাহারা ব্রহ্মলোকপ্রার্থী হইয়া নিষ্পাপ কার্য্য অনুষ্ঠান করেন, যাহারা শোক-মোহশূন্য হইয়া পরম স্থান ব্রহ্মলোকে গমন করেন এবং অযুতসহস্র কল্প পরম সুখে তথায় কালযাপন করেন। অনন্তর তাঁহারা কর্ম্মশেষে ভূলোক প্রাপ্ত হইয়া, বিশুদ্ধ আচারান্বিত হইয়া যথাবিধি যাগ করিয়া পরম সুখ লাভ করেন। জিতক্রোধ, জিতেন্দ্রিয়, সাত্ত্বিক মহাত্মগণ নিজ জ্ঞানবলে ঐ সর্ব্বপূজ্য ব্রহ্মলোকে গমন করেন। এই ব্রহ্মলোক সনাতন বলিয়া কীর্ত্তিত আছে। হে দ্বিজবর! পর্ব্বতশ্রেষ্ঠ সুমেরুর তিন শিখরে পূর্ব্বোক্ত ভুবনত্রয়ের অধিষ্ঠান। ঐ সকল ভুবনস্থিত দেবগণ পুণ্যসীমা পর্য্যন্ত কল্যাণযুক্ত হইয়া প্রকাশ পান। তাবং আকাশমধ্যে মেঘ হইয়া গর্জ্জন করেন, বিদ্যুৎপংক্তির মত প্রকাশ পান এবং উঁহারাই গ্রহ, নক্ষত্র, তারা হন; তন্মধ্যে কেহ কেহ ইচ্ছানুযায়ী গমন করিয়া সকল সিদ্ধিসম্পন্ন হইয়া ঐ ভবনেই ক্রীড়া করেন। এই ব্রহ্মা-কথিত ত্রিভুবনকীর্ত্তন যে ব্যক্তি প্রতিপর্ব্বে পাঠ করে, সে শোকমোহশূন্য হইয়া সর্ব্বাভীষ্ট লাভ করে। হে মুনীন্দ্র! অতি-পবিত্র বিপুল

পঠতি স মহাপাতকোঽপি ব্রহ্মন্
পরমপদমুপৈতি শিবপ্রসাদাৎ ॥ ৮৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমার-
সংহিতায়াং শিবপুরবর্ণনং নাম
দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

ভগবন্ শ্রোতুমিচ্ছামি মাহাত্ম্যং পুণ্যকর্ম্মণঃ
যানি স্থানানি রুদ্রস্য যথাবদনুপূর্ব্বশঃ॥ ১
ভূরাদ্যা ব্রহ্মলোকান্তাঃ সত্যলোকঃ প্রকীর্ত্তিতঃ
অণ্ডস্যাভ্যন্তরে সর্ব্বমুৎপন্নং তদ্ব্রবীহি মে ॥ ২

সনৎকুমার উবাচ

এবং শতসহস্রাণি যোজনানাং প্রমাণতঃ।
উচ্ছ্রিতং ব্রহ্মসদনং দ্বিধা বৈষ্ণবমুচ্যতে ॥ ৩
বৈষ্ণবাৎ কোটি বিজ্ঞেয়ং যোজনানাং প্রমাণতঃ
মহেশ্বরপদং বাস যত্র দেব উমাপতিঃ ॥ ৪
ব্রহ্মলোকশ্চ বৈ ষষ্ঠং বিষ্ণুলোকস্তু সপ্তমম্
অষ্টমং রুদ্রলোকস্তু এতদ্যুক্তং ত্রিপিষ্টপম্ ॥ ৫
এবং ত্রিপিষ্টপং তত্র দেবানামমিতৌজসাম্।
ব্রহ্ম-বিষ্ণু-মহেশানাং মনুভিশ্চ সমন্বিতম্ ॥ ৬
তস্যাং ত্রিপিষ্টপস্যৈব দ্বিজার্দ্ধেন প্রমাণতঃ।
রুদ্রলোকেতিবিখ্যাতে যোগিনাং গতিরুচ্যতে ॥ ৭
শতং রুদ্রসহস্রাণি বিষ্ণুকোটিশতানি চ।
শিবপ্রসাদাৎ ক্রীড়ন্তি সর্ব্বে বিগতকল্মষাঃ ॥ ৮
সর্ব্বে কুসুমগন্ধাঢ্যাঃ খড়্গ-যষ্টিধরা অপি।
শূলিনো দংষ্ট্রিণশ্চৈব সর্ব্বে বিগতমৎসরাঃ ॥ ৯
চন্দ্রাঙ্কমৌলিনঃ সর্ব্বে সর্ব্বে বৃষভগামিনঃ।
সর্ব্বে ব্রহ্মপুরস্থাশ্চ সর্ব্বে বিষ্ণুপুরস্থ চ ॥ ১০
অমলাস্তে মহাত্মানস্ত্রৈলোক্যে সুবিশারদাঃ
সর্ব্বা মণিময়ী ভূমিঃ স্বর্ণকাঞ্চনবালুকা ॥ ১১
ন তত্র চন্দ্রার্কৌ বায়ুশ্চ প্রকাশেতে ন যাতি চ
ন যান্তি দেবতাস্তত্র চন্দ্রাঙ্কিতবিভূষণাঃ ॥ ১২
স্বয়ং প্রত্যক্ষবরদাঃ সর্ব্বে এব প্রকাশতে।
প্রাসাদহর্ম্ম্যমালানি গোপুরে লক্ষণানি চ ॥ ১৩

লোকত্রয় কীর্ত্তন করিলাম। হে ব্রহ্মন্। মহা-পাতকীও ইহা পাঠ করিলে মহাদেবের প্রসাদে পরমপদ প্রাপ্ত হয়। ৬০—৮৭।

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায়

ব্যাস কহিলেন,—হে ভগবন্। আমি পুণ্য-জনক কার্য্যের মাহাত্ম্য ও রুদ্রের যে যে স্থান আছে, তাহা অনুপূর্ব্বিক যথার্থরূপে শ্রবণ করিতে ইচ্ছা করি এবং ভূরাদি ব্রহ্মলোক পর্য্যন্ত যেরূপে অণ্ডের অভ্যন্তরে উৎপন্ন হইয়াছে, তাহা আমাকে বলুন। সনৎকুমার কহিলেন,—মানব-পরিমিত লক্ষযোজন ঊর্দ্ধে ব্রহ্মলোক, তাহার দ্বিগুণ দূরে বিষ্ণুলোক, তাহার কোটি যোজন ঊর্দ্ধে শিবলোক,—যে স্থানে দেব উমাপতি বাস করেন। পঞ্চভূতা-তিরিক্ত ষষ্ঠ পদার্থ ব্রহ্মলোক, সপ্তম বিষ্ণুলোক, অষ্টম রুদ্রলোক; এই লোকত্রয় লইয়া স্বর্গ ত্রিবিষ্টপ বলিয়া খ্যাত। উহা ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতি অসামান্য বলশালী দেবগণ ও মনুষ্যগণের আশ্রয়। হে দ্বিজ! ঐ স্বর্গে এক রুদ্রলোক, পরিমাণে ত্রিভুবনের অর্দ্ধেক উহা যোগিগণের আশ্রয়। ঐ স্থানে শতসহস্র রুদ্র, শতকোটি বিষ্ণু শিবের প্রসাদে সকলেই নিষ্পাপ হইয়া ক্রীড়া করেন, সকলেই খড়্গ-যষ্টিধারী, সকলেই পুষ্পগন্ধসুরভীকৃত। শিবের প্রসাদে সকলেই শূলপাণি ও দংষ্ট্রী অথচ পরের প্রতি দ্বেষশূন্য; শিব-প্রসাদে তথাকার সকলেরই অর্দ্ধচন্দ্র-শিরোভূষণ ও বৃষ-বাহন ব্রহ্মলোক ও বিষ্ণুলোকস্থিত সকলেও ত্রিভুবন বিখ্যাত নির্ম্মল মহাত্মা; তথাকার ভূমি রত্নময় ও বালুকা স্বচ্ছ-সুবর্ণময়ী। ১—১১। তথায় চন্দ্রসূর্য্যের প্রকাশ নাই; বায়ুসঞ্চরণ নাই দেবগণও তথায় গমন করিতে পারেন না। সেই স্থানের সকলেই অর্দ্ধচন্দ্রে ভূষিত ও সাক্ষাৎ বরদাতা অর্থাৎ শিব মূর্ত্তিধারী। তথায় অট্টালিকা হর্ম্ম্যশ্রেণী সকল ও পুরদ্বারে নানা চি

তত্র বৈ ব্রাহ্মণৈঃ সার্দ্ধং গৃহস্থাঃ সৎপথে স্থিতাঃ
প্রপঠন্তি মহাদেবং জপন্তি শতরুদ্রিয়ম্ ॥ ১৪
গন্ধধূপাদিভিশ্চৈব সদা যজন্তি শূলিনম্।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা গৃহস্থাঃ সূর্য্যবর্চ্চসঃ ॥ ১৫
মহাদেবপ্রসাদেন রুদ্রলোকং ব্রজন্তি তে।
সর্ব্বে লোকা অবস্তাৎ তু দ্বিগুণেন প্রমাণতঃ ॥১৬
ভুবনানাং প্রভুস্থানং দ্বিতীয়ং সমুদাহৃতম্।
তৃতীয়ে তু মহাযোগী ভূতৈঃ পরিবৃতোঽরমৎ ॥১৭
অত্রাপি ভবনং দিব্যং মায়েশবসতিঃ স্মৃতা।
গৃহাণি চৈব দিব্যানি প্রচুরাণি মহান্তি চ ॥ ১৮
ভবলোকো হরেশ্চৈব দ্বিগুণেন প্রমাণতঃ।
সর্ব্বং নাম প্রভুস্থানং চতুর্থং সমুদাহৃতম্ ॥ ১৯
অগ্নিস্থানং পরং দিব্যং পঞ্চমং সমুদাহৃতম্।
অগ্নিপ্রবেশং যঃ কুর্য্যাৎ সিদ্ধেঽগ্নৌ জুহুয়াচ্চিরম্
অগ্নিস্থানাৎ পরত্বেন দ্বিগুণং তৎপ্রমাণতঃ।
উগ্রং নাম প্রভুস্থানং ষষ্ঠং তৎ সমুদাহৃতম্ ॥২১
তত্র পাশুপতৈঃ সার্দ্ধং যোগিভিঃ পরমেশ্বরঃ।
অনুগ্রহার্থং লোকানাং ক্রীড়তে ভস্মগুণ্ঠিতঃ ॥২২
দম-প্রশমসংযুক্তা ভূতানামভয়প্রদাঃ।
যথোক্তকারিণো দান্তা যোগিনস্তৎপরায়ণাঃ ॥ ২৩
ভৈক্ষচর্য্যারতা নিত্যং ধ্যানতৎপরপূজকাঃ।
যান্তি পাশুপতং স্থানং পুনরাবৃত্তিদুর্লভম্ ॥ ২৪
তস্মাৎ পাশুপতাৎ স্থানাদ্দ্বিগুণেন প্রমাণতঃ।
মাহেশ্বরং পরং স্থানং সপ্তমং সমুদাহৃতম্ ॥ ২৫
তত্র দেবো মহাদেবো মহাকালো মহেশ্বরঃ।
মাহেশ্বরৈঃ পরিবৃতো বসতে ভূতভাবনঃ ॥ ২৬
তত্র বৈ সর্ব্বলোকেশ ঈশ্বরঃ কামরূপধৃক্।
আবিশ্য সর্ব্বভূতানি লোকানন্দং করোতি বৈ ॥২৭
ন তেষাং পরিসংখ্যানং প্রমাণং বাপি বিদ্যতে।
দেবলোকসহস্রাণি ব্রহ্মলোকশতানি চ ॥ ২৮
সৃষ্টিস্তাংশ্চ সুরাজেন্দ্র ভূতানামীশ্বরো যতঃ
অতঃপরং দ্বিজশ্রেষ্ঠ শিবস্থান * মিতি স্মৃতম্ ॥২৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি-
তায়াং রুদ্রলোকবিবরণং নামৈকা-
দশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

আছে ঐ শিবলোকে ব্রাহ্মণ প্রভৃতি সকল
গৃহস্থ সৎপথে থাকিয়া, মহাদেবের শব্দ ও
শতরুদ্রীয় পাঠ করেন এবং উহারা সকল
পাপ হইতে মুক্ত হওয়ায় সূর্য্যের ন্যায় দীপ্তি-
শালী হইয়া, গন্ধ-পুষ্পাদি দ্বারা সর্ব্বদা মহা-
দেবকে আরাধনা করেন। উহার প্রসাদে
রুদ্রলোকেই অবস্থান করেন। রুদ্রলোকের
অধোভাগে সকল লোক আছে। সকল ভুব-
নের দ্বিগুণ পরিমাণ শিবের দ্বিতীয় লোক ঐ
মহাযোগী তৃতীয় স্থানে ভূতগণ-পরিবৃত হইয়া
ক্রীড়া করেন। তথায় দিব্যগৃহে মায়ানাথ শিব
বাস করেন। মহৎ প্রচুর দিব্য গৃহ সকল
ঐই স্থানে বর্ত্তমান। ইহার নাম ভবলোক,
ইহার পরিমাণ বিষ্ণুলোকের দ্বিগুণ। চতুর্থ
লোক সর্ব্বনামক প্রভুর স্থান। পরম পবিত্র
অগ্নির স্থান প্রভুর পঞ্চম স্থান বলিয়া কথিত।
যে ব্যক্তি অগ্নিতে প্রবেশ বা অগ্নিতে আহুতি
দান করে, সে ঐ স্থানে বাস করিতে পায়।
এই অগ্নিস্থানের পরবর্ত্তী প্রভুর উগ্রনামে ষষ্ঠ
স্থান আছে, তাহার পরিমাণ পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ।
ঐ স্থানে পরমেশ্বর, শিবভক্ত যোগিগণের সহিত,
অঙ্গে ভস্ম বিলেপন করিয়া লোকের প্রতি
অনুগ্রহের জন্য ক্রীড়া করেন।১২—২২। শম-
দমাবলম্বী ভূতগণের প্রতি অভয়দাতা শিবের
ধ্যান ও পূজা-তৎপর, যথাবিহিত কর্ম্মের অনু-
ষ্ঠাতা, ভিক্ষামাত্রোপজীবী যোগিগণ ঐ পাশুপত
স্থানে গমন করেন। ঐ স্থানে গমন করিলে
পুনর্জ্জন্ম হয় না। ঐ স্থানের পর, পরিমাণে
উহার দ্বিগুণ প্রভুর মাহেশ্বর নামে সপ্তম
স্থান আছে। তথায় আদ্যা-প্রকৃতির স্বামী
মহাদেব মহেশ্বর শৈবগণে পরিবৃত হইয়া বাস
করেন এবং ঐ সর্ব্বভূতপতি কামরূপধারী
ঈশ্বর, নিখিল ভূতের অন্তরে প্রবিষ্ট হইয়া
তাহাদিগের আনন্দবর্দ্ধন করিতেছেন। ঐ
সকল লোকের সংখ্যা ও পরিমাণের নির্ণয়
নাই। যেহেতু ভূতনাথ মহাদেব ইচ্ছানুসারে
সহস্র সহস্র ব্রহ্মলোক ও শত শত দেবলোকাদি

* শিবস্থানমিতি পাঠান্তরং কচিৎ।

দ্বাদশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

যৎ পরং তচ্ছিবস্থানং ত্বয়া প্রোক্তং মহামুনে।
তদহং শ্রোতুমিচ্ছামি যদি গুহ্যং ন তে প্রভো॥
সনৎকুমার উবাচ
শৃণু বিপ্রা ইদং স্থানং শিবস্য পরমাত্মনঃ
যন্ন পশ্যন্তি সুরস্তা ব্রহ্মাদ্যা দেবসত্তমাঃ ॥ ২
সাংখ্যা বাপ্যথবা যোগা ন বিদুস্তচ্ছিবো জনাঃ
ন চ বিন্দতি গুহ্যস্য উমা ন চ গণেশ্বরঃ। ৩
ন বিষ্ণুর্ন চ রুদ্রশ্চ ন চান্যে দ্বিজসত্তমাঃ
তস্যৈব চ প্রসাদেন যথা জ্ঞাতং তথা শৃণু। ৪
শতং কোটিসহস্রাণাং যোজনানাং প্রমাণতঃ
অত্রোপপীঠং দেবস্য যত্র সুপ্তঃ শিবোঽব্যয়ঃ॥ ৫
অন্যোন্যতে শুভে নেত্রে সিতাসিতসমপ্রভে
সম্ভাবপ্রভবেণাদৌ উমা চৈব যশস্বিনী॥ ৬
বামনেত্রাদ্বিনিষ্ক্রান্তা উমা দেবী চ সুব্রতা।
বামপার্শ্বোপবিষ্টা চ তস্মাদ্বৈ বামলোচনা॥ ৭
দক্ষিণান্নয়নান্মুক্তো জলবিন্দুঃ সিতপ্রভঃ।
স সর্ব্বেষু চ লোকেষু গতো বৈ ভূর্ভুবাদিকম্।
উপস্থ য়েমাং গাং প্রাপ্তা তস্মাদ্গঙ্গেতি চোচ্য
নেত্রাভ্যাং প্রথমাজ্জাতা গঙ্গেতি দ্বিজসত্তমাঃ
হরস্য যোগযুক্তস্য দ্বিতীয়ং কামখোদ্ভবঃ।
ব্রহ্মণো যজ্ঞশীলস্য ঈশ্বরেণ মহাত্মনা॥ ১০
তৎ তৃতীয়স্তু বিজ্ঞেয়ং কপালবদনং ময়া।
বিষ্ণুচক্রং চতুর্থন্তু পঞ্চমং দক্ষসম্ভবঃ॥ ১১
ষষ্ঠকন্তু যদা দেবো হিমবন্তং মহামুনে।
তরুণাদিত্যসঙ্কাশৈ রুদ্রৈঃ পরিবৃতোঽবসৎ॥১২
দ্বিতীয়স্তু পরীবারং ততো দ্বিগুণবিস্তরাঃ।
রুদ্রাণাং হেমবর্ণানাং ত্রিংশৎকোট্যঃ প্রকীর্ত্তিতঃ

সৃজন করিতেছেন হে দ্বিজবর! ইহার পর প্রভুর স্থিরস্থান আছে, অর্থাৎ যে স্থানে গমন করিলে লোকের পুনর্জ্জন্ম হয় না। ৩—৯।

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে মহামুনে! আপনি শিবের যে একটী পরম স্থান কহিলেন, হে প্রভো! যদি গোপনীয় না হয়, তবে আমি তাহা শুনিতে ইচ্ছা করিতেছি। সনৎকুমার কহিলেন,—হে বিপ্রগণ! পরমাত্মা শিবের ঐ স্থান কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ব্রহ্মাদি-দেবগণ যদি মহাদেবের অনুগ্রহ-ভাজন না হন, তবে তাঁহারাও ঐ স্থান দেখিতে পান না এবং শিবের অনুগ্রহ ব্যতীত সাংখ্যোক্ত যোগসাধকগণ ও শিবের কুটুম্ব-মধ্যবর্ত্তী উমা, গণপতি, বিষ্ণু, রুদ্র ও অন্যান্য দ্বিজবরগণ কেহই উহা লাভ করিতে পারেন না। আমি তাঁহারই অনুগ্রহে যাহা কিছু জানিয়াছি, তাহা শ্রবণ কর। ঐ শিবস্থানে শতকোটি যোজন পরিমিত প্রভুর উপপীঠ আছে, উহাতে অব্যয় শিব সমাধিসুখ অনুভব করেন। তাঁহার শ্বেত কৃষ্ণ উন্নত নয়নদ্বয় আছে। প্রথমতঃ তাঁহার বাম নয়ন হইতে যশস্বিনী সুব্রতা উমাদেবী নিষ্ক্রান্ত হইয়াছেন বলিয়া তাঁহার নাম বামলোচনা হইয়াছে। তিনি শিবের বাম-পার্শ্বে আসীনা। দক্ষিণ নয়ন হইতে শুক্লবর্ণ জলবিন্দু নিপতিত হইয়া ভূর্ভুবাদি সকল লোক গমনের পর গো অর্থাৎ পৃথিবীতে সমাগত হইয়াছে বলিয়া তিনিই গঙ্গানামে খ্যাত হইয়াছেন। ১—৯। হে দ্বিজবরগণ! যোগনিমগ্ন শিবের প্রথম চরিত গঙ্গোৎপত্তি, যজ্ঞশীল ব্রহ্মাকে উপেক্ষা করিয়াও কামদেবকে অশরীর করা উহার দ্বিতীয় চরিত; ব্রহ্মার বদনচ্ছেদ করিয়া কপাল ধারণ করা উহার তৃতীয় চরিত, বিষ্ণুকে সুদর্শন চক্রদান চতুর্থচরিত এবং দক্ষযজ্ঞে বীরভদ্রের আবির্ভাবন পঞ্চম চরিত। হে মহামুনে! যৎকালে দেবদেব বালার্কসদৃশ প্রভাশালী রুদ্রগণে পরিবৃত হইয়া হিমালয়ে অধিষ্ঠান করিয়াছিলেন, তখন অন্ধকাসুর ব করেন, তাহাই শিবের ষষ্ঠ চরিত। পূর্ব্বোক্ত রুদ্রগণ অপেক্ষা দ্বিগুণ উহাঁর দ্বিতীয় পরিবার ত্রিংশৎকোটি সুবর্ণবর্ণ রুদ্রগণ তৃতীয় পরিবার

রা হৃষ্টবর্ণানাং কোট্যোহশীতির্দ্বিজোত্তম।
মস্ত পরীবারং অতো দ্বিগুণবিস্তরম্ ॥ ১৪
সপ্তমীকৈবং যে রুদ্রাস্তান্ বিবোধত।
শিলাভা বিমলা হৃষ্টা নির্দ্দিশ্যন্তে সদা ॥ ১৫
ষ্টপরীবারং মানসস্ত মহাত্মনঃ।
কাং তস্য বিজ্ঞানং দৃষ্টান্তে তদ্বিচারণা ॥ ১৬
ব্রহ্মপুরোগাশ্চ সর্ব্বে বিষ্ণুপুরঃসরাঃ।
ন্তে মহাত্মানস্ত্রৈলোক্যস্য সুরেশ্বরাঃ ॥ ১৭
যো বসতি স্থানং শুদ্ধং পরমনাময়ম্।
পাহথ পিতৃঘ্নো বা গোঘ্নো বা গুরুতল্পগঃ ॥
পি গচ্ছেৎ পরং স্থানং লিঙ্গং শিবমনাময়ম্
পুনঃ শুচয়ো দান্তা মহেশ্বরপরায়ণাঃ ॥ ১৯
ব্রহ্মক্রিয়াযোগী লোকানাং ভূতিবাদিনাম্ ॥ ২০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমার-
সংহিতায়াং শিবমাহাত্ম্যো নাম
দ্বাদশোহধ্যায়ঃ ॥ ১২ ॥

র কৃষ্ণবর্ণ অশীতিকোটি রুদ্র চতুর্থ পরি-
, তদপেক্ষা দ্বিগুণসংখ্যক পঞ্চম পরি-
শিলাভ, বিমল এবং কৃষ্ণবর্ণ রুদ্রগণ
ক্রমে উহার ষষ্ঠ, সপ্তম ও অষ্টম পরিবার
নির্দ্দিষ্ট আছে। ঐ শিব-পরিবার রুদ্র-
কেহ কেহ ব্রহ্মপুরোগামী, কেহ কেহ
বিষ্ণুপুরঃসর অর্থাৎ সকলেই নানাদিকে
দেবের অনুচর হইয়াছে এবং ত্রৈলোক্যের
প্রভৃতি কার্য্যে সক্ষম। এই প্রকার
নন্দময় বিশুদ্ধ পরম শিবস্থান যে ব্যক্তি
করে, সে মদ্যপায়ী, পিতৃহন্তা, গো-ঘাতী
গুরুতল্পগামী হইলেও ঐ পবিত্র শিবস্থানে
ন করিয়া নিত্যসুখ অনুভব করে। যাহারা
শুদ্ধ ও শিব-পরায়ণ এবং যাহারা ঐশ্বর্য্যা-
ঙ্ক্ষী লোকদিগের মধ্যে ব্রহ্মক্রিয়াযোগী,
যাদিগের ঐ স্থানে গমনেও কিছুই বাধা
।১০—২০।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১২ ॥

ত্রয়োদশোহধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

মাহাত্ম্যং সর্ব্বভূতানাং প্রভুত্বং বর্ত্ততে শিবে।
বিধিনা তুষ্যেত কেন কপর্দ্দী বৃষবাহনঃ ॥ ১

সনৎকুমার উবাচ।

শৃণু ব্যাস ইমাং বাণীং সর্ব্বপাপভয়াপহাম্।
বিধিনা যেন তুষ্যেত লোকানাং ভুবনেশ্বরঃ ॥ ২
তমহং কীর্ত্তয়িষ্যামি শৃণু তত্ত্বেন মে দ্বিজ।
মেরুপর্ব্বতমাসাদ্য দেবা যক্ষা মহোরগাঃ ॥৩
ঈশ্বরস্য চ মাহাত্ম্যং শ্রোতুকামাঃ স্থিতাঃ পুরা।
নমস্কৃত্বা প্রবক্ষ্যামি পুরাণং ব্রহ্মনির্ম্মিতম্ ॥ ৪
তস্মিন্ বিভীষণো গত্বা সত্যশান্তো জিতেন্দ্রিয়ঃ।
বিনীতবেশো ভবনমীশানং পরিপৃচ্ছতি ॥ ৫
বিধিনা কেন ধর্ম্মেণ তুষ্যেৎ স পরমেশ্বরঃ।
এতন্মে সংশয়ং দেব ব্রূহি ত্বং বৃষভধ্বজ ॥ ৬

ঈশ্বর উবাচ।

সত্যং শৃণু মহারাজো যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।

ত্রয়োদশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে প্রভো! মহাদেবে অলৌকিক মাহাত্ম্য ও সর্ব্বভূত-প্রভুত্ব আছে, ইহা শুনিলাম, এক্ষণে ঐ বৃষবাহন দেব কপর্দ্দী কি প্রকারে পরিতুষ্ট হন, বলুন। সনৎকুমার কহিলেন,—হে ব্যাস! সকল পাপভয়নিবারক বাক্য শ্রবণ কর। যে বিধানে ঐ ভুবনপতি পরিতুষ্ট হন, তাহা আমি ঈশ্বরকে প্রণাম করিয়া, যথার্থরূপে কীর্ত্তন করিতেছি। পূর্ব্বে দেবতা, যক্ষ ও নাগগণ, সুমেরু পর্ব্বতে গমনপূর্ব্বক মহাদেবের মাহাত্ম্য-শ্রবণ-বাসনায় অবস্থিত আছেন, এমত সময়ে সত্যাশ্রয়ী, অতিশান্ত, নম্রবেশ, জিতেন্দ্রিয়, বিভীষণ সমাগত হইয়া, সর্ব্বভূতাশ্রয় ঈশ্বরকে জিজ্ঞাসা করিলেন,—হে দেব! বৃষভধ্বজ! আপনি দেবগণোক্ত বিষয়ে আমার সন্দেহ দূর করুন। ১—৬। ঈশ্বর কহিলেন,—হে মহারাজ বিভীষণ! যাহা জিজ্ঞাসা করিলে, ঐ

বিভীষণ মহারাজ শৃণু গুহ্যং পরং মম ॥ ৭
ছাগলাণ্ডং ভদ্রকর্ণং গোকর্ণঞ্চ বিশেষতঃ।
অবিমুক্তঞ্চ ওঙ্কারং পঞ্চায়তনমুত্তমম্ ॥ ৮
এতান্ দৃষ্ট্বা লভেন্মোক্ষং গুহ্যমেতন্মদাহৃতম্।
অবিমুক্তে বিশেষেণ সদা সন্নিহিতো হ্যহম্ ॥ ৯
ওঙ্কারং চিন্তমানস্য তস্য তুষ্টোঽস্ম্যহং সদা।
সোঽশ্বমেধফলঞ্চৈব লভতে নাত্র সংশয়ঃ ॥ ১০
যত্র সাক্ষাৎ স্থিতো দেবো ন দাবাসে তু মুক্তিদঃ
মম চৈব পুরং তত্র দুর্লভঞ্চাকৃতাত্মভিঃ ॥ ১১
অগ্নিপ্রাকারসংযুক্তং পরিক্ষিপ্তং সমন্ততঃ।
হরিশ্চন্দ্রপদে রম্যো রুদ্রকোটির্মহামুনিঃ ॥ ১২
যোগীশ্বরে সুবর্ণাখ্যো তত্রৈব বাতি কেশবঃ।
ভদ্রদণ্ডী মহাকালো দেবদারুবনে সদা ॥ ১৩
ভৈরবে কমলে চৈব বিল্বিকারোহণে তথা
কালঞ্জরে উগ্রসং বৈ কর্কটেশ্বরনাম চ ॥ ১৪
ভূতেশ্বরে বামকূটে বিশ্বস্থানেশ্বরেতি চ।
গুহ্যাতিগুহ্যকেদারে তয়োর্মধ্যে মহেশ্বরঃ ॥ ১৫
দেবদারুবনে পুণ্যো বাসো যত্র সদা মম।
গুহ্যস্থানপবিত্রাণি মমৈতানি বিভীষণ ॥ ১৬
যে তু ব্রজন্তি মচ্চিত্তা মদ্ভক্তা মৎপরায়ণাঃ।
তে শ্রেষ্ঠাঃ সর্ব্বভূতানাং ভবন্তীহ বিভীষণ ॥ ১৭
অযুতান্যর্ব্বুদান কোটীস্তথা পদ্মাযুতানি চ।
ক্রীড়ন্তি রুদ্রলোকাংস্তান্ স ধর্ম্মো যৈস্তু রাধ্যতে
তেষাং সমস্তমুক্তানাং পুরুষাণাং বিভীষণ।
ম্লেচ্ছ-স্ত্রী-নপুংসকানাস্তু ক্রূরাণাং পাপকর্ম্মণাম্
যত্র তত্র মৃতানাঞ্চ ধ্রুবং মাহেশ্বরী গতিঃ ॥ ১৯
অষ্টৌ গুহ্যপবিত্রাণি যে যজন্তি ক্ষিতৌ নরাঃ।
তেষাং তুষ্টঃ প্রযচ্ছামি গাণপত্যং বিভীষণ ॥ ২০
তে তু মাং প্রতিপদ্যন্তে মদ্ভক্তা মৎপরায়ণাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা লভন্তে পরমাং গতিম্ ॥ ২১
কিং তেষাং যজ্ঞদানেন ক্রিয়াভিশ্চ বিভীষণ।
মাং প্রপদ্য লভন্ত্যেব যজ্ঞদানফলান্যপি ॥ ২২

আমার অতি গোপনীয় বিষয় যথার্থরূপে শ্রবণ কর ছাগলাণ্ড, ভদ্রকর্ণ, গোকর্ণ, বারাণসী ও উজ্জয়িনী এই পাঁচটী মহাদেবের সর্ব্বশ্রেষ্ঠ আবাসস্থান। এই সকল স্থান অবলোকন করিয়া, লোক মোক্ষপদ লাভ করে। এই পরম রহস্য কহিলাম, বিশেষতঃ কাশীক্ষেত্রে আমি নিত্য সন্নিহিত আছি। যে ব্যক্তি ওঙ্কাররূপী মহাদেবের ধ্যান করে, তাহার প্রতি আমি সর্ব্বদা সন্তুষ্ট থাকি ও সে ব্যক্তি নিঃসন্দেহে অশ্বমেধের ফল লাভ করে। পূর্ব্বোক্ত পঞ্চস্থানের মধ্যে যে স্থানে আমি মুক্তিদান করিতে সাক্ষাদ্ভাবে অবস্থিত আছি, সেই কাশীক্ষেত্রে সুকৃতিরহিত ব্যক্তিদিগের দুর্লভ, অগ্নিপ্রাচীরে পরিবৃত, চতুর্দ্দিকে দেব-নিবাস-সম্পন্ন মদীয় বসতি-মন্দির আছে। এতদ্ভিন্ন রমণীয় হরিশ্চন্দ্র-পদে মহামুনি রুদ্ররূপে অবস্থান করি। যোগীশ্বর প্রদেশে সুবর্ণপুরীতে আমি আদিকেশবরূপে; তদ্রূপ দেবদারুবনে দণ্ডেশ্বর মহাকালরূপে; ভৈরবে, কমলে ও বিল্বিকারোহণে আমি সেই সেই মূর্ত্তিতে অবস্থিত। কালঞ্জর পর্ব্বতে কর্কটেশ্বর নামে অভিহিত হই। ভূতেশ্বরে বামকূট ও পরমগুহ্য কেদারে কেদারনাথ হইয়া আছি। ঐ কেদারের দেবদারুবনে সর্ব্বদাই আমি বাস করি হে বিভীষণ! এই কয়টী আমার পবিত্র গুহ্যস্থান ৭—১৬ হে বিভীষণ! আমার যে ভক্তগণ সর্ব্বদা হৃদয়ে মচ্চিন্তাপরায়ণ হইয়া ঐ পবিত্র-স্থান-সমূহে আগমন করে, তাহারা সর্ব্বজীবের শ্রেষ্ঠ হয়। যাহারা ঐ বিশুদ্ধ-স্থানে গমনরূপ ধর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা অযুত অর্ব্বুদ কোটি ও পদ্ম অযুত বর্ষ রুদ্রলোকে অবস্থান করে। হে বিভীষণ! পাপিষ্ঠ, ক্রূরকর্ম্মা ম্লেচ্ছ, স্ত্রীলোক বা ক্লীব, ইহারাও যদি যে-কোন সূত্রে পূর্ব্বোক্ত স্থানসমূহে গমন করিয়া থাকে পরে, তাহাদিগের যে-কোন অপবিত্র স্থানে মৃত্যু হইলেও শিবসান্নিধ্য-রূপ সদ্গতি হয়। পৃথিবীতে যে সকল মানব পূর্ব্বোক্ত অষ্ট গুহ্য-স্থান স্থিত, মল্লিঙ্গের অর্চ্চনা করে, হে বিভীষণ! আমি সন্তুষ্ট হইয়া, তাহাদিগকে গণের আধিপত্য প্রদান করি ও সেই মদ্ভক্তেরা সকল পাপ হইতে মুক্ত হইয়া আমার সন্নিধানে আগমন পূর্ব্বক পরমগতি লাভ করে। তাহাদিগের যজ্ঞ

...ত্বা তপো মহাঘোরং যৎ ফলং লভতে নরঃ।
...ৰে মমার্চ্চনাদেব লভতে ফলমুত্তমম্ ॥ ২৩
...যাগে মাঘমাসস্থ স্নাত্বা যল্লভতে ফলম্।
...ৎ ফলং ব্যাস সকলং লভতে নাত্র সংশয়ঃ ॥ ২৪
...হোরাত্রশতং স্নাত্বা যৎ ফলং লভতে নরঃ।
...ন্দ্রায়ণশতং কৃত্বা যৎ ফলং লভতে নরঃ ॥ ২৫
...ৎ ফলং লভতে মর্ত্ত্যো মম লিঙ্গাদিপূজনে ॥ ২৬
...র্ণানাং সহস্রেণ যৎ ফলং প্রাপ্যতে নরৈঃ
...মূত্রযাবকাহার-শাকভিক্ষাশনৈস্তথা।
...ৎ ফলং লভতে মর্ত্ত্যো লভতে মমার্চ্চনাৎ ॥ ২৭
...লপ্রস্থশতান্যষ্টৌ দত্ত্বা বিপ্রায় যৎ ফলম্।
...ৎ ফলং লভতে মর্ত্ত্যো মম লিঙ্গার্চ্চনে কৃতে ॥ ২৮
...ঘ্নঃ পিতৃঘ্নো গোঘ্নঃ সুরাপো গুরুতল্পগঃ।
...ঙ্গার্চ্চনরতাস্তে যে প্রাপ্নুবন্তি গতিমুত্তমাম্ ॥ ২৯
...ণ্য লভতে নিত্যং লিঙ্গার্চ্চনাদ্বিভীষণ।
...পসা মনসা চৈব দানেনৈব তু যৎ ফলং ॥ ৩০
...ভ্যাসেনৈব তত্ত্বজ্ঞৈর্ব্রতৈর্যোগপরায়ণৈঃ।

তৎ সর্ব্বং লভতে প্রাজ্ঞো মম লিঙ্গার্চ্চনে রতঃ ॥
অহং কর্ত্তা চ হর্ত্তা চ স্রষ্টা চাপি যুগে যুগে।
প্রভবঃ সর্ব্বভূতানাং মহাত্মা নাত্র সংশয়ঃ ॥ ৩২
অহং ব্রহ্মা চ বিষ্ণুশ্চ সোমশ্চাহং মহামুনে।
যৎকিঞ্চিদ্দৃশ্যতে লোকে সর্ব্বমহং বিভীষণ ॥ ৩৩
কামশ্চৈবাথ বায়ুশ্চ নানা ঋষয় এব চ।
পূজ্যমানে প্রমাণে চ অহং কৃতিরসংশয়ঃ ॥ ৩৪
এবং হি ধনদো বজ্রী ভাস্করঃ সোম এব চ।
যমো ব্রহ্মা স্কন্দশ্চ সর্ব্বমহং বিভীষণ ॥ ৩৫
বসন্তো গ্রীষ্মকালশ্চ হেমন্তঃ শিশিরস্তথা।
প্রাবৃট্কালশ্চ বিজ্ঞেয়ঃ শরৎকালো মহানদী ॥ ৩৬
বাসুকী তক্ষকশ্চৈব অনন্তো নাগরাট্ তথা ॥ ৩৭
পর্ব্বতো মন্দরো মেরুঃ কৈলাসো গন্ধমাদনঃ।
মেরুশ্চাহং ত্রিকূটশ্চ পারিযাত্রশ্চ পর্ব্বতঃ ॥ ৩৮
চন্দ্রো দ্রুমশ্চ শৈলেন্দ্রো মৈনাকশ্চ বিভীষণ।
প্রহ্লাদশ্চ গতহ্লাদঃ ক্ষীরোদেক্ষুরসস্তথা ॥ ৩৯
লবণশ্চৈব বিজ্ঞেয়ো লোহিতশ্চ বিভীষণ।
স্থাবরং জঙ্গমঞ্চৈব অহমেকো ন সংশয়ঃ ॥ ৪০
বৎসং মাসাশ্চ পক্ষাশ্চ অহোরাত্রং বিভীষণ

যখন ব্রহ্মার কার্য্য এবং করণ সম্যক্ সিদ্ধ হয়, তখন সেই অণ্ডে ব্রহ্ম-নামক ক্ষেত্রজ্ঞ বৃদ্ধি প্রাপ্ত হন। ১১—২১। তিনিই প্রথম শরীরী এবং তাঁহাকেই পুরুষ বলা হয়। তিনি ব্রহ্মা এবং ভূতদিগের আদি-কর্ত্তা। সেই অভিমানী ব্রহ্মার অপ্রতিমা, জ্ঞান-বৈরাগ্য-লক্ষণা, ধর্ম্মৈশ্বর্য্যকরী ব্রাহ্মী নামে বুদ্ধি উৎপন্ন হয়। সেই ব্রহ্ম যাহা যাহা ইচ্ছা করিতে লাগিলেন, সেই সমুদয় বস্তু অব্যক্ত হইতে উৎপন্ন হইল। সেই ব্রহ্মা স্বভাবতঃ বশীকৃত, ত্রিগুণ এবং পরাপেক্ষী হওয়ায় ত্রৈলোক্য মধ্যে আপনাকে তিন প্রকারে বিভক্ত করিয়াছিলেন;—একরূপে সৃজন করিলেন, একরূপে গ্রাস করিলেন এবং একরূপে রক্ষণা-বেক্ষণ করিলেন। তিনি সৃষ্টিকার্য্যে চতুর্ম্মুখ, সংহার-কার্য্যে যম এবং পালনকার্য্যে সহস্রশীর্ষা পুরুষ;—ব্রহ্মার এই তিন অবস্থা। সেই প্রভু ঈশ্বরের সৃষ্টিকর্ত্তৃত্ব বিষয়ে সত্ব ও রজোগুণ; সংহার বিষয়ে তমোগুণ এবং পালনকর্ত্তৃত্ব বিষয়ে কেবল সত্বগুণ কারণ,—এই তিন ... তাঁহার ... বিভাগ ...

ত্র চতুর্ব্বক্ত্রা ব্রহ্মাণো হরয়ো ভবাঃ ॥ ৪২
প্রধানেন তথা লব্ধা শম্ভোস্ত সন্নিধিম্।
শ্বরঃ পরোঽব্যক্তাদণ্ডমব্যক্তসম্ভবম্।
াজজ্ঞে বিভুর্ব্রহ্মা লোকাস্তেন কৃতাস্ত্বিমে ॥৪৩
অবুদ্ধিপূর্ব্বঃ কথিতো ময়ৈষ
প্রধানসর্গঃ প্রথমঃ প্রবৃত্তঃ।
াত্যন্তিকশ্চ প্রলয়োঽন্তকালে
লীলাকৃতঃ কেবলমীশ্বরস্ত ॥ ৪৪
স্তং স্মৃতং কারণমপ্রমেয়ং
স্ম প্রধানং প্রকৃতেঃ প্রসূতিঃ।
নাদিমধ্যান্তমনন্তবীর্য্যং
কং সুরক্তং পুরুষেণ যুক্তম্ ॥ ৪৫
ংপাদকত্বাদ্রজসোঽতিরেকা-
াকস্য সন্তানবিবৃদ্ধিহেতুন্।
ষ্টৌ বিকারানপি চাদিকালে
া সমশ্নাতি তথান্তকালে ॥ ৪৬
ত্যবস্থাপিতকারণানাং
ংস্থিতির্যা চ পুনঃ প্রবৃত্তিঃ।
তৎ সর্ব্বমপ্রাকৃতবৈভবস্য
সঙ্কল্পমাত্রেণ মহেশ্বরস্য ॥ ৪৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং পূর্ব্বভাগে লোকোৎপত্তিবর্ণনং নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ।

মুনয় উচুঃ।

মন্বন্তরাণি সর্ব্বাণি কল্পভেদাংশ্চ সর্ব্বশঃ।
তেষ্বাবান্তরসর্গঞ্চ প্রতিসর্গঞ্চ নো বদ ॥ ১

বায়ুরুবাচ।

কালসংখ্যাবিবৃত্তস্য পরার্দ্ধো ব্রহ্মণঃ স্মৃতঃ।
তাবাংশ্চৈবাস্য কালোঽন্যস্তস্যান্তে প্রতিসৃজ্যতে ॥
দিবসে দিবসে তস্য ব্রহ্মণঃ পূর্ব্বজন্মনঃ।
চতুর্দ্দশ মহাভাগা মনূনাং পরিবৃত্তয়ঃ ॥ ৩
অনাদিনাদনন্তত্বাদজ্ঞেয়ত্বাচ্চ কৃৎস্নশঃ।

অবস্থিত এবং প্রতি অণ্ডেই চতুর্ম্মুখ ষ্ণু এবং শিব অবস্থান করেন; ইঁহারা সন্নিকর্ষপ্রাপ্ত প্রধানকর্তৃক সৃষ্ট।। সেই মহেশ্বর অব্যক্ত হইতে ষ্ঠ এবং অণ্ড অব্যক্ত হইতে উৎ-ণ্ড হইতে পরম ঐশ্বর্য্যশালী ব্রহ্মা ইয়াছেন। এই সকল লোক আবার ক সৃষ্ট হইয়াছে। আমি এই যে র্গের বিষয় কীর্ত্তন করিলাম, ইহার ানরূপ অবিদ্যা। পরিণামে ইহার প্রলয় হইবে। ইহা পরমেশ্বরের লামাত্র। অজ্ঞেয় ব্যাপক প্রধানই র কারণ, উহা হইতেই অপর কারণ ন্ন হইয়াছে; উহা আদি মধ্য ও অনন্তবীর্য্য, সত্ত্বরজোগুণান্বিত এবং সংযুক্ত। ঐ প্রধান, উৎপাদন-ক্ত রজোগুণযুক্ত লোক-বিস্তারের প্রথমে অষ্টবিধ বিকারের সৃজন কালে আবার তাহাদিগকে ... করেন। প্রলয়কালে কারণ সকল যে প্রকৃতিতে লীন হইয়া অবস্থান করে এবং সৃষ্টি-কালে তাহাদের পুনর্ব্বার যে প্রবৃত্তি হয়, এ সকলই সেই অপ্রাকৃত ঐশ্বর্য্যশালী পরমেশ্বরের ইচ্ছামাত্র ঘটিয়া থাকে। ৩৬—৪৭।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

মুনিগণ বলিলেন,—এক্ষণে আমাদিগের নিকট সমুদয় মন্বন্তর, সমুদয় কল্প এবং সেই সেই মন্বন্তরে যে সকল অবান্তর-সর্গ ও প্রতি-সর্গ হইয়াছে, তাহাদিগের বিষয় কীর্ত্তন করুন। বায়ু বলিলেন,—ব্রহ্মার জীবনের পূর্ব্বভাগের কালসংখ্যা পরার্দ্ধ এবং উহার উত্তরভাগের কালেরও ঐ পরিমাণ; উহার অন্তে সৃষ্টির সংহার হয়। হে মহাভাগগণ! সেই সকলের প্রথমে উৎপন্ন ব্রহ্মার এক একটী দিবসে চতুর্দ্দশটী করিয়া মনুর পরিবর্ত্তন হয় ...

মন্বন্তরাণি কল্পাশ্চ ন শক্যাবচনাঃ পৃথক্ ॥ ৪
উক্তেষ্বপি চ সর্ব্বেষু শৃণ্বতাং বোহধবা মম।
কিমিহাস্তি ফলং তস্মান্ন পৃথগ্বক্তুমুৎসহে ॥ ৫
য এব খলু কল্পেষু কল্পঃ সম্প্রতি বর্ত্ততে।
তত্র সংক্ষিপ্য বর্ত্তন্তে সৃষ্টয়ঃ প্রতিসৃষ্টয়ঃ ॥ ৬
যস্ত্বয়ং বর্ত্ততে কল্পো বারাহো নাম নামতঃ।
অস্মিন্নপি দ্বিজশ্রেষ্ঠা মনবস্তু চতুর্দ্দশ ॥ ৭
স্বায়ম্ভুবাদয়ঃ সপ্ত সপ্ত সাবর্ণিকাদয়ঃ।
তেষু বৈবস্বতো নাম সপ্তমো বর্ত্ততে মনুঃ ॥ ৮
মন্বন্তরেষু সর্ব্বেষু সর্গসংহারবৃত্তয়ঃ।
প্রায়ঃ সমা ভবন্তীতি তর্কঃ কার্য্যো বিজানতা ॥৯
পূর্ব্বকল্পে পরাবৃত্তে প্রবৃত্তে কালমারুতে।
সমুন্মূলিতমূলেষু বৃক্ষেষু চ বনেষু চ ॥ ১০
জগন্তি তৃণবৎ ত্রীণি দেবে দহতি পাবকে।
বৃষ্ট্যা ভুবি নিষিক্তায়াং বিবেলেষর্ণবেষু চ ॥ ১১
দিক্ষু সর্ব্বাসু মগ্নাসু বারিপূরে মহীয়সি।
তরঙ্গিতচটুলাক্ষেপৈস্তরঙ্গভুজমণ্ডলৈঃ ॥ ১২
প্রারব্ধচণ্ডনৃত্যেষু ততঃ প্রলয়বারিষু।
ব্রহ্মা নারায়ণো ভূত্বা সুষ্বাপ সলিলে সুখম্ ॥
ইমঞ্চোদাহরন্ মন্ত্রং শ্লোকং নারায়ণং প্রতি।
আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূ[illegible]
অয়নং তস্য তা যস্মাৎ তেন নারায়ণঃ স্মৃতঃ
শিবযোগময়ীং নিদ্রাং কুর্ব্বন্তং ত্রিদশেশ্বরম্
বদ্ধাঞ্জলিপুটাঃ সিদ্ধা জনলোকনিবাসিনঃ।
স্তোত্রৈঃ প্রবোধয়ামাসুঃ প্রভাতসময়ে সুরা[illegible]
ততঃ প্রবুদ্ধ উত্থায় শয়নাৎ তোয়মধ্যগাৎ।
উদৈক্ষত দিশঃ সর্ব্বা যোগনিদ্রালসেক্ষণঃ।
নাপশ্যৎ স তদা কিঞ্চিৎ স্বাত্মনো ব্যতিরে[illegible]
সবিস্ময় ইবাসীনঃ পরাং চিন্তামুপাগমৎ।[illegible]
ক সা ভগবতী যা তু মনোজ্ঞা মহতী মহী

অনন্ত এবং অজ্ঞেয় হওয়ায় সমুদয় মন্বন্তর ও কল্প সম্বন্ধে তন্ন তন্ন করিয়া বলা দুষ্কর। অথবা সেই সকলের কথা তন্ন তন্ন করিয়া বলিলেও আমার নিকট শ্রবণ করিয়া তোমাদের কোন বিশেষ ফল লাভ হইবে না; এই নিমিত্ত আমি সেরূপে বর্ণনা করিতে ইচ্ছা করি না। সমুদয় কল্পের মধ্যে এক্ষণে যে কল্প চলিতেছে, ইহাতেও ছোট ছোট অনেক সৃষ্টি ও প্রতিসৃষ্টি অর্থাৎ প্রলয় আছে। এই বর্ত্তমান কল্পের নাম বারাহ কল্প। হে দ্বিজশ্রেষ্ঠগণ! এই কল্পেও চতুর্দ্দশ মনুর উৎপত্তি শুনা যায়। স্বায়ম্ভুব আদি সাত জন এবং সাবর্ণিক আদি সাত জন—এই চৌদ্দটী মনু। ইঁহাদের মধ্যে বৈবস্বত নামে সপ্তম মনু, বর্ত্তমান সময়ের অধিপতি। সকল মন্বন্তরেই সৃষ্টি এবং সংহারের প্রায় একই প্রক্রম; অতএব জ্ঞানবানের সে সম্বন্ধে আপনা আপনিই বিচার করিয়া দেখা উচিত। পূর্ব্ব কল্প শেষ হইলে, প্রলয় বায়ু বহিতে থাকিলে এবং তাহা দ্বারা সমুদায় বন ও বৃক্ষ সকল উন্মূলিত হইলে, প্রলয়-অগ্নি দ্বারা [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

প্লাবিত ও অর্ণব সকল উদ্বেল হই[illegible] সেই অতি মহান জলরাশিতে সমু[illegible] নিমগ্ন হইয়াছিল। তাহার পর সুবৃহৎ [illegible] মণ্ডলের ন্যায় চঞ্চল তরঙ্গ সকল [illegible] বিক্ষেপপূর্ব্বক সেই প্রলয়ের বারিরাশি [illegible] বেগে নৃত্য করিতে আরম্ভ করিলে[illegible] নারায়ণের সহিত অভিন্ন হইয়া সেই [illegible] উপর সুখে শয়ন করিয়াছিলেন। তিনি[illegible] ণের উদ্দেশে এই শ্লোক উচ্চারণ[illegible] ছিলেন;—"আপ অর্থাৎ জল নরসূনু, [illegible] উহার নাম নারা। ঐ নারা (জল) কালে যাঁহার বিশ্রামস্থান, তাঁহার নাম[illegible] য়ণ।"১—১৫। তখন ত্রিদশেশ্বর [illegible] শিবের যোগময়ী নিদ্রায় অভিভূত হই[illegible] এবং জনলোক-নিবাসী দেবগণ প্রা[illegible] স্তোত্র পাঠ করিয়া তাঁহাকে প্রবু[illegible] অনন্তর ভগবান্ নারায়ণ প্রবোধ প্রা[illegible] জলমধ্যগত শয়ন হইতে উত্থান কর[illegible] যোগনিদ্রায় অলস চক্ষু দ্বারা সকল দি[illegible] লোকন করেন। তিনি তখন আপ[illegible] অতিরিক্ত কিছুই দেখিতে পান না[illegible] [illegible]

বিধমহাশৈল-নদী-নগর-কাননা ॥ ১৯
সঞ্চিন্তয়ন্ ব্রহ্মা বুবুধে নৈব ভূস্থিতিম্।
সস্মার পিতরং ভগবন্তং ত্রিলোচনম্ ॥ ২০
দেবদেবস্য ভবস্যামিততেজসঃ।
জ্ঞবান্ সলিলে মগ্নাং ধরণীং ধরণীপতিঃ ॥ ২১
ভূমেঃ সমুদ্ধারং কর্তুকামঃ প্রজাপতিঃ।
ক্রীড়োচিতং দিব্যং বারাহং রূপমস্মরৎ ॥ ২২
তবপুষং মহাজলদনিস্বনম্।
প্রতীকাশং দীপ্তশব্দং ভয়ানকম্ ॥ ২৩
ঘনস্কন্ধং পীনোন্নতকটীতটম্।
রুজঙ্ঘাগ্রং সুতীক্ষ্ণখুরমণ্ডলম্ ॥ ২৪
গমণিপ্রখ্যং বৃত্তভীষণলোচনম্।
মহাগাত্রং স্তব্ধকর্ণস্থলোজ্জ্বলম্ ॥ ২৫
চ্ছাসনিশ্বাস-ঘূর্ণিতপ্রলয়ার্ণবম্।

হন। তিনি চিন্তা করেন,—যাহার নানাবিধ মহাশৈল, নদী, নগর এবং সকল শোভিত ছিল, সেই ভগবতী হারিণী পৃথিবী এখন কোথায়? ব্রহ্মা চিন্তাপরায়ণ হইয়াও পৃথিবীর স্থিতি পারেন না, তখন তিনি আপনার পিতা কে স্মরণ করেন। সেই অমিততেজা বের স্মরণমাত্রেই ধরণীর অধিপতি ব্রহ্মা জানিতে পারেন যে, পৃথিবী নিমগ্না হইয়াছেন। তখন সেই তি ব্রহ্মা পৃথিবীর উদ্ধার করিতে ষী হইয়া জলক্রীড়নসমর্থ দিব্য বারাহ স্মরণ করেন; সেই বরাহ—মহা-ের ন্যায় বিশাল কলেবর, মহামেঘের শব্দায়মান, নীলমেঘের ন্যায় প্রভাশালী দেখিতে ভয়ানক ও গর্ব্বিতভাবে শব্দ- তাঁহার স্কন্ধ পীন ও বর্ত্তুলাকার এবং পীন ও উন্নত। তাঁহার উরুদ্বয় ও অগ্রভাগ ছোট এবং বর্ত্তুলাকার, আর অতিশয় সুতীক্ষ্ণ। চক্ষু পদ্মরাগমণির গোল গোল এবং ভীষণ। গাত্র ও দীর্ঘ, কর্ণ স্তব্ধ এবং সর্ব্বশরীর তাঁহার শ্বাস ও প্রশ্বাস দ্বারা প্রলয়-

বিস্ফুরৎসুসটাচ্ছন্নকপোলং স্কন্ধবন্ধুরম্ ॥ ২৬
মণিভির্ভূষণৈশ্চিত্রৈর্মহারত্নৈঃ পরিষ্কৃতৈঃ।
বিরাজমানং বিদ্যুদ্ভির্মেঘসঙ্ঘমিবোন্নতম্ ॥ ২৭
আস্থায় বিপুলং রূপং বারাহমমিতং বিধিঃ।
পৃথিব্যুদ্ধরণার্থায় প্রবিবেশ রসাতলম্ ॥ ২৮
স তদা শুশুভেঽতীব শূকরো গিরিসন্নিভঃ।
লিঙ্গাকৃতের্মহেশস্য পাদমূলগতো যথা ॥ ২৯
ততঃ স সলিলে মগ্নাং পৃথিবীং পৃথিবীধরঃ।
উদ্ধৃত্যালিঙ্গ্য দংষ্ট্রাভ্যামুন্মমজ্জ রসাতলাৎ ॥ ৩০
তং দৃষ্ট্বা মুনয়ঃ সিদ্ধা জনলোকনিবাসিনঃ।
মুমুদুর্ননৃতুর্মূর্দ্ধ্নি তস্য পুষ্পৈরবাকিরন্ ॥ ৩১
বপুর্মহাবরাহস্য শুশুভে পুষ্পসংবৃতম্।
পতদ্ভিরিব খদ্যোতৈঃ প্রাংশুরঞ্জনপর্ব্বতঃ ॥ ৩২
ততঃ সংস্থানমানীয় বরাহো মহতীং মহীম্।
স্বমেব রূপমাস্থায় স্থাপয়ামাস বৈ প্রভুঃ ॥ ৩৩
পৃথিবীঞ্চ সমীকৃত্য পৃথিব্যাং স্থাপয়ন্ গিরীন্।

কালীন সমুদ্র ঘূর্ণায়মান, গণ্ডদেশ প্রদীপ্ত জটা দ্বারা আচ্ছন্ন এবং স্কন্ধ বন্ধুর। বিচিত্র এবং পরিষ্কৃত মণি ও রত্নময় ভূষণ দ্বারা অলঙ্কৃত হওয়ায় তিনি, বিদ্যুৎ দ্বারা পরিশোভিত উন্নত মেঘের ন্যায়, বিরাজমান। ব্রহ্মা এতাদৃশ বিশাল বরাহরূপ ধারণ করিয়া পৃথিবী-উদ্ধারের নিমিত্ত রসাতলে প্রবেশ করিলেন। সেই পর্ব্বত-সদৃশ দীর্ঘকায় শূকর, শিবলিঙ্গের পাদ-পীঠের ন্যায়, শোভা পাইয়াছিলেন। অনন্তর সেই পৃথিবীধর বরাহ দংষ্ট্রাদ্বয় দ্বারা ধারণ করত প্রলয়-জলধি-জলে নিমগ্ন পৃথিবীকে উদ্ধার করিয়া রসাতল হইতে উত্থাপিত করিলেন। তাঁহাকে দেখিয়া জনলোক-নিবাসী সিদ্ধ এবং মুনিগণ আনন্দভরে নৃত্য করত তাঁহার মস্তকে পুষ্পবৃষ্টি নিক্ষেপ করিয়াছিলেন। সেই মহা-বরাহের শরীর পুষ্প দ্বারা আচ্ছাদিত হইয়া, উড্ডীয়মান খদ্যোতমালায় শোভিত অত্যুচ্চ কৃষ্ণপর্ব্বতের ন্যায়, শোভা পাইয়াছিল। অনন্তর বরাহদেব এই বিশাল পৃথিবীর সংস্থান করিয়া নিজরূপ ধারণপূর্ব্বক পৃথিবীকে [illegible] স্থাপন করিলেন। [illegible]

ভূরাদ্যাংশ্চতুরো লোকান্ কল্পয়ামাস পূর্ব্ববৎ।
ইতি সহ মহতীঞ্চ মহীং মহীধ্রৈঃ
প্রলয়মহাজলধের্য্যথাস্থমধ্যাৎ।
উপরি চ বিনিবেশ্য স বিশ্বকর্ম্মা
চরমচরঞ্চ জগৎ সসর্জ্জ ভূয়ঃ। ৩৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং পূর্ব্বভাগে পৃথিব্যুদ্ধারবর্ণনং নাম নবমোহধ্যায়ঃ॥ ৯॥

দশমোহধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

সর্গং চিন্তয়তস্তস্য তদা বৈ বুদ্ধিপূর্ব্বকম্।
প্রধ্যানকালে মোহস্তু প্রাদুর্ভূতস্তমোময়ঃ॥ ১
তমোমোহো মহামোহস্তামিস্রশ্চান্ধসংজ্ঞিতঃ।
অবিদ্যা পঞ্চমী চৈষা প্রাদুর্ভূতা মহাত্মনঃ॥ ২
পঞ্চধাবস্থিতঃ সর্গো ধ্যায়তস্ত্বভিমানিনঃ।
সর্ব্বতস্তমসাতীব বীজকুম্ভবদাবৃতঃ॥ ৩

পৃথিবীকে সমতল করিয়া তাহাতে পর্ব্বত সকল স্থাপন করিলেন এবং পূর্ব্বের মত পৃথিবী আদি চারি লোকের কল্পনা করিলেন। সেই বিশ্বকর্ম্মা বিধি এইরূপ পর্ব্বতগণের সহিত পৃথিবীকে প্রলয়-জলধির মধ্য হইতে উপরে স্থাপিত করিয়া পুনর্ব্বার চরাচরাত্মক জগতের সৃজন করিলেন। ১৬—৩৫।

নবম অধ্যায় সমাপ্ত॥ ৯॥

দশম অধ্যায়।

বায়ু বলিলেন,—সেই ব্রহ্মা বুদ্ধিপূর্ব্বক সৃষ্টিচিন্তা করিতেছেন, এমন সময়ে তাঁহার তমোময় মোহ প্রাদুর্ভূত হইল। সেই মহাত্মার তমোমোহ, মহামোহ, তামিস্র, অন্ধতামিস্র এবং অবিদ্যা প্রাদুর্ভূত হইল। সেই ধ্যানপরায়ণ অভিমানী ব্রহ্মার পঞ্চ প্রকারে [illegible]

বহিরন্তশ্চাপ্রকাশঃ স্তব্ধো নিঃসংজ্ঞ এব চ।
তস্মাৎ তেষাং বৃতা বুদ্ধির্মুখানি করণানি চ॥
তস্মাত্তে সংবৃতাত্মানো নগা মুখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
তং দৃষ্ট্বাহসাধকং ব্রহ্মা প্রথমং সর্গমীদৃশম্॥
অপ্রসন্নমনা ভূত্বা দ্বিতীয়ং সোহভ্যমন্যত।
তস্যাভিধ্যায়তঃ সর্গং তির্য্যক্স্রোতোহভ্যবর্ত্তত।
অন্তঃপ্রকাশাস্তির্য্যঞ্চ আবৃতাশ্চ বহিঃ পুনঃ।
পশ্বাত্মানস্ততো জাতা উৎপথগ্রাহিণশ্চ তে॥
তমপ্যসাধকং জ্ঞাত্বা সর্গমন্যমমন্যত।
ততোহর্দ্ধস্রোতসো বৃত্তো দেবসর্গস্তু সাত্ত্বিকঃ।
তে সুখপ্রীতিবহুলা বহিরন্তশ্চ নাবৃতাঃ।
প্রকাশা বহিরন্তশ্চ স্বভাবাদ্দেবসংজ্ঞিতাঃ॥
ততোহভিধ্যায়তো ব্যক্তোহর্ব্বাক্স্রোতস্তু সাধকঃ
মনুষ্যনামা সঞ্জাতঃ সর্গো দুঃখসমুৎকটঃ॥ ১০

থাকে, সেইরূপ তমোগুণ দ্বারা চতুর্দ্দিক্ আবৃত ছিল। তাহারা বহিঃ ও অন্তরে প্রকাশশূন্য, স্তব্ধ এবং অচেতন হইয়াছিল, সেই নিমিত্ত তাহাদের বুদ্ধি, মুখ ও ইন্দ্রিয় আবৃত দিত ছিল। এই নিমিত্ত সেই সম্যক্ আবৃত দিত পদার্থেরা 'নগ' বলিয়া কীর্ত্তিত হ[illegible] প্রথম সৃষ্টিকে এইরূপে অভিমত[illegible] অযোগ্য বিবেচনা করিয়া ব্রহ্মা অপ্রস[illegible] হইলেন এবং অপর একটী সর্গের [illegible] করিলেন। তাঁহার তির্য্যক্স্রোতঃ নামে [illegible] সর্গ উৎপন্ন হইল। তাহাদের ভিতরে [illegible] অথচ বাহিরে আবরণ হইল এবং [illegible] কুটিলগামী স্বভাবতঃ অসন্মার্গে প্রবৃত্ত ও [illegible] স্বরূপ হইল। সেই সৃষ্টিকেও আ[illegible] অভিপ্রায়-সাধনে অক্ষম জানিয়া, ব্রহ্মা [illegible] একটী সৃষ্টির চিন্তা করিলেন, তাহাতে স[illegible] প্রধান দেবসর্গ সমুৎপন্ন হইল। ঐ [illegible] সৃষ্ট জীবগণ বহুল পরিমাণে সুখ[illegible] হইল, তাহাদের অন্তরে বা বাহিরে আবরণ রহিল না; কিন্তু প্রকাশময় [illegible] তাদৃশ প্রকাশময় স্বভাব হেতু তাহারা [illegible] অভিহিত হইল। ইহাতে ব্রহ্মা [illegible] হইয়া পুনর্ব্বার ধ্যানপরায়ণ হইলে [illegible]

।। বহিরন্তস্তে তমোদ্রিক্তা রজোঽধিকাঃ।
াঽনুগ্রহঃ সর্গশ্চতুর্দ্ধা সংব্যবস্থিতঃ ॥ ১১
য়েণ শক্ত্যা চ তুষ্ট্যা সিদ্ধ্যা তথৈব চ।
পরিগ্রাহিণঃ সর্ব্বে সংবিভাগরতাঃ পুনঃ ॥ ১২
াশ্চাপ্যশীলাশ্চ ভূতাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ।
মা মহতঃ সর্গো ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ ॥ ১৩
াণাং দ্বিতীয়স্তু ভূতসর্গঃ স উচ্যতে।
রিকস্তৃতীয়স্তু সর্গ ঐন্দ্রিয়কঃ স্মৃতঃ ॥ ১৪
প্রকৃতেঃ সর্গঃ সম্ভূতোঽবুদ্ধিপূর্ব্বকঃ।
র্গশ্চতুর্থস্তু মুখ্যা বৈ স্থাবরাঃ স্মৃতাঃ ॥ ১৫
স্রোতস্তু যঃ প্রোক্তস্তির্য্যগ্‌যোনিঃ স পঞ্চমঃ
স্রোতসঃ ষষ্ঠো দেবসর্গস্তু স স্মৃতঃ ॥ ১৬
র্বাক্‌স্রোতসাং সর্গঃ সপ্তমঃ স তু মানুষঃ।
অষ্টমোঽনুগ্রহঃ সর্গঃ কৌমারো নবমঃ স্মৃতঃ ॥ ১৭
প্রাকৃতাশ্চ ত্রয়ঃ পূর্ব্বে সর্গাস্তেঽবুদ্ধিপূর্ব্বকাঃ।
বুদ্ধিপূর্ব্বং প্রবর্ত্তন্তে মুখ্যাদ্যাঃ পঞ্চ বৈকৃতাঃ ॥ ১৮
অগ্রে সসর্জ্জ বৈ ব্রহ্মা মানসানাত্মনঃ সমান্।
সনন্দং সনকঞ্চৈব বিদ্বাংসঞ্চ সনাতনম্ ॥ ১৯
ঋভুং সনৎকুমারঞ্চ পূর্ব্বমেব প্রজাপতিঃ।
সর্ব্বে তে যোগিনো জ্ঞেয়া বীতরাগা বিমৎসরাঃ ॥
ঈশ্বরাসক্তমনসো ন চক্রুঃ সৃষ্টয়ে মতিম্।
তেষু সৃষ্টানপেক্ষেষু গতেষু সনকাদিষু ॥ ২১
স্রষ্টুকামঃ পুনর্ব্রহ্মা ততাপ পরমং তপঃ।
তস্যৈবং তপ্যমানস্য ন কিঞ্চিৎ সমবর্ত্তত ॥ ২২
ততো দীর্ঘেণ কালেন দুঃখাৎ ক্রোধো ব্যজায়ত।
ক্রোধাবিষ্টস্য নেত্রাভ্যাং প্রাপতন্নশ্রুবিন্দবঃ ॥ ২৩
ততস্তেভ্যোঽশ্রুবিন্দুভ্যো ভূতাঃ প্রেতাস্তদাভবন্।
সর্ব্বাংস্তানশ্রুজান্ দৃষ্ট্বা ব্রহ্মাত্মানমনিন্দত ॥ ২৪
তস্য তীব্রাভবন্মূর্চ্ছা ক্রোধামর্ষসমুদ্ভবা।

অভিমত অর্থের সাধক, দুঃখবহুল মনুষ্য হইল। উহাতে সৃষ্ট জীবগণ বাহিরে শীল এবং অন্তরে তমোময় রজোগুণ- হইল। পঞ্চম সর্গ ঈশ্বরের অনুগ্রহ উহা চারি প্রকারে ব্যবস্থিত হইল ;— বিপর্য্যয় অর্থাৎ বিরোধভক্তি দ্বারা শক্তি অর্থাৎ তপোজনিত সামর্থ্য দ্বারা, তুষ্টি অর্থাৎ পরমেশ্বরের প্রসাদ দ্বারা চতুর্থ সিদ্ধি অর্থাৎ সাধনের ফলপ্রাপ্তি যাহারা উক্ত চারি প্রকার অনুগ্রহ প্রাপ্তির ণ করিল না, তাহারা স্ত্রী ও ধনাদিতে হইল। তাহারা কেবল ভক্ষণাদিতৎপর, ভূত, প্রেত পিশাচাদি নামে প্রসিদ্ধ পরমেষ্ঠী ব্রহ্মা প্রথমে মহত্তের সৃষ্টি তাহার পর তন্মাত্রদিগের সৃষ্টি করেন ; ীয় সৃষ্টি ভূতসর্গ নামে অভিহিত হয়। রিক সৃষ্টি, উহা ঐন্দ্রিয়ক নামে -১৪। এই প্রাকৃত সর্গ অবুদ্ধি- হইয়াছে। চতুর্থ সৃষ্টিই মুখ্য ; রা মুখ্য বলিয়া প্রসিদ্ধ। তির্য্যক্- ম যে সৃষ্টি উক্ত হইয়াছে, ঐ পশুপক্ষীর সৃষ্টি হইয়াছে। তাহার তা নামে ষষ্ঠ সর্গ ; উহা দেব-সর্গ ন। তাহার পর [illegible]

স্রোতাদিগের সৃষ্টি ; উহা মানুষ-সর্গ বলিয়া প্রসিদ্ধ। অষ্টম অনুগ্রহ-সর্গ এবং নবম কৌমার সর্গ। প্রথম উক্ত তিন প্রকার প্রাকৃত সর্গ অবুদ্ধিপূর্ব্বক ; মুখ্য আদি পাঁচটী বৈকৃত সর্গ বুদ্ধিপূর্ব্বক। প্রজাপতি ব্রহ্মা অগ্রে আপনার তুল্য মানসপুত্র—সনন্দ, সনক, বিদ্বান্ সনাতন, ঋভু ও সনৎকুমারকে উৎপাদন করিলেন ; তাঁহারা সকলে যোগী, বীতরাগ এবং বিমৎসর হইয়াছিলেন। তাঁহাদের মন ঈশ্বরে আসক্ত থাকায়, তাঁহারা প্রজাসৃষ্টির জন্য অভিলাষ করেন নাই। সেই সনকাদি ঋষিগণ সৃষ্টিক্রিয়ায় পরাঙ্মুখ হইয়া গমন করিলে পর, ব্রহ্মা পুনর্ব্বার সৃজন করিতে ইচ্ছা করিয়া, অতিশয় উগ্র তপস্যা করিয়াছিলেন। তিনি তপস্যায় প্রবৃত্ত হইলে আর কিছুই হয় নাই। অনন্তর দীর্ঘকাল তপশ্চরণ জন্য দুঃখ বোধ হওয়াতে, তাঁহার মনে ক্রোধ উৎপন্ন হইল। ব্রহ্মা ক্রোধাবিষ্ট হইলে, তাঁহার নেত্র হইতে অশ্রুবিন্দু নিপতিত হইল। তাঁহার সেই অশ্রুবিন্দু হইতে ভূত-প্রেত আদি উৎপন্ন হইল। [illegible]

মূর্চ্ছিতশ্চ জহৌ প্রাণান্ ক্রোধাবিষ্টঃ প্রজাপতিঃ।
ততঃ প্রাণেশ্বরো রুদ্রো ভগবান্ নীললোহিতঃ।
প্রসাদমতুলং কর্ত্তুং প্রাদুরাসীৎ প্রভোর্মুখাৎ ॥২৬
দশধা চৈকধা চক্রে স্বাত্মানং প্রভুরীশ্বরঃ।
তে তেনোক্তা মহাত্মানো দশধা চৈকধা কৃতাঃ ॥২৭
সূক্ষ্মং সৃষ্টা ময়া বৎসা লোকানুগ্রহকারণাৎ।
তস্মাৎ সর্ব্বস্য লোকস্য স্থাপনায় হিতায় চ ॥ ২৮
প্রজাসন্তানহেতোশ্চ প্রযতধ্বমতন্দ্রিতাঃ।
এবমুক্তাশ্চ রুরুদুদ্রুবুশ্চ সমন্ততঃ ॥ ২৯
রোদনাদ্রাবণাচ্চৈব তে রুদ্রা নামতঃ স্মৃতাঃ।
যে রুদ্রাস্তে খলু প্রাণা যে প্রাণাস্তে মহাত্মকাঃ ॥
ততো মৃতস্য দেবস্য ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ।
ঘৃণী দদৌ পুনঃ প্রাণান্ ব্রহ্মপুত্রো মহেশ্বরঃ ॥৩১
প্রহৃষ্টবদনো রুদ্রঃ প্রাণপ্রত্যাগমাদ্বিভোঃ।

অভ্যভাষত বিশ্বেশো ব্রহ্মাণং পরমং বচঃ।
মা ভৈর্মা ভৈর্মহাভাগ বিরিঞ্চ জগতাং গুরো
ময়া তে প্রাণিতাঃ প্রাণাঃ সুখমুত্তিষ্ঠ সুব্রত
স্বপ্নানুভূতমিব তচ্ছ্রুত্বা বাক্যং মনোহরম্
হরং বিরীক্ষ্য শনৈর্নেত্রৈঃ ফুল্লাম্বুজপ্রভৈঃ
তথা প্রত্যাগতপ্রাণঃ স্নিগ্ধগম্ভীরয়া গিরা।
উবাচ বচনং ব্রহ্মা তমুদ্দিশ্য কৃতাঞ্জলিঃ ॥ ৩
ভো ভো বদ মহাভাগ আনন্দয়সি মে মনঃ
কো ভবান্ বিশ্বমূর্ত্তিস্ত্বং স্থিত একাদশাত্মকঃ
তস্য তদ্বচনং শ্রুত্বা ব্যাজহার মহেশ্বরঃ।
স্পৃশন্ করাভ্যাং ব্রহ্মাণং সুমুখাভ্যাং সুরে
মাং বিদ্ধি পরমাত্মানং তব পুত্রত্বমাগতম্।
এতে চৈকাদশা রুদ্রাস্ত্বাং সুরক্ষিতুমাগতাঃ
তস্মাৎ তীব্রামিমাং মূর্চ্ছাং বিপয় মদনুগ্রহা
প্রবুদ্ধশ্চ যথা পূর্ব্বং প্রজা বৈ স্রষ্টুমর্হসি।

নাকে নিন্দা করিলেন। তখন তাঁহার ক্রোধ এবং অমর্ষ হইতে মূর্চ্ছা উৎপন্ন হইল। ক্রোধাবিষ্ট সেই প্রজাপতি মূর্চ্ছিত হইয়া প্রাণ-ত্যাগ করিলেন। তাহার পর প্রাণের ঈশ্বর নীললোহিত ভগবান্ রুদ্র, অতুল অনুগ্রহ করিবার জন্য, তাঁহার মুখ হইতে প্রাদুর্ভূত হইলেন। তখন সকলের প্রভু সেই ঈশ্বর আপনাকে একাদশ প্রকারে বিভক্ত করিলেন, এই জন্য তাঁহাদের সংখ্যা একাদশ বলিয়া উক্ত হয়। "হে বৎসগণ! লোকের উপর অনু-গ্রহের জন্য তোমরা আমা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছ, অতএব সমুদয় লোকের স্থাপন ও হিতের জন্য এবং প্রজাদিগের বৃদ্ধিহেতু, তোমরা অনালস্য হইয়া যত্ন কর" এইরূপ উক্ত হইয়া তাঁহারা রোদন করিলেন এবং চারি দিকে দৌড়িলেন। সেইরূপে রোদন করিয়াছিলেন এবং দৌড়িয়া-ছিলেন বলিয়া, তাঁহাদের নাম রুদ্র হইল। যাঁহারা রুদ্র, তাঁহারাই প্রাণ এবং যাঁহারা প্রাণ, তাঁহারাই মহাত্মা। ২৫—৩০। অনন্তর ব্রহ্মার পুত্র মহেশ্বর দয়ার্দ্রি হইয়া মৃত পরমেষ্ঠী [illegible] পুনর্ব্বার [illegible] করিলেন। তখন [illegible]

বিশ্বপতি রুদ্র ব্রহ্মাকে অতি [illegible] বলিয়াছিলেন,—হে জগদ্‌গুরো [illegible] আপনি ভয় করিবেন না, ভয় করিবে[illegible] আমি আপনার প্রাণ প্রত্যর্পণ ক[illegible] হে সুব্রত! আপনি সুখে উত্থান [illegible] তখন ব্রহ্মা স্বপ্নানুভূতের ন্যায় সেই [illegible] হর বাক্য শ্রবণ করিয়া এবং প্রফুল্ল[illegible] নেত্র দ্বারা ধীরে ধীরে মহাদেবকে [illegible] করিয়া, রুদ্র হইতে পুনর্ব্বার প্রাণের [illegible] হওয়াতে তাঁহার উদ্দেশে কৃতাঞ্জলি হই[illegible] এবং গম্ভীর স্বরে বলিয়াছিলেন,—[illegible] ভাগ! আপনি আমার মনকে আনন্দি[illegible] তেছেন। হে বিশ্বমূর্ত্তে! আপনি কে[illegible] আকারে অবস্থান করিতেছেন? তাঁহা[illegible] বাক্য শ্রবণে সেই সুরেশ্বর সুমুখ-হস্ত[illegible] ব্রহ্মাকে স্পর্শ করত বলিয়াছিলেন,—[illegible] তোমার পুত্রভাবাপন্ন পরমাত্মা বলিয়া [illegible] এই একাদশ রুদ্র তোমার রক্ষার [illegible] আগত হইয়াছে। অতএব আমার [illegible] [illegible] ঘোর পরিত্যাগপূর্ব্বক প্র[illegible]

ভগবতা প্রোক্তো ব্রহ্মা প্রীতমনা হ্যভূৎ।
কেন বিশ্বাত্মা তুষ্টাব পরমেশ্বরম্ ॥ ৪০
ব্রহ্মোবাচ।
ভগবন্ রুদ্র ভাস্করামিততেজসে।
ভবায় দেবায় রসায়াম্বুময়াত্মনে ॥ ৪১
ক্ষিতিরূপায় সদা সুরভিণে নমঃ।
বায়বে তুভ্যং নমঃ স্পর্শময়াত্মনে ॥ ৪২
পতয়ে চৈব পাবকায়াতিতেজসে।
ব্যোমরূপায় শব্দমাত্রায় তে নমঃ ॥ ৪৩
উগ্রস্বরূপায় যজমানাত্মনে নমঃ।
সোমায় নমোঽস্ত্বমৃতমূর্ত্তয়ে ॥ ৪৪
মহাদেবং ব্রহ্মা লোকপিতামহঃ।
ন বিশ্বেশং গিরা প্রণতিপূর্ব্বয়া ॥ ৪৫
ভভব্যেশ মম পুত্র মহেশ্বর।
ত্বমুৎপন্নো মমাঙ্গেঽনঙ্গনাশন ॥ ৪৬

এই কথা বলিলে, বিশ্বাত্মা ব্রহ্মা প্রীতচিত্ত হইয়াছিলেন এবং নামা-ং আট প্রকার নাম দ্বারা সেই র স্তব করিয়াছিলেন,—হে ভগবন্ আপনাকে নমস্কার করি। আপনি ও অপরিমিত-তেজস্বী। হে দেব! ,—রস ও জলময়াত্মক; আপনাকে রি। সর্ব্বদা সৌরভ-বিশিষ্ট ক্ষিতি-রকে আমার নমস্কার। হে ঈশ! র্শময় বায়ু-স্বরূপ; আপনাকে নম-হ পশুপতে! আপনি অতি তেজো-স্বরূপ; হে ভীম! আপনি শব্দ-শি-স্বরূপ; আপনাকে নমস্কার। হে াপনি উগ্রমূর্ত্তি যজমান-স্বরূপ; মস্কার। হে মহাদেব! আপনি সোম-স্বরূপ; আপনাকে নমস্কার। হ ব্রহ্মা মহাদেবকে এইরূপে স্তব ত-বাক্যে তাঁহার নিকট প্রার্থনা গিলেন,—হে ভগবন্ মহেশ্বর! র পুত্র এবং ভূত ভবিষ্যৎ বর্ত্তর হে অনঙ্গনাশন! সৃষ্টিবৃদ্ধির ই আমার অঙ্গে উৎপন্ন হইয়াছেন।

তস্মাদ্ধতি কার্য্যেঽস্মিন্ ব্যাপৃতস্য মম প্রভো।
সাহায্যং কুরু সর্ব্বত্র স্রষ্টুমর্হসি স প্রজাঃ ॥ ৪৭
তেনৈবং যাচিতো দেবো রুদ্রস্ত্রিপুরমর্দ্দনঃ।
বাঢ়মিত্যেব তাং বাণীং প্রতিজগ্রাহ শঙ্করঃ ॥ ৪৮
ততঃ স ভগবান্ ব্রহ্মা হৃষ্টস্তমভিবন্দ্য চ।
স্রষ্টুং তেনাভ্যনুজ্ঞাতস্তথান্যাশ্চাসৃজৎ প্রজাঃ ॥ ৪৯
মরীচিভৃগ্বঙ্গিরসঃ পুলস্ত্যং পুলহং ক্রতুম্।
দক্ষমত্রিং বশিষ্ঠঞ্চ সোঽসৃজন্মনসৈব চ।
পুরস্তাদসৃজদ্ব্রহ্মা ধর্ম্মং সঙ্কল্পমেব চ।
ইত্যেতে ব্রহ্মণঃ পুত্রা দ্বাদশাদৌ প্রকীর্ত্তিতাঃ ॥ ৫১
সহ রুদ্রেণ সম্ভূতাঃ পুরাণা গৃহমেধিনঃ।
তেষাং দ্বাদশ বংশাঃ স্যুর্দিব্যা দেবগণার্চ্চিতাঃ ॥
প্রজাবন্তঃ ক্রিয়াবন্তো মহর্ষিভিরলঙ্কৃতাঃ।
অথ দেবাসুরপিতৄন্ মনুষ্যাংশ্চ চতুষ্টয়ম্ ॥ ৫৩
সহ রুদ্রেণ সিসৃক্ষুরম্ভাংস্যেতানি বৈ বিধিঃ।
সৃষ্ট্যর্থং বৈ সমাধায় ব্রহ্মাত্মানমযূযুজৎ ॥ ৫৪

অতএব হে প্রভো! এই মহৎ সৃষ্টিকার্য্যে ব্যাপৃত আমার সাহায্য করুন,—প্রজাদিগকে সৃজন করুন। ভগবান্ শঙ্কর ত্রিপুরমর্দ্দন রুদ্র, ব্রহ্মা কর্ত্তৃক এইরূপে যাচিত হইয়া "আচ্ছা তাহাই হইবে" এই কথা বলিলেন। অনন্তর ভগবান্ ব্রহ্মা প্রহৃষ্টান্তঃকরণে তাঁহাকে বন্দনা করিলেন এবং তৎকর্ত্তৃক সৃজন করিতে অনু-জ্ঞাত হইয়া আরও কতকগুলি প্রজা সৃজন করিলেন। তিনি মরীচি, ভৃগু, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, অত্রি এবং বশিষ্ঠ—ইঁহা-দিগকে মন দ্বারাই সৃজন করিলেন। সকল সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মা ধর্ম্ম এবং সঙ্কল্পের সৃজন করিয়াছিলেন। রুদ্রের সহিত এই দ্বাদশ পুত্র প্রথমে ব্রহ্মার উৎপন্ন হইয়াছিল। ইঁহারা সকলেই প্রাচীন ও গৃহস্থাশ্রমযুক্ত। ইঁহা-দিগের দিব্য ও দেবগণ-কর্ত্তৃক অর্চ্চিত দ্বাদশটী বংশ হইয়াছিল। ঐ সকল বংশ প্রজাবান্ ক্রিয়াবান্ এবং মহর্ষিগণকর্ত্তৃক অলঙ্কৃত হইয়া-ছিল। অনন্তর ব্রহ্মা রুদ্রের সহিত সেই দেব, অসুর, পিতৃ ও মনুষ্য, এই চারি [illegible]

মুখাদজনয়দ্দেবান্ পিতৄংশ্চৈবোপপক্ষতঃ।
জঘনাদসুরান্ সর্ব্বান্ প্রজননাদপি মানুষান্॥ ৫৫
অবস্করাৎ ক্ষুধাবিষ্টা রাক্ষসাস্তস্য জজ্ঞিরে।
পুত্রাস্তমোরজঃপ্রায়া বলিনস্তে নিশাচরাঃ॥ ৫৬
সর্পা যক্ষাস্তথা ভূতা গন্ধর্ব্বা সম্প্রজজ্ঞিরে।
বয়াংসি পক্ষতঃ সৃষ্টাঃ পক্ষিণো বক্ষসোঽসৃজৎ॥
মুখতোঽজাংস্তথা পার্শ্বাদুরগাংশ্চ বিনির্ম্মমে।
পদ্ভ্যাঞ্চাশ্বান্ সমাতঙ্গান্ শরভান্ গবয়ান্ মৃগান্॥৫৮
উষ্ট্রানশ্বতরাংশ্চৈব ন্যঙ্কূনন্যাংশ্চ জাতয়ঃ।
ওষধ্যঃ ফলমূলানি রোমভ্যস্তস্য জজ্ঞিরে॥ ৫৯
গায়ত্রীঞ্চ ঋচঞ্চৈব ত্রিবৃৎস্তোমং রথন্তরম্।
অগ্নিষ্টোমঞ্চ যজ্ঞানাং নির্ম্মমে প্রথমান্মুখাৎ॥ ৬০
যজূংষি ত্রৈষ্টুভং ছন্দঃ স্তোমং পঞ্চদশং তথা।
বৃহৎসাম তথোক্থঞ্চ দক্ষিণাদসৃজন্মুখাৎ॥ ৬১
সামানি জগতীচ্ছন্দঃ স্তোমং সপ্তদশং তথা।
বৈরূপমতিরাত্রঞ্চ পশ্চিমাদসৃজন্মুখাৎ॥ ৬২
একবিংশমথর্ব্বাণমাপ্তোর্য্যামাণমেব চ।
অনুষ্টুভং সবৈরাজমুত্তরাদসৃজন্মুখাৎ॥ ৬৩
উচ্চাবচানি ভূতানি গাত্রেভ্যস্তস্য জজ্ঞিরে।
যক্ষাঃ পিশাচা গন্ধর্ব্বাস্তথৈবাপ্সরসাং গণাঃ।
নর-কিন্নর-রক্ষাংসি বয়ঃ-পশু-মৃগোরগাঃ।
অব্যয়ঞ্চৈব যদিদং জগৎ স্থাবরজঙ্গমম্॥ ৬
তেষাং বৈ যানি কর্ম্মাণি প্রাক্‌সৃষ্ট্যাং প্রতিপে
তান্যেব তে প্রপদ্যন্তে সৃজ্যমানাঃ পুনঃ পুনঃ
হিংস্রাহিংস্রে মৃদুক্রূরে ধর্ম্মাধর্ম্মাবৃতানৃতে।
তদ্ভাবিতাঃ প্রপদ্যন্তে তস্মাৎ তৎ তস্য রোচ
মহাভূতেষু নানাত্বমিন্দ্রিয়ার্থেষু মূর্ত্তিষু।
বিনিয়োগঞ্চ ভূতানাং ধাতৈব বিদধৎ স্বয়ম্।
নাম রূপঞ্চ ভূতানাং প্রাকৃতানাং প্রপঞ্চন
বেদশব্দেভ্য এবাদৌ নির্ম্মমেঽসৌ পিতাম

উঁহাদের সৃষ্টির নিমিত্ত আপনাকে সমাধিতে নিযুক্ত করিলেন। তিনি আপনার মুখ হইতে দেবগণকে, কক্ষ প্রদেশ হইতে পিতৃগণকে, জঘন হইতে অসুরগণকে এবং শিশ্নপ্রদেশ হইতে মনুষ্যদিগকে সৃজন করিলেন। তাঁহার মলনির্গমস্থান হইতে ক্ষুধাবিশিষ্ট রাক্ষসেরা উৎপন্ন হইল। ঐ সকল পুত্র তমঃ রজোগুণপ্রধান, বলবান্ এবং নিশাচর হইল। ৫৫—৫৬। তাঁহার পার্শ্বদেশ হইতে সর্প, যক্ষ, ভূত, গন্ধর্ব্ব ও বয়োগণ উৎপন্ন হইল এবং বক্ষঃস্থল হইতে পক্ষী সকল সৃষ্ট হইল। তাঁহার মুখ হইতে ছাগ এবং তাঁহার পাদ হইতে হস্তী, অশ্ব, শরভ, গবয় এবং মৃগ সকল উৎপন্ন হইল। উষ্ট্র, অশ্বতর, ন্যঙ্কু এবং অন্যান্য জীব সকলও তাঁহার পাদ হইতে উৎপন্ন হইল; আর তাঁহার লোম হইতে ওষধি এবং ফলমূল সকল উৎপন্ন হইল। তিনি প্রথম মুখ হইতে গায়ত্রী, ঋগ্বেদ, ত্রিবৃৎস্তোম, রথন্তর এবং যজ্ঞের মধ্যে অগ্নিষ্টোমের নির্ম্মাণ করিলেন। তাঁহার দক্ষিণ মুখ হইতে যজুর্ব্বেদ, ত্রৈষ্টুভ [illegible] স্তোম, বৃহৎ সাম এবং উক্থ

সামবেদ, জগতী ছন্দ, সপ্তদশ স্তোম, এবং অতিরাত্র যজ্ঞ উৎপন্ন হইল। উত্তর মুখ হইতে একবিংশ অথ আপ্তোর্যামন্ নামে যজ্ঞ অনুষ্টুপ্ ছন্দ বৈরাজ নামে সাম উৎপন্ন হইল। শরীর হইতে নানাবিধ ভূত, যক্ষ, গন্ধর্ব্ব এবং অপ্সরোগণ উৎপন্ন হইল কিন্নর, রাক্ষস, পক্ষী, পশু, মৃগ, স বিনাশশূন্য এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ সকল তাঁহার শরীর হইতে উৎপন্ন ইহাদিগের পূর্ব্বসৃষ্টিতে যেমন সক থাকে, বারংবার সৃষ্ট হইয়াও ইহা কর্ম্মই প্রাপ্ত হয়। সেই ঈশ্বরকর্তৃক হইয়া জীবগণ হিংস্র, অহিংস্র, মৃদু কার্য্য), ক্রূর (নৈষ্ঠুর্য্য), ধর্ম্ম, অধর্ম্ম, মিথ্যার আসক্ত হয় এবং যাহাতে জা তাহাই তাহার ভাল লাগে। বি মহাভূত, ইন্দ্রিয়, ভোগ্যবস্তু ও মূর্ত্তি [illegible] এবং তাহাতে জীবের প্রবৃ করিয়াছেন। অনন্তর সেই পিতা [illegible] হইতেই প্রথমে প্রাকৃত [illegible] করিয়াছেন

।চৈব নামানি যাশ্চ বেদেষু দৃষ্টয়ঃ।
স্তু প্রসূতানাং তান্যেবৈভ্যো দদাবজঃ ॥৭০
চলিঙ্গানি নানারূপাণি পর্য্যয়ে।
তানি তান্যেব তথা ভাবা যুগাদিষু ॥ ৭১
করণোদ্ভূতো লোকসর্গঃ স্বয়ম্ভুবঃ।
া বিশেষান্তো বিকারঃ প্রকৃতেঃ স্বয়ম্ ॥৭২
্য্য-প্রভাজুষ্টো গ্রহ-নক্ষত্রমণ্ডিতঃ।
শ্চ সমুদ্রৈশ্চ পর্ব্বতৈশ্চ স মণ্ডিতঃ ॥ ৭৩
বিবিধৈ রম্যৈঃ স্ফীতৈর্জনপদৈস্তথা।
ব্রহ্মবনে ব্যক্তো ব্রহ্মা চরতি সর্ব্ববিৎ ॥৭৪
াজপ্রভব ঈশ্বরানুগ্রহে স্থিতঃ।
হাশাখ ইন্দ্রিয়ান্তরকোটরঃ ॥ ৭৫
প্রমাণশ্চ বিশেষামলপল্লবঃ।
শুপুষ্পাঢ্যঃ সুখদুঃখফলোদয়ঃ।
ঃ সর্ব্বভূতানাং ব্রহ্মবৃক্ষঃ সনাতনঃ ॥ ৭৬
মূর্দ্ধানং তস্য বিপ্রা বদন্তি
র নাভিং চন্দ্রসূর্য্যৌ চ নেত্রে।

দিশঃ শ্রোত্রে চরণৌ চ ক্ষিতিশ্চ
সোঽচিন্ত্যাত্মা সর্ব্বভূতপ্রণেতা।
বক্ত্রাৎ তস্য ব্রাহ্মণাঃ সম্প্রসূতা-
স্তদ্বক্ষসঃ ক্ষত্রিয়াঃ পূর্ব্বভাগাৎ।
বৈশ্যা উরুভ্যাং তস্য পদ্ভ্যাঞ্চ শূদ্রাঃ
সর্ব্বে বর্ণা গাত্রতঃ সম্প্রসূতাঃ ॥ ৭৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং পূর্ব্বভাগে সৃষ্টিনিরূপণকথনং নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

ভবতা কথিতা সৃষ্টির্ভবস্য পরমাত্মনঃ।
চতুর্ম্মুখমুখাৎ তত্র সংশয়ো নঃ প্রজায়তে ॥ ১
দেবশ্রেষ্ঠো বিরূপাক্ষো দীপ্তঃ শূলধরো হরঃ।
কালাত্মা ভগবান্ রুদ্রঃ কপর্দ্দী নীললোহিতঃ ॥ ২
সব্রহ্মকমিমং লোকং সবিষ্ণুঞ্চ সপাবকম্।

প নাম এবং জ্ঞান ছিল, অজ ব্রহ্মা রাত্রির অবসানে প্রসূত সেই সকল ইরূপ নাম ও জ্ঞান দান করিলেন। ার করণ হইতে উদ্ভূত লোকসর্গ এই-দি-বিশেষান্ত এবং সাক্ষাৎ প্রকৃতির । উহা চন্দ্র-সূর্য্য-প্রভায় আলো-ক্ষত্র দ্বারা সুশোভিত এবং নদী, ত, নানাবিধ সুরম্য পুর ও সমৃদ্ধ অলঙ্কৃত। সেই ব্রহ্মবনে সর্ব্বজ্ঞ ব্রহ্মা সর্ব্বদা বিচরণ করেন। ব্রহ্মা স বৃক্ষস্বরূপ, তিনি ঈশ্বরানুগ্রহরূপ াক্ত হইয়া অব্যক্ত হইতে উৎপন্ন বুদ্ধি ঐবৃক্ষের স্কন্ধ এবং মহৎ াগণ অভ্যন্তরস্থিত কোটরস্বরূপ; উহার পরিমাণ এবং বিশেষেরা রূপ; উহা ধর্ম্মাধর্ম্মরূপ সুপুষ্পে সুখ-দুঃখ উহার ফল এবং উহা আশ্রয়। হে বিপ্রগণ! বর্গ-য়ের মূর্দ্ধ [illegible]

লকে কর্ণ এবং পৃথিবীকে তাঁহার চরণরূপে নির্দ্দেশ করা হইয়াছে; তিনি অচিন্ত্যস্বরূপ এবং সকল ভূতের প্রণেতা। তাঁহার মুখ হইতে ব্রাহ্মণগণ, বক্ষঃস্থল হইতে ক্ষত্রিয়গণ, উরুদ্বয় হইতে বৈশ্যগণ এবং পাদদ্বয় হইতে শূদ্রগণ—এই সকল বর্ণ, তাঁহার গাত্র হইতে উৎপন্ন হইয়াছে। ৫৭—৭৮।

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে বায়ো! আপনি যে বলিলেন, পরমাত্মা ভব, চতুর্মুখের মুখ হইতে উৎপন্ন হইয়াছেন, এ বিষয়ে আমাদের একটী গুরুতর সংশয় [illegible]

যঃ সংহরতি সংক্রুদ্ধো যুগান্তে সমুপস্থিতে। ৩

যস্তু ব্রহ্মা চ বিষ্ণুশ্চ প্রণামং কুরুতো ভয়াৎ।
লোকসঙ্কোচকস্যাস্য যস্য তৌ বশবর্ত্তিনৌ। ৪

যোহয়ং দেবঃ স্বকাদঙ্গাদ্‌ব্রহ্মবিষ্ণু পুরাসৃজৎ।
স এব হি তয়োর্নিত্যং যোগক্ষেমকরঃ প্রভুঃ। ৫

স কথং ভগবান্ রুদ্র আদিদেবঃ পুরাতনঃ।
পুত্রত্বমগমচ্ছম্ভুর্ব্রহ্মণোঽব্যক্তজন্মনঃ। ৬

প্রজাপতিশ্চ বিষ্ণুশ্চ রুদ্রস্য তৌ পরস্পরম্।
সৃষ্টৌ পরস্পরস্যাঙ্গাদিতি প্রাগপি শুশ্রুম। ৭

কথং পুনরশেষাণাং ভূতানাং হেতুভূতয়োঃ।
গুণপ্রধানভাবেন প্রাদুর্ভাবঃ পরস্পরাৎ। ৮

নাপৃষ্টং ভবতা কিঞ্চিন্নাশ্রুতঞ্চ কথঞ্চন।
ভগবচ্ছিষ্যভূতেন ভবতা সকলং শ্রুতম্। ৯

যথাহ ভগবান্ ব্রহ্মা বদ ত্বমপি নস্তথা।
সর্ব্বমেতদ্‌যথাবৃত্তং বক্তুমর্হসি মারুত। ১০

সূত উবাচ।

এবং পৃষ্টঃ স ভগবান্ বায়ুরাকাশসম্ভবঃ।
সর্ব্বমেতৎ সমাসেন মুনীনামবদদ্বিভুঃ।

বায়ুরুবাচ।

স্থানে পৃষ্টমিদং বিপ্রা ভবদ্ভিঃ প্রশ্নকোবি
ইদমেব পুরা পৃষ্টো মম প্রাহ পিতামহঃ
তদহং সম্প্রবক্ষ্যামি যথা রুদ্রসমুদ্ভবঃ।
যথা চ পুনরুৎপত্তিব্রহ্ম-বিষ্ণোঃ পরস্পর
ত্রয়স্তে করণাত্মানো জাতাঃ সাক্ষান্মহেশ
চরাচরস্য বিশ্বস্য সর্গস্থিত্যন্তহেতবঃ। ১
পরমৈশ্বর্য্যসংযুক্তাঃ পরমেশ্বরভাবিতাঃ।
তচ্ছক্ত্যাধিষ্ঠিতা নিত্যং তৎকার্য্যকরণক্ষ
পিত্রা নিয়মিতাঃ পূর্ব্বং ত্রয়োঽপি ত্রিষু
ব্রহ্মা সর্গে হরিস্ত্রাণে রুদ্রঃ সংহরণে পু

ভগবান্ রুদ্র কালস্বরূপ। যুগান্ত উপস্থিত হইলে, তিনি ক্রুদ্ধ হইয়া ব্রহ্মা, বিষ্ণু এবং অগ্নির সহিত এই লোকের সংহার করেন। ব্রহ্মা ও বিষ্ণু ভয়ের সহিত তাঁহাকে প্রণাম করেন এবং ইঁহারা উভয়ে সেই লোকসংহার-কারী দেবের নিত্য বশবর্ত্তী হইয়া চলেন। সেই মহাদেবই প্রথমে ব্রহ্মা ও বিষ্ণুকে সৃজন করেন এবং সেই প্রভু শঙ্করই নিত্য ব্রহ্মা ও বিষ্ণুর যোগক্ষেম নির্ব্বাহ করেন। সেই পুরা-তন আদিদেব রুদ্র কিরূপে অব্যক্তোৎপন্ন ব্রহ্মার পুত্রত্ব লাভ করিয়াছেন? প্রজাপতি ব্রহ্মা এবং বিষ্ণু ইঁহারা দুজনে রুদ্র কর্ত্তৃক পরস্পরের অঙ্গ হইতে পরস্পর সৃষ্ট হইয়া-ছেন, ইহা আমরা শুনিয়াছি; কি প্রকারেই বা এই সমুদয় ভূতের কারণ-স্বরূপ সেই দুই জনের পরস্পর হইতে প্রধান ও অপ্রধানভাবে প্রাদুর্ভাব হইয়াছে? আপনার অবিজ্ঞাপিত কিছুই নাই এবং আপনার অশ্রুত কিছুই [illegible] নাই। আপনি [illegible] সেই [illegible] [illegible]

হে মারুত! এ সকল ঘটনা যেরূপে
ছিল, তৎসমুদয় আমাদের নিকট
করুন। ১—১০। সূত বলিলে
আকাশসম্ভব বিভু বায়ু এইরূপে
মুনিদিগের নিকট এই সমুদয় সংক্ষে
করিলেন। বায়ু বলিলেন,—হে
প্রশ্নকার্য্যে নিপুণ আপনারা অতি
প্রশ্ন করিয়াছেন ব্রহ্মাকে
কথা জিজ্ঞাসা করিলে, তিনি
এইরূপ বলিয়াছিলেন। অতএ
রুদ্রের উদ্ভব এবং ব্রহ্মা ও বি
উৎপত্তি হইয়াছে, আমি তাহা
ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র—কারণা
তিন জন, মহেশ্বর হইতে উৎপ
এবং ইঁহারাই এই চরাচর বিশ্বের
ও অন্তের হেতু। তাঁহারা সে
কর্ত্তৃক চালিত এবং পরম-ঐ
তাঁহারা সেই পরমেশ্বরের শক্তি
[illegible] এবং তাঁহার কার্য
[illegible] কর্ত্তৃক প্রথমে
[illegible] নিয়োজিত হয়ে; [illegible]

...স্তাহন্যমাৎসর্য্যাদন্যোহন্যাতিশয়াশিনঃ।
...তোষয়িত্বা স্বং পিতরং পরমেশ্বরম্ ॥ ১৭
...র্ব্বাত্মতা তস্য প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ।
...ারায়ণৌ পূর্ব্বং রুদ্রঃ কল্পান্তরেঽসৃজৎ ॥১৮
...রে পুনর্ব্রহ্মা রুদ্র-বিষ্ণূ জগন্ময়ঃ।
... ভগবান্ রুদ্রং ব্রহ্মাণমসৃজৎ পুনঃ ॥১৯
...ং পুনর্ব্রহ্মা ব্রহ্মাণঞ্চ পুনর্ভবঃ।
...ষু কল্পেষু ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাঃ ॥ ২০
...ণ জায়ন্তে পরস্পরজয়ৈষিণঃ।
...াত্তবৃত্তান্তমধিকৃত্য মহর্ষিভিঃ ॥ ২১
...কথ্যন্তে তেষাং পরস্পরসমুদ্ভবাৎ।
...ং কথাং চিত্রাং পুণ্যাং পাপপ্রমোচনীম্।
...ৎপুরুষে বৃত্তাং ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ ॥ ২২
...য়ণো নাম কল্পে বৈ মেঘবাহনে।
...সহস্রন্তু মেঘো ভূত্বাবহদ্ধরম্ ॥ ২৩

তস্য ভাবং সমালক্ষ্য বিষ্ণোর্বিশ্বজগদ্‌গুরুঃ।
শর্ব্বঃ সর্ব্বাত্মভাবেন প্রদদৌ শক্তিমব্যয়াম্ ॥ ২৪
শক্তিং লব্ধা তু সর্ব্বাত্মা শিবাৎ সর্ব্বেশ্বরেশ্বরাৎ।
সসর্জ্জ ভগবান্ বিষ্ণুর্বিশ্বং বিশ্বসৃজা সহ ॥ ২৫
বিষ্ণোস্তদ্বৈভবং দৃষ্ট্বা সৃষ্টস্তেন পিতামহঃ।
ঈর্ষ্যয়া পরয়া গ্রস্তঃ স হসন্নিদমব্রবীৎ ॥ ২৬
গচ্ছ বিষ্ণো ময়া জ্ঞাতং তব সর্গস্য কারণম্।
আবয়োরধিকশ্চাস্তি স রুদ্রো নাস্তি সংশয়ঃ ॥২৭
তস্য দেবাদিদেবস্য প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ।
স্রষ্টা ত্বং ভগবানাদ্যঃ পালকঃ পরমার্থতঃ ॥ ২৮
অহঞ্চ তপসারাধ্য রুদ্রং ত্রিদশনায়কম্।
ত্বয়া সহ জগৎ সর্ব্বং স্রক্ষ্যাম্যত্র ন সংশয়ঃ ॥২৯
এবং বিষ্ণুমুপালভ্য ভগবানব্জসম্ভবঃ।
এবং বিজ্ঞাপয়ামাস তপসা প্রাপ্য শঙ্করম্ ॥ ৩০
ভগবন্ দেবদেবেশ বিশ্বেশ্বর মহেশ্বর।

...তাঁহাদের পরস্পরের উপর মাৎসর্য্য ...স্পর পরস্পরের উপর আধিক্য লাভ ...ভিলাষী হইয়া, তপস্যা দ্বারা আপনা-...তা পরমেশ্বরকে সন্তুষ্ট করিয়াছিলেন। ...মেশ্বরের অনুগ্রহে তাঁহারা [illegible] ...য়াছিলেন। এই নিমিত্ত রু[illegible] ...ব্রহ্মা ও নারায়ণকে সৃজন [illegible] ...অন্য এক কল্পে জগন্ময় ব্রহ্মা [illegible] ...সৃজন করেন এবং পুনর্ব্ব[illegible] ...ব্রহ্মা ও রুদ্রকে সৃজন[illegible] ...ব্রহ্মা নারায়ণকে সৃজন[illegible] ...ন্তরে রুদ্র ব্রহ্মাকে সৃজন[illegible] ...কল্পে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর[illegible] ...পরাজয় করিতে অভিলাষ[illegible] ...তাঁহাদের পরস্পর উৎপ[illegible] ...র্ষিগণ সেই সেই কল্প[illegible] ...তাঁহাদের প্রভাব কীর্ত্তন [illegible] ...ই বিচিত্র, পবিত্র এবং প[illegible] ...ক্ষন; উহা তৎপুরুষ [illegible] ...র সম্বন্ধে সংঘটি[illegible] ...পূর্ব্বকালে মেঘবাহ[illegible] ...বৎসর [illegible]

করিয়া ভগবান্ হরকে বহন করিয়াছিলেন। তখন সেই বিশ্বজগদ্‌গুরু মহাদেব বিষ্ণুর মনের ভাব অনুভব করিয়া তাঁহাকে সর্ব্বপ্রকারে অব্যয় শক্তি দান করেন। সকল ঈশ্বরের ঈশ্বর ...হাদেবের নিকট হইতে তাদৃশ শক্তি লাভ করিয়া ভগবান্ বিষ্ণু ব্রহ্মার সহিত এই বিশ্বের সৃষ্টি করিয়াছিলেন। বিষ্ণুকর্ত্তৃক নভস উৎ...পাদিত ব্রহ্মা, বিষ্ণুর সেই শক্তি দেখিয়া, অতিশয় ঈর্ষার পরবশ হইয়া, হাস্য করত ...হাকে এই কথা বলিলেন,—হে বিষ্ণো! ...য় গমন কর, আমি তোমার সৃষ্টির কারণ ...নিয়াছি। রুদ্র যে আমাদের দুই জনের ...পেক্ষা অধিক শক্তিশালী, সে বিষয়ে কোন ...হ নাই। সেই সর্ব্বোচ্চ পদে অধিরূঢ় ...বান্ দেবাদিদেব রুদ্রের অনুগ্রহে তুমি ... স্রষ্টা হইয়াছ। সেই ভগবান্ প্রকৃত ...কারক। আমিও তপস্যা দ্বারা সেই ...শাধিপতির আরাধনা করিয়া তোমার সহি... জগতের সৃজন করিব, সে বিষয়ে [illegible] ...হ নাই। [illegible] [illegible] [illegible]

তব বামাঙ্গজো বিষ্ণুর্দক্ষিণাঙ্গভবো হ্যহম্ ॥ ৩১
ময়া সহ জগৎ সর্ব্বং তথাপ্যসৃজদচ্যুতঃ ॥ ৩২
স মৎসরাদুপালব্ধস্ত্বদাশ্রয়বলান্ময়া।
মত্তোঽপ্যধিকস্তস্য ভাবস্ত্বয়ি মহেশ্বর ॥ ৩৩
ত্বত্ত এব সমুৎপত্তিরাবয়োঃ সদৃশী যতঃ।
তস্য ভক্ত্যা যথাপূর্ব্বং প্রসাদং কৃতবানসি।
তথা মমাপি তৎ সর্ব্বং দাতুমর্হসি শঙ্করঃ ॥ ৩৪
ইতি বিজ্ঞাপিতস্তেন ভগবান্ ভগনেত্রহা ॥ ৩৫
স্ময়েন বৈ দদৌ সর্ব্বং তস্যাপি স দয়ানিধিঃ।
লব্ধৈবমীশ্বরাদেব ব্রহ্মা সর্ব্বাত্মতাং ক্ষণাৎ ॥ ৩৬
ত্বরমাণোঽথ সঙ্গম্য দদর্শ পুরুষোত্তমম্।
ক্ষীরার্ণবালয়ে শুভ্রে বিমানে সূর্য্যসন্নিভে ॥ ৩৭
হেমরত্নান্বিতে দিব্যে মনসা তেন নির্ম্মিতে।
অনন্তভোগশয্যায়াং শয়ানং পঙ্কজেক্ষণম্ ॥৩৮

চতুর্ভুজমুদারাঙ্গং সর্ব্বাভরণভূষিতম্।
শঙ্খচক্রধরং সৌম্যং চন্দ্রবিম্বসমাননম্ ॥ ...
শ্রীবৎসবক্ষসং দেবং প্রসন্নমধুরস্মিতম্।
ধরামৃদুকরাম্ভোজ-স্পর্শরক্তপদাম্বুজম্ ॥ ৪...
ক্ষীরার্ণবেঽমৃতমিব শয়ানং যোগনিদ্রয়া।
তমসা কালরুদ্রাখ্যং রজসা কনকাণ্ডজম্।
সত্ত্বেন সর্ব্বগং বিষ্ণুং নির্গুণত্বে মহেশ্বরম্।
তং দৃষ্ট্বা পুরুষং ব্রহ্মা প্রগল্ভমিদমব্রবীৎ
গ্রসামি ত্বামহং বিষ্ণো ত্বমাত্মানং যথা পুরা
তস্য তদ্বচনং শ্রুত্বা প্রতিবুধ্য পিতামহম্।
উদৈক্ষত মহাবাহুঃ স্মিতমীষচ্চকার চ।
তস্মিন্নবসরে বিষ্ণুর্গ্রস্তস্তেন মহাত্মনা ॥ ৪...
সৃষ্টশ্চ ব্রহ্মণা সদ্যো ভ্রুবোর্মধ্যাদযত্নতঃ
তস্মিন্নবসরে সাক্ষাদ্ভগবানিন্দুভূষণঃ ॥ ৪৫
শক্তিং তয়োরপি দ্রষ্টুমরূপো রূপমাস্থিত...

করিলেন,—হে দেবদেবাধিপতে ভগবন্ বিশ্বেশ্বর মহেশ্বর! বিষ্ণু আপনার বাম-অঙ্গ হইতে এবং আমি দক্ষিণাঙ্গ হইতে উৎপন্ন হইয়াছি। তথাপি বিষ্ণু আমার সহিত সমুদয় জগতের সৃজন করিয়াছেন। আমি মৎসর বশতঃ তাঁহাকে আপনার অনুগ্রহবলেই তিরস্কার করিয়াছি। হে মহেশ্বর! আমা অপেক্ষা কি আপনাতে তাঁহার অধিক ভক্তি? দেখুন; আপনা হইতে আমাদের দুই জনের সমানভাবে উৎপত্তি হইয়াছে; কিন্তু আপনি বিষ্ণুর প্রভাবে তাঁহাকে যেমন অগ্রে অনুগ্রহ করিয়াছেন, সেইরূপ আমাকেও অনুগ্রহপূর্ব্বক অধিক শক্তি দান করুন। ২৩—৩৪। ব্রহ্মা এইরূপ প্রার্থনা করিলে, সেই ভগনেত্রঘাতী দয়ানিধি মহাদেব ঈষৎ হাস্য করিয়া ব্রহ্মাকে সমগ্র দান করিলেন। ব্রহ্মা মহাদেবের নিকট সেই সর্ব্বাত্মশক্তি লাভ করিয়া, ত্বরমাণ [illegible] হইয়া, বিষ্ণুর নিকটে [illegible] তাঁহাকে [illegible] করিলেন। [illegible]

করিয়াছিলেন। তাঁহার দেহ চতুর্ভু... ভূষিত এবং সকল প্রকার আভরণে... তাঁহার হস্তে শঙ্খ-চক্র, মূর্ত্তি অতি সৌ... মুখ চন্দ্রবিম্বতুল্য। তাঁহার বক্ষঃস্থলে... চিহ্ন এবং মুখ প্রসন্ন ও ঈষৎ ... তাঁহার পাদপদ্ম পৃথিবীর কোমল ... স্পর্শে রঞ্জিত। তিনি যোগনিদ্রার... হইয়া অমৃতের ন্যায় ক্ষীরসমুদ্রে শয়ান... তমোগুণে কালরুদ্র নামে প্রসিদ্ধ, ... ব্রহ্মা, সত্ত্বগুণে সর্ব্বগামী বিষ্ণু এ... অবস্থায় মহেশ্বর। ব্রহ্মা সেই পুরুষকে... প্রগলভতার সহিত বক্ষ্যমাণ বাক্য ব... হে বিষ্ণো! তুমি প্রথমে যে আম... করিয়াছিলে, সেই আমিও তোম... করিব। মহাবাহু বিষ্ণু, সেই ব... বাক্য শ্রবণ করিয়া প্রবুদ্ধ হইয়া... দেখিলেন এবং একটু হাস্য করি... অবসরে মহাত্মা ব্রহ্মা বিষ্ণুকে ... [illegible]লেন। তাহার পর ব্রহ্মা আ... [illegible] হইতে বিষ্ণু... [illegible]

...ং কর্ত্তুং পুরা দস্তবয়স্তয়োঃ ॥ ৪৬
...ত্র যত্রেমৌ ব্রহ্ম-নারায়ণৌ স্থিতৌ।
...তুর্দেবং প্রীতৌ ভীতৌ চ কৌতুকাৎ॥
...চ বহুশো বহুমানেন দূরতঃ।
...ভগবানেতাবনুগৃহ্য পিনাকধৃক্।
...শ্যতোরেব তয়োরন্তরধীয়ত ॥ ৪৮

...শৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
...র্বভাগে শেষশায়ি-নারায়ণবর্ণনং
নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

প্রবক্ষ্যামি রুদ্রাবির্ভাবকারণম্।
...সন্তানা ব্রহ্মসৃষ্টিঃ প্রবর্ত্ততে ॥ ১
প্রজাং সৃষ্ট্বা ব্রহ্মা ব্রহ্মাণ্ডসম্ভবঃ।

...ক্তি দেখিবার জন্য এবং তাঁহা-
...হ করিবার নিমিত্ত অবতীর্ণ হইয়া-
...থানে ব্রহ্মা এবং নারায়ণ অবস্থান
...ন, তিনি সেই স্থানেই আগমন
তখন তাঁহারা দুই জনে মহাদেবকে
ভীত হইলেন এবং কৌতুকবশে
...বত বহু সম্মানপূর্ব্বক দূর হইতে
...কে প্রণাম করিতে লাগিলেন।
...গবান্ মহাদেবও তাঁহাদের দুই
...করিয়া তাঁহাদের দর্শন-পথেই
...ন। ৩৫—৪৮।

...অধ্যায় সমাপ্ত ॥ ১১ ॥

...শ অধ্যায়।

...,—প্রতিকল্পে রুদ্রের আ...
...জেছি; যাহা হইতে ...
... ...

অবৃদ্ধিহেতোর্ভূতানাং মুমোহ ভৃশদুঃখিতঃ ॥ ২
তস্য দুঃখপ্রশান্ত্যর্থং প্রজানাঞ্চ বিবৃদ্ধয়ে।
তস্তৎকল্পেষু কালাত্মা রুদ্রো রুদ্রগণাধিপঃ ॥ ৩
নির্দ্দিষ্টঃ পরমেশেন মহেশো নীললোহিতঃ।
পুত্রো ভূত্বানুগৃহ্নাতি ব্রহ্মাণং ব্রহ্মণোঽনুজঃ ॥ ৪
স এব ভগবানীশস্তেজোরাশিরনাময়ঃ।
অনাদিনিধনো ধাতা ভূতসঙ্কোচকো বিভুঃ ॥ ৫
পরমৈশ্বর্য্যসংযুক্তঃ পরমেশ্বরভাবিতঃ।
তচ্ছক্ত্যাধিষ্ঠিতঃ শশ্বৎ তচ্চিহ্নৈরপি চিহ্নিতঃ।
তন্নামনামা তদ্রূপস্তৎকার্য্যকারণক্ষমঃ।
তত্তুল্যব্যবহারশ্চ তদাজ্ঞাপরিপালকঃ ॥ ৭
সহস্রাদিত্যসঙ্কাশশ্চন্দ্রাবয়বভূষণঃ।
ভুজঙ্গ-হার-কেয়ূর-বলয়ো মুঞ্জমেখলঃ ॥ ৮
জলন্ধর-বিরঞ্চীন্দ্র-কপালশকলোজ্জ্বলঃ।
গঙ্গাতুঙ্গতরঙ্গার্দ্র-পিঙ্গলাননমূর্দ্ধজঃ ॥ ৯
ভগ্নদংষ্ট্রাঙ্কুরাক্রান্ত-প্রান্তকান্তধরাধরঃ।

প্রজার অবৃদ্ধি দর্শনে অত্যন্ত দুঃখিত এবং মূর্চ্ছিত হন। রুদ্রগণের অধিপ ভগবান্ কাল-স্বরূপ মহেশ্বর নীললোহিত রুদ্র, ব্রহ্মার সেই দুঃখশান্তির নিমিত্ত এবং প্রজাদিগের বৃদ্ধির নিমিত্ত, পরমেশ্বর কর্তৃক আদিষ্ট হইয়া, পুত্ররূপে জন্মগ্রহণ করিয়া, ব্রহ্মাকে অনুগ্রহ করেন। তিনিই ভগবান্, ঈশ্বর, নীললোহিত, তেজোরাশি, অনাময়, আদি ও নিধন-রহিত, বিধাতা, ভূতগণের সংহর্ত্তা এবং বিভু। তিনি পরমৈশ্বর্য্যসংযুক্ত প... ...শ্বর কর্তৃক প্রেরিত, তাঁহার শ... ...ধিষ্ঠিত এবং তাঁহার চিহ্নে চিহ্নি... ...বের নামেই তাঁহার এক নাম, ... রূপবান্ ও তাঁহার কার্য্য করি... ...শিবের সহিত তাঁহার তুল্য ব্যব... ...হার আজ্ঞার প্রতিপালক। তাঁহা... ...আদিত্যসদৃশ, ...

সব্যশ্রবণপাশান্ত-মণ্ডলীকৃতকুণ্ডলঃ ॥ ১০
মহাবৃষভনির্য্যাণো মহাজলদনিস্বনঃ।
মহানলসমপ্রখ্যো মহাবলপরাক্রমঃ ॥ ১১
এবং ঘোরমহারূপো ব্রহ্মপুত্রো মহেশ্বরঃ।
বিজ্ঞানং ব্রহ্মণে দত্ত্বা সর্গং সহকরোতি চ ॥ ১২
তস্মাদ্রুদ্রপ্রসাদেন প্রতিকল্পং প্রজাপতেঃ।
প্রবাহরূপতো নিত্যা প্রজাসৃষ্টিঃ প্রবর্ত্ততে ॥ ১৩
কদাচিৎ প্রার্থিতঃ স্রষ্টুং ব্রহ্মণা নীললোহিতঃ।
স্বাত্মনা সদৃশান্ সর্ব্বান্ সসর্জ্জ মনসা বিভুঃ ॥ ১৪
কপর্দ্দিনো নিরাতঙ্কান্ নীলগ্রীবাংস্ত্রিলোচনান্।
জরামরণনির্ম্মুক্তান্ দীপ্তশূলবরায়ুধান্ ॥ ১৫
তৈস্তু সম্পাদিতং সর্ব্বং চতুর্দ্দশবিধং জগৎ।
তান্ দৃষ্ট্বা বিবিধান্ রুদ্রান্ রুদ্রমাহ পিতামহঃ ॥ ১৬
নমস্তে দেবদেবেশ মা স্রাক্ষীরীদৃশীঃ প্রজাঃ।
অন্যাঃ সৃজ হ ভদ্রং তে প্রজা মৃত্যুসমন্বিতাঃ ॥ ১৭

ইত্যুক্তঃ প্রহসন্ প্রাহ ব্রহ্মাণং পরমেশ্বরঃ
নাস্তি মে তাদৃশঃ সর্গঃ সৃজ ত্বমশুভাঃ প্রজা
যে ত্বিমে মনসা সৃষ্টা মহাত্মানো মহাবলাঃ
চরিষ্যন্তি ময়া সার্দ্ধং সর্ব্ব এব হি যাজ্ঞিয়া
ইত্যুক্ত্বা বিশ্বকর্ম্মাণং বিশ্বভূতেশ্বরো হরঃ।
সহ রুদ্রৈঃ প্রজাসর্গান্নিবৃত্তাত্মা ব্যতিষ্ঠত।
ততঃপ্রভৃতি দেবেহসৌ ন প্রসূতে শুভাঃ
উর্দ্ধরেতাঃ স্থিতঃ স্থাণুর্যাবদাভূতসংপ্লবম্।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতা
পূর্ব্বভাগে রুদ্রোৎপত্তির্নাম
দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

যদা পুনঃ প্রজাঃ সৃষ্টা ন ব্যবর্দ্ধন্ত বেধসঃ
তদা মৈথুনজাং সৃষ্টিং ব্রহ্মা কর্ত্তুমমন্যত।

যায়া অভিষিক্ত। বপ্রক্রীড়াসক্তিতে শুভ্র, বৃষভদংষ্ট্রাঙ্কুরে আকীর্ণ কৈলাস পর্ব্বত তাঁহার বাসভূমি এবং বামকর্ণ মণ্ডলীকৃত কুণ্ডলে শোভমান। মহাবৃষভ তাঁহার বাহন এবং মহাজলদের ন্যায় তাঁহার স্বর। মহানলের সমান তাঁহার তেজ এবং তিনি মহাবল পরাক্রমশালী। এইরূপ অতিশয় ভয়ঙ্কর রূপশালী ব্রহ্মপুত্র রুদ্র ব্রহ্মাকে জ্ঞান দান করিয়া সৃষ্টিকার্য্যে তাঁহার সহায়তা করেন। সেই রুদ্র প্রতিকল্পে উৎপন্ন হইয়া সহায়তা করেন বলিয়া তাঁহার অনুগ্রহে প্রবাহরূপে প্রজাপতির প্রজাসৃষ্টির নিত্য বৃদ্ধি হয়। ১—১৩। কোন সময়ে সেই নীললোহিত বিভু রুদ্র, ব্রহ্মা কর্ত্তৃক প্রজা সৃজনের নিমিত্ত প্রার্থিত হইয়া মন হইতে আপনার সদৃশ সমুদয় প্রজার সৃজন করিয়াছিলেন। তাহারা জটাজূটধারী, আতঙ্কশূন্য, নীলগ্রীবাশালী, ত্রিলোচন, জরামরণবর্জ্জিত এবং দীপ্তশূলধর। তাহারা একেবারে চতুর্দ্দশ ভুবন ব্যাপিয়া ফেলিল। তখন পিতামহ ব্রহ্মা সেই সকল [illegible] রুদ্রকে দেখিয়া, শীঘ্র পুত্র [illegible] বলিলেন,—[illegible]

এরূপ প্রজার সৃজন করিবেন না। মঙ্গল হউক, অন্যরূপ মরণশীল সৃজন করুন। এইরূপে কথি[illegible] মহেশ্বর রুদ্র হাসিতে হাসিতে বলিলেন,—আমি ওরূপ সৃষ্টি ক[illegible] তুমি মরণশীল অশুভ প্রজার সৃজন [illegible] যে আমি মন হইতে মহাত্মা ম[illegible] সৃজন করিয়াছি, এই সকল যাজ্ঞিকে[illegible] আমার সহিতই ভ্রমণ করিবে। নি[illegible] ঈশ্বর হর ব্রহ্মাকে এই কথা বলিয়া, [illegible] হইতে আপনাকে নিবৃত্ত করিয়া, [illegible] সহিত অবস্থান করিতে লাগিলে[illegible] অবধি রুদ্র আর শুভ প্রজার সৃষ্টি ক[illegible] তিনি প্রলয় কাল পর্য্যন্ত উর্দ্ধরেতা [illegible] স্থান করিতে লাগিলেন। ১৪—২১।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োদশ অধ্যায়।

বায়ু কহিলেন,—যখন ব্রহ্মা [illegible] প্রজাদের আর [illegible]

তং পুরা যস্মান্নারীণাং কুলমীশ্বরাৎ।
মৈথুনজাং সৃষ্টিং ন শশাক পিতামহঃ॥ ২
ন বিদধে বুদ্ধিমর্থনিশ্চয়গামিনীম্।
নামেব বৃদ্ধ্যর্থং প্রষ্টব্যঃ পরমেশ্বরঃ॥ ৩
ন বিনা তস্য ন বর্দ্ধেরন্নিমাঃ প্রজাঃ।
নিশ্চিত্য বিশ্বাত্মা তপঃ কর্ত্তুং প্রচক্রমে॥৪
পরমা শক্তিরনন্তা লোকভাবিনী।
সূক্ষ্মতরা শুদ্ধা ভাবগম্যা মনোহরা॥ ৫
নিস্প্রপঞ্চা চ নিষ্কলা নিরুপপ্লবা।
শ্বর নিত্যা নিত্যমীশ্বরপার্শ্বগা॥ ৬
যয়া শক্ত্যা ভগবন্তং ত্রিয়ম্বকম্।
হৃদয়ে ব্রহ্মা ততাপ পরমং তপঃ॥ ৭
তপসা তস্য যুক্তস্য পরমেষ্ঠিনঃ।
ব কালেন পিতা সম্প্রতুতোষ হ॥ ৮
চিদংশেন মূর্ত্তিমাবিশ্য কামপি।
শ্বরো ভূত্বা যযৌ দেবঃ স্বয়ং হরঃ॥ ৯

তং দৃষ্ট্বা পরমং দেবং তমসঃ পরমব্যয়ম্।
অদ্বিতীয়মনির্দ্দেশ্যমদৃশ্যমকৃতাত্মভিঃ॥ ১০
সর্ব্বলোকবিধাতারং সর্ব্বলোকেশ্বরেশ্বরম্।
সর্ব্বলোকবিধায়িন্যা শক্ত্যা পরময়া যুতম্॥ ১১
অপ্রতর্ক্যমনাভাসমমেয়মজরং ধ্রুবম্।
অচলং নির্গুণং শান্তমনন্তমহিমাস্পদম্॥ ১২
সর্ব্বদং সর্ব্বগং সর্ব্বং সদসদ্ব্যক্তিবর্জ্জিতম্।
সর্ব্বোপমাননির্ম্মুক্তং শরণ্যং শাশ্বতং শিবম্॥১৩
প্রণম্য দণ্ডবদ্ব্রহ্মা সমুত্থায় কৃতাঞ্জলিঃ।
শ্রদ্ধাবিনয়সম্পন্নৈঃ শ্রাব্যৈঃ সংস্কারসংযুতৈঃ॥১৪
যথার্থযুক্তসর্ব্বার্থৈর্ব্বেদার্থপরিবৃংহিতৈঃ।
তুষ্টাব দেবং দেবীঞ্চ সূক্তৈঃ সূক্ষ্মার্থগোচরৈঃ॥১৫

ব্রহ্মোবাচ।

জয় দেব মহাদেব জয়েশ্বর মহেশ্বর।
জয় সর্ব্বগুণশ্রেষ্ঠ জয় সর্ব্বসুরাধিপ॥ ১৬
জয় প্রকৃতিকল্যাণি জয় প্রকৃতিনায়িকে।
জয় প্রকৃতিদূরাঙ্গি জয় প্রকৃতিসুন্দরি॥ ১৭

তিনি মৈথুনজ প্রজার সৃষ্টি করিতে ইচ্ছা ।। যেহেতু প্রথমে ঈশ্বর হইতে নির্গত হয় নাই, এই নিমিত্ত ব্রহ্মা মৈথুনজ প্রজার সৃষ্টি করিতে সমর্থ হন অনন্তর অভীষ্টার্থ সম্পাদন বিষয়ে লেন যে, প্রজাদিগের বৃদ্ধির নিমিত্ত কেই জিজ্ঞাসা করা উচিত; তাঁহার ব্যতীত এই সমুদয় প্রজার বৃদ্ধি হইবে ইরূপ নিশ্চয় করিয়া, ব্রহ্মা তপস্যা প্রবৃত্ত হইলেন। তখন লোককর্ত্রী বিশুদ্ধা, ভক্ত্যতিশয়-প্রাপ্যা, মনোহরা র্গুণা, নিস্প্রপঞ্চা, নিষ্কলা, উপপ্লব-রের সহিত অভিন্না, নিত্যা, সর্ব্বদা বর্ত্তিনী আদ্যা পরমা শক্তি, ব্রহ্মার ত হইলেন। ব্রহ্মা সেই পরমা ইত হৃদয়ে ভগবান্ ত্র্যম্বকের ধ্যান কট তপস্যা করিতে লাগিলেন। সেই ব্রহ্মার তীব্র তপস্যায় পিতা মহাদেব র মধ্যেই সন্তুষ্ট হইলেন। অনন্তর এক অংশে কোন এক মূর্ত্তিতে ।, স্বয়ং মহাদেব অর্দ্ধনারীশ্বর রূপে

ব্রহ্মার নিকট গমন করিলেন। সেই অদ্বিতীয় অনির্দ্দেশ্য, অপুণ্যশীলগণের অদৃশ্য, সর্ব্বলোকের বিধাতা, সর্ব্বলোকেশ্বরের, সর্ব্বলোক-বিধায়িনী-শক্তি-সংযুক্ত, অপ্রতর্ক্য, অজ্ঞেয়, অমেয়, অজর, নিত্য, অচল, নির্গুণ, শান্ত, অনন্ত মহিমার আস্পদ, সর্ব্বদ, সর্ব্বগত, সদসদ্ব্যক্তি-রহিত, সকল প্রকার উপমা-শূন্য, শরণ্য, তমোগুণ-রহিত, অব্যয় এবং শাশ্বত পরম দেবকে দেখিয়া, দণ্ডবৎ প্রণামানন্তর কৃতাঞ্জলি-পুটে উত্থান করিয়া, ব্রহ্মা শ্রদ্ধা ও বিনয় সম্পন্ন, সুসংস্কৃত, মনোহর, সমুদয় সত্য অর্থযুক্ত, বেদার্থ দ্বারা বৃংহিত সূক্ষ্মার্থ-গোচর সূক্ত সকলের দ্বারা সেই দেব এবং দেবীকে স্তব করিতে লাগিলেন। ১—১৫। ব্রহ্মা বলিলেন,—হে দেব মহাদেব জয়েশ্বর মহেশ্বর! আপনার জয় হউক; হে সর্ব্বগুণ-শ্রেষ্ঠ! আপনার জয় হউক; হে সুরাধিপ! আপনি জয়যুক্ত হউন। হে কল্যাণি প্রকৃতি! আপনি জয় লাভ করুন; হে প্রকৃতিনায়িকে! আপনার জয় হউক। হে প্রকৃতিসুন্দরি! আপনার

ভগবন্ ভক্ত্যা প্রলপন্তং ক্ষমস্ব মাম্ ॥৩১
স্তবৈর্বিধৈঃ সূক্তৈর্বিশ্বকর্ম্মা চতুর্ম্মুখঃ।
রুদ্রায় রুদ্রাণ্যৈ চ মুহুর্ম্মুহুঃ॥ ৩২
স্তোত্রবরং পুণ্যং ব্রহ্মণা সমুদীরিতম্।
শ্বরং নাম শিবয়োর্হর্ষবর্দ্ধনম্ ॥ ৩৩
কীর্ত্তয়েদ্ভক্ত্যা তস্য কস্যাপি লিপ্সয়া।
লমবাপ্নোতি শিবয়োঃ প্রীতিকারণাৎ ॥৩৪
ভুবনভূতভাবনাভ্যাং
বিনাশবিহীনবিগ্রহাভ্যাম্।
যুবতিবপুর্ধরাভ্যাং
মহং প্রণতোঽস্মি শঙ্করাভ্যাম্ ॥ ৩৫

শৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
ভাগে রুদ্র-ব্রহ্মসংবাদে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

করুন। হে দেব! আপনার সেই
ই বা কোথায় আর আমরা এবং
চনই বা কোথায়! তথাপি হে ভগ-
চবশে আমি প্রলাপ করিতেছি
ক ক্ষমা করুন। চতুর্ম্মুখ ব্রহ্মা
ক্ত দ্বারা স্তব করিয়া, রুদ্র এবং
বারংবার প্রণাম করিতে লাগিলেন।
উদীরিত, এই অর্দ্ধনারীশ্বর নামক
এবং শ্রেষ্ঠ স্তোত্র শিব ও শিবার
।। যে কোন ফল অভিলাষ
স্তোত্র যে পাঠ করে, শিব ও
হেতু সে সেই ফল প্রাপ্ত হয়।
র ভূতভাবন, জন্ম এবং বিনাশ-
রী-মূর্ত্তিধারী শঙ্কর ও শঙ্করীকে
প্রণাম করি। ২৭—৩৫।

শ অধ্যায় সমাপ্ত ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

অথ দেবো মহাদেবো মহাজলদনাদয়া।
বাচা মধুরগম্ভীর-বিশদশ্লক্ষ্ণবর্ণয়া ॥ ১
অর্থসম্পন্নপদয়া রাজলক্ষণযুক্তয়া।
অশেষবিষয়ারম্ভ-রক্ষা-বিলয়দক্ষয়া ॥ ২
মনোহরতরোদার-মধুরস্মিতপূর্ব্বয়া।
সংবভাষে সুসম্প্রীতো বিশ্বকর্ম্মাণমীশ্বরঃ ॥ ৩

ঈশ্বর উবাচ।

বৎস বৎস মহাভাগ মম পুত্র পিতামহ।
জ্ঞাতমেব ময়া সর্ব্বং তব বাক্যস্য গৌরবম্ ॥ ৪
প্রজানামেব বৃদ্ধ্যর্থং তপস্তপ্তং ত্বয়াধুনা।
তপসানেন তুষ্টোঽস্মি দদামি চ তবেপ্সিতম্ ॥ ৫
ইত্যুক্ত্বা পরমোদারঃ স্বভাবমধুরং বচঃ।
সসর্জ্জ বপুষো ভাগাদ্দেবীং দেববরো হরঃ ॥ ৬
যামাহুর্ব্রহ্মবিদ্বাংসো দেবীং দিব্যগুণান্বিতাম্।
পরস্য পরমাং শক্তিং ভবস্য পরমাত্মনঃ ॥ ৭

চতুর্দ্দশ অধ্যায়।

বায়ু বলিলেন,—অনন্তর মহাদেব ঈশ্বর সুপ্রীত হইয়া, মহাজলদের ন্যায় নাদশালী মধুর, গম্ভীর, বিশদ, শ্লক্ষ্ণবর্ণময়, প্রতিপদ-অর্থযুক্ত, রাজলক্ষণান্বিত, অশেষ-বিষয়ারম্ভের রক্ষা ও বিলয়ে দক্ষ, মনোহরতর, উদার ও মধুরস্মিতপূর্ব্ব বাক্য দ্বারা ব্রহ্মাকে বলিলেন,—হে বৎস মহাভাগ ব্রহ্মন্! তুমি আমার পুত্র; আমি তোমার বাক্যের সমুদয় গৌরব জ্ঞাত আছি; তুমি এক্ষণে প্রজাদিগের বৃদ্ধির নিমিত্ত তপস্যা করিতেছ। তোমার এই তপস্যায় আমি তুষ্ট হইয়াছি। তোমার অভিলষিত বর দান করিব। পরমোদার শ্রেষ্ঠ মহাদেব, এই স্বাভাবিক মধুর বাক্য বলিয়া, আপনার শরীরের অংশ হইতে একটী দেবী সৃজন করিলেন। যে দিব্যগুণশালিনী দেবীকে ব্রহ্মবিদ্‌গণ, [illegible]

যস্যা ন খলু বিদ্যন্তে জন্ম-মৃত্যু-জরাদয়ঃ।
যা ভবানী ভবস্যাঙ্গাৎ সমাবিরভবৎ কিল ॥ ৮
যস্যা বাচো নিবর্ত্তন্তে মনসা চেন্দ্রিয়ৈঃ সহ।
সা ভর্ত্তুর্বপুষো ভাগাজ্জাতেব সমদৃশ্যত ॥ ৯
যা সা জগদিদং কৃৎস্নং মহিম্না ব্যাপ্য তিষ্ঠতি।
শরীরিণীব সা দেবী বিচিত্রা সমলক্ষিতা ॥ ১০
সর্ব্বং জগদিদং যৈষা সংমোহয়তি মায়য়া।
ঈশ্বরাৎ সৈব জাতাভূদজাতা পরমার্থতঃ ॥ ১১
ন যস্যাঃ পরমো ভাবঃ সুরাণামপি গোচরঃ।
বিশ্বামরেশ্বরা চৈব বিভক্তা ভর্ত্তুরঙ্গতঃ ॥ ১২
তাং দৃষ্ট্বা পরমেশানীং সর্ব্বলোকমহেশ্বরীম্।
সর্ব্বজ্ঞাং সর্ব্বগাং সূক্ষ্মাং সদসদ্ব্যক্তিবর্জ্জিতাম্ ॥
পরয়া নিখিলং ভাসা ভাসয়ন্তীমিদং জগৎ।
প্রণিপত্য মহাদেবীং প্রার্থয়ামাস বৈ বিরাট্ ॥১৪

ব্রহ্মোবাচ।

দেবি দেবেন সৃষ্টোঽহমাদৌ সর্ব্বজগন্ময়ি।
প্রজাসর্গে নিযুক্তস্তু সৃজামি সকলং জগৎ ॥১
মনসা নির্ম্মিতাঃ সর্ব্বে দেবি দেবাদয়ো ময়া।
ন বৃদ্ধিমুপগচ্ছন্তি সৃজ্যমানাঃ পুনঃপুনঃ ॥ ১৬
মিথুনপ্রভবামেব কৃত্বা সৃষ্টিমতঃ পরম্।
সংবর্দ্ধয়িতুমিচ্ছামি সর্ব্বা এব মম প্রজাঃ ॥
ন নির্গতং পুরা ত্বত্তো নারীণাং কুলমব্যয়ম্।
তেন নারীকুলং স্রষ্টুং শক্তির্মম ন বিদ্যতে।
সর্ব্বাসামেব শক্তীনাং ত্বত্তঃ খলু সমুদ্ভবঃ।
তস্মাৎ সর্ব্বত্র সর্ব্বেষাং সর্ব্বশক্তিপ্রদায়িনি।
ত্বামেব বরদামদ্য প্রার্থয়ামি সুরেশ্বরীম্।
চরাচরবিবৃদ্ধ্যর্থমংশেনৈকেন সর্ব্বগে ॥ ২
দক্ষস্য মম পুত্রস্য পুত্রী ভব ভবার্দ্দিনি।
এবং সা যাচিতা দেবী ব্রহ্মণা ব্রহ্মযোনিঃ
শক্তিমেকাং ভ্রুবোর্মধ্যাৎ সসর্জ্জাত্মসমপ্র
তামাহ প্রহসন্ প্রেক্ষ্য দেবদেববরো হরঃ
ব্রহ্মাণং তপসারাধ্য কুরু তস্য যথেপ্সিতম্।

দেবীর জন্ম, মৃত্যু বা জরাদি নাই; যিনি ভবানী ও ভবের অঙ্গ হইতে আবির্ভূত হইয়াছেন এবং যাঁহার মহিমা কীর্ত্তন করিতে অপারক হইয়া মন ও ইন্দ্রিয়ের সহিত বাক্য নিবৃত্ত হয়; সেই দেবী যেন মহাদেবের শরীর হইতে উৎপন্ন বলিয়া প্রতীয়মান হইয়াছিলেন। যে দেবী আপনার মহিমা দ্বারা এই সমুদয় জগৎ ব্যাপিয়া অবস্থান করেন, সেই বিচিত্রা দেবী শরীরিণীর ন্যায় লক্ষিত হইয়াছিলেন। যে দেবী আপনার মায়ায় সমুদয় জগৎ বিমোহিত করেন, বস্তুতঃ জন্মশূন্যা, সেই দেবী মহাদেবের অঙ্গ হইতে উৎপন্ন হইয়াছিলেন। যাঁহার পরমভাব দেবতাদিগেরও গোচর নহে এবং যিনি সমুদয় অমরের ঈশ্বরী, তিনি আপনার স্বামী মহাদেবের অঙ্গ হইতে বিভক্ত হইয়াছিলেন। সেই সর্ব্বলোক-মহেশ্বরী, সর্ব্বজ্ঞা, সর্ব্বগতা, সূক্ষ্মা, সদসদ্ব্যক্তিহীনা এবং আপনার সমুজ্জ্বল শরীরপ্রভায় সমুদয় জগদুদ্ভাসিনী পরমেশ্বরী দেবীকে দেখিয়া, ব্রহ্মা প্রণামপূর্ব্বক প্রার্থনা করিয়াছিলেন। ৮—১৪। ব্রহ্মা বলিলেন,—হে সর্ব্বজগন্ময়ী দেবি! আমি সর্ব্বদেব কর্ত্তৃক প্রথমে সৃষ্ট হইয়া প্রজাসৃষ্টিনিযুক্ত হইয়াছি এবং জগতের সৃ[illegible]তেছি। হে দেবি! আমি প্রথমে ম[illegible] যে সকল দেবাদিকে উৎপাদিত [illegible] তাহারা বারংবার সৃষ্ট হইয়াও বৃদ্ধি[illegible] হইতেছে না। এই নিমিত্ত আমি মৈথুনজন্য সৃষ্টি দ্বারা সমুদয় প্রজা-বৃদ্ধি অভিলাষী হইয়াছি। ইতঃপূর্ব্বে [illegible] হইতে অক্ষয় নারীকুল উৎপন্ন হয় ন[illegible] নিমিত্ত আমরও নারীকুল সৃজন করি[illegible] নাই। আপনা হইতেই সমুদয় শক্তি[illegible] হইয়া থাকে, এই নিমিত্ত হে সর্ব্বগে! সকলের সর্ব্ববিধ শক্তিদায়িনি সুরে[illegible] দাত্রি! আপনার নিকট এই প্রার্থ[illegible]তেছি যে, চরাচরের বৃদ্ধির নিমিত্ত [illegible] দ্বারা আমার পুত্র দক্ষের কন্যারূপে [illegible] করুন। বেদবক্তা ব্রহ্মা কর্ত্তৃক যাচিত হইয়া সেই দেবী আপনার ভ্রূ[illegible] আত্মতুল্য প্রভাশালিনী একটী শ[illegible] করিলেন। দেবদেব মহাদেব তাঁহা[illegible] হাসিতে হাসিতে বলিলেন,—তপস্যা[illegible]

ঃ পরমেশস্য শিরসা প্রতিগৃহ্য সা ॥ ২৩
বচনাদ্দেবী দক্ষস্য দুহিতাভবৎ।
তুলাং শক্তিং ব্রহ্মণে ব্রহ্মরূপিণী ॥ ২৪
দেহং দেবস্য দেবশ্চান্তরধীয়ত।
তি লোকেঽস্মিন্ স্ত্রিয়া ভোগঃ প্রতিষ্ঠিতঃ
ষ্টশ্চ বিপ্রেন্দ্রা মৈথুনেন প্রবর্ত্ততে।
র্ব্বমাখ্যাতং দেব্যাঃ শক্তিসমুদ্ভবম্ ॥ ২৬
করং শ্রাব্যং ভূতসর্গানুষঙ্গতঃ।
কীর্ত্তয়েন্নিত্যং দেব্যাঃ শক্তিসমুদ্ভবম্।
র্ব্বমবাপ্নোতি পুত্রাংশ্চ লভতে শুভান্ ॥

শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহি-
য়াং পূর্ব্বভাগে সৃষ্টিনিরূপণং নাম
চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪

করিয়া তাহার অভিলষিত সম্পাদন
ই দেবী মহাদেবের সেই আজ্ঞা
স্তকে গ্রহণ করিয়া ব্রহ্মার বচনানু-
ক্ষর কন্যা হইলেন। অনন্তর ব্রহ্ম-
বী আদ্যাশক্তি ব্রহ্মাকে অতুল-শক্তি
া মহাদেবের দেহে প্রবেশ করিলেন;
অন্তর্হিত হইলেন। সেই অবধি
র স্ত্রীসম্ভোগ প্রতিষ্ঠিত হইল এবং
দ্রগণ! মৈথুন দ্বারা প্রজাসৃষ্টিরও
ণ। দেবী আদ্যাশক্তি হইতে
ক্তর উৎপত্তি হইয়াছে, ভূতসৃষ্টি
। আমি তোমাদিগের নিকট কীর্ত্তন
এই কথা অতি পবিত্র, মধুর এবং
যে প্রত্যহ দেবীর এই শক্ত্যু-
ীর্ত্তন করে, সে সমুদয় অভীপ্সিত
বং সৎপুত্র লাভ করে। ১৫—২৭।

র্দ্দশ অধ্যায় সমাপ্ত। ১৪।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

এবং লব্ধা পরাং শক্তিমীশ্বরাদেব শাশ্বতীম্।
মৈথুনপ্রভবাং সৃষ্টিং কর্ত্তুকামঃ প্রজাপতিঃ ॥ ১
স্বয়মপ্যর্দ্ধতো নারী চার্দ্ধেন পুরুষোঽভবৎ।
যার্দ্ধেন নারী সা তস্মাচ্ছতরূপা ব্যজায়ত ॥ ২
বিরাজমসৃজদ্ব্রহ্মা সোঽর্দ্ধেন পুরুষো বিরাট্।
স বৈ স্বায়ম্ভুবঃ পূর্ব্বং পুরুষো মনুরুচ্যতে ॥ ৩
সা দেবী শতরূপা তু তপঃ কৃত্বা সুদুশ্চরম্।
ভর্ত্তারং দীপ্তযশসং মনুমেবাভ্যপদ্যত ॥ ৪
তস্মাৎ তু শতরূপা সা পুত্রদ্বয়মসূয়ত।
প্রিয়ব্রতোত্তানপাদৌ পুত্রৌ পুত্রবতাং বরৌ ॥ ৫
কন্যে দ্বে চ মহাভাগে যাভ্যাং জাতাস্ত্বিমাঃ প্রজাঃ
আকূতিরেকা বিজ্ঞেয়া প্রসূতিরপরা স্মৃতা ॥ ৬
স্বায়ম্ভুবঃ প্রসূতিন্তু দদৌ দক্ষায় তাং প্রভুঃ।
রুচেঃ প্রজাপতেশ্চৈব আকূতং প্রত্যপাদয়ৎ ॥ ৭

পঞ্চদশ অধ্যায়।

বায়ু বলিলেন,—ঈশ্বর মহাদেব হইতে এইরূপ নিত্য ও শ্রেষ্ঠ শক্তি লাভ করিয়া ব্রহ্মা মৈথুনপ্রভব সৃষ্টি করিতে অভিলাষী হইলেন। তিনি স্বয়ং আপনার এক অর্দ্ধে নারী, অপর অর্দ্ধে পুরুষ হইলেন, তাঁহার যে অর্দ্ধে নারী হইয়াছিল, তাহার নাম শতরূপা। ব্রহ্মা অপর অর্দ্ধে যে বিরাট্ পুরুষের সৃষ্টি করিয়াছিলেন, সেই বিরাট্ পুরুষ পূর্ব্বকালে স্বায়ম্ভুব মনু নামে অভিহিত হন। সেই দেবী শতরূপা অতিদুঃসাধ্য তপস্যা করিয়া দীপ্তযশা মনুকেই ভর্ত্তৃরূপে প্রাপ্ত হন। শতরূপা মনুর ঔরসে দুই পুত্র প্রসব করেন; তাহার একটীর নাম প্রিয়ব্রত, অপরের নাম উত্তানপাদ। উক্ত দুই পুত্রও পুত্রবান্ হইয়াছিলেন। শতরূপার ঐ দুই পুত্র ভিন্ন দুইটী কন্যাও হইয়াছিল, যাহারা এই সমুদয় প্রজার সৃষ্টি করিয়াছেন। তাহার মধ্যে একটী কন্যার নাম আকূতি, অপরটীর নাম প্রসূতি। [illegible]

আকূত্যাং মিথুনং জজ্ঞে মানসস্য রুচেঃ ততম্।
যজ্ঞশ্চ দক্ষিণা চৈব যাভ্যাং সংবর্দ্ধিতং জগৎ ॥৮
স্বায়ম্ভুবসুতায়াস্তু প্রসূত্যাং লোকমাতরঃ।
চতস্রো বিংশতিং কন্যাং দক্ষস্ত্বজনয়ৎ প্রভুঃ ॥৯
শ্রদ্ধা লক্ষ্মীর্ধৃতিঃ পুষ্টিস্তুষ্টির্মেধা ক্রিয়া তথা।
বুদ্ধির্লজ্জা বপুঃশান্তিঃ সিদ্ধিঃ কীর্ত্তিস্ত্রয়োদশী ॥১০
পত্ন্যর্থং প্রতিজগ্রাহ ধর্ম্মো দাক্ষায়ণীঃ প্রভুঃ।
তাভ্যঃ শিষ্টা যবীয়স্য একাদশ সুলোচনাঃ ॥ ১১
খ্যাতিঃ সত্যথ সম্ভূতিঃ স্মৃতিঃ প্রীতিঃ ক্ষমা তথা।
সন্নতিশ্চানুসূয়া চ উর্জ্জা স্বাহা স্বধা তথা ॥ ১২
ভৃগুঃ সর্ব্বো মরীচিশ্চ অঙ্গিরা পুলহঃ ক্রতুঃ।
পুলস্ত্যোঽত্রির্বশিষ্ঠশ্চ পাবকঃ পিতরস্তথা ॥ ১৩
খ্যাত্যাদ্যা জগৃহুঃ কন্যা মুনয়ো মুনিসত্তমাঃ।
কামাদ্যাস্তু যশোঽন্তা যে তে ত্রয়োদশ সূনবঃ ॥১৪
ধর্ম্মস্য জজ্ঞিরে তাসু শ্রদ্ধাদ্যাসু সুখোত্তরাঃ।
দুঃখোত্তরাশ্চ হিংসায়ামধর্ম্মস্য চ সন্ততৌ ॥ ১৫

দান করিলেন এবং রুচি নামক প্রজাপতির সহিত আকূতির বিবাহ দিলেন। ব্রহ্মার মানসপুত্র রুচির ঔরসে এবং আকূতির গর্ভে একটী মিথুন (স্ত্রী ও পুরুষ) উৎপন্ন হইল। পুরুষের নাম যজ্ঞ এবং স্ত্রীর নাম দক্ষিণ; তাঁহারা এই জগতের বর্দ্ধন করিলেন। প্রভাবশালী দক্ষ, স্বায়ম্ভুবকন্যা প্রসূতির গর্ভে, চতুর্বিংশতি লোকমাতা উৎপাদন করিয়াছিলেন। তাহার মধ্যে শ্রদ্ধা, লক্ষ্মী, ধৃতি, পুষ্টি, তুষ্টি, মেধা, ক্রিয়া, বুদ্ধি, লজ্জা, বপুঃ, শান্তি, সিদ্ধি এবং কীর্ত্তি এই তেরটী দক্ষকন্যাকে, প্রভাবশালী ধর্ম্ম, পত্নীর জন্য গ্রহণ করিয়াছিলেন। অবশিষ্ট একাদশ কনীয়সী সুলোচনা কন্যার নাম,—খ্যাতি, সতী, সম্ভূতি, স্মৃতি, প্রীতি, ক্ষমা, সন্নতি, অনুসূয়া, উর্জ্জা, স্বাহা ও স্বধা। ইহাদিগকে যথাক্রমে ভৃগু, মহাদেব, মরীচি, অঙ্গিরা, পুলহ, ক্রতু, পুলস্ত্য, অত্রি, বশিষ্ঠ, অগ্নি এবং পিতৃগণ আপন আপন পত্নীর [illegible]

নিকৃত্যাদয় উৎপন্নাঃ পুত্রাশ্চাধর্ম্মলক্ষণাঃ।
নৈষাং ভার্য্যাশ্চ পুত্রা বা সর্ব্বে হ্যনিয়মাঃ স্মৃ[illegible]
স এষ তামসঃ সর্গো জজ্ঞেঽধর্ম্মনিয়ামকঃ।
যা সা দক্ষস্য দুহিতা রুদ্রস্য দয়িতা সতী॥
ভর্ত্তৃনিন্দাপ্রসঙ্গেন ত্যক্ত্বা দাক্ষায়ণীং তনুম্[illegible]
দক্ষঞ্চ দক্ষভার্য্যাঞ্চ বিনিন্দ্য সহ বন্ধুভিঃ।[illegible]
সা মেনায়ামাবিরভূৎ পুত্রী হিমবতো গিরেঃ[illegible]
রুদ্রস্তু তাং সতীং দৃষ্ট্বা রুদ্রাংস্ত্বাত্মসমপ্রভ[illegible]
যথাস্বজনসংখ্যাতাংস্তথা কথিতমেব চ।
ভৃগোঃ খ্যাত্যাং সমুৎপন্না লক্ষ্মীর্নারায়ণপ্র[illegible]
দেবৌ ধাতৃ-বিধাতারৌ মন্বন্তরবিচারিণৌ।
তয়োর্বৈ পুত্রপৌত্রাদ্যাঃ শতশোঽথ সহস্র[illegible]
স্বায়ম্ভুবেঽন্তরেঽতীতাঃ সর্ব্বে তে ভার্গবাঃ[illegible]

দাস্রী হইয়াছিল এবং হিংসার গর্ভে অধ[illegible] পুত্র হইয়াছিল, তাহারা অতি দুঃখদায়ী [illegible] ছিল। ১—১৫। অধর্ম্মের পুত্রগণ নিকৃ[illegible] খ্যাত হইয়াছিল এবং সকলে অধর্ম্ম ল[illegible] হইয়াছিল। তাহাদের ভার্য্যা বা পুত্র হ[illegible] তাহারা সকলে নিয়মশূন্য হইয়াছিল। এই [illegible] নাম তামস সর্গ; অধর্ম্ম উহার অধি[illegible] পূর্ব্বে যে দক্ষের কন্যা এবং মহা[illegible] পত্নী সতীর কথা বলা হইয়াছে, ঐ[illegible] ভর্ত্তৃনিন্দা শ্রবণ করিয়া, দক্ষোৎপাদিত [illegible] শরীর পরিত্যাগপূর্ব্বক বন্ধুজনের সহি[illegible] এবং দক্ষ-ভার্য্যাকে নিন্দা করিয়া, হি[illegible] গৃহে মেনার গর্ভে পুত্রীরূপে জন্মগ্র[illegible] ছিলেন। রুদ্র, সেই সতীকে দেখি[illegible] তুল্য প্রভাশালী অসংখ্যাত রুদ্রগণে[illegible] সৃজন করিয়াছেন, তাহা তোমাদিগে[illegible] কথিত হইয়াছে। খ্যাতির গর্ভে ভৃগু[illegible] নারায়ণের প্রিয় লক্ষ্মী এবং মন্বন্ত[illegible] বিচরণশীল ধাতা ও বিধাতা নামে[illegible] উৎপন্ন হইয়াছিলেন। ঐ দুইজন [illegible] শত সহস্র পুত্র পৌত্রাদি হইয়াছি[illegible] অতীত স্বায়ম্ভুব মন্বন্তরে উৎপন্ন হ[illegible] সকলেই ভার্গব (ভৃগুবংশীয়) [illegible]

রপি সম্ভূতিঃ পৌর্ণমাসমসূয়ত ॥ ২২
তুষ্টয়ঞ্চৈব মহীয়াংসস্তদম্বয়াঃ।
বংশে সমুৎপন্নো বহুপুত্রঃ স কাশ্যপঃ ॥ ২৩
াঙ্গিরসঃ পত্নী জনয়ামাস বৈ সুতৌ।
ং শরভঞ্চৈব তথা কন্যাচতুষ্টয়ম্ ॥ ২৪
পুত্রপৌত্রাশ্চ যেঽতীতাস্তে সহস্রশঃ।
পুলস্ত্যভার্য্যায়াং দত্তোঽগ্নিরভবৎ সুতঃ ॥
ানি যোঽগস্ত্যঃ স্মৃতঃ স্বায়ম্ভুবেঽন্তরে।
তীয়া বহবঃ পৌলস্ত্যা ইতি বিশ্রুতাঃ ॥২৬
সুষুবে পুত্রান্ পুলহস্য প্রজাপতেঃ।
াসুরীয়শ্চ সহিষ্ণুশ্চেতি তে ত্রয়ঃ ॥ ২৭
বর্চ্চসঃ সর্ব্বে এষাং বংশঃ প্রতিষ্ঠিতঃ।
ক্রতুসমান্ পুত্রান্ সন্ততিঃ সুষুবে সুতান্
ার্য্যাশ্চ পুত্রাশ্চ সর্ব্বে তে হ্যূর্দ্ধরেতসঃ।

ষষ্টিস্তানি সহস্রাণি বালখিল্যা ইতি স্মৃতাঃ ॥ ২
অনুরুণাগ্রতো যান্তি পরিবার্য্য দিবাকরম্।
অত্রের্ভার্য্যানুসূয়া চ পঞ্চাত্রেয়ানসূয়ত ॥ ৩০
কন্যকাঞ্চ শ্রুতিং নাম মাতা শঙ্খপদস্য যা।
সত্যনেত্রশ্চ হব্যশ্চ আপোমূর্ত্তিঃ শনৈশ্চরঃ ॥
সোমশ্চ পঞ্চমস্ত্বেতে পঞ্চাত্রেয়াঃ প্রকীর্ত্তিতাঃ।
তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ আত্রেয়াণাং মহাত্মনা
স্বায়ম্ভুবেঽন্তরেঽতীতাঃ শতশোঽথ সহস্রশঃ।
ঊর্জ্জায়ান্তু বশিষ্ঠস্য পুত্রা বৈ সপ্ত জজ্ঞিরে ॥ ৩৩
জ্যায়সী চ স্বসা তেষাং পুণ্ডরীকা সুমধ্যমা।
রজো গাত্রোর্দ্ধবাহু চ সবনশ্চানয়শ্চ যঃ ॥ ৩৪
সুতপাঃ শুক্র ইত্যেতে সপ্ত সপ্তর্ষয়ঃ স্মৃতাঃ।
গোত্রাণি নামভিস্তেষাং বশিষ্ঠানাং মহাত্মনাম্ ॥
স্বায়ম্ভুবেঽন্তরেঽতীতে স্ত্বর্বুদানি শতানি চ।
ইত্যেষ ঋষিসর্গস্তু সানুবন্ধঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৩৬
সমাসাদ্বিস্তরাদ্বক্তুমশক্যোঽয়মিতি দ্বিজাঃ।

া। মরীচির পত্নী সম্ভূতি, পৌর্ণমাস
প্রসব করেন, আর চারিটী কন্যাও
রিয়াছিলেন। ঐ পুত্র ও কন্যার বংশ
ত হইয়াছিল। তাঁহাদের বংশেই সেই
কাশ্যপ ঋষি উৎপন্ন হইয়াছিলেন।
পত্নী স্মৃতি দুইটী পুত্র উৎপাদন
েন, তন্মধ্যে একজনের নাম আগ্নীধ্র,
নাম শরভ; এতদ্ভিন্ন আর চারিটী
ইয়াছিল। ইহাদের সহস্র সহস্র
াদি অতীত হইয়াছিল। পুলস্ত্যের
ত্ত্রির গর্ভে দত্ত নামে অগ্নি উৎপন্ন
ন, পূর্ব্বজন্মে ইনি অগস্ত্য নামে
য়াছিলেন। স্বায়ম্ভুব মন্বন্তরে তাঁহার
প্রভৃতি সন্ততিগণ পৌলস্ত্য নামে
ইয়াছিল। ক্ষমা, পুলহ নামক
ঔরসে তিনটী পুত্র উৎপাদন
তাহাদের নাম কর্দ্দম, আসুরীয় এবং
ইঁহারা সকলে ত্রেতাগ্নিতুল্য তেজ-
ইঁহাদের সকলেরই বংশ প্রতিষ্ঠিত
সন্নতি, ক্রতুর ঔরসে ক্রতুতুল্য
উৎপাদন করিয়াছিলেন। ইঁহাদের
পুত্র কিছুই ছিল না। তাঁহারা
রেতা হইয়াছিলেন। তাঁহাদের

সংখ্যা ষাট হাজার এবং তাঁহারা বালখিল্য নামে
খ্যাত হইয়াছিলেন। তাঁহারা সূর্য্য-সারথি
অনরুর সহিত সূর্য্যকে বেষ্টন করিয়া অগ্রে
অগ্রে গমন করেন। অত্রির ভার্য্যা অনুসূয়া
অত্রির ঔরসে পাঁচ পুত্র প্রসব করিয়াছিলেন।
১৬—৩০। তাঁহার শ্রুতি নামে এক কন্যাও
উৎপন্ন হইয়াছিল। ঐ শ্রুতি শঙ্খপদের মাতা
ছিলেন। অত্রির পাঁচ পুত্রের নাম—সত্যনেত্র,
হব্য, আপোমূর্ত্তি, শনৈশ্চর এবং সোম। এই
পাঁচজন আত্রেয় নামে অভিহিত হন। স্বায়ম্ভুব
মন্বন্তরে সেই মহাত্মা আত্রেয়দিগের শত সহস্র
পুত্র এবং পৌত্র অতীত হইয়াছিল। ঊর্জ্জার
গর্ভে বসিষ্ঠের সাতটী পুত্র উৎপন্ন হইয়াছিল
এবং সুমধ্যমা পুণ্ডরীকা তাহাদের জ্যেষ্ঠা
ভগিনী ছিলেন। রজঃ, গাত্র, ঊর্দ্ধবাহু, সবন,
অনয়, সুতপা এবং শুক্র এই সাতজন;
ইঁহারা সপ্তর্ষি নামে বিখ্যাত। মহাত্মা বশিষ্ঠ
পুত্রদিগের নাম দ্বারা স্বায়ম্ভুব মন্বন্তরে
কত শত অর্ব্বুদসংখ্যক গোত্র [illegible]
বিখ্যাত হইয়াছিল। [illegible]
সংক্ষেপে বা অতি [illegible]

যোহসৌ রুদ্রাত্মকো বহ্নির্ব্রহ্মণো মানসঃ স্মৃতঃ।
স্বাহা তস্য প্রিয়া লেভে পুত্রাংস্ত্রীনমিতৌজসঃ।
পাবকঃ পবমানশ্চ শুচিরিত্যেব তে ত্রয়ঃ॥ ৩৮
নির্ম্মথ্যঃ পবমানঃ স্যাদ্বৈদ্যুতঃ পাবকঃ স্মৃতঃ।
সূর্য্যে তপতি যশ্চাসৌ শুচিঃ সৌর উদাহৃতঃ॥ ৩৯
হব্যবাহঃ কব্যবাহঃ সহরক্ষা ইতি ত্রয়ঃ।
ত্রয়াণাং ক্রমশঃ পুত্রা দৈবপিত্র্যাসুরাশ্চ তে॥৪০
এতেষাং পুত্রপৌত্রাশ্চ চত্বারিংশন্নবৈব তে।
কাম্যনৈমিত্তিকাজস্রকর্ম্মসু ত্রিষু সংস্থিতাঃ॥ ৪১
সর্ব্বে তপস্বিনো জ্ঞেয়াঃ সর্ব্বে ব্রতভৃতস্তথা।
সর্ব্বে রুদ্রাত্মকাশ্চৈব সর্ব্বে রুদ্রপরায়ণাঃ॥ ৪২
তস্মাদগ্নিমুখে যত্তদ্ধুতং স্যাদ্‌যেন কেনচিৎ।
তৎ সর্ব্বং রুদ্রমুদ্দিশ্য দত্তং স্যান্নাত্র সংশয়ঃ॥৪৩
ইত্যেবং নিশ্চয়োহগ্নীনামনুক্রান্তো যথাতথম্।
নাতিবিস্তরতো বিপ্রাঃ পিতৄন্ বক্ষ্যাম্যতঃ পরম্॥

ব্রহ্মণঃ পিতৃবক্ত্রাৎ স্বাৎ সৃজতো জজ্ঞিরে ...
মধ্যাদয়ঃ ষড়্‌ঋতবঃ স্বান্ পিতৄন্ পরিচক্ষ...
যস্মাৎ ষড়্‌ঋতবস্তেষাং স্থানং স্থানাভিমা...
ঋতবঃ পিতরস্তস্মাদিত্যেষা বৈদিকী শ্রুতিঃ
যস্মাদৃতুষু সর্ব্বে হি জায়ন্তে স্থাণু-জঙ্গমাঃ।
তস্মাদেতেহপি পিতর আর্ত্তবা ইতি চ শ্রু...
এবং পিতৃণামেতেষামৃতুকালাভিমানিনাম্।
ঋতুত্বমার্ত্তবত্বঞ্চ পিতৃত্বঞ্চ প্রকীর্ত্তিতম্॥ ৪...
মন্বন্তরেষু সর্ব্বেষু পিতরস্তেহভিমানিনঃ।
আপ্তৈশ্বর্য্যা মহাত্মানস্তিষ্ঠন্তীহাব্রসংপ্লবাৎ
অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ পিতরো দ্বিবিধাঃ স্মৃতাঃ
অযজ্বানশ্চ যজ্বানঃ ক্রমাৎ তে গৃহমেধিনঃ
স্বধাসুত পিতৃভ্যশ্চ দ্বে কন্যে লোকবিশ্রু...
মেনাঞ্চ ধরণীঞ্চৈব যাভ্যাং বিশ্বমিদং ধৃত...
অগ্নিষ্বাত্তসুতা মেনা ধরণী বর্হিষৎসুতা।

বলিয়া আমি এই প্রপঞ্চ ঋষিসর্গের কীর্ত্তন করিলাম। পূর্ব্বে যে ব্রহ্মার মানসপুত্র রুদ্র নামক বহ্নির বিষয় উক্ত হইয়াছে, তাঁহার ভার্য্যা স্বাহা তিনটী অমিতৌজা পুত্র লাভ করিয়াছিলেন। তাঁহাদের নাম পাবক, পবমান এবং শুচি। অরণি জন্য অগ্নির নাম পাবমান, বৈদ্যুত অগ্নির নাম পাবক এবং সূর্য্য তাপদান করিলে যে অগ্নি দৃষ্ট হয়, সেই সৌর অগ্নির নাম শুচি। পূর্ব্বোক্ত তিন জনের যথাক্রমে হব্যবাহ, কব্যবাহ এবং সহরক্ষা, এই তিনটী পুত্র উৎপন্ন হইয়াছিল; ইহারা আবার যথাক্রমে দৈব, পিত্র্য এবং আসুর বলিয়া বিখ্যাত। ৩৯—৪০। ইহাদের পুত্র এবং পৌত্রের সংখ্যা একোনপঞ্চাশৎ। তাহারা সকলেই কাম্য, নৈমিত্তিক এবং নিত্য, এই তিন প্রকার কর্ম্মে প্রয়োজনীয়। ইহারা সকলেই তপস্বী, সকলেই ব্রতধারী এবং সকলেই রুদ্রস্বরূপ ও রুদ্রপরায়ণ। অতএব যে কোন ব্যক্তি যে কিছু বস্তু অগ্নিমুখে অর্পণ করেন, সে সকল যে রুদ্রের উদ্দেশে দত্ত হয়, সে বিষয়ে কোন সন্দেহ নাই। অগ্নিদিগের ... নিরূপণা হইল। অতঃ পর ... পিতৃদিগের কথা বলিব।

ব্রহ্মা সকলের পিতা, এই নিমিত্ত ... সৃজন করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, ... হইতে বসন্ত প্রভৃতি ছয় ঋতু উৎপন্ন ... ছিল; তাহাদিগকে পি... বলিয়া ... করে। যেহেতু স্থানাভিমানী পিতৃ... ঋতু আশ্রয়, এই নিমিত্ত ঋতুদিগকে ... বিখ্যাত করা হয় বৈদিক শ্রুতি ... প্রমাণ। যেহেতু ঋতুতে সমুদয় ... জঙ্গম উৎপন্ন হয়, এই নিমিত্ত ... গণকে 'পিতৃগণ' বলিয়া নির্দ্দেশ করা ... এইরূপে ঋতুকালাভিমানী পিতৃদি... আর্ত্তবত্ব এবং পিতৃত্ব পরিকীর্ত্তিত ... সেই অভিমানী মহাত্মা পিতৃগণ সম... ঐশ্বর্য্য লাভ করিয়া আকাশ-সং... অবস্থান করেন। পিতৃগণ দ্বি... অগ্নিষ্বাত্তা, দ্বিতীয় বর্হিষদ্; তাঁহারা ... অযজ্বা ও যজ্বা নামে খ্যাত। তাঁহারা ... গৃহমেধী। পিতৃগণের ঔরসে ... বিশ্রুত দুইটী কন্যা প্রসব করে... নাম মেনা, অপরটীর নাম ধরণী; ... জন্যে এই সমুদয় বিশ্ব ধারণ... মেনা, অগ্নিষ্বাত্তাদিগের কন্যা ...

হিমবতঃ পত্নী মৈনাকং ক্রৌঞ্চমেব চ ॥ ৫২
ং গঙ্গাঞ্চ সুষুবে ভবাঙ্গাশ্লেষপাবনীম্।
স্তু ধরণী পত্নী দিব্যৌষধিসমন্বিতম্ ॥ ৫৩
সুষুবে পুত্রং চিত্রসুন্দরকন্দরম্।
মন্দরঃ শ্রীমান্ মেরুপুত্রস্তপোবলাৎ ॥৫৪
শ্রীকণ্ঠনাথস্য শিবস্যাবাসতাং গতঃ।
ধরণী ভূয়স্তিস্রঃ কন্যাশ্চ বিশ্রুতাঃ ॥ ৫৫
নিয়তিশ্চৈব তৃতীয়ামপি চায়তিম্।
নিয়তিশ্চৈব পত্ন্যৌ দ্বে ভৃগুপুত্রয়োঃ ॥ ৫৬
ন্বন্তরে পূর্ব্বং কথিতস্তু তদন্বয়ঃ।
সাগরাদ্বেলা কন্যামেকামনিন্দিতাম্ ॥ ৫৭
নাম সামুদ্রীং পত্নীং প্রাচীনবর্হিষঃ।
সুষুবে পুত্রান্ দশ প্রাচীনবর্হিষঃ ॥ ৫৮
প্রচেতসা নাম ধনুর্ব্বেদস্য পারগাঃ।
বিদ্ভবে দক্ষঃ পুত্রত্বমগমৎ পুরা ॥ ৫৯
স্য শাপেন চাক্ষুষস্যান্তরে মনোঃ।

ইত্যেতে ব্রহ্মপুত্রাণাং ধর্ম্মাদীনাং মহাত্মনাম্ ॥৬০
নাতিসংক্ষেপতো বিপ্রা নাতিবিস্তরতঃ ক্রমাৎ।
বর্ণিতা বৈ ময়া বংশা দিব্যাদেবগণান্বিতাঃ ॥ ৬১
ক্রিয়াবন্তঃ প্রজাবন্তো মহর্দ্ধিভিরলঙ্কৃতাঃ।
প্রজানাং সন্নিবেশোঽয়ং প্রজাপতিসমুদ্ভবঃ ॥ ৬২
ন হি শক্যঃ প্রসংখ্যাতুং বর্ষকোটীশতৈরপি।
রাজ্ঞামপি চ যো বংশো দ্বিধা সোঽপি প্রবর্ত্ততে
সূর্য্যবংশঃ সোমবংশ ইতি পুণ্যতমঃ ক্ষিতৌ।
ইক্ষ্বাকুরম্বরীষশ্চ যযাতির্নহুষাদয়ঃ ॥ ৬৪
পুণ্যশ্লোকাঃ শ্রুতা যেঽত্র তেঽপি তদ্বংশসম্ভবাঃ।
অন্যে চ রাজঋষয়ো নানাবীর্য্যপরাক্রমাঃ ॥ ৬৫
কিন্তৈঃ ফলমযুক্তাস্তৈরুক্তপূর্ব্বৈঃ পুরাতনৈঃ।
কিঞ্চেশ্বরকথা বৃত্তা যত্র তত্রাস্য কীর্ত্তনম্ ॥ ৬৬
ন সদ্ভিঃ সম্মতং মত্বা নোৎসহে বহু ভাষিতুম্।
প্রসঙ্গাদীশ্বরস্যৈব প্রভাবদ্যোতনাদপি।

কন্যা। হিমালয় পর্ব্বতের পত্নী নাক ও ক্রৌঞ্চপর্ব্বত এবং মহাদেবের নপাবনী গৌরী ও গঙ্গাকে প্রসব লেন। সুমেরু পর্ব্বতের পত্নী ধরণী, -সমন্বিত এবং বিচিত্র-সুন্দর কন্দর-র পর্ব্বতকে প্রসব করিয়াছিলেন। রুর পুত্র শ্রীমান্ মন্দর পর্ব্বত তপো-ং শ্রীকণ্ঠনাথ মহাদেবের আবাসত্ব য়াছিলেন। ঐ ধরণী পুনর্ব্বার আর ন্যা প্রসব করিয়াছিলেন। ৫১—৫৫। নাম বেলা, নিয়তি এবং আয়তি। ং নিয়তি ইঁহারা দুই জন পূর্ব্বে ন্বন্তরে ভৃগুপুত্রদ্বয়ের পত্নীত্ব প্রাপ্ত ন, তাঁহাদের বংশ কীর্ত্তন করিয়াছি। র ঔরসে আপনার সবর্ণ, প্রাচীন-ী সামুদ্রী নাম্নী কন্যাকে প্রসব। সামুদ্রী, প্রাচীনবর্হিষের ঔরসে প্রসব করেন। তাঁহারা সকলে মে বিখ্যাত এবং ধনুর্ব্বেদে পারগ। রের দক্ষ, পূর্ব্বে মহাদেবের শাপে অন্তরে ইঁহাদের পুত্রত্ব প্রাপ্ত

হইয়াছিলেন। আমি, ব্রহ্মার পুত্র ধর্ম্মাদির এই সকল দিব্য এবং দেবগণান্বিত বংশ অনতি-সংক্ষেপে এবং অনতি বিস্তারে কীর্ত্তন করি-লাম। ইহারা সকলে ক্রিয়াবান্, প্রজাবান্ এবং মহাসমৃদ্ধি দ্বারা অলঙ্কৃত। প্রজাপতি হইতে সমুৎপন্ন এই প্রজাদিগের সন্নিবেশ কোটিশত বর্ষেও গণনা করা যায় না। পৃথি-বীতে রাজাদিগের পবিত্র বংশও দুই প্রকার প্রবর্ত্তিত হইয়াছে ;—একটীর নাম চন্দ্রবংশ এবং অপরের নাম সূর্য্যবংশ। ইক্ষ্বাকু, অম্ব-রীষ, যযাতি এবং নহুষ প্রভৃতি যে সকল রাজা পুণ্যশ্লোক নামে প্রসিদ্ধ, উঁহারাও ঐ বংশ হইতে উৎপন্ন। আরও অনেক বিবিধ বীর্য্য ও পরাক্রমশালী রাজর্ষিগণ ঐ বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন ; তাঁহাদের বিষয় পূর্ব্বে উক্ত হইয়াছে। এক্ষণে আর সে পুরাতন কথার যথাক্রম কথনে ফল কি? আরও দেখ, ঈশ্ব-রের কথার প্রসঙ্গে যেখানে সেখানে অপর বিষয়ের কীর্ত্তন পণ্ডিতগণের সম্মত নহে, এই-জন্য আমি অধিক বলিতে উৎসাহ করি না। ঈশ্বরের প্রসঙ্গে তাঁহার [illegible]

মর্য্যাদয়োঽপি কথ্যন্তু ইত্যলং তৎপ্রবিস্তরৈঃ ॥ ৬৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং পূর্ব্বভাগে স্বায়ম্ভুববংশবর্ণনং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

ষোড়শোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

দেবী দক্ষস্য তনয়া ত্যক্ত্বা দাক্ষায়ণীং তনুম্।
কথং হিমবতঃ পুত্রী মেনায়ামভবৎ পুরা ॥ ১
কথঞ্চ নিন্দিতো রুদ্রো দক্ষেণ চ মহাত্মনা।
নিমিত্তমপি কিং তত্র যেন স্যান্নিন্দিতো ভবঃ ॥ ২
উৎপন্নশ্চ কথং দক্ষো অপি শাপাদ্ভবস্য তু।
চাক্ষুষস্যান্তরে পূর্ব্বং মনোঃ প্রব্রূহি মারুত। ৩

বায়ুরুবাচ।

শৃণ্বন্তু কথয়িষ্যামি দক্ষস্য লঘুচেতসঃ।
বৃত্তং পাপাৎ প্রমাদাচ্চ বিশ্বামরবিদূষণম্ ॥ ৪
পুরা সুরাসুরাঃ সর্ব্বে সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
কদাচিদ্দ্রষ্টুমীশানং হিমবচ্ছিখরং যযুঃ ॥ ৫
তদা দেবশ্চ দেবী চ দিব্যাসনগতাবুভৌ।
দর্শনং দদতুস্তেষাং দেবাদীনাং দ্বিজোত্তমাঃ।
তদানীমেব দক্ষোঽপি গতস্তত্র সহামরৈঃ।
জামাতরং হরং দ্রষ্টুং দ্রষ্টুকামস্সুতাং সতীম্
তদাত্মগৌরবাদেব দেব্যা দক্ষে সমাগতে।
দেবাদিভ্যো বিশেষেণ ন কাচিদভবৎ স্মৃতিঃ
তস্য তস্যাঃ পরং ভাবমজ্ঞাতুশ্চাপি কেবলম্
পুত্রীত্যেবং বিমূঢ়স্য তস্যাং বৈরমজায়ত।
ততস্তেনৈব বৈরেণ বিধিনা চ প্রচোদিতঃ।
নাজুহাব ভবং দক্ষো দীক্ষিতস্তামপি দ্বিষন্
অন্যান্ জামাতরঃ সর্ব্বানাহূয় স যথাক্রমম্
শতশঃ পূজয়ামর্চ্চাং চকার চ পৃথক্ পৃথক্
তথা তান্ সঙ্গতান্ শ্রুত্বা নারদস্য মুখাৎ ত
যযৌ রুদ্রায় রুদ্রাণী বিজ্ঞাপ্য ভবনং পিতুঃ

করিবার নিমিত্ত সৃষ্টি-আদির বিষয় যতটুকুই বলা আবশ্যক, ততটুকুই বলা উচিত। বিস্তর বলিবার প্রয়োজন নাই। ৫৩—৬৭।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—দক্ষের কন্যা দেবী দক্ষোৎপাদিত শরীর ত্যাগ করিয়া কি নিমিত্ত হিমালয়ের পুত্রী হইয়া মেনার গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন? মহাত্মা দক্ষ, কি নিমিত্তই বা রুদ্রের নিন্দা করিয়াছিলেন এবং কি কারণে মহাদেবই বা নিন্দিত হইয়াছিলেন? হে মারুত! মহাদেবের শাপে চাক্ষুষমনুর অন্তরে দক্ষই বা কিরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন? এ সকল বিষয় আমাদের নিকট কীর্ত্তন করুন। বায়ু বলিলেন, আমার নিকট, লঘুচেতা দক্ষের প্রমাদ [illegible]

শ্রবণ করুন। পূর্ব্বকালে কোন সময়ে সুর, অসুর, সিদ্ধ এবং মহর্ষিগণ দেবকে দেখিবার নিমিত্ত হিমালয়ের শি[খরে] গমন করিয়াছিলেন। তাহার পর, [হে ...] গণ! দেব এবং দেবী দিব্য আসনে [উপবিষ্ট] হইয়া, সেই দর্শনার্থী দেবাদিকে দর্শ[ন দিয়া]ছিলেন। এই অবসরে দক্ষও অ[মরগণের] সহিত আপনার জামাতা, হর এবং [আপনার] কন্যা সতীকে দেখিতে সেই স্থা[নে গমন] করিয়াছিল। দেবী পরমাত্ম-স্বরূপিণী, (তাঁহার সকলেই সমান) দক্ষ [...] অন্য দেবতা অপেক্ষা তাঁহার প্র[তি] সম্মান প্রদর্শন তিনি করিলেন [না।] দেবীর প্রকৃত তত্ত্ব জানিতে পারে না[ই,] আমার কন্যা এইরূপ ভাবে [...] কন্যার প্রতি বৈরিভাবাপন্ন হইল। দীক্ষিত হইয়া নিয়তিবশেই, সেই [...] দ্বিষেষে শিবকে অহ্বান করি[ল না] অন্য জামাতাদিগকে আহ্বান করি[য়া] প্রত্যেককে প্রচুর পূজা করি[ল।] রুদ্রাণী, নারদ-মুখে পিতৃভব[নে] [...]বার্ত্তা শ্রবণ করিয়া, [...]

হিতং দিব্যং বিমানং বিশ্বতোমুখম্।
ং সুখারোহমতিমাত্রমনোহরম্॥ ১৩
নদপ্রখ্যং চিত্ররত্নপরিষ্কৃতম্।
বিতানাগ্র্যং স্রগ্দামসমলঙ্কৃতম্॥ ১৪
ননির্য্যূহং রত্নস্তম্ভশতাবৃতম্।
ত্সোপানং বিদ্রুমস্তম্ভতোরণম্॥ ১৫
পরিস্তীর্ণং চিত্ররত্নমহাসনম্।
কিরচ্ছিদ্রমচ্ছিদ্রমণিকুট্টিমম্॥ ১৬
মনোজ্ঞেন মহাবৃষভলক্ষণা।
পুরোভাগমভ্রশুভ্রেণ কেতুনা॥ ১৭
কঞ্চুপ্রাঙ্গৈশ্চিত্রবেত্রৈকপাণিভিঃ।
তমহাদ্বারমপ্রধৃষ্যৈর্গণেশ্বরৈঃ॥ ১৮
লগীতাদি-বেণুবীণাবিশারদৈঃ।
শভাবৈশ্চ বহুভিঃ স্ত্রীজনৈর্বৃতম্॥ ১৯
চ মহাদেবি সহ প্রিয়সখীজনৈঃ।
ন তস্যা বজ্রদণ্ডে মনোহরে॥ ২০

গৃহীত্বা রুদ্রকন্যে দ্বে বিবীজতুরুভে শুভে।
তদা চামরয়োর্মধ্যে দেব্যা বদনমাবভৌ॥ ২১
অন্যোন্যং যুদ্ধতোর্মধ্যে হংসয়োরিব পঙ্কজম্।
ছত্রং শশিনিভং তস্যাশ্চূড়োপরি সুমালিনী॥ ২২
ধৃতমুক্তা পরিক্ষিপ্তং বভার প্রেমনির্ভরা।
তচ্ছত্রমুজ্জ্বলং দেব্যা রুরুচে বদনোপরি॥ ২৩
উপর্য্যমৃতভাণ্ডস্য মণ্ডলং শশিনো যথা।
অথ চাগ্রে সমাসীনা সুস্মিতাস্যাঃ শুভাবতী॥ ২৪
অক্ষদ্যূতবিনোদেন রময়ামাস পার্ব্বতীম্।
সুযশা পাদুকে দেব্যাঃ শুভে রত্নপরিষ্কৃতে॥ ২৫
স্তনয়োরন্তরে কৃত্বা তদা দেবীমসেবত।
অন্যা কাঞ্চনচার্ব্বঙ্গী দীপ্তং জগ্রাহ দর্পণম্॥ ২৬
অপরা তালবৃন্তঞ্চ পরা তাম্বূলপেটিকাম্।
কাচিৎ ক্রীড়াশুকং চারু করে চকার ভামিনী॥
কাচিৎ তু সুমনোজ্ঞানি পুষ্পাণি সুরভীণি চ।
কাচিদাভরণাধারং বভার কমলেক্ষণা॥ ২৮
কাচিচ্চ পুনরালেপং সপ্রসূনং সভাজনম্।
অন্যাশ্চ সদৃশস্তাস্তা যথাস্বমুচিতক্রিয়াঃ॥ ২৯
আবৃত্যাস্তর্মহাদেবীমসেবন্ত সমন্ততঃ।

ত্রা করিলেন। অনন্তর, সমীপানীত
স্পন্ন মনোহর সুখারোহ সর্ব্বত্রগামী
বী আরোহণ করিলেন। বিমানের
কাঞ্চনের ন্যায়, বিচিত্র রত্ন তাহার
স্পাদন করিতেছে, মুক্তাময় উত্তম
এবং বিবিধ মাল্যে তাহা অলঙ্কৃত।
র্নির্য্যূহ তপ্তকাঞ্চন-মনোহর, শত শত
রাজমান, সোপানাবলী হীরক-
তোরণ বিদ্রুমমণি-নির্ম্মিত। সেই
পপট্ট, বিচিত্র রত্নাসন, হীরকজাল
দ্র মণিময় কুট্টিমে বিরাজিত।
ষ্ডযুক্ত মণিদণ্ড-সম্মিলিত শুভ্র-
মানের শিরোভাগ শোভিত করি-
ঞ্চুককঞ্চুকধারী, বেত্রপাণি, দুর্দ্ধর্ষ
ণ বিমানের দ্বারদেশে অধিষ্ঠিত।
-বীণা-বেণু-তাল-গান-বিশারদ বহু
ই বিমানে ছিলেন। মহাদেবী
দের সঙ্গে সেই বিমানে আরোহণ
হীরক-দণ্ড-সম্পন্ন মনোহর চামর
দুই জন রুদ্রকন্যা দেবীকে ব্যজন
লন। তখন সেই চামরদ্বয়-

মধ্যগত দেবী-বদন, পরস্পর যুদ্ধাসক্ত হংস-
দ্বয়ের মধ্যস্থিত পদ্মের ন্যায়, শোভা পাইতে
লাগিল। প্রেমময়ী সখী সুমালিনী তাঁহার
চূড়োপরি মুক্তাখচিত সুধাংশু-সন্নিভ ছত্র ধারণ
করিলেন। সেই উজ্জ্বল ছত্র, চন্দ্রের উপর
বর্ত্তুল অমৃতভাণ্ডের ন্যায়, দেবীর বদনমণ্ডলো-
পরি শোভিত হইল। স্মিতমুখী সখী শুভা-
বতী, অগ্রে বসিয়া অক্ষ-ক্রীড়া দ্বারা পার্ব্বতীর
সন্তোষ সাধন করিতে লাগিলেন। সখী সুযশাঃ
দেবীর রত্নময় পাদুকাযুগল স্তনমধ্যে রাখিয়া
দেবীর সেবা করিতে লাগিলেন। কাঞ্চনবর্ণা এক
সহচরী দীপ্ত দর্পণ গ্রহণ করিয়াছিলেন।
১২—২৬। আর কেহ তালবৃন্ত, কেহ তাম্বূল-
পেটিকা (ডিবিয়া) এবং কোন সহচরী ক্রীড়া-
শুকপক্ষী হস্তে করিয়াছিলেন। কোন সখী
মনোহর সুরভি পুষ্প, কোন কমললোচনা [illegible]
[illegible] এবং কেহ পুষ্পযুক্ত, [illegible]
[illegible]

অতীব শুশুভে তাসামন্তরে পরমেশ্বরী ॥ ৩০
তারাপরিবৃতো মধ্যে চন্দ্রলেখেব শারদী।
ততঃ শঙ্খসমুত্থস্য নাদস্য সমনন্তরম্ ॥ ৩১
প্রাস্থানিকো মহানাদঃ পটহঃ সমতাড্যত।
ততো মধুরবাদ্যানি সহ তালোদ্যতৈঃ স্বনৈঃ ॥ ৩২
অনাহতানি সস্রেহুঃ কাহলানাং শতানি চ।
সায়ুধানাং গণেশানাং মহেশসমতেজসাম্ ॥ ৩৩
সহস্রাণি শতান্যষ্টৌ তদানী পুরতো যযুঃ।
তেষাং মধ্যে বৃষারূঢ়ো গজারূঢ়ো যথা গুহঃ ॥ ৩৪
জগাম গণপঃ শ্রীমান্ সোমনন্দী সুরার্চ্চিতঃ।
দেবদুন্দুভয়ো নেদুর্দিবি দিব্যসুখস্বনাঃ ॥ ৩৫
ননৃতুর্মুনয়ঃ সর্ব্বে মুমুদুঃ সিদ্ধযোগিনঃ।
সসৃজুঃ পুষ্পবৃষ্টিঞ্চ বিমানোপরি বারিদাঃ ॥ ৩৬
তদা দেবগণৈশ্চান্যৈঃ পথি সর্ব্বত্র সঙ্গতা।
ক্ষণাদিব পিতুর্গেহং প্রবিবেশ মহেশ্বরী ॥ ৩৭
তাং দৃষ্ট্বা কুপিতো দক্ষশ্চাত্মনঃ ক্ষয়কারণাং।
তস্যা যবীয়সীভ্যোঽপি চক্রে পূজামসংকৃতাম্।
তদা শশিমুখী দেবী পিতরং সদসি স্থিতম্।
অম্বিকা বক্তুমব্যগ্রমুবাচ কৃপণং বচঃ ॥ ৩৯

দেব্যুবাচ।

ব্রহ্মাদয়ঃ পিশাচান্তা যস্যাজ্ঞাবশবর্ত্তিনঃ।
স দেবঃ সাম্প্রতং তাত বিধিনা নার্চ্চিতঃ কিম্
তদাস্তাং মম জ্যায়স্যাঃ পুত্র্যাঃ পূজাং কিমীদৃ
অসংকৃতমবজ্ঞায় কৃতবানসি গর্হিতাম্ ॥ ৪১
এবমুক্তোঽব্রবীদেনাং দক্ষঃ ক্রোধাদমর্ষিতঃ।
ত্বত্তঃ শ্রেষ্ঠা বরিষ্ঠাশ্চ পূজ্যা বালাঃ সুতা মম
তাসাস্তু যে চ ভর্ত্তারস্তে মে বহুমতা মুদা।
গুণৈশ্চাপ্যধিকাঃ সর্ব্বে ভর্ত্তুস্তে ত্র্যম্বকাদপি।
স্তব্ধাত্মা তামসঃ সর্ব্বস্ত্বমিমং সমুপাশ্রিতা।
তেন ত্বামবমন্যেঽহং প্রতিকূলো হি মে ভবঃ
তথোক্তা পিতরং দক্ষং ক্রুদ্ধা দেবীদমব্রবীৎ।
শৃণ্বতামেব সর্ব্বেষাং যে যজ্ঞসদসি স্থিতাঃ ॥

গণ, যথাযোগ্য ভাবে উচিত কর্ম্ম নির্ব্বাহ করত মহাদেবীর সেবা করিতে লাগিলেন। পরমেশ্বরী নক্ষত্রমণ্ডলী মধ্যে শারদী শশিকলার ন্যায় সেই সখীগণমধ্যে শোভা পাইতে লাগিলেন। তার পর শঙ্খধ্বনি হইলে, মহানাদ-সম্পন্ন যাত্রিক পটহ বাদিত হইল। তালশব্দ সহ মধুর বাদ্যোদ্যম হইতে লাগিল। অনাহত শতশত কাহল বাদ্য বাজিতে লাগিল। মহেশ-সম-তেজা অস্ত্রধারী সহস্র শত এবং অষ্টসংখ্যক গণাধ্যক্ষগণ সম্মুখে যাইতে লাগিলেন; তন্মধ্যে গজারূঢ় কার্ত্তিকেয়ের ন্যায় বৃষারূঢ় দেব-বন্দিত, শ্রীমান্, শিবের আনন্দ-বিধায়ক গণপতি গমন করিতে লাগিলেন। ২৭—৩৪। আকাশে মধুর শব্দে দেব-দুন্দুভি সকল বাজিয়া উঠিল, মুনি সকল নাচিতে লাগিলেন। সিদ্ধ-যোগিগণ আনন্দিত হইলেন এবং মেঘগণ বিমানের উপর পুষ্পবৃষ্টি করিতে লাগিল। অনন্তর পথে দেবগণ এবং অপরাপরের সহিত মিলিত হইয়া মহেশ্বরী, ক্ষণকালমধ্যে পিতৃগৃহে উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া দক্ষ অতিশয় কুপিত হইয়া এবং আত্মার বিনাশের নিমিত্ত তাঁহাকে

পূজা না করিয়া তাহার কনিষ্ঠা ভগিনী পূজা করিতে লাগিল। তখন শশিমুখী অম্বিকা সভাস্থিত পিতাকে অব্যগ্রভাবে যুক্ত বাক্য বলিতে লাগিলেন দেবী লেন,—হে পিতঃ! ব্রহ্মা হইতে পর্য্যন্ত যে দেবের আজ্ঞাকারী, সম্প্রতি দেবকে যথাবিধি অর্চ্চনা করিলেন না। যাহা হউক, আমি জ্যেষ্ঠা, আমার পূজা করিয়া কেন এই লোকগর্হিত কনিষ্ঠা পূজা করিতেছেন? দেবী কর্তৃক এই উক্ত হইয়া দক্ষ ক্রোধে অমর্ষ সহ তাঁহাকে বলিল,—তোমার কনিষ্ঠাগণ হইতে শ্রেষ্ঠা ও বরিষ্ঠা, এই নিমি তাহাদিগের পূজা করিতেছি এবং ভর্ত্তৃগণ সর্ব্বদা আমার সমাদরের তোমার ভর্ত্তা ত্র্যম্বক অপেক্ষা তাহার গুণবান্। শর্ব্ব তমোগুণযুত এবং আমা তাহাকে তুমি আশ্রয় করিয়াছ, ত আমার অবজ্ঞার পাত্র।৩৫—৩৪। পি কথা শুনিয়া দেবী ক্রুদ্ধা হইয়া সভা দেব সমক্ষে পিতা দক্ষকে বলিলেন,—

াম ভর্ত্তারমজাতাশেষদূষণম্ ।
য়সে দক্ষ সাক্ষাল্লোকমহেশ্বরম্ ॥ ৪৫
ারো গুরুদ্রোহী দেবেশ্বরবিদূষকঃ।
বহুপাপ্মানঃ সদ্যো দণ্ড্যা ইতি শ্রুতিঃ ॥
্যৎকটস্যাস্য পাপস্য সদৃশো ভৃশম্ ।
রুণো দণ্ডস্তব দেবাদ্ভবিষ্যতি ॥ ৪৮
্জিতো যস্মাদেব দেবস্ত্র্যম্বকঃ।
ব কুলং দুষ্টং নষ্টমিত্যবধারয় ॥ ৪৯
পিতরং রুষ্টা সতী সন্ত্যজ্য সাব্যয়া।
তনুং ত্যক্ত্বা হিমবন্তং যযৌ গিরিম্ ॥৫০
রঃ শ্রীমান্ লব্ধপুণ্যফলোদয়ঃ।
কৃতবান্ সুচিরং দুশ্চরং তপঃ ॥ ৫১
নুগৃহ্যাতি ভূধরেশ্বরমীশ্বরী।
াতরং চক্রে স্বায়নো যোগমায়য়া ॥৫২
াতী দক্ষং বিনিন্দ্য ভয়বিহ্বলা।

যাহার কোনরূপ নিন্দা হয় নাই,
াং লোক-মহেশ্বর আমার ভর্ত্তার
অকারণে দুষ্ট বাক্য প্রয়োগ করি-
দ্যাচোর, গুরুদ্রোহী এবং দেব ও
দাকারী—এই সকল পাপী সদ্যো-
া বেদে উক্ত হইয়াছে। এই
ই দেব মহেশ্বর হইতে অচিরে
ই অত্যুৎকট পাপের সদৃশ
তুমি যেহেতু দেবদেব ত্র্যম্বকের
না, এ কারণেই তোমার এই দুষ্ট
ইবে, ইহা স্থির জানিও। সেই
রুষ্ট হইয়া পিতাকে এইরূপ
কে পরিত্যাগপূর্ব্বক তদুৎপাদিত
করিয়া হিমালয় পর্ব্বতে গমন
পর্ব্বতশ্রেষ্ঠ শ্রীমান্ হিমালয়
তাঁহার প্রাপ্তির নিমিত্ত দুষ্কর
ান করিয়াছিলেন, এক্ষণে সেই
্যফল লাভ করিলেন। সেই
পরমেশ্বরী সেই পর্ব্বতেশ্বরকে
দন এবং আপনার যোগমায়ার
াক্রমে তাঁহাকে পিতা করিলেন।
দক্ষকে পরিত্যাগ করিয়া চলিয়া
সময়ে মন্ত্রেরা ভয়ে ব্যাকুল হইয়া

তদা তিরোহিতা মন্ত্রা বিহতশ্চ ক্রতোঽধ্বরঃ ॥৫৩
তদুপশ্রুত্য গমনং দেব্যাস্ত্রিপুরমর্দ্দনঃ।
দক্ষায় চ ঋষিভ্যশ্চ চুকোপ চ শশাপ তান্ ॥ ৫৪
যস্মাদবমতা দক্ষ মৎকৃতেঽনাগসা সতী।
পূজিতাশ্চেতরাঃ সর্ব্বাঃ স্বসুতা ভর্তৃভিঃ সহ ॥ ৫৫
বৈবস্বতেঽন্তরে যস্মাৎ তব জামাতরস্ত্বমী।
উৎপৎস্যন্তে সমং সর্ব্বে ব্রহ্মযজ্ঞেষযোনিজাঃ ॥
ভবিতা মানুষো রাজা চাক্ষুষস্য ত্বমন্বয়ে।
প্রাচীনবর্হিষঃ পৌত্রঃ পুত্রশ্চাপি প্রচেতসঃ ॥ ৫৭
অহং তত্রাপি তে বিঘ্নমাচরিষ্যামি দুর্ম্মতে।
ধর্ম্মার্থকামযুক্তেষু কর্ম্মস্বপি পুনঃপুনঃ ॥ ৫৮
তেনৈবং ব্যাহৃতো দক্ষো রুদ্রেণামিততেজসা।
স্বায়ম্ভুবীং তনুং ত্যক্ত্বা পপাত ভুবি দুঃখিতঃ ॥৫৯
ততঃ প্রাচেতসো দক্ষো জজ্ঞে বৈ চাক্ষুষেঽন্তরে
প্রাচীনবর্হিষঃ পৌত্রঃ পুত্রশ্চৈব প্রচেতসঃ ॥ ৬০
ভৃগ্বাদয়োঽপি তে জাতা মনোর্বৈবস্বতস্য তু।

তিরোহিত হইলেন; সুতরাং যজ্ঞও বিনষ্ট
হইল। ত্রিপুর-মর্দ্দন মহাদেব দক্ষালয় হইতে
দেবীর গমন শ্রবণ করিয়া, দক্ষ ও ঋষিগণের
উপর কুপিত হইলেন এবং তাঁহাদিগকে এই-
রূপ শাপ প্রদান করিলেন,—হে দক্ষ! যেহেতু
তুমি আমার জন্য সেই নিরপরাধা সতীকে
অপমানিত করিয়াছ এবং অপরাপর দুহিতা-
দিগকে ভর্তৃগণের সহিত সম্মানিত করিয়াছ,
এই কারণে বৈবস্বত মন্বন্তরে তোমার এই
জামাতৃগণ ব্রহ্মযজ্ঞে সকলে একেবারে অযো-
নিজ হইয়া উৎপন্ন হইবে এবং তুমিও চাক্ষুষ
মনুর বংশে প্রাচীন-বর্হিষের পৌত্র ও প্রচেতা-
দিগের পুত্র মনুষ্যরাজা হইয়া জন্মগ্রহণ
করিবে। হে দুর্ম্মতে! আমি তখনও
তোমার ধর্ম্মার্থযুক্ত কর্ম্মে বারংবার বিঘ্ন আচরণ
করিব। অমিততেজা রুদ্র কর্তৃক এইরূপে
অভিশপ্ত হইয়া দক্ষ স্বায়ম্ভুব শরীর পরিত্যাগ
করিয়া দুঃখিত হইয়া পৃথিবীতে পতিত হইল।
তাহার পর চাক্ষুষ-মনুর সময়ে দক্ষ, প্রাচীন-
বর্হিষের পৌত্র এবং প্রচেতাদিগের পুত্র প্রাচে-
তস নামে জন্মগ্রহণ করিলেন। [illegible]

অন্তরে ব্রহ্মণো যজ্ঞে বারুণীং বিভ্রতস্তনুম্ ॥৬১
তদা দক্ষস্য ধর্ম্মার্থং প্রবৃত্তস্য দুরাত্মনঃ।
মহেশঃ কৃতবান্ বিঘ্নং মনৌ বৈবস্বতে সতি ॥৬২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে সতীদেহত্যাগো নাম
ষোড়শোহধ্যায়ঃ ॥ ১৬ ॥

সপ্তদশোহধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

কথং দক্ষস্য ধর্ম্মার্থং প্রবৃত্তস্য দুরাত্মনঃ।
মহেশঃ কৃতবান্ বিঘ্নমেতদিচ্ছামহে বয়ম্ ॥ ১

বায়ুরুবাচ।

বিশ্বস্য জগতো মাতুরপি দেব্যাস্তপোবলাৎ।
পিতৃভাবমুপাগম্য মুদিতে হিমবদ্‌গুরৌ ॥ ২
দেবেহপি চ কৃতোদ্বাহে হিমবচ্ছিখরালয়ে।
ক্রীড়মানে তয়া সার্দ্ধং কালে বহুতরে গতে ॥ ৩
বৈবস্বতেহন্তরে প্রাপ্তে দক্ষঃ প্রাচেতসঃ স্বয়ম্।
অশ্বমেধেন যজ্ঞেন যক্ষ্যমাণোহভ্যপদ্যত ॥ ৪
ততো হিমবতঃ পৃষ্ঠে দক্ষো বৈ যজ্ঞমাহরৎ
গঙ্গাদ্বারে শুভে দেশে ঋষিসিদ্ধনিষেবিতে ॥
তস্য তস্মিন্ মখে দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমা
গমনায় সমাগম্য বুদ্ধিমাপেদিরে তদা ॥ ৬
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যাঃ সহ মরুদ্গণৈঃ
সোমপাশ্চৈব পিতর আজ্যপা ধূমপাস্তথা।
অশ্বিনৌ পিতরশ্চৈব তথা চান্যে মহর্ষয়ঃ।
বিষ্ণুনা সহিতাঃ সর্ব্বে হ্যাগতা যজ্ঞভাগিনঃ ॥
দৃষ্ট্বা দেবকুলং সর্ব্বমীশ্বরেণ বিনাগতম্।
দধীচির্মন্যুনাবিষ্টো দক্ষমেবমভাষত ॥ ৯

দধীচিরুবাচ।

অপূজ্যপূজনে চৈব পূজ্যানাঞ্চাপ্যপূজনে।
নরঃ পাপমবাপ্নোতি মহদ্বৈ নাত্র সংশয়ঃ ॥
অসতাং সম্মতির্যত্র সতামবমতিস্তথা।
দণ্ডো দৈবকৃতস্তত্র সদ্যঃ পততি দারুণঃ।
এবমুক্ত্বা তু বিপ্রর্ষিঃ পুনর্দক্ষমভাষত।

মুনিগণও বৈবস্বত-মনুর সময়ে ব্রহ্মার যজ্ঞে বারুণ শরীর ধারণ করিয়া জন্মগ্রহণ করিলেন। অনন্তর বৈবস্বত-মনুর সময়ে দুরাত্মা দক্ষ ধর্ম্মার্থে প্রবৃত্ত হইলে মহাদেব তাহার বিঘ্ন করিয়াছিলেন। ৪৫—৬২।

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—কিরূপে দুরাত্মা দক্ষ ধর্ম্মার্থ প্রবৃত্ত হইলে, মহাদেব তাহার বিঘ্ন করিয়াছিলেন, ইহা শুনিতে আমরা ইচ্ছা করি। বায়ু বলিলেন,—হিমালয় পর্ব্বত তপস্যা প্রভাবে বিশ্বজগন্মাতার পিতৃভাব প্রাপ্ত হইয়া মুদিত হইলে এবং হিমালয়ের শিখরবাসী মহাদেব পুনরায় তাঁহাকে বিবাহ করিয়া তাঁহার সহিত ক্রীড়া করিতে করিতে বহু-কাল অতীত হইলে, বৈবস্বত মন্বন্তর প্রাপ্ত হইল। তখন প্রাচেতস স্বয়ং অশ্বমেধ যজ্ঞ করিতে প্রবৃত্ত ছিল। অনন্তর ঋষি ও সিদ্ধগণ-নি[ষেবিত] গঙ্গার উৎপত্তিভূমি হিমালয়ের শুভ পৃ[ষ্ঠে] দক্ষ-যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিল। [ইন্দ্র] প্রভৃতি সমুদয় দেবগণ সমাগত হইয়া সেই যজ্ঞে গমনের নিমিত্ত বুদ্ধি করিয়া[ছিলেন।] আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, [মরুদ্গণ,] সোমগণ, পিতৃগণ, আজ্যপগণ, ধূমপগণ, [অশ্বিনী]কুমার এবং অপরাপর মহর্ষিগণ—ইঁহারা বিষ্ণুর সহিত যজ্ঞভাগার্থী হইয়া সেই [স্থানে] আগমন করিয়াছিলেন। সমুদয় দেবগ[ণ] [মহা]দেবকে পরিত্যাগ করিয়া আগমন করি[য়াছেন] দেখিয়া মহর্ষি দধীচি ক্রোধাবিষ্ট হইয়া বলিয়াছিলেন,—যে মনুষ্য অপূজ্যদিগে[র পূজা] করে এবং পূজ্যগণের পূজা না করে, সে পাপ প্রাপ্ত হয়; সে বিষয়ে কোন সন্দে[হ নাই।] যেখানে অসতের সম্মান এবং সতের অ[পমান] হয়, সেই স্থানে দৈবকৃত দারুণ দ[ণ্ড] পতিত হয়। ১—১১। বিপ্রর্ষি দধীচি

স্তু পশুভর্তারং কস্মান্নার্চ্চয়সে প্রভুম্ ॥ ১২

দক্ষ উবাচ।

।যে বহবো রুদ্রাঃ শূলহস্তাঃ কপর্দ্দিনঃ।
দশাবস্থিতা যে নান্যং বেদ্মি মহেশ্বরম্ ॥ ১৩

দধীচিরুবাচ।

ভিরমরৈরন্যৈঃ পূজিতৈরধ্বরে ফলম্।
।চেদধ্বরস্যাস্য ন রুদ্রঃ পূজ্যতে ত্বয়া ॥ ১৪
ষ্ণু-মহেশানাং স্রষ্টা যঃ প্রভুরব্যয়ঃ।
ঃ পিশাচান্তা যস্য কৈঙ্কর্য্যবাদিনঃ ॥ ১৫
নাং পরশ্চৈব পুরুষস্য চ যঃ পরঃ।
ত যোগবিদ্ভিশ্চ বিভিন্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬
ং পরমং ব্রহ্ম অসচ্চ সদসচ্চ যৎ।
-মধ্য-নিধনমপ্রতর্ক্যং সনাতনম্ ॥ ১৭
ষ্টা চৈব সংহর্তা ভর্ত্তা চৈব মহেশ্বরঃ।
ন্যং ন পশ্যামি শঙ্করাত্মানমধ্বরে ॥ ১৮

দক্ষ উবাচ।

এতন্মখেশস্য সুবর্ণপাত্রে
বিঃ সমস্তং বিধিমন্ত্রপূতম্।

পুনর্ব্বার দক্ষকে বলিলেন,—সেই জগ-প্রভু এবং পূজ্য পশুপতিকে কি নিমিত্ত করিতেছ না? দক্ষ বলিল,—আমার অনেক শূলধারী কপর্দ্দী রুদ্র আছে, সংখ্যা একাদশ; তদ্ভিন্ন অপর মহে-জানি না। দধীচি বলিলেন,—এই রুদ্র বা অপর দেবতাকে যজ্ঞে পূজা কি ফল? কারণ, তুমি এই যজ্ঞের রুদ্রের পূজা করিতেছ না। যে অব্যয় ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের স্রষ্টা; ব্রহ্মা পিশাচ পর্য্যন্ত যাঁহার ভৃত্য বলিয়া পরি-; যিনি প্রকৃতির পর এবং পুরুষেরও যিনি যোগশাস্ত্রবিশারদ তত্ত্বদর্শী ঋষিগণ সর্ব্বদা চিন্তিত হন; যিনি অক্ষর, অসৎ ং পরব্রহ্ম স্বরূপ; যাহার আদি, মধ্য নাই; যিনি অপ্রতর্ক্য ও সনাতন; স্রষ্টা, সংহর্ত্তা, ভর্ত্তা এবং মহেশ্বর;—আর কাহাকেও যজ্ঞে শঙ্করব বলিয়া করি না। দক্ষ বলিল,—এই যজ্ঞের

বিষ্ণোর্নিয়াম্যপ্রতিমস্য ভাগং
প্রভোর্বিভজ্যাহবনীয়মদ্য ॥ ১৯

দধীচিরুবাচ।

যস্মান্নারাধিতো রুদ্রঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
তস্মাদ্দক্ষ তবাশেষো যজ্ঞোঽয়ং ন ভবিষ্যতি ॥ ২০
ইত্যুক্ত্বা বচনং ক্রুদ্ধো দধীচির্মুনিসত্তমঃ।
নির্গম্য চ ততো দেশাজ্জগাম স্বকমাশ্রমম্ ॥ ২১
নির্গতেঽপি মুনৌ তস্মিন্ দেবা দক্ষং ন তত্যজুঃ
অবশ্যমনুভাব্যত্বাদনর্থস্য তু ভাবিনঃ ॥ ২২
এতস্মিন্নেব কালে তু জ্ঞাত্বৈতৎ সর্ব্বমীশ্বরাৎ।
দগ্ধুং দক্ষাধ্বরং বিপ্রা দেবী দেবমচোদয়ৎ ॥ ২৩
দেব্যা সঞ্চোদিতো দেবো দক্ষাধ্বরজিঘাংসয়া।
সসর্জ্জ স হরো বীরং বীরভদ্রং গণেশ্বরম্ ॥ ২৪
সহস্রবদনং দেবং সহস্রকমলেক্ষণম্।
সহস্রমুদ্গরধরং সহস্রশরপাণিকম্ ॥ ২৫
শূল-টঙ্ক-গদাহস্তং দীপ্তকার্ম্মুকধারিণম্।

অধিপতি অপ্রতিম বিষ্ণু, আমি বিধিমন্ত্রপূত সমুদয় আহবনীয় হবি সুবর্ণপাত্রে রক্ষা করিয়া সেই প্রভুকেই, শ্রেষ্ঠ ভাগ বিভাগ করিয়া দিতেছি। দধীচি বলিলেন,—ওহে, দক্ষ! যে হেতু তুমি সর্ব্বদেবেশ্বর রুদ্রের আরাধনা কর নাই, এই কারণেই তোমার এই যজ্ঞ সম্পূর্ণ হইবে না। মুনিসত্তম দধীচি ক্রোধের সহিত এই কথা বলিয়া নির্গত হইয়া আপনার আশ্রমে গমন করিলেন। দধীচি নির্গত হইলেও ভাবী অনর্থ অবশ্য ঘটিবে বলিয়াই দেবগণ দক্ষকে ত্যাগ করিলেন না। ১২—২২। এই অব-সরে মহাদেবী ঈশ্বরের মুখ হইতে সকল সংবাদ অবগত হইয়া দক্ষযজ্ঞ দগ্ধ করিবার নিমিত্ত মহাদেবকে উত্তেজিত করিলেন। তখন মহাদেব দেবীকর্ত্তৃক উত্তেজিত হইয়া দক্ষযজ্ঞ ধ্বংস করিবার অভিপ্রায়ে বীরভদ্র নামক প্রবল পরাক্রান্ত একটী গণাধিপতির সৃষ্টি করিলেন। ঐ বীরভদ্র দীপ্তিশীল হইয়াছিলেন; তাঁহার মুখ এবং চক্ষু হাজার হাজার হইয়াছিল; তিনি সহস্র মুদ্গর, সহস্র শর এবং দীপ্ত কার্ম্মুক-ধারী; তাঁহার হস্তে শূল, টঙ্ক ও গদা

চক্র-বজ্রধরং ঘোরং চন্দ্রার্দ্ধকৃতশেখরম্। ২৬
কুলিশোদ্দ্যোতিতকরং তড়িজ্জ্বলিতমূর্দ্ধজম্।
দংষ্ট্রাং করালাং বিভ্রাণং মহাবক্ত্রং মহোদরম্॥২৭
বিদ্যুজ্জিহ্বং প্রলম্বোষ্ঠং মেঘসাগরনিস্বনম্।
বসানং চর্ম্ম বৈয়াঘ্রং মহদ্রুধিরনিস্রবম্। ২৮
গণ্ডদ্বিতয়সংস্পৃষ্ট-মণ্ডলীকৃতকুণ্ডলম্।
বরামরশিরোমালাবলীকলিতশেখরম্। ২৯
রণন্নূপুরকেয়ূর-মহাকনকভূষিতম্।
রত্নসঞ্চয়সন্দীপ্তং তারহারাবৃতোরসম্। ৩০
মহাশরভ-শার্দ্দূল-সিংহৈঃ সদৃশবিক্রমম্।
প্রশস্তমত্তমাতঙ্গ-সমানগমনালসম্। ৩১
শঙ্খ-চামর-কুন্দেন্দু-মৃণালসদৃশপ্রভম্।
সতুষারমিবাদ্রীন্দ্রং সাক্ষাজ্জঙ্গমতাং গতম্। ৩২
জ্বালামালাপরিক্ষিপ্তং দীপ্তমৌক্তিকভূষণম্।
তেজসা চৈব দীপ্যন্তং যুগান্ত ইব পাবকম্॥৩৩

স জানুভ্যাং মহীং গত্বা প্রণতঃ প্রাঞ্জলি
পার্শ্বতো দেবদেবস্য পর্য্যতিষ্ঠদ্গণেশ্বরঃ। ৩৪
মন্যুনা চাসৃজদ্ভদ্রাং ভদ্রকালীং মহেশ্বরীম্।
আত্মনঃ কর্ম্মসাক্ষিত্বে তেন গন্তুং সহৈব তু।
তং দৃষ্ট্বাবস্থিতং বীরভদ্রং কালাগ্নিসন্নিভম্।
ভদ্রয়া সহিতং প্রাহ ভদ্রমস্ত্বিতি শঙ্করঃ। ৩
স চ বিজ্ঞাপয়ামাস সহ দেব্যা মহেশ্বরম্।
আজ্ঞাপয় মহাদেব কিং কার্য্যং করবাণ্যহম্।
ততস্ত্রিপুরহা প্রাহ হৈমবত্যাঃ প্রিয়েপ্সয়া।
বীরভদ্রং মহাবাহুং বাচা বিপুলনাদয়া॥ ৩৮

দেবদেব উবাচ।

প্রাচেতসস্য দক্ষস্য যজ্ঞং সদ্যো বিনাশয়।
ভদ্রকাল্যা সহাসি ত্বমেতৎ কৃত্যং গণেশ্বর।
অহমপ্যনয়া সার্দ্ধং রম্যাশ্রমসমীপতঃ।
স্থিত্বা বীক্ষে গণেশান বিক্রমং তব দুঃসহম্।
বৃক্ষাঃ কনখলে যে তু গঙ্গাদ্বারসমীপগাঃ।

ছিল; তাঁহার অপর হস্তে চক্র ও বজ্রও ছিল; অর্দ্ধচন্দ্র দ্বারা তাঁহার শিরোদেশ ভূষিত ছিল; বজ্র দ্বারা তাঁহার হস্ত প্রদ্যোতিত হইয়াছিল; তাঁহার কেশ সকল বিদ্যুতের ন্যায় জ্বলিতেছিল; তাঁহার দন্ত অতি করাল, মুখ ও উদর অতি মহৎ; তাঁহার জিহ্বা বিদ্যুতের মত, ওষ্ঠ লম্বমান, শব্দ মেঘ ও সাগরের ন্যায় গম্ভীর এবং পরিধানে রুধিরস্রাবকারী ব্যাঘ্রচর্ম্ম, তাঁহার কুণ্ডলদ্বয় দুই গণ্ডে সংলগ্ন হইয়া মণ্ডলাকারে শোভিত এবং মস্তক শ্রেষ্ঠ দেবগণের মুণ্ডমালাবলিতে বেষ্টিত; তাঁহার অঙ্গ শব্দায়মান নূপুর, কেয়ূর ও মহা সুবর্ণে ভূষিত এবং বক্ষঃস্থল রত্নরাশির উজ্জ্বল কিরণে সংদীপ্ত ও শ্রেষ্ঠ হার দ্বারা আবৃত; তাঁহার বিক্রম মহাশরভ, শার্দ্দূল ও সিংহের সদৃশ, আর তাঁহার চলন শ্রেষ্ঠ মত্ত হস্তীর গমনের ন্যায় মন্থর; তাঁহার প্রভা শঙ্খ, চামর, কুন্দ, ইন্দু ও মৃণালের মত—সুতরাং তাঁহার দেহ, তুষারাচ্ছন্ন জঙ্গম অদ্রিরাজের ন্যায় দৃশ্যমান; তাঁহার চারিদিকে অগ্নিশিখার ন্যায় তেজঃপুঞ্জ নির্গত হইতেছিল এবং দীপ্ত মুক্তাময় ভূষণে অঙ্গ অলঙ্কৃত [illegible] তেজোরাশিতে

দেদীপ্যমান প্রলয়কালীন অগ্নির মত হইতেছিল। অনন্তর সেই গণেশ্বর জা[illegible] পৃথিবীতে সংলগ্ন করত কৃতাঞ্জলি হইয়া প্র[illegible] পূর্ব্বক মহাদেবের পার্শ্বে দণ্ডায়মান হইল[illegible] সেই বীরভদ্র আপনার কর্ম্মের সা[illegible] আপনার সহিত গমন করিবার জন্য ক্রো[illegible] ভদ্রা নাম্নী মহেশ্বরী ভদ্রকালীর সৃজন ক[illegible] তখন শঙ্কর কালাগ্নিসন্নিভ বীরভদ্রকে ভ[illegible] সহিত অবস্থিত দেখিয়া "মঙ্গল হউ[illegible] কথা বলিলেন। ২৩—৩৬। বীরভদ্র দেবী[illegible] মহাদেবকে নিবেদন করিলেন,—হে ম[illegible] আমি কি কার্য্য করিব, আজ্ঞা করুন। ত্রিপুরহন্তা মহাদেব পার্ব্বতীর প্রিয় [illegible] অভিপ্রায়ে অতি উচ্চৈঃস্বরে মহাবাহু বী[illegible] বলিলেন,—হে গণেশ্বর! তুমি ভ[illegible] সমভিব্যাহারে আছ, অতএব সদ্যঃ প্র[illegible] দক্ষের যজ্ঞ বিনাশ কর; এই তোমার [illegible] হে গণেশান! আমিও এই পার্ব্বতী[illegible] রম্য আশ্রমের সমীপে অবস্থান করিয়া সেই দুঃসহ বিক্রম দর্শন করিব। [illegible] পর্ব্বতের গঙ্গাদ্বার সমীপে ক[illegible]

…স্ত গিরের্মেরুমন্দরসন্নিভাঃ ॥ ৪১
…প্রদেশে দক্ষস্য যজ্ঞঃ সম্প্রতিবর্ত্ততে ।
তস্য যজ্ঞস্য বিঘাতং কুরু মা চিরম্ ॥ ৪২
…রু সতি দেবেন দেবী হিমগিরীশ্রজা ।
…ভদ্রাঞ্চ সম্প্রেক্ষ্য বৎসং ধেনুরিবৌরসম্ ॥
…া চ সমাঘ্রায় মূর্দ্ধ্নি ষড়ুবদনং যথা ।
…া বচনং প্রাহ মধুরং মধুরস্বনম্ ॥ ৪৪

দেব্যুবাচ ।

…দ্র মহাভাগ মহাবলপরাক্রম ।
…র্থং ত্বমুৎপন্নো মম মন্যুং প্রমার্জ্জয় ॥ ৪৫
…মনাহূয় যজ্ঞকর্ম্মরতো হভবৎ ।
…রেণ তং তস্মাদ্ভিন্ধি যজ্ঞং গণেশ্বরৈঃ ॥
…ন্নিগন্ধ্যাং হং ভদ্র কৃত্বা মমাজ্ঞয়া ।
…ক তং হত্বা বৎস হিংসয় ভদ্রয়া ॥ ৪৭
…মিব তামাজ্ঞাং শিবয়োশ্চিত্রকৃতায়োঃ ।
…ত্বা নমস্কৃত্য ভদ্রো গন্তুং প্রচক্রমে ॥ ৪৮
ভগবান্ ক্রুদ্ধঃ প্রেতাবাসকৃতালয়ঃ ।

বীরভদ্রো মহাদেবো দেব্যা মন্যুপ্রমার্জ্জকঃ ॥ ৪৯
সসর্জ্জ রোমকূপেভ্যো রোমজাখ্যান্ গণেশ্বরান্ ।
দক্ষিণবাহুপ্রদেশাৎ তু শতকোটিগণেশ্বরান্ ॥ ৫০
সদারান্ সর্ব্বতোভদ্রান্ সাক্ষাদ্বামাচ্চ বৈ ভুজাৎ
রুদ্রানুভাবান্ রৌদ্রাংশ্চ রুদ্রবীর্য্যপরাক্রমান্ ॥ ৫১
পাদাৎ তথোরুদেশাচ্চ পৃষ্ঠাৎ পার্শ্বান্মুখাদগলাৎ ।
গুহ্যাদ্গুল্ফাচ্ছিরোমধ্যাৎ কণ্ঠাদাস্যাত্তথোদরাৎ ॥
তথা গণেশ্বরৈর্ভদ্রৈর্ভদ্রতুল্যপরাক্রমৈঃ ;
সঞ্ছাদিতমভূৎ সর্ব্বং সাকাশবিবরং জগৎ ॥ ৫৩
সর্ব্বে সহস্রহস্তাস্তে সহস্রায়ুধপাণয়ঃ ।
রুদ্রস্যানুচরাঃ সর্ব্বে সর্ব্বে রুদ্রসমপ্রভাঃ ॥ ৫৪
শূল-শক্তি-গদাহস্তাষ্টঙ্কোপলশিলাধরাঃ ।
কালাগ্নিরুদ্রসদৃশাস্ত্রিনেত্রাশ্চ জটাধরাঃ ॥ ৫৫
নিপেতুর্ভৃশমাকাশে শতশঃ সিংহবাহনাঃ ।
বিনেদুশ্চ মহানাদং জলদা ইব ভদ্রজাঃ ॥ ৫৬

…মেরু মন্দর-সদৃশ বৃক্ষ আছে, সেই …সম্প্রতি দক্ষের যজ্ঞ হইতেছে। তুমি সেই যজ্ঞের বিঘ্ন কর, বিলম্ব করিও … মহাদেব এই কথা বলিলে পর, হিমালয়-…বী, ধেনু যেমন আপনার বৎসকে দেখে, …ভদ্রও ভদ্রাকে দেখিয়া এবং ষড়া-…র মস্তকে আঘ্রাণ করিয়া অতি মধুর …ং হাস্য করত মধুর বাক্যে বলিলেন,— …! মহাবল পরাক্রম মহাভাগ ভদ্র! …মার প্রিয় করিবার জন্য উৎপন্ন হই-… …তএব আমার দুঃখ দূর কর। দক্ষ …ং যজ্ঞেশ্বরকে নিমন্ত্রণ না করিয়া যজ্ঞ-… হইয়াছে, অতএব তুমি গণেশ্বরের …রা সেই যজ্ঞভঙ্গ কর। হে বৎস …ং আমার আজ্ঞায় ভদ্রার সহিত যজ্ঞ-…মলক্ষী করিয়া যজমানকে নিহত কর। …চিত্রকর্ম্মা শিব এবং শিবার সমুদয় …লার মত মস্তকে গ্রহণপূর্ব্বক, বীরভদ্র …কে নমস্কার করিয়া গমন করিতে …রিলেন। অনন্তর দেবীর [illegible]

শ্মশানবাসী বীরভদ্ররূপী ভগবান্ মহাদেব ক্রুদ্ধ হইয়া আপনার রোমকূপ হইতে রোমজ নামক কতকগুলি গণেশ্বরের সৃজন করিলেন এবং দক্ষিণ বাহু হইতে শতকোটি গণেশ্বরের সৃজন করিলেন। তিনি বাম-বাহু হইতে রুদ্রসদৃশ, বীর্য্য ও পরাক্রমশালী, ভয়ঙ্করদর্শন, ভীষণকার্য্য-কারী কতকগুলি সপত্নীক সর্ব্বতোভদ্রের সৃজন করিলেন। এইরূপে তিনি পাদ, উরুদেশ, পৃষ্ঠ, পার্শ্ব, মুখ, গলদেশ, গুহ্য, গুল্ফ, শিরোমধ্য, কণ্ঠ আস্য এবং উদর হইতে সেইরূপ গণেশ্বরের সৃজন করিলেন। ৩৭—৫২। তখন সেই বীর-ভদ্রতুল্য পরাক্রমশালী ভদ্র নামক গণেশ্বরগণ দ্বারা আকাশের ছিদ্র এবং নিখিল জগৎ আচ্ছাদিত হইল। তাহারা সকলেই সহস্রহস্ত এবং সহস্র-আয়ুধধারী; সকলেই রুদ্রের অনুচর এবং রুদ্রতুল্য পরাক্রমশালী। তাহারা সকলেই শূল, শক্তি, গদা, টঙ্ক, উপল এবং শিলা-ধারী। সকলেই কালাগ্নিরুদ্র-সদৃশ ত্রিনেত্র এবং জটাধারী; সেই শত শত বীরভদ্রজাত রুদ্রগণ সিংহোপরি আরূঢ় হইয়া আকাশে [illegible]

তৈর্ভদ্রো ভগবান্ ভদ্রস্তথা পরিবৃতো যযৌ।
কালানলশতৈর্যুক্তো যথান্তে কালভৈরবঃ ॥ ৫৭
তেষাং মধ্যে সমারুহ্য বৃষেন্দ্রং বৃষভধ্বজঃ।
জগাম ভগবান্ ভদ্রঃ শুভ্রমভ্রং যথা ভবঃ ॥ ৫৮
তস্যৈবং বৃষমারূঢ়ে ভদ্রে তু ভসিতপ্রভঃ।
বভার মৌক্তিকচ্ছত্রং গৃহীতসিতচামরঃ ॥ ৫৯
স তদা শুশুভে পার্শ্বে ভদ্রস্য ভসিতপ্রভঃ।
ভগবানিব শৈলেন্দ্রঃ পার্শ্বে বিশ্বজগদ্গুরোঃ ॥ ৬০
সোঽপি তেন যযৌ ভদ্রঃ শ্বেতচামরপাণিনা।
সোমবর্ণেন সৌম্যেন যথা শূলবরায়ুধঃ ॥ ৬১
দধ্মৌ শঙ্খং সিতং ভদ্রং ভদ্রস্য পুরতঃ শুভম্।
ভানুকম্পো মহাতেজা হৈমরত্নৈরলঙ্কৃতম্ ॥ ৬২
দেবদুন্দুভয়ো নেদুর্দিবি শকুলনিস্বনাঃ।
ববৃষুঃ শতশো মূর্দ্ধ্নি পুষ্পবর্ষং বলাহকাঃ ॥ ৬৩
ফুল্লানাং মধুগর্ভাণাং পুষ্পাণাং গন্ধবন্ধবঃ।
মার্গানুকূলসংবাহা ববুশ্চ পথি মারুতাঃ ॥ ৬৪
ততো গণেশ্বরাঃ সর্ব্বে মত্তযুদ্ধবলোদ্ধতাঃ।
ননৃতুর্মুমুহুর্নেদুর্জহসুর্জগদুর্জগুঃ ॥ ৬৫
তদা ভদ্রগণাভস্থো যযৌ ভদ্রঃ স ভদ্রয়া।
যথা রুদ্রগণান্তঃস্থস্ত্র্যম্বকোঽম্বিকয়া সহ ॥ ৬
তৎক্ষণাদেব দক্ষস্য যজ্ঞবাটং হিরণ্ময়ম্।
প্রবিবেশ মহাবাহুর্বীরভদ্রোঽদ্রিজানুগঃ ॥ ৬

ততস্তু দক্ষপ্রতিপাদিতস্য
ক্রতুপ্রধানস্য গণপ্রধানঃ।
প্রয়োগভূমিং প্রবিবেশ ভদ্রো
রুদ্রো যথান্তে ভুবনং দিধক্ষুঃ ॥ ৬৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিত
পূর্ব্বভাগে দক্ষযজ্ঞমথনার্থং বীরভদ্রাগমন
নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

ভগবান্ বীরভদ্র সেই ভদ্রগণে পরিবৃত হইয়া, কালানলশতে পরিবৃত কালভৈরবের ন্যায়, শোভা পাইয়াছিলেন। তাহাদের মধ্যে বৃষভ-ধ্বজ ভগবান্ বীরভদ্র বৃষভোপরি আরোহণ করিয়া, শ্বেত-মেঘারূঢ় মহাদেবের ন্যায় গমন করিতে লাগিলেন। বীরভদ্র সেই বৃষভোপরি আরোহণ করিলে ভসিতপ্রভ নামক গণেশ্বর এক হস্তে শ্বেত চামর এবং অপর হস্তে মুক্তা-ময় ছত্র ধারণ করিল। তৎকালে সেই ভসিত-প্রভ গণেশ্বর বীরভদ্রের পার্শ্বে অবস্থিত হইয়া বিশ্ব-জগদ্গুরুর পার্শ্বস্থিত হিমাচলের মত শোভা পাইয়াছিল। সেই শুভ্রবর্ণ সৌম্য শ্বেত-চামরহস্ত ভসিতপ্রভ দ্বারা বীরভদ্রও সাক্ষাৎ মহাদেবের ন্যায় শোভিত হইয়াছিলেন। মহাতেজা ভানুকম্প নামক অপর গণাধিপ বীরভদ্রের অগ্রে হেমরত্ন ভূষিত শঙ্খ শ্বেত-শঙ্খ বাজাইয়াছিল। আকাশে দেব-দুন্দুভি সকল নিনাদিত হইয়া শব্দ করিতে লাগিল এবং মেঘেরা [illegible]

অনন্তর সমুদয় মত্ত গণেশ্বরগণ যুদ্ধ করি[illegible] জন্য আপনাদিগের পরাক্রমে উদ্ধত হইয়া [illegible] করিতে, আনন্দ করিতে, সিংহনাদ পরি[illegible] করিতে, হাসিতে, পরস্পর সম্ভাষণ করিতে [illegible] গান করিতে লাগিল। রুদ্রগণের মধ্য[illegible] ত্র্যম্বক অম্বিকার সহিত যেরূপ শোভা[illegible] হন, অনন্তর ভদ্রগণের মধ্যস্থিত বীরভদ্র [illegible] সহিত তাদৃশ শোভিত হইয়াছিলেন। মহ[illegible] বীরভদ্র পার্ব্বতীর অনুগমন করত ক্ষণকা[illegible] মধ্যে দক্ষের হিরণ্ময় যজ্ঞস্থলে প্রবেশ করি[illegible] রুদ্র যেমন প্রলয়কালে দহন করিতে [illegible] করিয়া জগতের মধ্যে প্রবেশ করেন, গণা[illegible] বীরভদ্রও সেইরূপ দক্ষের প্রধান যজ্ঞের [illegible]স্থান-ভূমিতে প্রবেশ করিলেন। ৫৭—৬৮

সপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৭ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

বিষ্ণুপ্রধানানাং সুরাণামমিতৌজসাম্।
চ মহৎ সত্রং চিত্রধ্বজপরিচ্ছদম্॥ ১
ঋজুসংস্তীর্ণং সুসমিদ্ধহুতাশনম্।
র্ণযজ্ঞভাণ্ডৈশ্চ ভ্রাজিষ্ণুভিরলঙ্কৃতম্॥ ২
র্যজ্ঞপটুভির্যথাবৎ কর্ম্মকর্ত্তৃভিঃ।
বেদদৃষ্টেন স্বনুষ্ঠিতবহুক্রমম্॥ ৩
নাসহস্রাঢ্যমপ্সরোগণসেবিতম্।
নারবৈর্জুষ্টং বেদঘোষৈশ্চ বৃংহিতম্॥ ৪
াধ্বরং বীরো বীরভদ্রঃ প্রতাপবান্।
দং তদা চক্রে গম্ভীরো নিনদো যথা॥ ৫
কিলকিলাশব্দ আকাশং পূরয়ন্নিব।
রৈঃ কৃতো যজ্ঞে মহান্ শ্রুত সাগরঃ॥ ৬
ব্দেন মহতা ত্রস্তাঃ সর্ব্বে দিবৌকসঃ।
দুদ্রুবুঃ পরিতো ভীতাঃ স্রস্তবস্ত্রবিভূষণাঃ॥৭
কিংস্বিদ্ভিন্নো মহামেরুঃ কিংস্বিৎ সন্দীর্য্যতে মহী
কিমিদং কিমিদঞ্চেতি জজল্প স্ত্রিদশা ভৃশম্॥ ৮
মৃগেন্দ্রাণাং যথা নাদং গজেন্দ্রা গহনে বনে।
শ্রুত্বা তথাবিধং কেচিৎ তত্যজুর্জীবিতং ভয়াৎ॥ ৯
পর্ব্বতাশ্চ ব্যশীর্য্যন্ত চকম্পে চ বসুন্ধরা।
মরুতশ্চ ব্যঘূর্ণন্ত চুক্ষুভে মকরালয়ঃ॥ ১০
অগ্নয়ো নৈব দীপ্যন্তে ন চ দীপ্যতি ভাস্করঃ।
গ্রহাশ্চ ন প্রকাশন্তে নক্ষত্রাণি চ তারকাঃ॥ ১১
এতস্মিন্নেব কালে তু যজ্ঞবাটং তদুজ্জ্বলম্।
সম্প্রাপ ভগবান্ ভদ্রো ভদ্রৈশ্চ সহ ভদ্রয়া॥ ১২
তং দৃষ্ট্বা ভীতভীতোঽপি দক্ষো দৃঢ় ইব স্থিতঃ।
ক্রুদ্ধবদ্বচনং প্রাহ কো ভবান্ কিমিহেচ্ছসে॥১৩
তস্য তদ্বচনং শ্রুত্বা দক্ষস্য চ দুরাত্মনঃ।
বীরভদ্রো মহাতেজা মেঘগম্ভীরনিস্বনঃ॥ ১৪

অষ্টাদশ অধ্যায়।

বলিলেন,—অনন্তর বীরভদ্র বিষ্ণুপুরঃ-
ত-তেজা দেবগণের বিচিত্র ধ্বজা ও
-সমন্বিত মহাযজ্ঞ দর্শন করিলেন। ঐ
াভন দর্ভ সকল ঋজুভাবে সংস্তীর্ণ
গ্নি উত্তমরূপে প্রজ্বলিত হইতেছিল
ভূমি সমুজ্জ্বল কাঞ্চনময় যজ্ঞপাত্রে
হইয়াছিল। এই যজ্ঞে যজ্ঞকর্ম্ম-পটু
কর্ম্মানুষ্ঠায়ী ঋষিগণ কর্ত্তৃক বেদোক্ত
সারে বহুবিধ কার্য্য অনুষ্ঠিত হইতে-
ঐ যজ্ঞ-স্থলে সহস্র সহস্র দেবাঙ্গনা
াগণ উপস্থিত হইয়াছিল; বেণু বীণা
শব্দ এবং অত্যুচ্চ বেদধ্বনি হইতে-
প্রতাপবান্ বীরশ্রেষ্ঠ বীরভদ্র দক্ষযজ্ঞ
তি গম্ভীর স্বরে সিংহনাদ করিলেন।
র অন্যান্য গণেশ্বরগণ সেই যজ্ঞস্থলে,
শ পূরিত করিয়া, সাগর-শব্দ অপে-
ল মহান্ কিলকিলা শব্দ করিয়া
হুর দেবগণ সেই মহৎ শব্দে ভীত
[illegible] [illegible]

ফেলিতে ফেলিতে চারিদিকে দৌড়িতে লাগি-
লেন। দেবগণ সসম্ভ্রমে বলিতে লাগিলেন,—
একি! সুমেরু-পর্ব্বত কি ভিন্ন হইয়াছে,
অথবা পৃথিবী বিদীর্ণ হইতেছে! অকস্মাৎ
ইহা কি উপস্থিত হইল! যেমন গহন বনে
মৃগেন্দ্রদিগের শব্দ শুনিয়া গজেন্দ্রগণ ভয়ে
প্রাণত্যাগ করে, ঐ শব্দ শুনিয়া দেবতা-
দিগের মধ্যেও কাহার কাহার সেইরূপ
দশা হইল। পর্ব্বত সকল বিশীর্ণ হইল;
পৃথিবী কাঁপিল; বায়ু সকল ঘুরিতে লাগিল;
মহাসমুদ্র ক্ষোভ প্রাপ্ত হইল; অগ্নি দীপ্তিশূন্য
হইল; সূর্য্য প্রভাহীন হইলেন; গ্রহ,নক্ষত্র এবং
তারাগণ অপ্রকাশ হইয়া পড়িল। ১—১১। এই
সময়ে মহাবীর বীরভদ্র ভদ্রগণ ও ভদ্রার সহিত
সেই উজ্জ্বল যজ্ঞ-বাটীতে প্রবেশ করিলেন।
তাঁহাকে দেখিয়া দক্ষ মনে মনে অত্যন্ত ভীত
হইয়াও বাহিরে অবিচলিত ভাব প্রকাশ করিয়া
ক্রুদ্ধের ন্যায় বলিল,—কে হে তুমি, এখানে কি
[illegible]

স্ময়ন্নিব তমালোক্য দক্ষং দেবাংশ্চ ঋত্বিজঃ ।
অর্থগর্ভমসম্ভ্রান্তমবোচদুচিতং বচঃ ॥ ১৫

বীরভদ্র উবাচ ।

বয়ং হ্যনুচরাঃ সর্ব্বে শর্ব্বস্যামিততেজসঃ ।
ভাগাভিলিপ্সয়া প্রাপ্তা ভাগো নঃ সম্প্রদীয়তাম্ ॥
অথ চেদধ্বরেঽস্মাকং ন ভাগঃ পরিকল্পিতঃ ।
কথ্যতাং কারণং তত্র যুধ্যতাং বা ময়ামরৈঃ ॥ ১৭
ইত্যুক্তাস্তে গণেন্দ্রেণ দেবা দক্ষপুরোগমাঃ ।
উচুর্মন্ত্রাঃ প্রমাণং নো ন বয়ং প্রভবস্থিতি ॥ ১৮
মন্ত্রা উচুঃ সুরা যূয়ং তমোঽপহতচেতসঃ ।
যেন প্রথমভাগার্হং ন যজধ্বং মহেশ্বরম্ ॥ ১৯
তথোক্তা অপি তৈর্মন্ত্রৈর্দেবাঃ সংমূঢ়চেতসঃ ।
ভদ্রায় ন দদুর্ভাগং তৎপ্রহারমভীপ্সবঃ ॥ ২০
যদা তথ্যঞ্চ পথ্যঞ্চ স্ববাক্যং তদ্বৃথাভবৎ ।
তদা ততো যযুর্মন্ত্রা ব্রহ্মলোকং সনাতনম্ ॥ ২১
অথোবাচ গণাধ্যক্ষো দেবান্ বিষ্ণুপুরোগমান্ ।
মন্ত্রাঃ প্রমাণং ন কৃতা যুষ্মাভির্বলগর্ব্বিতৈঃ ।
যস্মাদস্মিন্ মখে দেবৈরিত্থং বয়মসংকৃতাঃ ।
তস্মাদ্বো জীবিতৈঃ সার্দ্ধমপনেষ্যামি গর্ব্বিত
ইত্যুক্ত্বা ভগবান্ ক্রুদ্ধো যাদহন্নেত্রবহ্নিনা ।
যজ্ঞবাটং মহাকূটং যথা ত্রিস্রঃ পুরো হরঃ ।
ততো গণেশ্বরাঃ সর্ব্বে পর্ব্বতোদগ্রবিগ্রহাঃ
যূপামুৎপাট্য হোতৄণাং কণ্ঠেষাবধ্য রজ্জুভি
যজ্ঞপাত্রাণি চিত্রাণি ভিত্ত্বা সঞ্চূর্ণ্য বারিণি ।
গৃহীত্বা চৈব যজ্ঞাঙ্গং গঙ্গাস্রোতসি চিক্ষি
তত্র দিব্যান্নপানানাং রাশয়ঃ পর্ব্বতোপমাঃ
ক্ষীরনদ্যোঽমৃতস্রাবাঃ সুস্নিগ্ধদধিকর্দ্দমাঃ ।
উচ্চাবচানি মাংসানি ভক্ষ্যাণি সুরভীণি ।
রসবন্তি চ পানানি লেহ্য-চোষ্যাণি তানি
বীরাস্তভুঞ্জতে বক্ত্রৈর্বিলুম্পন্তি ক্ষিপন্তি চ
বজ্রৈশ্চক্রৈর্মহাশূলৈঃ শক্তিভিঃ প্রাসপট্টি
মুষলৈরসিভির্ভিণ্টৈঃ ভিন্দিপালৈঃ পরশ্বধৈঃ ।

এইরূপ অর্থগর্ভ এবং উচিত বাক্য বলিলেন,— আমরা সকলে সেই অমিততেজা মহাদেবের অনুচর, যজ্ঞভাগপ্রার্থী হইয়া এই স্থানে আগমন করিয়াছি; আমাদিগকে যজ্ঞভাগ প্রদান কর। যদি এই যজ্ঞে আমাদিগের নিমিত্ত উচিত ভাগ রক্ষিত না হইয়া থাকে, তবে না রাখিবার কারণ নির্দ্দেশ কর; নতুবা দেবগণ আমার সহিত যুদ্ধ করুন। বীরভদ্র এই কথা বলিলে, দক্ষপ্রমুখ দেবগণ বলিলেন,—মন্ত্রগণ! তোমরা ইহার মীমাংসা কর, আমরা অক্ষম। (ইহা শুনিয়া) মন্ত্রেরা বলিলেন,—হে দেবগণ! তোমাদের চিত্ত অজ্ঞানে আচ্ছন্ন হইয়াছে, যেহেতু তোমরা যজ্ঞের প্রথম ভাগার্হ মহেশ্বরের অর্চনা করিতেছ না। সংমূঢ়চিত্ত দেবগণ মন্ত্রসমূহ কর্ত্তৃক এইরূপে উক্ত হইয়াও বীরভদ্রপ্রহারাভিলাষী হইয়া তাঁহাকে যজ্ঞভাগ দান করিলেন না। ১২—২০। [illegible]

আপনাদিগের বলে গর্ব্বিত হইয়া [illegible] প্রমাণ করিলে না। হে দেবগণ! এ[illegible] তোমরা আমাদিগকে এইরূপ অ[illegible] করিলে এই নিমিত্ত তোমাদের জীবনের [illegible] এই গর্ব্ব দূর করিব। ভগবান্ বীরভদ্র [illegible] সহিত এই কথা বলিয়া, পূর্ব্বে যেম[illegible] ত্রিপুর দহন করিয়াছিলেন, সেইরূপ [illegible] অনল দ্বারা নানাবিধ অন্নাদি কূটের স[illegible] যজ্ঞবাটী ভস্মসাৎ করিলেন। অনন্ত[illegible] তুল্য মহাকায় সেই গণেশ্বরগণ যূপ [illegible] পাটিত ও রজ্জু দ্বারা হোতাদিগের ক[illegible] করিয়া এবং বিচিত্র যজ্ঞপাত্র সব[illegible] চূর্ণমার করিয়া যজ্ঞাঙ্গসমূহ একত্র [illegible] গঙ্গার স্রোতোজলে ফেলিয়া দিল [illegible] সেই বীরগণ নানাবিধ মাংস [illegible] সুস্বাদু এবং পানীয় লেহ্য ও চোষ্য [illegible] ভোজন করিতে লাগিল এবং [illegible] ফেলিয়া দিতে লাগিল। পরে সেই [illegible] বলবান্ বীরগণ বজ্র, চ[illegible] শক্তি, প্রাস পট্টিশ, মুষল, অসি, [illegible] পরশ্বধ প্রভৃতি দ্বারা [illegible]

ংস্ত্রিদশান্ সর্ব্বান্ লোকপালপুরঃসরান্ ॥ ৩০
র্বলিনো বীরা বীরভদ্রাঙ্গসম্ভবাঃ।
ভিন্ধি ক্ষিপ ক্ষিপ্রং মার্য্যতাং দার্য্যতামিতি
প্রহরম্বেতি পাটয়োৎপাটয়েতি চ।
প্রভবাঃ ক্রূরাঃ শব্দাঃ শ্রবণশঙ্করাঃ ॥ ৩২
ত্র গণেশানাং জজ্ঞিরে সমরোচিতাঃ।
নয়নাঃ কেচিদ্দষ্টদংষ্ট্রোষ্ঠতালবঃ ॥ ৩৩
স্থান্ সমাকৃষ্য মারয়ন্তি তপোধনান্।
পহরন্তশ্চ ক্ষিপন্তোহগ্নিং জলেষু চ ॥ ৩৪
নপি ভিন্দন্তশ্ছিন্দন্তো মণিবেদিকাঃ।
দন্তশ্চ হসন্তশ্চ মুহুর্ম্মুহুঃ।
পিবন্তশ্চ ননৃতুর্গণপুঙ্গবাঃ ॥ ৩৫
সেন্দ্রানমরান্ গণেন্দ্রা
-নাগেন্দ্র-মৃগেন্দ্রসারাঃ
হ্যপ্রতিমপ্রভাবা
রামাণি বিচেষ্টিতানি ॥ ৩৬

নৃত্যন্তি কেচিৎ প্রহরন্তি কেচিদ্-
ধাবন্তি কেচিৎ প্রলপন্তি কেচিৎ।
নৃত্যন্তি কেচিদ্বিহসন্তি কেচিদ্-
বল্গন্তি কেচিৎ প্রমথা মদেন ॥ ৩৭
কেচিজ্জিঘৃক্ষন্তি ঘনান্ সতোয়ান্
কেচিদ্গ্রহীতুং রবিমুৎপতন্তি।
কেচিৎ প্রসর্ত্তুং পবনেন সার্দ্ধ-
মিচ্ছন্তি ভীমাঃ প্রমথা বিয়ৎস্থাঃ ॥ ৩৮
আক্ষিপ্য কেচিচ্চ বরায়ুধানি
মহাভুজঙ্গানিব বৈনতেয়াঃ।
ভ্রমন্তি দেবানপি বিদ্রবন্তঃ
খমণ্ডলে পর্ব্বতকূটকল্পাঃ ॥ ৩৯
উৎপাট্য চোৎপাট্য গৃহাণি কেচিৎ
সজালবাতায়নবেদিকানি।
প্রক্ষিপ্য বিক্ষিপ্য জলস্য মধ্যে
কালাম্বুদাভাঃ প্রমথা নিনেদুঃ ॥ ৪০

সমুদয় দেবগণকে ছিন্ন ভিন্ন করিল ... কর ভেদ কর, দূরে নিক্ষেপ কর, মারিয়া ফেল ও বিদীর্ণ কর" মুখে বলিতে লাগিল। তখন সেই গণেশ্বরদিগের "হরণ কর, ..., পাটিত এবং উৎপাটিত কর" এই ...দ্ধকালোচিত ক্রোধবেগোৎপন্ন কর্ণ-... ভীষণ শব্দ সকল উৎপন্ন হইয়া-...কেহ কেহ বা বিস্ফারিত নয়নে দন্ত ও তালু দংশন করত আশ্রমস্থিত ...গকে গৃহ হইতে নিষ্কাসিত করিয়া ...াগিল এবং তাঁহাদিগের স্রুব অপ-... অগ্নি ও জলে নিক্ষেপ করিল। ... তাহারা বারংবার হাসিতে হাসিতে, ...তে ও উচ্চশব্দ করিতে করিতে কলস ...ঙ্গিয়া ফেলিল এবং মণি-বেদিকা-...ত করিল। সেই মহাবৃষভ, মহা-... সিংহের সদৃশ মহাবল-পরাক্রম ...ইন্দ্রের সহিত দেবতাদিগকে মথিত ...রূপ আসব পান করিতে লাগিল। ...বিদ-প্রভাশালী গণাধিপগণ ...বিধ রোমহর্ষণ কার্য্য করিতে লাগিল এবং কেহ নাচিতে, কেহ প্রহার করিতে, কেহ দৌড়াইতে ও কেহ প্রলাপের মত বকিতে লাগিল। সেই প্রমথগণের মধ্যে কেহ কেহ মদোন্মত্ত হইয়া নাচিতে, হাসিতে এবং প্লুত-গতিতে চলিতে লাগিল; কেহ কেহ জলধর-পটল উৎপাটিত করিতে ইচ্ছা করিল; আর কেহ কেহ বা সূর্য্যদেবকে গ্রহণ করিতে প্রবৃত্ত হইয়া আকাশে উৎপতিত হইতে লাগিল। কোন কোন ভীমদর্শন প্রমথ আকাশে অবস্থিত হইয়া পবনের সহিত বেগে গমন করিতে ইচ্ছা করিল এবং গরুড়-বংশী-য়েরা যেরূপ ভুজঙ্গদিগকে আকর্ষণ করে, সেই-রূপ কেহ কেহ শ্রেষ্ঠ আয়ুধ সকল আকর্ষণ করিতে লাগিল। সেই পর্ব্বতশেখর-সদৃশ প্রমথগণ আকাশমণ্ডলে দেবগণকে বিদ্রুত করত ভ্রমণ করিতে লাগিল; আর কেহ কেহ বাতায়ন ও বেদির সহিত গৃহ সকলকে উৎপা-টিত করিতে লাগিল। [illegible]

উৎবর্ত্তিতদ্বারকপাটকুড্যাং
বিধ্বস্তশালাবলভীগবাক্ষম্।
অহোবতাস্তভ্যস্ত যজ্ঞবাট-
মনাপ্তবদ্বাক্যমিবাযথার্থম্॥ ৪১
হা নাথ তাতেতি পিতঃ সুতেতি
ভ্রাতর্মমাম্বেতি চ মাতুলেতি।
উৎপাট্যমানেষু গৃহেষু নার্য্যো
হ্যনাথশব্দান্ বহুশঃ প্রচক্রুঃ॥ ৪২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে দক্ষযজ্ঞমথনং নামাষ্টা-
দশোঽধ্যায়ঃ॥ ১৮॥

একোনবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

ততস্ত্রিদশমুখ্যাস্তে বিষ্ণু-শক্রপুরোগমাঃ।
সর্ব্বে ভয়পরিক্রান্তা দুদ্রুবুর্ভয়বিহ্বলাঃ॥ ১
নিষ্ক্রান্তদ্বিভিন্নৈর্দৃষ্ট্বা দেবানুপক্রতান্।
দণ্ড্যানদণ্ডিতান্ মত্বা চুকোপ গণপুঙ্গবঃ॥ ২

ততস্ত্রিশূলমাদায় সর্ব্বশক্তিনিবর্হণম্।
ঊর্দ্ধদৃষ্টির্মহাবাহুর্মুখাজ্জ্বালাং সমুৎসৃজন্।
অমরানভিদুদ্রাব দ্বিরদানিব কেশরী।
তানভিদ্রবতস্তস্য গমনং সুমনোহরম্॥ ৪
বারণস্যেব মত্তস্য জগাম প্রেক্ষণীয়তাম্।
ততস্তৎ ক্ষোভয়ামাস মহৎ সুরবলং বলী
মহাসরোবরং যদ্বন্মত্তো বারণযূথপঃ।
বিকুর্ব্বন্ বহুধা বর্ণান্ নীল-পাণ্ডুর-লোহিত
বিভ্রদ্ব্যাঘ্রাজিনং বাসো হেমপ্রবরতারকম্
ছিন্দন্ ভিন্দন্ রুজন্ ক্রন্দন্ দারয়ন্ প্রম
ব্যচরদ্দেবসঙ্ঘেষু তদ্রোঽগ্নিরিব কক্ষগঃ।
তত্র তত্র মহাবেগাচ্চরন্তং শূলধারিণম্॥
তমেকং ত্রিদশাঃ সর্ব্বে সহস্রমিব মেনি
ভদ্রকালী চ সংক্রুদ্ধা যুদ্ধবৃদ্ধিমদোদ্ধতা।
মুক্তজ্বালেন শূলেন নির্ব্বিভেদ রণে সুরা
স তয়া রুরুচে ভদ্রো রুদ্রকোপসমুদ্ভবঃ॥

যেরূপ আপনার বাক্য অর্থশূন্য করে, সেইরূপ সেই প্রমথগণ দ্বার, কপাট ও কুড্য উৎবর্ত্তিত এবং শালা, বলভী ও গবাক্ষ বিধ্বস্ত করত সেই যজ্ঞবাটী ভগ্ন করিল। গৃহ সকল এই-রূপে উৎপাটিত হইলে নারীগণ "হা নাথ! হা পিতঃ! হা তাত! হা ভ্রাতঃ! হা অম্ব! হা মাতুল!" এইরূপ সম্বোধন করিয়া আর্ত্ত-শব্দ করিতে লাগিল। ৩৫—৪২।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত॥ ১৮॥

ঊনবিংশ অধ্যায়।

[illegible]

দেখিয়া অতিশয় কোপান্বিত হইলেন। পর সেই মহাবাহু বীরভদ্র সর্ব্বশক্তি ত্রিশূল গ্রহণ করিয়া উর্দ্ধে দৃষ্টি নিক্ষে মুখ হইতে অগ্নিশিখা নিষ্কাসিত লাগিলেন। সিংহ যেরূপ হস্তীদিগকে করে, তেমনি বীরভদ্রও দেবতাদিগ করিয়াছিলেন। দেবতাদিগকে বিদ্র বার সময় তাঁহার মনোহর গতি মত্ত গমনের ন্যায় দর্শনীয়তা প্রাপ্ত হইয়াছিল রূপে বলবান্ বীরভদ্র, মত্ত হস্তিযূথপ মহাসরোবরকে ক্ষুভিত করে, সেইর সুমহৎ দেবসৈন্যকে ক্ষুভিত করিয়া সুবর্ণনির্ম্মিত প্রবর-তারকাযুক্ত ব্যাঘ্র ধানকারী সেই বীরভদ্র নীল, পাণ্ডুর ও বর্ণকে বহুপ্রকারে বিকৃত এবং দে ছিন্ন ভিন্ন, পীড়িত, ক্রন্দিত, বিদারিত [illegible] করিতে করিতে তৃণনিচয়গত [illegible] মধ্যে বিচরণ করিতে [illegible] করিয়া এইরূপ মহা [illegible] দেবগণ [illegible] বিবেচনা [illegible]

যুগান্তাগ্নিশিখলয়া ধূম্রধূম্রয়া।
তদা যুদ্ধে বিক্রতিত্রিদশা বভৌ ॥ ১১
নলজ্বালা দগ্ধবিশ্বজগদ্‌যথা।
জিনং সূর্য্যং রুদ্রান্ রুদ্রগণাগ্রণীঃ ॥ ১২
র্দ্ধি অবানা তু বামপাদেন লীলয়া।
পাবকং ভদ্রঃ পট্টিশৈস্তু যমং যমী ॥ ১৩
দেন শূলেন মুদ্গরৈর্বরুণং দৃঢ়ৈঃ।
র্ঋতিং বায়ুং টঙ্কেষ্টঙ্কধরঃ স্বয়ম্ ॥ ১৪
দ রণে বীরো লীলয়ৈব গণেশ্বরঃ :
বঃ সরস্বত্যা নাসিকাগ্রং সুশোভনম্ ॥ ১৫
করজাগ্রেণ দেবমাতুস্তথৈব চ।
চ কুঠারেণ বাহুদণ্ডং বিভাবসোঃ ॥ ১৬
ঙ্গুলাং জিহ্বাম্ উত্‌খ্যাং লুলাব চ।
স্যাস্তথা দেবো দক্ষিণং নাসিকাপুটম্ ॥ ১৭
চকর্ত্ত করজাগ্রেণ বামঞ্চ স্তনচুচুকম্।
ভগস্য বিপুলে নেত্রে শতপত্রসমপ্রভে ॥ ১৮
প্রসহ্যোৎপাটয়ামাস ভদ্রঃ পরমবেগবান্।
পূষ্ণো দশনরেখাঞ্চ দীপ্তাং মুক্তাবলীমিব ॥ ১৯
জঘান ধনুষঃ কোট্যা স তেনাস্পষ্টবাগভূৎ।
ততশ্চন্দ্রমসং দেবঃ পাদাঙ্গুষ্ঠেন লীলয়া ॥ ২০
ক্ষণাং ক্রিমিবদাক্রম্য ঘর্ষয়ামাস ভূতলে।
শিরশ্চিচ্ছেদ দক্ষস্য ভদ্রঃ পরমশোভনম্ ॥ ২১
ক্রোশন্ত্যামেব বৈরিণ্যাং ভদ্রকাল্যৈ দদৌ চ তৎ।
তৎ প্রহৃষ্টা সমাদায় শিরস্তালফলোপমম্ ॥ ২২
সা দেবী কন্দুকক্রীড়াং চকার সমরাঙ্গণে।
ততো দক্ষস্য যা পত্নী কুশীলা ভর্তৃভির্যথা ॥ ২৩
পাদাভ্যাঞ্চৈব হস্তাভ্যাং হন্ততে স্ম গণেশ্বরৈঃ।
অরিষ্টনেমিনং সোমং ধর্ম্মঞ্চৈব প্রজাপতিম্ ॥ ২৪
বহুপুত্রং চাঙ্গিরসং কৃশাশ্বং কাশ্যপং তথা।

হতুক মদে উন্মত্তা ভদ্রকালীও সম্যক্ রণস্থলে মুক্তার ন্যায় উজ্জ্বল শূল রদিগকে নির্ভিন্ন করিয়াছিলেন। ভদ্র- হিত যুক্ত রুদ্রকোপসমুদ্ভব সেই বীর- ণ ও ধূমে ধূম্রবর্ণ স্বীয় প্রভার সহিত প্রলয়কালীন অগ্নির ন্যায়, শোভিত ন। সমুদয় বিশ্বকে দগ্ধ করিয়া লের শিখা যেমন শোভিত হয়, সমু- র বিদ্রবকারিণী ভদ্রকালীরও তেমনি য়াছিল। তখন সেই রুদ্রগণের অগ্রণী জিগণের সহিত সূর্য্য এবং রুদ্র- কে শীঘ্র অবজ্ঞাপূর্ব্বক বাম-পাদের লেন। সেই গণেশ্বর সংযমী বীর- । অবলীলাক্রমে অসি দ্বারা অগ্নিকে । যমকে, দৃঢ় শূল দ্বারা রুদ্রদিগকে, রা বরুণকে, পরিঘ দ্বারা নিঋতিকে রা বায়ুকে বিভিন্ন করিলেন। অনন্তর সেই দীপ্তিশীল বীরভদ্র গ দ্বারা বেদমাতা এবং সরস্বতীর সিকাগ্র ছিন্ন করিলেন। সেই বীর গ্নির বাহুদণ্ড এবং স্বধ্যাধার- । অঙ্গুলি-পরিমিত অগ্রভাগ ছিন্ন ইরূপ [illegible]

স্বাহাদেবীর দক্ষিণ-নাসাপুট এবং বাম স্তনের চুচুক কর্ত্তন করিলেন। অতিশয় বেগবান্ বীর- ভদ্র ভগদেবের শতপত্র তুল্য বিপুল নয়নদ্বয় বলপূর্ব্বক উৎপাটিত করিলেন। সেই বীর ধনুকের অগ্রভাগ দ্বারা পূষা দেবের মুক্তাবলী- সদৃশ দীপ্তিশীল দন্তপংক্তি বিনষ্ট করিলেন; তাহাতে পূষা দেব অস্পষ্টবক্তা হইলেন। অনন্তর চন্দ্রমাকে অবলীলাক্রমে পাদদ্বয়ের অঙ্গুষ্ঠ দ্বারা ক্রিমির ন্যায় আক্রমণ করিয়া পৃথিবী- দলিত করিয়াছিলেন। পরে বীরভদ্র দক্ষের সুশোভন মস্তক ছিন্ন করিলেন এবং তজ্জন্য রোরুদ্যমানা দক্ষপত্নীর রোদনে কর্ণপাত না করিয়া ঐ মস্তক ভদ্রকালীকে উপহার দিলেন। সেই দেবী ভদ্রকালী তালফলতুল্য সেই মস্তক প্রাপ্ত হইয়া অত্যন্ত প্রহৃষ্টান্তঃকরণে যুদ্ধস্থলে উহা দ্বারা কন্দুকক্রীড়া করিতে লাগিলেন। অনন্তর কু-শীলা পত্নীদিগকে স্বামীরা যেরূপ প্রহার করে, সেইরূপ গণেশ্বরগণ দক্ষপত্নীকে হস্ত ও পাদ দ্বারা প্রহার করিতে লাগিল। পরে সেই [illegible]

গলে প্রগৃহ্য বলিনো গণপাঃ সিংহবিক্রমাঃ ॥ ২৫
ভর্ৎসয়ন্তো ভৃশং বাগ্ভিঃ সঞ্জঘ্নুর্মূর্দ্ধ্নি মুষ্টিভিঃ।
ধর্ষিতা ভূতবেতালৈর্দারাঃ সুতপরিগ্রহাঃ ॥ ২৬
যথা কলিযুগে জারৈর্বলেন কুলযোষিতঃ।
তচ্চ বিধ্বস্তকলসং ভগ্নযূপং গতোৎসবম্ ॥ ২৭
প্রদীপিতমহাশালং প্রভিন্নদ্বারতোরণম্।
উৎপাটিতসুরানীকং হন্যমানতপোধনম্ ॥ ২৮
প্রশান্তব্রহ্মনির্ঘোষং প্রক্ষীণজনসঞ্চয়ম্।
ক্রন্দমানাতুরস্ত্রীকং হতাশেষপরিচ্ছদম্ ॥ ২৯
শূন্যারণ্যনিভং জজ্ঞে যজ্ঞবাটং তদার্দিতম্ ॥ ৩০
শূলবেগপ্ররুগ্নাশ্চ ভিন্নবাহূরুবক্ষসঃ।
বিনিকৃত্তোত্তমাঙ্গাশ্চ পেতুরুর্ব্ব্যাং সুরোত্তমাঃ।
হতেষু তেষু দেবেষু পতিতেষু সহস্রশঃ ॥ ৩১
প্রবিবেশ গণেশানঃ কুণ্ডাদাহবনীয়কম্।
প্রবিষ্টমথ তং দৃষ্ট্বা ভদ্রং কালাগ্নিসন্নিভম্ ॥ ৩২
দুদ্রাব মরণাদ্ভীতো যজ্ঞো মৃগবপুর্দ্ধরঃ।

স বিস্ফার্য্য মহচ্চাপং দৃঢ়জ্যাঘোষভীষণম্
ভদ্রস্তমভিদুদ্রাব বিক্ষিপন্নেব শায়কান্।
আকর্ণপূর্ণমাকৃষ্টং ধনুরম্বুদসন্নিভম্। ৩৪
নাদয়ামাস তজ্জ্যাঞ্চ খঞ্চ ভূমিঞ্চ সর্ব্বশঃ।
তমুপশ্রুত্য সংনাদং হতোঽস্মীত্যেব বিহ্
শরেণার্দ্ধেন্দুবক্রেণ স বীরোঽধ্বরপুরুষম্
মৃগরূপেণ ধাবন্তং বিশিরস্কং তদাকরোৎ।
তদীদৃশমবজ্ঞাতং দৃষ্ট্বা তং স্বর্ধ্যসম্ভবম্।
বিষ্ণুঃ পরমসংক্রুদ্ধো যুদ্ধায়াভবদুদ্যতঃ।
তমুবাহ মহাবেগঃ স্কন্ধেন নতসন্ধিনা।
সর্ব্বেষাং বয়সাং রাজা গরুড়ঃ পন্নগাশনঃ
দেবাশ্চ হতশিষ্টা যে দেবরাজপুরোগমাঃ
প্রচক্রুস্তস্য সাহায্যং প্রাণাংস্ত্যক্তুমিবোদ্
বিষ্ণুনা সহিতান্ দেবান্ বৃকেণ ক্রোষ্টুকা
দৃষ্ট্বা জহাস ভূতেন্দ্রো মৃগেন্দ্র ইব বিব্যথ

গলা ধরিয়া অতি দুর্ব্বাক্য দ্বারা ভর্ৎসনা করত মস্তকে মুষ্টি প্রহার করিতে লাগিল। কলিযুগে জারগণ যেরূপ বলপূর্ব্বক কুল-যোষিৎদিগকে অভিভূত করে, সেইরূপ তাল ও বেতালগণ তাহাদিগের দারা এবং পুত্রবধূদিগকে ধর্ষিত করিয়াছিল। তখন সেইরূপে অর্দ্দিত যজ্ঞ-ভূমিতে কলস সকল প্রধ্বস্ত, যূপ ভগ্ন, উৎসব বিনষ্ট, বিস্তৃত গৃহ সকল দগ্ধ, তোরণদ্বার বিভিন্ন, সুরসৈন্য উৎপাটিত, ঋষি-গণ উৎপীড়িত, ব্রহ্মঘোষ নিস্তব্ধ, পরিচারক ও জনবর্গ প্রক্ষীণ, স্ত্রীগণ আর্ত্তস্বরে রোরুদ্য-মানা এবং সমুদয় উপকরণ দ্রব্য বিদূষিত হওয়ায় উহা একটী শূন্য অরণ্যের মত লক্ষিত হইয়াছিল। ১৮—৩০। শূলবেগে প্রপীড়িত প্রধান প্রধান দেবগণের বাহু, ঊরু এবং বক্ষঃস্থল ভিন্ন ও মস্তক ছিন্ন হওয়ায় তাঁহারা পৃথিবী-তলে পতিত হইতে লাগিলেন। এইরূপে সহস্র সহস্র দেবগণ হত হইয়া ভূমিতলে পতিত হইলে [illegible]
[illegible]
[illegible]

দেখিয়া যজ্ঞ মৃগরূপ ধারণপূর্ব্বক সে হইতে পলায়ন করিলেন। বীরভদ্র জ্যার শব্দে ভীষণ ধনুক বিস্ফারিত বাণক্ষেপ করিতে করিতে সেই পশ্চাতে ধাবমান হইলেন। বীরভদ্র করিতে করিতে আকর্ণাকৃষ্ট ধনুক ও জ্যার শব্দে আকাশ ও পৃথিবীকে ধ্বনিত করিয়াছিলেন। অনন্তর বীর অর্দ্ধচন্দ্রের ন্যায় বক্র বাণ দ্বা রূপে পলায়মান ও পূর্ব্বোক্ত শব্দ "আমি হত হইলাম" এইরূপ বি ভয়বিহ্বল যজ্ঞপুরুষের শিরশ্ছেদন সেই স্বর্ধ্যসম্ভব যজ্ঞকে এইরূপে হইতে দেখিয়া বিষ্ণু অতিশয় ক্রোধ যুদ্ধের নিমিত্ত উদ্যত হইলেন। পক্ষীর রাজা মহাবেগ পন্নগাশন গরু স্কন্ধের উপর বিষ্ণুকে বহন করি হতাবশিষ্ট দেবগণ দেবরাজকে অ প্রাণ অবধি পণ করিয়া বিষ্ণুর সাহা প্রবৃত্ত হইয়াছিলেন। সিংহ যে পরিবৃত ব্যাঘ্রকে দেখিয়া কিঞ্চিন্মাত্র [illegible] বীরভদ্র বিষ্ণুর

নরে ব্যোম্নি সমাবিরভবদ্রথঃ।
ৎসঙ্কাশশ্চারুবীরবৃষধ্বজঃ॥ ৪১
রোদারঃ স্বরচক্রচতুষ্টয়ঃ।
নেকদিব্যাস্ত্র-শরবত্নপরিষ্কৃতঃ॥ ৪২
রথবর্য্যস্থ স্থাং স এব হি সারথিঃ।
ত্রিপুরে যুদ্ধে পূর্ব্বং শার্ব্বরথে স্থিতঃ॥৪৩
থবরং ব্রহ্মা শাসনাদেব শূলিনঃ।
মীপমানীয় কৃতাঞ্জলিরভাষত॥ ৪৪
দ্র ভদ্রাঙ্গ ভগবানিন্দুভূষণঃ।
তি ধীবং ত্বাং রথমারোঢ় মব্যয়ঃ॥ ৪৫
মসমীপস্থস্যাস্মকোঽম্বিকয়া সহ।
মহাবাহো দুঃসহং তে পরাক্রমম্॥৪৬
নং শ্রুত্বা স বীরো রণকুঞ্জরঃ।
রথং দিব্যমনুগম্য পিতামহম্॥ ৪৭

তদা রথবরে তস্মিন্ স্থিতে ব্রহ্মণি সারথৌ।
তত্রস্থ স্বরথে লক্ষ্মী রুদ্রস্যেব পুরদ্বিষঃ॥ ৪৮
ততঃ শঙ্খবরং দীপ্তং চন্দ্র-কুন্দসমপ্রভম্।
প্রদধ্মৌ বদনে কৃত্বা ভানুকম্পো মহাবলঃ॥ ৪৯
তস্য শঙ্খস্য সন্নাদং ভিন্নসাগরসন্নিভম্।
শ্রুত্বা ভয়েন দেবানাং জজ্বাল জঠরানলঃ॥ ৫০
যক্ষবিদ্যাধরাহীন্দ্রৈঃ সিদ্ধৈর্যুদ্ধদিদৃক্ষুভিঃ।
ক্ষণেন নিবিড়ীভূতাঃ সাকাশবিবরা দিশঃ॥ ৫১
ততঃ শার্ঙ্গেন্দ্রচাপাঙ্কঃ স নারায়ণনীরদঃ।
মহতা বাণবর্ষেণ তুতোদ গণগোবৃষম্॥ ৫২
তং দৃষ্ট্বা বিষ্ণুমায়ান্তং শতধা বাণবর্ষিণম্।
স চাদদে ধনুর্দৈত্রং ভদ্রো বাণসহস্রকম্॥ ৫৩
সমাদায় চ তদ্দিব্যং ধনুঃ সমরভৈরবম্।
শনৈর্বিস্ফারয়ামাস মেরুং ধনুরিবেশ্বরঃ॥ ৫৪
তস্য বিস্ফার্য্যমাণস্য ধনুষোঽভূন্মহাস্বনঃ।

তদ্রূপ অনুদ্বিগ্ন-চিত্তে হাসিতে
-৪০ সেই সময়ে সুচারু-
সূর্য্য সদৃশ প্রভাযুক্ত একখানি
বির্ভূত হইয়াছিল। সেই রথ
শ্রেষ্ঠ অশ্ব যোজিত ছিল।
চাকার অগ্রভাগ অতি তীক্ষ্ণ
ধ্য অনেক উত্তম উত্তম দিব্যাস্ত্র
ইয়াছিল। পূর্ব্বে ত্রিপুরাসুরের
ময় মহাদেবের রথে যিনি সারথ্য
লন, এই রথেও তিনিই সারথি-
হইয়াছিলেন। সেই সারথি
র আজ্ঞায় সেই রথশ্রেষ্ঠ বিষ্ণুর
দ্রর নিকট আনিয়া কৃতাঞ্জলিপুটে
লেন,—হে ভগবন্ অতিসুন্দরাঙ্গ
ভগবান্ অব্যয় ইন্দুভূষণ আপনাকে
আরোহণ করিবার জন্য আজ্ঞা
হে মহাবাহো! সেই ভগবান্
নার সহিত রৈভ্যাশ্রমের সমীপ-
আপনার দুঃসহ পরাক্রম দর্শন
সেই রণকুঞ্জর মহাবীর বীর-
ই বাক্য শ্রবণ করিয়া, ব্রহ্মার
র্ব্বক সেই দিব্য রথে আরো-
হণ করিলেন। ৪১—৪৭। সেই রথে ব্রহ্মা
সারথিরূপে অবস্থান করিলে, ত্রিপুরনাশে
উদ্যত মহাদেবের ন্যায় বীরভদ্রের শোভা
বর্দ্ধিত হইয়াছিল। অনন্তর মহাবল ভানুকম্প
চন্দ্র ও কুন্দ সদৃশ উজ্জ্বল, প্রদীপ্ত শঙ্খশ্রেষ্ঠ
মুখে রাখিয়া বাজাইতে লাগিল। ক্ষোভিত
সাগরের তুল্য সেই শঙ্খের শব্দ শ্রবণ করিয়া
ভয়ে দেবগণের জঠরানল জ্বলিয়া উঠিল। যুদ্ধ
দর্শনার্থ সমাগত যক্ষ, বিদ্যাধর, সর্পাধিপ এবং
সিদ্ধগণ দ্বারা ক্ষণকালের মধ্যে আকাশ-বিবর
ও দিক্ সকল পরিপূরিত হইয়াছিল। অনন্তর
শার্ঙ্গরূপ ইন্দ্রধনু দ্বারা চিহ্নিত সেই নারায়ণ-
রূপী মেঘ মহৎ বাণবর্ষণ দ্বারা গণরূপ গো-বৃষ-
দিগকে উৎপীড়িত করিলেন। শতধারে বাণ-
বর্ষণকারী বিষ্ণুকে আগমন করিতে দেখিয়া
বীরভদ্রও একেবারে সহস্র শর-মোচনক্ষম ক্ষৈত্র
ধনুঃ গ্রহণ করিলেন। তিনি সেই যুদ্ধে ভয়-
প্রদ দিব্য ধনুঃ গ্রহণ করিয়া, পূর্ব্বে মহাদেব
যেমন সুমেরুরূপ ধনুক বিস্ফারিত করিয়া-
ছিলেন, ধীরে ধীরে সেই ভাবে বিস্ফারিত
করিতে লাগিলেন। সেই বিস্ফার্য্যমাণ ধনুকের
অতি [illegible] [illegible] হইয়াছিল। সেই

তেন স্বনেন মহতা পৃথিবী সমকম্পত ॥ ৫৫
ততঃ শরবরং ঘোরং দীপ্তমাশীবিষোপমম্।
জগ্রাহ গণপঃ শ্রীমান্ স্বয়মুগ্রপরাক্রমঃ ॥ ৫৬
বাণোদ্ধারে ভুজো যস্য তূণীবদনসঙ্গতঃ।
প্রত্যাদৃশ্যত বল্মীকং বিবিক্ষুরিব পন্নগঃ ॥ ৫৭
সমুদ্ধৃতঃ করে তস্য তৎক্ষণং রুরুচে শরঃ।
মহাভুজঙ্গসন্দষ্টো যথা বালভুজঙ্গমঃ ॥ ৫৮
শরেণ ঘনতীব্রেণ ভদ্রো রুদ্রপরাক্রমঃ।
বিব্যাধ কুপিতো বাঢ়ং ললাটে বিষ্ণুমপাধ ॥ ৫৯
ললাটেঽভিহতো বিষ্ণুঃ পূর্ব্বমেবাবমানিতঃ।
চুকোপ গণপেন্দ্রায় মৃগেন্দ্রায়েব গোবৃষঃ ॥ ৬০
ততস্তুণমিকল্পেন ক্রূরাস্যেন মহেষুণা।
বিব্যাধ গণরাজস্য ভুজে ভুজগসন্নিভে ॥ ৬১
সোঽপি তস্য ভুজে ভূয়ঃ সূর্য্যাযুতসমপ্রভম্।
বিসসর্জ্জ শরং বেগাদ্বীরভদ্রো মহাবলঃ ॥ ৬২
স চ বিষ্ণুঃ পুনর্ভদ্রং ভদ্রো বিষ্ণুং তথা পুনঃ।

স চ তং স চ তং বিপ্রাঃ শরৈস্তাবনুজন্মতু
তথা পরস্পরং বেগাচ্ছরানাশু বিমুঞ্চতোঃ।
তয়োঃ সমভবদ্যুদ্ধং তুমুলং রোমহর্ষণম্।
তদ্দৃষ্ট্বা তুমুলং যুদ্ধং তয়োর্বৈ বিজিগীষতোঃ
হাহাকারো মহানাসীদাকাশে খেচরেরিতঃ
ততস্ত্বনলতুণ্ডেন শরেণাদিত্যবর্চ্চসা
বিব্যাধ সুদৃঢ়ং ভদ্রো বিষ্ণোমর্হতি বক্ষসি
স তু তীব্রপ্রপাতেন শরেণ দৃঢ়জীবিতঃ।
মহতীং রুজমাসাদ্য নিপপাত বিমোহিতঃ
পুনঃ ক্ষণাদিবোত্থায় লব্ধসংজ্ঞস্তদা হরিঃ।
সর্ব্বাণ্যপি চ দিব্যাস্ত্রাণ্যথৈনং প্রত্যবাসৃজ
স চ বিষ্ণুধনুর্মুক্তান্ সর্ব্বান্ শর্ব্বচমূপতিঃ
সহসা বারয়ামাস ঘোরৈঃ প্রতিশরৈঃ শ
ততো বিষ্ণুঃ স্বনামাঙ্কং বাণমব্যাহতং র
সসর্জ্জ ক্রোধরক্তাক্ষস্তমুদ্দিশ্য গণেশ্বরম্
তং বাণং বাণবর্ষেণ ভদ্রো ভদ্রস্বরেণ

মহৎ শব্দে পৃথিবী একেবারে কাঁপিয়া উঠিল। অনন্তর সেই উগ্রপরাক্রম শ্রীমান্ গণাধিপ স্বয়ং অতিঘোররূপ, প্রদীপ্ত এবং সর্পতুল্য একটী শ্রেষ্ঠ শর ধারণ করিলেন। বাণ উঠাইবার জন্য তূণীমুখে প্রবিষ্ট তাঁহার বাহু বল্মীকমধ্যে প্রবেশে উদ্যত সর্পের মত লক্ষিত হইয়াছিল। সমুদ্ধৃত শর তাঁহার হস্তে বৃহৎ-সর্পমুখে গ্রস্ত ক্ষুদ্র সর্পের ন্যায় দৃষ্ট হইয়াছিল। অনন্তর সেই রুদ্রতুল্য পরাক্রমশালী বীরভদ্র ক্রুদ্ধ হইয়া সেই অতিতীব্র শর দ্বারা বিষ্ণুর ললাটদেশ বিদ্ধ করিয়াছিলেন। সিংহকর্তৃক উপদ্রুত ষাঁড় যেমন ঐ সিংহের উপর ক্রুদ্ধ হয়, শরাঘাতে পূর্ব্ব-অপমানিত বিষ্ণুও তাঁহার উপর সেইরূপ ক্রুদ্ধ হইলেন। অনন্তর বিষ্ণু অতি ভীষণাস্য [illegible] মহৎ বাণ দ্বারা গণরাজের ভুজগতুল্য [illegible] বিদ্ধ করিলেন। [illegible] বীরভদ্রও পুনর্ব্বার অযুত সূর্য্যসদৃশ প্রভাশালী অপর একটী শর বিষ্ণুর বাহুতে বেগে নিক্ষেপ করিলেন। [illegible] [illegible] [illegible]

বারংবার বাণ দ্বারা বিদ্ধ করিতে ল বেগে পরস্পরের উপর বাণনিক্ষেপক দুজনের এইরূপ তুমুল লোমহর্ষণ যুদ্ধ ছিল। ৫৮—৬৭। সেই বিজিগীষু যুদ্ধ দর্শনকরিয়া আকাশে খেচরগণ কার রব করিতে লাগিল। অন আদিত্যতুল্য তেজস্বী অগ্নিমুখ শর বিস্তৃত বক্ষঃস্থল সুদৃঢ়রূপে বিদ্ধ সুদৃঢ় সারবান্ বিষ্ণু সেই তীব্র মহতী ব্যথা পাইয়া অচেতন হই হইলেন। অনন্তর বিষ্ণু মধ্যে চৈতন্য লাভ করিয়া উঠি বীরভদ্রের উপর সমুদয় দিব্যাস্ত্র করিতে লাগিলেন। মহাদেবের সেই বীরভদ্র ভীষণ প্রতিশর ধনুক হইতে নির্গত শর সক রণ করিলেন। অনন্তর বিষ্ণু ক্রো চক্ষু হইয়া আপনার নাম-চিহ্নিত অব্যর্থ শর সেই গণেশ্বরের উদ্দে করিলেন; ঐশ্বর্য্যশালী বীরভদ্র চিহ্নিত শর বর্ষণ করিয়া, আপনার

ব ভগবাংশ্চিচ্ছেদ শতধা পথি ॥৭১
নযুগা শার্ঙ্গং দ্বাভ্যাং পক্ষৌ গরুত্মতঃ।
ব চিচ্ছেদ তদদ্ভুতমিবাভবৎ ॥ ৭২
াগবলাদ্বিষ্ণুর্দেহাদ্দেবান্ সুদারুণান্।
ক্র-গদাহস্তান্ বিসসর্জ্জ সহস্রশঃ ॥ ৭৩
গান্ ক্ষণমাত্রেণ ত্রৈপুরানিব শঙ্করঃ।
ং মহাবাহুর্নেত্রস্থষ্টেন বহ্নিনা ॥ ৭৪
ক্রুদ্ধতরো বিষ্ণুশ্চক্রমুদ্যম্য সত্বরঃ।
বীরে সমুৎস্রষ্টুং তদানীমুদ্যতোঽভবৎ ॥৭৫
চক্রমুদ্যম্য পুরতঃ সমুপস্থিতম্।
গণেশানো বাহুস্তম্ভয়দষহৃতঃ ॥ ৭৬
স্য তচ্চক্রং ঘোরমপ্রতিমং ক্বচিৎ।
সমুৎস্রষ্টুং ন বিষ্ণুরভবৎ ক্ষমঃ ॥ ৭৭
কম্ভুত্য বাহুং চক্রসমন্বিতম্।
সা বিষ্ণুঃ পাষাণ ইব নিশ্চলঃ ॥ ৭৮
যথা জীবো বিশৃঙ্গো বা যথা বৃষঃ।

বিদংষ্ট্রশ্চ যথা সিংহস্তথা বিষ্ণুরবস্থিতঃ ॥ ৭৯
তং দৃষ্ট্বা দুর্দ্দশাপন্নং বিষ্ণুমিন্দ্রাদয়ঃ সুরাঃ।
সুসন্নদ্ধা গণেন্দ্রেণ মৃগেন্দ্রেণেব গোবৃষাঃ ॥ ৮০
প্রগৃহীতায়ুধা যোদ্ধুং ক্রুদ্ধাঃ সমুপতস্থিরে।
তান্ দৃষ্ট্বা সমরে ভদ্রঃ ক্ষুদ্রানিব হরির্মৃগান্ ॥৮১
অট্টহাসেন ঘোরেণ ব্যষ্টম্ভয়দনিন্দিতঃ।
তথা শতমখস্যাপি সবজ্রো দক্ষিণঃ করঃ ॥ ৮২
সিস্যক্ষুরেব তদ্বজ্রং চিত্রীকৃত ইবাভবৎ।
অন্যেষামপি সর্ব্বেষামুদযুক্তা অপি বাহবঃ ॥ ৮৩
অলসানামিবারম্ভাস্তাং দশাং নাতিযাস্ত্যত।
এবং ভগবতা তেন ব্যাহতাশেষবৈভবাঃ ॥ ৮৪
অমরাঃ সমরে তস্য পুরতঃ স্থাতুমক্ষমাঃ।
স্তব্ধৈরয়বৈরেব দুষ্ক্রুর্ভয়বিহ্বলাঃ ॥ ৮৫
বিদ্রুতাংস্ত্রিদশান্ বীরান্ বীরভদ্রো মহাভুজঃ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্মেঘো বর্ষৈরিবাচলান্ ॥৮৬

আসিতে, পথিমধ্যে সেই বিষ্ণুবাণকে করিলেন। পরে তিনি একটী বাণ শার্ঙ্গ ধনু এবং দুইটী বাণ দ্বারা দ্বয় ছেদন করিলেন। তাঁহার অদ্ভুতরূপে সম্পন্ন হইয়াছিল। ষ্ণু যোগবলে আপনার দেহ হইতে নরূপ শঙ্খ-চক্র-গদাধারী সহস্র সহস্র র সৃজন করিলেন। মহাবাহু শঙ্কর, অগ্নি দ্বারা ক্ষণমাত্রেই, ত্রিপুর-ন্যায়, সেই সমুদয় দেবগণকে ভস্মসাৎ করিলেন। তখন বিষ্ণু ক্রোধান্বিত হইয়া বেগে সুদর্শন-চক্র ই বীরের উপর পরিত্যাগ করিতে লেন। সেই বিষ্ণুকে চক্র উঠাইয়া স্থিত হইতে দেখিয়া গণাধিপ ষং হাস্যপূর্ব্বক অবলীলাক্রমে স্তম্ভিত করিলেন। স্তম্ভিতাঙ্গ হইয়াও সেই অতুল্য ভীষণ প করিতে সক্ষম হইলেন না। আক্রোশসহকারে চক্র-সমন্বিত ইয়া পাষাণের ন্যায়, নিশ্চলভাবে

অবস্থান করিতে লাগিলেন। জীব দেহশূন্য হইলে, বৃষ শৃঙ্গশূন্য হইলে এবং সিংহ দন্তশূন্য হইলে যেমন হয়, বিষ্ণুও সেইভাবে অবস্থান করিতে লাগিলেন। ৬৫—৭৯। ইন্দ্রাদি দেব-গণ বিষ্ণুকে তাদৃশ দুর্দ্দশাপন্ন দেখিয়া, সিংহের সহিত বিবাদে প্রবৃত্ত বলীবর্দ্দের ন্যায়, সেই গণাধিপের সহিত যুদ্ধ করিতে বদ্ধ-পরিকর হইলেন। তাহারা ক্রুদ্ধ হইয়া আয়ুধ ধারণ-পূর্ব্বক যুদ্ধ করিতে উপস্থিত হইলেন। সিংহ যেমন ক্ষুদ্র মৃগদিগকে সম্মুখে দেখিয়া স্তম্ভিত করে, তদ্রূপ অনিন্দিত বীরভদ্রও যুদ্ধে প্রবৃত্ত সেই দেবগণকে দেখিয়া অট্টহাস্যেই তাঁহা-দিগকে স্তম্ভিত করিলেন। সেইরূপে স্তম্ভিত, বজ্রত্যাগে প্রবৃত্ত সবজ্র ইন্দ্রের দক্ষিণ হস্ত চিত্রেতের ন্যায় হইয়াছিল, অন্য সকল দেবগণে-রও অস্ত্রত্যাগে প্রবৃত্ত বাহু সকল, অলসদিগের আরম্ভের ন্যায়, তাদৃশ দশা প্রাপ্ত হইয়াছিল। এইরূপে সেই ভগবান্ বীরভদ্র কর্ত্তৃক সমুদায় বৈভব বিনষ্ট হইলে পর, দেবগণ [illegible] তাঁহার সম্মুখে অবস্থান করিতে [illegible] ছিলেন। [illegible]

বহবস্তস্য বীরস্য বাহবঃ পরিঘোপমাঃ।
শস্ত্রৈশ্চকাশিরে দীপ্তৈঃ সাগ্নিজ্বালা ইবোরগাঃ ॥
অস্ত্রশস্ত্রাণ্যনেকানি স বীরো বিসৃজন্ বভৌ।
বিসৃজন্ সর্ব্বভূতানি যথাদৌ বিশ্বসম্ভবঃ ॥ ৮৮
যথা রশ্মিভিরাদিত্যঃ প্রচ্ছাদয়তি মেদিনীম্।
তথা বীরঃ ক্ষণাদেব শরৈঃ প্রাচ্ছাদয়দ্দিশঃ ॥ ৮৯
খমণ্ডলে গণেন্দ্রস্য শরাঃ কনকভূষিতাঃ।
উৎপতন্তস্তরিদ্ভিঃ পৈরুপমানপদং যযুঃ ॥ ৯০
মহাস্তস্থে সুরাংস্তাংশ্চ মণ্ডকানিব ডুণ্ডুভাঃ।
প্রাণৈর্বিয়োজয়ামাসুঃ পপুশ্চ রুধিরাসবম্ ॥ ৯১
নিকৃত্তবাহবঃ কেচিৎ কেচিল্লূনবরাননাঃ।
পার্শ্বে বিদারিতাঃ কেচিন্নিপেতুরমরা ভুবি ॥ ৯২
বিশিখোন্মথিতৈর্গাত্রৈর্বাহুভিশ্ছিন্নসন্ধিভিঃ।
বিবৃতবদনাঃ কেচিন্নিপেতুর্ভূতলে মৃতাঃ ॥ ৯৩

গাং প্রবেষ্টুমিবেচ্ছন্তঃ খং গন্তুমিব লিপ্সবঃ।
অলক্ষ্যাস্ততিরোধানা ব্যলীয়ন্ত পরস্পরম্ ॥ ৯
ভূমৌ কেচিৎ প্রবিবিশুঃ পর্ব্বতানাং গুহাঃ
অপরে জগ্মুরাকাশং পরে চ বিবিশুর্জলম্ ॥
তথা সন্ভিন্নসর্ব্বাঙ্গৈঃ স বীরস্ত্রিদশৈর্বভৌ।
পরিগ্রস্তপ্রজাবর্গো ভগবানিব ভৈরবঃ ॥
এবং দেববলং সর্ব্বং দীনং বীভৎসদ
গণেশ্বরসমুৎপন্নং কৃপণং বপুরাদদে ॥ ৯
তদা ত্রিদশবীরাণামসৃক্‌সলিলবাহিনী।
প্রাবর্ত্তত নদী ঘোরা প্রাণিনাং ভয়শংসি
রুধিরেণ পরিক্লিন্না যজ্ঞভূমিস্তদা বভৌ।
রক্তার্দ্রবসনা শ্যামা হতশুম্ভেব কৌশিকী।
তস্মিন্ মহতি নির্বৃত্তে সমরে ভূশদারুণে।
ভয়েনৈব পরিত্রস্তা প্রচচাল বসুন্ধরা ॥ ১
মহোর্ম্মিকলিলাবর্ত্তশ্চক্ষুভে চ মহোদধি

শিলাবর্ষণ দ্বারা অচলদিগকে বিধ্বস্ত করে, সেই রূপ বীরভদ্রও সেই পলায়িত বীর্য্যসম্পন্ন দেবগণকে তীক্ষ্ণ শর দ্বারা বিদ্ধ করিয়াছিলেন। অগ্নিশিখা উদ্গারী সর্পের ন্যায় সেই বীরের পরিঘতুল্য বাহু সকল দীপ্ত অস্ত্রসংযোগে শোভিত হইয়াছিল। সেই বীর অনেক প্রকার অস্ত্রশস্ত্র সৃজন করত সৃষ্টির প্রথমে নানাবিধ ভূতসৃষ্টিতে প্রবৃত্ত প্রজাপতির ন্যায় শোভিত হইয়াছিলেন। সূর্য্য যেমন আপনার কিরণজালে সমুদয় পৃথিবীকে আচ্ছাদন করেন, সেইরূপ বীরভদ্রও ক্ষণকালের মধ্যে দিক্ সকলকে আচ্ছাদিত করিয়াছিলেন। সেই গণাধিপের কনকভূষিত শর সকল আকাশমণ্ডলে উৎপতিত হইয়া বিদ্যুতের উপমান হইয়াছিল। ডুণ্ডুভেরা (নির্বিষ সর্প) যেমন মণ্ডুকদিগকে বিনষ্ট করিয়া তাহাদের রুধির পান করে, সেইরূপ সেই বৃহৎ শর সকল দেবগণের প্রাণসংহার করিয়া রুধিরপানরূপ মদ্য পান করিয়াছিল। সেই দেবগণের মধ্যে কেহ ছিন্নবাহু, কেহ ছিন্নমুণ্ড কেহ বা পার্শ্বে বিদারিত হইয়া ভূমিতলে পতিত হইয়াছিলেন। তাঁহাদের মধ্যে কেহ কেহ বাণবিদ্ধদেহে, ছিন্নবাহু এবং বিস্ফুরিতবদনে মৃত হইয়া ভূতলে পতিত হইয়াছিলেন।

তাহারা যেন পৃথিবীমধ্যে প্রবেশ করি লাষী অথবা স্বর্গে যাইতে অভীপ্সু আপনার শরীর লুকাইতে অক্ষম পরস্পর লীন হইয়াছিলেন। কেহ ভিতর প্রবেশ করিলেন, কেহ গুহায় লুক্কায়িত হইলেন, কেহ আকাশে গেলেন, কেহ বা জলে অন্তর্হিত হ সেই বীর বীরভদ্র দেবগণের সমুদয় ভিন্ন করিয়া, প্রলয়কালে নিখিল-প্রজ কারী ভগবান্ ভৈরবের ন্যায়, লক্ষিত ছিলেন। এইরূপে সমুদয় দেব গণেশ্বর কর্তৃক ছিন্ন-ভিন্ন, সুতরাং বিকৃত-দর্শন হইয়া কৃপার পাত্র তখন দেব-বীরগণের রক্তস্রোতোবা প্রাণিগণের ভয়োৎপাদিনী একটি উৎপন্ন হইয়াছিল। শুম্ভদৈত্য-ব তাহার রুধিরে আর্দ্রবসনা শ্যামা যেরূপ শোভিত হইয়াছিলেন, য ভূমিরও সেইরূপ শোভা হইয়াছিল। সেই অতি দারুণ মহৎ যুদ্ধের অব পৃথিবী ভয়ে বিহ্বল হইয়া কাঁপি সমুদ্র বৃহৎ তরঙ্গ ও গম্ভীর আবর্

ঃপোল্কাঃ সহোৎপাতৈঃ শাখাশ্চ মুমুচুক্রুমাঃ।
মগ্না দিশঃ সর্ব্বাঃ পবনশ্চাশিবো ববৌ।
বিধিবিপর্য্যাসস্ত্বমেধোহধ্বরঃ॥ ১০২
নঃ স্বয়ং দক্ষো ব্রহ্মপুত্রঃ প্রজাপতিঃ।
য়ঃ সদস্যাশ্চ রক্ষিতা গরুড়ধ্বজঃ॥ ১০৩
শ্চ প্রতিগৃহ্ণন্তি সাক্ষাদিন্দ্রাদয়ঃ সুরাঃ।
যজমানস্য যজ্ঞস্য চ সহর্ত্বিজঃ॥ ১০৪
ব শিরশ্ছেদঃ সাধু সম্পাদ্যতে ফলম্।
বেদনির্দ্দিষ্টং ন চেশ্বরবহিষ্কৃতম্॥ ১০৫
পরিগৃহীতঞ্চ কর্ম্ম কুর্য্যাৎ কদাচন।
সুমহৎ পুণ্যমিষ্ট্বা যজ্ঞশতৈরপি॥ ১০৬
ল্মমবাপ্নোতি ভক্তিহীনো মহেশ্বরে।
সুমহৎ পাপং ভক্ত্যা যজতি যঃ শিবম্॥
পাতকৈঃ সর্ব্বৈর্নাত্র কার্য্যা বিচারণা।
কিমুক্তেন বৃথা দানং বৃথা তপঃ।
বৃথা যজ্ঞো বৃথা হোমঃ শিবনিন্দারতস্য তু॥ ১০৮
ততঃ সনারায়ণকাঃ সরুদ্রাঃ
সলোকপালাঃ সমরে সুরৌঘাঃ।
গণেন্দ্রচাপচ্যুতবাণবিদ্ধাঃ
প্রদুদ্রুবুর্গাঢ়রুজাভিভূতাঃ॥ ১০৯
চেলুঃ কচিৎ কেচন শীর্ণকেশাঃ
সেদুঃ কচিৎ কেচন দীর্ঘগাত্রাঃ।
পেতুঃ কচিৎ কেচন ভিন্নবক্ত্রা
নেশুঃ কচিৎ কেচন দেববীরাঃ॥ ১১০
কেচিচ্চ তত্র ত্রিদশা বিপন্না
বিস্রস্তবস্ত্রাভরণায়ুধাস্ত্রাঃ।
নিপেতুরুব্ব্যাবিতদীনমুদ্রা
মদঞ্চ দর্পঞ্চ বলঞ্চ হিত্বা॥ ১১১
তমুৎপথপ্রস্থিতমপ্রধৃষ্যো
বিক্ষিপ্য দক্ষাধ্বরমক্ষতাঙ্গঃ।
বভৌ গণেশঃ স গণেশ্বরাণাং
মধ্যে স্থিতঃ সিংহ ইবর্ষভাণাম্॥ ১১২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে দক্ষ-শিবগণযুদ্ধবর্ণনং নামৈ-
কোনবিংশোঽধ্যায়ঃ॥ ১৯॥

প্রাপ্ত হইল? নানাবিধ উৎপাতের ল্কাপাত হইতে লাগিল; বৃক্ষ হইতে ল খসিয়া পড়িল; দিক্ সকল অপ্র- এবং অশিব-বায়ু বহিতে লাগিল। ! বিধাতা প্রতিকূল হওয়ায় সেই জ্ঞের এইরূপ দুর্দ্দশা হইল! যে মান স্বয়ং ব্রহ্মপুত্র প্রজাপতি দক্ষ, সদস্য ও বিষ্ণু রক্ষাকর্ত্তা এবং ইন্দ্রাদি দেবগণ সাক্ষাৎ উপস্থিত ভাগ গ্রহণ করিয়াছিলেন, এইরূপ মানের এবং পুরোহিতগণেরও সদ্যঃ হইল, অতএব কর্ম্মফলই সম্যক্ সুতরাং বেদে অনির্দ্দিষ্ট, ঈশ্বর- অসৎপরিগৃহীত কর্ম্ম কদাচ সুমহৎ পুণ্যকর্ম্ম এবং শত শত করিয়াও যদি শিবের প্রতি ক, তাহা হইলে ঐ সকল কর্ম্ম ফল লাভ হয় না। অন্যদিকে রী ব্যক্তিও যদি ভক্তিপূর্ব্বক র্চনা করে, তাহা হইলে সে সমু- ত বিমুক্ত হয়, সে বিষয়ে কোন এ বিষয়ে বহু বাগাড়ম্বরের প্রয়োজন কি, শিবনিন্দা-পরায়ণ ব্যক্তির দান, তপস্যা, যজ্ঞ, হোম সকলই বৃথা। অনন্তর সমরে সেই গণাধিপ বীরভদ্রের চাপচ্যুত বাণে বিদ্ধ এবং তজ্জন্য দারুণ ব্যথায় অভিভূত হইয়া নারায়ণ, রুদ্র এবং লোকপাল প্রভৃতি দেবগণ পলায়ন করিলেন। সেই দেব-বীরগণের মধ্যে কেহ কেহ আলুলায়িত কেশে কোন অনির্দ্দিষ্ট স্থানে চলিতে লাগিলেন, কেহ কেহ হাত পা ছড়াইয়া যে কোন স্থানে বসিয়া পড়িলেন, কেহ কেহ মুখ থুবড়িয়া পড়িয়া গেলেন, কেহ কেহ একেবারে অদৃশ্য হইলেন। কোন কোন বিপন্ন দেবগণ বসন ভূষণ ও আপন আপন অস্ত্র খসিয়া পড়ায় অতি দীনভাব প্রাপ্ত হইয়া সগর্ব্ব মদগর্ব্বম পরিত্যাগপূর্ব্বক ভূমিতলে পতিত হইলেন। সেই অজেয় গণেশ্বর বীরভদ্র দক্ষ[illegible]

বিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

ইতি সঞ্ছিন্নভিন্নাঙ্গা দেবা বিষ্ণুপুরোগমাঃ।
কষ্টাং কষ্টাং দশামেত্য ত্রেসুঃ স্তোকাবশেষিতাঃ॥
ত্রস্তাংস্তান্ সমরে বীরা বীরভদ্রপ্রচোদিতাঃ।
প্রগৃহ্য চ যথা দোষং নিগড়ৈরায়সৈর্দৃঢ়ৈঃ॥ ২
ববন্ধুঃ পাণিপাদেষু কন্ধরেষূদরেষু চ।
তস্মিন্নবসরে ব্রহ্মা ভদ্রমদ্রাপজানুগম্॥ ৩
সারথ্যাল্লব্ধবাৎসল্যঃ প্রার্থয়ন প্রণতোঽব্রবীৎ।
অলং ক্রোধেন ভগবন্ নষ্টাশ্চ তে দিবৌকসঃ॥৪
প্রসীদ ক্ষম্যতাং সর্ব্বং রোমজৈঃ সহ সুব্রত।
এবং বিজ্ঞাপিতস্তেন ব্রহ্মণা পরমেষ্ঠিনা॥ ৫
শমং জগাম সম্প্রীতো গণপস্তস্য গৌরবাৎ।

দেবাশ্চ লব্ধাবসরা দেবদেবস্য মন্ত্রিণঃ।
ধারয়ন্তোঽঞ্জলিং মূর্দ্ধ্নি তুষ্টুবুর্বিবিধৈঃ স্তবৈঃ॥

দেবা উচুঃ।

নমঃ শিবায় শান্তায় যজ্ঞহর্ত্রে ত্রিশূলিনে॥ ৭
রুদ্রভদ্রায় রুদ্রাণাং পতয়ে রুদ্রমূর্ত্তয়ে।
কালাগ্নিরুদ্ররূপায় কালকামাঙ্গহারিণে॥ ৮
দেবতানাং শিরোহন্ত্রে দক্ষস্য চ দুরাত্মনঃ।
সংসর্গাদস্য পাপস্য দক্ষস্যাক্লিষ্টকর্ম্মণঃ॥
শাসিতাঃ সমরে বীর ত্বয়া বধমনিন্দিতাঃ।
দগ্ধাশ্চামী বয়ং সর্ব্বে ত্বত্তো ভীতাশ্চ ভো
ত্বমেব গতিরস্মাকং ত্রাহি নঃ শরণাগতান
তুষ্টস্ত্বেবং স্তুতো দেবান্ বিসৃজ্য নিগড়াৎ
আনয়দ্দেবদেবস্য সমীপমমরানিহ।
দেবোঽপি তত্র ভগবানন্তরিক্ষে স্থিতঃ প্রভু
সগণঃ সর্ব্বগঃ সর্ব্বঃ সর্ব্বলোকমহেশ্বঃ

দক্ষযজ্ঞ ধ্বংস করিয়া, ঋষভদিগের মধ্যস্থিত সিংহের ন্যায় গণেশ্বরদিগের মধ্যে শোভা পাইতে লাগিলেন। ১০০—১১২।

ঊনবিংশ অধ্যায় সমাপ্ত॥ ১৯॥

বিংশ অধ্যায়।

বায়ু বলিলেন,—এইরূপে ছিন্ন-ভিন্নাঙ্গ বিষ্ণু প্রভৃতি সেই অল্পাবশিষ্ট দেবগণ এতাদৃশ কষ্টকর দশা-বিপর্য্যয় লাভ করিয়া ত্রাসান্বিত হইলেন। বীরভদ্র-প্রেরিত বীরগণ সেই ত্রস্ত দেবগণকে যুদ্ধে গ্রহণ করিয়া, তাঁহাদিগের যাহার যেরূপ দোষ ছিল, তদনুসারে দৃঢ় লৌহ-নির্ম্মিত নিগড় দ্বারা হাত, পা, স্কন্ধ ও উদরে বন্ধন করিল। সেই সময়ে ব্র সারথ্য-কার্য্য দ্বারা বীরভদ্রের অনুগ্রহ লাভ করিয়া প্রণামপূর্ব্বক সেই পর্ব্বতেন্দ্র-দুহিতার অনুচর বীরভদ্রকে প্রার্থনা সহকারে বলিতে লাগিলেন,—হে ভগবন্! এক্ষণে আর ক্রোধের প্রয়োজন নাই, দেবগণ নষ্ট হইয়াছে। হে সুব্রত! আপনি প্রসন্ন হউন এবং [illegible] সহিত ক্ষমা করুন।

বীরভদ্র তাঁহার গৌরব-রক্ষার্থ শ হইলেন। স্তোত্র-নিপুণ দেবগণও সর লাভ করিয়া মস্তকে অঞ্জলি-ব নানাবিধ স্তুতি-বাক্য দ্বারা সেই স্তব করিতে প্রবৃত্ত হইলেন। দেব লেন,—হে শান্ত, যজ্ঞসংহারিন্, ত্রিশূলি ভদ্র, রুদ্রদিগের অধীশ্বর, রুদ্রমূর্ত্তে শি নাকে নমস্কার! আপনি কাল এবং কাল ও কামের শরীর-বিনাশ দেবগণের এবং দুরাত্মা দক্ষের করিয়াছেন; আপনাকে নমস্কার। আমরা স্বয়ং নির্দ্দোষ হইলেও সেই পাপিষ্ঠ দক্ষের সংসর্গে দূষিত হ এই নিমিত্ত যুদ্ধে আপনি আমাদিগ করিলেন। হে প্রভো! আমরা এ ক্ষণে আপনার ভয়ে দগ্ধ হইতে মাদের গতি, অতএব শরণাগত রক্ষা করুন। ১—১১। এই প্রকা হইয়া প্রভু বীরভদ্র দেবগণকে মুক্ত করিয়া তাঁহাদিগকে মহা লইয়া যাইলেন। সেই সময় সে [illegible] সর্ব্বলোক-মহেশ্বর

...পরমেশানং দেবা বিষ্ণুপুরোগমাঃ ॥ ১৩
অপি চ ভীতাশ্চ নমশ্চক্রুর্মহেশ্বরম্।
...নমরান্ ভীতান্ প্রণতান্ প্রণতার্ত্তিহা ॥১৪
...মহাদেবঃ প্রহসন্ প্রেক্ষ্য পার্ব্বতীম্।
...ত্রিদশা যুষ্মং ক্রোধোঽস্মাভির্ব্যতিক্রমঃ ॥
...যুষ্মাকং ন স্থিতির্ন চ জীবিতম্।
...ত্রিদশাঃ সর্ব্বে শর্ব্বেণামিততেজসা ॥ ১৬
...গতসন্ত্রাসা ননৃতুর্বিবশা মুদা।
...ন্তরে ব্রহ্মা প্রণিপত্য কৃতাঞ্জলিঃ।
...বসরং প্রাপ্য ব্যজ্ঞাপয়ত শূলিনে ॥ ১৭
ব্রহ্মোবাচ।
...ব মহাদেব প্রণতার্ত্তিপ্রভঞ্জন ॥ ১৮
...পরাধেষু কোঽন্যস্ত্বত্তঃ প্রসীদতি।
...ভবিষ্যন্তি যে সুরা নিহতা মৃধে ॥ ১৯
...র্ন কস্য স্যাং প্রসন্নে পরমেশ্বরে।
...দেবানাং কৃতমঙ্গেষু দূষণম্ ॥ ২০
তদিদং ভূষণং মন্যে তবাঙ্গীকারগৌরবাৎ।
ইতি বিজ্ঞাপ্যমানস্তু ব্রহ্মণা পরমেষ্ঠিনা ॥ ২১
বিলোক্য বদনং দেব্যা দেবদেবঃ স্ময়ন্নিব।
পুত্রভূতস্য বাৎসল্যাদ্ব্রহ্মণঃ পদ্মজন্মনঃ ॥ ২২
প্রনষ্টানাং পুনস্তেষাং প্রদদৌ পূর্ব্ববৎ তনুম্।
ততঃ ক্ষণেন তে দেবাঃ শতক্রতুপুরোগমাঃ ॥ ২৩
প্রত্যাপন্নশরীরাস্তাঃ প্রণেমুঃ পরমেশ্বরম্।
বাগীশাদ্যাশ্চ যা দেব্যো দণ্ডিতা দেবমাতরঃ ॥২৪
তাসামপি যথা পূর্ব্বং তান্যঙ্গানি দদৌ ভবঃ।
দক্ষস্য স্তবনেব স্বয়ং ব্রহ্মা পিতামহঃ ॥ ২৫
তৎপাপানুগুণং চক্রে জরচ্ছাগমুখং মুখম্ ॥২৬
সোঽপি সংজ্ঞাং ততো লব্ধা সমুত্থায় কৃতাঞ্জলিঃ
প্রলপন্ বহুধা ভীতস্তুষ্টাব পরমেশ্বরম্।
তং তথা ব্যাকুলং ভীতং প্রলপন্তং কৃতাগসম্ ॥
স্মরন্নিবাবদং প্রেক্ষ্য মা ভৈরিতি কৃপানিধিঃ।
অথোক্তা ব্রহ্মণস্তস্য পিতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥ ২৮

...অবস্থান করিতেছিলেন। বিষ্ণু-... পরম ঐশ্বর্য্য-সম্পন্ন মহেশ্বরকে ...ং ভীত হইয়া তাঁহাকে নমস্কার ...ত-জনের বিপদ্হারী মহাদেব ...ণত দেবগণকে নিরীক্ষণ করিয়া, ...তে পার্ব্বতীর দিকে চাহিয়া ...থা বলিলেন,—হে দেবগণ! ...ভয় নাই, আমি তোমাদের দোষ ...ছি। আমি ক্রুদ্ধ থাকিলে এতক্ষণ ...র স্থিতি বা জীবন থাকিত না। ...মহাদেব এই কথা বলিলে পর ...াং ত্রাসশূন্য এবং আনন্দে বিবশ ...রতে লাগিলেন। অনন্তর ব্রহ্মা ...শ সুযোগ বুঝিয়া কৃতাঞ্জলিপুটে মহাদেবকে প্রণাম করিয়া নিবে-... —হে প্রণতজনের আর্ত্তিভঞ্জন ...পনি জয়যুক্ত হউন। ঈদৃশ ...া ভিন্ন আর কে প্রসন্ন হয়! ...হত দেবগণ পুনর্ব্বার প্রাণলাভ ...মেশ্বর! আপনি প্রসন্ন হইলে ...ধি হয়? দেবগণের অঙ্গে যে সকল দূষণ হইয়াছে, উহা আপনার কৃত বলিয়া ভূষণস্বরূপতা ধারণ করুক। পরমেষ্ঠি ব্রহ্মা এইরূপ নিবেদন করিলে, দেবদেব মহাদেব ঈষৎ হাস্য করত দেবীর মুখের দিকে চাহিয়া পুত্রভাবাপন্ন পদ্মজন্মা ব্রহ্মার প্রতি বাৎসল্য হেতু প্রনষ্ট দেবদিগকে পুনর্ব্বার পূর্ব্ববৎ শরীর দান করিলেন। অনন্তর ইন্দ্রপুরঃসর সেই দেবগণ ক্ষণকালের মধ্যে পূর্ব্বশরীর প্রাপ্ত হইয়া পরমেশ্বর মহাদেবকে প্রণাম করিলেন। বাগীশা প্রভৃতি যে সকল দেবমাতা দেবী দণ্ডিত হইয়াছিলেন, মহাদেব তাঁহাদিগকেও পূর্ব্ববৎ অঙ্গ প্রদান করিলেন। ভগবান্ পিতামহ ব্রহ্মা দক্ষের পাপের প্রতিফল স্বরূপ একটি বৃদ্ধ-ছাগলের মুখ দিয়া তাহার মুখ-নির্ম্মাণ করিলেন। ১২—২৬। অনন্তর দক্ষ চেতনা লাভ করিয়া কৃতাঞ্জলিপুটে উত্থিত হইয়া সভয়ে নানাবিধ প্রলাপ করত পরমেশ্বরের (শিবের) স্তব করিতে লাগিল। কৃতাপরাধ দক্ষকে ভয়ে ব্যাকুল এবং [illegible] দেখিয়া [illegible]

পাশুপত্যং দদৌ তস্মৈ দক্ষায়াক্ষয়মীশ্বরঃ।
ততো ব্রহ্মা মহাদেবমভিবন্দ্য কৃতাঞ্জলিঃ ॥ ২৯
তুষ্টাব শুভয়া বাচা দেবীঞ্চ গিরিজামুমাম্।
ততো বিষ্ণুস্ততো দেবাস্ততঃ সর্ব্বে মহর্ষয়ঃ ॥ ৩০
তুষ্টুবুর্দেবদেবেশং দেবীঞ্চাপি পৃথক্ পৃথক্।
তদা পার্শ্বস্থিতং প্রেক্ষ্য ভদ্রমদ্রীন্দ্রজা স্বয়ম্ ॥৩১
কৃতাজ্ঞপ্রেষণং পুত্রং গৃহীত্বা তং কৃতাঞ্জলিম্।
আকৃষ্য ভদ্রয়া সার্দ্ধমঙ্কে সমুপবেশ্য চ ॥ ৩২
সস্বজে গুহবদ্গাঢ়ং সমাজিঘ্রচ্চ মূর্দ্ধনি।
ততঃ প্রীততরা দেবী বীরভদ্রায় শূলিনে।
প্রদদৌ বিবিধানিষ্টান্ বরাংশ্চৈব সহস্রধা ॥ ৩৩
অথ তদা হরি-শক্র-পিতামহ-
প্রভৃতয়ঃ সুরলোকমহেশ্বরাঃ।
সকললোকমহেশ্বরমীশ্বরং
শরণমেত্য কৃতাঞ্জলয়েঽস্তুবন্ ॥ ৩৪

স চ পুনস্ত্রিদশান্ শরণাগতান্
পরমকারুণিকঃ পরমেশ্বরঃ।
অনুগতস্মিতলক্ষণয়া গিরা
শমিতসর্ব্বভয়ঃ সমভাষত ॥ ৩৫
যদিদমাগ ইহাচরিতং সুরৈ-
র্বিধিনিয়োগবশাদিব যন্ত্রিতৈঃ।
শরণমেত্য নতানবলোক্য বঃ
স্তদখিলং কিল বিস্মৃতমেব নঃ ॥ ৩৬
তদিহ যূয়মপি প্রকৃতং মনস্-
বিগণয্য বিমর্দ্দমপত্রপাঃ।
হরি-বিরিঞ্চি-সুরেন্দ্রমুখাঃ সুখং
ব্রজত দেবপুরং প্রতি সম্প্রতি ॥৩[illegible]
প্রতি সুরানভিধায় সুরেশ্বরো
নিকৃতদক্ষকৃতক্রতুরক্রতুঃ।
সগিরিজানুচরঃ সপরিচ্ছদঃ
স্থিত ইবাম্বরতোঽন্তরধীয়ত ॥ ৩৮
অথ সুরা অপি তে বিগতব্যথাঃ
কথিতভদ্রসুভদ্রপরাক্রমাঃ।

চাহিয়া ঈষৎ হাস্য করত "মাভৈঃ" এই কথা বলিলেন এই কথা বলিয়া তাহার পিতা ব্রহ্মার প্রিয় করিতে অভিলাষী হইয়া মহাদেব সেই দক্ষকে অক্ষয় পাশুপত্য প্রদান করিলেন। অনন্তর ব্রহ্মা কৃতাঞ্জলি-পুটে অভিবাদন করিয়া শুভবাক্য দ্বারা মহাদেব এবং দেবী পার্ব্বতীর স্তব করিতে লাগিলেন। তাহার পর বিষ্ণু, তাহার পর দেবগণ এবং তদনন্তর মহর্ষিগণ যথাক্রমে পৃথক্ পৃথক্ মহাদেব ও মহাদেবীর স্তব করিতে লাগিলেন। অনন্তর স্বয়ং শৈল-রাজ-দুহিতা পার্শ্বস্থিত কৃতাঞ্জলি এবং স্বকীয় আজ্ঞা-সম্পাদক পুত্রতুল্য বীরভদ্রকে তাঁহার হস্তধারণপূর্ব্বক ভদ্রার সহিত আকর্ষণ করত আপনার ক্রোড়ে বসাইয়া, কার্ত্তিকেয়ের ন্যায় গাঢ় আলিঙ্গন এবং মস্তক আঘ্রাণ করিলেন। তাহার পর দেবী অত্যন্ত প্রীত হইয়া সেই শূলধারী বীরভদ্রকে সহস্র সহস্র নানাবিধ অভিলষিত বর প্রদান করিলেন। ২৭—৩৩। অনন্তর বিষ্ণু, শক্র ও পিতামহ প্রভৃতি প্রধান প্রধান দেব[illegible] সর্ব্বলোক মহেশ্বর মহা-দেবের [illegible] হইয়া কৃতাঞ্জলিপুটে স্তব

করিতে লাগিলেন। সেই পরম পরমেশ্বরও ঈষৎ হাস্যানুগত বচন [illegible] অপনয়ন করিয়া শরণাগত দেবগণকে বলিয়াছিলেন,—দেবগণ নিয়তির নি[illegible] নিয়ন্ত্রিত হইয়া আমার সম্বন্ধে যে করিয়াছিল, সম্প্রতি সেই দেবগণকে গত এবং প্রণত দেখিয়া আমি নিশ্[illegible] সমুদয় অপরাধ বিস্মৃত হইয়াছি। এখন তোমরা লজ্জাশূন্য হইয়া এ প্রকৃত বিমর্দ্দনকে হৃদয়ে গণনা না হে হরি-বিরিঞ্চি-সুরেন্দ্র প্রমুখ দেব[illegible] সুখে আপন আপন পুরে গমন [illegible] যজ্ঞ-ধ্বংসকারী যজ্ঞ সম্বন্ধ-রহি[illegible] মহাদেব, দেবগণকে এই কথা বলি[illegible] অনুচরবর্গ এবং অন্যান্য বস্তুর সহি[illegible] দেখিতে আকাশ হইতে অন্তর্হিত অনন্তর ইন্দ্রপ্রভৃতি দেবগণ যথা-বীরভদ্রের অদ্ভুত পরাক্রমকথা [illegible]

পাদি যেন সুখেন যথাসুখং
যুরনেকমুখং মন্থবন্মুখাঃ ॥ ৩৯

শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
র্বভাগে হরপার্ব্বতীপ্রসন্নতাবর্ণনং নাম
বিংশোঽধ্যায়ঃ ॥ ২০ ॥

একবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।
ানগতো দেব্যা সহ সানুচরো হরঃ।
ঃ কুত্র বা বাসঃ কিং কৃত্বা চ ররাম চ ॥১
বায়ুরুবাচ।
ঃ শ্রীমান্ মন্দরশ্চিত্রকন্দরঃ।
দেবদেবস্য নিবাসস্তপসোঽভবং ॥ ২
ং কৃতং তেন বোঢ়ুং স্বশিরসা শিবৌ।
ং তৎপাদ-পঙ্কজস্পর্শজং সুখম্ ॥ ৩
স্য সৌন্দর্য্যং সহস্রবদনৈরপি।
বিস্তরাদ্বক্তুং বর্ষকোটিশতৈরপি ॥ ৪
শক্যমপ্যস্য সৌন্দর্য্যং ন বর্ণয়িতুমুৎসহে।
পর্ব্বতান্তরসৌন্দর্য্যসাধারণ্যাবধারণাৎ ॥ ৫
ইদন্তু শক্যতে বক্তুমেষ পর্ব্বতসুন্দরঃ।
ঋদ্ধ্যা কয়াপ সৌন্দর্য্য-মীশ্বরাবাসযোগ্যতাম্ ॥ ৬
অত এব হি দেবেন দেব্যাঃ প্রিয়চিকীর্ষয়া।
অতীব রমণীয়োঽয়ং গিরিরন্তঃপুরীকৃতঃ ॥ ৭
মেখলাভূময়স্তস্য বিপুলোপলপাদকাঃ।
শিবয়োর্নিত্যসান্নিধ্যান্ন্যক্কুর্বন্ত্যখিলং জগৎ ॥ ৮
পিতৃভ্যাং জগতো নিত্যং স্নানপানোপযোগতঃ।
অবাপ্তপুণ্যসংস্কারঃ প্রসরদ্ভিরিতস্ততঃ ॥ ৯
লঘুশীতলসংস্পর্শৈরচ্ছাচ্ছৈর্নির্ঝরাম্বুভিঃ।
আধিরাজ্য ইবাদ্রীণামদ্রিরেষোঽভিষিচ্যতে ॥ ১০
নিশাসু শিখরপ্রান্ত-বর্ত্তিনা স শিলোচ্চয়ঃ।
চন্দ্রেণাচলসাম্রাজ্য-চ্ছত্রেণেব বিরাজতে ॥ ১১
স শৈলশ্চঞ্চলীভূতৈর্বালৈশ্চমরযোষিতাম্।
সর্ব্বপর্ব্বতসাম্রাজ্য-চামরৈরিব বীজ্যতে ॥ ১২

তৎক্ষণাৎ আকাশে নানাবিধ মার্গ করিয়া সুখে গমন করিতে লাগি- ৪—৩৯।
বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২০ ॥

একবিংশ অধ্যায়।

। বলিলেন,—দেবী এবং অনুচর- ও অন্তর্হিত হইয়া মহাদেব কোথায় লন? তাঁহার বাসভূমি কোথায় এবং । তিনি রমণ করিয়াছিলেন? বায়ু -বিচিত্র-কন্দরযুক্ত শ্রীমান্ মন্দর পনার তপঃপ্রভাবে মহাদেবের প্রিয় ইয়াছে। ঐ মন্দর পর্ব্বত আপনার ব এবং শিবাকে বহন করিবার নিমিত্ত ার অনুষ্ঠান করিয়াছিল। বহুকাল । সেই দেব ও দেবীর পাদপদ্ম- খ অনুভব করিয়াছিল। সহস্র- শত কোটী বৎসর ধরিয়া থাকিলেও সেই পর্ব্বতের সমগ্র সৌন্দর্য্য বলিয়া উঠিতে পারে না। আমি ইহার সৌন্দর্য্য বর্ণন করিতে সমর্থ হইলেও উহা বলিব না; কারণ, লোকে তাহা হইলে ইহার সৌন্দর্য্যকে অপর পর্ব্বতের সৌন্দর্য্যের সহিত তুল্য বলিয়া অব- ধারণ করিতে পারে। তবে, এই সুন্দর পর্ব্বত কীদৃশ সমৃদ্ধি প্রভাবে মহেশ্বরের বাসযোগ্য সৌন্দর্য্য প্রাপ্ত হইয়াছিল, তাহা বলা যাইতে পারে। এইজন্যই মহেশ্বর দেবীর প্রিয় করি- বার অভিলাষে এই অতি রমণীয় পর্ব্বতকে আপনার অন্তঃপুর করিয়াছেন। বিপুল শিলাখণ্ড ও পাদপ-শ্রেণীতে শোভিত ইহার মেখলাপ্রদেশ হরপার্ব্বতীর নিত্য সান্নিধ্য হেতু সমুদয় জগৎকে পরাভব করিয়াছে। জগতের মাতাপিতা হরপার্ব্বতী কর্ত্তৃক নিত্য স্নানপানাদি ক্রিয়ার অনুষ্ঠান হেতু যে পর্ব্বত পবিত্র সংস্কার লাভ করিয়াছে এবং ইতস্ততঃ লঘু শীতলস্পর্শ, অতি নির্ম্মল নির্ঝর জলধারা সকল নিঃসৃত হওয়ায় যে পর্ব্বত পর্ব্বত-সাম্রাজ্যে যেন অভি-

প্রাতরভ্যুদিতে ভানৌ ভূধরো রত্নভূষিতঃ।
দর্পণে দেহসৌভাগ্যং দ্রষ্টুকাম ইব স্থিতঃ ॥ ১৩
কূজদ্বিহঙ্গবাচালৈর্বাতোদ্ধুতলতাভুজৈঃ।
বিমুক্তপুষ্পৈঃ সততং ব্যালম্বিমৃদুপল্লবৈঃ ॥ ১৪
লতাপ্রতানজটিলৈস্তরুভিস্তাপসৈরিব।
জয়াশিষা সহাভ্যর্চ্য্য নিষেব্যত ইবাদ্রিরাট্ ॥ ১৫
অধোমুখৈরূর্দ্ধমুখৈঃ শৃঙ্গৈস্তির্য্যঙ্মুখৈরপি।
প্রপতন্নিব পাতালে ভূপৃষ্ঠাদুৎপতন্নিব ॥ ১৬
পরীতঃ সর্ব্বতো দিক্ষু ভ্রমন্নিব নিহায়সি।
পশ্যন্নিব জগৎ সর্ব্বং নৃত্যন্নিব নিরন্তরম্ ॥ ১৭
গুহামুখৈঃ প্রতিদিনং ব্যাত্তৈর্বিপুলোদরৈঃ।
অজীর্ণলাবণ্যতয়া জৃম্ভামিব সদাচরন্ ॥ ১৮

কালে চন্দ্র ঐ পর্ব্বতের শিখরপ্রান্তে বিচরণ করায় বোধ হইতেছিল, যেন উহার মস্তকে সাম্রাজ্য-চিহ্নিত ছত্র ধৃত হইয়াছে; চামরীগণ উহার প্রান্তে পুচ্ছ দোলাইতে দোলাইতে বিচরণ করায় বোধ হইতেছে, যেন উহারা সাম্রাজ্য-চিহ্ন শ্বেতচামর ঢুলাইতেছে; প্রাতঃকালে সূর্য্য উদিত হইলে বোধ হয়, ঐ রত্নভূষিত পর্ব্বত যেন আপনার দেহের সৌন্দর্য্য অবলোকন করিবার জন্য সম্মুখে একখানি দর্পণ ধারণ করিয়াছে। শব্দায়মান বিহঙ্গরবে বাচাল, লতাপ্রতানে জটিল বৃক্ষরূপী তাপসগণ বায়ু-সঞ্চালিত লতারূপ বাহু দ্বারা পুষ্প মোচন এবং মৃদুপল্লবরূপ করতল সঞ্চালন করত সেই পর্ব্বতরাজকে জয় ও আশীর্ব্বাদ প্রয়োগপূর্ব্বক যেন সেবা করিতেছে বলিয়া বোধ হয়। ১—১৫। সেই পর্ব্বতের শৃঙ্গ অধোমুখ, ঊর্দ্ধমুখ এবং তির্য্যক্-বিস্তৃত হওয়ায় কখন বোধ হয়, ঐ পর্ব্বত যেন পাতালে পতিত এবং কখন বোধ হয় যেন ভূপৃষ্ঠ হইতে উত্থিত হইতেছে। সেই পর্ব্বত চারিদিকে ব্যাপ্ত হওয়ায় বোধ হইতেছে যেন উহা আকাশে ভ্রমণ করিতেছে, সমুদয় জগৎ দর্শন করিতে প্রবৃত্ত হইয়াছে, অথবা নিরন্তর নৃত্য করিতেছে। তাহার সর্ব্বদা [illegible] সৌন্দর্য্য থাকায় এবং তাহা সকল [illegible] ও [illegible] গভীর হওয়ায়

গ্রসন্নিব জগৎ সর্ব্বং পিবন্নিব পয়োনিধিম্।
বমন্নিব তমোঽন্তঃস্থমদন্নিব খমম্বুদৈঃ ॥ ১৯
নিবাসভূময়স্তাস্তা দর্পণপ্রতিমোদরাঃ।
তিরস্কৃতাতপস্নিগ্ধাশ্রমস্থচ্ছায়া মহীরুহাঃ ॥ ২০
সরিৎসরস্তটাকাদি-সম্পর্কশিশিরানিলাঃ।
তত্র তত্র নিষণ্ণাভ্যাং শিবাভ্যাং সফলীকৃতাঃ ॥
তমিমং পর্ব্বতশ্রেষ্ঠং স্মৃত্বা সান্নিধ্যযুক্[illegible]।
রৈভ্যাশ্রমসমীপস্থশ্চান্তর্দ্ধানং গতো যযৌ ॥ ২
তত্রোদ্যানমনুপ্রাপ্য দেব্যা সহ মহেশ্বরঃ।
ররাম রমণীয়াসু দিব্যান্তঃপুরভূমিষু ॥ ২৩
তথা গতেষু কালেষু বিবৃদ্ধাসু প্রজাসু চ।
দৈত্যৌ শুম্ভ-নিশুম্ভাখ্যৌ ভ্রাতরৌ সম্বভূবতু
তাভ্যাং তপোবলাদ্দত্তং ব্রহ্মণা পরমেষ্ঠিনা।
অবধ্যত্বং জগত্যস্মিন্ পুরুষৈরখিলৈরপি ॥ ২

বোধ হইতেছে, ঐ পর্ব্বত যেন সর্ব্বদা [illegible] তুলিতেছে, কিংবা সমুদয় জগৎ একেবারে [illegible] করিতে উদ্যত হইয়াছে, অথবা সমুদ্রে[illegible] করিতে প্রবৃত্ত হইয়াছে, কিংবা অন্তরস্থ [illegible]কার বমন করিতে অভিলাষ করিয়াছে, [illegible] মেঘের সহিত নভোমণ্ডল ভক্ষণ করিতে [illegible] করিয়াছে। সেই পর্ব্বতে বাসভূমি[illegible] অভ্যন্তর-ভাগ দর্পণের মত ঝকঝকে; [illegible] বর্ত্তী আশ্রমস্থ ছায়াপ্রধান বৃক্ষে আতপ [illegible] হওয়ায় ঐ ভূমি সকল অতিশয় স্নি[illegible] উহাতে সরিৎ, সরোবর ও তড়াগাদি[illegible] সুশীতল বায়ু প্রবাহিত হয়;—উহা[illegible] নীয়তা হর-পার্ব্বতীর ইচ্ছা-বিহারে স[illegible] হইয়াছে। রৈভ্যাশ্রম সমীপবর্ত্তী ব্রহ্ম[illegible] মন্দার পর্ব্বতকে স্মরণপূর্ব্বক অন্তর্হি[illegible] কার সহিত তথায় গমন করিলেন। [illegible] দেবীর সহিত সেই পর্ব্বত উদ্যানে গমন[illegible] সুরম্য দিব্য অন্তঃপুর-ভূমিতে বিহার[illegible] লাগিলেন। এইরূপে বহুকাল অতী[illegible] এবং সেই সঙ্গে প্রজাগণ বৃদ্ধিলাভ[illegible] দৈত্যকুলসম্ভূত শুম্ভ ও নিশুম্ভ নামে [illegible] উৎপন্ন হইয়াছিল। তাহাদের তপো[illegible] পরমেষ্ঠী ব্রহ্মা তাহাদিগকে এই জগতে[illegible]

গ্না তু যা কন্যা অম্বিকাংশসমুদ্ভবা।
ংস্পর্শরতিবিরলজ্যপরাক্রমা ॥ ২৭
নৌ বধঃ সংখ্যে তস্যাং কামাভিভূতয়োঃ।
ভ্যর্থিতো ব্রহ্মা তাভ্যাং প্রাহ তথাস্ত্বিতি ॥
ভূতি শক্রাদীন্ বিজিত্য সমরে সুরান্।
স্বষট্কারং জগচ্চক্রতুরক্রমাৎ ॥ ২৮
য় দেবেশং ব্রহ্মাভ্যর্থিতবান্ পুনঃ।
পি রহস্যস্যাং ক্রোধয়িত্বা যথা তথা ॥ ২৯
শঙ্গাং শক্তিমকামাং কন্যকাস্থিকাম্।
শুম্ভয়োর্হন্ত্রীং সুরেভ্যো দাতুমর্হসি ॥ ৩০
র্থিতো ধাত্রা ভগবান্ নীললোহিতঃ।
াহ রহস্যস্যাং নিন্দয়ন্নিব সস্মিতঃ ॥ ৩১
ক্লতরা দেবী সুবর্ণা বর্ণকারণাৎ।

ই অবধ্য হইবে বলিয়া বর প্রদান
রলেন। অম্বিকার অংশ হইতে সমুদ্ভূতা
পরাক্রমবতী, পুরুষ-সংসর্গবর্জ্জিতা,
সম্ভবা একটী কন্যা হইবেন; ঐ কন্যার
আমরা উভয়ে কামাসক্ত হইলে, যুদ্ধ
তিনি আমাদের উভয়ের বধ সাধন
। তাহারা দুইজনে ব্রহ্মার নিকট এই-
না করিলে ব্রহ্মা তাহাদিগকে 'তথাস্তু'
প্রদান করিলেন। সেই দৈত্যদ্বয় যুদ্ধে
গণকে পরাজিত করিয়া একেবারে
কে স্বাধ্যায় ও বষট্কারশূন্য করিল।
া নিজেই আবার তাহাদের বধের
দেবের নিকট এইরূপে প্রার্থনা করি-
নির্জ্জনে জগদম্বাকে নিন্দা করিয়াই
ন্য কোনরূপে ক্রোধ উৎপাদন করি-
শুম্ভ নিশুম্ভের নাশকারিণী দীয়
হইতে সমুৎপন্না কামভাবরহিতা,
নী শক্তি দেবগণকে সমর্পণ করুন।
। ভগবান্ নীললোহিত মহাদেব
র্তৃক এইরূপ অভ্যর্থিত হইয়া ঈষৎ
রত জগদম্বাকে একান্তে নিন্দা
রতে কালী বলিয়া সম্বোধন করি-
হাতে সেই সুবর্ণা দেবী আপ-
নিন্দায় অতিশয় ক্রুদ্ধ হইয়া

স্ময়ন্তী চাহ ভর্ত্তারমসমাধেয়য়া গিরা ॥ ৩২

দেব্যুবাচ।

ঈদৃশে মম বর্ণেঽস্মিন্ ন রতির্ভবতোঽস্তি চেৎ।
এতাবন্তং চিরং কালং কথমেষা নিয়ম্যতে ॥ ৩৩
অরুচ্যা বর্ত্তমানোঽপি কথঞ্চ রমসে ময়া।
ন হ্যশক্যং জগত্যস্মিন্নীশ্বরস্য তব প্রভো ॥ ৩৪
স্বাত্মারামস্য ভবতো রতির্ন সুখসাধনম্।
ইতি হেতোঃ স্মরো যস্মাৎ প্রসভং ভস্মসাৎকৃতঃ।
যাচনাভিরতা ভর্ত্তুরপি সর্ব্বাঙ্গসুন্দরী।
সা বৃথৈব হি জায়েত সর্ব্বৈরপি গুণান্তরৈঃ ॥ ৩৬
ভর্ত্তুর্ভোগৈকশেষো হি সর্গ এবৈষ যোষিতাম্।
তথা সত্যন্যথাভূতা নারী কুত্রোপযুজ্যতে ॥ ৩৭
তস্মাদ্বর্ণমিমং ত্যক্ত্বা ত্বয়া রহসি নিন্দিতম্।
বর্ণান্তরং ভজিষ্যে বা ন ভবিষ্যামি বা স্বয়ম্ ॥ ৩৮
ইত্যুক্ত্বোত্থায় শয়নাদ্দেবী রোষাৎ সগদ্গদম্।
যযাচেঽনুমতিং ভর্ত্তুস্তপসে কৃতনিশ্চয়া ॥ ৩৯
তথা প্রণয়ভঙ্গেন ভীতো ভূতপতিঃ স্বয়ম্।

গর্ব্বের সহিত ভর্ত্তাকে কঠোর বাক্যে বলি-
লেন,—আমার একরূপ বর্ণে যদি আপনার
মনের প্রীতি না হয়, তবে এতকাল কেন
আমাকে আবদ্ধ করিয়া রাখিয়াছেন? এরূপ
ঘোর অরুচিসত্ত্বেও আমার সহিত বিহার
করেন কিরূপে? হে প্রভো! আপনি ঈশ্বর,
আপনার অসাধ্য কিছুই নাই। আপনি
আত্মারাম, সামান্য রতি-সম্ভোগ আপনার সুখ-
সাধন নহে; এইহেতু পূর্ব্বে কন্দর্পকে ভস্ম-
সাৎ করিয়াছিলেন। যে রমণী ভর্ত্তার মনো-
মত নহে, সে সর্ব্বাঙ্গসুন্দরী ও সর্ব্বগুণবতী
হইলেও বৃথা। একমাত্র ভর্ত্তার উপভোগের
নিমিত্তই স্ত্রীদিগের সৃষ্টি হইয়াছে। তাহা না
হইলে নারী আর কোন্ কাজে লাগে? অত-
এব একান্তে নিন্দিত এই বর্ত্তমান বর্ণ পরি-
ত্যাগপূর্ব্বক অন্য বর্ণ গ্রহণ করিব, না হয় প্রাণ
পরিত্যাগ করিব। এই কথা বলিয়া দেবী
ক্রোধবশে শয্যা হইতে উঠিয়া দাঁড়াইলেন এবং
তপস্যার জন্য স্থিরসঙ্কল্প হইয়া গদ্গদ-স্বরে
ভর্ত্তার অনুমতি প্রার্থনা করিলেন। এইরূপ

পাদয়োঃ প্রণমন্নেব ভবানীং প্রত্যভাষত ॥ ৪০

ঈশ্বর উবাচ।

অজানতীব ক্রীড়োক্তিং প্রিয়ে কিং কুপিতাসি মে
রতিঃ কুতো বা জায়েত ত্বত্তশ্চেদরতির্মম ॥ ৪১
মাতা ত্বমস্য জগতঃ পিতাহমধিপস্তথা।
কথং তদুপপদ্যেত ত্বত্তো নাভিরতির্মম ॥ ৪২
আবয়োঃ রতিকামোঽপি কিমসৌ কামকারিতঃ।
যতঃ কামসমুৎপত্তেঃ প্রাগেব জগদুদ্ভবঃ ॥ ৪৩
পৃথগ্জনানাং রতয়ে কামাত্মা কল্পিতো ময়া।
ততঃ কথমুপালব্ধঃ কামদাহাদহং ত্বয়া ॥ ৪৪
মম ত্রিদশসামান্যং মন্যমানো মনোভবঃ।
মনাক্ পরিভবং কুর্ব্বন্ ময়া বৈ ভস্মসাৎকৃতঃ ॥৪৫
বিহারোঽপ্যাবয়োরস্য জগতস্ত্রাণকারণাৎ।
তদর্থং ত্বয়াদ্য ক্রীড়োক্তিং কৃতবানহম্ ॥ ৪৬
স চায়মচিরাদর্থস্তবৈবাবিষ্করিষ্যতে।
ক্রোধেনালং মুধানেন ত্বয়িষ্টং কি ন বেৎসি
ইত্যেবমনুনীতাপি ভর্ত্রা গিরিবরাত্মজা।
কালীতি বিপ্রিয়ং বাক্যং হৃদি কৃত্বেদমব্রবী

দেব্যুবাচ।

শ্রুতপূর্ব্বা হি ভগবংস্তব চাটূক্তয়ো ময়া।
যাভিরেবমধীরাহমিতঃ প্রাগপি বঞ্চিতা ॥ ৪১
প্রাণানপ্যপ্রিয়া ভর্ত্তুর্নারী যা ন পরিত্যজেৎ
কুলাঙ্গনাসু সা সদ্ভিঃ কুৎসিতৈব হি গণ্যতে
ভূয়সী চ তবাপ্রীতিরগৌরমিতি মে বপুঃ।
ক্রীড়োক্তিরপি কালীতি ঘটতে কথমন্যথা।
সদ্ভির্বিগর্হিতং তস্মাৎ স্বীয়ং কার্ষ্ণ্যমসংত্য
অনুৎসৃজ্য তপোযোগাৎ স্থাতুমেবেহ নেৎ

দেব উবাচ।

যদ্যেবং ব্যবসায়স্তে তপসা কিং প্রয়োজনম্
মমেচ্ছয়া স্বেচ্ছয়া বা বর্ণান্তরবতী ভব ॥ ৫০

প্রণয়ভঙ্গে ভূতপতি স্বয়ং ভীত হইয়া দেবীর পাদদ্বয়ে প্রণত হইয়া প্রতিবাক্য প্রদান করিলেন,—হে প্রিয়ে! তুমি কি আমার এই পরিহাস বাক্যের অর্থ বুঝিতে না পারিয়া আমার উপর কুপিত হইয়াছ? যদি তোমাতে রতি না হয়, তবে আমার আর কোথায় রতি হইবে? তুমি এই জগতের মাতা, আমি ইহার পিতা ও অধিপতি, যদি তোমাতে আমার রতি না থাকিত, তবে ইহা কিরূপে সম্ভবপর হইত। কামের দ্বারা আমাদের রতি বা কাম কি সম্পাদিত হয়? তাহা কখনই নহে। কারণ, কন্দর্পের উৎপত্তির অনেক পূর্ব্বে এই জগৎ উৎপন্ন হইয়াছে। সামান্য লোকদিগের রতির নিমিত্তই আমি কন্দর্পের সৃষ্টি করিয়াছি। তবে কেন তুমি 'কামের দাহ করিয়াছি' বলিয়া আমাকে তিরস্কার করিতেছ? কন্দর্প আমাকে অপরাপর দেবের তুল্য মনে করিয়া, আমাকে পরাভব করিতে চেষ্টা করায়, আমি তাহাকে ভস্মসাৎ করিয়াছি। এই জগতের পরিত্রাণের জন্যই আমাদের বিহার এবং সেইজন্যই আমি তোমার উপর এই পরিহাস-বাক্যের প্রয়োগ [illegible] মধ্যে সেই অর্থ তোমার কাছে আপনিই প্রকট হইবে। বৃথা-ক্রোধ পরিত্যাগ কর। আমি যে [illegible] একান্ত ভক্ত, তাহা কি তুমি জান [illegible] ৩১—৪৭। পর্ব্বত-রাজকন্যা স্বামি[illegible] এইরূপে অনুনীত হইলেও "কালী" অপ্রিয় কথাটী মনে করিয়া স্বামীকে [illegible] বলিলেন,—হে ভগবন্! আমি পূর্ব্বে [illegible] বার আপনার অনেক মন-রাখা কথা [illegible] এবং তাহার মোহিনী শক্তিতে আমি [illegible] এইরূপ ক্রোধ করিয়া আবার ভুলিয়া [illegible] যে নারী স্বামীর অপ্রিয় হইয়া প্রাণ [illegible] করিতে না পারে, পণ্ডিতেরা কুলাঙ্গনা [illegible] তাহাকে কুৎসিত বলিয়া গণনা করেন। [illegible] দেহ গৌরবর্ণ নহে, এইজন্য আপনা[illegible] অপ্রীতি অনুমিত হইতেছে, নতুবা [illegible] কালী বলিয়া পরিহাস করিবেন কে[illegible] কৃষ্ণবর্ণ পণ্ডিতগণের নিকট অতিশ[illegible] এবং অনাদৃত হয়, সুতরাং তপো[illegible] সেই কালবর্ণ পরিত্যাগ না করিয়া [illegible] করিতে ইচ্ছা করি না। মহাদেব [illegible] যদি তোমার এত দৃঢ়তা হইয়া থাকে, [illegible] প্রয়োজন কি? আমার ই[illegible]

দেব্যুবাচ।
য় ভবতো বর্ণং স্বয়ং বা কর্ত্তুমন্যথা।
ং তপসারাধ্য অতো গৌরী ভবাম্যহম্ ॥৫৪
ঈশ্বর উবাচ।
সাদাৎ পুরা ব্রহ্মা ব্রহ্মত্বং প্রাপ্তবান্ পরম্।
য় মহাদেবি তপসা কিং করিষ্যসি ॥ ৫৫
দেব্যুবাচ।
ল্পপদা এব সর্ব্বে ব্রহ্মাদয়ঃ সুরাঃ।
্যারাধ্য তপসা ব্রহ্মাণং তৃপ্তিযোগতঃ ॥ ৫৬
ল সতী নাম্না দক্ষস্য দুহিতাঽভবম্।
পতিমেব ত্বাং পতিং প্রাপ্তবতী তথা ॥৫৭
পি তপসা তোষয়িত্বা পিতামহম্।
ভবিতুমিচ্ছামি কো দোষঃ কথ্যতামিহ ॥৫৮
্যা মহাদেব্যা মহাদেবঃ স্মযন্নিব।
নির্ব্বন্ধয়ামাস দেবকার্য্যচিকীর্ষয়া ॥ ৫৯
—নীকৃত্য পতিমম্বা পতিব্রতা।
নিয়ম্য চ বিয়োগার্ত্তিং জগাম হিমবদ্গিরিম্ ॥ ৬০
তপঃ কৃতবতী পূর্ব্বং দেশে যস্মিন্ সখীজনৈঃ।
তমেব দেশং বৃণুয়াৎ তপসে প্রণয়াৎ পুনঃ ॥ ৬১
ততঃ স্বপিতরং দৃষ্ট্বা মাতরঞ্চ তয়োর্গৃহে।
প্রণম্য বৃত্তং বিজ্ঞাপ্য তাভ্যাঞ্চানুমতা সতী ॥৬২
পুনস্তপোবনং গত্বা ভূষণানি বিসৃজ্য চ।
স্নাত্বা তপস্বিনীবেশং কৃত্বা পরমপাবনম্ ॥ ৬৩
সঙ্কল্প্য চ মহৎ তীব্রং তপঃ পরমদুশ্চরম্।
সদা মনসি সন্ধায় ভর্ত্তুশ্চরণপঙ্কজম্ ॥ ৬৪
তমেব ক্ষণিকে লিঙ্গে ধ্যাত্বাবাহ্যবিধানতঃ।
ত্রিসন্ধ্যমভ্যর্চ্চয়ন্তী বন্যৈঃ পুষ্পৈঃ ফলাদিভিঃ ॥৬৫
স এব ব্রহ্মণো মূর্ত্তিমাস্থায় তপসঃ ফলম্।
প্রদাস্যতি মমেত্যেবং নিত্যং মত্বাকরোৎ তপঃ ॥
তথা তপশ্চরন্তীং তাং কালে বহুতিথে গতে।

...য় বর্ণাছব বারণ কব। দেবী বলি-...নার বা আমার ইচ্ছায় আমি বর্ণা-... করিতে চাহি না। আমি তপস্যা...কে সন্তুষ্ট করিয়া গৌরী হইব। ...লিলেন, পূর্ব্বে ব্রহ্মা আমার অনু-...হ প্রাপ্ত হইয়াছেন। হে মহাদেবি! ...রিয়া সেই ব্রহ্মার আবার আরাধনা ... অধিক ফল পাইবে? দেবী বলি-...যদিও ব্রহ্মা প্রভৃতি সমুদয় দেবগণ ...প্রসাদে আপন আপন পদ প্রাপ্ত হই-...পি আপনার আদেশ অনুসারে তপস্যা ...হ্মার আরাধনা করিয়া পূর্ব্বে আমি দক্ষের কন্যা হইয়া জন্মগ্রহণ ...এবং জগৎপতি আপনাকে পতি-...প্ত হইয়াছিলাম। সেইরূপ এক্ষ-...স্যা দ্বারা ব্রহ্মাকে সন্তুষ্ট করিয়া ...রী হইতে ইচ্ছা করিয়াছি, ইহাতে ...তা বলুন? মহাদেবী এই কথা ...হাদেব একটু হাস্য করিলেন মাত্র। ...কার্য্যের অনুরোধে তাঁহাকে নিবারণ ...না। অনন্তর পতিব্রতা জগদম্বা পতিকে প্রদক্ষিণ করিয়া এবং বিয়োগ-দুঃখকে হৃদয়ে নিরুদ্ধ করিয়া, হিমালয় পর্ব্বতে গমন করিলেন। পূর্ব্বে সখীজনের সহিত যে প্রদেশে তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন, সেই পূর্ব্বপ্রণয় বশতঃ সেই স্থানেই তপস্যা করিতে সঙ্কল্প করিলেন। অনন্তর পিতামাতাকে স্বগৃহে অবস্থিত দেখিয়া তাঁহাদিগকে প্রণাম করিলেন এবং তাঁহাদিগের নিকট সমুদয় বৃত্তান্ত বর্ণন করিয়া, তাঁহাদেরও অনুমতি লইয়া পুনর্ব্বার তপোবনে গমন করিলেন। তথায় যাইয়া শরীরের ভূষণ সকল পরিত্যাগ-পূর্ব্বক স্নানানন্তর পরম পবিত্র তপস্বিনীবেশ গ্রহণ করিলেন। তিনি অতি তীব্র পরম দুশ্চর তপস্যা করিতে সঙ্কল্প করিয়া সর্ব্বদা মনোমধ্যে স্বামীর চরণপঙ্কজ স্থাপিত করিলেন। বাহিরে মৃন্ময়াদি নশ্বর লিঙ্গেও সেই মহাদেবকেই চিন্তা করত বনজাত পুষ্প ও ফলাদি দ্বারা ত্রিসন্ধ্যা পূজা করিতে লাগিলেন। "তিনিই ব্রহ্মার মূর্ত্তি ধারণ করিয়া আমার এই তপস্যার ফল প্রদান করিবেন" অনবরত এইরূপ ভাব... করত পার্ব্বতী তপস্যায় অনুষ্ঠান করি... লাগিলেন। ৫৪—৬৬। এইভাবে তপস্যা... করিতে করিতে বহুকাল ... ...

দৃষ্ট্বা কশ্চিন্মহাব্যাঘ্রো দুষ্টভাবাদুপাগমৎ ॥ ৬৭
তথৈবোপগতস্তাপি তস্যাতীব দুরাত্মনঃ।
গাত্রং চিত্রার্পিতমিব স্তব্ধং তস্যাঃ সকাশতঃ ॥৬৮
তং দৃষ্ট্বাপি তথা ব্যাঘ্রং দুষ্টভাবাদুপাগতম্‌।
ন পৃথগ্‌জনবদ্দেবী স্বপ্রভাবেণ বিব্যথে ॥ ৬৯
স তু বিষ্টব্ধসর্ব্বাঙ্গো বুভুক্ষাপরিপীড়িতঃ।
মমামিষমিতো নাস্তীতি মত্বা নিরন্তরম্‌ ॥ ৭০
নিরীক্ষমাণঃ সততং দেবীমেব তদানিশম্‌।
অতিষ্ঠদগ্রতস্তস্যা উপাসনমিবাচরন্‌ ॥ ৭১
তস্যাশ্চ হৃদয়ে নিত্যং মমৈবায়মুপাসকঃ।
ত্রাতা চ দুষ্টসত্ত্বেভ্য ইতি প্রববৃতে কৃপা ॥ ৭২
তত এব কৃপাযোগাৎ সদ্যো নষ্টমলত্রয়ঃ।
বভূব স মহাব্যাঘ্রো দেবীঞ্চ বুবুধে তদা ॥ ৭৩
ন্যবর্ত্তত বুভুক্ষা চ তস্যাঙ্গস্তম্ভনং তথা।
দৌরাত্ম্যং জন্মসিদ্ধঞ্চ তৃপ্তিশ্চ সমজায়ত ॥ ৭৪
তদা পরমভাবেণ জ্ঞাত্বা কার্তার্থমাত্মনঃ।
সদ্যোপাসক এবৈষ সিষেবে পরমেশ্বরীম্‌
দুষ্টানামপি সত্ত্বানাং তথান্যেষাং দুরাত্মনা
স এব দ্রাবকো ভূত্বা বিচচার তপোবনে।
তপশ্চ ববৃধে দেব্যাস্তীব্রং তীব্রতরাত্মকম্‌।
দেবাশ্চ দৈত্যনির্ব্বন্ধাদ্‌ব্রহ্মাণং শরণং যযুঃ
সোঽপি দৈত্যবধাসক্তঃ কৃত্বা হেত্বাশ্রয়ং ব
সামরস্তুরিতো ব্রহ্মা যযৌ দেব্যাস্তপোবনম্‌
দদর্শ চ সুরশ্রেষ্ঠঃ শ্রেষ্ঠে তপসি নিষ্ঠিতাম্‌
প্রতিষ্ঠামিব বিশ্বস্য ভবানীং পরমেশ্বরীম্‌।
ননাম চাস্য জগতো মাতরং স্বস্য চাত্মনঃ।
রুদ্রস্য চ পিতুর্ভার্য্যামার্য্যামদ্রীশ্বরাত্মজাম্‌।
ব্রহ্মাণমাগতং দৃষ্ট্বা দেবী দেবগণৈঃ সহ।
অর্ঘ্যং তদর্হং দত্ত্বাস্মৈ স্বাগতাদ্যৈরুপাচরৎ
তাঞ্চ প্রত্যুপচারোক্তিং পুরস্কৃত্যাভিনন্দ্য চ

সময় একটী ব্যাঘ্র তাঁহাকে দেখিয়া দুষ্টভাবে তাঁহার নিকট উপস্থিত হইল। সেই অতি দুরাত্মা ব্যাঘ্র দুষ্টভাবে আগত হইলেও পার্ব্বতীর সমীপে তাহার সর্ব্বশরীর চিত্রার্পিতের ন্যায় স্তব্ধ হইল। দেবী সেই ব্যাঘ্রকে দুষ্টভাবে আগত দেখিয়াও আপনার প্রভাবের উপর বিশ্বাস থাকায় সামান্য মনুষ্যের ন্যায় ব্যথিত হইলেন না। ক্ষুধায় অত্যন্ত পীড়িত সেই ব্যাঘ্র সর্ব্বশরীর বিষ্টব্ধ হওয়ায় মনে মনে চিন্তা করিতে লাগিল, ইহা ভিন্ন আর আমার আমিষ নাই, সে এরূপ চিন্তা করত নিরন্তর সেই দেবীকে দর্শন করত তাঁহার সম্মুখে উপাসনাকারীর ন্যায় অবস্থান করিতে লাগিল। এদিকে পার্ব্বতী তাহাকে "এ আমার নিত্য উপাসক এবং অন্য দুষ্টসত্ত্ব হইতে আমাকে রক্ষা করিতে আগত" এইরূপ বিবেচনা করিয়া তাহার উপর কৃপাবতী হইলেন। ব্যাঘ্রের উপর দেবীর কৃপা হওয়াতে তৎক্ষণাৎ তাহার কায়িক, বাচিক ও মানসিক পাপ [illegible] হইল এবং সেই মহাব্যাঘ্র দেবীর [illegible] লাগিল। তাহার ক্ষুধা, অঙ্গস্তম্ভন [illegible] তৃপ্তির উদয় হইল। তখন তাহার [illegible] ভাবের উদয় হওয়ায় আপনার [illegible] জানিতে পারিয়া যে প্রকৃত উপাসকে পরমেশ্বরীর সেবা আরম্ভ করিল। দুষ্ট অপর দুরাত্মাদিগকে সে নিজেই দ্রাবি[illegible] তপোবনে বিচরণ করিতে লাগিল। [illegible] নিরাপদ হওয়ায় দেবীর তপস্যা [illegible] অতিশয় তীব্ররূপে বৃদ্ধি পাইল [illegible] দৈত্য-নিপীড়িত দেবগণও ব্রহ্মার শ[রণাপন্ন] হইলেন। স্বয়ং দৈত্যবধে অসক্ত [illegible] দেবগণকে কারণের সহিত সমুদয় বৃত্তান্ত [illegible] অমরগণের সহিত সত্বর হইয়া দেবীর [তপো]বনে গমন করিলেন। সুরশ্রেষ্ঠ ব্রহ্মা [সেই] স্থানে গমন করিয়া বিশ্বের প্রতিষ্ঠার ন্যা[য়] তপস্যায় নিরত ভবানী পরমেশ্বরীকে [দেখি]লেন। এই সমুদয় জগতের ও (ব্রহ্মার) মাতা, পিতা রুদ্রের ভার্য্যা, [গিরি]রাজের আত্মজা সেই আর্য্যস্বভাবা [দেবীকে] ব্রহ্মা প্রণাম করিলেন। ৬৭—৮০। [ব্রহ্মাকে] দেবগণের সহিত সমাগত দেখিয়া দেবী সমুচিত স্বাগতবাদপূর্ব্বক অর্ঘ্য দা[নে] পূজা করিলেন। ব্রহ্মাও তাঁহার প্র[তি]

পসো হেতুমজানন্নিব পঙ্কজঃ ॥ ৮২

ব্রহ্মোবাচ।

পসানেন দেব্যা কিমিহ সাধ্যতে।

নাং সর্ব্বেষাং ত্বদধীনা হি সিদ্ধয়ঃ ॥ ৮৩

গতাং ভর্ত্তা ত্বমেব পরমেশ্বরম্।

ম্না প্রাপ্য প্রাপ্তঞ্চ তপসঃ ফলম্ ॥ ৮৪

র্ম্মেবৈতৎ ক্রীড়াবিলসিতং তব।

ত্রং দেবস্য বিরহং সহসে কথম্ ॥ ৮৫

দেব্যুবাচ।

ভবতো দেবাদ্যুৎপত্তিঃ শ্রূয়তে যদা।

নাং প্রথমস্ত্বং মে প্রথমজঃ সুতঃ ॥ ৮৬

প্রজারক্ষৌ ললাটাত্তবতো ভবঃ।

হভূৎ তদা ত্বং মে গুরুঃ শ্বশুরভাবতঃ ॥

গিরীন্দ্রস্তে পুত্রো মম পিতা স্বয়ম্।

মহস্ত্বং মে জাতো লোকপিতামহ ॥৮৮

তদীদৃশস্য ভবতো লোকযাত্রাবিধায়িনঃ।

বৃত্তমন্তঃপুরে ভর্ত্তা কথয়িষ্যে কথং পুনঃ ॥ ৮৯

কিমত্র বহুনা দেহে যশ্চায়ং মম কালিমা।

ত্যক্তেমং তদ্বিধানেন গৌরী ভবিতুমুৎসহে ॥ ৯০

ব্রহ্মোবাচ।

এতাবতা কিমর্থেন তীব্রং দেবি তপঃ কৃতম্।

সেচ্ছৈব কিমপর্য্যাপ্তা ক্রীড়েয়ং হি তবেদৃশী ॥৯১

ক্রীড়াপি চ জগন্মাতস্তব লোকহিতায় বৈ।

অতো মমেষ্টমনয়া ফলং কিমপি সাধ্যতাম্ ॥ ৯২

নিশুম্ভ-শুম্ভনামানৌ দৈত্যৌ দত্তবরৌ ময়া।

দৃপ্তৌ দেবান্ প্রবাধেতে ত্বত্তো লব্ধস্তয়োর্বধঃ ॥৯৩

অলং বিলম্বনেনাত্র ত্বচ্ছলেন স্থিতা তব।

শক্তিবিসৃজ্যমানাদ্য তয়োর্মৃত্যুর্ভবিষ্যতি ॥ ৯৪

াক্য দ্বারা সৎকার এবং অভিনন্দন ন কিছুই জানেন না, এই ভাবে কারণ জিজ্ঞাসা করিলেন। ব্রহ্মা —হে দেবি। আপনি এই কঠোর া কেন্ ফলের সাধন করিতেছেন? দয় তপঃফলের সিদ্ধি আপনারই যিনি সমুদয় জগতের স্বামী, সেই ক যখন আপনি কর্তৃরূপে প্রাপ্ত , তখন সমুদয় তপঃফলই হস্তগত অথবা এ সমস্ত আপনার ক্রীড়ার । তবে আশ্চর্য্য এই যে, এত- ন সেই দেবদেবের বিরহ সহ ! দেবী বলিলেন,—হে দেব! দতে যখন তোমা হইতে সকলের না যায়, তখন নিখিল প্রজার আদি- আমার প্রথম পুত্র। আবার যখন র নিমিত্ত তোমার ললাটদেশ হইতে উৎপত্তি হইয়াছে, তখন তুমি সভাবে গুরুও বটে। আরও দেখ, পিতা, পর্ব্বতরাজ হিমাচল নিজেই তখন হে লোকপিতামহ! তুমি আমার সাক্ষাৎ পিতামহ হইলে। অতএব তুমি এইরূপ নানাবিধ সম্বন্ধে সম্বন্ধী এবং লোকযাত্রা-নির্ব্বাহক; তোমার নিকট 'অন্তঃপুরে ভর্ত্তার সহিত যাহা ঘটিয়াছে' তাহা কিরূপে ব্যক্ত করি? অধিক আর কি বলিব, আমার দেহে যে কালিমা দেখিতেছ, উহা ত্যাগ করিয়া আমি গৌরী হইতে ইচ্ছা করিয়াছি ৮১—৯০। ব্রহ্মা বলিলেন,—হে দেবি! এই সামান্য [illegible] জনের জন্য কি এই কঠোর তপস্যার অনুষ্ঠান করিয়াছেন? আপনার ইচ্ছা কি ইহা করিতে অপারক? তাই বলিতেছি, এ কেবল আপনার ক্রীড়া মাত্র। হে জগন্মাতঃ! ইহা আপনার ক্রীড়া বটে, কিন্তু তথাপি লোকের হিতের নিমিত্ত যে ইহা হইয়াছে, সে বিষয়ে কোন সন্দেহ নাই! অতএব এই ক্রীড়া দ্বারাই আমার একটী বাঞ্ছিত ফলের সিদ্ধি করুন। নিশুম্ভ এবং শুম্ভ নামে দুই জন দৈত্য আমার নিকট হইতে বর লাভ করিয়া অত্যন্ত গর্ব্বিত হইয়া দেবগণকে উৎপীড়িত করিতেছে, আপনা হইতেই তাহাদের বিনাশ হইবে। অতএব আর বিলম্বে প্রয়োজন নাই, আপনি ছল করিয়া এই স্থলেই অবস্থান [illegible] আপনি যে শক্তির সৃজন [illegible]

ব্রহ্মণাভ্যর্থিতা চৈবং দেবী গিরিবরাত্মজা।
ত্বক্কোশং সহসোৎসৃজ্য গৌরী সা সমজায়ত ॥ ৯৫
সা ত্বক্কোশাত্মনোৎসৃষ্টা কৌশিকী নাম নামতঃ।
কালী কালাম্বুদপ্রখ্যা কন্যকা সমপদ্যত ॥ ৯৬
সা তু মায়াত্মিকা শক্তির্যোগনিদ্রা চ বৈষ্ণবী।
শঙ্খ-চক্র-ত্রিশূলাদি-সায়ুধাষ্টমহাভুজা ॥ ৯৭
সৌম্যা ঘোরা চ মিশ্রা চ ত্রিনেত্রা চন্দ্রশেখরা।
অজাতপুংস্পর্শরতিরধৃষ্যা চাতিসুন্দরী ॥ ৯৮
দত্তা চ ব্রহ্মণে দেব্যা শক্তিরেষা সনাতনী।
শুম্ভস্য চ নিশুম্ভস্য নিহন্ত্রী দৈত্যসিংহয়োঃ ॥ ৯৯
ব্রহ্মণাপি প্রহৃষ্টেন তস্যৈ পরমশক্তয়ে।
প্রবলঃ কেশরী দত্তো বাহনত্বে সমাগতঃ ॥ ১০০
বিন্ধ্যে চ বসতিং তস্যাঃ পূজাকাসবপূর্ব্বকৈঃ।
মাংসৈর্মৎস্যৈরপূপৈশ্চ নির্ব্বর্ত্ত্যাসৌ সমাদিশৎ ॥
সা চৈবং সম্মতা শক্তির্ব্রহ্মণা বিশ্বকর্ম্মণা।

তাহাদের উভয়ের মৃত্যুরূপিণী হইবে। ব্রহ্মা কর্তৃক এইরূপে যাচিত হইয়া সেই গিরীন্দ্র-পুত্রী পার্ব্বতী তৎক্ষণাৎ চর্ম্মকোশ পরিত্যাগ করিয়া গৌরবর্ণা হইলেন। সেই উৎসৃষ্ট চর্ম্মকোশ হইতে কৌশিকী নামে কৃষ্ণবর্ণ মেঘের মত কৃষ্ণবর্ণা একটী কন্যা উৎপন্ন হইলেন। সেই মায়াময়ী বৈষ্ণবী যোগ-নিদ্রারূপিণী শক্তি শঙ্খ চক্র ত্রিশূল প্রভৃতি অস্ত্রে বিভূষিত অষ্টবাহুশালিনী হইলেন। তাঁহার মূর্ত্তি সৌম্যাও বটে, ঘোরও বটে; অর্থাৎ উভয়রূপ মিশ্রিত। তাঁহার নয়ন তিনটী এবং মস্তক চন্দ্রকলায় ভূষিত। তিনি পুরুষসংসর্গ-বর্জ্জিতা, অধৃষ্যা অথচ অতিশয় মনোহর রূপ ধারণ করিয়াছিলেন। দেবী দৈত্যসিংহ শুম্ভ ও নিশুম্ভের নিহন্ত্রী সেই সনাতনী শক্তিকে ব্রহ্মার হস্তে অর্পণ করিলেন। ব্রহ্মাও প্রহৃষ্ট হইয়া সেই পরম শক্তিকে বাহনের নিমিত্ত একটী মহাবল-পরাক্রান্ত সিংহ দান করিলেন এবং মদ্য, মৎস্য, মাংস ও পিষ্টকাদি উপচার দ্বারা তাঁহার পূজা নির্ব্বাহ করিয়া বিন্ধ্যাচলে তাঁহার বাসস্থান কল্পিত করিলেন। বিশ্বকর্ত্তা ব্রহ্মা [illegible] এইরূপে সম্মানিতা সেই

প্রণম্য মাতরং গৌরীং ব্রহ্মাণঞ্চানুপূর্ব্বশঃ।
শক্তিভিঃ স্বাত্মতুল্যাভিঃ স্বাত্মজাভিরনেকশঃ
পরীতা প্রযযৌ বিন্ধ্যং দৈত্যেন্দ্রৌ হন্তুমুদ্যতা
নিহতৌ চ তথা তত্র সমরে দৈত্যপুঙ্গবৌ।
তদ্বাণৈঃ কামবাণৈশ্চ ছিন্নভিন্নাঙ্গমানসৌ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতা পূর্ব্বভাগে দেব্যা গৌরদেহধারণং নাম একবিংশোঽধ্যায়ঃ ॥ ২১ ॥

শক্তি যথাক্রমে আপনার মাতা গৌ[রী ও] ব্রহ্মাকে প্রণাম করিলেন। অনন্ত[র] দৈত্যেন্দ্রদ্বয়কে বিনাশ করিতে উদ্যত [হইয়া] স্বশরীর হইতে উৎপন্ন আত্মসদৃশ অসংখ্য শক্তিগণে পরিবৃত হইয়া [বিন্ধ্যে] গমন করিলেন। দৈত্যশ্রেষ্ঠ শুম্ভ এব[ং নিশুম্ভ] সেই শক্তির শরাঘাতে ছিন্নাঙ্গ এবং [কাম]বাণে ভিন্নহৃদয় হইয়া তৎক্ষণাৎ পঞ্চ[ত্বপ্রাপ্ত] হইয়াছিল। ৯১—১০৭।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

উৎপাদ্য কৌশিকীং গৌরী ব্রহ্মণে প্রতি[পাদ্য চ]
তস্য প্রত্যুপকারায় পিতামহমথাব্রবীৎ ॥ ১

দেব্যুবাচ।

দৃষ্টঃ কিমেষ ভবতা শার্দ্দূলো মদুপাশ্রয়ঃ।
অনেন দুষ্টসত্ত্বেভ্যো রক্ষিতং মে তপোবন[ম্]

দ্বাবিংশ অধ্যায়।

গৌরী কৌশিকীকে উৎপাদন এ[বং ব্রহ্মার] হস্তে অর্পণ করিয়া, সেই ব্যাঘ্রের প্র[ত্যুপকারের] জন্য ব্রহ্মাকে অনুরোধ করিলেন। [তিনি বলি]লেন,—এই আমার আশ্রিত ব্যাঘ্রকে [কি আপনি] দেখিয়াছেন? এই ব্যাঘ্র দুষ্টসত্ত্ব হই[তে]

না এব ভজতে মামনন্যধীঃ।
ক্ষণাদন্যং প্রিয়ং মম ন বিদ্যতে ॥ ৩
নেনাতো মমান্তঃপুরচারিণা।
কাশৈ প্রীতো দাস্যতি শঙ্করঃ ॥ ৪
রং কৃত্বা সখীভির্গন্তুমুৎসহে।
মনুজ্ঞা মে প্রজানাং পতিনা ত্বয়া ॥ ৫
প্রহসন্ ব্রহ্মা দেবীং মুগ্ধামিব স্মরন্।
ত্ত পুরাবৃত্তৈর্দৌরাত্ম্যং সমবর্ণয়ৎ ॥ ৬
ব্রহ্মোবাচ।
দেবি মৃগঃ ক্রূরঃ ক চ তেঽনুগ্রহঃ শুভঃ।
মুখে সাক্ষাদমৃতং কিং নিষিচ্যতে ॥ ৭
ন খল্বেষ দুষ্টঃ কোঽপি নিশাচরঃ।
ক্ষিতা গাবো ব্রাহ্মণাশ্চ তপোধনাঃ ॥ ৮
সর্বাকামং কামরূপী চরত্যসৌ
ভোক্তব্যং ফলং পাপস্য কর্ম্মণঃ ॥ ৯

অতঃ কিং কৃপয়া কৃত্যমীদৃশেষু দুরাত্মসু।
অনেন দেব্যাঃ কিং কৃত্যং প্রকৃত্যা কলুষাত্মনা ॥
দেব্যুবাচ।
যদুক্তং ভবতা সর্ব্বং তথ্যমস্ত্বয়মীদৃশঃ।
তথাপি মাং প্রপন্নোঽভূন্ন ত্যক্তো মামুপাশ্রিতঃ ॥
ব্রহ্মোবাচ।
যস্য ভক্তিমবিজ্ঞায় প্রাগ্ বৃত্তং তে নিবেদিতম্।
ভক্তিশ্চেদস্য কিং পাপৈর্ন তে ভক্তঃ প্রণশ্যতি ॥
পুণ্যকর্ম্মাপি কিং কুর্য্যাৎ ত্বদীয়াজ্ঞানপেক্ষয়া।
আজ্ঞাপ্রজ্ঞা পুরাণী চ ত্বমেব পরমেশ্বরী ॥ ১৩
ত্বদধীনা হি সর্ব্বেষাং বন্ধ-মোক্ষ-ব্যবস্থিতিঃ।
ত্বামৃতে পরমাং শক্তিং সংসিদ্ধিঃ কস্য কর্ম্মণঃ ॥ ১৪
ত্বমেব বিবিধা শক্তির্ভাবানামভবা স্বয়ম্।
অশক্তঃ কর্ম্মকরণং কর্ত্তা বা কিং করিষ্যতি ॥ ১৫
বিষ্ণোশ্চ মম চান্যেষাং দেব-দানব-রক্ষসাম্।

...না করিয়াছে। এই ব্যাঘ্র আমাতে ... করিয়াছে, অপর চিন্তা পরিত্যাগ ...কেই ভজনা করিতেছে। সুতরাং ...কে প্রতিপালন ভিন্ন আমার আর ...র্য্য নাই এই কারণেই এ আমার ...রী হউক এবং শঙ্কর প্রীত হইয়া ...ণেশ্বর-পদ প্রদান করুন! আমি ...অগ্রেসর করিয়া সখীগণের সহিত ...চ্ছা করি। হে প্রজাপতে! তুমি ...অনুজ্ঞা প্রদান কর। ব্রহ্মা এইরূপে ...দেবীকে মুগ্ধার মত দেখিয়া বিস্মিত ...বং হাস্য করত কঠোর পুরাবৃত্ত দ্বারা ...দৌরাত্ম্যের বিষয় বর্ণনা করিলেন। ...লেন,—হে দেবি! কোথায় এই ... আর কোথায় আপনার মঙ্গলময় ...সাক্ষাৎ বিষধরের মুখে কি নিমিত্ত ...করিতেছেন? এ কেবল ব্যাঘ্র ...জন দুষ্ট নিশাচর। এ অনেক গরু ...ণ্য তপোধন ব্রাহ্মণকে ভোজন ...এ কামরূপী, আপনার ইচ্ছামত ...রিয়া বিচরণ করে। সেই সকল ...অবশ্যই ইহাকে ভোগ করিতে হইবে। অতএব ঈদৃশ দুরাত্মাদিগের উপর কৃপা করিয়া কি ফল? হে দেবি! এই স্বাভাবিক কলুষাত্মাকে লইয়া আপনার কি কার্য্য হইবে? দেবী বলিলেন,—তুমি যে সকল কথা বলিলে, তাহা সকলই ঠিক। তথাপি এ আমার আশ্রয় লইয়াছে, আমি আশ্রিত ব্যক্তিকে পরিত্যাগ করি না। ১—১১। ব্রহ্মা বলিলেন,—ইহার ভক্তি না জানিয়াই আমি ইহার পুরাবৃত্ত আপনার নিকট বলিয়াছি। যদি আপনার উপর ইহার ভক্তি থাকে, তবে পাপে ইহার কি করিবে? আপনার ভক্ত নষ্ট হয় না। আপনার আজ্ঞার অপেক্ষা না করিয়া পুণ্যকর্ম্মাই বা কি করিবে? হে পরমেশ্বরি! আপনিই আজ্ঞা, প্রজ্ঞা এবং পুরাতনী, নিখিল-জীবের বন্ধ ও মোক্ষের ব্যবস্থা আপনারই অধীন। আপনি পরমা-শক্তিরূপা, আপনা ভিন্ন কোন্ কর্ম্ম সিদ্ধ হয়? আপনি স্বয়ং অভবা হইয়াও সমুদয় বস্তু-পদার্থের নানাবিধ-শক্তিস্বরূপা। শক্তিশূন্য হইয়া কর্ত্তা কি কর্ম্ম করিতে পারে? কি বিষ্ণু কি আমি, কি অপর দেব, দানব বা রাক্ষস—

তত্তদৈশ্বর্য্যসম্প্রাপ্তৌ তবৈবাজ্ঞা হি কারণম্ ॥ ১৬
অতীতাঃ খয়সংখ্যাতা ব্রহ্মাণো হরয়ো ভবাঃ।
অনাগতাশ্চাসংখ্যাতাস্তদাজ্ঞানুবিধায়িনঃ ॥ ১৭
ত্বামনারাধ্য দেবেশি পুরুষার্থচতুষ্টয়ম্।
লব্ধুং ন শক্যমস্মাভিরপি সর্ব্বৈঃ সুরোত্তমৈঃ ॥ ১৮
ব্যত্যাসোঽপি ভবেৎ সদ্যো ব্রহ্মত্বস্থাবরত্বয়োঃ।
সুকৃতে দুষ্কৃতে চাপি ত্বদ্ব্যবস্থাপনং যতঃ ॥ ১৯
ত্বং হি সর্ব্বজগদ্ভর্ত্তুঃ শিবস্য পরমাত্মনঃ।
অনাদি-মধ্য-নিধনা শক্তিরাদ্যা সনাতনী ॥ ২০
সমস্তলোকযাত্রার্থং মূর্ত্তিমাবিশ্য কামপি।
ক্রীড়সে বিবিধৈর্ভাবৈঃ কস্ত্বাং জানাতি তত্ত্বতঃ ॥
অতো দুষ্কৃতকর্ম্মাপি ব্যাঘ্রোঽয়ং ত্বদনুগ্রহাৎ।
প্রাপ্নোতু পরমাং সিদ্ধিমত্র কঃ প্রতিবন্ধকঃ ॥ ২২
ইত্যাত্মনঃ পরং ভাবং স্মারয়িত্বানুরূপতঃ।
ব্রহ্মণাভ্যর্থিতা গৌরী তপসোঽপি ন্যবর্ত্তত ॥ ২৩
ততো দেবীমনুজ্ঞাপ্য ব্রহ্মণ্যন্তর্হিতে সতি।
দেবী চ মাতরং দৃষ্ট্বা মেনাং হিমবতা সহ।
প্রণম্যাশ্বাস্য বহুধা পিতরৌ বিরহাসহৌ।
ততঃ প্রণয়িনো দেবী তপোবনমহীরুহান্।
বিপ্রয়োগশুচেবাগ্রে পুষ্পবাষ্পং বিমুঞ্চতঃ।
তত্তচ্ছাখাসমারূঢ়-বিহগোদীরিতৈ রুতৈঃ।২
ব্যাকুলং বহুধা দীনং বিলাপমিব কুর্ব্বতঃ।
সখীভ্যঃ কথয়ন্ত্যেব সত্বরা ভর্তৃদর্শনে ॥ ২৭
পুরস্কৃত্য চ তং ব্যাঘ্রং স্নেহাৎ পুত্রমিবৌরসম্
দেহস্য প্রভয়া চৈব দীপয়ন্তী দিশো দশ।
প্রযযৌ মন্দরং গৌরী যত্র ভর্ত্তা মহেশ্বরঃ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতা
পূর্ব্বভাগে দেবী-ব্রহ্মসংবাদে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ ২২ ॥

সমুদয়েরই আপন আপন ঐশ্বর্য্যপ্রাপ্তির বিষয়ে আপনার আজ্ঞাই একমাত্র কারণ। অসংখ্য ব্রহ্মা, বিষ্ণু বা মহেশ্বর অতীত হইয়াছে এবং ভবিষ্যতে আরও অসংখ্য ব্রহ্মাদি হইবে, ইহারা সকলেই আপনার অজ্ঞানুবর্ত্তী। আপনার আরাধনা ব্যতীত অস্মদাদি নিখিল শ্রেষ্ঠ-দেবগণও পুরুষার্থ-চতুষ্টয় লাভ করিতে সমর্থ হয় না। জড়ত্ব ও চৈতন্যের সদ্য ব্যত্যাস অর্থাৎ বিপর্য্যয় হইতে পারে; যেহেতু সুকৃত ও দুষ্কৃত আপনার ব্যবস্থানুসারেই ফল প্রদান করে। আপনিই সেই জগৎপতি পরমাত্মা মহাদেবের আদি-মধ্য-নিধন-রহিত সনাতনী আদ্যাশক্তি, সমস্ত লোকযাত্রা-নির্ব্বাহার্থ আপনি যে কোন একটী মূর্ত্তিতে প্রবেশ করিয়া নানাভাবে ক্রীড়া করেন; কে আপনাকে যথার্থরূপে জানিতে পারে? অতএব এই ব্যাঘ্র দুরাচার হইলেও আপনার অনুগ্রহে পরম সিদ্ধি লাভ করুক; ইহাতে কে প্রতিবন্ধক হইবে? এই প্রকার অনুরূপ বাক্য দ্বারা ব্রহ্মা, স্বীয় পরমভাব (মহত্ত্ব) [illegible] গৌরী [illegible] হইতেও নিবৃত্ত হইলেন। অন[illegible] আজ্ঞা লইয়া ব্রহ্মা অন্তর্হিত হই[illegible] স্বীয় মাতা মেনাকে দর্শন করিয়া, [illegible] সহিতে অসমর্থ পিতা-মাতাকে প্রণ[illegible] বিধ বাক্যে আশ্বস্ত করিলেন। [illegible] বিরহ-দুঃখেই যেন পুষ্পরূপ বাষ্প[illegible] এবং স্ব স্ব শাখারূঢ় পক্ষীদিগের [illegible] ব্যাকুল ও দীনভাবে বহু বিলাপ[illegible] তপোবন বৃক্ষদিগের বিষয় সখীদি[illegible] বলিতে বলিতে ভর্ত্তৃ-দর্শনে ত্বরান্বিতা সেই দেবী গৌরী, ঔরসপুত্রের [illegible] ব্যাঘ্রকে অগ্রে রাখিয়া এবং স্বীয় [illegible] দশদিক্ উদ্ভাসিত করিয়া, যে স্থা[illegible] অবস্থান করিতেছিলেন, সেই ম[illegible] গমন করিলেন। ১২—২৮।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ঙ্গং বপুর্দিব্যং দেবী গিরিবরাত্মজা।
র্ভর্তারং প্রবিষ্টা মন্দরং সতী ॥ ১
য়ে তস্যা ভবনদ্বারগোচরৈঃ।
কিং কৃতং দেবস্তাং দৃষ্ট্বা কিং তদাকরোৎ

বায়ুরুবাচ।

সাঽশক্যস্তাদৃশঃ পরমো রসঃ।
গর্ভেণ ভাবো ভাববতাং স্মৃতঃ ॥ ৩
সম্ভ্রমৈরেব দেবো দেব্যাগমোৎসুকঃ।
বিষ্টাং তাং তঞ্চ সা সমপশ্যত ॥ ৪
যভাবৈঃ ভবনান্তরবর্ত্তিভিঃ।
তা বাচা প্রণনাম ত্রিয়ম্বকম্ ॥ ৫
যতা যাবৎ তাবৎ তাং পরমেশ্বরঃ।
ামাশ্লিষ্য পরিতঃ পরয়া মুদা ॥ ৬

স্বাঙ্কে ধর্ত্তুং প্রবৃত্তোঽপি সা পর্য্যঙ্কে হ্যষীদত।
পর্য্যঙ্কতো বলাদ্দেবীং স্বাঙ্কমারোপ্য সুস্মিতাম্ ॥ ৭
সস্মিতো বিবৃতৈর্নেত্রৈস্তদ্বক্ত্রং প্রপিবন্নিব।
তয়া সম্ভাবণায়েশঃ পূর্ব্বভাষিতমব্রবীৎ ॥ ৮

দেব উবাচ।

সা দশা চ ব্যতীতা কিং তব সর্ব্বাঙ্গসুন্দরি।
যস্যামনুনয়োপায়ঃ কোঽপি কোপান্ন লভ্যতে ॥ ৯
স্বেচ্ছয়াপি চ কালীতি নান্যবর্ণবতীতি চ।
ত্বৎস্বভাবাদ্ধৃতং চিত্তং শুভ্রে চিন্তাবহং মম ॥ ১০
বিস্মৃতঃ পরমো ভাবঃ কথং স্বেচ্ছাঙ্গযোগতঃ।
ন সম্ভবন্তি যে তত্র চিত্তকালুষ্যহেতবঃ ॥ ১১
পৃথগ্জনবদন্যোঽন্যং বিপ্রিয়স্যাপি কারণম্।
আবয়োরপি যদ্যস্তি নাস্ত্যেবৈতচ্চরাচরম্ ॥ ১২

ত্রয়োবিংশ অধ্যায়।

বলিলেন,—সেই গিরিবর-নন্দিনী
গৌর শরীর ধারণপূর্ব্বক মন্দর-
ষ্ট হইয়া কিরূপে স্বামীকে দর্শন
াহার প্রবেশ-সময়ে গৃহ-দ্বারে
শ্বরগণ কিরূপ ব্যবহার করিল
ই বা তাঁহাকে দেখিয়া কীদৃশ
লেন? বায়ু বলিলেন,—যাহা
মিলিত হইয়া সহৃদয়দিগের
, তাদৃশ অনির্ব্বচনীয় চিত্তদ্রবময়
া করা যায় না। দেবীর আগ-
উৎসুক মহাদেব, সম্ভ্রমে অব-
দিগের সহিত সেই প্রবিষ্টা
া যেন কিঞ্চিৎ সন্দিহান হইয়া-
দেবী তাঁহাকে দেখিলেন।
সেই পূর্ব্বানুভূত প্রেমভাব
া অভিজ্ঞতা লাভ করিয়া গৃহ-
ক তাঁহাকে বন্দনা করিল এবং
কে প্রণাম করিলেন। তিনি
উঠিতে না উঠিতেই মহাদেব
তাঁহাকে হস্ত দ্বারা গ্রহণ করিয়া, অতি আনন্দ-
সহকারে আলিঙ্গন করিলেন। মহাদেব স্বীয়
অঙ্কে ধারণ করিতে প্রবৃত্ত হইলেও দেবী পর্য্য-
ঙ্কের উপর বসিয়া পড়িলেন। তখন মহাদেব
সেই স্মিতমুখী দেবীকে বলপূর্ব্বক আপনার
অঙ্কের উপর বসাইলেন এবং ঈষৎহাস্যের
সহিত বিস্ফারিত-নেত্র দ্বারা তাঁহার মুখ যেন
পান করিতে করিতে তাঁহার সহিত কথোপকথন
করিবার অভিপ্রায়ে, প্রথমে যেরূপ বলা উচিত,
সেইরূপ বাক্য বলিলেন। মহাদেব বলিলেন,—
হে সর্ব্বাঙ্গসুন্দরি! তোমার সেই অবস্থা
গিয়াছে ত? যে অবস্থায় তোমার এরূপ কোপ
হইয়াছিল যে, আমি অনুনয়ের কোন উপায়
দেখিতে পাই নাই। তুমি ইচ্ছাক্রমেই অপর
বর্ণ গ্রহণ না করিয়া কালীরূপ ধারণ করিয়া-
ছিলে। হে শুভ্রে! তোমার স্বভাবে আমার
চিত্ত বিমুগ্ধ হওয়ায় আমার একটা চিন্তার
কারণ হইয়াছে। তুমি কিরূপে আপনার সেই
পরম ভাব বিস্মৃত হইলে? তুমি যখন আপন
ইচ্ছাক্রমে সকল প্রকার বর্ণ গ্রহণ করিতে পার,
তখন তোমার এরূপ চিত্তকালুষ্যের কারণ
কিছুই নাই। আমাদের দুই জনের মধ্যেও
যদি সামান্য নরনারীর ন্যায় পরস্পর বিচ্ছেদের
কারণ উপস্থিত হয়, [illegible]

অহমগ্নিশিরোনিষ্ঠস্ত্বং সোমশিরসি স্থিতা।
অগ্নীষোমাত্মকং বিশ্বমাবাভ্যাং সমধিষ্ঠিতম্ ॥ ১৩
জগদ্ধিতায় চরতোঃ স্বেচ্ছাধৃতশরীরয়োঃ।
আবয়োর্বিপ্রয়োগে হি স্যান্নিরালম্বনং জগৎ ॥১৪
অস্তি হেত্বন্তরকাত্রে শাস্ত্রযুক্তিবিনিশ্চিতম্।
বাগর্থময়মেবৈতজ্জগৎ স্থাবর-জঙ্গমম্ ॥ ১৫
ত্বং হি বাগমৃতং সাক্ষাদহমর্থামৃতং পরম্।
দ্বয়মপ্যমৃতং কস্মাদ্বিযুক্তমুপপদ্যতে ॥ ১৬
বিদ্যাপ্রত্যায়িকা ত্বং মে বেদ্যোঽহং প্রত্যয়াত্তব।
বিদ্যাবেদ্যাত্মনোরেব বিশ্লেষঃ কথমাবয়োঃ ॥ ১৭
ন কর্ম্মণা সৃজামীদং জগৎ প্রতিসৃজামি চ।
সর্ব্বস্যাজ্ঞৈকলভ্যত্বাদাজ্ঞা ত্বং হি গরীয়সী ॥ ১৮
আজ্ঞৈকসারমৈশ্বর্য্যং যস্মাৎ স্বাতন্ত্র্যলক্ষণম্।

আর থাকে কিরূপে? ১—১২। আমি অগ্নির মস্তকস্থিত, তুমিও সোমের মস্তকস্থিত। আমরা দুইজনে এই অগ্নীষোমাত্মক বিশ্বকে অধিকার করিয়া রহিয়াছি। আমরা দুই জনে জগতের হিতের নিমিত্ত ইচ্ছানুসারে শরীর ধারণ করিয়া বিচরণ করি। আমাদের উভয়ের মধ্যে বিচ্ছেদ ঘটিলে, এই জগৎ একেবারে আশ্রয়-শূন্য হয়। এ বিষয়ে শাস্ত্রযুক্তি দ্বারা স্থিরীকৃত অপর একটী হেতুও আছে। এই স্থাবর-জঙ্গমময় সমুদয় জগৎ বাগর্থময় অর্থাৎ নাম-রূপাত্মক বলিয়া প্রসিদ্ধ। তুমি সাক্ষাৎ অমৃতময় বাক্য স্বরূপা, আমিও অমৃতরূপী অর্থ। অতএব আমরা উভয়ে যখন অমৃত, তখন আমাদের বিচ্ছেদ কিরূপে সম্ভবপর? তুমি আমার বোধ-কারিণী বিদ্যাস্বরূপা এবং তাঁহার স্থান হইতেই আমি জ্ঞেয়। যখন বিদ্যা এবং বেদ্য এ উভয়ের কখন বিশ্লেষ নাই, তখন সেই বিদ্যা ও বেদ্যস্বরূপ আমাদের দুই জনেরই বা কিরূপে বিশ্লেষ হইতে পারে? আমি আত্মব্যাপার দ্বারা এই জগতের সৃষ্টি বা সংহার করি না, একমাত্র আজ্ঞাবশেই এই জগতের সৃষ্টি বা সংহার হইয়া থাকে; তুমি সেই গরীয়সী আজ্ঞা। আমার এই যে আজ্ঞালক্ষণ ঐশ্বর্য্য, আজ্ঞাই তাহার এক মাত্র

আজ্ঞয়া বিপ্রযুক্তস্য ঐশ্বর্য্যং মম কীদৃশম্॥
ন কদাচিদবস্থানমাবয়োর্বিপ্রযুক্তয়োঃ।
তথাপি বিরহো বৃত্ত ইত্যতোঽন্যৎ কিমদ্ভুত
ন পরানুগ্রহাদন্যৎ প্রয়োজনমিহাত্মনঃ।
প্রবৃত্তিলক্ষণং তস্মাল্লীলাপি ন বৃথাবয়োঃ।
দেবানাং কার্য্যমুদ্দিশ্য লীলোক্তিং কৃতবান
ত্বয়াপ্যবিদিতং নাস্তি কথং কুপিতবত্যসি
তত্ত্রিলোকরক্ষার্থে কোপো মধ্যপি তে
যদনর্থায় ভূতানাং ন তদস্তি খলু ত্বয়ি॥
ইতি প্রিয়ংবদে সাক্ষাদীশ্বরে পরমেশ্বরী।
শৃঙ্গারভাবসারাণাং জন্মভূমিরকৃত্রিমা॥
স্বভর্ত্রা ললিতং তথ্যমুক্তং ময়া স্মিতোক্ত
লজ্জয়া ন কিমপ্যূচে কৌশিকীবর্ণনাং প্র

দেব্যুবাচ

কিং দেবেন ন স দৃষ্টা যা সৃষ্টা কৌশিকী

সার। আমি যদি সেই আজ্ঞাশূ তবে আমার সে ঐশ্বর্য্য আর থা বিযুক্ত হইয়া আমরা দুই জনে কখনই পারি না। তথাপি যে আমাদের বিরহ হয়াছে, ইহা অপেক্ষা আশ্চর্য্য আর কি পারে? এই সংসারে পরের প্রতি ভিন্ন আমাদের নিজের কোন প্রবৃত্তি জন নাই। অতএব আমাদের ক্রীড়া বৃথা হয় না। দেবতাদিগের কা করিয়া আমি তোমাকে পরিহাস কর তোমারও তাহা অবিদিত নাই, কোপ করিয়াছিলে? ত্রিলোকের র জই তুমি আমার উপর ঐরূপ ক্রো ছিলে, যাহা জীবদিগের অনর্থে হয়, এরূপ কার্য্য কখনই তোমাতে মহাদেব এইরূপ প্রিয়বাক্য বলি শৃঙ্গারভাব-সমূহের অকৃত্রিম জন্ম পরমেশ্বরী, "স্বামী যাহা বলিলেন, সত্য" মনে মনে এইরূপ স্থির কিঞ্চিৎ হাস্যপূর্ব্বক কৌশিকীর উ ভিন্ন, লজ্জাক্রমে আর কিছুই বলি না। ১৯—২৫। দেবী বলি

ন্যকা লোকে ন ভূতা ন ভবিষ্যতি ॥ ২৬
য়ং বলং বিন্ধ্যে নিলয়ং বিজয়ং তথা।
নিশুম্ভস্য মারণঞ্চ রণে তয়োঃ ॥ ২৭
প্রদানঞ্চ লোকায় ভজ্যতে সদা।
ব্রহ্মণে শব্দব্রহ্মা বিজ্ঞাপয়িষ্যতি ॥২৮
প্রয়মাণায় দেব্যা এবাজ্ঞয়া তদা।
খ্যা সমানীয় পুরোঽবস্থাপিতস্তথা ॥ ২৯
ন্যাহ পুনর্দেবী দেবানীতমুপায়নম্।
স্য ন চানেন সদৃশো মদুপাসকঃ ॥ ৩০
দুষ্টসত্ত্বেভ্যো রক্ষিতং মত্তপোবনম্।
য় ভক্তশ্চ বিস্রব্ধশ্চ স্বরক্ষণাৎ ॥ ৩১
ন্ত্যজ্য প্রসাদার্থং সমাগতঃ।
য় ত্বং যদি প্রীতিং করোষি মে ॥৩২
য়াবি নিয়োগান্নন্দিনঃ স্বয়ম্।
অক্লিষ্টৈব ততামরমীশ্বর ॥ ৩৩

মধুরং প্রণয়োদর্কং শ্রুত্বা দেব্যাঃ শুভং বচঃ।
প্রীতোঽস্মীত্যাহ তং দেবঃ স চাদৃশ্যত তৎক্ষণাৎ
বিভ্রদ্বেত্রলতাং হৈমীং রত্নচিত্রঞ্চ কঞ্চুকম্।
ছুরিকামুরগপ্রখ্যাং গণেশো রক্ষবেশধৃক্ ॥ ৩৫
যস্মাৎ সোমো মহাদেবো নন্দী চানেন নন্দিতঃ।
সোমনন্দীতি বিখ্যাতস্তস্মাদেষ সমাখ্যয়া ॥ ৩৬
ইত্থং দেব্যাঃ প্রিয়ং কৃত্বা দেবশ্চার্দ্ধেন্দুভূষণঃ।
ভূষয়ামাস তাং দিব্যৈর্ভূষণৈ রত্নভূষিতৈঃ ॥ ৩৭
ততঃ স গৌরীং গিরিশো গিরীন্দ্রজাং
সগৌরবং সর্ব্বমনোহরাং হরঃ।
স্বমঙ্কমারোপ্য বরাঙ্গভূষণৈ-
র্বিভূষয়ামাস শশাঙ্কভূষণঃ ॥ ৩৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে দেব্যা পুনর্মন্দারপর্ব্বতাগমনং
নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ ২৩ ॥

যে যে কন্যার সৃষ্টি করিয়াছি,
আপনি দেখেন নাই। এই
রূপ কন্যা আর হয় নাই, হইবেও
বীর্য্য, বল, বিন্ধ্যাচলে নিবাস, বিজয়,
ও নিশুম্ভের বধ, সেবক জনকে
দান এবং দেবতাদিগের নিত্য
এই সকল বিষয়ের কথা ব্রহ্মা
নিকট নিবেদন করিবেন। তখন
প্রার্থমানা দেবীর আজ্ঞায় সখীগণ
কে আনিয়া সম্মুখে রাখিল।
জন্য আনীত উপায়নরূপ ব্যাঘ্রকে
পুনর্ব্বার বলিলেন,—এই ব্যাঘ্রকে
সদৃশ আর কেহ আমার উপাসক
চারি দুষ্ট-সত্ত্ব হইতে আমার তপো-
য়াছে; এ আমার অতিশয় ভক্ত
আত্মরক্ষা হেতু বিশ্বাসের পাত্রও
যাদের অনুগ্রহলাভার্থ আপনার
করিয়া আসিয়াছে। যদি আমা
র প্রীতিলাভ হয় এবং আমার
আপনার কর্ত্তব্য হয়, তবে হে
ব্যাঘ্র অপর রক্ষিগণের সহিত
চিহ্নিত হইয়া অন্তঃপুরদ্বারে থাকুক

নন্দীর নিয়োগে অবস্থান করুক। দেবীর
সপ্রণয় মধুর ও কর্ণসুখকর বাক্য শ্রবণ করিয়া
মহাদেব তাঁহাকে বলিলেন,—আমি প্রীত
হইলাম। তৎক্ষণাৎ সেই ব্যাঘ্রও সুবর্ণ
নির্ম্মিত বেত্রলতা, রত্নখচিত কঞ্চুক, সর্পসদৃশ
ছুরিকাধারী, রক্ষক-বেশী গণনায়করূপে লক্ষিত
হইল। যেহেতু সোমরূপা দেবী, মহাদেব ও
নন্দী ঐ ব্যাঘ্রের কার্য্যে আনন্দলাভ করিয়া-
ছিলেন, এই নিমিত্ত উহার নাম সোমনন্দী
হইল। অর্দ্ধেন্দুভূষণ মহাদেব এই রূপে
দেবীর প্রিয় কার্য্য করিয়া সেই দেবীকে
নানাবিধ রত্নখচিত দিব্য অলঙ্কার দ্বারা ভূষিত
করিলেন। অনন্তর শশাঙ্কভূষণ মহাদেব সর্ব্ব-
মনোহরা গিরীন্দ্র-কন্যাকে আপনার অঙ্কে স্থাপন
করিয়া গৌরবের সহিত নানাবিধ শ্রেষ্ঠ ভূষণ
দ্বারা ভূষিত করিয়াছিলেন। ২৬—৩৮।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

দেবীং সমাদধানেন দেবেনেদং কিমীরিতম্ ।
অগ্নীষোমাত্মকং বিশ্বং বাগর্থাত্মকমিত্যপি ॥ ১
আজ্ঞৈকসারমৈশ্বর্য্যমাজ্ঞা ত্বমিতি চোদিতম্ ।
তদিদং শ্রোতুমিচ্ছামো যথাবদনুপূর্ব্বশঃ ॥ ২

বায়ুরুবাচ ।

অগ্নিরিত্যুচ্যতে রৌদ্রী ঘোরা যা তৈজসী তনুঃ ।
সোমঃ শাক্তোঽমৃতময়ঃ শক্তেঃ শান্তিকরী তনুঃ ॥
অমৃতং যৎপ্রতিষ্ঠা সা তেজোবিদ্যাকলা স্বয়ম্ ।
ভূতসূক্ষ্মেষু সর্ব্বেষু তে এব রস-তেজসী ॥ ৪
বিবিধা তেজসো বৃত্তিঃ সূর্য্যাত্মা চানলাত্মিকা ।
তথৈব রসবৃত্তিশ্চ সোমাত্মা চ জলাত্মিকা ॥ ৫
বৈদ্যুতাদিময়ং তেজো মধুরাদিময়ো রসঃ ।
তেজো-রসবিভেদৈস্তু ধৃতমেতচ্চরাচরম্ । ৬
অগ্নেরমৃতনিষ্পত্তিরমৃতেরগ্নিরেধতে

অতএব হবিঃ ক্লৃপ্তমগ্নীষোমং জগদ্ধিতম্ । ৭
হবিষে শস্যসম্পত্তির্বৃষ্টিঃ শস্যাভিবৃদ্ধয়ে ।
বৃষ্টয়ে চ হবিস্তস্মাদগ্নীষোমধৃতং জগৎ ॥ ৮
অগ্নিরূর্দ্ধং জ্বলত্যেষ যাবৎ সৌম্যং পরামৃত
যাবদগ্ন্যাস্পদং সৌম্যমমৃতঞ্চ স্রবত্যধঃ ॥ ৯
অত এব হি কালাগ্নিরধস্তাচ্ছক্তিরূর্দ্ধতঃ ।
তাবত্ দহনকোর্দ্ধমধশ্চাপ্লাবনং ভবেৎ ॥ ১
আধারশক্ত্যৈব ধৃতঃ কালাগ্নিরয়মূর্দ্ধগঃ ।
তথৈব নিম্নগঃ সোমঃ শিবশক্তিপদাস্পদঃ
শিবশ্চোর্দ্ধমধঃ শক্তিরূর্দ্ধং শক্তিরধঃ শিবঃ
তদিত্থং শিবশক্তিভ্যাং নাব্যাপ্তমিহ কিঞ্চ
অসকৃচ্চাগ্নিনা দগ্ধং জগদ্যদ্ভস্মসাৎকৃতম্ ।

চতুর্ব্বিংশ অধ্যায় ।

ঋষিগণ বলিলেন,—দেবীকে সান্ত্বনা করিবার সময় মহাদেব যে বিশ্বকে অগ্নীষোমাত্মক এবং বাগর্থাত্মক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, তাহার তাৎপর্য্য কি? তিনি আরও বলিয়াছেন যে, ঐশ্বর্য্যের সার একমাত্র আজ্ঞা এবং তুমিই সেই আজ্ঞা, ইহারই বা ভাব কি? আমরা যথাবৎ অনুক্রমে শুনিতে ইচ্ছা করি। বায়ু বলিলেন,—মহাদেবের যে ভীষণ তেজোময় শরীর, তাহার নাম অগ্নি এবং শক্তির শান্তিকর অমৃতময় শরীরের নাম সোম। অমৃতেই বিশ্বের অবস্থান এবং তেজই সাক্ষাৎ বিদ্যা ও কলাস্বরূপ। এই দুইটাই নিখিল সূক্ষ্মভূতে অর্থাৎ পৃথিবী আদির পরমাণু-সমূহে রস ও তেজোরূপে অবস্থিত। সূর্য্য ও অনলস্বরূপে তেজের অনেক প্রকার বৃত্তি, এইরূপ রসেরও সোম ও জলস্বরূপে নানারূপ বৃত্তি। তেজের ভেদ বৈদ্যুতাদি এবং রসের ভেদ মধুরাদি। [illegible]

চরাচর বিশ্বকে ধারণ করিয়াছে। [illegible] অমৃতের উৎপত্তি, আবার অমৃত দ্বা[illegible] বৃদ্ধি হয়। এই জন্যই অগ্নীষোম [illegible] দেবতার উদ্দেশে আহুত ঘৃত, জগতে[illegible] বলিয়া কল্পিত হয়। হবির নি[illegible] উৎপত্তি, ঐ শস্যের আবার বৃ[illegible] বৃষ্টি। বৃষ্টি আবার আহুত হবিঃ [illegible] হইতে নিঃসৃত হয়, এই নিমিত্ত[illegible] অগ্নীষোম দ্বারা ধৃত বলিয়া প্রসিদ্ধ। সৌম্য অমৃত অগ্নি হইতে পৃথক্ থা[illegible] পর্য্যন্ত অগ্নি ঊর্দ্ধদিকে জ্বলিতে থা[illegible] সৌম্য অমৃত অগ্নির সহিত মিলি[illegible] উহা অধঃস্রাবী হয়। এইজন্যই [illegible] অধঃ হইতে ঊর্দ্ধদিকে জ্বলিত হয়। [illegible] অবধি উহার ঊর্দ্ধগতি থাকে, ততক্ষ[illegible] উহা দহন করে। অধোগতি হইলে[illegible] জলপ্লাবন হয়। ১—১০। এই [illegible] কালাগ্নি আধারশক্তি দ্বারাই ধৃত [illegible] আবার সেই নিম্নগত আধারশক্তি[illegible] শিব-শক্তিকে আশ্রয় করিয়া রহিয়াছে[illegible] উপরে, শক্তি তাহার আধার; [illegible] শক্তির আধার শিব। অতএব এ[illegible] এমন কিছু নাই, যাহা শিব ও শ[illegible] ব্যাপ্ত নয়। যেহেতু এই জগৎ [illegible] [illegible] হইয়া ভস্মসাৎ হইয়[illegible]

মিদং প্রাহুস্তদ্বীর্য্যং ভস্ম যৎ ততঃ ॥১৩
ভস্মসাদ্ভাবং জ্ঞাত্বা স্নাতি চ ভস্মনা।
দিভির্মন্ত্রৈর্বদ্ধঃ পাশাদ্বিমুচ্যতে ॥ ১৪
স্তু তত্তস্য সোমেনাপ্লাবিতং পুনঃ।
্যা প্রকৃতেরধিকারায় কল্পতে ॥ ১৫
্যা তু তত্তস্য প্লাবামানং সমন্ততঃ।
্তবর্ষেণ চাধিকারান্নিবর্ত্তয়েৎ ॥ ১৬
্যজয়ায়েদমমৃতপ্লাবনং সতাম্।
তস্পর্শে লব্ধ এব কুতো মৃতিঃ ॥ ১৭
হনং গুহ্যং প্লাবনঞ্চ যথোদিতম্।
পুটং চিত্বা ন স ভূয়োঽভিজায়তে ॥১৮
তনুং দগ্ধ্বা শক্তিসৌম্যাম্মৃতেন যঃ।
গমার্গেণ সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৯
দিকৃতা দেবেন সমুদাহৃতম্।
...ময়ং বিশ্বং জগদিত্যনুরূপতঃ ॥ ২০
শৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
ভাগে অগ্নীষোমবিবরণং নাম
চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৪ ॥

ম্মকে অগ্নির বীর্য্য বলিয়া নির্দ্দেশ
াছে। জগতের এইরূপ ভস্মসাৎ
হইয়া, ভস্ম মাখিয়া যে "অগ্নি"
পাঠ করিয়া স্নান করে, সেই ব্যক্তি
হইতে বিমুক্ত হয়। অগ্নির বীর্য্য
আবার সোম দ্বারা সর্ব্বতোভাবে
য়া, যোগরূপ সম্বন্ধ ব্যতীত,
সৃষ্টি-কার্য্যে প্রবর্ত্তিত করে। ঐ
সম্বন্ধে শাক্ত-অমৃত বর্ষণ দ্বারা
য়া, প্রকৃতিকে স্বীয় অধিকার
করে। এইজন্য মৃত্যু-জয় উদ্দেশ
ণ অমৃত দ্বারা অভিষিক্ত হন;
শক্তিরূপ অমৃতের স্পর্শ লাভ
আর কোথা হইতে আসিবে?
ামা কর্তৃক এই কথিত দহন-
অভিজ্ঞ হয়, সে অগ্নীষোমপুট
ার কখন জন্ম গ্রহণ করে না।
প অগ্নি দ্বারা শরীর দগ্ধ করিয়া
শক্তিরূপ অমৃত দ্বারা উহা

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।
অথ বক্ষ্যামি জগতো বাগর্থাত্মকতা যথা।
ষড়ধ্ববেদনং সম্যক্ সমাসান্ন তু বিস্তরাৎ ॥ ১
নাস্তি কশ্চিদশব্দোঽর্থো নাপি শব্দো নিরর্থকঃ।
জ্ঞাতে হি সময়ে শব্দঃ সর্ব্বঃ সর্ব্বার্থবোধকঃ ॥ ২
প্রকৃতেঃ পরিণামোঽয়ং দ্বিধা শব্দার্থভাবিতঃ।
তামাহুঃ প্রকৃতিং ভূতিং শিবয়োঃ পরমাত্মনোঃ ॥৩
শব্দাত্মিকা ভূতির্যা সা ত্রিবিধা কথ্যতে বুধৈঃ।
স্থূলা সূক্ষ্মা পরা চেতি স্থূলা যা শ্রুতিগোচরা ॥৪
সূক্ষ্মা চিন্তাময়ী প্রোক্তা চিন্তয়া রহিতা পরা।

প্লাবিত করে, সে মোক্ষপদ লাভ করিতে সমর্থ হয়; এই অর্থ হৃদয়ে করিয়াই মহাদেব বিশ্ব অর্থাৎ জগৎকে অগ্নীষোমাত্মক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ১১—২০।

চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়।

বায়ু বলিলেন,—এই জগৎকে বাগর্থময় কেন বলে, এক্ষণে সেই বিষয় বলিব; বিস্তার পূর্ব্বক না হইলেও যাহার সংক্ষেপোক্তি দ্বারাই ছয় প্রকার পথের বোধ হইবে। এই জগতে এমন একটী অর্থ নাই, যাহার বাচক শব্দ নাই এবং এমন শব্দ নাই, যাহা দ্বারা কোন না কোন প্রকার অর্থের বোধ না হয়। সঙ্কেত অনুসারেই শব্দসমূহ সর্ব্বপ্রকার অর্থের বোধক হয়। শব্দ ও অর্থ এই দুই প্রকারেই প্রকৃতির পরিণাম নির্ম্মিত হইয়াছে। সেই প্রকৃতিকে পরমাত্মা শিব ও শিবার বিভূতি বলিয়া কীর্ত্তন করে। শব্দ-স্বরূপা বিভূতি, পণ্ডিতগণ কর্তৃক তিন প্রকার বলিয়া অভিহিত হয়; যথা,—স্থূলা, সূক্ষ্মা এবং পরা অর্থাৎ অতিরিক্তা। তাহার মধ্যে যাহা কর্ণের গোচর হয়, তাহার নাম স্থূলা, চিন্তাময় শব্দের নাম সূক্ষ্মা এবং চিন্তাশূন্য শব্দের নাম ...

যা পরা সা ক্রিয়াশক্তিঃ শিবতত্ত্বসমাশ্রয়া ॥ ৫
জ্ঞানশক্তিসমাযোগাদিচ্ছোপোদ্বলিতা তথা।
সর্ব্বশক্তিসমষ্ট্যাত্মা শক্তিতত্ত্বসমাখ্যয়া ॥ ৬
সমস্তকার্য্যজাতস্য মূলপ্রকৃতিতাং গতা।
সৈব কুণ্ডলিনী মায়া শুদ্ধাধ্বপরমা সতী ॥ ৭
সা বিভাগস্বরূপৈব ষড়ধ্বাত্মা বিজৃম্ভতে।
তত্র শব্দাস্ত্রয়োহধ্বানস্ত্রয়শ্চার্থাঃ সমীরিতাঃ ॥ ৮
সর্ব্বেষামপি তে পুংসাং নৈজশুদ্ধ্যনুরূপতঃ।
লয়ভোগাধিকারায় পর্য্যাপ্তা ইতি নিশ্চয়ঃ ॥ ৯
মন্ত্রাধ্বা চ পদাধ্বা চ বর্ণাধ্বা চেতি শব্দতঃ।
ভুবনাধ্বা চ তত্ত্বাধ্বা কলাধ্বা চার্থতঃ ক্রমাৎ ॥
তত্রান্যোহন্যঞ্চ সর্ব্বেষাং ব্যাপ্যব্যাপকতোচ্যতে।
মন্ত্রাঃ সর্ব্বে পদৈর্ব্যাপ্তা বাক্যভাবাৎ পদানি চ ॥
বর্ণৈর্বর্ণসমূহং হি পদমাহুর্বিপশ্চিতঃ।

বর্ণাস্তু ভুবনৈর্ব্যাপ্তাস্তেষাং তেষূপলম্ভনাৎ
ভুবনান্যপি অন্তৌষৈরণ্ডস্যান্তর্বহিঃ ক্রমাৎ
ব্যাপ্তানি কারণৈস্তত্ত্বৈরারব্ধত্বাদনেকশঃ।
অন্তরণ্ডস্থিতানীহ ভুবনানি তু কানিচিৎ।
পৌরাণিকানি চান্যানি বিজ্ঞেয়ানি শিবাগমে
সাংখ্যযোগপ্রসিদ্ধানি তত্ত্বান্যপি চ কানিচি
শিবশাস্ত্রপ্রসিদ্ধানি ততোহন্যান্যপি কৃৎস্নশ
কলাভিস্তানি তত্ত্বানি ব্যাপ্তান্যেব যথাতথম্
পরস্যাঃ প্রকৃতেরাদৌ পঞ্চধা পরিণামতঃ।
কলাশ্চ তা নিবৃত্ত্যাদ্যা ব্যাপ্তাঃ পঞ্চ যথো
ব্যাপিকাতঃ পরা শক্তিরবিভক্তা ষড়ধ্বনা
পরপ্রকৃতিভাবস্য তৎসত্ত্বাচ্ছিবতত্ত্বতঃ।
শক্ত্যাদি চ পৃথিব্যন্তং শিবতত্ত্বসমুদ্ভবম্।
ব্যাপ্তমেকেন তেনৈব মৃদা কুম্ভাদিকং যথা

পরই শিবতত্ত্বাশ্রিত ক্রিয়া-শক্তিরূপা। জ্ঞান-শক্তির সংযোগে এবং ঈশ্বরেচ্ছা সহকারে পূর্ব্বোক্ত শক্তি সকল একত্র হইয়া, শক্তিতত্ত্ব নামে খ্যাত হয়। ঐ শক্তিতত্ত্বই সমুদয় কার্য্যের মূল-প্রকৃতির স্বরূপ প্রাপ্ত হইয়াছেন। তিনিই সাধ্বী, কুণ্ডলিনী, মায়া, বিশুদ্ধ-কর্ম্মমার্গ-স্বরূপা। তিনিই বিভক্তি-রূপা হইয়া ছয় প্রকার অধ্বরূপে বৃদ্ধি প্রাপ্ত হন। তাহার মধ্যে শব্দ তিন প্রকার অধ্বরূপে এবং অর্থ তিন প্রকার অধ্বরূপে কীর্ত্তিত হইয়াছে। ঐ ছয় প্রকার অধ্ব যে, সকল পুরুষেরই চিত্ত-শুদ্ধি অনুসারে লয় (মুক্তি) এবং ভোগের অধিকারের নিমিত্ত সমর্থ, এ বিষয়ে কোন সন্দেহ নাই। মন্ত্রাধ্ব, পদাধ্ব এবং বর্ণাধ্ব এই তিনটী শব্দাধ্বের অন্তর্গত; ভুবনাধ্ব অর্থাৎ চতুর্দ্দশ ভুবন, তত্ত্বাধ্ব অর্থাৎ মহৎ প্রভৃতি এবং কলাধ্ব অর্থাৎ বক্ষ্যমাণ নিবৃত্ত্যাদি পঞ্চ—এই তিন প্রকার অধ্ব অর্থা-ধ্বের অন্তর্গত। এই ছয় প্রকার অধ্বেরই পরস্পর ব্যাপ্য-ব্যাপকতা আছে। মন্ত্র সকল বাক্য-স্বরূপ, সুতরাং পদ দ্বারা ব্যাপ্ত (কারণ পদ-সমূহের নামই বাক্য)। পদ সমূহের বর্ণ [illegible]

বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। বর্ণ সকল চতুর্দ্দশ ভুবন দ্বারা ব্যাপ্ত, কারণ, ভুব বর্ণদিগের জ্ঞান হইয়া থাকে। ১—১২ সকল আবার ব্রহ্মাণ্ডের অন্তরে ও মহদাদি তত্ত্বসমূহ দ্বারা ব্যাপ্ত; যে রূপ কারণ-সমূহ দ্বারা অনেক প্রকার আরব্ধ হইয়াছে। ব্রহ্মাণ্ডের অন্তর্গ গুলি মাত্র ভুবন পুরাণে উক্ত হইয়া শিবাগমে আরও অনেকগুলি ভুব হইয়াছে। সাংখ্য এবং যোগশাস্ত্রে মাত্র মহদাদি তত্ত্বের নাম উল্লিখিত শিবশাস্ত্রে আরও অনেক তত্ত্ব বিস্তৃত হইয়াছে। ঐ সকল তত্ত্ব আবার য যোগিনী কলা দ্বারা ব্যাপ্ত; কারণ, প্র মূল-প্রকৃতির পাঁচ প্রকার পরিণাম হ ঐ পাঁচ প্রকার পরিণাম নিবৃত্তি-আদি নামে প্রসিদ্ধ; উহারাও ব্যাপ্ত এবং অধ্বে অবিভক্ত, পরাশক্তিই উহাদের পরা প্রকৃতি শিবতত্ত্ব-স্বরূপে প্রকার অধ্বে (মার্গে) অবস্থা শক্তি হইতে পৃথিবী পর্য্যন্ত সমুদয়ই হইতে সমুদ্ভূত হয়। কুম্ভ-প্রভৃতি মৃণ্ময় বস্তুর ব্যাপিকা যেরূপ মৃত্তিকা

ং পরমং ধাম যৎ প্রাপ্যং ষড়ভিরধ্বভিঃ
ব্যাপিকা শক্তিঃ পঞ্চতত্ত্ববিশোধনাৎ।
দ্রপর্য্যন্তা স্থিতিরশুদ্ধ শোধ্যতে ॥ ২০
তদূর্দ্ধন্তু যাবদব্যক্তগোচরম্।
দ্যোয়া মধ্যে যাবদ্বিদ্যেশ্বরাবধি ॥ ২১
দর্দ্ধমধ্বান্তে বিশুদ্ধিঃ শান্ত্যতীতয়া।
রমং ব্যোম পরপ্রকৃতিযোগতঃ ॥ ২২
ক্ত তত্ত্বানি যৈর্ব্যাপ্তমখিলং জগৎ।
র্মেবেদং দ্রষ্টব্যং খলু সাধকৈঃ ॥ ২৩
মবিজ্ঞায় শুদ্ধিং যঃ কর্ত্তুমিচ্ছতি।
কঃ শুদ্ধের্নালং প্রাপয়িতুং ফলম্ ॥২৪
মস্তস্য নিরয়ায়ৈব কেবলম্।
সমযোগাদৃতে তত্ত্বানি তত্ত্বতঃ ॥ ২৫
দ্বিশুদ্ধিশ্চ জ্ঞাতুমেব ন শক্যতে।

শক্তিরাজ্ঞা পরা শৈবী চিদ্রূপা পরমেশ্বরী ॥ ২৬
শিবোঽধিতিষ্ঠত্যখিলং যয়া করণভূতয়া।
নাত্মনো নৈব মায়ৈষা ন বিকারো বিচারতঃ ॥ ২৭
ন বন্ধো নাপি মুক্তিশ্চ বন্ধমুক্তিবিধায়িনী।
সর্ব্বৈশ্বর্য্যপরা কাষ্ঠা শিবস্যাব্যভিচারিণী ॥ ২৮
সমানধর্ম্মিণী তস্য তৈস্তৈর্ভাবৈর্বিশেষতঃ।
স তয়ৈব গৃহী সাপি তেনৈব গৃহিণী সদা ॥ ২৯
তয়োরপত্যং যৎ কার্য্যং পর-প্রকৃতিজং জগৎ।
স কর্ত্তা করণং সেতি তয়োর্ভেদো ব্যবস্থিতঃ ॥৩০
এক এব শিবঃ সাক্ষাদ্দ্বিধাসৌ সমবস্থিতঃ।
স্ত্রীপুংসভাবেন তয়োর্ভেদ ইত্যপি কেচন ॥ ৩১
অপরে তু পরা শক্তিঃ শিবস্য সমবায়িনী।
প্রভেব ভানোশ্চিদ্রূপা ভিন্নৈবেতি ব্যবস্থিতিঃ ॥৩২

ত্ত্বই ঐ সমুদয়ের ব্যাপক। উক্ত ধ্ব দ্বারা একমাত্র সেই পরম শিব- করা যায়। সর্ব্বব্যাপিকা শক্তি, রা শোধন হেতুক সেই শিবধামের য়। নিবৃত্তি দ্বারা রুদ্র পর্য্যন্ত ব্রহ্মা- ন হয়। প্রতিষ্ঠা দ্বারা তাহার পর ক্ত পর্য্যন্তের শোধন হয়। বিদ্যা র পর হইতে মধ্যে বিদ্যেশ্বর পর্য্য- হয়। শান্তি দ্বারা তাহার পরের র এবং শান্ত্যতীত দ্বারা অধ্বান্ত- দ্ধি হয়। এই শান্ত্যতীতা, পর- যোগে পরম ব্যোম নামে অভি- এই নিবৃত্তিপ্রভৃতি পঞ্চকলা (তত্ত্ব) । জগৎ ব্যাপ্ত রহিয়াছে, অতএব ক্তি পঞ্চকলার মধ্যে সমুদয় জগতের া থাকেন। ১৩—২৩। যে ব্যক্তি ধ্বব্যাপ্তি না জানিয়া শুদ্ধি করিতে সে বঞ্চক শুদ্ধির ফল উৎপাদন র্থ হয় না। তাহার সেই বৃথা- ফল নরকভোগের কারণ হয়। । সম্পর্ক ব্যতীত তত্ত্ব সকল, ধি এবং তাহার বিশুদ্ধি প্রকৃতরূপে

জানা যায় না; ঐ শক্তি শিবের পরা- আজ্ঞারূপা এবং চিৎস্বরূপা পরমেশ্বরী। ঐ কারণভূত শক্তি দ্বারা শিব অখিল জগতের উপর অধিষ্ঠান করিতেছেন। বাস্তবিক বিচার করিয়া দেখিলে ঐ শক্তি, আত্মার মিথ্যা মায়াও নহে, বিকারও নহে। ইঁহার বন্ধন বা মুক্তি নাই; ইনি স্বয়ং বন্ধ ও মুক্তির বিধায়িনী সর্ব্বেশ্বরী, সকলের পরাকাষ্ঠা এবং শিবের সহিত নিত্যসম্বদ্ধা। বিশেষরূপে শিবের গুণসমূহের সম্পর্ক থাকায় ইনিও শিবের সমানধর্ম্মিণী। ইঁহাকে লইয়াই শিব গৃহী এবং শিবকে লইয়া ইনিও গৃহিণী। এই পর-প্রকৃতি জন্য কার্য্যরূপ জগৎ সেই শিব ও শক্তির অপত্য। শিব—কর্ত্তা, শক্তি—করণ, এই মাত্র শিব ও শক্তির মধ্যে প্রভেদ। কেহ কেহ বলেন, এক শিবই স্ত্রী এবং পুরুষ এই দুই প্রকারে অবস্থান করেন, এই মাত্র তাঁহাদের মধ্যে প্রভেদ। অপর পণ্ডিতেরা বলেন, সূর্য্য এবং তাঁহার প্রভা যেমন পরস্পর বস্তুতঃ ভিন্ন হইলেও, প্রভা সূর্য্যে সমবায়-সম্বন্ধে স্থিত হওয়ায় সূর্য্য হইতে কখন পৃথক্‌ভাবে অবস্থান করে না, সেইরূপ সেই চিৎস্বরূপা পরা-শক্তিও শিবে সমবায়-সম্বন্ধে অবস্থিত হওয়ায়, তাঁহা হইতে ভিন্না হইয়াও কখন পৃথক্ অবস্থান

তস্মাচ্ছিবঃ পরো হেতুস্তস্যাজ্ঞা পরমেশ্বরী।
তয়ৈব প্রেরিতা শৈবী মূলপ্রকৃতিরব্যয়া ॥ ৩৩
মহামায়া চ মায়া চ প্রকৃতিস্ত্রিগুণেতি চ।
ত্রিবিধা কার্য্যভেদেন সা প্রসূতে ষড়ধ্বনঃ ॥ ৩৪
স বাগর্থময়শ্চাধ্বা ষড়বিধো নিখিলং জগৎ।
অস্যৈব বিস্তরং প্রাহ শাস্ত্রজাতমশেষতঃ ॥ ৩৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে ষড়ধ্বকথনং নাম পঞ্চ-
বিংশোঽধ্যায়ঃ ॥ ২৫ ॥

ষড়বিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

চরিত্রাণি বিচিত্রাণি গুহ্যানি গহনানি চ।
দুর্ব্বিজ্ঞেয়ানি দেবস্য মোহয়ন্তি মনাংসি নঃ ॥ ১
শিবয়োস্তত্ত্বসম্বোধে ন দোষ উপলভ্যতে।
চরিতৈঃ প্রাকৃতো ভাবস্তয়োরপি বিভাব্যতে ॥ ২

করেন না। এই নিমিত্ত শিবই জগতের প্রধান কারণ, পরমেশ্বরী শক্তি শিবের আজ্ঞা-স্বরূপা। সেই শক্তি দ্বারাই ত্রিগুণাত্মিকা অব্যয়া শৈবী মূল-প্রকৃতি জগৎ-কার্য্যের নিমিত্ত চালিত হন। কার্য্যভেদে ঐ শক্তি মহামায়া, মায়া এবং ত্রিগুণা প্রকৃতি এই তিন প্রকারে পরিণত হইয়া পূর্ব্বোক্ত ছয় প্রকার মার্গ প্রসব করেন। সেই বাগর্থময় ষড়বিধ অধ্বই এই সমুদয় জগৎরূপে পরিণত। শাস্ত্র-সমূহ অশেষ প্রকারে ইহারই বিস্তার কীর্ত্তন করিয়াছেন। ২৪—৩৫।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়বিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—মহাদেবের বিচিত্র, গুহ্য, গহন এবং দুর্ব্বিজ্ঞেয় চরিত্র সকল আমাদের মন মোহিত করিতেছে। সেই শিব ও [illegible] বুঝিবার নিমিত্ত কোনরূপ [illegible]
[illegible]

ব্রহ্মাদয়োঽপি লোকানাং সৃষ্টিস্থিত্যন্তহে
নিগ্রহানুগ্রহৌ প্রাপ্য শিবস্য বশবর্ত্তিনঃ
শিবঃ পুনর্ন কস্যাপি নিগ্রহানুগ্রহাস্পদম্
অতোঽনতিশয়ৈশ্বর্য্যং তস্যৈবেতি বিনি
যচ্চেদমীদৃগৈশ্বর্য্যং তৎ তু স্বাতন্ত্র্যলক্ষণ
স্বভাবসিদ্ধঞ্চেত্তস্য মূর্ত্তিমত্তাস্পদং ভবেৎ
ন মূর্ত্তিশ্চ স্বতন্ত্রস্য ঘটতে মূলহেতুনা।
মূর্ত্তেরপি চ কার্য্যত্বাৎ তৎসিদ্ধিঃ স্যাদ
সর্ব্বত্র পরমো ভাবো ভাবো নান্যশ্চ কথ
পরমাপরমৌ ভাবৌ কথমেকত্র সঙ্গতৌ
নিষ্কলো হি স্বভাবোঽস্য পরমঃ পরমাত্ম
স এব সকলঃ কস্মাৎ স্বভাবো হ্যবিপর্য্য
স্বভাবোঽপি বিপর্য্যস্যেৎ স্বতন্ত্রস্যেচ্ছয়া
ন করোতি কিমীশানো নিত্যানিত্যবিপর্য

কারণ, তাঁহাদেরও কার্য্য দ্বারা অনেক ভাব জ্ঞাত হওয়া যায়। দেখুন, এই সৃষ্টি স্থিতি ও নাশের কারণ ব্রহ্মা শিবের নিগ্রহ এবং অনুগ্রহের বশব শিব কাহারও নিগ্রহ বা অনুগ্রহের পাত্র অতএব শিবের ঐশ্বর্য্য সকলের অধিক, ইহাতে কোন সংশয় নাই প্রকার ঐশ্বর্য্যই স্বাতন্ত্র্য, উহা শিবের সিদ্ধ; তবে কিরূপে শরীরযুক্ত হয় স্বতন্ত্র অর্থাৎ মূল কারণ, তাহার শরীর ঘটিতে পারে? কেননা, মূর্ত্তি যখন তখন কারণ ব্যতীত তাহার সিদ্ধিই বা হইতে পারে? আরও দেখুন, সর্ব্ব দেবের নির্গুণ স্বরূপই কথিত হইয় ভাবের কথন হয় নাই। কিন্তু ভিন্ন অন্যরূপ হইতে পারে না। নির্গুণ ও সগুণ ভাবের একত্র অবস্থা সঙ্গত হয়? পরমাত্মা মহাদেবের প নির্গুণ, সেই স্বভাব আবার কিরূ হইতে পারে? কারণ, স্বভাবের ও নাই। যদি বল, সেই স্বতন্ত্র মহাদে সেজন্যই স্বভাবও পরিবর্ত্তিত হইতে প সেই পরমেশ্বর মহাদেব ভিন্ন ই

সকলঃ কশ্চিৎ স চান্যো নিষ্কলাচ্ছিবা।
ধিষ্ঠিতশ্চেতি সর্ব্বত্র খলু কথ্যতে ॥ ১০
ব তদা মূর্ত্তিঃ শিবস্যাস্ত ভবেদিতি।
ত্তো মূর্ত্তিমতঃ পারতন্ত্র্যং হি নিশ্চিতম্ ॥
নিরপেক্ষেণ মূর্ত্তিঃ স্বীক্রিয়তে কথম্।
করণং তস্মান্মূর্ত্তিসাধ্যফলেপ্সয়া ॥ ১২
চ্ছাশরীরত্বং স্বাতন্ত্র্যায়োপপদ্যতে।
তাদৃশী পুংসাং যস্মাৎ কর্ম্মানুসারিণী ॥১৩
স্বেচ্ছয়া দেহং হাতুঞ্চ প্রভবন্ত্যত।
পিশাচান্তা কিং তে কর্ম্মাতিবর্ত্তিনঃ ॥১৪
হনির্ম্মাণমিন্দ্রজালোপমং বিদুঃ।
গুণৈশ্বর্য্যবশীকারানতিক্রমাৎ ॥ ১৫
দধদ্বিষ্ণুর্দধীচেন মহর্ষিণা।
পালকস্য রূপং দধতা স্বয়ম্ ॥ ১৬

সর্ব্বস্মাদধিকস্যাপি শিবস্য পরমাত্মনঃ।
শরীরবর্ত্তয়ান্যাত্মসাধর্ম্ম্যং প্রতিভাতি নঃ ॥ ১৭
সর্ব্বানুগ্রাহকং প্রাহুঃ শিবং পরমকারণম্।
স নিগৃহ্ণাতি দেবাদীন্ সর্ব্বানুগ্রাহকঃ কথম্ ॥১৮
বিভেদ বহুশো দেবো ব্রহ্মণঃ পঞ্চমং শিরঃ।
বিষ্ণোরপি নৃসিংহস্য রভসা শরভাকৃতিঃ ॥ ১৯
বিভেদ পদ্ভ্যামাক্রম্য হৃদয়ং নখরৈঃ খরৈঃ।
দেবস্ত্রীষু চ দেবেষু দক্ষস্যাধ্বরকারণাৎ ॥ ২০
বীরভদ্রেণ বারেণ ন হি কশ্চিদদণ্ডিতঃ।
পুরত্রয়ঞ্চ সস্ত্রীকং সদৈত্যং সহ বালকৈঃ ॥ ২১
ক্ষণেনৈকেন দেবেন নেত্রাগ্নেরিন্ধনীকৃতম্।
প্রজানাং রহিতেতুশ্চ কামো রতিপতিঃ স্বয়ম্ ॥২২
ক্রোশতামেব দেবানাং হুতো নেত্রহুতাশনে।
গাবশ্চ কাশ্চিদদুগ্ধৌঘং স্রবন্ত্যো মূর্দ্ধ্নি খেচরাঃ ॥

নিত্য এবং অনিত্যকে নিত্য করেন যদি বল, নির্গুণ শিব হইতে সগুণ একটী ভিন্ন পুরুষ, কিন্তু শিব তাঁহার ইহাই নিখিল বেদাদিতে কথিত তাহা হইলে সেই মূর্ত্তিমানই র্ত্তি স্বরূপ হইলেন। যে-কোনরূপ সেই মূর্ত্তিমানের পরতন্ত্রতা অবশ্যই মূর্ত্তিমানের পরতন্ত্রতা স্বীকার না মূর্ত্তি-স্বীকারের আবশ্যকতা নাই। র্ত্ত দ্বারা বিশেষ ফল-সাধনের অভি- ত্তি স্বীকৃত হইয়া থাকে। ইচ্ছানু- রীর-ধারণ স্বীকারে স্বতন্ত্রতার হানি কথাও বলিতে পার না; কারণ, তাদৃশী ইচ্ছাই যে কর্ম্মের (ইহা অবশ্য মানিতে হইবে)। হইতে পিশাচ পর্য্যন্ত সকলেই বিশেষ দেহ গ্রহণ এবং পরিত্যাগ র, তবে তাহারাও কি কর্ম্মের ? পণ্ডিতেরা ইচ্ছাক্রমে দেহ ন্দ্রজালের তুল্য বলিয়াছেন; কারণ, র্য্য দ্বারা বশীকরণ ব্যতীত ইচ্ছা- গ্রহণ সম্ভবপর নহে। দেখুন, বিষ্ণু, যুদ্ধে মহর্ষি দধীচি কর্তৃক বঞ্চিত হন, কারণ, দধীচও নিজে তাঁহার স্বরূপ ধারণ করিয়াছিলেন। অতএব পরমাত্মা শিব, সকলের শ্রেষ্ঠ হইলেও শরীরধারণ হেতুক আমরা তাঁহার অপরের সহিত সমতাই বুঝি- তেছি। ১—১৭। আরও দেখুন, পরম কারণ শিবকে সকলের অনুগ্রাহক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, কিন্তু তিনি আবার দেবদিগকে নিগৃহীত করিলেন; তবে তিনি সর্ব্বানুগ্রাহক কিরূপে হইতে পারেন? তিনি অনেকবার অর্থাৎ ভিন্ন-কল্পে ব্রহ্মার পঞ্চম শির ছিন্ন করিয়াছেন এবং শরভরূপ ধারণ করিয়া পদ- যুগল দ্বারা আক্রমণপূর্ব্বক তীক্ষ্ণ নখ দ্বারা নৃসিংহরূপী বিষ্ণুরও হৃদয় ছিন্ন ভিন্ন করিয়া- ছেন। দক্ষযজ্ঞের নিমিত্ত বীরভদ্র দ্বারা দেব ও দেবীগণের মধ্যে সকলকেই দণ্ড দিয়াছেন এবং তিনি স্বয়ং স্বীয় নেত্রানল দ্বারা ক্ষণ- কালের মধ্যে অসংখ্য দৈত্য এবং তাহাদের স্ত্রী ও বালকগণের সহিত ত্রিপুর ভস্মসাৎ করিয়াছেন। দেবগণ উচ্চৈঃস্বরে বিলাপ করিতে থাকিলেও সেই মহাদেব, প্রজাদিগের রতিহেতু স্বয়ং রতিপতি কন্দর্পকে স্বীয় নেত্রাগ্নিতে আহুতিরূপে দান করিয়াছেন। [illegible]

সরুষা প্রেক্ষ্য দেবেন তৎক্ষণাদ্ভস্মসাৎকৃতাঃ।
জলন্ধরাসুরোদীর্ণ চক্রীকৃত্য জলং পদা ॥ ২৪
বদ্ধানন্তেন যো বিষ্ণুং চিক্ষেপ শতযোজনম্।
তমেব জলসম্ভারী শূলেনৈব জঘান সঃ ॥ ২৫
তচ্চক্রং তপসা লব্ধা লব্ধবীর্য্যো হরিঃ সদা।
জিঘাংসতে সুরারীণাং কুলং নিঘৃণচেতসাম্ ॥২৬
ত্রিশূলেনান্ধকস্তোরঃ শিখিনেবোপতাপিতম্।
কণ্ঠাং কালাঙ্গনাং সৃষ্ট্বা দারুকোহপি নিপাতিতঃ
কৌশিকীং জনয়িত্বা তু গৌর্য্যাস্তঃকোশগোচরাম্।
শুম্ভঃ সহ নিশুম্ভেন প্রাপিতো মরণং রণে ॥ ২৮
শ্রুতঞ্চ মহদাখ্যানং স্কান্দে স্কন্দসমাশ্রয়ম্।
বধার্থে তারকাখ্যস্য দৈত্যেন্দ্রস্যেপ্রবিধিবঃ ॥ ২৯
ব্রহ্মণাভ্যর্থিতো দেবো মন্দরান্তঃপুরং গতঃ।
বিহৃত্য সুচিরং দেব্যা বিহারাতিপ্রসঙ্গতঃ ॥ ৩০
রসাং রসাতলং নীতামিব কম্পাভিঘাততঃ।

দেবীঞ্চ বক্ষসংস্তম্ভাৎ স্ববীর্য্যমতিদূর্দ্ধ
অবিসৃজ্য বিসৃজ্যাগ্নৌ হবিঃপূতমিবাম্
গঙ্গাদিষ্বপি নিক্ষিপ্য বহ্নিদ্বারা তদংশ
তং সমাহৃত্য শনকৈঃ স্তোকং স্তোকা
স্বাহয়া কৃত্তিকারূপাং স্বভর্ত্রা রমমাণয়া
সুবর্ণোভূতয়া ন্যস্তং মেরৌ শরবণে ক্ব
সন্দীপিয়িত্বা কালেন তস্য ভাসা দিশো
রঞ্জয়িত্বা গিরীন্ সর্ব্বান্ কাঞ্চনীকৃত্য
ততশ্চিরেণ কালেন সঞ্জাতে তত্র তেজ
কুমারে সুকুমারাঙ্গে কুমারাণাং নিদর্শনে
তচ্ছৈশবং স্বকপঞ্চ তস্য দৃষ্ট্বা মনোহরম্
সহ দেবাসুরৈর্লোকৈর্বিস্মিতে চ বিযো
দেবোহপি স্বয়মায়াতঃ পুত্রদর্শনলালসঃ
সহ দেব্যাঙ্কমারোপ্য তং তস্য স্মেরমান
পীত্বামৃতমিব স্নেহবিবশেনান্তরাত্মনা

মস্তকে দুগ্ধ ক্ষরণ করায়, মহাদেব ক্রোধ দৃষ্টিতে তাহাদের প্রতি দৃষ্টিক্ষেপ করিবামাত্র তাহারা একেবারে ভস্মীভূত হইয়াছিল। তিনি জলন্ধরাসুরের প্রার্থনায় পদ দ্বারা জলকে চক্রাকার করিয়া, অনন্তনাগ দ্বারা বিষ্ণুকে বাঁধিয়া শত যোজন দূরে নিক্ষেপ করিয়াছিলেন। আবার সেই জলসম্ভারী মহাদেবই উক্ত জলন্ধর অসুরকে শূল দ্বারা নিহত করিয়াছেন। বিষ্ণু তপস্যা দ্বারা তদীয় চক্র লাভ করিয়া বীর্য্যবান্ হইয়া, অতি নির্দ্দয়চিত্ত অসুরদিগের কুল সর্ব্বদা নষ্ট করিতেছেন। মহাদেব অগ্নিসদৃশ ত্রিশূল দ্বারা অন্ধকাসুরের বক্ষঃস্থল দগ্ধ করিয়াছেন এবং কণ্ঠ হইতে একটী কৃষ্ণবর্ণ স্ত্রীর সৃষ্টি করিয়া, দারুককে নিপাতিত করিয়াছেন। তিনি গৌরীর শরীর-কোশ হইতে কৌশিকীকে জন্মাইয়া, যুদ্ধে শুম্ভ ও নিশুম্ভকে মৃত্যুমুখে অর্পণ করিয়াছেন। স্কন্দপুরাণে স্কন্দাশ্রিত এই মহৎ আখ্যান শুনা গিয়াছে,—ইন্দ্রশত্রু দৈত্যেন্দ্র তারকের বধের নিমিত্ত ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া মহাদেব মন্দরপর্ব্বতস্থিত অন্তঃপুরে গমনপূর্ব্বক দেবীর সহিত এইরূপে বিহার করেন যে, [illegible] পৃথিবী যেন রসাতলে

গমনোদ্যত হইল। পরে দেবীরে করিয়া তাঁহার গর্ভে আপনার অতি দু পাত ন করিয়া, পবিত্র ঘৃতের মত উৎ নিক্ষেপ করেন এবং অগ্নি দ্বারা আং গঙ্গাদিতেও নিক্ষেপ করেন। স্বাহ কৃত্তিকারূপে আপনার ভর্ত্তা অগ্নির স করিতে করিতে চতুর্দ্দিকে অল্প অ সেই বীর্য্য ধীরে ধীরে একত্র করিয় পর্ব্বতস্থিত কোন শরবণে নিক্ষেপ কালবশে তাহার প্রভায় দশদিক্ হইয়াছিল এবং সুমেরুর সহিত অপর সকলও সুবর্ণীভূত হইয়াছিল। অনন্তর বহুকালের পর সেই তে কুমারদিগের উপমাস্থল সুকুমা (কার্ত্তিকেয়) জন্মগ্রহণ করিলেন সেই মনোহর শৈশব-রূপ দেখিয়া সহিত সমুদয় লোক বিস্মিত এবং হইলে, মহাদেব স্বয়ং পুত্রদর্শ হইয়া সেই স্থানে গমন কুমারকে অঙ্কে স্থাপনপূর্ব্বক তাঁ স্মের আনন (ঈষৎ হাস্যযুক্ত ন্যায় পান করিয়া মহাদেবীর স

চ পশ্যৎসু বীতরাগৈস্তপস্বিভিঃ।
স্থলে রঙ্গে নর্ত্তয়িত্বা কুমারম্ ॥ ৩৯
তৎক্রীড়াং সম্ভাষ্য চ পরস্পরম্।
াপয়দেব্যাঃ পায়য়িত্বামৃতোপমম্ ॥ ৪০
রো জগতাং হিতায়েত্যনুশাস্য চ।
বং দেবী চ ন তৃপ্তিমুপজগ্মতুঃ ॥ ৪১
রুণ সঙ্কায় বিভ্যতা তারকাসুরাৎ।
ভিষেকঞ্চ সৈনাপত্যে দিবৌকসাম্ ॥ ৪২
তঃ কৃত্বা দেবেন ত্রিপুরদ্বিষা।
তেনৈব স্কন্দমিন্দ্রাভিরক্ষিতম্ ॥ ৪৩
ক্রৌঞ্চভেদিন্যা যুধি কালাগ্নিকল্পয়া।
রকস্যাপি শিরঃ শক্রভিয়া সহ ॥ ৪৪
ধিপঃ সাক্ষাদ্রাবণো বলগর্ব্বিতঃ।
ভুজৈর্দীর্ঘৈঃ কৈলাসং গিরিমাত্মনঃ ॥৪৫
হমানস্য দেবদেবস্য শূলিনঃ।
ম্পদাগ্রমজ্জ মৃদিতো ভুবি ॥ ৪৬

বটোঃ কস্যচিদর্থেন স্বাশ্রিতস্য গতায়ুষঃ।
গুরয়াগত্য দেবেন পাদাস্তং গমিতোঽস্তকঃ ॥ ৪৭
স্ববাহনমবিজ্ঞায় বৃষেন্দ্রং বড়বানলঃ।
সগলগ্রহমানীতস্তস্তেনোদকং জগৎ ॥ ৪৮
অলোকবিদিতৈস্তৈস্তৈনৃ ত্যৈরানন্দসুন্দরৈঃ।
অঙ্গহারবশেনেদমসকৃচ্চলিতং জগৎ ॥ ৪৯
শান্ত এব সদা সর্ব্বমনুগৃহ্লাতি চেচ্ছিবঃ।
সর্ব্বান্ যুগপদেবৈষ কথং শক্তো ন মোচয়েৎ ॥৫০
অনাদিকর্ম্মবৈচিত্র্যমপি নাত্র নিয়ামকম্।
কারণং খলু কর্ম্মাপি ভবেদীশ্বরকারিতম্ ॥ ৫১
কিমত্র বহুনোক্তেন নাস্তিক্যং হেতুকারিতম্।
যথাস্মাসু নিবর্ত্তেত তথা কথয় মারুত ॥ ৫২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে কার্ত্তিকেয়জন্মকথনং নাম
ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬ ॥

রাত্মা স্নেহে বিবশ হইয়াছিল। ও বীতরাগ তপস্বিগণের সম্মুখে ক নানা রঙ্গে বক্ষঃস্থলে নাচাইয়া ক্রীড়া দেখিয়া পরস্পর তাঁহার রত দেবীকে স্তন্যপান করাইতে ং দেবীর অমৃতোপম স্তন্যপান কুমারকে "তুমি জগতের হিতের হইয়াছ" এই কথা বলিয়াছিলেন। বী তাঁহাকে বারংবার দেখিয়াও রিতে পারেন নাই। তাহার হইতে ভীত ইন্দ্রের সহিত তাঁহাকে দেবগণের সৈনাপত্যে ন। পরে ইন্দ্র কর্ত্তৃক পালিত রমাত্র করিয়া ত্রিপুরারি মহাদেব ভাবে, সেই পুত্রের কালাগ্নি- দ্বারা ক্রৌঞ্চপর্ব্বতের ভেদ কাসুরের মস্তক ছেদন করিয়া করিয়াছিলেন। আবার দেখুন, দাধিপ রাবণ আপনার বাহুসমূহ পর্ব্বতকে উঠাইলে, মহাদেব ন্ করিয়া পাদাঙ্গুষ্ঠ দ্বারা

চাপিয়া সেই রাবণকে মর্দনপূর্ব্বক পৃথিবীতে প্রোথিত করিয়াছিলেন। নিজ আশ্রিত কোন ব্রাহ্মণ-বালক পঞ্চত্ব প্রাপ্ত হইলে তাহার নিমিত্ত মহাদেব ত্বরিত গমন করিয়া যমকে চরণ দ্বারা নিপীড়ন করেন। আপনার বাহন বৃষভেন্দ্রকে চিনিতে না পারিয়া বড়বানলকেই গলদেশে বন্ধনপূর্ব্বক আনয়ন করেন; তাহাতে সমুদয় জগৎ জলময় হইয়াছিল। অলৌকিক আনন্দপ্রদ নানাবিধ সুন্দর নৃত্য এবং অঙ্গ-বিক্ষেপ বশতঃ এই জগৎকে বারংবার চালিত করিয়াছিলেন। শিব যদি শান্ত হন এবং সর্ব্বদা সকলকে অনুগ্রহ করেন, তবে তিনি সমর্থ হইয়াও কেন এককালে সকলকে মুক্ত করেন না? অনাদি কর্ম্মের বৈচিত্র্যকে এ বিষয়ের নিয়ামক বলিতে পারি না; কারণ, কর্ম্ম ঈশ্বর-প্রেরিত হইয়াই কারণরূপ ধারণ করে। অধিক কি বলিব, কেবল যুক্তি অবলম্বন করিয়া চলিলে নাস্তিক্যই আসিয়া পড়ে। অতএব হে মারুত! যাহাতে আমাদের সেই নাস্তিক্য নিবৃত্তি পায়, এইরূপ ভাবে উপদেশ করুন। ৩৯—৫২।

ষড়্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

য়েত্যুক্তে জ্বলৎকাষ্ঠাদৃতে স্বয়ম্।
তে তদ্বৎ পূজ্যো মূর্ত্ত্যাত্মনা শিবঃ ॥১৫
পূজাদৌ মূর্ত্ত্যাত্মপরিকল্পনম্।
কৃতং সাক্ষাচ্ছিব এব কৃতং যতঃ ॥১৬
পি তৎকৃত্যমর্চ্চায়াঞ্চ বিশেষতঃ।
স্বভাবেন শিবোহস্মাভিরুপাস্যতে ॥ ১৭
তে সোঽপি মূর্ত্ত্যাত্মা পরমেষ্ঠিনা।
ায়ানিষ্ঠেন শিবেন পশবো বয়ম্ ॥ ১৮
গ্রহণায়ৈব শিবেন পরমেষ্ঠিনা।
য়ঃ সর্ব্বে মূর্ত্ত্যাত্মানোঽপ্যধিষ্ঠিতাঃ ॥১৯
ত্মাত্মভাবেন লব্ধা স্বয়মনুগ্রহম্।
াঽনুগৃহ্ণন্তি শিবেন সমধিষ্ঠিতাঃ ॥ ২০
বে ভোগায় মোক্ষায় চ বিশেষতঃ।
রূপেষু মূর্ত্ত্যাত্মসু শিবাশ্রয়ঃ ॥ ২১
র্ম্মবিপাকাত্মা সুখদুঃখাত্মকো যতঃ।

ন চ কর্ম্ম শিবেঽস্তীতি তস্য ভোগঃ কিমাত্মকঃ ॥
সর্ব্বং শিবোঽনুগৃহ্ণাতি ন নিগৃহ্ণাতি কিঞ্চন।
নিগ্রহাত্মাস্তু যে দোষাঃ শিবে তেষামসম্ভবাৎ ॥২৩
যে পুনর্নিগ্রহাঃ কেচিদ্‌ব্রহ্মাদিষু নিদর্শিতাঃ।
তেঽপি লোকহিতায়ৈব কৃতাঃ শ্রীকণ্ঠমূর্ত্তিনা ॥২৪
অণ্ডস্যাপ্যাধিপত্যং হি শ্রীকণ্ঠস্য ন সংশয়ঃ।
শ্রীকণ্ঠাখ্যাং শিবো মূর্ত্তিং ক্রীড়ন্তীমধিতিষ্ঠতি ॥২৫
সদোষা এব দেবাদ্যা নিগৃহীতা যথোচিতম্।
ততস্তেঽপি বিপাপ্মানঃ প্রজাশ্চ বিগতজ্বরাঃ ॥২৬
নিগ্রহোঽপি স্বরূপেণ বিদুষাং ন জুগুপ্সিতঃ।
অত এব হি দণ্ড্যেষু দণ্ডো রাজ্ঞাং প্রশস্যতে ॥২৭
যৎসিদ্ধিরীশ্বরত্বেন কার্য্যবর্গস্য কৃৎস্নশঃ।
ন স চেদীশতাং কুর্য্যাজ্জগতঃ কথমীশ্বরঃ ॥ ২৮
ঈশতা চ বিধাতৃত্বং বিধিরাজ্ঞাপনং পরম্।

হন না, ইহাই স্থির। যেমন ন কর" এই কথা বলিলে, জ্বলন্ত আর কোনরূপে অগ্নির আনয়ন সেইরূপ শিবও মূর্ত্তিমৎ বস্তুতে। ১—১৫। অতএব পূজাদিতে র কল্পনা করা হয়, কারণ মূর্ত্তি-কৃত হয়, সাক্ষাৎ শিবেই তাহা লিঙ্গাদি বা প্রতিমাতে বিশেষ র্দি কর্ত্তব্য; কারণ, সেই সকল রা সাক্ষাৎ শিবেরই উপাসনা সেই মূর্ত্তিমান্ পদার্থ মহাদেব ত হয়, সেইরূপ সেই শিবাধি-পদার্থ কর্ত্তৃক অস্মাদৃশ পশুপশ। সেই পরমাত্মা শিব লোকের করিবার জন্যই সদাশিব প্রভৃতি য় অধিষ্ঠান করেন। সেই সদাশিব ত্তিভাবে শিবের অনুগ্রহ লাভ অধিষ্ঠান বশতঃ অপর আত্ম-গৃহীত করেন। আত্ম-সমূহের বতঃ মোক্ষের নিমিত্ত প্রকৃত বা ূর্ত্তিমান্ আত্ম-বিশেষে মহা-।। ভোগমাত্রই কর্ম্মের বিপাক এবং সুখ-দুঃখাত্মক। শিবের কোন কর্ম্ম নাই, অতএব তাঁহার কিরূপে ভোগ হইতে পারে? শিব সকলকেই অনুগ্রহ করেন, কাহাকেও নিগ্রহ করেন না। নিগ্রহকারীদিগের যে সকল দোষ শুনা যায়, শিবে সে সকলের সম্ভব নাই। ব্রহ্মাদি দেবগণের প্রতি যে কোনরূপ নিগ্রহ দর্শিত হইয়াছে, উহা শ্রীকণ্ঠ-মূর্ত্তি মহাদেব কেবল লোকের হিতের জন্যই করিয়াছেন। এই ব্রহ্মাণ্ডের উপর সেই শ্রীকণ্ঠ মহাদেবের যে আধিপত্য, সে বিষয়ে কোন সংশয় নাই। শিব শ্রীকণ্ঠ নামক ক্রীড়নশীল মূর্ত্তিতেই অধিষ্ঠান করেন। সদোষ দেবগণই যথোচিত নিগৃহীত হইয়াছেন। তাহাতে তাঁহারাও পাপ হইতে মুক্ত হইয়াছেন এবং প্রজারাও পীড়াশূন্য হইয়াছে। যথোচিত নিগ্রহ পণ্ডিতদিগের নিন্দনীয় নহে। এই-জন্যই দণ্ডার্হ ব্যক্তিগণের প্রতি রাজাদিগের দণ্ডবিধান প্রশংসিত হইয়া থাকে। ঈশ্বর-ভাবে যিনি সমুদয় কার্য্যের সিদ্ধি করিয়া থাকেন, তিনি যদি ঈশ্বরত্ব না করেন, তবে তিনি কিরূপে জগতের ঈশ্বর হইতে পারেন? সমস্ত কার্য্যের বিধান-কর্ত্তৃত্বের নামই ঈশ্বরত্ব, বিধানের অর্থ আজ্ঞা; [illegible]

আজ্ঞা চেৎ বিদং কুর্য্যান্ন কুর্য্যাদিতি শাসনম্॥২৯
তচ্ছাসনানুবর্ত্তিত্বং সাধুতাবস্ত লক্ষণম্।
বিপরীতমসাধু স্যান্ন সর্ব্বং তৎ তু দৃশ্যতে॥ ৩০
সাধু সংরক্ষণীয়ঞ্চেন্নিবর্ত্ত্যমসাধু যৎ।
বিনিবর্ত্তনে চ সামাদেরন্তে দণ্ডো হি সাধনম্॥৩১
হিতার্থলক্ষণঞ্চেদং দণ্ডাস্তমনুশাসনম্।
অতোহন্যবিপরীতং তদহিতং সম্প্রচক্ষতে॥ ৩২
হিতে সদা নিষণ্নানামীশ্বরঃ স্যান্নিদর্শনম্।
স কথং দূষ্যতে সম্ভিরসতামেব নিগ্রহাৎ॥ ৩৩
অযুক্তকারিণো লোকে গর্হণীয়া বিবেকিনা।
যদুদ্বেজয়তে লোকং তদযুক্তং প্রচক্ষতে॥ ৩৪
সর্ব্বোহপি নিগ্রহো লোকে ন চ বিদ্বেষপূর্ব্বকঃ।
ন হি দ্বেষ্টি পিতা পুত্রং যো নিগৃহ্যাপি শিক্ষয়েৎ।
মাধ্যস্থ্যেনাপি নিগ্রাহ্যান্ যো নিগৃহ্ণাতি মার্গতঃ।

তস্যাপ্যবশ্যং ঘর্ঘ্যঞ্চিন্নৈর্ঘৃণ্যমনুবর্ত্তত
অন্যথা ন হিনস্ত্যেব সদোষানপ্যসৌ পর
হিনস্তি চায়মপ্যজ্ঞান্ পরং মাধ্যস্থ্যমাচর
তস্মাদুঃখাত্মিকাং হিংসাং কুর্ব্বাণো যঃ
ইতি নির্ব্বন্ধয়ন্ত্যেকে নিয়মো নেতি চাপ
নিদানজ্ঞস্তু ভিষজো রুগ্ণে হিংসাং প্রযু
ন কিঞ্চিদপি নৈর্ঘৃণ্যং ঘৃণৈবাত্র প্রযোজ
ঘৃণাপি ন গুণায়ৈব হিংস্রেষু প্রতিযোগি
তাদৃশেষু ঘৃণী ভ্রান্ত্যা ঘৃণান্তরিতনির্ঘৃণঃ
উপেক্ষাপি হি দোষায় রক্ষ্যেষু প্রতিযো
শক্ত্যাং সত্যামুপেক্ষাতো রক্ষ্যাঃ সদ্যো
সর্পগ্রাসগতং পশ্যন্ যস্য রক্ষামুপেক্ষতে

না" এই প্রকার অনুশাসনের নামই আজ্ঞা। যাঁহারা সেই শাসনের অনুগমন করেন, তাঁহারাই সাধু। যাহারা তাহার বিপরীত আচরণ করে, তাহারাই অসাধু। কিন্তু সকলেই সাধু হয় না। ২৮—৩০। অসাধু-ভাবের নিবৃত্তি করিয়া যদি সাধু-ভাবের রক্ষা করিতে হয়, তবে প্রথমে সাম-দানাদির প্রয়োগ করিয়া তাহাতে সিদ্ধি না হইলে অবশেষে দণ্ডই সাধক হয়। কেবল হিতের জন্যই দণ্ডান্ত শাসন বিহিত হইয়াছে। অতএব ইহার বিপরীত অনুষ্ঠান হিত বলিয়া অভিহিত হইতে পারে না। ঈশ্বরই সর্ব্বদা হিতানুষ্ঠায়ীদিগের দৃষ্টান্ত-স্থল, অতএব অসতের নিগ্রহ করেন বলিয়া সেই ঈশ্বর কিরূপে পণ্ডিতগণের দূষণীয় হইতে পারেন? বিবেকী পুরুষেরা অযুক্ত-কারীকে তিরস্কার করেন। যে কার্য্যে লোকের শান্তিভঙ্গ হয়, তাহার নামই অযুক্ত। ইহ-লোকে যত প্রকার নিগ্রহ হয়, তাহার মধ্যে কোনটিই বিদ্বেষপূর্ব্বক অনুষ্ঠিত হয় না। দেখ, পিতা পুত্রকে অনেক সময়ে নিগ্রহ করিয়া শিক্ষা দেন, তাই বলিয়া কি পিতাকে পুত্রের দ্বেষকারী বলা যায়? বরং (ঔদাসীন [illegible]

থাকিয়া নিগ্রহ করিয়া থাকে, তাহাতে অবশ্য কিছু পরিমাণে নির্দ্দয়ত্ব স্বীকার হইবে। তাহার কিঞ্চিৎ নির্দ্দয়ত্ব না অপরে দোষযুক্ত হইলেও তাহার উপ করিত না। সম্পূর্ণ মধ্যস্থ ব্যক্তিও সদোষ ব্যক্তির উপর নিগ্রহ করিয়া (নিগ্রহ হিংসার কার্য্য, সুতরাং অতএব যে ব্যক্তি সেই দুঃখপ্রদ অনুষ্ঠান করেন, তিনি অবশ্যই নির্দ্দ কেহ এইরূপ নির্দ্ধারণ করেন। বলেন, এরূপ নিয়ম হইতে অর্থাৎ নিগ্রহ করাই উচিত, না দোষ। দেখ, নিদানজ্ঞ বৈদ্য যে নিগ্রহে প্রবৃত্ত হন, তাহা কখনই তার কার্য্য নহে; বরং বৈদ্য দয়ায় প্রযুক্ত হইয়া ঐ কার্য্যে প্রবৃত্ত থাকেন প্রতিপক্ষ হিংসা করিতে প্রবৃত্ত হয়, আশ্রয় উপকারক হয় না। (দয়া থাকিতেই পারে না। সেই দয়াপর হয়, সে একেবারে দয়ার হইয়া পড়ে। যাহারা রমণীয় ব্য তাহাদের প্রতি উপেক্ষা করাও শক্তি থাকিতে উপেক্ষা করিলে সদ্য বিপত্তি লাভ করে। সর্প দেখিয়া যে ব্যক্তি রমণীয়কে

ণাং সমুৎপ্রেক্ষ্যাঃ ফলতঃ সোঽপি নির্দ্দয়ঃ।
া গুণায়ৈব সর্ব্বথেতি ন সম্মতম্।
াপ্তকারিত্বং সর্ব্বস্ত্বন্যদসম্মতম্॥ ৪৩
ষ্বপিরাগাদ্যা দোষাঃ সন্ত্যেব বস্তুতঃ।
তেষামেবৈতে ন শিবস্য তু সর্ব্বথা॥ ৪৪
় সমাবিষ্টং তাম্রং খলু সকালিকম্।
গ্নিরসৌ দুষ্যেৎ তাম্রসংসর্গকারণাৎ॥৪৫
চিসংসর্গাদশুচিত্বমুপেয়তে।
গ্নিসংযোগাচ্ছুচিত্বমপি জায়তে॥ ৪৬
ধ্যাত্মসংসর্গান্ন হ্যশুদ্ধঃ শিবো ভবেৎ।
তিস্তেষ শোধ্যাস্ত্বেব হি শুধ্যতি॥ ৪৭
সমাবিষ্টে দাহোঽগ্নেরেব নায়সঃ।
বমৈশ্বর্য্যমীশ্বরস্যৈব নাত্মনাম্॥ ৪৮
় জ্বলত্যগ্নিমগ্নিরেব জ্বলত্যসৌ।
তা নাগ্নেরেবমত্রাপি যোজ্যতাম্॥ ৪৯
ণত্যস্মিন্ কাষ্ঠ-পাষাণ-মৃৎস্বপি।

শিবাবেশবশাদেব শিবত্বমুপচর্য্যতে॥ ৫০
মৈত্র্যাদয়ো গুণা গৌণা যস্মাৎ তে চিত্তবৃত্তয়ঃ।
তৈর্ভুতৈরুপরক্তানাং দোষায় চ গুণায় চ॥ ৫১
যৎ তু গৌণমগৌণঞ্চ তৎ সর্ব্বমনুগৃহ্নতঃ।
ন গুণায় ন দোষায় শিবস্য গুণবৃত্তয়ঃ॥ ৫২
ন চানুগ্রহশব্দার্থং গৌণমাহুর্বিপশ্চিতঃ।
সংসারমোচনং কিন্তু শৈবমাজ্ঞামতং হিতম্॥৫৩
হিতং তদাজ্ঞাকরণং যদ্ধিতং তদনুগ্রহঃ।
সর্ব্বং হিতে নিযুঞ্জানঃ সর্ব্বানুগ্রাহকঃ শিবঃ॥৫৪
যস্তূপকারশব্দার্থস্তমপ্যাহুরনুগ্রহম্।
তস্যাপি হিতরূপত্বাচ্ছিবঃ সর্ব্বোপকারকঃ॥ ৫৫
হিতে সদা নিযুক্তস্ত সর্ব্বং চিদচিদাত্মকম্।
স্বভাবপ্রতিবন্ধং তৎ সমং ন লভতে হিতম্॥৫৬
যথা বিকাশং যান্ত্যেব রবেঃ পদ্মানি ভানুভিঃ।
সমং ন বিকসন্ত্যেব স্বস্বভাবানুরোধতঃ॥ ৫৭

হেতুক বস্তুবিক সেও নির্দ্দয়। সকল সময়ে গুণকারক হয় না; া উপযোগী, তাহাই সম্মত, তদ্ভিন্ন ত। ৩১—৪৩। যদ্যপি শিবের প মূর্ত্তিমংসমূহে বস্তুতঃ নানাবিধ থাপি ঐ সকল দোষ তাহাদেরই, । অগ্নিতে তাম্র দিলে, তাম্রে রথা হয়, তাই বলিয়া তাম্রের কিছু দুষ্ট হয় না। অশুচি বস্তুর কিছু অশুচিতা হয় না, কিন্তু া অশুচি বস্তুর শুচিতা হয়। ীর আত্মার সংযোগে মহাদেব কিন্তু শিবের সংসর্গে সেই আরই শুদ্ধি হয়। লৌহে হইলে, অগ্নিরই দাহ হয়; সেইরূপ মূর্ত্ত্যাত্মস্থিত ঐশ্বর্য্য রই; সেই সেই আত্মার নহে। র্দিকে জ্বলিত হয় না, কিন্তু জ্বলিত হয় এবং কাষ্ঠেরই অগ্নির নহে;—এইরূপ শিব মূর্ত্তিদিগের সম্বন্ধেও যোজনা করিবে। এই জন্যই এই জগতে কাষ্ঠ, পাষাণ এবং মৃত্তিকাতেও শিবের আবির্ভাবে শিবত্বের উপচার হয়। যেহেতু মৈত্রী, ক্ষমা, দাক্ষিণ্য প্রভৃতি গৌণ গুণ সকল উপরক্তদিগের চিত্তে অবস্থান করে, অতএব ঐ সকল গুণ দ্বারা উপরক্তদিগের দোষ, গুণ, উভয়ই হইয়া থাকে। গুণবৃত্তি গৌণই হউক, আর অগৌণই হউক, তাহাতে অনুগ্রহকারী মহাদেবের দোষ বা গুণ কিছুই হয় না। অনুগ্রহ-শব্দের অর্থকে পণ্ডিতেরা গৌণ বলিয়া নির্দ্দেশ করেন নাই; সংসার-মোচন শিবের আজ্ঞাই অনুগ্রহ শব্দের অর্থ। মহাদেবের আজ্ঞার অনুষ্ঠানই হিত এবং যাহা হিত, তাহারই নাম অনুগ্রহ। মহাদেব যখন সকলকে হিতে নিযুক্ত করেন, তখন তিনি সকলের অনুগ্রাহক। উপকার ও অনুগ্রহ শব্দের একই অর্থ। উপকারও হিত-স্বরূপ বলিয়া মহাদেব সকলের উপকারক। সমুদয় জড় ও চৈতন্য সর্ব্বদা মহাদেব কর্ত্তৃক সমভাবে হিতে নিযুক্ত হইয়াও, আপনার স্বভাব দ্বারা প্রতিবদ্ধ হইয়া সমানরূপ হিত লাভ করে না।৪৪—৫৬। যেমন, সূর্য্যের কিরণ দ্বারা পদ্মসকল [illegible]

স্বভাবোঽপি হি ভাবানাং ভাবিনোঽর্থস্য কারণম্‌
ন হি স্বভাবতোঽসন্তমর্থং কর্ত্তৃষু সাধয়েৎ ॥ ৫৮
সুবর্ণমেব নাঙ্গারং দ্রাবয়ত্যগ্নিসঙ্গমঃ।
এবং পক্বমলানেব মোচয়েন্ন শিবঃ পরান্‌ ॥ ৫৯
যদ্যথা ভবিতুং যোগ্যং তৎ তথা ন ভবেৎ স্বয়ম্‌
বিনা ভাবনয়া কর্ত্তা স্বতন্ত্রঃ সন্ততো ভবেৎ ॥ ৬০
স্বভাববিমলো যদ্বৎ সর্ব্বানুগ্রহকারকঃ।
স্বভাবমলিনাস্তদ্বদাত্মানো জীবসংজ্ঞিতাঃ ॥ ৬১
অন্যথা সংসরন্ত্যেতে নিয়মান্ন শিবঃ কথম্‌।
কর্ম্মমায়ানুবন্ধোঽস্য সংসারঃ কথ্যতে বুধৈঃ ॥ ৬২
অনুবন্ধো যমস্যৈব ন শিবস্যেতি হেতুমান্‌।
স হেতুরাত্মনামেব নিত্যো নাগন্তুকো মলঃ ॥ ৬৩
আগন্তুকত্বে তস্যাপি ভাব্যং কেনাপি হেতুনা।
যোঽয়ং হেতুরসাবেকঃ কল্প্যতেঽনেকশক্তিকঃ ॥৬৪

বের অনুরোধে সকলে সমভাবে প্রফুল্ল হয় না। স্বভাবই বস্তুদিগের ভবিষ্যৎ অর্থের কারণ। পদার্থসমূহে স্বাভাবিক যে বস্তু নাই, কর্ত্তা তাহা করিতে কখনই সমর্থ হয় না। দেখ, অগ্নিস্পর্শ সুবর্ণকেই গলিত করে, অঙ্গারকে করে না; এইরূপ মহাদেবও, যাহাদের পাপ পরিপক্ক হইয়াছে, তাহাদিগকেই মুক্ত করেন, যাহাদিগের পাপ পক্বতা প্রাপ্ত হয় নাই, তাহাদিগকে মুক্ত করেন না। যে বস্তু যে প্রকার হওয়া উচিত, তাহা স্বয়ং কখন সেরূপ হইতে পারে না এবং চেতন-ক্রিয়া ব্যতীত একটী নিত্য স্বতন্ত্র কর্ত্তাও হইতে পারে না। সর্ব্বানুগ্রাহক শিব যেমন স্বাভাবিক নির্ম্মল, তেমনি জীবসংজ্ঞিত আত্মগণ স্বাভাবিক মলিন। এই জীবগণ কখনই নিয়মের অতিক্রম করিতে সমর্থ হয় না, ইহারা কিরূপে শিব হইবে? এই জীবের কর্ম্ম ও মায়ার বন্ধনকেই পণ্ডিতেরা সংসার বলিয়াছেন। ৫৭—৬২। এই কারণ কর্ম্ম ও মায়া-রূপ বন্ধন জীবেরই হইয়া থাকে; শিবের নহে। সেই বন্ধনরূপ মলই জীবদিগের স্বাভাবিক হেতু; কোনরূপ ঔপাধিক হেতু নহে। [illegible]

কার্য্যভেদেঽপি তচ্ছক্তিভেদো নাত্রোপপদ্য[illegible]
কর্ম্মমায়ানুবন্ধো যঃ স বিচিত্রঃ স্বভাবতঃ ॥ [illegible]
আত্মতায়াঃ সমত্বেঽপি বদ্ধা মুক্তাঃ পরে য[illegible]
বদ্ধেষ্বেব পুনঃ কেচিল্লয়-ভোগাধিকারতঃ। [illegible]
জ্ঞানৈশ্বর্য্যাদিবৈষম্যং ভজন্তে সোত্তরাধরা[illegible]
কেচিন্মূর্ত্ত্যাত্মতাং যান্তি কেচিদাসন্নগোচরা[illegible]
মূর্ত্তাত্মসু শিবাঃ কেচিদধ্বনাং মূর্দ্ধসু স্থি[illegible]
মধ্যে মহেশ্বরা রুদ্রাস্ত্বর্ব্বাচীনপদে স্থিতা[illegible]
আসন্নোঽপি সমাবেশে পরস্তাৎ কারণত্র[illegible]
তত্রাপ্যাত্মা স্থিতোঽধস্তাদন্তরাত্মা তু মধ[illegible]
পরস্তাৎ পরমাত্মেতি ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরা[illegible]

থাকিত। পরিণামে যে মূল-হেতু তাহাকে অনেকশক্তিবিশিষ্ট বলিয়া করিতে হইত। কার্য্যভেদে একটী অনেক প্রকার শক্তি-কল্পনা যুক্তিসি[illegible] তাহা অপেক্ষা স্বভাবতঃ বিভিন্নরূপ মায়ার অনুবন্ধনকে হেতু স্বীকার [illegible] সঙ্গত। কারণ, দেখা যাইতেছে। জীবের আত্মার সমতা সত্ত্বেও কেহ [illegible] বা মুক্ত হইতেছে এবং বদ্ধের কেহ লয়াধিকার ও অপর ভোগাধি[illegible] হওয়ায় উচ্চনীচভাবসম্পন্ন হইয়া ঐশ্বর্য্যের বৈষম্য ভজনা করিতেছে ঈশ্বরের প্রতিমূর্ত্তি স্বরূপ হইতেছে [illegible] তাঁহার অতি সমীপবর্ত্তী হইতেছে প্রতিমূর্ত্তি রূপে সম্ভাবিত ব্যক্তিদি[illegible] কেহ কেহ সাক্ষাৎ শিবরূপে [illegible] পূর্ব্বোক্ত ছয় প্রকার মার্গের শিরে স্থান করিতেছে; কেহ কেহ বা সকলের মধ্যে অবস্থিত হইয়া আখ্যা প্রাপ্ত হইতেছে আর কেহ [illegible] অবস্থিত হইয়া রুদ্রাদি নামে আ[illegible]তেছে। আসন্ন সমাবেশের কারণ ভগবান্‌। তাহার মধ্যে পশ্বী-ভজনাকারীর নাম আ[illegible] তাহার নাম অন্তরাত্মা এবং তাহার নাম পরমাত্মা;—ইহা[illegible]

ঃ কেচিৎ পরমাত্মপদাশ্রয়াঃ ॥ ৭০
ে কেচিৎ কেচিদাত্মপদে তথা।
শৈবাঃ শান্তৌ মাহেশ্বরা মতাঃ ॥৭১
থা রৌদ্রাঃ প্রতিষ্ঠায়াস্তু বৈষ্ণবাঃ।
থাত্মানো ব্রহ্মা ব্রহ্মাঙ্গযোনয়ঃ ॥ ৭২
ং মুখ্যং মানুষ্যমথ মধ্যমম্।
াঃ পঞ্চ যোনয়স্তাশ্চতুর্দ্দশ ॥ ৭৩
োঽপি নৈজঃ সংসারিণো মলঃ।
কস্য পূর্ব্বং পশ্চাৎ তু পক্বতা ॥৭৪
পক্বশ্চ ভবেৎ সংসারকারণম্।
পুংসাং পক্বে তুস্তরতা ক্রমাৎ ॥ ৭

শ্বর নামে অভিহিত হন। কেহ পরমাত্মপদের আশ্রিত, র আশ্রিত, আর কেহ বা। শৈবগণ শান্ত্যতীত পদের মহেশ্বরগণ শান্তির উপাসনা বিদ্যার আশ্রিত এবং বৈষ্ণব-সবক। ব্রহ্মা এবং ব্রহ্মার নিবৃত্তিতে অবস্থিত। আট প্রধান, মানুষ যোনি মধ্যম পশুযোনি অধম,—সর্ব্বসমেত নি। জীবদিগের উচ্চ-নীচ-বিক মল। যেমন ভুক্ত বস্তুর চ-অবস্থা এবং পশ্চাৎ-অব-স্থা বলে। মলও পক্ব এবং প্রকার: এই দুই প্রকার মলই কারণ। অপক্বমল জীবদিগের। এবং পক্ব মল ক্রমশঃ উচ্চ-৭৩—৭৪। জীবগণও যথা-মল এবং ত্রিমল এই তিন। তাহাদের মধ্যে একমলেরা মধ্যম এবং ত্রিমলেরা অধম; রাত্তর অধোভাবে অবস্থিত

পশ্বাত্মানস্ত্রিধাভিন্না এক-দ্বি-ত্রিমলাঃ ক্রমাঃ।
অত্রোত্তরা হ্যেকমলা দ্বিমলা মধ্যমা মতাঃ ॥৭৬
ত্রিমলাস্ত্বধমা জ্ঞেয়া যথোত্তরমধিষ্ঠিতাঃ।
ত্রিমলানধিতিষ্ঠন্তি দ্বিমলৈকমলাঃ ক্রমাৎ ॥ ৭৭
এক-দ্বি-ত্রিমলান্ সর্ব্বাস্থিব একোঽধিতিষ্ঠতি।
অশিবাত্মকমপ্যেতচ্ছিবেনাধিষ্ঠিতং তথা ॥ ৭৮
অরুদ্রাত্মকমপ্যেবং রুদ্রৈর্জগদধিষ্ঠিতম্।
অণ্ডান্তা হি মহাভূমিঃ শতরুদ্রাদধিষ্ঠিতা ॥ ৭৯
মায়ান্তমন্তরিক্ষন্তু অমরেশাদিভিঃ ক্রমাৎ।
অঙ্গুষ্ঠমাত্রপর্য্যন্তৈঃ সমন্তাৎ সন্ততং ততম্ ॥ ৮০
মহামায়াবসানা দ্যোর্ব্বামাদ্যৈর্ভুবনাধিপৈঃ।
অনাশ্রিতা তৈরধ্বান্তর্ব্বর্ত্তিভিঃ সমধিষ্ঠিতা ॥ ৮১
তে হি সাক্ষাদ্দিবিষদস্ত্বন্তরিক্ষসদস্তথা।
পৃথিবীষদ ইত্যেবং দেবা দেবব্রতৈঃ স্তুতাঃ ॥ ৮২
এবং ত্রিভির্মলৈরামৈঃ পক্কৈরেব পৃথক্ পৃথক্।
নিদানভূতৈঃ সংসাররোগঃ পুংসাং প্রবর্ত্ততে ॥৮৩
অস্য রোগস্য ভৈষজ্যং জ্ঞানমাজ্ঞোযযোক্তকম্।
ভিষগাজ্ঞাপকঃ শম্ভুঃ শিবঃ পরমকারণম্ ॥ ৮৪

দ্বিমল ও একমলগণ যথাক্রমে ত্রিমলদিগের উপর আধিপত্য করে। একমল, দ্বিমল ও ত্রিমল এই সকলের উপর একমাত্র শিবই অধিষ্ঠান করেন। এই জগৎ যেমন অশিবাত্মক হইলেও শিব কর্ত্তৃক অধিষ্ঠিত, এইরূপ অরুদ্রাত্মক হইয়াও রুদ্রগণ কর্ত্তৃক অধিষ্ঠিত এই ব্রহ্মাণ্ডান্ত মহাভূমি শতরুদ্রাদির অধিষ্ঠান চারিদিকে সর্ব্বদা বিতত মায়ান্ত অন্তরীক্ষ আবার অঙ্গুষ্ঠ-মাত্র-পর্য্যন্ত অমরেশ্বরগণ কর্ত্তৃক অধিষ্ঠিত। মহামায়ান্ত দ্যুলোক বামপ্রভৃতি লোকপালগণ কর্ত্তৃক অধিষ্ঠিত; উহা পূর্ব্বোক্ত ষড়ধ্বান্তর্ব্বর্ত্তী দেবগণের সহিত সাক্ষাৎ সম্বন্ধ না হইলেও তাঁহাদের কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়াছে। তাঁহারা সাক্ষাৎ দিবিষৎ, অন্তরিক্ষসৎ এবং পৃথিবীষৎ দেববিশেষ এবং দেবব্রত মুনিগণ কর্ত্তৃক

অদুঃখেনাপি শক্তশ্চেৎ পশূন্ মোচয়িতুং শিবঃ।
কথং দুঃখং করোতীতি নাত্র কার্য্যা বিচারণা॥ ৮৫
দুঃখমেব হি সর্ব্বোঽপি সংসার ইতি নিশ্চিতম্।
কথং দুঃখমদুঃখং স্যাৎ স্বভাবো হ্যবিপর্য্যয়ঃ॥ ৮৬
ন হি রোগো হ্যরোগঃ স্যাদ্ভিষগ্‌ভৈষজ্যকারণাৎ।
রোগার্ত্তস্তু ভিষগ্রোগাদ্ভৈষজ্যৈঃ সুখমুদ্ধরেৎ॥ ৮৭
এবং স্বভাবমলিনান্ স্বভাবাদ্দুঃখিনঃ পশূন্।
স্বাজ্ঞৌষধবিধানেন দুঃখান্মোচয়তে শিবঃ॥ ৮৮
ন ভিষক্ কারণং রোগে শিবঃ সংসারকারণম্।
ইত্যেতদপি বৈষম্যং ন দোষায়াস্য কল্পতে॥ ৮৯
দুঃখস্বভাবসংসিদ্ধেঃ কথং তৎকারণং শিবঃ।
স্বাভাবিকো মলঃ পুংসাং স হি সংসারসূত্যমূম্॥
সংসারকারণং যৎ তু মলং মায়াদ্যচেতনম্।
তৎ স্বয়ং সম্প্রবর্ত্তেত শিবসান্নিধ্যমন্তরা॥ ৯১
যথা মণিরয়স্কান্তঃ সান্নিধ্যাদুপকারকঃ।
অয়সশ্চলতস্তদ্বচ্ছিবোঽপ্যস্তেতি সূরয়ঃ। ৯
ন নিবর্ত্তয়িতুং শক্যং সান্নিধ্যং সহকারণম্।
অধিষ্ঠাতা ততো নিত্যমজ্ঞাতো জগতঃ শিবঃ
ন শিবেন বিনা কিঞ্চিৎ প্রবৃত্তমিহ বিদ্যতে।
তৎপ্রেরিতমিদং সর্ব্বং তথাপি স ন দুষ্যতি
শক্তিরাজ্ঞাত্মিকা তস্য নিয়ন্ত্রী বিশ্বতোমুখী।
তয়া ততমিদং শশ্বং তথাপি স ন দুষ্যতি।
অনিদং প্রথমং সর্ব্বমীশিতব্যং স ঈশ্বরঃ।
ঈশনাচ্চ তদীয়াজ্ঞা তথাপি স ন দুষ্যতি।
যোঽন্যথা মন্যতে মোহাৎ স বিনশ্যতি দুর্ম্ম
তচ্ছক্তিবৈভবাদেব তথাপি স ন দুষ্যতি।
এতস্মিন্নন্তরে ব্যোম্নি শ্রৌতী বাগশরীরিণী
সত্যমোমমৃতং সত্যমিত্যাবিরভবৎ স্ফুটম্।
ততো হৃষ্টতরাঃ সর্ব্বে বিনষ্টাশেষসংশয়াঃ।

রোগের ঔষধ এবং আজ্ঞাপক, পরমকারণ, মঙ্গলের আধার সাক্ষাৎ মহাদেবই এই রোগের চিকিৎসক।৭৫—৮৪। মহাদেব অনায়াসেই ত জীবগণকে মোচন করিতে সমর্থ,তবে তিনি এত আয়াস করেন কেন, এরূপ আশঙ্কা করিও না। সমুদয় সংসার যে দুঃখময়, ইহা নিশ্চিত। যাহা স্বয়ং দুঃখ, তাহা দুঃখশূন্য কিরূপে হইবে? স্বভাবের কখনই ব্যত্যয় হয় না। বৈদ্য বা ঔষধের প্রভাবে রোগ কখন অরোগ অর্থাৎ রোগ ভিন্ন অন্য বস্তু হয় না; তবে বৈদ্য ঔষধ দ্বারা রোগার্ত্ত ব্যক্তিকে রোগ হইতে অনায়াসে মুক্ত করেন। এইরূপ মলিন-স্বভাব এবং স্বভাবতঃ দুঃখিত জীবদিগকে মহাদেব স্বীয় আজ্ঞাজন্য ঔষধের বিধান করিয়া সেই দুঃখ হইতে মোচন করেন। বৈদ্য রোগের কারণ নহে, কিন্তু শিব সংসারের কারণ; শিবের এই বৈষম্যও দোষাবহ নয়। স্বভাবতঃই যখন দুঃখের সিদ্ধি হইতেছে, তখন শিবকে তাহার কারণরূপে কল্পনা করা উচিত নহে; জীবদিগের স্বাভাবিক মলই [illegible] করে। সংসারের কারণ- [illegible]

অয়স্কান্ত মণি সান্নিধ্যমাত্রে লৌহের প্রতি উপকারক, সেইরূপ শিবও এই কারণ; পণ্ডিতেরা এইরূপ বলিয়া সহকারণ সান্নিধ্য নিবারণ করা দুঃসাধ্য শিব স্বয়ং উদাসীন হইয়াও সংসারের বলিয়া কল্পিত হন। এই জগতে ব্যতীত কোন বস্তুরই প্রবৃত্তি নাই সমুদয় জগৎই শিবের প্রেরিত, কিন্তু সেও শিব কখন দূষণীয় নহেন। তাঁহার মুখী আজ্ঞারূপা শক্তিই নিয়ন্ত্রী এ শক্তিই এই সমুদয় বস্তুর নির্ম্মাণ তাহাতেও শিবের কোন দোষ নাই ঈশিতব্য বস্তুর মধ্যে কোনটীই প্র তিনিই এবং তাঁহার আজ্ঞা উহাদের বর্ত্তমান হইয়া উহাদের উপর আধিপ বলিয়া যদিও তিনি ঈশ্বর বলিয়া অ তথাপি দূষণীয় নহেন। যে তাঁহ বিবেচনা করে, সেই দুর্ম্মতি তঁ প্রভাবে স্বয়ং বিনষ্ট হয়, তথাপি নহেন। ৮৫—৯৭। এই সম বেদসম্মতা অশরীরিণী বাণী "ইহা অমৃত ও সত্য" এই বলিয়া [illegible] হইল। অনন্তর সেই সকল [illegible]

ম্ময়াবিষ্টাঃ প্রণেমুঃ পবনং প্রভুম্ ॥ ৯৯
তসন্দেহান্ কৃত্বাপি পবনো মুনীন্।
প্রতিষ্ঠিতজ্ঞানা ইতি মত্বৈবমব্রবীৎ ॥১০০

বায়ুরুবাচ।

মপরোক্ষঞ্চ দ্বিবিধং জ্ঞানমিষ্যতে।
মস্থিরং প্রাহুরপরোক্ষস্তু সুস্থিরম্ ॥ ১০১
দেশগম্যং যৎ তৎ পরোক্ষং প্রচক্ষতে।
ক্ষং পুনঃ শ্রেষ্ঠাদনুষ্ঠানাদ্ভবিষ্যতি ॥ ১০২
ক্ষাদৃতে মোক্ষ ইতি কৃত্বা বিনিশ্চয়ম্।
ষ্ঠানসিদ্ধ্যর্থং প্রযতধ্বমতন্দ্রিতাঃ ॥ ১০৩

শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে শিবতত্ত্বকথনং নাম
সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

হওয়ায় অতিশয় হৃষ্ট এবং বিস্ময়া-
সেই প্রভাবশালী পবনকে প্রণাম
পবনদেব এইরূপে সেই মুনিগণের
নোদনপূর্ব্বক "ইঁহাদিগের জ্ঞান
হয় নাই" এইরূপ চিন্তা করিয়া
পুনরায় বলিতে লাগিলেন,—জ্ঞান
;—পরোক্ষ এবং অপরোক্ষ।
অস্থির এবং অপরোক্ষ জ্ঞান
জ্ঞান অনুমান এবং আপ্তোপদেশ
য়, তাহার নাম পরোক্ষ এবং শ্রেষ্ঠ
ত যে জ্ঞান হয়, তাহার নাম
অপরোক্ষ জ্ঞান ব্যতীত মোক্ষ
নিশ্চয় জানিয়া, আপনারা শ্রেষ্ঠানু-
ষ্ঠের নিমিত্ত নিরালস হইয়া যত্ন
—১০৩।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৭ ॥

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

কিং তচ্ছ্রেষ্ঠমনুষ্ঠানং মোক্ষো যেনাপরোক্ষিতঃ।
তৎ তস্য সাধনঞ্চাদ্য কর্ত্তুমর্হসি মারুত ॥ ১

বায়ুরুবাচ।

শৈবো হি পরমো ধর্ম্মঃ শ্রেষ্ঠানুষ্ঠানশব্দিতঃ।
যত্রাপরোক্ষং লক্ষ্যেত সাক্ষান্মোক্ষপ্রদঃ শিবঃ ॥২
স তু পঞ্চবিধো জ্ঞেয়ঃ পঞ্চভিঃ পর্ব্বভিঃ ক্রমাৎ।
ক্রিয়া-তপো-জপ-ধ্যান-জ্ঞানাত্মভিরনুত্তরৈঃ ॥ ৩
তৈরেব সোত্তরৈঃ সিদ্ধো ধর্ম্মস্ত্বপরমো মতঃ।
পরোক্ষমপরোক্ষঞ্চ জ্ঞানং যত্র চ মোক্ষদম্ ॥ ৪
পরমোঽপরমশ্চোভৌ ধর্ম্মৌ হি শ্রুতিচোদিতৌ।
ধর্ম্মশব্দাভিধেয়েঽর্থে প্রমাণং শ্রুতিরেব নঃ ॥ ৫
পরমো যোগপর্য্যন্তো ধর্ম্মঃ শ্রুতিশিরোগতঃ।
ধর্ম্মস্ত্বপরমস্তদ্বদধঃশ্রুতিমুখে স্থিতঃ ॥ ৬

অষ্টাবিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—যাহা দ্বারা মোক্ষ হস্তগত হয়, এরূপ শ্রেষ্ঠ অনুষ্ঠান কাহাকে বলে? হে মারুত! এক্ষণে সেই অনুষ্ঠান এবং তাহার সাধন আমাদের নিকট কীর্ত্তন করুন। বায়ু বলিলেন,—যাহাতে সাক্ষাৎ মুক্তিপ্রদ মহাদেব প্রত্যক্ষ লক্ষিত হন, সেই শৈব ধর্ম্মই পরমধর্ম্ম এবং উহাই শ্রেষ্ঠানুষ্ঠান নামে অভিহিত হয়। উহা পাঁচ অংশে বিভক্ত হওয়ায় সেই অনুষ্ঠানও পাঁচ প্রকার বলিয়া অভিহিত হয়। ক্রিয়া, তপস্যা, জপ, ধ্যান, এবং জ্ঞান এই পাঁচটি সেই অনুষ্ঠানের এক একটী পৃথক্ অংশ। উহারাই আবার অপর ধর্ম্মবিশেষের সহিত মিলিত হইয়া 'অপরম' ধর্ম্মের সাধন করে। উক্ত উভয়বিধ ধর্ম্মের মধ্যে অপরম ধর্ম্মে পরোক্ষ এবং পরম ধর্ম্মে মুক্তিসাধন অপ-রোক্ষ জ্ঞান লাভ হয়। পরম এবং

অপাথাত্ম্যাধিকারঃ স্যাদ্বো ধর্ম্মঃ পরমো মতঃ।
সাধারণস্ততোঽন্যস্তু সর্ব্বেষামধিকারতঃ॥ ৭
স চায়মপরো ধর্ম্মঃ পরধর্ম্মস্য সাধনম্।
ধর্ম্মশাস্ত্রাদিভিঃ সম্যক্ সাঙ্গ এবোপবৃংহিতঃ॥ ৮
তত্রাদ্যো যঃ পরো ধর্ম্মঃ শ্রেষ্ঠানুষ্ঠানশব্দিতঃ।
ইতিহাসপুরাণাভ্যাং কথঞ্চিদুপবৃংহিতঃ॥ ৯
শৈবাগমৈস্তু স পুনঃ সহাঙ্গোপাঙ্গবিস্তরঃ।
সসংস্কারাধিকারশ্চ সম্যগেবোপবৃংহিতঃ॥ ১০
শৈবাগমোঽপি দ্বিবিধঃ শ্রৌতোঽশ্রৌতশ্চ স স্মৃতঃ।
শ্রুতিসারময়ঃ শ্রৌতঃ স্বতন্ত্র ইতরো মতঃ॥ ১১
স্বতন্ত্রো দশধা পূর্ব্বং তথাষ্টাদশধা পুনঃ।
কামিকাদিসমাখ্যাভিঃ সিদ্ধঃ সিদ্ধান্তসংজ্ঞিতঃ॥ ১২
শ্রুতিসারময়ো যস্তু শতকোটিপ্রবিস্তরঃ।
পরং পাশুপতং যত্র ব্রতং জ্ঞানঞ্চ কথ্যতে॥ ১৩
যুগাবর্ত্তেষু শিষ্যেষু যোগাচার্য্যস্বরূপিণা।
তত্র তত্রাবতীর্ণেন শিবেনৈব প্রবর্ত্ত্যতে॥ ১৪
সংক্ষিপ্যাস্য প্রবক্তারশ্চত্বারঃ পরমর্ষয়ঃ।
রুরুর্দধীচোঽগস্ত্যশ্চ উপমন্যুর্মহাযশাঃ॥ ১৫
তে চ পাশুপতা জ্ঞেয়াঃ সংহিতানাং প্রবর্ত্ত[illegible]
তৎসন্ততীয়া গুরবঃ শতশোঽথ সহস্রশঃ।
তত্রোক্তঃ পরমো ধর্ম্মশ্চর্য্যাদ্যাত্মা চতুর্ব্বিধঃ।
তেষু পাশুপতো যোগঃ শিবং প্রত্যক্ষয়েদ্‌দৃঢ়ম্
তস্মাচ্ছ্রেষ্ঠমনুষ্ঠানং যোগঃ পাশুপতো মতঃ।
তত্রাপ্যুপায়ঃ কোঽপ্যুক্তো ব্রহ্মণঃ স তু ক[illegible]
নামাষ্টকময়ো যোগঃ শিবেন পরিকল্পিতঃ।
তেন যোগেন সহসা শৈবী প্রজ্ঞা প্রজায়তে।
প্রজ্ঞয়া পরমং জ্ঞানমচিরাল্লভতে স্থিরম্।
প্রসীদতি শিবস্তস্য যস্য জ্ঞানং প্রতিষ্ঠিতম্।
প্রসাদাৎ পরমো যোগো যঃ শিবস্যাপরোক্ষ[illegible]
শিবাপরোক্ষাৎ সংসারকারণেন বিযুজ্যতে।

শ্রুতি-মুখের অধোভাগে স্থিত। পরম ধর্ম্মে সকলেরই অধিকার থাকায় উহা সাধারণ। এই অপরম ধর্ম্ম পরম ধর্ম্মের সাধন; ইহা ধর্ম্মশাস্ত্রাদি দ্বারা সম্যক্ রূপে স্বীয় অঙ্গের সহিত পুষ্টীকৃত হইয়াছে। ঐ উভয়ের প্রথমে যে পরম ধর্ম্ম শ্রেষ্ঠানুষ্ঠান শব্দে অভিহিত হইয়াছে, উহা ইতিহাস ও পুরাণ দ্বারা কিঞ্চিন্মাত্র পুষ্টীকৃত হইয়াছে। উক্ত পরম ধর্ম্ম কেবল শৈবাগম দ্বারা স্বীয় অঙ্গ ও উপাঙ্গ-বিস্তার এবং সংস্কারাধিকারের সহিত সম্যক্ রূপে পুষ্ট হইয়াছে। ১—১০। শৈবাগমও দুই প্রকার; এক শ্রৌত অপর অশ্রৌত। যাহা বেদের অনুমোদিত, তাহাকে শ্রৌত বলা যায়; আর যাহা বেদানুমোদিত নহে,—বেদ হইতে স্বতন্ত্র, তাহার নাম অশ্রৌত। ঐ স্বতন্ত্র প্রথমে দশ প্রকার, তাহার পর আবার অষ্টাদশ প্রকারে বিভক্ত হইয়াছে। [illegible] নাম সিদ্ধান্ত [illegible] প্রসিদ্ধ। যাহা [illegible]

অবতীর্ণ হইয়া শিষ্যদিগকে ঐ ব্রত জ্ঞানের শিক্ষা প্রদান করেন। [illegible] পরম ঋষি এই শাস্ত্রের সংক্ষেপে করিয়াছেন। তাঁহাদের নাম যথা; দধীচ, অগস্ত্য এবং মহাযশা উপমন্যু [illegible] পশুপতির উপাসক এবং পাশুপত [illegible] সমূহের প্রবর্ত্তক। ইঁহাদিগের [illegible] সহস্র গুরু উৎপন্ন হইয়াছেন। [illegible] শাস্ত্রে চর্য্যাদিরূপ চারি প্রকার পরম [illegible] হইয়াছে। তাহাদের মধ্যে পাশুপ[illegible] শিবকে সাক্ষাৎ প্রত্যক্ষ করাইয়া দে[illegible] নিমিত্ত পাশুপত যোগই শ্রেষ্ঠ অনুষ্ঠা[illegible] মধ্যে ব্রহ্মা যে একটী উপায় বলিয়াছে[illegible] তাহার কীর্ত্তন করিতেছি। নামাষ্টক[illegible] মহাদেব কর্ত্তৃক পরিকল্পিত হইয়াছে [illegible] যোগদ্বারা সহসা শিববিষয়ক প্রজ্ঞা উ[illegible] ঐ প্রজ্ঞা দ্বারা অচিরকাল মধ্যে [illegible] জ্ঞানের লাভ হয়। যাহার জ্ঞান [illegible] হয়, শিব তাহার উপর প্রসন্ন হন। [illegible] শিবের প্রসাদ হইতে পরম যোগ [illegible] শিবকে অপরোক্ষ [illegible]

মুক্তসংসারো মুক্তঃ শিবসমো ভবেৎ ॥২১
হেশ্বরশ্চৈব রুদ্রো বিষ্ণুঃ পিতামহঃ।
বেদ্যঃ সর্ব্বজ্ঞঃ পরমাত্মেতি মুখ্যতঃ ॥২২
মিদং নিত্যং শিবস্য প্রতিপাদকম্ ॥২৩
পঞ্চকং তত্র শাস্ত্যতীতাদ্যনুক্রমাৎ।
াশিবাদীনাং পঞ্চোপাধিপরিগ্রহাৎ ॥২৪
নিবৃত্তৌ তু যথাস্বং বিনিবর্ত্ততে।
ং তন্নিত্যমনিত্যাঃ পদিনঃ স্মৃতাঃ ॥২৫
পরিবৃত্তৌ তু মুচ্যন্তে পদিনো যতঃ।
ন্তরে ভূয়ঃ পদপ্রাপ্তিরুপাধিনা ॥ ২৬
াভিধানং স্যাদ্যদাদ্যং নামপঞ্চকম্।
ত্রিতয়ং নাম্নামুপাদানাদিযোগতঃ ॥ ২৭
াধিবচনাচ্চৈব এবানুবর্ত্ততে।
মসংশ্লেষ-প্রাগভাবাৎ স্বভাবতঃ ॥ ২৮
শুদ্ধাত্মেত্যতোঽয়ং শিব উচ্যতে।

অথবা শেষকল্যাণ-গুণৈকঘন ঈশ্বরঃ ॥ ২৯
শিব ইত্যুচ্যতে সদ্ভিঃ শিবতত্ত্বার্থবেদিভিঃ।
ত্রয়োবিংশতিতত্ত্বেভ্যঃ পরা প্রকৃতিরুচ্যতে ॥ ৩০
প্রকৃতেস্তু পরং প্রাহুঃ পুরুষং পঞ্চবিংশকম্।
যং বেদাদৌ স্বরং প্রাহুর্বাচ্য-বাচকভাবতঃ ॥ ৩১
বেদৈকবেদ্যযাথাত্ম্যাদ্বেদান্তে চ প্রতিষ্ঠিতঃ।
স এব প্রকৃতৌ লীনো ভোক্তা যঃ প্রকৃতের্মতঃ ॥
তস্য প্রকৃতিলীনস্য যঃ পরঃ স মহেশ্বরঃ।
তদধীনপ্রবৃত্তিত্বাৎ প্রকৃতেঃ পুরুষস্য চ ॥ ৩৩
অথবা ত্রিগুণং তত্ত্বং মায়েয়মিদমব্যয়ম্।
মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনস্তু মহেশ্বরম্।
মায়াবিক্ষোভকোঽনন্তো মহেশ্বরসমন্বয়াৎ ॥ ৩৪
রুদ্দুঃখং দুঃখহেতুর্বা তদ্রাবয়তি নঃ প্রভুঃ।
রুদ্র ইত্যুচ্যতে সদ্ভিঃ শিবঃ পরমকারণম্ ॥ ৩৫
শিবতত্ত্বাদি-ভূম্যন্তং শরীরাদি ঘটাদি চ।

হইলে, সংসার কারণের বিনাশ হয়।
সে, সংসার হইতে মুক্ত হয় এবং
ক্ত ব্যক্তি শিবের তুল্য হয়। নামাষ্টক
, মহেশ্বর, রুদ্র, বিষ্ণু, পিতামহ,
, সর্ব্বজ্ঞ ও পরমাত্মা। এই
সর্ব্বদা প্রধানত মহাদেবের প্রতি-
াহাদের প্রথম পাঁচটী শান্ত্যতীতাদি-
মে পাঁচ প্রকার উপাধির পরিগ্রহ-
িব প্রভৃতির সংজ্ঞা। উপাধির
তাঁহাদেরও যথাযথ নিবৃত্তি হয়;
নিত্য এবং পদের অধিকারিগণ
য়া কথিত হইয়াছেন। পদের
াধিকারীদিগের মুক্তি হয় এবং
পুনর্ব্বার মায়াযোগে পদপ্রাপ্তি
চটী নাম কেবল আত্ম-বিশেষের
অবশিষ্ট তিনটী মায়াবলম্বনাদি-
াগিক। তিন প্রকার উপাধির
ঐ তিনটী নাম দ্বারা সাক্ষাৎ
নুবৃত্তি হইতেছে; কারণ

এজন্য শিব বলিয়া অভিহিত হন। অথবা
অশেষবিধ কল্যাণ গুণ যাঁহাতে অতিশয় ঘনী-
ভূত অবস্থায় অবস্থিত, সেই ঈশ্বরই শিবতত্ত্ব-
বেদী পণ্ডিতগণ কর্তৃক শিব বলিয়া অভিহিত
হন। প্রকৃতি ত্রয়োবিংশতি তত্ত্ব হইতে স্বতন্ত্র
একটী তত্ত্ব। যাহা প্রকৃতি হইতেও পর, সেই
পঞ্চবিংশক তত্ত্বকে পণ্ডিতেরা পুরুষ বলিয়া
...ন্য পাপীর ক্লেশজাত শুনিয়াও বধিরের ন্যায় ...করে না, অর্থাৎ পাপ করিতে ক্ষান্ত হয় ... এ মনুষ্যলোকে অন্ধগণ যেরূপ সকল ...র্থ দর্শনে অক্ষম, পাপিগণও তদ্রূপ ...নিবে। মহাদেব পার্ব্বতীর নিকট বলিলেন, ...তুল্য-তেজোময়, অতএব তমোগুণাতীত ...মহাপুরুষকে আমি অবগত আছি, সে মহা-...ষকে জানিতে পারিলে মৃত্যুভয় অতিক্রম ...যায়, সে পুরুষের জ্ঞান ব্যতিরেকে পরম ...লাভের অন্য পথ নাই। তেজঃপ্রাপ্তির সকল উৎকৃষ্ট নিয়ম, এই তোমার নিকট পূর্ণরূপে কথিত হইল. যোগিগণ যেরূপে ...্যুভয় জয় করত অমরত্ব লাভ করেন, দেবি! তোমার নিকট তাহা পুনর্ব্বার ...কৃষ্টরূপে বলিতেছি, শ্রবণ কর। ধ্যান-...রণ যোগিগণের জল হইতে কখনই ...ভয় হয় না। যোগিগণ বিহিত ...ম আসনে উপবেশনপূর্ব্বক মনকে বিষয় ...তে নিবৃত্ত করত, দীর্ঘকায় হইলেও কর-...ট করিয়া বিস্তৃত ওষ্ঠ দ্বারা অল্প অল্প পরি-...ণ বায়ু ভক্ষণ করিবে, তাহা হইলে দীর্ঘ-...প্রদ জলরাশি তালুদ্বয় হইতে ক্ষরণ হইতে ...; ঐ জল পান করত অবস্থিতি করিবে। সে জল ঘ্রাণ করিবে এবং বায়ুর সহিত গ্রহ... করিয়া ঐ অমৃতস্বরূপ জল প্রতিদিন পা... করিলে পর, মৃত্যুভয় হইতে মুক্ত হওয়া যায় যে ব্যক্তি ঐরূপ জল পান করে, সে সুন্দর দেহ উৎকৃষ্ট তেজস্বী এবং পিপাসা ও ক্ষুধ... রহিত হইবে, তাহাতে সন্দেহ নাই। ... ব্যক্তি হস্তিতুল্য বলবান্, অশ্বতুল্য বেগগামী পক্ষিগণের ন্যায় দূরদর্শী, দূর হইতে শ্রব... শক্তিসম্পন্ন, ঈষৎবক্র গোলাকৃতি কৃষ্ণ... কেশরাশিযুক্ত এবং গন্ধর্ব্ব ও বিদ্যাধরতু... রূপবান্ হয়। ৭২—৮০। সে মনুষ্য দে... পরিমাণে একশত বৎসর জীবিত থাকে, বৃ...স্পতির তুল্য পণ্ডিত হয়। হে বরাননে পুনর্ব্বার অন্য প্রকার বিধান বলিতেছি, যা... দেবগণেরও গোপনীয়, তাহা বিশেষ যত্নস...কারে শ্রবণ কর। যোগী ব্যক্তি জিহ্বা... তালুর মধ্যে প্রবিষ্ট করত যোগ্যাভ... করিবে, ক্রমে ক্রমে কিছু কাল ... লম্বিকা লাভে সামর্থ্য হয়। ঐরূপে জি... দ্বারা তালু স্পর্শ করিলে পর, ঐ জি... হইতে শীতল সুধা ক্ষরিত হইতে থাকে যোগিগণ ঐ সুধা নিরন্তর পান করিতে ক...

ম্বরধরঃ স্রগ্বী গন্ধধূপাদিবাসিতঃ ॥ ৩
রেম্মে মহামন্ত্রং সর্ব্বকামফলপ্রদম্।
ুকং পিণ্ডভূতং স্বাং ছায়াং স্বং নিরীক্ষয়েৎ
তাং পুনরাকাশে শ্বেতবর্ণস্বরূপিণম্।
ঃত্যেকভাবস্থ শিবং পরমকারণম্।
ত্যাদিকৈঃ পাপৈর্ম্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৫
াহীনং যদা পশ্যেৎ ষড়্ভির্মাসৈর্ভবেন্ন সঃ।
ৎকান্তরং তস্য বিদ্যতে যোগিনস্তথা ॥ ৬
ধর্ম্মং বিজানীয়াৎ কৃষ্ণে পাপং বিনির্দ্দিশেৎ
বন্ধং বিজানীয়াৎ পীতে বিদ্বেষমাদিশেৎ ॥৭
হৌ বন্ধুনাশঃ স্যাদ্বিভুণ্ডে চৈব ক্ষুন্তরম্।
টৌ নশ্যতে ভার্য্যা বিজঙ্ঘে ধনমেব হি ॥ ৮
য়ৈর্ব্বি বিদেশঃ স্যাদিত্যেতৎ কথিতং ময়া ॥৯

সম্যক্ তং পুরুষং দৃষ্ট্বা সন্নিবেশ্যাত্মনাত্মনি।
জপেন্নবাত্মকং মন্ত্রং হৃদয়ং মে মহেশ্বরি ॥ ১০
বৎসরে বিগতে মন্ত্রী ভস্মাস্তি যন্ন সাধয়েৎ।
অণিমাদিগুণাস্বষ্টৌ খেচরত্বং প্রপদ্যতে ॥ ১১
পুনরন্যং প্রবক্ষ্যামি শক্তিং জ্ঞাতুং দুরাসদাম্।
প্রত্যক্ষং দৃশ্যতে লোকে জ্ঞানিনামগ্রতঃ স্থিতাম্ ॥
অজ্ঞেয়া লিখ্যতে লোকে যা সর্পী কৃতকুণ্ডলী।
সা মাত্রাপানসংস্থাপি দৃশ্যতে ন চ পঠ্যতে ॥ ১৩
ব্রহ্মাণ্ডমূর্দ্ধ্নি গায়ত্রী স্তুতা বেদৈস্তু নিত্যশঃ।
জননী সর্ব্ববিদ্যানাং গুহ্যবিদ্যেতি গীয়তে ॥ ১৪
খেচরা সা বিনির্দ্দিষ্টা সর্ব্বপ্রাণিষু সংস্থিতা।
দৃশ্যাদৃশ্যাচলা নিত্যা ব্যক্তাব্যক্তা সনাতনী ॥ ১৫

নি! সূর্য্য এবং চন্দ্রকে পশ্চাদবস্থিত করত বস্ত্র পরিধানপূর্ব্বক মাল্যধারণ করিয়া গন্ধ এবং ধূপ-গন্ধ দ্বারা উপবেশন-স্থান সিত করত সকল অভীষ্টদায়ক আমার ক্ষর মন্ত্রবর উত্তমরূপে জপ করিবে, তাহা লে ক্ষিত্যাদি পঞ্চভূত এবং অন্তঃকরণ তি চতুষ্টয়, এনয় পদার্থসংযুক্ত স্বীয় দেহকে াকার করত নিজ ছায়াকে দর্শন করিবে। ছায়াকে আকাশে শ্বেতবর্ণ দর্শন করত পরম ণস্বরূপ শিবমন্ত্র পাঠ করিলে পর, ব্রহ্মহত্যা ৃতি সমস্ত পাপ হইতে মুক্ত হইবে, তাহাতে শয় নাই। যখন মস্তকশূন্য আত্মচ্ছায়া খিবে, ছয় মাস মধ্যে তাহার মৃত্যু হইবে। যোগী পুরুষ সমস্ত অবয়বযুক্ত ছায়া দর্শন , তাহার কোন ভয় থাকে না। যদ্যপি বর্ণ ছায়া হয়, ধর্ম্মলাভ হয় জানিবে; কৃষ্ণ- ছায়া হইলে পাপ সঞ্চয় হইবে, ইহা নিশ্চয় নিবে। রক্তবর্ণ ছায়া হইলে বন্ধনভয় নিরূ- করিবে। পীতবর্ণ ছায়া হইলে, লোকের ত শত্রুতা হয় জানিবে। বাহুশূন্য ছায়া লে বন্ধুনাশ অবধারণ করিবে। মুখশূন্য ছায়া লে ভোজনদ্রব্যের অভাবপ্রযুক্ত ক্ষুধাভোগ তে হইবে। কটিশূন্য ছায়া হইলে ভার্য্যা- হয়। জঙ্ঘাশূন্য ছায়া হইলে ধনক্ষয় হয়।

চরণদ্বয়-বর্জ্জিত ছায়া হইলে বিদেশ গমন হয়। এ সমস্ত আমি তোমার নিকট কহিলাম। সমস্ত অবয়বযুক্ত আত্মচ্ছায়াকে দর্শন করিলে পর, মন দ্বারা আত্মদেহকে সংনিবেশিত করত, হে মহেশ্বরি! আমার হৃদয়স্বরূপ নবাক্ষর মন্ত্র জপ করিবে। ১—১০। এক বৎসর ব্যাপিয়া ঐ মন্ত্র জপ করিলে পর, পৃথিবীতে এমন বস্তু নাই, যাহা সিদ্ধ না হয়; অণিমা প্রভৃতি অষ্টগুণের প্রাপ্তি হয় এবং (পাদুকা- সিদ্ধ হইয়া) আকাশপথে গমনাগমন করিবার ক্ষমতা জন্মে। দুষ্প্রাপ্য শক্তি জানিবার নিমিত্ত পুনর্ব্বার অন্যপ্রকার বলিতেছি, শ্রবণ কর। ভবিষ্যৎ বিষয় জ্ঞানিগণের প্রত্যক্ষগোচর হয়। সর্পাকারকৃত কুলকুণ্ডলিনীশক্তি অজ্ঞেয় হইলেও ব্যবহার বিষয় হইয়া থাকে; সে কুলকুণ্ডলিনী অপানদেশস্থিত হইলেও তাহাকে দর্শন করা যায় না। সে কুলকুণ্ডলিনীই ব্রহ্মাণ্ডের মস্তক- স্থিত, নিরন্তর সকল বেদবাক্য দ্বারা স্তুত, সকল বিদ্যার উৎপত্তি-কারণ এবং অতি গোপনীয় বিদ্যা গায়ত্রী বলিয়া উক্ত হইয়া- ছেন। সেই সনাতনী কুলকুণ্ডলিনী আকাশ- চারিণী হইলেও সকল প্রাণিস্থিত; যোগি- গণের দৃশ্য হইলেও অজ্ঞগণের অদৃশ্য; গতিশক্তিযুক্ত হইলেও নিত্য; যোগিগণের নিকট ব্যক্ত হইলেও মূঢ়গণের নিকট

অথর্ব্বা বর্ণসংযুক্তা প্রোচ্যতে বিন্দুমালিনী।
তাং পশ্যন্ সর্ব্বদা যোগী কৃতকৃত্যোঽভিজায়তে ॥
সর্ব্বতীর্থকৃতস্নানাদ্বেদানঞ্চ যৎ ফলম্।
সর্ব্বযজ্ঞফলং যচ্চ মালিন্যা বর্ণনাৎ সদা ॥ ১৭
প্রাপ্নোতি তত্র সন্দেহঃ সত্যঞ্চ কথিতং ময়া ॥১৮
সর্ব্বতীর্থেষু যঃ স্নাত্বা দত্ত্বা দানানি সর্ব্বশঃ।
সর্ব্বযজ্ঞে দেবি যজ্ঞানাং যৎফলং তল্লভেৎ পুমান্
তস্মাজ্জ্ঞানং তথা যোগমভ্যসেৎ সততং বুধঃ।
অভ্যাসাজ্জায়তে সিদ্ধির্যোগোঽভ্যাসাৎ প্রবর্ত্ততে
সংবিত্তিলভ্যতে তেঽভ্যাসাদ্যোগাৎ জ্ঞানাৎ সমশ্নুতে
ইত্যেতৎ কথিতং দেবি ভুক্তিমুক্তিফলপ্রদম্।
কিমন্যৎ পৃচ্ছসে দেবি বদ সত্যং ব্রবীমি তে ॥২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
ছায়াপুরুষপরিজ্ঞানকথনেহষ্টচত্বা-
রিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

একোনপঞ্চাশোঽধ্যায়।

দেব্যুবাচ।

জ্ঞাননিষ্ঠাস্তপোনিষ্ঠাঃ পঞ্চাগ্নিব্রহ্মচারিণঃ।
দৃশ্যন্তে বিবিধা লোকে কা চৈষামুত্তমা গতিঃ।
এতৎ সর্ব্বং সমাখ্যাহি যদি তুষ্টোঽসি মে প্রভো
শঙ্কর উবাচ।
শৃণু দেবি প্রবক্ষ্যামি যাথাতথ্যং বরাননে ॥২
পুষ্করে পর্ব্বতে কো বা ত্রিবিধো বর্ত্ততে সদা।
উত্তমাধমমধ্যা বা নোত্তমো বর্ত্ততে ন ॥ ৩
আত্মযোগে ন জানন্তি পাপপুণ্যানি বিচক্ষণাঃ
স্থাবরাঃ পক্ষিণশ্চৈব চতুষ্পাদাঃ কৃমীশ্বর ॥ ৪

যথাক্ত : অরূপাঃরূপে উপাস্য হইলেও বর্ণ-
ময়ী। শিরস্থ পদ্ম হইতে চ্যুত অমৃতবিন্দু-
স্রুতিহেতু বিন্দুমালিনী সেই কুণ্ডলিনীকে যোগি-
গণ অবগত আছেন বলিয়া সকল বিষয়ে কৃত-
কার্য্য হইয়াছেন সকল তীর্থে স্নান করত
দান করিয়া যে ফললাভ হয় এবং অশ্বমেধ
প্রভৃতি যজ্ঞ করিয়া যে ফলপ্রাপ্তি হয়, কুল-
কুণ্ডলিনী জানিলে সে ফল লাভ হয়, ইহাতে
সন্দেহ নাই ; ইহা আমি সত্য বলিলাম।
সর্ব্বতীর্থে অবগাহনপূর্ব্বক সকল প্রকার দান
করত এবং হে দেবি ! সকল যজ্ঞ করিয়া
মনুষ্য যে ফল লাভ করে, ঐ সকল ফল হইতে
শ্রেষ্ঠ যোগাভ্যাস দ্বারা জ্ঞানলাভ হয়। এজন্য
নিরন্তর পণ্ডিতগণ যোগাভ্যাস করিয়া থাকেন।
যোগাভ্যাস করিলে সিদ্ধিলাভ হয় এবং
যোগাভ্যাস দ্বারা অপ্রত্যক্ষ বস্তু সকল প্রত্যক্ষ
হয়। যোগিগণ যোগাভ্যাস দ্বারা মুক্তিলাভ
করেন। হে দেবি ! তোমার নিকট ভুক্তি
এবং মুক্তিফলপ্রদ যোগতত্ত্ব বলিলাম, আর কি
জিজ্ঞাসা করিতে ইচ্ছা কর ? হে দেবি !
তোমার নিকট সত্য করিয়া বলিতেছি, শ্রবণ
কর। ১১—২১

অষ্টচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৮ ॥

একোনপঞ্চাশ অধ্যায়

দেবী মহাদেবের নিকট জিজ্ঞাসা করিলেন
কতকগুলি লোক জ্ঞাননিষ্ঠ অর্থাৎ যোগাভ্যাস
নিরত ও কতকগুলি লোক তপোনিষ্ঠ অর্থাৎ
বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বনপূর্ব্বক তপস্যা করিতেছে
এবং কতকগুলি লোক ব্রহ্মচর্য্য করিয়া পঞ্চাগ্নি
ব্রত করিতেছে, এরূপ নানাপ্রকার লোক
দেখা যায়, ইহার মধ্যে উত্তম পথ কোন্‌টী, হে
প্রভো ! যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া
থাকেন, তাহা হইলে আমার নিকট বলুন।
শঙ্কর বলিলেন, হে দেবি ! হে বরাননে !
ঐ বিষয়ের নিগূঢ় তত্ত্ব বলিতেছি, তাহা তুমি
শ্রবণ কর। পুষ্কর-তীর্থে, হিমালয়াদি পর্ব্বতে
এবং পৃথিবীতে উত্তম, অধম এবং মধ্যম এ
ত্রিবিধ লোক আছে। যদি বল, উত্তম কে ?
যে ব্যক্তি জ্ঞানের নিমিত্ত যত্নবান্ তাহাকেই
উত্তম বলা যায়। অধম—অজ্ঞানী মূঢ় ; মধ্যম
—গৃহস্থ-ধর্ম্মপরায়ণ। কিন্তু মনুষ্যসমূহ মধ্যে
উত্তম অর্থাৎ জ্ঞানী নাই বলিলে অত্যুক্তি হয়
না ; অজ্ঞানী লোক পাপ-পুণ্যের ফল দেখিয়া

।নবাঃ স্বর্গমিচ্ছন্তি মোক্ষমিচ্ছন্তি দেবতাঃ।
|জ্ঞৈর্দানৈস্তপোভিস্তু স্বর্গঃ সম্প্রাপ্যতে কিল ॥৫
ত্রস্থা মোক্ষমিচ্ছন্তি মানবাঃ পতনাত্তুতঃ।
মাক্ষমিচ্ছেৎ সদা দেবি সর্ব্বদানন্দদায়কম্ ॥ ৬
দ্রহ্মা বিষ্ণুরহং দেবি বদ্ধাঃ স্ম কর্ম্মণা সদা।
কামক্রোধাদিভির্দোষৈস্তস্মাৎ সর্ব্বে অনীশ্বরাঃ ॥৭
চ্যন্তে কর্ম্মণঃ সঙ্গাজ্ জ্ঞানিনো মোক্ষতৎপরাঃ।
।াপ্নুবন্তি ন চেৎ তাস্তু জ্ঞানাবাপ্তিস্তু যোগিনঃ ॥৮
। গতিঃ পুণ্যশীলানাং যজ্বনাঞ্চ তপস্বিনাম্।
দি নো জ্ঞানাবাপ্তিঃ স্যাদ্‌যোগশাস্ত্রাণি যত্নতঃ ॥৯
শ্রোতব্যানি পৌরাণং শাস্ত্রং তচ্ছ্রূয়তে সদা।
পাপং সংক্ষীয়তে নিত্যং ধর্ম্মশ্চৈব বিবর্দ্ধতে ॥১০
ক্রমাজ্ জ্ঞানফলাবাপ্তির্ন সংসারং প্রপদ্যতে।
অতএব পুরাণানি শ্রোতব্যানি প্রযত্নতঃ ॥ ১১
ধর্ম্মার্থ-কামলাভায় মোক্ষমার্গাপ্তয়ে তথা।
যজ্ঞৈর্দানৈস্তপোভিস্তু যৎ ফলং তীর্থসেবয়া ॥ ১২
তৎ ফলং সমবাপ্নোতি পুরাণশ্রবণান্নরঃ।
ন ভবেয়ুঃ পুরাণানি ধর্ম্মমার্গেক্ষণানি তু ॥ ১৩
যদ্যত্র পদ্ধতী স্যাতামিহ-পারত্রিকী কথম্ ॥ ১৪

বেদেন দৃষ্টো জগতাং হি মার্গঃ
পৌরাণধর্ম্মো হি সদা বরিষ্ঠঃ।
শাস্ত্রং বিনা সর্ব্বমিদং বিভাতি
সূর্য্যেণ হীনস্থিব জীবলোকঃ ॥ ১৫

আদিসর্গাশ্চ পৌরাণে বংশ-মন্বন্তরাণি চ।
দানানি নিয়মাশ্চৈব এতদুক্তং স্বয়ম্ভুবা ॥ ১৬
ষট্‌ত্রিংশতিপুরাণানামত একং শৃণোতি যঃ।

নাপনার মঙ্গলের নিমিত্ত চেষ্টা করে না; কিন্তু স্থাবর-পদার্থ পর্ব্বতাদি, ইহারাও আপনার স্থিতিশক্তির চেষ্টা করে; চতুষ্পাদ গো-মহিষাদি প্রাণিগণ বাক্‌শক্তির নিমিত্ত চেষ্টা করিয়া থাকে। যাকে (উচ্চপদ প্রার্থনা করিয়া থাকে, তাহাই বলিতেছেন।) মনুষ্যগণ যাগযজ্ঞাদি দ্বারা স্বর্গলাভ ইচ্ছা করে, দেবগণ মুক্তিলাভ ইচ্ছা করেন। যজ্ঞ, দান এবং তপস্যা দ্বারা স্বর্গলাভ হইয়া থাকে, ইহা নিশ্চিত জানিবে। স্বর্গবাসী মনুষ্যগণ তাহা হইতে পতনভয়প্রযুক্ত মুক্তি ইচ্ছা করে। হে দেবি! সর্ব্বদা আনন্দপ্রদ মুক্তি, তাহার নিমিত্ত নিরন্তর চেষ্টা করিবে; অর্থাৎ যোগাভ্যাস দ্বারা জ্ঞানী হইবে। ব্রহ্মা বিষ্ণু এবং আমিও স্বীয় কর্ম্মপাশ দ্বারা সর্ব্বদা বদ্ধ রহিয়াছি, যেহেতু আমরা কাম, ক্রোধ প্রভৃতি রিপুগণের বশতাপন্ন হইয়া তদনুরূপ কার্য্য করিয়া থাকি; অতএব নিশ্চয় জানিবে, সকলেই পরাধীন অর্থাৎ কাম, ক্রোধ প্রভৃতির বশতাপন্ন। মুক্তিপরায়ণ যোগিগণ যদ্যপি কদাচিৎ জ্ঞান-মুক্তিলাভে সমর্থ না হন, তথাপি নিয়ত কর্ম্মপাশ হইতে মুক্তি লাভ করিয়া থাকেন। যাগ-যজ্ঞ এবং তপস্যা প্রভৃতি পুণ্য-কার্য্যকরণশীল ব্যক্তিগণের যে গতি লাভ হয়, তাহা অকর্ম্মীর হয় না; যদ্যপি যোগিগণ অনির্ব্বচনীয় প্রতিবন্ধকতা বশত জ্ঞানলাভে সক্ষম না হয়, তথাপি [illegible]

করিবে এবং পুরাণশাস্ত্র শ্রবণ করিবে; এ সকল কার্য্য করিলে পাপক্ষয় হয় এবং নিরন্তর ধর্ম্মসঞ্চয় হয় জানিবে। ১—১০। যোগ-শাস্ত্রের আলোচনা এবং পুরাণ শ্রবণ করিলে ক্রমাধীন জ্ঞান লাভ হয় এবং সংসারসমুদ্র হইতে উদ্ধার প্রাপ্ত হয়, এ নিমিত্ত সর্ব্বদা যত্নপূর্ব্বক পুরাণ শ্রবণ করিবে। পুরাণ শ্রবণ করিলে ধর্ম্ম, অর্থ, কাম এবং মুক্তিলাভ হয়। যজ্ঞ, দান, তপস্যা এবং তীর্থপর্য্যটন করিলে যে ফল লাভ হয়, পুরাণ শ্রবণ করিলে ঐ ফল-প্রাপ্তি হয় জানিবে। যদ্যপি পুরাণ-শাস্ত্র ধর্ম্ম-পথপ্রকাশক না হয, তাহা হইলে, পরলোকের কি সদুপায় হইবে? বেদশাস্ত্রেই জগতের পথ দর্শিত হইয়াছে, পৌরাণিক ধর্ম্মই সর্ব্বথা শ্রেষ্ঠ। সূর্য্য না থাকিলে এ জীবলোকে যেরূপ অন্ধকারময় হয়, সেইরূপ শাস্ত্র ব্যতিরেকে এ জগৎ শূন্যময় প্রকাশ পায় জানিবে। সৃষ্টি-প্রকরণ, বংশবর্ণন, মন্বন্তর-নিরূপণ, দানধর্ম্ম এবং ব্রত-নিয়মের অনুষ্ঠান, পুরাণ-শাস্ত্রে এ সমস্ত কথিত হইয়াছে। মহাপুরাণ এবং উপপুরাণ উভয় মিলিয়া ছত্রিশ খানি আছে; [illegible]

পঠেদ্বা ভক্তিযুক্তস্তু শৃণু তস্যাপি যৎ ফলম্ ॥ ১৭
অরণ্যে যোহপ্যধীয়ানশ্চাতুর্ব্বিধ্যং ফলং লভেৎ।
যজ্ঞৈর্দানৈস্তপোভিস্তু দেবি তৎপঠনাদতঃ ॥ ১৮
এতৎ তে কথিতং দেবি সুধাবারিফলং হি তৎ।
ধর্ম্মশাস্ত্রং হি শ্রোতব্যং সর্ব্বধর্ম্মফলপ্রদম্ ॥ ১৯

সূত উবাচ।

এতদ্বঃ কথিতং ধর্ম্মং যথা দেবেন ভাষিতম্।
যৎ পৃচ্ছথৎ হি ভবন্তঃ কথয়ামি পুরাতনম্ ॥ ২০

শৌনক উবাচ।

পাদাদি মস্তকং যাবদ্দেবানাং পূজ্যতে সদা।
শঙ্করস্য কথং কস্মাল্লিঙ্গং শংসয় মে সদা।
এতদেব স্তুতি সর্ব্বং হি যদি জানাসি তত্ত্বতঃ ॥ ২১

সূত উবাচ

সনৎকুমারেণ পুরা যদুক্তং মুনিসত্তমাঃ।
তদ্বক্ষ্যামি মতং ভূয়ঃ পারাশর্য্যস্য পৃচ্ছতঃ ॥ ২২
একার্ণবে পুরা ভূতে নষ্টে স্থাবরজঙ্গমে।
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ সমুৎপন্নাস্তদা কিল ॥ ২৩
অব্যক্তাদিগতিস্তেষাং ন জানন্তি মনীষিণঃ ॥ ২৪
পৃথিবী গতিঃ পূর্ব্বেষাং নষ্টা স্থাবরজঙ্গমাঃ।
বায়ুস্তীব্রঃ সমুৎপন্নো শোষয়ন্ সপ্ত সাগরান্ ॥ ২৫
সংশুষ্কাঃ সর্ব্বতশ্চাপো বিনষ্টা জঙ্গমাস্তথা।
স্থাবরাশ্চ ততঃ সর্ব্বে সংশুষ্কাঃ ক্রমশঃ কিল ॥ ২৬
তস্মৌ প্রাদুর্ভূতঃ সূর্য্য একোহভূদ্দ্বিতীয়ঃ কিল
দক্ষিণস্যাং সমাশ্রিত্য ভয়দায়ী করৈস্তুঃ ॥ ২৭
শোষয়ন সর্ব্বতোয়ানাং প্রদহন চরাচরম্
পশ্চিমায়াং ততস্তস্থৌ তৃতীয়ঃ [illegible] ॥ ২৮
প্রদহন্ স্বং চতুর্থশ্চ উদিতঃ সচরাচরম্
উপস্থিতাং [illegible] ॥ ২৯

কিম্বা ভক্তিভাবে পাঠ করে, তাহার যে ফললাভ হয়, তাহা শ্রবণ কর। অরণ্যে বসিয়া যে ব্যক্তি পুরাণ অধ্যয়ন করে, তাহার চতুর্ব্বেদে ফল লাভ হয়; হে দেবি! যজ্ঞ, দান এবং তপস্যা দ্বারা যে ফললাভ হয়, পুরাণ-পাঠেও সে ফলপ্রাপ্তি হয় জানিবে। হে দেবি! অমৃত-প্রাপ্তি তুল্য পুরাণপাঠ ও শ্রবণের ফল তোমার নিকট কথিত হইল, সকল ধর্ম্মফলপ্রদ ধর্ম্মশাস্ত্র শ্রবণ করা কর্ত্তব্য। উগ্রশ্রবানামক সূত শৌনকাদি ঋষিগণের নিকট বলিলেন, মহাদেব পার্ব্বতীর নিকট যেরূপ বলিয়াছেন, আমিও আপনাদিগের নিকট ধর্ম্মতত্ত্ব সেইরূপ বলিলাম। এক্ষণে আপনারা যাহা জিজ্ঞাসা করিলেন, আমিও পুনর্ব্বার সেই পুরাণবার্ত্তা বলিতেছি, শ্রবণ করুন। ১১—২০। শৌনক-ঋষি সূতের নিকট বলিলেন, দেবতাদিগের চরণ হইতে মস্তক পর্য্যন্ত সমস্ত অঙ্গ মনুষ্যগণ সর্ব্বদা পূজা করিয়া থাকে, কিন্তু মহাদেবের কেবল লিঙ্গ কি নিমিত্ত সর্ব্বদা মনুষ্যগণ পূজা করে, ইহা আমার নিকট প্রকাশ কর। হে সূত! যদি তুমি এ বিষয়ের তত্ত্ব জ্ঞাত থাক, তাহা হইলে তাহা আমার নিকট বল। সূত বলিতে লাগিলেন, হে মুনিগণ! পূর্ব্বকালে মহামুনি ব্যাস কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া সনৎকুমার মুনি যেরূপ বলিয়াছেন, আমি উহার অভিপ্রেত কথা পুনর্ব্বার বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বকালে স্থাবর জঙ্গম প্রভৃতি সকল বস্তুর অভাব প্রযুক্ত এ জগৎ জলময় হইয়াছিল, তৎকালে ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব জল হইতে উত্থিত হন, পণ্ডিতগণও ইহাদিগের অব্যক্তগতি অবগত নহেন। স্থাবর এবং জঙ্গম পদার্থ না থাকাতে পূর্ব্বকালীন লোকদিগের পৃথিবী মাত্র অবলম্বন ছিল। তৎকালে অত্যন্ত ভয়ানক বায়ু উত্থিত হইয়া সপ্তসাগর শুষ্ক করিয়াছিল। সাগর পর্য্যন্ত শুষ্ক হওয়াতে সমস্ত জল অদৃশ্য হওয়ায় জঙ্গম পদার্থমাত্রেই বিনষ্ট হইয়া গেল এবং স্থাবর পদার্থমাত্রেই ক্রমশঃ বিলয় প্রাপ্ত হইল। সেইকালে এক সূর্য্য দ্বাদশ ভাগে বিভক্ত হইলেন; পূর্ব্বদিকে প্রথম এক মূর্ত্তি, দক্ষিণদিকে অত্যন্ত ভয়ানক কিরণযুক্ত দ্বিতীয় মূর্ত্তি, পশ্চিমদিকে তৃতীয় মূর্ত্তি সমস্ত তোয়রাশি শুষ্ক করত স্থাবর জঙ্গম প্রভৃতি সমস্ত পদার্থ দগ্ধ করিয়া ফেলিলেন, উত্তরদিকে চতুর্থ মূর্ত্তি সমস্ত পদার্থ দগ্ধ করিয়া উদিত হইলেন, এবং উপস্থিত অষ্টভাগে বিভক্ত হইয়া উদিত হইলেন। এ

যাহসাবিহ সমাখ্যাতো রুদ্রঃ কালাগ্নিসংস্থিতঃ।
নিমুত্তস্থৌ স পাতালাং পূরয়ন্ সর্ব্বতো দিশম্॥৩০
ঊর্দ্ধং তির্য্যক্ স পাতালং দগ্ধ্বা সর্ব্বমশেষতঃ।
উদারঃ সর্ব্বতো জ্ঞেয়ঃ স্বং ধাম পূর্ব্বনির্ম্মিতম্॥
ততো মেঘাঃ সমুত্তস্থুর্বর্ষন্তঃ সর্ব্বতোদিশম্।
ততস্তে পৃথিবীং সর্ব্বাং সংপ্লাব্যাস্থিদিশস্তদা॥৩২
নিমমজ্জুশ্চ তত্রৈব একার্ণবমভূজ্জগৎ।
ন ধরা ন দিশস্তত্র তস্তরা পুষ্করং তদা॥৩৩
জ্ঞায়তে কিংশ্চিদেবেহ কবন্ধপরিপূরিতে।
উদভ্রমধ্যে গতাস্তস্থুস্ত্রয়ো দেবাঃ সনাতনাঃ॥৩৪
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ অব্যক্তগতয়স্তু তে।
ততস্তাবূচতুঃ শর্ব্বং জ্বলিতং তিগ্মতেজসম্॥৩৫
রৌদ্রীং শক্তিং সুবিভ্রাণং তং ক-বিষ্ণু প্রণম্য হ
প্রভুস্ত্বং সর্ব্বতোঽস্মাকং কুরু সৃষ্টিং যথেচ্ছয়া॥৩৬

রূপে সূর্য্যের দ্বাদশ মূর্ত্তি প্রকাশ হইল। যিনি কালাগ্নি নামে বিখ্যাত, ইনিই রুদ্র বলিয়া লোক কর্ত্তৃক কথিত হইয়া থাকেন। ঐ রুদ্র নিজ তেজ দ্বারা সমস্ত দিক্ পরিপূর্ণ করিয়া পাতাল হইতে উত্থিত হইয়াছেন। ২১—৩০। সেই রুদ্রদেব পাতালের ঊর্দ্ধভাগ এবং তির্য্যক্-ভাগ সমস্ত নিঃশেষরূপে দগ্ধ করিয়া সর্ব্বত্র জ্ঞাত হওয়ায় উদার-মূর্ত্তিতে পূর্ব্ব-নির্ম্মিত স্বীয় ধাম পাতাল মধ্যে গমন করিলেন। রুদ্রমূর্ত্তি কালাগ্নি পাতাল-প্রবিষ্ট হইলে পর সমস্ত দিঙ্মণ্ডলে বৃষ্টিপাত করত মেঘগণ উত্থিত হইল। সেই মেঘগণ পৃথিবীর দশদিক্ জলরাশি দ্বারা প্লাবিত করত পাতাল মধ্যে প্রবিষ্ট হইল। তৎকালে সমস্ত জগৎ জলময় হওয়ায় একার্ণব হইয়া পড়িল; পৃথিবী কি দিঙ্মণ্ডল কিছুই জ্ঞান হয় না, কেবলমাত্র জলই তৎকালে বেগে গমন করিতে লাগিল। সে সময়ে কিছুই জ্ঞাত হইতে লাগিল না, কেবল অব্যক্তগতি নিত্য ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব এই দেবত্রয় কবন্ধ-পরিপূর্ণ জল মধ্যে অবস্থিতি করিতে লাগিলেন। তদনন্তর ব্রহ্মা এবং বিষ্ণু উভয়ে অগ্নির ন্যায় প্রজ্বলিত, অতি ভয়ঙ্কর তেজস্বী, রৌদ্র-শক্তিধারী মহাদেবকে প্রণাম করিয়া বলিতে লাগিলেন,

করিষ্যামীতি তাবাহ ইত্যুক্তাপ্স মমজ্জ সঃ।
দিব্যং বর্ষসহস্রন্তু মগ্নং সমভিবীক্ষ্য তে॥৩৭
অন্যোন্যমূচতুরাবাং কিং করিষ্যাবহে বিনা।
কথন্তু বর্ত্ততে সৃষ্টিস্তাবেবং বেধসং হরিঃ॥৩৮
প্রোবাচ কুরু মে বাক্যং নাত্র কালাত্যয়ো ভবেৎ
প্রজাসর্গনিমিত্তং হি কুরু যত্নং পিতামহ॥৩৯
লোকানাং ত্বং সমর্থো হি স্রষ্টুং বৈ বিবিধাঃপ্রজাঃ
শক্তিং তেঽহং প্রদাস্যামি স্রষ্টুত্বেঽপি তথাত্মনঃ
ইত্যুক্তশ্চিন্তয়ামাস বিষ্ণুবাক্যপ্রণোদিতঃ।
সৃষ্ট্যর্থন্তু চকারাসৌ সৃষ্টিং সর্ব্বসুখাবহাম্॥৪১
সদেবাসুরগন্ধর্ব্বাং সযক্ষোরগরাক্ষসাম্।
তৎকৃতায়াং ততঃ শম্ভুরুন্মমজ্জ জলান্মুনে॥৪২
কর্ত্তুকামঃ স সর্গঞ্চ মনসা চ ব্যচিন্তয়ৎ।

হে দেব! আপনিই আমাদিগের সর্ব্বপ্রকারে প্রভু, অতএব আপনি ইচ্ছানুসারে সৃষ্টি করিতে আরম্ভ করুন। মহাদেব বিষ্ণু ও ব্রহ্মার বাক্য শ্রবণ করত "সৃষ্টি করিব" ইহা স্বীকার করিয়া জল-মধ্যে নিমগ্ন হইলেন। দেবপরিমিত সহস্রবৎসর মহাদেবকে নিমগ্ন দেখিয়া ব্রহ্মা এবং বিষ্ণু পরস্পরে বলিতে লাগিলেন, আমরা দুই জনে এক্ষণে কি করিব? তদনন্তর বিষ্ণু বিধাতাকে বলিলেন, আপনি অভিন্ন, কিরূপে জগৎ সৃষ্টি হইবে? তদনন্তর বিষ্ণু পুনর্ব্বার ব্রহ্মাকে বলিলেন, আপনি আমার বাক্য রক্ষা করুন, এ সময়ে বৃথা কালক্ষেপ করা উচিত নহে। হে পিতামহ! প্রজাসৃষ্টির নিমিত্ত যত্ন করুন, ত্রিভুবন এবং সমস্ত প্রজাসৃষ্টি করিতে আপনিই যোগ্য। আমিও প্রজাসৃষ্টি কার্য্যে আত্ম শক্তি প্রদান করিতেছি। বিষ্ণু কর্ত্তৃক এরূপ উক্ত হইয়া ভগবান্ ব্রহ্মা, বিষ্ণু-বাক্যানুসারে সৃষ্টির নিমিত্ত যত্ন করিলেন এবং দেবগণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, সর্পগণ এবং রাক্ষসগণের সহিত সকলের সুখজনক সমস্ত জগৎ সৃষ্টি করিলেন। ব্রহ্মা সমস্ত জগৎ সৃষ্টি করিলে পর হে মুনিবর! মহাদেব জল হইতে উত্থিত হইলেন। ৩১—৪২। জগৎ সৃষ্টি করিতে ইচ্ছুক হইয়া মহাদেব মনে মনে

সব্যাপসব্যে ব্রহ্মাহং গতঃ শম্ভুং সদা স্থিতঃ।
ং ত্রিমূর্ত্তিধরং শান্তং তমস্মি শরণং গতঃ ॥৫৬
ব্রহ্মা তু যস্য বক্ত্রেহথ চতুর্ব্বেদময়ঃ প্রভুঃ।
জষ্ণুঃ প্রভোঃ পুরা জজ্ঞে তমস্মি শরণং গতঃ ॥
ব্রহ্মরূপধরং দেবং জগদ্‌যোনিং মহেশ্বরম্।
ষ্ট্‌ত্বে সংস্থিতঃ স্রষ্টা তমস্মি শরণং গতঃ ॥৫৮
ঃ পালনে চ সৃষ্টৌ চ স্থিতাবসুরসূদনঃ।
মাদিপুরুষং শম্ভুং প্রণতোহস্মি সনাতনম্ ॥৫৯
তক্রীড়াসহো নাথো ভূতনামাদিকৃদ্ধরঃ।
মাদিপুরুষাজ্জাতং প্রণতোহস্মি সনাতনম্ ॥৬০
ক্তৈর্যজন্তি তং বিপ্রা রোহিতা যজ্ঞভাবনম্।
ং যজ্ঞপুরুষং হীমং প্রণতোহস্মি সনাতনম্ ॥৬১

সংভক্ষয়িত্বা সকলং তথা সৃষ্টমিদং জগৎ।
যো বৈ তিষ্ঠতি রুদ্রাত্মা তং নতোহস্মি সনাতনম্
কল্পান্তে যমরূপো যঃ সংহৃত্য সকলং জগৎ।
অবিজ্ঞেয়া গতির্যস্য তমস্মি শরণং গতঃ ॥ ৬৩
স্থাণুমীশং পশুপতিং শিতিকণ্ঠং মহেশ্বরম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৪
শূলপাণিং মহাদেবং ভীমং শর্ব্বং ত্রিলোচনম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৫
গঙ্গাধরং হরং রুদ্রং শিবং শম্ভুমুমাপতিম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৬
স্মরারিং বামদেবঞ্চ ত্র্যম্বকং ত্রিপুরান্তকম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৭

—গম্যগুলকে যে প্রভু সৃষ্টি করিয়া থাকেন, সেই দেবের আমি শরণ প্রাপ্ত হইলাম। যাঁহার দক্ষিণপার্শ্বে এবং বামপার্শ্বে আমি ব্রহ্মা সর্ব্বদা অবস্থিতি করিতেছি, সেই মঙ্গলময় ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর-মূর্ত্তিধারী এবং শান্তিগুণাবলম্বী দেববরের আমি শরণাপন্ন হইলাম। চতুর্ব্বেদের সৃষ্টিকর্ত্তা জগৎপ্রভু ব্রহ্মা যাঁহার মুখমণ্ডলে অবস্থিত, যিনি কামক্রোধাদি-জয়শীল এবং যে দেব সকলের আদিতে অবতীর্ণ হইয়াছেন, সেই প্রভুর আমি শরণাপন্ন হইলাম। যিনি ব্রহ্মরূপ ধারণ করিয়াছেন, যে দেব জগদুৎপত্তিকারণ, যিনি ঈশ্বর হইতেও প্রধান এবং যিনি জগৎ-সৃষ্টির নিমিত্ত স্রষ্টরূপে অবস্থিত, সেই দেবাদি-দেবকে শরণ লইলাম। যে দেব জগতের সৃষ্টি, স্থিতি এবং পালন নিমিত্ত বিষ্ণুরূপে অবতীর্ণ হইয়াছেন, সেই সনাতন আদিপুরুষ শম্ভুকে আমি প্রণাম করিলাম। যিনি ভূত-গণের সহিত ক্রীড়া করিয়া থাকেন এবং ভূত-গণের প্রভু, সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা, সেই পরমশিব হইতে জাত, সনাতন-শম্ভুকে আমি প্রণাম করিলাম ৫১—৬০। রজোগুণাবলম্বী ব্রাহ্মণগণ যজ্ঞ-সৃষ্টিকর্ত্তা যে দেবকে নিরন্তর নানাবিধ যাগযজ্ঞ দ্বারা পূজা করিয়া থাকেন, সেই চিরস্থায়ী যজ্ঞ-সৃষ্টিকর্ত্তা পুরুষকে আমি প্রণাম করিলাম। যে দেব প্রলয়কালে সমস্ত পদার্থ বিনষ্ট করিয়া, পুনর্ব্বার যুগান্তকালে সমস্ত পদার্থ সৃষ্টি করিয়া থাকেন এবং যিনি ভয়ানক মূর্ত্তি ধারণপূর্ব্বক অসুরবর্গকে বিনষ্ট করেন, সেই সনাতনদেবকে আমি নমস্কার করি। যিনি প্রলয়কালে যমরূপে সমস্ত জগৎ সংহার করেন এবং যাঁহার গতি কেহই অবগত নহে, সেই মহাদেবের আমি শরণাগত হই-লাম। যে দেব ঈশ্বর, পশুগণের পতি, যাঁহার কণ্ঠে কৃষ্ণবর্ণ বিষপান-চিহ্ন আছে, যিনি প্রভু-বর্গের শ্রেষ্ঠ এবং ভক্তগণের প্রতি সর্ব্বদা দয়া করিয়া থাকেন, সেই দেবের আমি শরণাগত হইলাম। যে দেব সর্ব্বদা হস্তে শূলধারণ করেন, যে দেবশ্রেষ্ঠ, অসুর-বিনাশকালে ভয়ঙ্কর মূর্ত্তি অবলম্বন করেন, যাঁহার একটী নাম শর্ব্ব, যাঁহার ত্রিনয়ন এবং যিনি ভক্তগণের প্রতি সর্ব্বদা দয়াবান্, সেই দেববরের আমি শরণা-পন্ন হইলাম। যে দেব, মস্তকে গঙ্গাদেবীকে ধারণ করিয়াছেন, যিনি সমস্ত জগৎ সংহার করিয়া থাকেন, যিনি দক্ষযজ্ঞ ধ্বংস করিবার সময় ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করিয়াছিলেন, যিনি মঙ্গলময়, মঙ্গলপ্রাপ্তির একাধার এবং হিমালয়-কন্যা উমানাম্নী প্রকৃতির পাণিগ্রহণ করিয়াছেন, সেই ভক্তানুগ্রহকারী দেবদেবকে আমি নমস্কার করি। যে দেব কামদেবকে পরাজয় করিয়া

শিপিবিষ্টং বিরূপাক্ষং শঙ্করং প্রমথাধিপম্ ।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৮
ঈশানং শূলিনং দেবমক্ষচন্দ্রং কপর্দ্দিনম্ ।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৯
জগদ্ধাদিশিরোহর্ত্তা পিনাকী বৃষভধ্বজঃ ।
ভক্ত্যা সংস্তুতো নিত্যং দেবো মাং পাতু সর্ব্বতঃ
কপালমালী যজ্ঞেন্দুশেখরঃ সর্পভূষণঃ ।
স ভক্ত্যা সংস্তুতো নিত্যংদেবো মাংপাতু সর্ব্বতঃ
প্রজাসংহারকারী যে ভূতগণশ্চন্দ্রশেখরঃ
কৃপানুযুক্তঃ শ্রীকণ্ঠো দেবো মাং পাতু সর্ব্বতঃ ।
গিরীশো ব্যোমকেশশ্চ শর্ব্বো ভীমঃ পুরদ্রুহঃ
কৃপাপূর্ভক্তিযুক্তেভ্যো দেবো মাং পাতু সর্ব্বতঃ ।
সংস্তুতো ব্রহ্মণা ত্বেবং তুষ্টঃ প্রোবাচ শঙ্করঃ
শঙ্করোহহং সদা ব্রহ্মন্ যো মাং ভক্ত্যা প্রপদ্যতে
তস্যাহং সর্ব্বকার্য্যাণি সাধয়িষ্যামি নান্যতঃ ॥ ৭১
তুষ্টোহস্মি তে বরং ব্রূহি যত্তে মনসি কাঙ্ক্ষিতম্
তচ্ছ্রুত্বা প্রাহ তং ব্রহ্মা প্রজাসর্গং সুবিস্তরম্ ।
কৃতং মে তং তথৈবাস্ত যদি তুষ্টোহসি মে প্রভো
তচ্ছ্রুত্বা প্রাহ কং দেবো যংতেজো মে সমাহৃতম্ ।
সংহর্ত্তুং তে তু সর্গং হি তৎ কিং করবাণি তে ॥ ৭৩

সনৎকুমার উবাচ

এতচ্ছ্রুত্বা সুমন্ত্রিত্বা ব্রহ্মা লোকহিতপ্রদঃ
প্রোবাচ শঙ্করং সূর্য্যে স্বকং তেজো নিবেশয় ।
যতস্ত্বং প্রভুরাদিত্যো স্রষ্টা পাতা নিয়ামকঃ

ছেন, যিনি ত্রিলোচন, যিনি ত্রিপুরাসুরকে বিনষ্ট করিয়াছেন, আমি সেই ভক্তবৎসল দেবাদিদেবের শরণাগত হইলাম। যিনি মহেশ্বর, যাঁহার বিষম লোচন, যিনি ভক্তগণের সর্ব্বদা মঙ্গলকারী এবং যিনি প্রমথগণের অধিপতি, সেই ভক্তানুরক্ত ভগবান্ মহাদেবের শরণাগত হইলাম। যে দেব জগদীশ্বর, যিনি সর্ব্বদা শূলধারী, যিনি অমৃতের ঈশ্বর, যাঁহার মস্তকে চন্দ্রখণ্ড বিরাজমান রহিয়াছে এবং যিনি জটাজূট শোভিত-মস্তক, সেই ভক্তগণ-মঙ্গলপ্রদ মহাদেবের শরণাগত হইলাম। যে দেব জগৎসৃষ্টিকর্ত্তা ব্রহ্মারও মস্তক হরণ করিয়াছেন, যিনি পিনাক নামক ধনুর্ব্বর ধারণ করিয়া থাকেন, যাঁহার বৃষভ বাহন, সেই দেব ভক্তিভাবে সংস্তুত হইয়া আমাকে সর্ব্বদা সর্ব্বস্থানে রক্ষা করুন। ৬৯—৭০। যে দেব কপালমালা ধারণ করিয়া থাকেন, যাঁহার মস্তকভূষণ প্রথমোদিত চন্দ্র এবং যাঁহার সর্পালঙ্কার-শোভিত দেহ, সেই মহাদেব ভক্তি দ্বারা সংস্তুত হইয়া প্রতিদিন আমাকে সকল স্থানে রক্ষা করুন। যে দেব প্রলয়কালে প্রজাবর্গের সংহার করিয়া থাকেন, যিনি ভূতগণের অধিপতি, চন্দ্রখণ্ড যাঁহার চূড়াকার্য্য করিতেছে, যাঁহার অঙ্গ হইতে অগ্নির উৎপত্তি হইয়াছে এবং যিনি শ্রীকণ্ঠ, সেই দেবাদিদেব মহাদেব আমাকে সর্ব্বকালে রক্ষা করুন। যে দেব পর্ব্বতগণের ঈশ্বর, যাঁহার জটাজূট আকাশ পর্য্যন্ত উঠিয়াছে, যিনি দক্ষযজ্ঞ ধ্বংস করিয়াছেন এবং যিনি ভক্তরক্ত, সেই দেবদেব আমাকে সর্ব্বপ্রকারে রক্ষা করুন। চতুরানন ব্রহ্মা কর্ত্তৃক এইরূপ স্তুত হইয়া ভগবান্ শঙ্কর ব্রহ্মাকে বলিলেন, হে ব্রহ্মন্! যে ব্যক্তি ভক্তিভাবে আমার শরণাগত হয়, আমি তাহার মঙ্গলবিধান করিয়া থাকি। যে ব্যক্তি আমার পূজা করে, তাহার কোন কার্য্য আমি সম্পন্ন করি না? হে ব্রহ্মন্! আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তোমার মনোভিলষিত বর প্রার্থনা কর। ভগবান্ শঙ্করের বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা বলিলেন, হে প্রভো! যদি আপনি আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে আমি যে বিস্তাররূপে প্রজাসৃষ্টি করিয়াছি, তাহা আপনি বিনষ্ট করিবেন না, তাহা রক্ষা করুন। ব্রহ্মার বাক্য শুনিয়া মহাদেব ব্রহ্মাকে বলিলেন, আমি যে তোমার সৃষ্টি সংহার করিবার নিমিত্ত তেজ আহরণ করিয়াছি, তাহা এক্ষণে কি করিব, তাহা বল। সনৎকুমার বলিলেন, মহাদেবের এই বাক্য শুনিয়া ভগবান্ ব্রহ্মা প্রজাদির হিতনিমিত্ত অনেক চিন্তাপূর্ব্বক তাঁহাকে বলিলেন, সূর্য্যমণ্ডলে আপনার তেজ নিবেশিত করুন। যেহেতু আপনি সূর্য্যের প্রভু, আপনি

তেজসি বৎস্যামো বয়ং সর্ব্বৈঃ সহামরৈঃ।
কালার্চ্চাং গ্রহীষ্যামো ভক্ত্যা দত্তান্ত মানবৈঃ॥
ান্তে ত্বং মহাদেব জগদেতচ্চরাচরম্।
রূপং সমাস্থায় সন্নির্দহসি তৎক্ষণাৎ॥৮০
থেতি হসন্ মত্তো ব্রহ্মাণমিদমব্রবীৎ।
াসর্গং বিনানেন লিঙ্গেনাস্ত প্রয়োজনম্॥৮১
ক্ত্বা তং বিনির্ভিদ্য চিক্ষেপ চ মহীতলে।
ঙ্গন্তু ধরাং ভিত্ত্বা জগামাকাশমেব হি॥৮২
ান্তং বিষ্ণুরবেক্ষ্যমধস্তাৎ প্রযযৌ হি সঃ।
াপি চ যথান্ধ্যুং প্রাপতুর্নান্তমোজসা॥৮৩
াশপ্রভবা বাণী তয়োস্তত্রোপবিষ্টয়োঃ॥৮৪
যে পূজিতং লিঙ্গং সর্ব্বান্ কামান্ কপর্দ্দিনঃ
াস্যতি ন সন্দেহো হৃদয়ে যদভীপ্সিতান্॥৮৫

ার সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা এবং নিয়ম-
ারণকারী। জগৎসংহারসময়ে সমস্ত দেব-
র সহিত আমরা সূর্য্যমণ্ডলে প্রবিষ্ট হইব।
মহাপ্রলয় সময়ে মানবগণ ত্রিসন্ধ্যায় যে
ার অর্চ্চনা করিবে, তাহা আমরাই গ্রহণ
ব। প্রলয়কালে হে মহাদেব! স্থাবর-
মাত্মক জগৎ আপনিই সূর্য্যরূপ অবলম্বন-
ক দগ্ধ করিবেন। মহাদেব "তাহাই
ব" ইহা স্বীকার করিয়া হাসিতে হাসিতে
কে এই কথা বলিলেন, প্রজাসৃষ্টি ব্যতি-
ত আমার লিঙ্গে প্রয়োজন নাই। মহাদেব
কে এই কথা বলিয়া স্বীয় লিঙ্গ উৎপাটন
পৃথিবী মধ্যে নিক্ষেপ করিলেন। সেই
দেবের লিঙ্গ পৃথিবী এবং আকাশ ভেদ
গমন করিতে লাগিল; তাহার অন্ত অন্বে-
রিবার নিমিত্ত লিঙ্গের অধোভাগে ভগবান্
গমন করিতে লাগিলেন এবং পিতামহ
ও লিঙ্গের ঊর্দ্ধভাগে গমন করিলেন, কিন্তু
রা দুইজনে দুইদিকে সতেজে গমন করি-
ন্ত না পাইয়া সে স্থানে উপবিষ্ট হই-
। ইত্যবসরে আকাশবাণী উপস্থিত হইয়া
এবং বিষ্ণুকে বলিলেন, মহাদেবের এই
পূজিত হইলে পর, লোকের হৃদয়স্থিত
অভিলাষ পরিপূর্ণ করিবেন, ইহাতে

এতচ্ছ্রুত্বা ততো ব্রহ্মা বিষ্ণুঃ সর্ব্বাশ্চ দেবতাঃ।
লিঙ্গং সমর্চ্চয়ন্তি স্ম ভক্ত্যা তদ্গতমানসাঃ॥৮৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
জ্ঞানিপ্রভৃতীনাং গতিকথনে একোন-
পঞ্চাশোঽধ্যায়ঃ॥৪৯॥

পঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
লিঙ্গং শম্ভোর্হরির্দৃষ্ট্বা অনন্তং সর্ব্বতোমুখম্।
তুষ্টাব প্রণতো ভূত্বা দেবদেবং সুনামভিঃ॥১
নমঃ শিবায় শান্তায় স্থাণবেঽমিততেজসে।
ঈশানায় নমো নিত্যং পশূনাং পতয়ে নমঃ॥২
শিতিকণ্ঠায় রুদ্রায় মহাদেবায় বৈ নমঃ।
শূলহস্তায় তে নিত্যং নমো ভীমায় শম্ভবে॥৩
নমো ভর্গায় ত্র্যক্ষায় নমো গঙ্গাঙ্কধারিণে।

সন্দেহ নাই। আকাশবাণীর এই কথা শ্রবণ
করত ব্রহ্মা, বিষ্ণু এবং অন্যান্য সমস্ত দেবগণ
ভক্তিভাবে তদ্গতচিত্ত হইয়া মহাদেবের লিঙ্গ-
পূজা আরম্ভ করিলেন। ৭১—৮৬।

একোনপঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥৪৯॥

পঞ্চাশ অধ্যায়।

উগ্রশ্রবার পুত্র সূত, শৌনকাদি ঋষিগণের
নিকট বলিতে লাগিলেন, ভগবান্ বিষ্ণু সর্ব্বতো-
মুখ এবং অন্তশূন্য মহাদেবের লিঙ্গ দেখিয়া
অবনতদেহে উত্তম নামসমূহ দ্বারা দেবদেব
মহাদেবকে স্তব করিলেন। অপরিমিত-জ্যোতি-
র্বিশিষ্ট স্থাণু, শান্তিগুণাবলম্বী, শিবপ্রদ, জগদী-
শ্বর এবং পশুপতি শিবকে আমি ভূয়োভূয়ঃ
নমস্কার করি। যে দেবের কণ্ঠে শিতিচিহ্ন
প্রকাশ পাইতেছে, যিনি প্রলয়কালে ভয়ঙ্কর
মূর্ত্তি ধারণ করিয়া রুদ্র নামে বিখ্যাত হইয়াছেন,
যে দেব সকল দেবতার প্রধান, যাঁহার হস্তে
শূল বিরাজিত, যাঁহার ভীষণ মূর্ত্তি, সেই শম্ভুকে

একপঞ্চাশোঽধ্যায়ঃ।

শৌনক উবাচ।

...তং যে মহদাখ্যানং যৎ ত্বয়া পরিকীর্ত্তিতম্।
...তোঽহং শ্রোতুমিচ্ছামি যথা সর্গস্ত ব্রহ্মনঃ॥ ১
...বানাং দানবানাঞ্চ পার্থিবানাঞ্চ সর্ব্বশঃ।
...মুৎপন্নস্ত যে ক্বহি যথা ব্যাসাচ্চ তে শ্রুতম্॥ ২

সূত উবাচ।

...নে শৃণু কথাং দিব্যাং সর্ব্বপাপপ্রণাশিনীম্।
...বাভ্যাং সংস্তুতো ভক্ত্যা স্তোত্রেণানেন তোষিতঃ
...লামানাং ময়া চিত্রাং বহ্বর্থাং শ্রুতচিন্তয়াম্॥৩
...শ্চমাং ধারয়েৎ তাঞ্চ শৃণুয়াদ্বাপ্যভীক্ষ্ণশঃ।
...বংশোদ্ধরণং কৃত্বা স্বর্গলোকে মহীয়তে॥ ৭

...র্ব্বার আমি কি বলিব? যাহা আপনা-
...দের শুনিতে ইচ্ছা হয়, তাহা আমার নিকট
...কাশ করিয়া বলুন। ১২—১৫।

পঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥ ৫০॥

একপঞ্চাশ অধ্যায়।

সূতের নিকট শৌনক বলিলেন, শিব-
...ঙ্গের বৃহৎ আখ্যায়িকা আমরা শ্রবণ করি-
...ম, আপনি যাহা সম্যক্‌রূপে কীর্ত্তন করি-
...ন। ইহার পর আমি, ব্রহ্মা যেরূপে সৃষ্টি
...রিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি।
...বগণের, দানবগণের এবং পার্থিবগণের
...কল বংশ যেরূপে উৎপন্ন হইয়াছে, আপনি
...বান্ ব্যাসদেবের নিকট যেরূপ শুনিয়াছেন,
...ইরূপ আমার নিকট বলুন। শৌনক-
...র নিকট সূত বলিলেন, হে মুনিবর! সকল
...পবিনাশিনী সেই অদ্ভুত কথা শ্রবণ করুন,
...মি সে কথা আপনার নিকট বলিতেছি।
...কথা অতি আশ্চর্য্য। ঐ কথায় বহু অর্থ
...ছে, আমি বিস্তৃতরূপে ব্যাস-সন্নিধানে যাহা
...ণ করিয়াছি। যে ব্যক্তি একথা হৃদয়ে
...ণ করে এবং যে ব্যক্তি একথা বারংবার
...ণ করে, সে নিজ বংশের উদ্ধার করিয়া

প্রধানং পুরুষো যৎ তন্নিত্যং সদসদাত্মকম্।
প্রধানপুরুষো ভূত্বা নির্ম্মমে লোকভাবনঃ॥ ৫
স্রষ্টারং সর্ব্বভূতানাং নারায়ণপরায়ণম্।
তং বৈ বিদ্ধি মুনিশ্রেষ্ঠ ব্রহ্মাণমমিতৌজসম্॥ ৬
যস্মাৎ কল্প্যতে কল্পঃ সমগ্রাশুচয়ঃ শুচিঃ।
তস্মৈ হিরণ্যগর্ভায় পুরুষায়েশ্বরায় চ॥ ৭
অজায় স্থাণুরূপায় বরিষ্ঠায় প্রজাভুবে।
নমস্কৃত্য প্রবক্ষ্যামি ভুবঃ সর্গমনুত্তমম্॥ ৮
ব্রহ্মা স্রষ্টা হরিঃ পাতা সংহর্ত্তা চ মহেশ্বরঃ।
তস্য সর্গস্য নান্যোঽস্তি কালে কালে যথা গতে॥৯
সোঽপি স্বয়ম্ভূর্ভগবান্ সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ।
অপ এব সসর্জ্জাদৌ তাসু বীর্য্যমবাসৃজৎ॥১০
আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ।
অয়নং তস্য তাঃ পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ॥১১

পরে স্বর্গে গমনপূর্ব্বক দেবগণের ন্যায় মান্য
হয়। তিনি প্রধান, তিনি পুরুষ, তিনি সদ-
সদাত্মক। প্রধান পুরুষরূপে সেই লোক-
ভাবন জগৎ নির্ম্মাণ করেন। হে মুনিবর!
সকল প্রাণীর সৃষ্টিকর্ত্তা এবং বিষ্ণুর পরমভক্ত,
অপরিমিত তেজস্বী সেই ব্রহ্মাকে জানিবে।
যে দেবকে লক্ষ্য করিয়া কল্পাত্মক কালের
গণনা করা যায়, যিনি পবিত্রতম, সেই হিরণ্য
গর্ভ, পরমাত্মা, জগদীশ্বর, নিত্য, স্থাণুরূপী
সর্ব্বশ্রেষ্ঠ এবং সমস্ত প্রজার সৃষ্টিকর্ত্তা। ব্রহ্মাকে
প্রণাম করত অদ্ভুত জগৎসৃষ্টিবৃত্তান্ত আপনা-
দিগের নিকট বর্ণনা করিতেছি। এ জগতের
ব্রহ্মাই সৃষ্টিকর্ত্তা, বিষ্ণুই পালনকর্ত্তা এবং মহা-
দেবই সংহারকর্ত্তা। সকল সৃষ্টি আরম্ভ
কালেই ব্রহ্মা ভিন্ন সৃষ্টিকর্ত্তা অন্য কেহই নাই,
ইহা নিশ্চিত জানিবেন। সেই স্বয়ম্ভু ভগবান্
ব্রহ্মা সমস্ত প্রজা সৃষ্টি করিতে অভিলাষী
হইয়া সর্ব্বাগ্রে জলরাশি সৃজন করিলেন,
তৎপরে ঐ জলরাশি মধ্যে সমস্ত পদার্থের
বীর্য্য নিক্ষেপ করিলেন। ১—১০। নররূপী
দেব হইতেই জল সম্ভূত; এ নিমিত্ত লোকে
জলকে নার শব্দে অভিহিত করে। প্রলয়-
কালে জলই বিষ্ণুর বাসস্থান, একারণ বিষ্ণুর

জংথ প্রজাঃ সর্ব্বা মহিম্না ব্যাপ্য বিশ্বতঃ।
জমসৃজদ্বিষ্ণুং স সৃষ্টঃ পুরুষো বিরাট্ ॥ ২৫
রং তং মনুং বিদ্ধি মনোরন্তরমেব চ।
রাজঃ প্রজাসর্গং সসর্জ্জ পুরুষঃ প্রভুঃ ॥ ২৬
রণবিসর্গস্তু প্রজাস্তস্তাপ্যযোনিজাঃ ॥ ২৭
ান্ কীর্ত্তিমান্ ধন্যঃ প্রজাবাংশ্চ ভবত্যতঃ।
সর্গং বিদিত্বৈবং যথেষ্টাং প্রাপ্নুয়াদ্গতিম্ ॥২৮

তি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
আদিসর্গকীর্ত্তনে একপঞ্চাশো-
ঽধ্যায়ঃ ॥ ৫১ ॥

। স্ত্রী এবং পুরুষরূপে অবস্থিতি করিতে লেন। তদনন্তর নিজ মহিমা দ্বারা এ ংসার ব্যাপিয়া প্রজাসৃষ্টি আরম্ভ করিয়া, গ্রে বিরাটরূপী ভগবান্ বিষ্ণুর সৃষ্টি করি- ; সেই বিরাটরূপী অদ্বিতীয় পুরুষ ান্ বিষ্ণু মনুর পরে সৃষ্ট হইয়াছিলেন, ামিত্ত তাঁহাকে দ্বিতীয় মনু বলিয়া জানি- । সেই জগৎপ্রভু অদ্বিতীয় পুরুষ বিরাট- ভগবান্ বিষ্ণু প্রজাসৃষ্টি করিতে লাগিলেন। ণের সৃষ্টিতে যে সকল প্রজা জন্মগ্রহণ , তাহারা অযোনিসম্ভূত হইল। তাহারা রুষ সংসর্গজাত নহে। যে মনুষ্য আদি- ত্তান্ত শ্রবণ করে, সে ইহকালে দীর্ঘজীবী, এবং ধনবান্ হইয়া পুত্র পৌত্র সহ সুখে াপন করত পরকালে নিজের অভি- রূপ সদ্গতি লাভ করিতে পারে জানি- ২২—২৮।

পঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫১ ॥

দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সংসৃষ্টাসু প্রজাস্বেব আপবোঽথ প্রজাপতিঃ।
লেভে বৈ পুরুষঃ পত্নীং শতরূপামযোনিজাম্ ॥ ১
আপবস্য মহিম্না তু দিবমাবৃত্য তিষ্ঠতঃ।
ধর্ম্মেণৈব মহাত্মা স শতরূপা ব্যজায়ত ॥ ২
সা তু বর্ষশতং তপ্ত্বা তপঃ পরমদুশ্চরম্।
ভর্ত্তারং দীপ্ততপসং পুরুষং প্রত্যপদ্যত ॥ ৩
স বৈ স্বয়ম্ভুবং জজ্ঞে পুরুষো মনুরুচ্যতে।
যস্যৈকসপ্ততিযুগং মন্বন্তরমিহোচ্যতে ॥ ৪
বৈরাজঃ পুরুষাদ্বীরাং শতরূপা ব্যজায়ত।
প্রিয়ব্রতোত্তানপাদৌ বীরকাম্যামজায়তাম্ ॥ ৫
কাম্যা নাম মহাভাগা কর্দ্দমস্য প্রজাপতেঃ।

দ্বিপঞ্চাশ অধ্যায়।

লোমহর্ষণ-পুত্র সূত, সৌনকাদি ঋষিগণের নিকট বলিতে লাগিলেন, কতকগুলি প্রজা সৃষ্ট হইলে পর, যখন ব্রহ্মা বিবেচনা করিলেন, মানস-সৃষ্টি দ্বারা প্রজার বৃদ্ধি হওয়ায় দুষ্কর, তৎকালে আদিপুরুষ প্রজাপতি ব্রহ্মা, অযোনি-সম্ভূতা শতরূপা নাম্নী পত্নীকে প্রাপ্ত হইলেন। যৎকালে ভগবান্ ব্রহ্মা নিজ মহিমা দ্বারা স্বর্গ পর্য্যন্ত ব্যাপিয়া অবস্থিতি করিতেছেন, তৎকালে সেই মহাত্মা ব্রহ্মা ধর্ম্মবলে শতরূপা-নাম্নী স্ত্রীরূপে অবতীর্ণ হইলেন। সেই শত-রূপা-নাম্নী আদি রমণী একশত বর্ষ ব্যাপিয়া অত্যন্ত দুষ্কর তপস্যা করাতে অত্যন্ত উৎকট তপস্বী আদিপুরুষ ব্রহ্মাকে পতিরূপে প্রাপ্ত হইলেন। সেই আদি পুরুষ ভগবান্ ব্রহ্মা স্বয়ম্ভু পুত্র উৎপন্ন করিলেন, যিনি মনু নামে বিখ্যাত হইয়াছিলেন, যাঁহার একসপ্ততি যুগকে মন্বন্তর বলিয়া লোকে বলে, অর্থাৎ ব্রহ্মার একাত্তর যুগের পর দ্বিতীয় মনুর উৎপত্তি হয়। বিরাট পুরুষ হইতে বীর্য্যবতী শতরূপা পুত্র উৎপাদন করেন। প্রিয়ব্রত এবং উত্তানপাদ এ উভয়ে বীরকা নাম্নী রমণী হইতে জন্মিয়া-ছিলেন। মহাভাগ্যবতী কাম্যা নামে রমণী

ভির্দানবৈশ্চৈব গন্ধর্ব্বৈঃ সাপ্সরোগণৈঃ ॥২১
ঃ পুণ্যজনৈশ্চৈব বীরুদ্ভিঃ পর্ব্বতৈস্তথা।
। দত্তেন জীবন্তি সর্ব্বদেবগণাঃ সদা ॥ ২২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং আদিসর্গবর্ণনে পৃথুসংপত্তির্নাম দ্বিপঞ্চাশো-হধ্যায়ঃ ॥ ৫২ ॥

ত্রিপঞ্চাশোহধ্যায়ঃ।

সূত উবাচ।

াঃ পুত্রৌ তু ধর্ম্মজ্ঞৌ জজ্ঞাতে ভুবি পার্থিবৌ
ধ নী-হবির্দ্ধামনামানৌ তৌ বভূবতুঃ ॥ ১
ণ্ডিনী হবির্দ্ধামাং পুত্রং প্রাচীনবর্হিষম্।
চীনাগ্রাঃ কুশাস্তস্য পৃথিবীতলচারিণঃ।
দ্রতনয়ায়াস্তু কৃতদারোহভবৎ প্রভুঃ॥ ২
দ্রতনয়ায়াস্তু দশ প্রাচীনবর্হিষঃ।
সর্ব্বে প্রচেতসো নাম ধনুর্ব্বেদস্য পারগাঃ ॥ ৩
অপৃথগ্ধর্ম্মচরণাস্তেহতপ্যন্ত মহৎ তপঃ।
দশ বর্ষসহস্রাণি সমুদ্রসলিলেশয়াঃ ॥ ৪
তপশ্চরৎসু পৃথিব্যামভবন্ সুমহীরুহাঃ।
অরক্ষ্যমাণায়াং পৃথ্ব্যাং বভূবাথ প্রজাক্ষয়ঃ ॥ ৫
তং দৃষ্ট্বা তু দ্রুমেভ্যস্তে প্রাসৃজন্নগ্নি-মারুতৌ।
বৃক্ষানুন্মূল্য বায়ুস্তানদহদ্ধব্যবাহনঃ ॥ ৬
বৃক্ষক্ষয়ং ততো দৃষ্ট্বা কিঞ্চিচ্ছিষ্টেষু শাখিষু।
উপগম্যাব্রবীদেতান্ রাজা সোমঃ প্রতাপবান্ ॥ ৭
কোপং যচ্ছথ রাজানঃ সর্ব্বে প্রাচীনবর্হিষঃ।
অনু ভূতান্ কন্যেষং বৃক্ষাণাং বরবর্ণিনী।
ভবিষ্যং জানতা সা তু ধৃতা গর্ভেণ বৈ ময়া ॥ ৮
ভার্য্যা বোহস্তু মহাভাগা সোমবংশবিবর্দ্ধিনী ॥ ৯
অস্যামুৎপৎস্যতে বিদ্বান্ দক্ষো নাম প্রজাপতিঃ।

াভিলাষী সেই পৃথু রাজা দেবগণ, ঋষিগণ, গণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, গণ এবং পুণ্যজনগণের সহিত বৃক্ষ, লতা ঃ পর্ব্বতযুক্ত সমস্ত পৃথিবীমণ্ডলকে দোহন য়াছিলেন; সেই পৃথুরাজ-দত্ত যজ্ঞীয় সমূহ দ্বারা দেবগণ সর্ব্বদা জীবন রক্ষা ন। ১২—২২।

দ্বিপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫২ ॥

ত্রিপঞ্চাশ অধ্যায়।

শৌনকাদি ঋষিগণের নিকট উগ্রশ্রবা নামক বলিতে লাগিলেন, পৃথুরাজার হবির্দ্ধানী হবির্দ্ধাম নামে অত্যন্ত ধর্ম্মপরায়ণ পৃথি-রাজা দুই পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। ম-পত্নী শিখণ্ডিনী প্রাচীনবর্হিষ নামে প্রসব করেন। ধরণীতলচারী প্রাচীনাগ্র কুশ প্রাচীনবর্হিষ হইতে উৎপন্ন হয়। প্রভু প্রাচীনবর্হিষ সমুদ্র-তনয়াকে বিবাহ ছিলেন; প্রাচীনবর্হিষ রাজার সমুদ্র-তনয়ার গর্ভে প্রচেতা নামে দশ পুত্র জন্মে। ঐ দশ প্রচেতা ধনুর্ব্বেদের সীমা পর্য্যন্ত শিক্ষা করিয়াছিলেন। তাঁহারা সকলেই এক ধর্ম্মাক্রান্ত হইয়া সমুদ্রজলে বাস করত দশ হাজার বৎসর উৎকট তপস্যা করিয়াছিলেন। প্রচেতাগণ তপস্যায় আসক্ত হইলে পর, পৃথিবীমধ্যে কেবল বৃহৎ বৃহৎ বৃক্ষ জন্মিয়া পৃথিবী বনময় হওয়াতে তৎকালে অন্য কোন প্রকার শস্য উৎপন্ন হইত না। তৎকালে পৃথিবী, রাজার অভাবে অর-ক্ষিত হওয়াতে প্রজাক্ষয় হইতে লাগিল। প্রাচীন-বর্হিষের পুত্রগণ প্রজাক্ষয় দেখিয়া, সমুদ্র হইতে অগ্নি এবং বায়ুর সৃষ্টি করিলেন। বায়ু বৃক্ষসমূহ উৎপাটন করিতে লাগিলেন এবং অগ্নি বৃক্ষসমূহ দগ্ধ করিয়া ফেলিলেন; বৃক্ষ-গণের অধিপতি প্রতাপান্বিত সোম, বৃক্ষক্ষয় দেখিয়া, কিঞ্চিন্মাত্র বৃক্ষের শেষসত্ত্বে প্রাচীন-বর্হিষের পুত্রগণের নিকট উপস্থিত হইয়া বলি-লেন, হে রাজবর্গ! আপনারা ক্রোধ সংহার করুন। বৃক্ষগণের পশ্চাজ্জাত এই সুন্দরী কন্যাকে, আমি ভবিষ্যৎবার্ত্তা জানিয়া, গর্ভে ধারণ করিয়াছি। ১—৮। হে মহাভাগগণ! সোমবংশবিবর্দ্ধনী ঐ কন্যা আপনাদিগের ভার্য্যা হউক। এই কন্যার গর্ভে মহা পণ্ডিত দক্ষ-

তুল্যাকং তেজসার্দ্ধেন মম চাংশেন তেজসঃ ॥ ১০
ব্রহ্মতেজোময়ো ভূয়ঃ প্রজাঃ সংবর্দ্ধয়িষ্যতি ॥ ১১
ততঃ সোমস্য বচনাজ্জগৃহুস্তে প্রচেতসঃ।
ভার্য্যাং ধর্ম্মেণ তস্যাঞ্চ দক্ষো জজ্ঞে প্রজাপতিঃ ॥
সোঽপি জজ্ঞে মহাতেজাঃ সোমভাংশেন বৈ মুনে
অচরাংশ্চ চরাংশ্চৈব বিপদোঽথ চতুষ্পদঃ।
স সৃষ্ট্বা মনসা দক্ষঃ পশ্চাদসৃজত স্ত্রিয়ঃ ॥ ১৪
দদৌ স দশ ধর্ম্মায় কশ্যপায় ত্রয়োদশ।
শিষ্টাঃ সোমায় দক্ষোঽপি নক্ষত্রাখ্যা দদৌ প্রভুঃ
দেবাসুরাঃ খগা নাগা দিতিজাশ্চাপ্সদেবতাঃ ॥ ১৫
ততঃ প্রভৃতি বিপ্রেন্দ্র প্রজা মৈথুনসম্ভবাঃ।
সঙ্কল্পাদ্দর্শনাৎ স্পর্শাৎ পূর্ব্বেষাং সৃষ্টিরুচ্যতে ॥ ১৬

শৌনক উবাচ।

অঙ্গুষ্ঠাদ্ ব্রহ্মণো জাতো দক্ষঃ প্রোক্তঃ পুরা ত্বয়া
কথং প্রাচেতসত্বং হি পুনর্লেভে মহাতপাঃ।
এতন্মে সংশয়ং সূত আখ্যাতুং বৈ ত্বমর্হসি।
দৌহিত্রশ্চৈব সোমস্য কথং শ্বশুরতাং গতঃ ॥

সূত উবাচ।

উৎপত্তিশ্চ নিরোধশ্চ নিত্যং ভূতেষু বর্ত্ততে।
ক্রমে ক্রমে তদস্ত্যেতে সর্ব্বে দক্ষাদয়ো মুনে।
পুনশ্চৈব নিরুধ্যন্তে সুজ্ঞস্তত্র ন মুহ্যতি
জ্যেষ্ঠঃ কনিষ্ঠো মধ্যস্থঃ পূর্ব্বমাসীন্মহামুনে ॥ ২০
ইমাং বিসৃষ্টিং দক্ষস্য যো বিদ্যাৎ সচরাচরাম্
প্রজাবানায়ুষা পূর্ণঃ স্বর্গলোকে মহীয়তে ॥ ২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
আদিসর্গবর্ণনে দক্ষোৎপত্তিবর্ণনং নাম
ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৩ ॥

প্রজাপতি জন্মগ্রহণ করিবেন। আপনাদিগের তেজের অর্দ্ধাংশ দ্বারা এবং আমারও তেজের অংশ দ্বারা ব্রহ্মতেজোময় সেই দক্ষ প্রজাপতি পুনর্ব্বার সাতিশয় প্রজাবৃদ্ধি করিবেন। অনন্তর সোমের বাক্য শুনিয়া প্রচেতাগণ ধর্ম্মানুসারে সোমকন্যাকে দারপরিগ্রহ করিলেন; সেই কন্যার গর্ভে দক্ষপ্রজাপতি জন্মগ্রহণ করিয়াছিলেন। হে মুনিবর! সেই মহাতেজা দক্ষপ্রজাপতি সোমের অংশ হইতে উৎপন্ন হইয়াছিলেন। স্থাবর, জঙ্গম, দ্বিপদ এবং চতুষ্পদ পুরুষসমূহ নিজ মন হইতে সেই দক্ষপ্রজাপতি সৃষ্টি করিয়া, তৎপরে কন্যাসমূহ সৃষ্টি করিলেন। দক্ষ প্রজাপতি ধর্ম্মকে দশটী কন্যা, কশ্যপমুনিকে ত্রয়োদশটী এবং চন্দ্রকে অবশিষ্ট সাতাইশটী অশ্বিনী প্রভৃতি নক্ষত্রগণ প্রদান করিলেন। তৎপরে দেব, দানব, পক্ষী এবং সর্প উৎপন্ন হয়। হে বিপ্রেন্দ্র! তদবধি প্রজা সমস্ত স্ত্রী পুরুষ-সংসর্গে জন্মিতে লাগিল। সৃষ্টির আদিতে মানসিক ইচ্ছা, দর্শন এবং স্পর্শ দ্বারা আদিম-গণের সৃষ্টি হইয়াছিল, ইহা পুরাণে উক্ত হইয়াছে। শৌনক সূতকে জিজ্ঞাসা করিলেন, হে সূত! পূর্ব্বে বলিয়াছ, ব্রহ্মার অঙ্গুষ্ঠ হইতে দক্ষপ্রজাপতির উৎপত্তি হইয়াছে, অধুনা বলিতেছ, মহাতপা দক্ষ প্রাচেতসদিগের সন্তান, ইহা কি প্রকার? আমার এ সংশয় ছেদন করিতে তুমি ভিন্ন কেহই সমর্থ নহে। পুনর্ব্বার বলিয়াছ, চন্দ্রের দৌহিত্র দক্ষ এবং চন্দ্রকে কন্যাদান করিয়া দক্ষ তাঁহার শ্বশুর হইয়াছেন। সূত শৌনকের নিকট বলিতে লাগিলেন, প্রাণিগণের উৎপত্তি এবং বিনাশ বারংবার হইয়া থাকে। হে মুনিবর! দক্ষ প্রভৃতি সমস্ত প্রজাপতিগণ সকল কল্পেই জন্মগ্রহণ করিয়া থাকেন, পুনর্ব্বার তাঁহাদিগেরও বিনাশ হয়, এ বিষয়ে প্রাজ্ঞগণ মুগ্ধ হন না। হে মহামুনে! জ্যেষ্ঠ, মধ্যম এবং কনিষ্ঠ ইহারা ব্যতিক্রম কল্পভেদে হইয়া থাকে। দক্ষপ্রজাপতি হইতে স্থাবর এবং জঙ্গম প্রভৃতির সৃষ্টি যে ব্যক্তি পাঠ অথবা শ্রবণ করে, সে মনুষ্য পুত্র পৌত্রগণের সহিত দীর্ঘজীবী হইয়া ইহ-লোকে কালযাপন করতঃ পরলোকে স্বর্গপুরীতে বাস করে। ৯—২১।

ত্রিপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৩ ॥

চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ।

শৌনক উবাচ।

নাং দানবানাঞ্চ গন্ধর্ব্বোরগরক্ষসাম্।
॥ বিস্তরেণেমাং সূতপুত্র ব্রবীহি মে ॥ ১

সূত উবাচ।

ং হি মনসা দক্ষঃ সৃষ্টিং চক্রে প্রজাপতিঃ।
। বর্দ্ধতে সা তু বীরণস্য প্রজাপতেঃ ॥ ২
সুতপসা যুক্তামাহ্বয়ং সর্গকারণাৎ।
থুনেন ধর্ম্মেণ সসর্জ্জ বিবিধাঃ প্রজাঃ ॥ ৩
পুত্রসহস্রাণি বীরণ্যাং পঞ্চ বীর্য্যবান্।
ত্য জনয়ামাস দক্ষ এব প্রজাপতিঃ ॥ ৪
দিস্ক্ষুস্ততো দৃষ্ট্বা নারদঃ প্রাহ বৈ মুনে।
স তু সমুৎপন্নো নারদঃ পরমেষ্ঠিনঃ ॥ ৫
বাচা কশ্যপাদ্বৈ পুংসাং সৃষ্টির্ভবিষ্যতি।
বৈ দুহিতরি তস্মাৎ তানব্রবীৎ তু সঃ ॥ ৬

নারদ উবাচ।

অজানন্তঃ কথং সৃষ্টিং বালিশা বৈ করিষ্যথ।
দিশং কাঞ্চিদজানন্তস্তস্মাদ্বিজ্ঞায়তাং ভুবম্ ॥ ৭

সূত উবাচ।

ইত্যুক্তা যযুজুঃ সর্ব্বে আশাং বিজ্ঞাতুমোজসা।
গতৈস্তৈর্জনয়ামাস পুনঃ পঞ্চশতং সুতান্ ॥ ৮
দক্ষস্য পুত্রা হর্য্যশ্বা বিবর্দ্ধয়িষবঃ প্রজাঃ।
তানুবাচ পুনঃ সোঽপি নারদঃ কিং হি বালিশাঃ
ভুবো মানমজানন্তঃ কথং সৃষ্টির্ভবিষ্যতি।
তে তু তদ্বচনং শ্রুত্বা নির্যাতাঃ সর্ব্বতোদিশম্ ॥ ১০
অনন্তং পুষ্করং প্রাপ্য গতাস্তেঽপি পরাভবম্।
অদ্যাপি ন নিবর্ত্তন্তে সমুদ্রেভ্য ইবাপগাঃ ॥ ১১
তদাপ্রভৃতি বৈ ভ্রাতা ভ্রাতুরন্বেষণে ব্রজঃ।
প্রযাতো নশ্যতি মুনে তন্ন কার্য্যং বিপশ্চিতা ॥ ১২
তাংশ্চাপি নষ্টান্ বিজ্ঞায় পুত্রান্ দক্ষঃ প্রজাপতিঃ

চতুঃপঞ্চাশ অধ্যায়।

ৌনকমুনি সূতকে বলিলেন,—হে সূত- দেবতা, দানব, গন্ধর্ব্ব, সর্প এবং ণের উৎপত্তি আমার নিকট বিস্তৃতরূপে সূত শৌনকমুনির নিকট বলিতে লাগি- দক্ষপ্রজাপতি প্রথমে মন দ্বারা প্রজা রিয়াছিলেন। যখন দেখিলেন, মানসসৃষ্টি জাবৃদ্ধি হওয়া দুষ্কর, তখন বীরণনামক তির তপস্বিনী কন্যাকে, সৃষ্টি করিবার আহ্বান করিলেন, অর্থাৎ বিবাহ করি- সেই দক্ষ প্রজাপতি স্ত্রী-পুরুষ- দ্বারা নানাপ্রকার প্রজা সৃষ্টি করিলেন। বীরণকন্যাতে অতি তেজস্বী দক্ষ- ই সহবাস করত পাঁচ হাজার পুত্র করিলেন। হে মুনিবর! দেবর্ষি ই সমস্ত পুত্রসৃষ্টি দর্শন করত দক্ষ- কে বলিয়াছিলেন। ঐ দেবর্ষি নারদ জার মানস হইতে উৎপন্ন হইয়াছেন। বাণীতে শ্রবণ করিয়াছি, দক্ষকন্যার পমুনির ঔরসে পুরুষগণের সৃষ্টি হইবে। সেই হেতু দক্ষপুত্রগণকে নারদ বলিলেন, রে মূর্খগণ! না জানিয়া কি নিমিত্ত সৃষ্টি করিতেছ? তোমাদিগের কোন দিক্- জ্ঞানই নাই; অতএব পৃথিবীকে জ্ঞাত হও। দেবর্ষি নারদ এ কথা বলিলে পর, দক্ষপুত্রগণ তেজের দ্বারা দিক্ জানিতে গমন করিলেন। পুত্রগণ গমন করিলে পর, দক্ষপ্রজাবৃদ্ধি নিমিত্ত পুনর্ব্বার পাঁচশত পুত্র উৎপন্ন করিলেন। দক্ষপ্রজাপতির পুত্র হর্য্যশ্বগণকে পুনর্ব্বার নারদমুনি বলিলেন, হে মূর্খগণ! কি নিমিত্ত পৃথিবীর পরিমাণ না জানিয়া, কি প্রকারে প্রজাসৃষ্টি হইবে? দক্ষপুত্র হর্য্যশ্বগণ নারদ- মুনির বাক্য শুনিয়া, সকল দিকে প্রয়াণ করি- লেন। ১—১০। তাঁহারা অন্তশূন্য আকাশ- পথ অবলম্বনপূর্ব্বক পরাভব নামক দেশে গমন করিয়া, অদ্যাপি প্রত্যাগত হইলেন না; যেরূপ নদী সকল অনবরত সমুদ্র লক্ষ্য করত গমন করিতেছে, কিন্তু কখনও প্রত্যাগমন করে না, তদ্রূপ জানিবে। হে মুনিবর! সে পর্য্যন্ত সহোদরের অন্বেষণে সহোদর গমন করিলে বিনষ্ট হয়, এ নিমিত্ত পণ্ডিতব্যক্তি ভ্রাতার

ষষ্টিকন্যাঃ সৃজৎ পশ্চাদ্বীরণ্যামিতি নঃ শ্রুতম্ ॥ ১৩
দদৌ স দশ ধর্ম্মায় কশ্যপায় ত্রয়োদশ।
সপ্তবিংশতিং সোমায় চতস্রোঽরিষ্টনেমিনে ॥১৪
দ্বে চৈব ব্রহ্মপুত্রায় দ্বে চৈবাঙ্গিরসে তথা।
দ্বে কৃশাশ্বায় বিদুষে তাসাং নামানি মে শৃণু ॥১৫
অরুন্ধতী বসুর্জামির্লম্বা ভানুর্মরুত্বতী।
সঙ্কল্পা চ মুহূর্ত্তা চ সাধ্যা বিশ্বা চ বৈ মুনে।
ধর্ম্মপত্ন্যো দশ ত্বেতাস্তাস্বপত্যানি মে শৃণু ॥ ১৬
বিশ্বেদেবাস্তু বিশ্বায়াঃ সাধ্যান্ সাধ্যা ব্যজায়ত।
মরুত্বত্যা মরুত্বন্তো বসোস্তু বসবস্তথা ॥ ১৭
ভানোস্তু ভানবঃ সর্ব্বে মুহূর্ত্তায়া মুহূর্ত্তজাঃ।
লম্বায়াশ্চৈব ঘোষোঽথ নাগবীথী চ জামিজা ॥১৮
পৃথিবীবিষয়ং সর্ব্বমরুন্ধত্যাং ব্যজায়ত।
সঙ্কল্পায়াস্তু সত্যাত্মা জজ্ঞে সঙ্কল্প এব হি ॥১৯
আপো ধ্রুবশ্চ সোমশ্চ ধরশ্চৈবানিলোঽনলঃ।
প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবো নামতঃ স্মৃতাঃ ॥ ২০
আপস্য পুত্রো বৈতণ্ডঃ শ্রমঃ শান্তো মুনিস্তথা।
ধ্রুবস্য পুত্রো ভগবান্ কালো লোকপ্রভাবকঃ ॥
সোমস্য ভগবান্ বর্চ্চা বর্চ্চস্বী যেন জায়তে ॥২১
ধরস্য পুত্রো দ্রবিণো হুতহব্যবহস্তথা।
মনোহরায়াঃ শিশিরঃ প্রাণোঽথ রমণস্তথা ॥২২
অনিলস্য শিবা ভার্য্যা যস্যাঃ পুত্রঃ পুরোজবঃ।
অবিজ্ঞাতগতিশ্চৈব দ্বৌ পুত্রাবনিলস্য তু ॥২৩
অগ্নিপুত্রঃ কুমারস্তু শরস্তম্বে শিয়াবৃতে
তস্য শাখো বিশাখশ্চ নৈগমেয়শ্চ পৃষ্ঠজঃ
অপত্যং কৃত্তিকানাস্তু কার্ত্তিকেয় ইতি স্মৃতঃ ॥২৪
প্রত্যূষস্য বিভুঃ পুত্র ঋষির্নাম্না তু দেবলঃ
দ্বৌ পুত্রৌ দেবলস্যাপি প্রজাবন্তৌ মনীষিণঃ ॥২৫
বৃহস্পতেস্তু ভগিনী বরস্ত্রী ব্রহ্মচারিণী।
যোগসিদ্ধা জগৎ কৃৎস্নং সমস্তং বিচরত্যুত ॥২৬
প্রভাসস্য তু সা ভার্য্যা বসূনামষ্টমস্য চ

প্রজাপতি দক্ষ পঞ্চশত পুত্রগণকে বিনষ্ট জানিয়া তদনন্তর বীরিণী-পত্নীর গর্ভে ষাটটী কন্যা উৎপাদন করিলেন, ইহা আমি শ্রবণ করিয়াছি। দক্ষপ্রজাপতি দশটী কন্যা ধর্ম্মকে, কশ্যপ মুনিকে ত্রয়োদশটী, সাতাশটী চন্দ্রকে, চারিটী অরিষ্টনেমিকে, দুইটী ব্রহ্মার পুত্রকে, দুইটী অঙ্গিরা মুনিকে এবং অবশিষ্ট দুইটী কন্যা বিদ্বান্ কৃশাশ্ব মুনিকে প্রদান করিলেন। যে ষাটটীর নাম কীর্ত্তন করিতেছি, আপনারা সকলে আমার নিকট তাঁহাদিগের নাম শ্রবণ করুন। অরুন্ধতী, বসু, জামি, লম্বা, ভানু, মরুত্বতী, সঙ্কল্পা, মুহূর্ত্তা, সাধ্যা, এবং বিশ্বা, হে মুনিগণ! এই দশটী ধর্ম্মের পত্নী জানিবেন। ইঁহাদিগের গর্ভে যে সকল পুত্র জন্মিয়াছিল, তাহা আমার নিকট শ্রবণ করুন। বিশ্বদেবগণ বিশ্বার গর্ভে, সাধ্যার গর্ভে সাধ্যগণ, মরুত্বতীর গর্ভে উনপঞ্চাশৎ বায়ুগণ, বসুর গর্ভে অষ্টবসু, ভানুর গর্ভে দ্বাদশ সূর্য্যগণ, মুহূর্ত্তার গর্ভে মুহূর্ত্তগণ, লম্বার গর্ভে ঘোষ, জামির গর্ভে নাগবীথি, বিদ্যাৎ অরুন্ধতীর গর্ভে পৃথিবী বিষয় এবং সঙ্কল্পার গর্ভে সত্যাত্মা সঙ্কল্প জন্মগ্রহণ করেন। অপ্, ধ্রুব, সোম, ধর, অনিল, অনল, প্রত্যূষ, প্রভাস এই অষ্ট বসুর নাম জানিবেন ১১—২০। অপ্ নামক বসুর পুত্র বৈতণ্ড, শ্রম, শান্ত এবং মুনি। ধ্রুব নামক বসুর পুত্র সকল লোকের উৎপাদক ভগবান্ কাল। সোম নামক বসুর পুত্র বর্চ্চাঃ, বর্চ্চা হইতেই লোকে বর্চ্চস্বী হয়। ধর নামক বসুর পুত্র দ্রবিণ, যিনি নীত দেব-অন্ন বহন করেন। অনিল নামক বসুর পত্নী শিবা, পুরোজব এবং অবিজ্ঞাতগতি এই দুইটী পুত্র শিবার গর্ভে অনিলের ঔরসে জন্ম গ্রহণ করেন। অগ্নির পুত্র কুমার শোভাযুক্ত শরস্তম্ব মধ্যে জন্ম গ্রহণ করেন; সেই কুমারের শাখ, বিশাখ এবং নৈগমেয় পৃষ্ঠচর ছিল। কুমারের কৃত্তিকাগণের গর্ভে জন্ম হয়, এ নিমিত্ত তাঁহার নাম কার্ত্তিকেয় বলিয়া বিখ্যাত ছিল। প্রত্যূষ নামক বসুর পুত্র ঋষি দেবল নামে বিখ্যাত। পণ্ডিতবর দেবলের দুই পুত্র, তাঁহারাও সন্তান-সন্ততিযুক্ত ছিলেন। সাধ্বী শত্রু সুন্দরী, ব্রহ্মচর্য্যপরায়ণা, বৃহস্পতির সহোদরা সমস্ত জগৎ ভ্রমণ করিতে সমর্থা, যোগসিদ্ধা অষ্টম বসু প্রভাসের সহধর্ম্মিণী ছিলেন।

ৎকর্ম্মা মহাভাগস্তস্যাং জজ্ঞে প্রজাপতিঃ ॥ ২৮
র্ত্তা শিল্পসহস্রাণাং ত্রিদশানাঞ্চ বর্দ্ধকিঃ।
ষণানাঞ্চ সর্ব্বেষাং কর্ত্তা শিল্পবতাং বরঃ ॥ ২৯
সর্ব্বাষাং বিমানানি দেবতানাং চকার হ।
ষ্যাশ্চোপজীবন্তি যস্ত শিল্পং মহাত্মনঃ ॥ ৩০
জৈকপাদহির্ব্রধ্নস্ত্বষ্টা রুদ্রশ্চ বীর্য্যবান্।
শ্চাপ্যাত্মজঃ শ্রীমান্ বিশ্বরূপো মহাযশাঃ ॥ ৩১
শ্চ বহুরূপশ্চ ত্র্যম্বকশ্চাপরাজিতঃ।
কপিশ্চ শম্ভুশ্চ কপর্দ্দী রৈবতস্তথা ॥ ৩২
কাদশৈতে কথিতা রুদ্রাস্ত্রিভুবনেশ্বরাঃ।
ং তে বংশমাখ্যাতং রুদ্রাণামমিতৌজসাম্ ॥৩৩
দিতির্দিতিশ্চ দনুররিষ্টা সুরসা ইলা।
ভির্বিনতা চৈব তাম্রা ক্রোধা সমা ইলা ॥ ৩৪
রুঃ শনিশ্চ বিপ্রেন্দ্র তাস্বপত্যানি মে শৃণু ॥ ৩৫
মিমন্বন্তরে শ্রেষ্ঠা দ্বাদশাসন্ সুরোত্তমাঃ।

হার গর্ভে প্রজাপতি, মহাভাগ্যবান্ বিশ্ব-
র্মা জন্ম গ্রহণ করেন, যিনি অসংখ্য শিল্প-
র্য্য করিয়াছিলেন, যিনি দেবগণের গৃহাদি-
র্ম্মাণকর্ত্তা, অলঙ্কার সৃষ্টি করিয়াছেন, যিনি
ল্পিগণের শ্রেষ্ঠ, দেবতাগণের সমস্ত আকাশ-
মী, দেবযাননিকর যাঁহার বুদ্ধি কৌশলে
দুর্ভূত হইয়াছে, এক্ষণেও যে মহাত্মার শিল্প-
র্য্য শিল্পিগণ উপজীবিকা করিতেছে।
—৩০। অজৈকপাদ, অহির্ব্রধ্ন, ত্বষ্টা, বীর্য্য-
রুদ্র, হর, বহুরূপ, অন্যের অজিত ত্র্যম্বক,
কপি, শম্ভু, কপর্দ্দী ও রৈবত ত্রিভুবনের
ই এই একাদশ রুদ্র শাস্ত্রে উক্ত হইয়া-
ন। ত্বষ্টার পুত্র পরম যশস্বী শ্রীযুক্ত
রূপ নামে বিখ্যাত ছিলেন। এরূপ
রিমিত বলবান্ একাদশ রুদ্রগণের বংশ
পনার নিকট উক্ত হইল। অদিতি, দিতি,
, অরিষ্টা, সুরসা, ইলা, সুরভি, বিনতা
ম্রা, ক্রোধা, সমা, কদ্রু, শনি, হে বিপ্রবর!
ত্রয়োদশটী কশ্যপ মুনির পত্নী। তাঁহা-
র গর্ভজাত সন্তানগণের নাম বলিতেছি,
মার নিকট তাহা শ্রবণ করুন। আদি-
র সময়ে সর্ব্বশ্রেষ্ঠ, দ্বাদশজন সুরবর জন্ম

তুষিতা নাম তেঽন্যোন্যমূচুর্ব্বৈবস্বতেঽন্তরে ॥ ৩৬
উপস্থিতে চাম্বয়শশ্চাক্ষুষস্যান্তরং মনোঃ।
হিতার্থং সর্ব্বলোকানাং সমাগম্য পরস্পরম্ ॥ ৩৭
আগচ্ছংস্তাংস্ত তান্ চুরদিতিং সম্প্রবিশ্যথ।
মন্বন্তরে প্রসূয়ামঃ সতাং শ্রেয়ো ভবিষ্যতি ॥ ৩৮
এবমুক্তাস্ত তে সর্ব্বে চাক্ষুষস্যান্তরে মনোঃ।
মারীচেঃ কশ্যপাজ্জাতাস্ত্বদিত্যা দক্ষকন্যয়া ॥ ৩৯
তত্র বিষ্ণুশ্চ শক্রশ্চ জজ্ঞাতে পুনরেব হি।
অর্য্যমা চৈব ধাতা চ ত্বষ্টা পূষা তথৈব চ ॥ ৪০
বিবস্বান্ সবিতা চৈব মিত্রাবরুণ এব চ।
অংসো ভগশ্চাতিতেজা আদিত্যা দ্বাদশ স্মৃতাঃ ॥
চাক্ষুষস্যান্তরে পূর্ব্বমাসন্ যে তুষিতাঃ সুরাঃ।
রৈবতস্যান্তরে তে তু আদিত্যা দ্বাদশ স্মৃতাঃ ॥৪২
সপ্তবিংশতি যাঃ প্রোক্তাঃসোমপত্ন্যোঽথ সুব্রতাঃ
তাসামপত্যান্যভবন্ দীপ্তয়োঽমিততেজসঃ ॥ ৪৩
অরিষ্টনেমেঃ পত্নীনামপত্যানীহ ষোড়শ।

গ্রহণ করিয়াছিলেন। বৈবস্বত মন্বন্তর সময়ে
তুষিতগণ পরস্পরে বলিয়াছিলেন, চাক্ষুষ মন্বন্তর
উপস্থিত হইলে, সকল লোকের হিতসাধন
নিমিত্ত আমরা পরস্পরে মিলিত হইয়া অদি-
তির গর্ভে প্রবেশপূর্ব্বক জন্মগ্রহণ করিব,
তাহা হইতে সাধুগণের মঙ্গল হইবে। তুষিত-
গণ পরস্পরে এরূপ মন্ত্রণা করিয়া চাক্ষুষ-
মন্বন্তর উপস্থিত হইলে মরীচি-পুত্র কশ্যপ-
মুনির ঔরসে দক্ষকন্যা অদিতির গর্ভে জন্ম
গ্রহণ করিলেন। ঐ চাক্ষুষ-মন্বন্তরে অদিতির
গর্ভে বিষ্ণু এবং ইন্দ্র জন্ম গ্রহণ করিয়াছিলেন
এবং অর্য্যমা, ধাতা, ত্বষ্টা, পূষা বিবস্বান্ সবিতা,
মিত্রাবরুণ, অংস, ভগ, অতিতেজা, এই দ্বাদশ
আদিত্য নামে বিখ্যাত জানিবে। ৩৬—৪১।
পূর্ব্বে চাক্ষুস-মন্বন্তরে তুষিত নামে যে সুরগণ
জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহারাই রৈবত নামক
মন্বন্তর সময়ে দ্বাদশ আদিত্যরূপে জন্ম গ্রহণ
করেন। চন্দ্রের পত্নী সপ্তবিংশতি উক্ত হইয়া-
ছেন, তাঁহারা সকলেই সুব্রতা ছিলেন; তাঁহা-
দিগের সন্তানগণ দীপ্তিমন্ত এবং অতি তেজস্বী
হইয়াছিল। অরিষ্টনেমির পত্নীগণের গর্ভে

বহুপুত্রস্ত বিদুষশ্চতস্রো যাঃ সুতাঃ স্মৃতাঃ ॥ ৪৪
কৃশাশ্বস্ত তু দেবর্ষের্দেবপ্রহরণাঃ স্মৃতাঃ ।
এতে যুগসহস্রান্তে জায়ন্তে পুনরেব হি ॥ ৪৫
সর্ব্বে দেবনিকায়াশ্চ ত্রয়স্ত্রিংশৎ তু কামজাঃ ।
তেষামপি চ বিপ্রেন্দ্র নিরোধোৎপত্তিরুচ্যতে ॥ ৪৬
যথা সূর্য্যস্য নিত্যং হি উদয়াস্তময়াবিহ ।
এবং দেবনিকায়াস্তে সম্ভবন্তি যুগে যুগে ॥ ৪৭
দিত্যা বভূবতুঃ পুত্রৌ কশ্যপাদিতি নঃ শ্রুতম্ ।
হিরণ্যকশিপুশ্চৈব হিরণ্যাক্ষশ্চ বীর্য্যবান্ ॥ ৪৮
সিংহিকা চাভবৎ কন্যা বিপ্রচিত্তেঃ পরিগ্রহঃ ।
হিরণ্যকশিপোঃ পুত্রাশ্চত্বারোহপ্যমিতৌজসঃ ॥ ৪৯
অনুহ্রাদশ্চ হ্রাদশ্চ প্রহ্রাদশ্চৈব বীর্য্যবান্
সংহ্রাদশ্চ চতুর্থোহভূদ্ধ্রাদপুত্রো হ্রদঃ স্মৃতঃ ॥ ৫০
হ্রদস্য পুত্র আয়ুষ্মান্ শিবিঃ কালস্তথৈব চ
বিরোচনস্তু প্রাহ্রাদির্বলির্জজ্ঞে বিরোচনাৎ ॥ ৫১
বলেঃ পুত্রশতস্ত্বাসীদ্বাণো জ্যেষ্ঠশ্চ তস্য তু ।
হিরণ্যাক্ষসুতাঃ পঞ্চ পণ্ডিতাঃ সুমহাবলাঃ ॥ ৫২
কুকুরঃ শকুনিশ্চৈব ভূতসন্তাপনস্তথা ।
মহানাদশ্চ বিক্রান্তঃ কালনাভস্তথৈব চ ॥ ৫৩
অভবন্ দনুপুত্রাশ্চ শতং তীব্রপরাক্রমাঃ ।
মহাবলা মহাবীর্য্যাঃ প্রাধান্যেন নিবোধ মে ॥ ৫৪
দ্বিমূর্দ্ধা শঙ্কুরশ্চৈব তথা বলিশিবঃ প্রভুঃ
অয়োমুখঃ শম্বরশ্চ কপিলো বামনস্তথা ॥ ৫৫
বিশ্বানরঃ পুলোমা চ বিদ্রাবণ-মহাশিরৌ
স্বর্ভানুর্বৃষপর্ব্বা চ বিপ্রচিত্তিশ্চ বীর্য্যবান্ ॥ ৫৬
এতে সর্ব্বে দনোঃ পুত্রাঃ কশ্যপস্য জজ্ঞিরে
স্বর্ভানোস্তু প্রভা কন্যা পুলোম্নস্তু শচী সুতা ॥ ৫৭
উপদানবী হয়শিরাঃ শর্ম্মিষ্ঠা বৃষপর্ব্বণঃ ।
পুলোমা কালিকা চৈব বৈশ্বানরসুতে উভে ॥ ৫৮
বহ্বপত্যে মহাবীর্য্যে মরীচেস্তু পরিগ্রহে

ষোলটী সন্তান জন্মগ্রহণ করিয়াছিলেন, সেই পণ্ডিত বহুপুত্র ; চারিটীমাত্র সুতা জন্মিয়াছিল দেবর্ষি কৃশাশ্ব হইতে দেবগণের অস্ত্রশস্ত্রসমূহ উৎপন্ন হইয়াছিল, এ সকল দেবগণ যুগসহস্রান্তে পুনর্ব্বার জন্মগ্রহণ করিয়া থাকেন। যে সকল দেবগণের নাম উক্ত হইল, তাহার মধ্যে তেত্রিশটী ইচ্ছানুসারে জন্মগ্রহণ করিতে পারেন ; হে বিপ্রবর! তাঁহাদিগেরও জন্ম এবং লয় কথিত হইতেছে। যেরূপ ভগবান্ সূর্য্যের প্রতিদিন উদয় এবং অস্ত হইয়া থাকে, তদ্রূপ দেবগণও প্রতিযুগে উৎপন্ন হন। আমরা শুনিয়াছি, দিতির গর্ভে কশ্যপ মুনির ঔরসে হিরণ্যকশিপু এবং হিরণ্যাক্ষ নামে অতীব বলবান্ দুই পুত্র জন্মগ্রহণ করিয়াছিল এবং সিংহিকা নামে এক কন্যাও জন্মিয়াছিল। ঐ সিংহিকা-নাম্নী কন্যাকে বিপ্রচিত্তি বিবাহ করিয়াছিলেন। হিরণ্যকশিপুর অপরিমিত বলবান্ চারিটী পুত্র জন্মিয়াছিল ;—অনুহ্রাদ, হ্রাদ, বীর্য্যবান্ প্রহ্রাদ ও চতুর্থ সংহ্রাদ। হ্রাদের পুত্র হ্রদ নামে বিখ্যাত। ৪২—৫০। হ্রদের অপর তিনটী পুত্রের নাম আয়ুষ্মান্, শিবি এবং কাল। প্রহ্রাদের পুত্র বিরোচন, বিরোচনের পুত্র বলি; বলির একশত পুত্র জন্মিয়াছিল, তাঁহাদিগের সর্ব্বজ্যেষ্ঠ বাণ; হিরণ্যাক্ষের অত্যন্ত বলবান্ এবং পণ্ডিত পাঁচটী পুত্র জন্মিয়াছিল — কুকুর, শকুনি, ভূতসন্তাপন, অত্যন্ত বিক্রান্ত মহানাদ এবং কালনাভ। দনুর পুত্র একশত হইয়াছিল, তাহারা সকলেই অত্যন্ত পরাক্রমযুক্ত, মহাবলিষ্ঠ এবং অত্যন্ত বীর্য্যবান্ হইয়াছিল তাহাদিগের প্রধান প্রধানের নাম কীর্ত্তন করিতেছি, আমার নিকট শ্রবণ করুন — দ্বিমূর্দ্ধা, শঙ্কুর, প্রভু, বলি, শিব, অয়োমুখ, শম্বর, কপিল বামন, বিশ্বানর, পুলোমা, বিদ্রাবণ, মহাশির, স্বর্ভানু, বৃষপর্ব্বা এবং বীর্য্যবান্ বিপ্রচিত্তি ইহারা দনুর গর্ভে কশ্যপমুনির ঔরসে জন্মগ্রহণ করিয়াছিল। স্বর্ভানুর কন্যা প্রভা নামে বিখ্যাত। পুলোমার কন্যা ইন্দ্রপত্নী শচী। উপদানবী, হয়শিরা এবং শর্ম্মিষ্ঠা বৃষপর্ব্বা নামক দানবের কন্যা। পুলোমা এবং কালিকা এ দুইটী বিশ্বানর নামক দানবের কন্যা; ইহারা উভয়ে বহু পুত্রবতী, অত্যন্ত বলবতী হইয়াছিল ; এ দুইটী কন্যা প্রজাপতি মরীচি বিবাহ করিয়াছিলেন, ঐ দুই পত্নীর গর্ভে দানবগণের আনন্দবর্দ্ধন ষাট হাজার পুত্র মহ

তং স্যাঃ পুত্রসহস্রাণি ষষ্টির্দানবনন্দনাঃ॥ ৫৯
মরীচির্জনয়ামাস মহতা তপসান্বিতঃ।
পৌলোমাঃ কালখঞ্জাশ্চ দানবানাং মহাবলাঃ॥ ৬০
অবধ্যা দেবতানাং হি হিরণ্যপুরবাসিনঃ।
পিতামহপ্রসাদেন যে হতাঃ সব্যসাচিনা॥ ৬১
সিংহিকায়ামথোৎপন্না বিপ্রচিত্তেঃ সুতাস্তথা।
দৈত্য-দানবসংযোগাজ্জাতাস্তীব্রপরাক্রমাঃ॥ ৬২
সৈংহিকেয়া ইতি খ্যাতাস্ত্রয়োদশ মহাবলাঃ।
রাহুঃ শল্যঃ সুবলিনো বলশ্চৈব মহাবলঃ॥ ৬৩
বাতাপির্নমুচিশ্চৈব ইল্বলঃ স্বসৃপস্তথা।
অজিকো নরকশ্চৈব কালনাভস্তথৈব চ॥ ৬৪
শরমাণঃ শরকল্প এতে বংশবিবর্দ্ধনাঃ।
তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ দনুবংশবিবর্দ্ধনাঃ॥ ৬৫
সংহ্রাদস্য তু দৈত্যস্য নিবাতকবচাঃ কুলে।
উৎপন্না মহতা তস্মিংস্তপসা ভাবিতাত্মনঃ॥ ৬৬
খরমুখা মহাসত্ত্বাস্তাম্রায়াঃ পরিকীর্ত্তিতাঃ।
কাকী শ্যেনী চ ভাসী চ সুগ্রীবী গৃধ্রিকা শুকী॥
কাকী কাকানজনয়দুলূকী প্রত্যুলূকিকান্।
শ্যেনী শ্যেনাংস্তথা ভাসী ভাসান্ গৃধ্রী তু গৃধ্রকান্
শুকী শুকাংস্তদেবাংস্তু সুগ্রীবী শুভপক্ষিণঃ।
অশ্বানুষ্ট্রান্ গর্দ্দভাংশ্চ তাম্রাবংশঃ প্রকীর্ত্তিতঃ॥ ৬৯
বিনতায়াস্তু পুত্রৌ দ্বাবরুণো গরুড়স্তথা।
সুপর্ণঃ পততাং শ্রেষ্ঠোদারুণঃ স্বেন কর্ম্মণা॥ ৭০
সুরসায়াঃ সহস্রন্তু সর্পাণামমিতৌজসাম্।
অনেকশিরসাং তেষাং খেচরাণাং মহাত্মনাম্॥ ৭১
যেষাং প্রধানা রাজানঃ শেষ-বাসুকি-তক্ষকাঃ।
ঐরাবতো মহাপদ্মঃ কম্বলাশ্বতরাবুভৌ॥ ৭২
এলাপত্রস্তথা পদ্মঃ কর্কোটক-ধনঞ্জয়ৌ।
মহানীল-মহাকর্ণৌ ধৃতরাষ্ট্রো বলাহকঃ॥ ৭৩
কুহরঃ পুষ্পদন্তশ্চ দুর্ম্মুখঃ সুমুখস্তথা।

তপস্বী প্রজাপতি মরীচি উৎপাদন করিয়াছিলেন। পৌলোমগণ ও কালকঞ্জগণ দানবগণের মধ্যে অত্যন্ত বলিষ্ঠ হইয়াছিল; তাহারা সকলে দেবগণের অবধ্য হইয়াছিল এবং হিরণ্যপুরে বসতি করিত। পিতামহ ব্রহ্মার প্রসাদে পাণ্ডুনন্দন অর্জ্জুন তাহাদিগকে বিনষ্ট করিয়াছিলেন। ৫৯—৬১। বিপ্রচিত্তির ঔরসে সিংহিকার গর্ভে সৈংহিকেয় নামে বিখ্যাত মহাবল-পরাক্রান্ত ত্রয়োদশটী পুত্র জন্মিয়াছিল; উহারা দৈত্য এবং দানবসংসর্গজাত বলিয়া তীব্রপরাক্রমযুক্ত ছিল। রাহু এবং শল্য এ দুইজনে অত্যন্ত বলবান্ হইয়াছিল; বল, মহাবল, বাতাপি, নমুচি, ইল্বল, স্বসৃপ, অজিক, নরক, কালনাভ, শরমাণ, শরকল্প ইহারা সকলেই বংশবৃদ্ধিকারী হইয়াছিল; ইহাদিগের পুত্রগণ এবং পৌত্রগণ দনুর বংশ বৃদ্ধি করিয়াছিল। মহৎ তপস্যা দ্বারা সর্ব্বদা চিন্তাযুক্তচিত্ত দৈত্যবর সংহ্রাদের সেই প্রসিদ্ধ বংশে নিবাতকবচগণ জন্মিয়াছিল। খর প্রভৃতি দীর্ঘকায় প্রাণিসমূহ তাম্রার গর্ভজাত বলিয়া কথিত হইয়াছে। কাকী, উলূকী, শ্যেনী, ভাসী, সুগ্রীবী, গৃধ্রিকা ও শুকী এই সকল পক্ষিজাতীয় মহিলাগণ তাম্রার সন্তান জানিবে। কাকী কাকসমূহ প্রসব করেন, উলূকী পেচকজাতীয় পক্ষিগণকে প্রসব করেন, শ্যেনী শ্যেনপক্ষিসমূহ প্রসব করিয়াছিলেন, ভাসী ভাস নামক পক্ষিবিশেষবংশ প্রসব করেন, গৃধ্রী গৃধ্রপক্ষিসমূহের প্রসূতি, শুকী শুকপক্ষিগণের জননী, সুগ্রীবী অন্যান্য সমস্ত সুন্দর পক্ষিসমূহ প্রসব করিলেন। অশ্বসমূহ, উষ্ট্রসমূহ এবং গর্দ্দভসমূহ তাম্রাবংশজাত বলিয়া কথিত হইয়াছে। বিনতার দুই পুত্র অরুণ জ্যেষ্ঠ এবং গরুড় কনিষ্ঠ। গরুড় পক্ষিগণের রাজা এবং সুপর্ণ নামে বিখ্যাত হইয়াছেন; অরুণ সূর্য্যতেজ-সহিষ্ণুতা এবং সূর্য সারথ্যরূপ নিজ কার্য্য দ্বারা জগদ্বিখ্যাত [illegible] বেন। ৬২—৭০। অপরিমিত বলবান্ অসংখ্য সর্পগণ সুরসার গর্ভজাত সন্তান। উহাদিগের বহুমস্তক। সকলেই আকাশপথে গমন করিতে সমর্থ এবং সকলেই বৃহৎকায়। সর্পগণের রাজা শেষ, বাসুকি, তক্ষক, ঐরাবত, মহাপদ্ম, কম্বল, অশ্বতর, এলাপত্র, পদ্ম, কর্কোটক, ধনঞ্জয়, মহানীল, মহাকর্ণ, ধৃতরাষ্ট্র, বলাহক, কু

স পাট্যমানো গর্ভোহথ বজ্রেণ প্ররুরোদ হ।
মা রোদীস্ত্বং পুনঃ শক্রঃ পুনরেবাভ্যভাষত ॥ ১০
সোহভবৎ সপ্তধা গর্ভস্তমিন্দ্রস্ত্রসিতঃ পুনঃ।
একৈকং সপ্তধা চক্রে বজ্রেণৈবারিকর্শনঃ ॥ ১১
মরুতো নাম তে দেবা বভূবুঃ সুমহাবলাঃ।
খগা একোনপঞ্চাশৎ সহায়া বজ্রপাণিনঃ ॥ ১২
তেষামেব প্রবৃদ্ধানাং হরিঃ প্রাদাৎ প্রজাপতিঃ।
ক্রমশস্তানি রাজ্যানি পৃথুপূর্ব্বং শৃণুষ্ব তৎ ॥ ১৩
অরিষ্টপুরুষো বীরঃ কৃষ্ণো জিষ্ণুঃ প্রজাপতিঃ।
পর্জ্জন্যস্তু ধনাধ্যক্ষস্তস্য সর্ব্বমিদং জগৎ ॥ ১৪
ভূতসর্গমিমং সম্যক্ কথিতং শৃণু চাগ্রতঃ।
অভিষিচ্যাধিরাজ্যে তু পৃথুং বৈণ্যং পিতামহঃ।
ততঃ ক্রমেণ রাজ্যানি ব্যাদেষ্টুমুপচক্রমে ॥ ১৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
দেব-দানবাদিসৃষ্টিকথনং নাম
চতুঃপঞ্চাশোহধ্যায়ঃ ॥ ৫৪

বজ্রহস্তে দিতির গর্ভে প্রবিষ্ট হইয়া দিতির সেই গর্ভ সপ্তখণ্ড করত ছেদন করিলেন। সেই গর্ভ বজ্র দ্বারা পাটিত হওয়াতে রোদন করিতে লাগিল, দেবরাজ ইন্দ্র গর্ভস্থ সন্তানের রোদন শুনিয়া বলিলেন, তুমি রোদন করিও না। ইন্দ্র-পাটিত সেই গর্ভ সপ্তখণ্ডে বিভক্ত হইল। শত্রুনাশন ইন্দ্র পুনর্ব্বার বজ্র দ্বারা ঐ সপ্ত খণ্ডের এক এক খণ্ডকে সপ্ত খণ্ড করিলেন। ঐ এক এক খণ্ড অত্যন্ত বলবান্, আকাশ-পথ-গমন-সমর্থ, উনপঞ্চাশৎ বায়ুরূপে পরিগণিত হইয়া দেবগণ মধ্যে গণ্য হইলেন ও ইন্দ্রের সহায়তা করিতে লাগিলেন। তাঁহারা প্রবৃদ্ধ হইলে, প্রজাপতি হরি তাঁহাদিগকে যথাক্রমে রাজ্য প্রদান করেন; তবে পৃথুকে প্রথমে রাজ্য দেওয়া হয়। অরিষ্ট পুরুষ, বীর, কৃষ্ণ, জিষ্ণু, প্রজাপতি, পর্জ্জন্য এবং ধনাধ্যক্ষ যাঁহার নাম, তাঁহারই এই সর্ব্ব জগৎ। এই ভূতসর্গের বিষয় বলিলাম,. অনন্তর ব্রহ্মা বেণপুত্র পৃথুকে রাজ্যাভিষিক্ত করিয়া অন্যান্য সকলকে রাজ্য প্রদান করেন, তাহা শুন। ৮৭—৯৫।

চতুঃপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৪ ॥

পঞ্চপঞ্চাশোহধ্যায়ঃ।

সূত উবাচ।

দ্বিজানাং বীরুধাঞ্চৈব নক্ষত্রগ্রহয়োস্তথা।
যজ্ঞানাং তপসাঞ্চৈব সোমং রাজ্যেহভ্যষেচয়ৎ ॥ ১
অপান্তু বরুণং রাজ্যে রাজ্ঞাং বৈশ্রবণং প্রভুম্।
আদিত্যানাং তথা বিষ্ণুং বসূনামথ পাবকম্ ॥ ২
প্রজাপতীনাং দক্ষস্তু মরুতামথ বাসবম্।
দৈত্যানাং দানবানাঞ্চ প্রহ্লাদমমিতৌজসম্ ॥ ৩
বৈবস্বতং পিতৃণাঞ্চ যমং রাজ্যেহভ্যষেচয়ৎ।
মাতৃণাঞ্চ ব্রতানাঞ্চ মন্ত্রাণাঞ্চ তথা গবাম্ ॥ ৪
যক্ষাণাং রাক্ষসানাঞ্চ পার্থিবানাং তথৈব চ।
সর্ব্বভূতপিশাচানাং গিরিশং শূলপাণিনম্ ॥ ৫
শৈলানাং হিমবন্তঞ্চ নদীনামথ সাগরম্।

পঞ্চপঞ্চাশ অধ্যায়।

উগ্রশ্রবার পুত্র সূত, শৌনকমুনির নিকট বলিতে লাগিলেন, পৃথুরাজ দ্বিজগণের, বীরুধ্-গণের, নক্ষত্রগণের, নবগ্রহের, রাজসূয় প্রভৃতি যজ্ঞসমূহের এবং পঞ্চতপা প্রভৃতি তপস্যা-সমূহের রাজত্বকার্য্যে ভগবান্ চন্দ্রকে অভিষিক্ত করিলেন; বরুণদেবকে জলরাশির প্রভুত্বকার্য্যে নিযুক্ত করিলেন; রাজগণের প্রভুত্বে বৈশ্রবণকে অভিষেক করিলেন; দ্বাদশ আদিত্যের প্রাধান্য করিতে ভগবান্ বিষ্ণুকে অভিষিক্ত করিলেন; অষ্টবসুর মধ্যে অগ্নিকে অভিষেক করিলেন; প্রজাপতিসমূহের মধ্যে দক্ষকে শ্রেষ্ঠ করিলেন; দেবগণের মধ্যে ইন্দ্রকে রাজা করিলেন; দৈত্য-গণ ও দানবগণ মধ্যে অপরিমিত বলবান্ প্রহ্লাদকে শ্রেষ্ঠ করিলেন; সূর্য্যের পুত্র যম-রাজকে পিতৃগণের রাজত্বকার্য্যে নিয়োগ করিলেন এবং গৌরী প্রভৃতি মাতৃগণের, চান্দ্রায়ণ প্রভৃতি ব্রতসমূহের, গায়ত্রী প্রভৃতি মন্ত্রসমূহের গো-সমূহের, যক্ষগণের, রাক্ষসগণের, পৃথিবী-পতিসমূহের, সমস্ত ভূত-পিশাচবর্গের শূলপাণি মহাদেবকে রাজা করিলেন। হিমালয়কে পর্ব্বতসমূহের রাজা করিলেন; সমুদ্রকে নদী-

উচুর্ম্মহর্ষয়ঃ সর্ব্বে মরীচিপ্রমুখাস্তদা ॥৭
বয়ং দীক্ষাং প্রবেক্ষ্যামঃ সংবৎসরগণান্ বহূন্।
অধর্ম্মং কুরু মা বেণ এষ ধর্ম্মঃ সতামপি ॥ ৮
নিধানং হি প্রসূতস্ত্বং প্রজানাং পরিপালকঃ।
প্রজাস্ত্বং পালয়িষ্যোহহমিতি তৈঃ সময়ঃ কৃতঃ ॥৯
তাংস্তদা ব্রুবতঃ সর্ব্বান্ মুমূর্ষুরব্রবীৎ ততঃ।
বেণঃ প্রহস্য দুর্ব্বুদ্ধিরিমমর্থং বিচিন্তয়ন্ ॥১০
স্রষ্টা ধর্ম্মস্য কশ্চান্যঃ শ্রোতব্যঃ কস্য বৈ ময়া।
সম্মূঢ়া ন বিদুর্ধর্ম্মং ভবন্তো মাং বিশেষতঃ ॥১১
ইত্থং সংসাধয়ন পৃথ্বীং প্লাবয়েয়ং তথা জলম্।
দ্যাং ভুবঞ্চৈব বিধ্যেয়ং নাত্র কার্য্যা বিচারণা ॥১২
যদা ন শক্যতে নেতুং দৈবমোহেন মোহিতম্।
অনুনেতুং তদা বেণং ততঃ ক্রুদ্ধা মহর্ষয়ঃ ॥১৩
নিগৃহ্য তং দুরাত্মানং বিস্ফুরন্তং মহাবলম্।
ততোহস্য সব্যমূরুং তে মমন্থুর্জাতমন্যবঃ।
তস্মিন্ সুমথ্যমানে বৈ রাজ্ঞ ঊরোঃ প্রজজ্ঞিবান্
হ্রস্বোহতিমাত্রঃ পুরুষঃ কৃষ্ণশ্চাপি বভূব হ ॥১৫
স ভীতঃ প্রাঞ্জলির্ভূত্বা তস্থৌ চ ঋষিসত্তমঃ।
তমত্রির্বিহ্বলং দৃষ্ট্বা নিষীদেত্যব্রবীদ্বচঃ ॥১৬
নিষাদবংশকর্ত্তা স বভূব বদতাং বরঃ।
ধীবরানসৃজচ্চাপি বেণকল্মষসম্ভবান্ ॥ ১৭
যে চান্যে বিন্ধ্যনিলয়াঃ পুলিন্দাস্তুম্বরাস্তথা।
অধর্ম্মরুচয়ো যে চ বিদ্ধি তান্ বেণকল্মষান্ ॥ ১৮
ততঃ পুনর্মহাত্মানঃ পাণিং বেণস্য দক্ষিণম্।
অরণীমিব সন্ধায় মমন্থুস্তে মহর্ষয়ঃ ॥ ১৯
পৃথুস্তস্মাৎ সমুত্তস্থৌ করাজ্জ্বলনসন্নিভাৎ।
দীপ্যমানঃ স্ববপুষা সাক্ষাদগ্নিসমোজ্জ্বলঃ ॥ ২০
আদ্যমাজগবং নাম ধনুর্গৃহ্য মহাবরম্।

মরীচি প্রভৃতি মহর্ষিগণ বলিয়াছিলেন, আমরা বহুবৎসরব্যাপী যজ্ঞকার্য্যে দীক্ষিত হইব; হে রাজন্! তুমি অধর্ম্মাচরণ করিও না, অধর্ম্ম পরিত্যাগ করা সাধুগণের ধর্ম্ম। তুমি প্রজাগণের প্রভু হইয়া জন্মিয়াছ এবং তুমিই একমাত্র প্রজাবর্গের প্রতিপালক। "আমি প্রজাগণকে প্রতিপালন করিব" আমাদিগের নিকট এইরূপ প্রতিজ্ঞা কর। মৃত্যু ইচ্ছুক সেই দুর্ব্বুদ্ধি বেণরাজা মরীচি প্রভৃতি মহর্ষিগণের বাক্য শ্রবণ করত হাস্য করিয়া বলিল, আমি ভিন্ন ধর্ম্মের সৃষ্টিকর্ত্তা কে আছে? আমি আবার কাহার উপদেশ শুনিব? অত্যন্ত মূঢ় ব্যক্তিগণ, ধর্ম্ম কাহাকে বলে, জানে না; বিশেষতঃ আপনারাও আমাকে অবগত নহেন ১—১১। আমি নিজ ক্ষমতা দ্বারা সমস্ত পৃথিবীকে নিজায়ত্ত করিয়া সমস্ত জলরাশিকে স্বস্থান হইতে চ্যুত করিতে পারি এবং স্বর্গমর্ত্ত্যকে বিদ্ধ করিতে পারি, এ বিষয়ে আপনারা সংশয় করিবেন না। যৎকালে মরীচি প্রভৃতি মহর্ষিগণ, দৈবমায়া দ্বারা মুগ্ধ বেণরাজাকে সৎপথে আনিতে এবং অনুনয় করাইতে সমর্থ হইলেন না, তৎকালে মহর্ষিগণ ক্রুদ্ধ হইয়া অত্যন্ত বলবান্ বিস্ফুরণশীল সেই বেণরাজাকে নিগ্রহ করিবার নিমিত্ত ঐ বেণরাজার বাম ঊরুদেশ মর্দ্দন করিতে লাগিলেন, তদনন্তর বেণরাজার ঊরুদেশ মর্দ্দিত হইলে পর, বেণের ঊরু হইতে অত্যন্ত খর্ব্বাকৃতি কৃষ্ণবর্ণ একটী পুরুষ উৎপন্ন হইল। সেই বেণরাজার ঊরুজাত পুরুষ কৃতাঞ্জলি হইয়া অবস্থিতি করিতে লাগিল। ঐ পুরুষকে অত্রিমুনি বিহ্বল দেখিয়া "নিষীদ" এই আদেশ করিলেন, সেই হেতু বদতাংবর অত্রিমুনি নিষাদবংশের সৃষ্টিকর্ত্তা হইলেন। মৎস্যোপজীবী ধীবরগণকে বেণরাজার পাপরাশি হইতে ঐ অত্রিমুনি সৃষ্টি করিলেন; অন্য যত বিন্ধ্যপর্ব্বতবাসী পুলিন্দজাতি, তুম্বরজাতি এবং অধর্ম্মকার্য্যজীবী চণ্ডালবর্গ, ইহারা সকলেই বেণরাজার পাপরাশি হইতে জন্মিয়াছে, জানিবেন। তদনন্তর পুনর্ব্বার মরীচি প্রভৃতি মহাত্মাগণ ঐ বেণরাজার দক্ষিণ হস্ত অগ্ন্যুৎপাদক অরণি-কাষ্ঠের ন্যায়, মর্দ্দন করিতে লাগিলেন। পদ্মসদৃশ বেণরাজার দক্ষিণ হস্ত হইতে, নিজের সুন্দর শরীর দ্বারা দীপ্যমান, সাক্ষাৎ অগ্নির ন্যায় তেজস্বী পৃথুরাজা ধনুর্গণের আদিভূত, অত্যন্ত শব্দযুক্ত আজগব নামক ধনুর্ব্বর, অদ্ভুত শরনিকর এবং আত্মরক্ষা

অয়োঃ স্তবান্তে সুপ্রীতঃ পৃথুঃ প্রাদাৎ প্রজেশ্বরঃ।
অনপদেশং সূতায় মগধং মাগধায় চ ॥ ৩৪
তং দৃষ্ট্বা পরমপ্রীতা দেবা ব্রহ্মপুরোগমাঃ।
বৃত্তীনামেষ বো দাতা ভবিষ্যতি নরেশ্বরঃ ॥ ৩৫
ততো বৈণ্যং প্রজাঃ সর্ব্বা জীবনায়াভিদুদ্রুবুঃ।
ত্বং নো বৃত্তিং বিধৎস্বেতি তমূচুর্ব্রাহ্মণাঃ কিল ॥৩৬
সোঽপস্থত্যাথ সহসা প্রজাপতিচিকীর্ষয়া ॥ ৩৭
ধনুর্গৃহ্য পৃষৎকাংশ্চ ধরাং প্রত্যুদ্যযৌ পুনঃ।
ততো বৈণ্যভয়ত্রস্তা গৌর্ভূত্বা প্রাদ্রবন্মহী।
তাং পৃথুর্ধনুরাদায় দ্রবন্তীমন্বধাবত ॥ ৩৮
সা লোকাল্লোকপালাদীন্ যযৌ বৈণ্যভয়াৎ তদা।
অলভন্তী তু সা ত্রাণং তং বৈ শরণমীয়িবান্ ॥৩৯
কৃতাঞ্জলিপুটা ভূত্বা ইদং বচনমব্রবীৎ ॥ ৪০
কথং ধারয়িতা চাসি প্রজা রাজন্ ময়া বিনা।
ময়ি লোকাঃ স্থিতা রাজন্ ময়েদং ধার্য্যতে জগৎ
মৎকৃতে চ বিনশ্যন্তি সর্ব্বে পার্থিব পার্থিবাঃ।
ন মামর্হসি হন্তুং বৈ শ্রেয়শ্চেৎ ত্বং চিকীর্ষসি ॥
উপায়তঃ সমারব্ধাঃ সর্ব্বে সিধ্যন্ত্যুপক্রমাঃ।
উপায়ং পশ্য যেন ত্বং ধারয়েথাঃ প্রজা নৃপ ॥ ৪৩
অনুভূতা ভবিষ্যামি যচ্ছ কোপং মহীপতে।
অবধ্যাশ্চ স্ত্রিয়ং প্রাহুস্তির্য্যগ্যোনিগতেষপি ॥ ৪৪
স ত্বন্তু পৃথিবীপাল ন ধর্ম্মং ত্যক্তুমর্হসি ॥৪৫
এবং বহুবিধং বাক্যং শ্রুত্বা রাজা মহামনাঃ।
কোপং নিগৃহ্য ধর্ম্মাত্মা ইদং বচনমব্রবীৎ ॥ ৪৬

দ্বারা তোমরা ইঁহাকে স্তব কর। সূত এবং মাগধ বন্দিদ্বয় মহর্ষিগণের বাক্য শুনিয়া পৃথুরাজকে আশীর্ব্বাদ করিলেন। বন্দিদ্বয়ের স্তবাবসানে প্রজাবর্গ-প্রতিপালক মহারাজ পৃথু প্রীত হইয়া, সূতকে অনপদেশ এবং মাগধকে মগধদেশ প্রদান করিলেন। পৃথুরাজার দানকার্য্য দর্শন করত ব্রহ্মা প্রভৃতি দেবগণ তাঁহার প্রতি পরম সন্তুষ্ট হইলেন। ব্রহ্মাদি দেবগণ প্রজাবর্গকে বলিলেন, এই নরপতি তোমাদিগের বৃত্তি প্রদান করিবেন। ব্রহ্মাদির বাক্য শ্রবণ করত প্রজাগণ বেণাত্মজ পৃথুরাজার সমীপে জীবিকা নিমিত্ত উপস্থিত হইলেন। ব্রাহ্মণগণ উপস্থিত হইয়া পৃথুরাজাকে বলিতে লাগিলেন, হে মহারাজ! আপনি আমাদিগকে বৃত্তি প্রদান করুন। পৃথুরাজা ব্রাহ্মণগণের বাক্য শ্রবণান্তে প্রজাপালন করিতে ইচ্ছুক হইয়া, হঠাৎ সে স্থান হইতে বহির্গমন করত ধনু এবং শরনিকর গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার পৃথিবীর প্রত্যুদ্গমন করিতে লাগিলেন। ভগবতী পৃথিবীদেবী বেণপুত্র পৃথুরাজাকে বহির্গত দর্শন করত তাঁহার ভয়ে ভীত হইয়া, গাভীরূপ ধারণপূর্ব্বক পলায়ন করিতে লাগিলেন। পৃথুরাজা ধনুগ্রহণপূর্ব্বক পলায়মানা পৃথিবীর অনুসরণ করিতে লাগিলেন ॥৩১—৩৮। পৃথুভয়ার্ত্তা পৃথিবী সেকালে সকল লোক এবং লোকপালবর্গের নিকট গমন করত পরিত্রাণ না পাওয়াতে সেই পৃথুরাজারই শরণাপন্ন হইয়া কৃতাঞ্জলিপুটে এই বাক্য বলিতে লাগিলেন, হে মহারাজ! আমি না থাকিলে আপনি কি প্রকারে প্রজাবর্গকে ধারণ করিবেন? হে রাজন্! আমাতে সমস্ত লোক স্থিতি করিতেছে, আমিই ত সমস্ত জগৎ ধারণ করিতেছি। হে পৃথিবীনাথ! আমার নিমিত্তই সকল রাজগণ বিনষ্ট হইবে, (অর্থাৎ পৃথিবী বিনিহত হইলে আধার বস্তুর অভাবে আধেয় বস্তু কিরূপে থাকিতে পারে?) যদ্যপি আপনি মঙ্গল ইচ্ছা করেন, তাহা হইলে আমাকে বিনাশ করিতে চেষ্টা করিবেন না। হে নরনাথ! উপায় অবলম্বনপূর্ব্বক আরম্ভ করিলে সকল চেষ্টাই সিদ্ধ হয়। এরূপ উপায় অবলম্বন করুন, যে উপায় দ্বারা আমি না থাকিলেও সমস্ত প্রজাবর্গ আপনি ধারণ করিতে পারেন। হে পৃথিবীনাথ! আপনি কোপ সংবরণ করুন, আমি আপনার আনুকূল্য করিতেছি। আরও বলিতেছি, পশু-পক্ষিগণ মধ্যেও মহিলাগণকে অবধ্য বলিয়াছেন। হে পৃথিবীপতে! আপনি ধর্ম্ম পরিত্যাগ করিবেন না। মহাবুদ্ধিমান্ এবং ধার্ম্মিকবর পৃথুরাজা পৃথিবীদেবীর এরূপ বহুবিধ বাক্য শ্রবণ করত কোপ সংবরণপূর্ব্বক পৃথিবীদেবীকে [illegible]

একস্যার্থে তু যো হন্যাদ্বহূন্ পাপস্তু তস্য তৎ ।
বহূনাং হন্তি যশ্চৈকং তস্য নাস্তীহ পাতকম্ ॥ ৪৭
সোঽহং প্রজানিমিত্তং ত্বাং হনিষ্যামি বসুন্ধরে ।
যদি মে বচনন্নাদ্য করিষ্যসি চ নো হিতম্ ॥ ৪৮
সা ত্বমাজ্ঞাং সমাস্থায় মম সঞ্জীবয় প্রজাঃ ॥ ৪৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
পৃথুচরিতবর্ণনে ষট্পঞ্চাশো-
ঽধ্যায়ঃ ॥ ৫৬ ॥

সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

তচ্ছ্রুত্বা পৃথিবী প্রাহ ন মাং ত্বং হন্তুমর্হসি ।
বৎসস্তু মে মতঃ পশ্য ক্ষরেয়ঽহং যেন বৎসলা ॥ ১
সমাঞ্চ কুরু সর্ব্বত্র পর্ব্বতৈরাবৃতা বসুঃ ।
যথা বিস্পন্দমানাহং ক্ষীরং সর্ব্বত্র ভাবয়ে ॥ ২
তত উৎসারয়ামাস শিলাঃ শতসহস্রশঃ ।
ধনুষ্কোট্যা তদা বৈণ্যস্তেন শৈলা বিবর্দ্ধিতাঃ ॥ ৩
ন হি পূর্ব্ববিসর্গে বৈ বিষমে পৃথিবীতলে ।
প্রবিভাগঃ পুরাণাং বৈ গ্রামাণাং বাভবৎ তদা ॥ ৪
ন শস্যানি ন গোরক্ষা ন কৃষির্ন বণিক্পথঃ ।
যত্র তত্র সমন্তং তাস্বেবাসংস্তদা দ্বিজাঃ ।
আহারঃ ফলমূলানি প্রজানামভবৎ তদা ॥ ৫
সঙ্কল্পয়িত্বা বৎসন্তু মনুং স্বায়ম্ভুবং প্রভুঃ ।
স পাণৌ পুরুষশ্রেষ্ঠো দুদোহ পৃথিবীং তদা ॥ ৬
শস্যজাতানি সর্ব্বাণি দোগ্ধি বৈণ্যঃ প্রতাপবান্
তেনান্নেন প্রজাঃ সর্ব্বা বর্ত্তয়ন্ত্যাপি নিত্যশঃ ॥ ৭
ঋষিভিশ্চ তদা দুগ্ধা বৎসঃ সোমোঽভবৎ তত্র

বলিতে লাগিলেন, হে পৃথিবি! যে ব্যক্তি এক ব্যক্তির নিমিত্ত বহু ব্যক্তিকে বিনষ্ট করে, তাহাতে তাহার পাপ হয়; বহু ব্যক্তির নিমিত্ত যে ব্যক্তি একজনকে বিনষ্ট করে, তাহাতে তাহার পাপ হয় না, জানিবে। হে বসুন্ধরে! আমি প্রজাবর্গের নিমিত্ত এক্ষণে তোমাকে বিনাশ করিতে উদ্যত হইয়াছি। হে বসুন্ধরে! যদি তুমি আমার বাক্য রক্ষা করত আমাদিগের হিতচেষ্টা করিতে ইচ্ছা কর, তাহা হইলে আমার অনুশাসনে আমার প্রজাবর্গের জীবনোপায় প্রদান কর। ৩১—৪৯।

ষট্পঞ্চাশ অধ্যায় সমাপ্ত। ৫৬।

সপ্তপঞ্চাশ অধ্যায়।

শৌনকের নিকট সূত বলিলেন, পৃথুর বাক্য শুনিয়া পৃথিবী বলিলেন, হে মহারাজ! আপনি আমাকে বিনষ্ট করিবেন না, আমার অভিমত একটী বৎস উৎপাদিত করুন, যাহার স্নেহে আর্দ্র হইয়া আপনার অভিলষিত প্রজাসমূহ পোষণ করিব। আপনি আমাকে সর্ব্বত্র সমতল করুন, যেহেতু আমি পর্ব্বতসমূহ দ্বারা আবৃত রহিয়াছি, আমি যে প্রকারে সর্ব্বত্র সঞ্চরণ করিতে, সকল স্থানে দুগ্ধ মোচন করিতে পারি। তখন বেণনন্দন পৃথু পর্ব্বতসমূহকে ধনুর অগ্রভাগ দ্বারা দূরে নিক্ষেপ করিলেন, পর্ব্বতের উৎসারণ দ্বারা পর্ব্বতসমূহ বৃদ্ধিপ্রাপ্ত হইল। হে দ্বিজগণ! সৃষ্টির আদি সময়ে (অর্থাৎ পৃথুরাজের পূর্ব্বে) পৃথিবীমধ্যে পুর কি গ্রামের কোনও বিভাগ ছিল না, শস্যোৎপত্তি হইত না, গো-সমূহের প্রতিপালন ছিল না, কৃষকগণ কৃষিকার্য্য করিত না, বণিক্‌গণ বাণিজ্যকার্য্য করিতে জানিত না, যেখানে সেখানে সমান ছিল, পৃথিবীতেই বাস করিত (অর্থাৎ কেহ গৃহ নির্ম্মাণ করিতে জানিত না)। প্রজাগণ তৎকালে কেবল মাত্র ফল মূল দ্রব্য আহার করিত। মহারাজ পৃথু স্বায়ম্ভুব মনুকে বৎস কল্পনা করিয়া নিজ হস্তে পৃথিবীকে দোহন করিলেন। মহাপ্রতাপবান্ বেণনন্দন পৃথু পৃথিবীকে দোহন করত সমস্ত শস্যসমূহ উৎপাদন করিলেন। পৃথুরাজ কর্তৃক উৎপাদিত অন্নরাশি দ্বারা অদ্যাপি প্রজাবর্গ প্রতিদিন জীবন ধারণ করিতেছে। পৃথুরাজ পৃথিবীকে দোহন করিলে পর, ঋষিগণও পৃথিবীকে দোহন করিলেন। ঋষিদিগের দোহনকালে সোম হইলেন বৎস,

পাত্রং ছন্দাংসি দোগ্ধা বৈ তপো দুগ্ধঞ্চ শাশ্বতম্
ততো দেবগণৈর্দুগ্ধা বৎসং কৃত্বা পুরন্দরম্।
কাঞ্চনং পাত্রমাদায় দোগ্ধা চৈব তু ভাস্করঃ ॥ ৯
ক্ষীরমূর্জ্জস্করঞ্চৈব যেন বর্ত্তন্তি দেবতাঃ ॥ ১০
পিতৃভিশ্চ পুনর্দুগ্ধা পাত্রমাদায় রাজতম্।
বৎসং কৃত্বা যমঞ্চৈব দোগ্ধা কালস্তু চান্তকঃ ॥ ১১
স্বধা দুগ্ধন্তু নাগৈর্যা পুনর্দুগ্ধা বসুন্ধরা।
অলাবুপাত্রমাদায় বৎসং কৃত্বা তু তক্ষকম্ ॥ ১২
নাগৈর্দুগ্ধা বসুমতী বিষং ক্ষীরং মহামুনে।
তেষামৈরাবতো দোগ্ধা ধৃতরাষ্ট্রঃ প্রতাপবান্ ॥ ১৩
বায়্বাহারস্তদাচারাঃ সদা সর্পা বিষোল্বণাঃ।
অসুরৈশ্চ পুনর্দুগ্ধা পাত্রং কৃত্বা তদায়সম্ ॥ ১৪
মায়া দুগ্ধন্তু বৎসং হি কৃত্বা পৌত্রং বিরোচনম্।
দোগ্ধা দৈত্যো মধুস্তত্র ততো মায়াধিকাসুরাঃ ॥ ১৫
যক্ষৈঃ সংশ্রূয়তে দুগ্ধা আমপাত্রে বসুন্ধরা।
অন্তর্দ্ধানঞ্চ বৈ দুগ্ধং বৎসং বৈশ্রবণং তথা ॥ ১৬
রাক্ষসৈশ্চ পিশাচৈশ্চ পুনর্দুগ্ধা বসুন্ধরা।
ক্ষীরং রুধিরমেবাপি দোগ্ধা রাক্ষসনায়কঃ।
বৎসং সুমালিনং কৃত্বা তেন তে বর্ত্তয়ন্ত্যথ ॥ ১৭
পদ্মপত্রে পুনর্দুগ্ধা গন্ধর্ব্বৈঃ সাপ্সরোগণৈঃ।
বৎসং চিত্ররথং কৃত্বা দোগ্ধা বসুরুচিস্তথা ॥ ১৮
শৈলৈশ্চ শ্রূয়তে দুগ্ধা রত্নান্যোষধয়ঃ শুভাঃ।
বৎসস্তু হিমবানাসীদ্দোগ্ধা মেরুর্মহাগিরিঃ ॥ ১৯
আসীদিয়ং সমুদ্রান্তা মেদিনী চ পরিশ্রুতা।
মধু-কৈটভয়োঃ কৃৎস্না মেদসা চ পরিপ্লুতা ॥ ২০
দুহিতৃত্বমনুপ্রাপ্তা ধরা পৃথ্ব্যচ্যতে ততঃ।
পৃথুনা প্রবিভক্তা চ কৃতা সম্বরবন্দনা ॥ ২১
এবং প্রভাবো বৈণ্যঃ স রাজাসীন্মুখ্যতো নৃণাম্ ॥
নমস্কৈশ্চৈব পূজ্যশ্চ বৃত্তিকামৈর্নৃপৈঃ সদা।

ছন্দোগণ হইল পাত্র, চিরস্থায়ী তপস্যা হইল দোগ্ধা। তদনন্তর দেবগণ পৃথিবীকে দোহন করিয়াছিলেন। দেবগণের দোহনকালে দেবরাজ ইন্দ্র হইলেন বৎস, দোহনপাত্র সুবর্ণ নির্ম্মিত, সূর্য্যদেব স্বয়ং দোহন-কর্ত্তা হইলেন; অতি তেজস্কর দুগ্ধ উৎপন্ন হইয়াছিল, যে দুগ্ধ দ্বারা দেবগণ প্রাণ ধারণ করিতেছেন। ১—১০। তদনন্তর পৃথিবীকে পিতৃগণও রৌপ্যময় পাত্র লইয়া দোহন করিলেন। পিতৃগণের দোহন-কালে যমদানব হইল বৎস, সকল প্রাণীর অন্ত-কারী কাল হইলেন দোগ্ধা, স্বধা হইল দুগ্ধ। হে মহর্ষে! অলাবুপাত্র গ্রহণ করত সর্পগণও পুনর্ব্বার বসুন্ধরা দেবীকে দোহন করিলেন। নাগরাজ তক্ষক হইল বৎস, বিষ হইল দুগ্ধ, প্রতাপান্বিত ঐরাবত নামক সর্প দোগ্ধা। ধৃতরাষ্ট্র সর্প তখন বায়ুভোজী হইয়াছিলেন; অন্য সর্পও তদনুসারে ছিল। লৌহময় পাত্র লইয়া অসুরগণও পৃথিবীকে দোহন করিয়াছিল। অসুর-দোহনকালে দুগ্ধ হইল মায়া, বৎস হইল বিরোচন, দৈত্যবর মধু হইল দোগ্ধা। শুনিয়াছি যক্ষগণও পৃথিবীকে দোহন করিয়াছিলেন। ঐ দোহনকালে আমপাত্র হইল দোহনের আধার, অন্তর্দ্ধান হইল দুগ্ধ, কুবের হইলেন বৎস। রাক্ষসগণ এবং পিশাচগণও পৃথিবীকে দোহন করিয়াছিল, দুগ্ধ হইল রক্ত, রাক্ষসাধিপতি হইল দোগ্ধা, সুমালী নামক রাক্ষস হইল বৎস। রক্তময় দুগ্ধ পান করিয়া, রাক্ষসগণ প্রাণধারণ করিয়া থাকে। তদনন্তর অপ্সরো-গণের সহিত গন্ধর্ব্বগণ পদ্মপত্রে পৃথিবীকে দোহন করিয়াছিলেন; গন্ধর্ব্বরাজ চিত্ররথ হইলেন বৎস, বসুরুচি নামক গন্ধর্ব্ব হইলেন দোগ্ধা। শুনিয়াছি পর্ব্বতগণও পৃথিবীকে দোহন করিয়াছিলেন; রত্নসমূহ এবং শুভ ওষধিসমূহ হইল দুগ্ধ, হিমালয় পর্ব্বত হইল বৎস, দোগ্ধা হইলেন সুমেরুপর্ব্বত। এই সমুদ্র-সীমা পৃথিবীকে পৃথুরাজা প্রভৃতি সকলে দোহন করিয়াছিলেন। এই সমস্ত পৃথিবী মধুকৈটভ নামক দৈত্যদ্বয়ের মেদ দ্বারা আপ্লুত ছিল। ১১—২০। পৃথুরাজা পৃথিবীর সংস্কার করিয়া নিজের কন্যার ন্যায় প্রতিপালন করেন, এ কারণ ধরার নাম পৃথিবী হইল। এই পৃথিবীকে পৃথুরাজাই দেশ-বিভাগে বিভক্ত করিয়াছেন। নরবর বেণনন্দন পৃথু এরূপ প্রভাবযুক্ত রাজা ছিলেন। [illegible] লাভী রাজগণ সর্ব্বদা মহারাজ পৃথুকে [illegible]

ব্রাহ্মণৈশ্চ মহাভাগৈর্বৈশ্যৈঃ শূদ্রৈর্ধনেপ্সুভিঃ।
যোধৈরপি চ বিক্রান্তৈঃ পার্থিবত্বমভীপ্সুভিঃ।
আদিকর্ত্তা রণানাঞ্চ যোধানাং প্রথমো মুনে। ২৪
যো হি যোধো রণং যাতি কীর্ত্তয়িত্বা পৃথুং নৃপম্
স ঘোররূপাৎ সংগ্রামাৎ ক্ষেমী তরতি মূর্ত্তিমান্
বৈশ্যোঽপি কৃষিভাগী স্যাচ্ছূদ্রঃ পুণ্যফলং লভেৎ
পৃথুঃ সদা নমস্কার্য্যো ভূতিকামৈস্ত পার্থিবঃ। ২৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
পৃথিবীদোহনবিবরণং নাম সপ্ত-
পঞ্চাশোঽধ্যায়ঃ। ৫৭।

অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

এতৎ তে যে মুনে খ্যাতং খ্যাসম্ভাবিততেজসঃ
যথা সনৎকুমারেণ কথিতং বং পুরাতনম্। ১
যৎ পৃচ্ছসি মুনে ভূয়স্তদ্বক্ষ্যামীহ সাম্প্রতম্। ২

শৌনক উবাচ।

মন্বন্তরাণি সর্ব্বাণি বিস্তরেণানুকীর্ত্তয়।
যাবন্তো মনবশ্চৈব শ্রোতুমিচ্ছামি মানদ। ৩

সূত উবাচ।

স্বায়ম্ভুবো মনুশ্চৈব ততঃ স্বারোচিষস্তথা
বৈবস্বতো মুনিশ্রেষ্ঠ সাম্প্রতং মনুরুচ্যতে। ৪
সাবর্ণিশ্চ মনুশ্চৈব ভৌত্যো রৌচ্যস্তথাপরঃ
তথৈবমেরুসাবর্ণিশ্চত্বারো মনবস্তথা। ৫
অতীতা বর্ত্তমানাশ্চ তথৈবানাগতাশ্চ যে
কীর্ত্তিতা মনবশ্চাপি ময়ৈবৈতে যথা শ্রুতাঃ। ৬
ঋষীংস্তেষাং প্রবক্ষ্যামি পুত্রান্ দেবগণাংস্তথা
মরীচিরত্রির্ভগবানঙ্গিরাঃ পুলহঃ ক্রতুঃ
পুলস্ত্যশ্চ বশিষ্ঠশ্চ সপ্তৈতে ব্রহ্মণঃ সুতাঃ। ৭

ও পূজা করিয়া থাকেন। মহাভাগ ব্রাহ্মণগণ, বৈশ্যগণ, ধনাভিলাষী শূদ্রগণ এবং রাজত্ব অভিলাষী বলবান্ যোদ্ধাগণও পৃথুরাজাকে নমস্কার এবং পূজা করিয়া থাকেন; যে পৃথুরাজা সর্ব্বাগ্রে যুদ্ধ করিতে আরম্ভ করেন, হে মুনি-বর! তিনি যোদ্ধাগণের আদিপুরুষ। যুদ্ধাভিলাষী যে পুরুষ পৃথুরাজার নাম স্মরণপূর্ব্বক রণক্ষেত্রে অবতরণ করে, সে ব্যক্তি ভয়ানক সংগ্রাম হইতে মঙ্গলযুক্ত শরীরে প্রত্যাগমন করে। পৃথুরাজার নাম স্মরণ করত কৃষিকার্য্য আরম্ভ করিয়া, বৈশ্যগণ শস্যসম্পন্ন হইয়া থাকে এবং শূদ্রগণ পৃথুরাজার নাম স্মরণ করিলে উত্তম পুণ্যফল পাইয়া থাকে। ঐশ্বর্য্য অভিলাষী মনুষ্যগণ সকলে সর্ব্বদিবস পৃথুরাজাকে বারংবার নমস্কার করিবে। ২১—২৬।

সপ্তপঞ্চাশ অধ্যায় সমাপ্ত। ৫৭।

অষ্টপঞ্চাশ অধ্যায়।

শৌনক মুনির নিকট সূত কহিলেন, হে মুনিবর! অপরিমিত তেজস্বী ব্যাস মুনির নিকট ঋষিবর সনৎকুমার পুরাতন কথা যে প্রকার কহিয়াছিলেন, আমিও আপনার নিকট তদনুরূপ বলিলাম। হে মুনিবর! পুনর্ব্বার আপনি যাহা জিজ্ঞাসা করিবেন, আমি তাহাই বলিব। শৌনক মুনি বলিলেন, সমস্ত মন্বন্তর-বৃত্তান্ত আমার নিকট বিস্তৃতরূপে বল। হে মানদ! যতগুলি মনু রাজত্ব করিয়াছিলেন, তত্ আমি শুনিতে ইচ্ছা করি। সূত বলিলেন, স্বায়ম্ভুব মনু প্রথম, দ্বিতীয় স্বারোচিষ মনু, হে মুনিবর! সংপ্রতি বৈবস্বত মনু রাজত্ব করিতেছেন, অনন্তর সাবর্ণিক নামে মনু রাজত্ব করিবেন এইরূপ অপর চারিজন সাবর্ণি নামক মনু হইবেন। যে সকল মনু অতীত হইয়াছেন, যাঁহারা বর্ত্তমান কালে উপস্থিত রহিয়াছেন এবং যাঁহারা ভাবী কালে আধিপত্য করিবেন, আমি তাঁহাদিগের বৃত্তান্ত যেরূপ শ্রবণ করিয়াছি, তদনুরূপ আপনার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। ঐ সকল মনুর আধিপত্য-কালে যে সকল ঋষিগণ উপস্থিত ছিলেন ও ঐ সকল মনুর পুত্রগণের নাম এবং সকল মনুর রাজত্বকালে যে সকল দেবগণ স্বর্গরাজ্যে আধিপত্য করিতেন, এ সমস্ত আপনার নিকট বলিতেছি, তাহা শ্রবণ করুন। ভগবান্ মরীচি,

...াং দিশি তথা মুনে সপ্তর্ষয়স্তথা।
...নাম তথা দেবা আসন্ স্বায়ম্ভুবান্তরে॥ ৮
...ধ্রশ্চাগ্নিবাহশ্চ মেধা মেধাতিথির্বসুঃ।
...তিষ্মান্ দ্যুতিমান্ হব্যঃ সবনঃ শুভ্র এব চ॥৯
...ত মহর্ষয়স্তত্র বায়ুপ্রোক্তা মহাব্রতাঃ।
...শ্চ তুষিতা নাম স্মৃতাঃ স্বারোচিষেঽন্তরে॥১০
...য়ঃ সুকৃতির্জ্যোতিরয়োমূর্ত্তিরয়ঃ স্ময়ঃ।
...থিতশ্চ মনস্যশ্চ নভঃ সূর্য্যস্তথৈব চ॥ ১১
...রোচিষস্য পুত্রাস্তে মনোঃ পুত্রা মহাত্মনঃ।
...র্ত্তিতা মুনিশার্দ্দূল মহাবীর্য্যপরাক্রমাঃ॥ ১২
...তীয়মেতৎ কথিতং মুনে মন্বন্তরং তব।
...তীয়ং তব বক্ষ্যামি তন্নিবোধ যথাতথম্॥ ১৩
...ষ্ঠপুত্রাঃ সপ্তাসন্ বাশিষ্ঠা ইতি বিশ্রুতাঃ।
...ণ্যগর্ভস্য সুতা ঊর্জ্জা নাম মহৌজসঃ॥ ১৪
...য়োঽত্র সমাখ্যাতাঃ কীর্ত্ত্যমানান্ নিবোধ মে।

...ত্রি, অঙ্গিরা, পুলহ, ক্রতু, পুলস্ত্য এবং বসিষ্ঠ, ...ই সাতজন ব্রহ্মার মানসপুত্র ঋষি উত্তর-...গ্-ভাগে অবস্থিতি করিতেন। স্বায়ম্ভুব-...ন্তরকালে যাম নামে দেবগণ স্বর্গে বাস ...রিতেন। আগ্নিধ্র, অগ্নিবাহ, মেধা, মেধাতিথি, ...সু, জ্যোতিষ্মান্, দ্যুতিমান্, হব্য, সবন এবং ...ভ্র স্বারোচিষ-মন্বন্তর-সময়ে উক্ত মহর্ষিগণ ...নির্দ্দিষ্ট ছিলেন, ইহা বায়ুপুরাণে কথিত ...ছে। ঐ সময়ে তুষিত নামক দেবগণ ...র্গের প্রভু ছিলেন। ১—১০। হে মুনে! ..., হরিম্ন, সুকৃতি, জ্যোতি, অয়োমূর্ত্তি, অয়ঃ-...য়, প্রথিত, মনস্য, নভঃ এবং সূর্য্য এই সকল ...হাবলপরাক্রান্ত ব্যক্তিগণ মহাত্মা স্বারোচিষ ...নুর পুত্র বলিয়া বিখ্যাত আছেন। হে মুনি-...! আপনার নিকট দ্বিতীয় মন্বন্তর-বৃত্তান্ত ...থিত হইল। তৃতীয় মন্বন্তর-বৃত্তান্ত যেরূপ ...মি শুনিয়াছি, তদনুরূপ আপনার নিকট ...লিতেছি, শ্রবণ করুন। বসিষ্ঠ মুনির পুত্র ...তজন বসিষ্ঠ নামে বিখ্যাত ঋষি ছিলেন এবং ...ক্মার পুত্র মহাবলবান্ ঊর্জ্জ নামে বিখ্যাত ...তকগুলি ঋষি ছিলেন। তৃতীয় মনুর রাজত্ব-...লে এই সকল ঋষি ধর্ম্মশাস্ত্র-উপদেষ্টা

ঔত্তমেয়া ঋষিশ্রেষ্ঠ দশ পুত্রা মনোরমাঃ॥ ১৫
ইষ ঊর্জ্জা তমূর্জ্জশ্চ মধুর্মাধব এব চ।
শুচিঃ শুক্রবহশ্চৈব নভসো নভ এব চ॥ ১৬
ঋষভস্তত্র দেবাশ্চ মন্বন্তর উদাহৃতাঃ।
মন্বন্তরং চতুর্থং তে কথয়িষ্যামি তচ্ছৃণু॥ ১৭
গার্গ্যঃ পৃথুস্তথৈবাগ্নির্জন্যো ধাতা কপীনকঃ।
কপীবান্ সপ্তর্ষয়স্তু সত্যা দেবগণাস্তথা॥ ১৮
তামসস্যান্তরে চৈব মনোর্মে কথিতাস্তব।
দ্যুতিঃ পোতঃ সৌতপস্যঃ তপঃ শূলশ্চ তাপনঃ॥
তপোরতিরকল্মাষস্তন্বী ধন্বী মহাঋষে।
তামসস্য সুতা হেতে দশ পুত্রা মহাব্রতাঃ॥ ২০
বায়ুপ্রোক্তা মহাকালে চতুর্থে বৈ তদন্তরে।
বেদবাহুর্জয়শ্চৈব মুনির্ব্বেদশিরাস্তথা॥ ২১
হিরণ্যরোমা পর্জ্জন্য ঊর্দ্ধবাহুশ্চ সোমপাঃ।
সত্যনেত্ররতাশ্চান্যে এতে সপ্তর্ষয়োঽপরে॥ ২২
দেবাশ্চ ভূতরজসস্তথা প্রকৃতয়স্তথা।

ছিলেন। হে ঋষিবর! ঔত্তমেয় নামে অত্যন্ত সুন্দর দশটী পুত্র বৈবস্বত মনুর হইয়াছিল, তাহাদিগের নাম কীর্ত্তন করিতেছি, তাহা আপনি শ্রবণ করুন। ইষ, ঊর্জ্জাত, ঊর্জ্জ, মধু, মাধব, শুচি, শুক্রবহ, নভস এবং নভ এই কয়টী পুত্র হইয়াছিল। তৃতীয় মন্বন্তর-সময়ে ঋষভ নামে দেবতা কথিত হইয়াছে। চতুর্থ মন্বন্তর-বৃত্তান্ত আমি বলিতেছি, শ্রবণ করুন। গার্গ্য, পৃথু, অগ্নি, জন্য, ধাতা, কপীনক এবং কপীবান্ তামস নামক মন্বন্তর-সময়ে এই সপ্ত-জন ঋষি ছিলেন এবং সত্য নামে দেবগণ ছিলেন, ইহা আপনার নিকট কথিত হইল। হে মহর্ষে! দ্যুতি, পোত, সৌতপস্য, তপঃশূল, তাপন, তপোরতি, অকল্মাষ, তন্বী এবং ধন্বী এই দশজন মহাব্রত তামস মনুর পুত্র জন্মিবেন, বায়ুপুরাণে কথিত হইয়াছে। চতুর্থ মন্বন্তর-মহাকালের বৃত্তান্ত কথিত হইল। বেদবাহু, জয়, মুনি, বেদশিরা, হিরণ্যরোমা, পর্জ্জন্য এবং ঊর্দ্ধবাহু, সোমপা, সত্যরূপ-নেত্রাসক্ত এই সাতজন ঋষি এবং অপর কতকগুলি ঋষি পঞ্চম-মন্বন্তর-কালে সপ্তর্ষিমণ্ডলে অবস্থিতি

ভৃত্যাক্ষোৎপাদিতে দেব্যাংস্তৌত্যো নামাস্তবৎপুনঃ।
অনাগতাশ্চ সপ্তৈতে কল্পেঽস্মিন্ মনবঃ স্মৃতাঃ।
অনাগতাশ্চ সপ্তৈব স্মৃতা দিবি মহর্ষয়ঃ॥ ৪০
রামো ব্যাসস্তথাত্রেয়ো দীপ্তিমান্ সুবহুশ্রুতঃ।
ভারদ্বাজিস্তথা দ্রৌণিরশ্বত্থামা মহাদ্যুতিঃ॥ ৪১
গৌতমস্যাত্মজশ্চৈব শরদ্বান্ গৌতমঃ কৃতঃ।
কৌশিকো গালবশ্চৈব রুরুঃ কাশ্যপ এব চ॥ ৪২
এতে সপ্ত মহাত্মানো ভবিষ্যা মুনিসত্তমাঃ॥ ৪৩
দেবতানাং গণাস্তত্র ত্রয়ঃ প্রোক্তাঃ স্বয়ম্ভুবা।
মারীচেশ্চৈব পুত্রাস্তে কশ্যপস্য মহাত্মনঃ॥ ৪৪
তীরবাংশ্চাবনীবাংশ্চ সুমন্ত্রো ধৃতিমান্ বসুঃ।
বিষ্ণুরার্য্যো বিষ্ণুশ্চ রাজা সুমতিরেব চ॥ ৪৫
সাবর্ণস্য মনোঃ পুত্রা ভবিষ্যা দশ শৌনক।
প্রথমং মেরুসাবর্ণিং প্রবক্ষ্যামি মনুং শৃণু॥ ৪৬
মেধাতিথিশ্চ পৌলস্ত্যো বসুঃ কাশ্যপ এব চ।
জ্যোতিষ্মান্ ভার্গবশ্চৈব দ্যুতিমানঙ্গিরাস্তথা॥ ৪৭
সবনশ্চৈব বাশিষ্ঠ আত্রেয়ো হব্য এব চ।
পৌলহঃ সপ্ত ইত্যেতে ঋষয়ো রোহিতান্তরে॥ ৪৮

দেবতানাং গণাস্তত্র ত্রয় এব মহামুনে।
দীক্ষাপুত্রস্য পুত্রাস্তে রোহিতস্য প্রজাপতেঃ॥ ৪৯
দৃষ্টকেতুর্দীপ্তকেতুঃ পঞ্চহস্তো নিরাকৃতিঃ।
পৃথুশ্রবা ভূরিদ্যুম্নো ঋচীকো বৃহতো গয়ঃ॥ ৫০
প্রথমস্য তু সাবর্ণের্নব পুত্রা মহৌজসঃ।
দশমে ত্বথ পর্য্যায়ে দ্বিতীয়স্যান্তরে মনোঃ॥ ৫১
হবিষ্মান্ পুলহশ্চৈব সুকৃতিশ্চৈব ভার্গবঃ।
আপোমূর্ত্তিস্তথাত্রেয়ো বশিষ্ঠশ্চাব্যয়ঃ স্মৃতঃ॥ ৫২
পৌলস্ত্যঃ প্রয়তিশ্চৈব নাভারশ্চৈব কাশ্যপঃ।
অঙ্গিরা নভসঃ সত্যঃ সপ্তৈতে পরমর্ষয়ঃ॥ ৫৩
দেবতানাং গণাশ্চাপি দ্বিবিমস্তশ্চ যে স্মৃতাঃ।
অক্ষত্বানোত্তমৌজাশ্চ ভূরিষেণশ্চ বীর্য্যবান্॥ ৫৪
শতানীকো নিরামিত্রো বৃষসেনো জয়দ্রথঃ।
ভূরিদ্যুম্নঃ সুবর্চ্চাশ্চ দশ হ্যেতে মনোঃ সুতাঃ॥ ৫৫
একাদশে তু পর্য্যায়ে তৃতীয়স্যান্তরে মনোঃ।
তস্যাপি সপ্ত ঋষয়ঃ কীর্ত্ত্যমানান্ নিবোধ মে॥ ৫৬

গ্রহণ করাতে তাঁহার অপর একটী নাম তৌত্য হইয়াছে। বর্ত্তমানকালে ভাবী সাতজন মনু জানিবে এবং সাতজন মহর্ষি স্বর্গে বাস করিতেছেন। পরশুরাম ব্যাস, সুবিখ্যাত দীপ্তিমান অত্রিমুনির পুত্র মহা তেজস্বী ভরদ্বাজ পুত্রজাত দ্রোণের পুত্র অশ্বত্থামা, গৌতমমুনির পুত্র শরদ্বান্ মুনি, কুশিকসম্ভূত গালবমুনি, কাশ্যপ মুনির পুত্র রুরু। হে মুনিগণ। ইঁহারা ভবিষ্যৎ সপ্তর্ষি তৎকালে দেবতার তিনটী গণ স্বয়ম্ভু ব্রহ্মা ইহা বলিয়াছেন; মহাত্মা মরীচিপুত্র কশ্যপমুনির পুত্রগণ ভবিষ্যৎ সপ্তর্ষি। তীরবান্, অবনীবান্, সুমন্ত্র, ধৃতিমান্, বসু, বিষ্ণু, আর্য্য, বিষ্ণু, রাজা এবং সুমতি। হে শৌনকমুনে! সাবর্ণি মনুর ভবিষ্যৎ দশটী পুত্র হইয়াছিল। প্রথম মেরু-সাবর্ণি মনু তাঁহার বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ করুন। পুলস্ত্যমুনির পুত্র মেধাতিথি, কাশ্যপগোত্র বসু, জ্যোতিষ্মান্ ভার্গব, দ্যুতিমান্ অঙ্গিরা, বশিষ্ঠপুত্র সবন, অত্রিমুনির পুত্র হব্য এবং পুলহ-মুনির পুত্র, রোহিত-মন্বন্তর সময়ে সাতজন মহর্ষি কথিত হইয়াছেন। ৩৬—৪৮। হে মুনিবর! তৎকালে দেবতার তিনটী গণ। দীক্ষার পুত্র প্রজাপতি রোহিতমনুর এ সকল পুত্র জানিবেন,—দৃষ্টকেতু, দীপ্তকেতু, পঞ্চহস্ত, নিরাকৃতি, পৃথুশ্রবা ভূরিদ্যুম্ন, ঋচীক বৃহৎ এবং গয়। প্রথম সাবর্ণির অত্যন্ত বলবান্ নয় জন পুত্র। দশম মন্বন্তর সময় উপস্থিত হইলে দ্বিতীয় সাবর্ণি মনুর আধিপত্য সময়ে হবিষ্মান্, পুলহ, ভৃগুবংশজাত সুকৃতি, অত্রিগোত্রজ অপোমূর্ত্তি, অব্যয় বসিষ্ঠ, পুলস্ত্য-গোত্রজাত প্রয়তি, কশ্যপমুনির পুত্র নাভার এবং অঙ্গিরার পুত্র সত্যধর্ম্ম-পরায়ণ নভস, এই সাতজন পরম ঋষি ধর্ম্মশাস্ত্রের বক্তা ছিলেন এবং দ্বিবিমস্ত নামক দেবগণ স্বর্গরাজ্যে বিরাজ করিতেন। অক্ষত্বান্, উত্তমৌজা, ভূরিষেণ, বীর্য্যবান্ শতানীক, নিরমিত্র, বৃষসেন, জয়দ্রথ, ভূরিদ্যুম্ন এবং সুবর্চ্চা এই দশটী পুত্র দ্বিতীয় সাবর্ণি মনুর জানিবেন। তৃতীয় সাবর্ণির অধিকৃত একাদশ মন্বন্তর সময়ে যে সাতজন ঋষি ধর্ম্মবক্তা ছিলেন, তাঁহাদিগের

হবিষ্মান্ কশ্যপশ্চাপি বপুষ্মাংশ্চৈব বারুণঃ।
আত্রেয়োঽথ বশিষ্ঠশ্চ অনঘস্ত্বঙ্গিরাস্তথা ॥ ৫৭
চারুধৃষ্যশ্চ পৌলস্ত্যো নিঃস্বরোঽগ্নিস্তু তেজসঃ।
সপ্তৈতে ঋষয়ঃ প্রোক্তাস্ত্রয়ো দেবগণাঃ স্মৃতাঃ ॥৫৮
ব্রহ্মণস্তু সুতাস্তে তু অতঃ শৃণু মহামতে।
সর্ব্বত্রগঃ সুশর্ম্মা চ দেবানীকস্তু ক্ষেমকঃ ॥ ৫৯
দৃঢ়েষুঃ পণ্ডকো দর্শ উরুর্বাহো মনোঃ সুতাঃ।
সুবর্ণস্ত তু পুত্রা বৈ তৃতীয়স্য নব স্মৃতাঃ ॥ ৬০
চতুর্থস্ত তু সাবর্ণেরর্ষীন্ সপ্ত নিবোধ মে।
দ্যুতির্বশিষ্ঠপুত্রশ্চ আত্রেয়ঃ সুতপাস্তথা ॥ ৬১
অঙ্গিরাস্তপসো মূর্ত্তিস্তপস্বী কশ্যপস্তথা।
তপোঽশনশ্চ পৌলস্ত্যঃ পৌলহশ্চ তপোরতিঃ ॥
ভার্গবঃ সপ্তমস্তেষাং বিজ্ঞেয়স্তপসো নিধিঃ
পঞ্চ দেবগণাঃ প্রোক্তা মানসা ব্রহ্মণঃ সুতাঃ ॥৬২
দ্বাদশে চৈব পর্য্যায়ে ভাব্যে রৌচ্যান্তরে মনোঃ।
অঙ্গিরাশ্চৈব দ্যুতিমান্ পৌলস্ত্যো হব্যবাংস্তু যঃ।
পৌলহস্তত্ত্বদর্শী চ ভার্গবশ্চ নিরুৎসবঃ।
নিষ্প্রপঞ্চস্তথাত্রেয়ো নির্ম্মোহঃ কাশ্যপস্তথা। ৬৫
সুতপাশ্চৈব বাশিষ্ঠঃ সপ্তৈবৈতে মহর্ষয়ঃ।
ত্রয় এব গণাঃ প্রোক্তা দেবতানাং স্বয়ম্ভুবা ॥ ৬৬
পুনর্মহাম্বরান্তে বৈ চিত্রো বৈচিত্র এব চ।
তয়োর্নন্দিতৃতোঽপ্রশ্চ সুনেত্রঃ ক্ষত্রবৃদ্ধকঃ ॥ ৬৭
নির্ভয়ঃ সুতপা দ্রোণো মনো রৌচ্যস্য তে সুতাঃ।
ত্রয়োদশে তু পর্য্যায়ে শৈব্যস্যৈবান্তরে মনোঃ। ৬৮
আগ্নীধ্রঃ কাশ্যপশ্চৈব পৌলস্ত্যো মাগধশ্চ যঃ
ভার্গবোঽপ্যতিবাহুশ্চ শুচিরাঙ্গিরসস্তথা। ৬৯
যুক্তশ্চৈব তথাত্রেয়ঃ শক্রো বাশিষ্ঠ এব চ
অজিতঃ পুলহশ্চৈব অন্ত্যাঃ সপ্তর্ষয়শ্চ তে। ৭০
এতেষাং কল্য উত্থায় কীর্ত্তনাৎ সুখমেধতে।
অতীতানাগতানাং বৈ মহর্ষীণাং সদা নরঃ। ৭১
দেবতানাং গণাঃ প্রোক্তাঃ পঞ্চ শৃণু মহামতে। ৭২
তরঙ্গভীরুর্ব্বপ্রশ্চ তনয়োঽনুগ্র এব চ
অভিমানী প্রবীণশ্চ বিষ্ণুঃ সংক্রন্দনস্তথা। ৭৩
তেজস্বী শবলশ্চৈব সত্যাস্তৈতে মনোঃ সুতাঃ
ভৌত্যস্যৈবাধিকারে তু পূর্ব্বকল্প পূর্য্যতে। ৭৪
ইত্যেতেঽনাগতাতীতা মনবঃ কীর্ত্তিতা ময়া।

নাম কীর্ত্তন করিতেছি, শুভে! আমার নিকট শ্রবণ করুন। হবিষ্মান্, কশ্যপ, বপুষ্মান, বারুণ, আত্রেয়, বসিষ্ঠ, অনঘ, অঙ্গিরা, চারুধৃষ্য, পৌলস্ত্য, নিস্বর, অগ্নি, তেজস এই সকল সপ্তর্ষিমণ্ডলের অধিকারী ছিলেন। একাদশ মন্বন্তর সময়ে তিনটী দেবগণ স্বর্গ-রাজ্যের প্রভু ছিলেন। ঐ সকল ঋষিগণ ব্রহ্মার মানস-পুত্র ছিলেন। হে মহামতে! ইহার পর যাহা বলিতেছি, তাহা শ্রবণ করুন। সর্ব্বত্রগ, সুশর্ম্মা, দেবানীক, ক্ষেমক, দৃঢ়েষু, পণ্ডক, দর্শ, উরু এবং বাহু, সুবর্ণ নামক তৃতীয় সাবর্ণি মনুর নয়টী পুত্র উক্ত হইয়াছে। ৫৯—৬০। চতুর্থ সাবর্ণি মনুর অধিকার সময়ে যে সকল ঋষিগণ সপ্তর্ষিমণ্ডলের অধিকারী ছিলেন, তাহা শ্রবণ করুন বশিষ্ঠপুত্র দ্যুতি, আত্রেয়, সুতপা অঙ্গিরা, তপোমূর্ত্তি তপস্বী, কশ্যপ, তপোশন, পৌলস্ত্য, পৌলহ তপোরতি, সপ্তম ভার্গব, তপো-নিধি ব্রহ্মার মানস পুত্র পাঁচটী দেবগণ স্বর্গরাজ্যের প্রভু জানিবেন। দ্বাদশসংখ্যক রৌচ্য নামক মন্বন্তর হইলে পর অঙ্গিরো-বংশীয় দ্যুতিমান্, পুলস্ত্যবংশীয় হব্যবান্, পুলহ-বংশীয় তত্ত্বদর্শী, ভৃগুবংশীয় নিরুৎসব, অত্রি-বংশীয় নিষ্প্রপঞ্চ, কশ্যপবংশীয় নির্ম্মোহ এবং বসিষ্ঠবংশীয় সুতপা সপ্তর্ষি হইবেন। ত্রয়োদশ সংখ্যক শৈব্য নামক মন্বন্তর সময়ে আগ্নীধ্র কাশ্যপ, পৌলস্ত্য মাগধ, ভার্গব অতিবাহু, শুচি আঙ্গিরস, যুক্ত আত্রেয়, শক্র বাসিষ্ঠ, অজিত এবং পুলহ ইহারা অন্ত্য সপ্তর্ষি-সংজ্ঞক জানি-বেন। প্রভাতকালে উঠিয়া ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই সকল মুনিগণের সর্ব্বদা নাম কীর্ত্তন করিলে পর মনুষ্যগণ সুখী হয়। ৬১—৭১। হে মহামতে! ত্রয়োদশ মন্বন্তরে পাঁচটী দেবগণ উক্ত হইয়াছে। ত্রয়োদশ মনুর যে সকল পুত্র, তাহা আপনি শ্রবণ করুন। তরঙ্গ-ভীরু, বুধ্র, তনয়, অনুগ্র, অভিমানী, প্রবীণ, বিষ্ণু, সংক্রন্দন তেজস্বী এবং শবল, সত্য নামক মনু এই সকল পুত্র জানিবেন। ভৌত্য নামক মনুর অধিকার সময়ে পূর্ব্বকল্প পরিপূর্ণ হয়। এই

...কোঃ সনৎকুমারেণ ব্যাসায়ামিততেজসা ॥ ৭৫
...র্ণে যুগসহস্রান্তে পরিপাল্য স্বধর্ম্মতঃ।
...জাভিস্তপসা যুক্তা ব্রহ্মলোকং ব্রজন্তি তে ॥৭৬
...ানি সপ্ততিস্ত্বে ক-সাগ্রাণ্যন্তরমুচ্যতে।
...র্দ্দশৈতে মনবঃ কীর্ত্তিতাঃ কীর্ত্তিবর্দ্ধনাঃ ॥ ৭৭
...ন্তরেষু সংহারাঃ সংহারান্তে পুনর্ভবঃ।
...শক্যমন্তরং তেষাং বক্তুং বর্ষশতৈরপি ॥ ৭৮
...র্ণে শতসহস্রে তু কল্পো নিঃশেষ উচ্যতে।
... সর্ব্বাণি ভূতানি দগ্ধান্যাদিত্যরশ্মিভিঃ ॥ ৭৯
...াণমগ্রতঃ কৃত্বা সদাদিত্যগণৈর্মুনে।
...বিশন্তি সুরশ্রেষ্ঠং হরিং নারায়ণং প্রভুম্ ॥ ৮০
...রং সর্ব্বভূতানাং কল্পান্তেষু পুনঃপুনঃ।
...াঽপি ভগবান্ রুদ্রঃ সংহর্ত্তা কাল এব হি ॥
...ন্তেঽতঃ প্রবক্ষ্যামি মনোর্বৈবস্বতস্য বৈ।

বিসর্গং পুণ্যমাখ্যানং ধন্যং কুলবিবর্দ্ধনম্ ॥ ৮২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং মন্বন্তরকথাবর্ণনেঽষ্টপঞ্চাশো-ঽধ্যায়ঃ ॥ ৫৮ ॥

...ল অতীত, বর্ত্তমান এবং ভবিষ্যৎ মনুগণের ...ন্ত আমি আপনার নিকটে বলিলাম; ইহা ...িততেজাঃ সনৎকুমার মুনি, ব্যাসমুনির ...ট কহিয়াছেন। যুগসহস্র পরিপূর্ণ হইলে ... স্বীয় ধর্ম্ম দ্বারা প্রজাবর্গ প্রতিপালন ...য়া মুনিগণ প্রজাবর্গের সহিত ব্রহ্মলোকে ... করিয়া থাকেন। একান্তর যুগকাল একটী ...র জানিবেন। চতুর্দ্দশ মন্বন্তর সময়ে যে ...র্ত্তিবর্দ্ধন মনু হইবে, তাহা কথিত হইয়াছে। ...টী মন্বন্তরের পর সমস্ত জগৎ লয়প্রাপ্ত হয়; ...ৎ লয় হইলে পর পুনর্ব্বার সমস্ত জগতের ... হয়। সমস্ত মন্বন্তর-বৃত্তান্ত বহুকালেও ...তে পারা যায় না। শতসহস্র কল্প পূর্ণ ...ল পর কল্পের শেষ হইয়া যায় (অর্থাৎ ...র পর আর সৃষ্টি হয় না।) সে সময়ে ... জগৎ সূর্য্যকিরণ দ্বারা দগ্ধ হইয়া যায়। ...ুনিবর! সমস্ত কল্পান্ত সময়ে সমস্ত দেব-...জগৎ-সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে অগ্রগামী করত ...শ্বর সুরবর নারায়ণ বিষ্ণুর শরীরে বারংবার ... হন। মহাকাল ভগবান্ রুদ্রদেব বারং-...কল্পান্ত সময়ে সমস্ত জগৎ সংহার করিয়া ...ন। ইহার পর বংশবৃদ্ধিকর, ধন্য এবং পবিত্র বৈবস্বত মনুর উৎপত্তি-বৃত্তান্ত বলিতেছি, তাহা আপনি শ্রবণ করুন। ৭২—৮২।

অষ্টপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৮ ॥

একোনষষ্টিতমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

বিবস্বান্ কশ্যপাজ্জজ্ঞে দাক্ষায়ণ্যাং মহানৃষিঃ।
তস্য ভার্য্যাভবৎ সংজ্ঞা ত্বাষ্ট্রী দেবী সুরেণুকা ॥ ১
ভর্তৃরূপেণ নাতুষ্যদ্রূপ-যৌবনশালিনী।
আদিত্যস্য হি তদ্রূপমসহন্তী সুতেজসা ॥ ২
দহ্যমানা ততোদ্বেগমকরোদ্বরবর্ণিনী।
ঋষেঽস্যাং ত্রীণ্যপত্যানি জনয়ামাস তাস্বয়ঃ ॥ ৩
সংজ্ঞায়াস্তু মনুঃ পূর্ব্বং শ্রাদ্ধদেবঃ প্রজাপতিঃ।
যমশ্চ যমুনা চৈব যমজৌ সম্বভূবতুঃ ॥ ৪

ঊনষষ্টিতম অধ্যায়।

শৌনক মুনির নিকট সূত বলিতেছেন, দক্ষ-কন্যার গর্ভে কশ্যপমুনির ঔরসে বিবস্বান্ নামে মহর্ষি জন্মগ্রহণ করিলেন। বিবস্বান্ ঋষির ত্বষ্টার কন্যা সুরেণুকা সংজ্ঞা নামে পত্নী ছিলেন। উত্তম রূপবতী পরমযুবতী সংজ্ঞাসতী স্বীয় উৎকৃষ্ট প্রভা দ্বারা সূর্য্যদেবের প্রখর তেজ সহ করিতে না পারিয়া স্বামীর রূপে অসন্তুষ্ট হইলেন। পরম সুন্দরী সংজ্ঞাসতী স্বামীর রূপ দ্বারা দগ্ধ হওয়াতে অত্যন্ত উদ্বিগ্ন হইয়াছিলেন। হে ঋষিবর! সূর্য্যদেব সংজ্ঞা-সতীর গর্ভে তিনটী সন্তান উৎপাদন করিলেন। সংজ্ঞার গর্ভে প্রজাপতি বৈবস্বত মনু প্রথম জন্ম গ্রহণ করিলেন। তদ-নন্তর (সর্ব্বভূতান্তকারী) শ্রাদ্ধদেব এবং যমুনা এই দুইটী যমজ-সন্তান জন্মিল। কল্যাণী

।হংসম্যি দেবেশ জননী তপতাং বর।
প্রসাদাচ্চরণৌ ন পতেম্মম গোপতে ॥ ১৯
সবিতোবাচ।
শসং পুত্র মহত্ত্ববিষ্যত্যত্র কারণম্।
যামাবিশং ক্রোধো ধর্ম্মজ্ঞং সত্যবাদিনম্ ॥২০
ক্যমেতন্মিথ্যা বৈ কর্ত্তুং মাতুবচস্তব।
য়া মাংসমাদায় গমিষ্যন্তি মহীতলে।
য়া ভবিতা নিত্যং ত্বঞ্চ ত্রাতা ভবিষ্যসি ॥২১
ত্যশ্চাব্রবীৎ তান্ত ছায়াং ক্রোধসমন্বিতঃ।
তুল্যোহভ্যধিকঃ স্নেহ এতদাখ্যাতুমর্হসি ॥২২
বৈর্বচনং শ্রুত্বা যাথাতথ্যং ন্যবেদয়ৎ।
ানপি তচ্ছ্রুত্বা ক্রুদ্ধস্ত্বষ্টারমভ্যগাৎ ॥ ২৩
চ তং যথান্যায়মর্চ্চয়িত্বা বিভাবসুম্।
কামং রোষেণ সান্ত্বয়ামাস বৈ তদা ॥ ২৪
তবাতিতেজসা দগ্ধা ইদং রূপং ন শোভতে।
অসহন্তী চ তং সংজ্ঞা বনে বসতি শাদ্বলে ॥২৫
শ্লাঘ্যা যোগবলোপেতা যোগমাসাদ্য গোপতে ॥২৬
অনুকূলস্তু দেবেশ যদি স্যান্মম বম্মতম্।
রূপং নিবর্ত্তয়াম্যদ্য নবং কান্তং করোম্যহম্ ॥ ২৭
তচ্ছ্রুত্বাপগতঃ ক্রোধো মার্ত্তণ্ডস্য বিবস্বতঃ।
ভ্রমিমারোপ্য তত্তেজঃ শাতয়ামাস বৈ মুনিঃ ॥২৮
ততো বিভ্রাজিতং রূপং তেজসা সংবৃতেন চ।
কৃতং কান্ততরং রূপং ত্বষ্ট্রা তচ্ছুশুভে তদা ॥২৯
ততোহসৌ যোগমাস্থায় স্বাং ভার্য্যাং বৈ দদর্শ হ
অধৃষ্যাং সর্ব্বভূতানাং তেজসা নিয়মেন চ ॥ ৩০
সোহশ্বরূপং সমাস্থায় গত্বা তাং মৈথুনায় চ।

অপরাধ মার্জ্জনা করুন। হে দেবপতে! গাপদাতশ্রেষ্ঠ! আমি জননী কর্ত্তৃক অভি- হইয়াছি, হে গোপতে! আপনার প্রসাদে ার চরণ পতিত না হউক। সূর্য্যদেব বলি- ,হে পুত্র! নিশ্চয়ই এ বিষয়ে কোন অনির্ব্ব- য় ভবিতব্যতা কারণ জানিবে; যেহেতু তুমি জ্ঞানী এবং সত্যবাদী, তোমাতেও ক্রোধ ষ্ট হইয়াছে। ১৯—২০। হে পুত্র! আমি ার জননীর বাক্য মিথ্যা করিতে সমর্থ । না, কৃমিগণ তোমার পদদ্বয় হইতে ন গ্রহণ করিয়া পৃথিবী মধ্যে গমন বে, তাহার বাক্য নিত্য ঘটিবে, তুমিই াদিগের রক্ষাকর্ত্তা হইবে। সূর্য্যদেব ান্বিত হইয়া ছায়াদেবীকে বলিলেন, পুত্রগণ লেই সমান, তুমি কি নিমিত্ত কনিষ্ঠের প্রতি ক স্নেহ করিয়া থাক, তাহা আমার নিকট । ছায়া-সতী সূর্য্যদেবের বাক্য শ্রবণ করিয়া বষয়ের মর্ম্ম-বৃত্তান্ত প্রকাশ করিলেন। সূর্য্য- ছায়ার বাক্য শ্রবণ করত ক্রুদ্ধচিত্তে বিশ্ব- ার নিকট গমন করিলেন। ত্বষ্টাও সূর্য্য- কে সমাগত দেখিয়া যথোচিত পূজা দ্বারা ই করত, দগ্ধ করিতে অভিলাষী সূর্য্যদেবকে সান্ত্বনা করিয়া বলিলেন, আপনার প্রখর কিরণ দ্বারা সংজ্ঞা দগ্ধ হইয়াছে, অতএব আপনার এতাদৃশ প্রখর তেজঃস্বরূপ রূপ প্রকাশ করা উচিত নহে। হে গোপতে! আপনার প্রখর রূপ সহ্য করিতে না পারিয়া মাননীয়া যোগযুক্তা সংজ্ঞা-সতী যোগাবলম্বনে ঘোটকীরূপ ধারণপূর্ব্বক উত্তম নবতৃণযুক্ত বনময়-দেশে বসতি করিতেছে। হে দেববর! যদি আপনি আমার প্রতি অনুকূল হন, তাহা হইলে আমি আমার অভিপ্রেত, নূতন, অত্যন্ত কমনীয় আপনার রূপ প্রস্তুত করিয়া দিতে পারি। ত্বষ্টার বাক্য শ্রবণ করত সূর্য্যদেবের ক্রোধ দূরীভূত হইল। মুনিবর বিশ্বকর্ম্মা শাণযন্ত্রে আরোহণ করাইয়া সূর্য্যদেবের প্রখরতর কিরণ-সমূহকে ন্যূন করিয়া দিলেন। তদনন্তর তেজের হ্রাস হওয়াতে অত্যন্ত দীপ্তিযুক্ত সূর্য্য- দেবের রূপ মুনিবর ত্বষ্টা অত্যন্ত মনোহর করিয়া দিলেন, তৎকালে ঐরূপ সাতিশয় শোভা পাইতে লাগিল। তদনন্তর সূর্য্যদেব যোগ অবলম্বনপূর্ব্বক নিজ ভার্য্যা সংজ্ঞাকে দর্শন করিলেন। তেজ এবং নিয়ম দ্বারা সর্ব্ব-প্রাণীর অধর্ষণীয় অশ্বশরীর অবলম্বনপূর্ব্বক সূর্য্যদেব মৈথুন করিবার অভিলাষে, পরপুরুষ-শঙ্কাহেতু মৈথুন করিতে অনিচ্ছুক সংজ্ঞার নিকট গমন করিলেন। হে মুনিবর! তদনন্তর সূর্য্যদেব

মৈথুনায় বিচেষ্টন্তী পরপুংসোহপশঙ্কয়া। ৩১
মুখতো নাসিকায়াস্ত শুক্রং তম্যাদধাম্মুনে।
দেবৌ ততঃ প্রজায়েতামশ্বিনৌ ভিষজাং বরৌ।
নাসত্যো তৌ চ দস্রৌ চ স্মৃতৌ দ্বাবশ্বিনাবপি।
তৌ তু কান্তেন রূপেণ দর্শয়ামাস ভাস্করঃ। ৩৩
আত্মানং সা তু তং দৃষ্ট্বা প্রহৃষ্টা পতিমাদরাৎ।
যমস্ত কর্ম্মণা তেন ভৃশং পীড়িতমানসঃ।
ধর্ম্মেণ রঞ্জয়ামাস ধর্ম্মরাজ ইমাঃ প্রজাঃ। ৩৫
লেভে স কর্ম্মণা তেন ধর্ম্মরাজো মহাদ্যুতিঃ
পিতৃণামাধিপত্যঞ্চ লোকপালত্বমেব চ। ৩৬
মনুঃ প্রজাপতিস্ত্বাসীৎ সাবর্ণঃ স তপোধনঃ
ভাবী সোহবর্ত্তকেঽস্মিন্ মনুঃ সাবর্ণিকেঽন্তরে
মেরুপৃষ্ঠে তপো ঘোরমদ্যাপি চরতে প্রভুঃ।
ভ্রাতা শনৈশ্চরস্তস্যাপি গ্রহত্বং স লব্ধবান্। ৩৮
ত্বষ্টা তু তেজসা তেন বিষ্ণোশ্চক্রমবর্ত্তয়ৎ।
তদপ্রতিহতং যুদ্ধে দানবানাং চিকীর্ষয়া। ৩৯

যবীয়সী তয়োর্জাতু যমকন্যা যশস্বিনী।
অভবৎ সা সরিচ্ছ্রেষ্ঠা যমুনা লোকপাবনী।।
মনুরিত্যুচ্যতে লোকে সাবর্ণিরিতি চোচ্যতে।
য ইদং জন্ম দেবানাং শৃণুয়াদ্ধারয়েত বা।
আপদং প্রাপ্য মুচ্যেত প্রাপ্নুয়াৎ সুমহদ্যশঃ।।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
যমাদ্যুৎপত্তিবিবরণং নামৈকোন-
ষষ্টিতমোঽধ্যায়ঃ। ৫৯।

ষষ্টিতমোঽধ্যায়ঃ

সূত উবাচ

মনোর্বৈবস্বতস্যাসন্ পুত্রা বৈ নব তৎসমাঃ
ইক্ষ্বাকুঃ শিবি-নাভাগৌ ধৃষ্ণুঃ শর্য্যাতিরেব চ
নরিষ্যন্তস্তথা নাভাগঃ করূষশ্চ প্রিয়ব্রতঃ।১
অকরোৎ পুত্রকামস্তু মনুরিষ্টিং প্রজাপতিঃ।

সংজ্ঞা-সতীর মুখবিবর এবং নাসিকারন্ধ্র হইতে শুক্র নিক্ষেপ করিলেন, ঐ শুক্র হইতে বৈদ্যশ্রেষ্ঠ অশ্বিনীকুমার নামক দেবদ্বয়ের জন্ম হইল। ২১—৩২। ঐ অশ্বিনীকুমারদ্বয়ের অপর দুইটী নাম নাসত্য এবং দস্র জগতে বিখ্যাত হইল, সূর্য্যদেবও ঐ পুত্রদ্বয়কে সাতিশয় মনোহর রূপ দর্শন করাইলেন, সংজ্ঞা সতী নিজ পতি সূর্য্যদেবকে সাদরে দর্শন করত অত্যন্ত হর্ষযুক্তা হইলেন। ধর্ম্মরাজ যমও মাতার নিকট অপরাধ করিয়া সাতিশয় কাতর-চিত্তে প্রজাবর্গকে ধর্ম্মানুসারে প্রতিপালন করিতে লাগিলেন এবং অত্যন্ত দীপ্তিযুক্ত ধর্ম্মরাজ যম স্বীয় কৃত কর্ম্ম দ্বারা পিতৃগণের এবং দিক্‌পাল-গণের আধিপত্য লাভ করিলেন। তপঃপরায়ণ সাবর্ণি মনু প্রজাপতি হইলেন; সাবর্ণিক মন্বন্তর উপস্থিত হইলে তিনি মনু হইবেন। ভাবী মনু প্রভু অদ্যাপি সাবর্ণি, মেরুপৃষ্ঠ সুমেরু-পর্ব্বতে অবস্থিতিপূর্ব্বক অদ্যাবধি উৎকট তপস্যা করিতেছেন। সাবর্ণি সহোদর শনিও গ্রহত্ব প্রাপ্ত হইলেন। বিশ্বকর্ম্মাও ঐ সূর্য্যতেজ দ্বারা বিষ্ণুচক্র প্রস্তুত করিলেন;

এ ত্বষ্টৃনির্ম্মিত চক্র দানবগণের বিনাশ করিতে ইচ্ছুক হইয়া রণক্ষেত্রে অপ্রতিহত শক্তি হইল। যম এবং সাবর্ণি মনুর ভগিনী যুবতী যশস্বিনী সূর্য্য-কন্যা যমুনা ত্রিভুবনপবিত্রকারিণী নদীশ্রেষ্ঠা হইলেন। ছায়াপুত্রকে ইহলোকে মনু এবং সাবর্ণি বলিয়া থাকে। যে ব্যক্তি বৈবস্বতমনু, সূর্য্য, যম, সাবর্ণিক মনু এবং যমুনার উৎপত্তি বৃত্তান্ত শ্রবণ করে এবং হৃদয়ে ধারণ করে, সে ব্যক্তি বিপদ্‌গ্রস্ত হইয়াও মুক্তি লাভ করে এবং অত্যন্ত মহৎকীর্ত্তিশালী হয়। ৩৩—৪১

ঊনষষ্টিতম অধ্যায় সমাপ্ত। ৫৯॥

ষষ্টিতম অধ্যায়।

শৌনক মুনির নিকট সূত বলিলেন, বৈবস্বত মনুর নয়টী পুত্র, বৈবস্বত মনুর তুল্য গুণবান্ হইয়াছিল। ইক্ষ্বাকু, শিবি, নাভাগ, ধৃষ্ণু, শর্য্যাতি, নরিষ্যন্ত, নাভাগ, করূষ এবং প্রিয়ব্রত বিবস্বান্ মনুর এই নয়টী পুত্র জানিবেন। পুত্র জন্মিবার পূর্ব্বে প্রজাপতি বৈবস্বত মনু পুত্র

পন্নেষু পুত্রেষু তত্রেষ্ট্যাং সম্বভূব হ ॥ ২
দিব্যাম্বরধরা দিব্যাভরণভূষিতা।
সংহননা চৈব ইলা জজ্ঞেঽথ বিশ্রুতা ॥ ৩
লত্যেব হোবাচ মনুর্দণ্ডধরস্তথা ॥ ৪
চ্ছস্ব মামেহি তমিলা প্রত্যুবাচ হ।
ক্রমিদং বাক্যং পুত্রকামং প্রজাপতিম্ ॥ ৫
রুণয়োরংশে জাতাস্মি বদতাং বর।
সকাশং যাস্যামি ন মেঽধর্ম্মো হি ভবেৎ
ক্বা যযৌ সা তু মিত্রাবরুণয়োরতঃ।
ষ্টকং বরারোহা প্রাঞ্জলির্বাক্যমব্রবীৎ ॥ ৭
স্মিন্ যুবয়োর্জাতাং ব্রূত কিং করবাণি বাম্।
চথাবাদিনীং সাধ্বীং মিত্রাবরুণাবূচতুঃ ॥ ৮
তব ধর্ম্মজ্ঞে প্রশ্রয়েণ দমেন চ।
ন চৈব সুশ্রোণি প্রীতৌ স্বো বরবর্ণিনি ॥ ৯

আবয়োস্ত্বং মহাভাগে খ্যাতিঞ্চৈব গমিষ্যসি।
মনোর্বংশকরঃ পুত্রস্ত্বমেব চ ভবিষ্যসি ॥ ১০
সুদ্যুম্ন ইতি বিখ্যাতস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
জগৎপ্রিয়ো ধর্ম্মশীলো মনোর্বংশবিবর্দ্ধনঃ ॥ ১১
নিবৃত্তা সা তু তচ্ছ্রুত্বা গচ্ছন্তী পিতুরন্তিকম্।
বুধেনান্তরমাসাদ্য মৈথুনায়োপমন্ত্রিতা ॥ ১২
সোমস্য পুত্রস্তস্যাস্ত পুত্রো জজ্ঞে পুরূরবাঃ।
জনয়িত্বা তু সা পুত্রং পুনঃ সুদ্যুম্নকং গতা ॥ ১৩
সুদ্যুম্নস্য তু দায়াদাস্ত্রয়ঃ পরমধার্ম্মিকাঃ।
উৎকলশ্চ গয়শ্চৈব বিনতাশ্বশ্চ বীর্য্যবান্ ॥ ১৪
উৎকলস্যোৎকলা বিপ্র বিনতাশ্বস্য পশ্চিমা।
দিক্ পূর্ব্বা মুনিশার্দ্দূল গয়স্য তু গয়া স্মৃতা ॥ ১৫
প্রবিষ্টে তু মনৌ তাতে দিবাকরমতং মুনে।
দশধা তত্র তৎ ক্ষেত্রমকরোৎ পৃথিবীং মনুঃ ॥ ১৬
ইক্ষ্বাকুঃ শ্রেষ্ঠদায়াদো মধ্যদেশমবাপ্তবান্।

হইয়া পুত্রেষ্টি নামক যজ্ঞ করিয়াছিলেন। তে মনুর যজ্ঞবেদীমধ্য হইতে দিব্যবস্ত্র-, দিব্যালঙ্কারভূষিতদেহা এবং দিব্য ণী, অত্যন্ত বিখ্যাতা ইলানাম্নী কন্যা উৎপন্ন ন। দণ্ডধারী মনু ঐ সুন্দরী কন্যাকে ইলে!" এইরূপ সম্বোধন করিয়া আহ্বান ন,—আপনি "আমার অনুগমন করুন।" ভিলাষী প্রজাপতি বৈবস্বত মনুকে ইলা ধর্ম্মযুক্ত এই বাক্য বলিলেন। "হে শ্রেষ্ঠ! আমি মিত্রাবরুণ দেবদ্বয়ের অংশ জন্মগ্রহণ করিয়াছি, অতএব আমি মিত্রা- দেবদ্বয়ের নিকট গমন করিব, তাহাতে র কোন পাপ হইবে না।" সেই ী, রমণী, বৈবস্বত মনুকে এইরূপ বলিয়া বরুণ দেবদ্বয়ের নিকটে গমনপূর্ব্বক কৃতা- ুটে বলিতে লাগিলেন, হে দেবদ্বয়! আপনাদিগের অংশ হইতে জন্মগ্রহণ াছি; আপনারা বলুন, আমি আপনা- র কি কার্য্য করিব? ইলার এইরূপ বাক্য করিয়া মিত্রাবরুণ দেবদ্বয় ইড়া-সতীকে ন, হে সুন্দরি! হে ধর্ম্মজ্ঞে! হে াণি! তোমার এরূপ প্রণয়, দমগুণ এবং ব্যবহার দ্বারা আমরা উভয়ে অত্যন্ত প্রীত হইয়াছি। হে মহাভাগ্যবতি! আমাদিগের উভয়ের তুমি খ্যাতিলাভ করিবে, তুমিই বৈব- স্বত মনুর পুত্র হইবে। ১—১০। তুমিই সুদ্যুম্ন এই নামে অভিহিত, ত্রিভুবনে বিখ্যাত, সকল লোকের প্রিয় এবং ধর্ম্মশীল মনুর বংশ- বৃদ্ধিকারী পুত্র হইবে। সেই ইলা সুন্দরী মিত্রাবরুণ দেবদ্বয়ের বাক্য শ্রবণ করিয়া তথা হইতে প্রত্যাগমনপূর্ব্বক পিতার নিকট সমা- গত হইলেন। চন্দ্রাত্মজ বুধও অন্তর পাইয়া, মৈথুন করিবার নিমিত্ত ইলাকে আহ্বান করি- লেন। সোমপুত্র বুধের ঔরসে ইলার গর্ভে পুরূরবা নামে পুত্র জন্মগ্রহণ করিল; সেই ইলাসুন্দরী পুরূরবা নামক পুত্র প্রসব করিয়া সুদ্যুম্ন হইলেন। সুদ্যুম্নের অত্যন্ত ধর্ম্মশীল তিনটী পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। তাহাদিগের নাম,—উৎকল, গয় এবং বীর্য্যবান্ বিনতাশ্ব। হে বিপ্রাগ্রগণ্য! উৎকলের উৎকল নামক দক্ষিণদিক্, বিনতাশ্বের পশ্চিমদিক্, হে মুনিবর! গয়নামক পুত্রের গয়া নামে পূর্ব্বদিক্ জানিবেন। হে মুনিবর! সূর্য্যের আজ্ঞানুসারে বৈবস্বত মনু পৃথিবীকে দশভাগ করিলেন। জ্যেষ্ঠপুত্র ইক্ষ্বাকু মধ্যদেশ গ্রহণ করিলেন। মহাত্মা বসি-

বসিষ্ঠবচনাচ্চাসীৎ প্রতিষ্ঠানং মহাত্মনঃ ॥ ১৭
প্রতিষ্ঠাং ধর্ম্মরাজস্য সুদ্যুম্নোহথ ততো দদৌ।
তং পুরূরবসে প্রাদাদ্রাজ্যং প্রাপ্য মহাযশাঃ ॥ ১৮
মানবো যো মুনিশ্রেষ্ঠ স্ত্রীপুংসোর্লক্ষণঃ প্রভুঃ ॥ ১৯
নরিষ্যন্তঃ শকা পুত্রা নাভাগস্য সুতোহভবৎ।
অম্বরীষস্তু ধর্ম্মেয়ো বাহ্লীকং ক্ষেত্রমাবসন্ ॥ ২০
শর্য্যাতের্মিথুনন্ত্বাসীদানর্ত্তো নাম বিশ্রুতঃ।
পুত্রঃ সুকন্যা কন্যা চ যা পত্নী চ্যবনস্য হি ॥ ২১
আনর্ত্তস্য হি দায়াদো রেবো নাম মহাদ্যুতিঃ।
আনর্ত্তবিষয়ে চৈব পুরী নাম কুশস্থলী ॥ ২২
রেবস্য রৈবতঃ পুত্রঃ ককুদ্মী নাম বিশ্রুতঃ
জ্যেষ্ঠঃ পুত্রঃ স তস্যাসীদ্রাজ্যং প্রাপ্য কুশস্থলীম্
স কন্যাসহিতঃ শ্রুত্বা গান্ধর্ব্বং ব্রহ্মণোহন্তিকে।
মুহূর্ত্তভূতং দেবস্য মর্ত্যং বহুযুগং তদা ॥ ২৪
আজগাম যুবৈবাথ স্বাং পুরীং যাদবৈর্বৃতাম্।

কৃতাং দ্বারবতীং নাম বহুদ্বারাং মনোরমাম্ ॥ ২৫
ভোজবৃষ্ণ্যন্ধকৈর্গুপ্তাং বাসুদেবপুরোগমৈঃ।
ততস্তদ্রৈবতো জ্ঞাত্বা গতান্ বহুযুগাংস্তদা ॥ ২৬
কন্যাং তাং বলদেবায় প্রাদাৎ তত্র স রেবতীম্।
দত্ত্বা জগাম শিখরে মেরোস্তপসি সংস্থিতঃ ॥ ২৭

সূত উবাচ।

ন জরা ক্ষুৎপিপাসা বা ন মৃত্যুর্ব্রহ্মণোহন্তিকে।
ককুদ্মিনশ্চ তত্রৈব গতস্য রৈবতস্য হি
হৃতা পুণ্যজনৈস্তাত রাক্ষসৈঃ সা কুশস্থলী ॥ ২৮
তস্য পুত্রশতন্ত্বাসীদ্ধার্ম্মিকস্য মহো দ্বিজঃ।
অথবাথস্য সুমহাংস্তত্র তস্য মহাত্মনঃ ॥ ২৯
ক্ষত্রিয় দিক্ষু সর্ব্বাসু [illegible] সর্ব্বে ধার্ম্মিকাঃ।
নাভাগ-রিষ্টস্য সুতৌ যৌ তৌ ব্রাহ্মণসঙ্গতৌ।
কারূষস্য তু কারূষাঃ ক্ষত্রিয়া যুদ্ধদুর্ম্মদাঃ।
প্রাংশুরেকোহভবৎ পুত্রঃ প্রজাতেরিতি নঃ শ্রুতম্

তৈর আদেশানুসারে ঐ মধ্যদেশ ইক্ষ্বাকুগণের হইয়াছিল। অনন্তর সুদ্যুম্ন ধর্ম্মরাজের প্রতিষ্ঠা প্রদান করিয়াছিলেন। হে মুনিবর! বৈবস্বত মনুর পুত্র কন্যা-পুত্র চিহ্নধারী মহাযশস্বী সুদ্যুম্ন রাজ্যলাভ করিয়াও পুরূরবাকে প্রদান করিলেন। নরিষ্যন্তের শকগণ পুত্র জানিবে। নাভাগের বুদ্ধিমান্ অম্বরীষ নামে পুত্র হইয়াছিল। ঐ অম্বরীষ বাহ্লীকদেশে বসতি করিয়াছিলেন। শর্য্যাতির আনর্ত্ত নামে বিখ্যাত পুত্র এবং সুকন্যানামে কন্যা, এই মিথুন জন্মিয়াছিল। ঐ সুকন্যানাম্নী কন্যা চ্যবনের পত্নী হইয়াছিলেন। আনর্ত্তের মহাতেজস্বী রেব নামে পুত্র হইয়াছিল। আনর্ত্তদেশে কুশস্থলী নামে রেবরাজার পুরী ছিল। ১১—২২। রেবরাজার ককুদ্মী এবং রৈবতনামে বিখ্যাত পুত্র হইয়াছিল। তাঁহার সেই জ্যেষ্ঠ-পুত্র কুশস্থলী নামক রাজ্য লাভ করিয়াছিলেন। তিনি নিজ কন্যার সহিত ব্রহ্মলোকে গমন-পূর্ব্বক গন্ধর্ব্বগণের গান শ্রবণ করিতে করিতে [illegible] হইয়া, বহুতর যুগ অতীত হইলেও অজ্ঞান [illegible] মুহূর্ত্ত [illegible] করিয়াছিলেন। [illegible] হইতে যুবাবস্থাতেই

আগমন করিয়া দেখিলেন, নিজ রাজধানী যাদবগণকর্ত্তৃক অধিকৃত, এবং দ্বারবতী নামে বিখ্যাত, বহুদ্বার-শোভিত, মনোহর এবং বাসুদেব প্রভৃতি ভোজ, বৃষ্ণি এবং অন্ধকবংশীয় মহাপুরুষগণকর্ত্তৃক রক্ষিত হইয়াছে জানিতে পারিয়া, বহুশত যুগ অতীত হইয়াছে জানিতে পারিলেন এবং ঐ রৈবতরাজ রেবতীনাম্নী নিজ কন্যাকে শ্রীকৃষ্ণাগ্রজ বলদেবকে প্রদান করত তপস্যা করিতে কৃতনিশ্চয় হইয়া, সুমেরুপর্ব্বতের শিখরদেশে গমন করিলেন। শৌনকের নিকট সূত বলিলেন, ককুদ্মী রৈবতরাজা ব্রহ্মার নিকটে গমন করিলে তাঁহার জরা, ক্ষুধা, পিপাসা এবং মৃত্যুভয় কিছুই ছিল না। ব্রহ্মার নিকটে গত ককুদ্মী রৈবতরাজার সেই কুশস্থলী নাম্নী পুরী পুণ্যজন এবং ভয়ানক রাক্ষসগণকর্ত্তৃক বিনষ্ট হইয়াছিল। সেই ধার্ম্মিকবর রৈবতরাজার একশত পুত্র হইয়াছিল। সেই মহাত্মার মহৎ বংশ দশদিগ্বিভাগে গমন করিলেন। নাভাগ ও রিষ্টের যে দুই পুত্র হইয়াছিল, তাহারা উভয়ে ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়াছিল। কারূষের পুত্র কারূষ নামে বিখ্যাত ক্ষত্রিয়গণ যুদ্ধদুর্ম্মদ হইয়াছিল। কারূষনামক

শ্রো হিংসয়িত্বা তু গুরোর্গাং মুনিসত্তম।
পাচ্ছূদ্রত্বামাপন্নো নবৈতে পরিকীর্ত্তিতাঃ ॥ ৩২
র্ত্তজস্ত মনোর্বিপ্র ইক্ষাকুরভবৎ সুতঃ।
স্য পুত্রশতস্যাসীদিক্ষাকোর্ভূরিদক্ষিণম্ ॥ ৩৩
ষাং বিকুক্ষির্জ্যেষ্ঠস্ত সোঽযোধ্যামভবন্নৃপঃ।
কুনিপ্রমুখাস্তস্য পুত্রাঃ পঞ্চদশ স্মৃতাঃ।
রাপথদেশস্য রক্ষিতারো মহীক্ষিতঃ॥ ৩৪
দ্ধকর্ম্মণি চোদ্দিষ্টে হ্যহুতে শ্রাদ্ধকর্ম্মণি।
য়িত্বা শশং শীঘ্রং শশাদত্বং ততো গতঃ ॥৩৫
াকুণা পরিত্যক্তো বসিষ্ঠবচনাৎ প্রভুঃ।
